সানুবাদ-

জাতকচন্দ্রিকা।

শ্রীনীলকমল বিদ্যানিধিনা

সংবর্দ্ধিতানূদিতা চ।

শ্রীযুক্ত যোগেন্দ্র চন্দ্র বিদ্যাভূষণেন

সংশোধিতা।

তৃতীয় সংস্করণ।

সন ১৩২৮ সাল।

মূল্য ৩৲ তিন টাকা।

সূচীপত্রং।

সূচীপত্রং সমাপ্তম

সানুবাদ

জাতকচন্দ্রিকা।

নত্বা শম্ভুগণেশসূর্য্যগিরিজাবিষ্ণূন্ গুরূন্ শম্ভুজান্।
জ্যোতির্গ্রন্থকলাপকং সুবিমলং জ্ঞাত্বা খনোক্ত্যাদিকং।
শিষ্যাণাং দ্রুতবোধিকাং ধৃতিকরাং পুস্তীং সতাং সম্মতাং
যত্নাজ্জাতকচন্দ্রিকাং বিতনুতে শ্রীশঙ্করোবৈদিকঃ॥

শিব, গণেশ, সূর্য্য, পার্ব্বতী, বিষ্ণু গুরুগণ ও নবগ্রহ দেবতাদিগকে নমস্কার করিয়া শঙ্কর নামা ব্রাহ্মণ সযত্নে এই জাতকচন্দ্রিকা গ্রন্থ প্রকাশ করিতেছেন। জ্যোতিষশাস্ত্রের বিবিধ বিশুদ্ধগ্রন্থকলাপ এবং খনার উক্তি প্রভৃতি পর্য্যালোচনাপূর্ব্বক ইহা সঙ্কলিত হইয়াছে। এই পুস্তিকা সজ্জনের অভিমত। ইহা শিষ্যদিগের শীঘ্র বোধগম্য হইবে এবং তাঁহারা অনায়াসেই ইহা ধারণা করিতে পারিবেন।

খাকাশার্ব্বধরাশাকে বিদ্বদ্রঞ্জনকারিণীং।
অব্যুৎপন্নপ্রবোধায় করোম্যেতাং মুদাযুতঃ॥

"এই পুস্তিকা বিদ্বন্মণ্ডলীর মনোরঞ্জিনী। যাহাদিগের তাদৃশ ব্যুৎপত্তি নাই তাহাদিগের জ্ঞানোদয়ের নিমিত্তে সপ্তদশশতশকাব্দায় আমি হৃষ্টচিত্তে ইহা প্রণয়ন করিতেছি।"

আদৌ শাস্ত্রপ্রশংসা চ কোষ্ঠীশ্রবণলক্ষণং।
উৎপত্তিশ্চৈব রব্যাদেঃ কালস্য গ্রহনামকং।
তেষাং বিশেষসংজ্ঞাঞ্চ জাতিবর্ণাদিচিন্তনং।
পুরুষাত্ত্বধিপাংশ্চৈবোদয়াস্তং রবিচন্দ্রয়োঃ।
রবিভোগং রাশিভোগং নক্ষত্রং তস্য দেবতাঃ।
রাশিসং জ্ঞাস্তুশেষেণ কালপুরুষচিন্তনং।
বসাধিপগ্রহা নরাশের্জ্জাতিবর্ণাদিলক্ষণং।

দ্বিপদাদিবিচারঞ্চ বশ্যাবশ্যাদিকস্তথা।
লগ্নমানং দিবামানং যামার্দ্ধং দণ্ডনায়কান্।
জাতলগ্ননির্ণয়ঞ্চ জারযোগস্য লক্ষণং।
তথা শিশুপতাকিঞ্চ শুভাশুভগ্রহানপি।
শিশুরিষ্টং তথা পিত্রোরিষ্টভঙ্গং বিশেষতঃ।
দৃষ্ট্যদৃষ্টীগ্রহাণাঞ্চ তেষামেব গ্রহেষ্বপি।
মিত্রশত্রাদি ভেদঞ্চ গ্রহাণাঞ্চ বলাবলং।
মূলত্রিকোণতুঙ্গাদিত্রিকোণস্য ফলস্তথা।
স্ত্রীণাং কোষ্ঠীবিচারঞ্চ যোগংশ্চৈবাধমাংস্তথা।
অনপত্যস্য গণনং পত্নীনাশাদিকানপি।
অপত্যসংখ্যাগণনং চতুঃসাগরলক্ষণং।
সিংহাসনাদিযোগাংশ্চ রাজযোগানশেষতঃ।
পাশ্চাত্যমতমালম্ব্য যোগানুৎকৃষ্টকানপি।
গঙ্গাম্বন্যাদিচিন্তাঞ্চ তথা ষড়্‌বর্গচিন্তনং।
মাস্যাদিনাং ফলঞ্চৈব গ্রহভাববিচারণং।
গোচরস্থগ্রহফলং লগ্নস্য কুণ্ডলীস্তথা।
রাশিভেদে গ্রহফলং গ্রহয়োরেকভেঽপি চ।
তন্বাদীনাং ফলং কেতুপতাক্যাদিদশাস্তথা।
যোগিন্যাদিদশাশ্চায়ুর্গণনস্ত্বষ্টবর্গকং।
বরাহোক্তায়ুযোজ্ঞানং তথা পঞ্চস্বরাঅপি।
সর্ব্বতোভদ্রচক্রঞ্চ রবিসংক্রমণস্তথা।
নাড়ীনক্ষত্রকথনং শান্তিংতস্য বিশেষতঃ।
নষ্টকোষ্ঠীবিচারঞ্চ লঘুজাতকসম্মতং।
রোগোৎপত্তৌ বিরুদ্ধার্ককথনং মুক্তিলক্ষণং।

সঞ্চারগণনং রাহোর্জ্জীবস্য চ শনেরপি।
বর্ষচক্রবিচারঞ্চ গ্রহদোষে চ শান্তিকং।
এবমাদীনি গ্রন্থেঽস্মিন্ রচয়ামি যথাক্রমং।

এই গ্রন্থে যে সকল বিষয় বর্ণিত হইবে, তাহা গ্রন্থকার যথাক্রমে বলিতেছেন,যথা ;—প্রথমতঃ শাস্ত্রপ্রশংসা পরে কোষ্ঠীশ্রবণ-লক্ষণ, রব্যাদি গ্রহের উৎপত্তি, কালোৎপত্তি, গ্রহদিগের সংজ্ঞা, বিশেষসংজ্ঞা এবং গ্রহদিগের জাতিজ্ঞান, বর্ণজ্ঞান, ধাতুজ্ঞান, সত্ত্বাদিগুণ, সাম্যাদিজ্ঞান, নৃপাদিজ্ঞান, পুরুষাদ্যধিপ, সূর্য্য ও চন্দ্রের উদয়াস্ত,রবিভোগ, রাশিভোগ, নক্ষত্র ও নক্ষত্রদেবতা, রাশিসংজ্ঞা রাশির বিশেষসংজ্ঞা, কালপুরুষজ্ঞান, বসাধিপজ্ঞান, রাশির জাতি ও বর্ণাদিজ্ঞান, দ্বিপদাদি বিচার বশ্যাবশ্যবিবেক, লগ্নমান, দিনমান, যামার্দ্ধনির্ণয়, দণ্ডপতিনির্ণয়, জাতলগ্ননির্ণয়, জারযোগ, শিশুরিষ্ট (পতাকী,) শুভগ্রহ ও অশুভগ্রহজ্ঞান, অন্যপ্রকার শিশুরিষ্ট, পিতৃরিষ্ট ও মাতৃরিষ্ট, রিষ্টভঙ্গযোগ, গ্রহদিগের দৃষ্টিপ্রভৃতি, গ্রহদিগের মিত্র ও শত্রুবিচার, বলাবল, মূলত্রিকোণ তুঙ্গাদি, মূলত্রিকোণের ফল, স্ত্রীদিগের কোষ্ঠীবিচার, বেশ্যাদিযোগ, অনপত্যযোগ, পত্নীনাশযোগ, অপত্যসংখ্যাজ্ঞান, চতুঃসাগরযোগ, সিংহাসনাদিযোগ, রাজযোগ, পাশ্চাত্যমতে নানাবিধযোগ, গঙ্গাদিমরণজ্ঞান, ষড়্বর্গ, মাসাদির ফল, গ্রহভাববিচার, গোচরস্থগ্রহফল,লগ্নকুণ্ডলী, রাশিভেদে গ্রহফল, একরাশিস্থ গ্রহদ্বয়েরফল, তন্বাদি ফল, কেতুপতাকী, দশা যোগিনী প্রভৃতি দশা, আয়ুর্গণনা, অষ্টবর্গ, বরাহোক্ত আয়ুর্জ্ঞান, পঞ্চস্বরা গণনা,সর্ব্বতোভদ্রচক্র, রবিসংক্রমণ, নাড়ীনক্ষত্র, নাড়ীনক্ষত্রদোষশান্তি, লঘু জাতকসম্মত নষ্টকোষ্ঠী বিচার. রোগোৎপত্তি বিরুদ্ধরবিবিচার, মুক্তিলক্ষণ, বৃহস্পতি, শনি ও রাহুর সঞ্চারগণনা, বর্ষচক্রবিচার ও গ্রহদোষ শান্তি এই গ্রন্থে উক্ত সকল বিষয় যথা ক্রমে বর্ণিত হইবে।

তত্রাদৌ শাস্ত্রপ্রশংসা।

বিফলান্যন্যশাস্ত্রাণি বিবাদস্তেষু কেবলং।
সফলং জ্যোতিষং শাস্ত্রং চন্দ্রার্কৌ যস্য সাক্ষিণৌ॥

জ্যোতিষশাস্ত্রভিন্ন অন্য কোন শাস্ত্র দ্বারা সাক্ষাৎ ফললাভ দেখা যায় না ঐ জন্যই সেই সকল শাস্ত্রবিফল এরূপ কথিত হইয়াছে ; আর জ্যোতিষ শাস্ত্র সফল, কারণ সূর্য্য ও চন্দ্র তাহার সাক্ষ্য দান করিতেছেন।

কোষ্ঠীপ্রশংসা।

যস্য নাস্তি খলু জন্মপত্রিকা যা শুভাশুভফলপ্রকাশিনী।
অন্ধবস্তুবতি তস্য জীবনং দীপহীনমিব মন্দিরং নিশি ॥

নিশাযোগে প্রদীপহীন-গৃহ যেরূপ অন্ধকারাবৃত হয় তাহাতে কিছুই দেখা যায় না, যাহার শুভাশুভফল প্রকাশিকা জন্ম পত্রিকা নাই তাহার জীবনও ঠিক সেইরূপ কারণ সেই ব্যক্তির জীবনের শুভাশুভ কিছুই জ্ঞাত হইতে পারা যায় না।

যা পূর্ব্বকর্ম্মপ্রভবস্য পত্রী কর্ত্তুর্ললাটে লিখিতা বিধাত্রা।
তাং জন্মপত্রীং প্রকটীংকরোমি দীপোযথা দ্রব্যমিবান্ধকারে ॥

"পূর্ব্বকর্ম্মানুসারে জাতকের ললাটে বিধাতা কর্ত্তৃক যাহা লিখিত হয়, সেই জন্ম পত্রিকা লিখনের নিয়ম আমি প্রকাশ করিতেছি। অন্ধকারগৃহে দীপালোকে যেমন কোন দ্রব্য দেখিতে পাওয়া যায় এই শাস্ত্র জানিতে পারিলেও সেইরূপ মনুষ্যজীবনের শুভাশুভ সমুদয় জ্ঞাত হইতে পারে।"

কোষ্ঠীশ্রবণপরিপাটী হরগৌরীসংবাদে।

একান্তে নির্জ্জনে স্থানে মঙ্গলদ্রব্যভূষিতে।
শুচিঃ স্নাতঃ শুদ্ধমনাদশ্যাকোষ্ঠীং বিলোকয়েৎ।
সুবর্ণং রজতং মাল্যং বস্ত্রালঙ্কারভূষণং।
দত্ত্বা জ্যোতির্ব্বিদে ভক্ত্যা শৃণুয়াদ্বেদশাফলং।
বিপক্ষে কুৎসিতে দেশে মূর্খহস্তে চ সংসদি।
কোষ্ঠীন দেয়া নাদেয়া নবিচার্য্যা কদাচন।
শ্রুত্বা প্রণামং কুর্ব্বীত বারংবারং নবগ্রহান্।
ততঃ সমস্তপাপেভ্যোমুচ্যতে সর্ব্বশঙ্কটাৎ।

কোষ্ঠীর ফল যেরূপে শ্রবণ করিতে হয়, তাহা হরগৌরীসংবাদে প্রকাশ পাইতেছে, যথা ;—যে ব্যক্তি কোষ্ঠী শ্রবণ করিবে সে স্নানানন্তর শুচি মাঙ্গলিক দ্রব্য দ্বারা বিভূষিত হইয়া কোন, নির্জ্জন প্রদেশে শুদ্ধান্তঃ-করণে প্রথমতঃ কোষ্ঠী দর্শন করিবে অনন্তর স্বর্ণ, রৌপ্য, মাল্য, বস্ত্র ও অলঙ্কারাদি জ্যোতির্ব্বেত্তাকে দান করিয়া ভক্তি ভাবে দশাফল শ্রবণ করিবে। বিপক্ষ হস্তে, কুৎসিতস্থানে, মূর্খ হস্তে, সভাতে, কোষ্ঠী দেওয়া ও গ্রহণ করা নিষেধ। কোষ্ঠীতে যে বিষয় লিখিত হয়, তাহা লইয়া বিচার করিবেন। কোষ্ঠীর ফল শ্রবণ করিয়া বারংবার গ্রহগণকে নমস্কার করিবে। এইরূপ করিলে সকল পাপ মোচন হয় এবং সর্ব্ব-সঙ্কট হইতে পরিত্রাণ হইতে পারা যায়।)

রব্যাদ্যুৎপত্তিঃ।

তমস্তোমাবৃতে বিশ্বে জগদেতচ্চরাচরং।
রাশিগ্রহোড়ুসংঘাতং সৃজন্ সূর্য্যোঽভবত্তদা॥

সৃষ্টির পূর্ব্বে বিশ্বসংসার ঘনতিমিরাবৃত ছিল সেই সময় পরমপুরুষ ভগবান স্থাবর জঙ্গমাত্মক-জগৎ, মেষ, বৃষ, প্রভৃতি দ্বাদশ রাশি নবগ্রহ ও নক্ষত্র সমূহ সৃষ্টি করিয়া সূর্য্য নামে প্রকাশিত হইয়াছিলেন।

কালোৎপত্তিঃ।

ততঃ প্রভৃতিজন্তূনাং সদসৎকর্ম্মসূচকঃ।
হোরাখ্যোবর্ত্ততে কালোহহোরাত্রোঽত্রলোপতঃ॥

সৃষ্টির পর জীবগণের সদসৎ কর্ম্মসূচক অহোরাত্র শব্দের "অত্র এই দুই অক্ষর লোপ করিয়া হোরাসংজ্ঞক কাল নির্দ্ধারিত হইয়াছে।

নবগ্রহসংজ্ঞাকথনং।

রবিঃ সোমোমঙ্গলশ্চ বুধোজীবঃ সিতঃ শনিঃ।
রাহুঃ কেতুশ্চ কথিতোমার্কণ্ডেয়াদিভিঃ পুরা॥

সূর্য্য, চন্দ্র, মঙ্গল, বুধ গুরু, শুক্র, শনি, রাহু ও কেতু এই নয়টি গ্রহ-সংজ্ঞক, ইহা মার্কণ্ডেয় প্রভৃতি মুনিকর্ত্তৃক কথিত হইয়াছে ; কিন্তু কোন কোন গ্রন্থকার রাহু ও কেতু দুইটি গ্রহকে উপগ্রহ বলিয়া থাকেন।

অন্যচ্চ-হেলিঃ সূর্য্যশ্চন্দ্রমাঃ শীতরশ্মিঃহেম্না বিজ্জ্ঞোবোধনশ্চন্দুপুত্রঃ আরোবক্রঃ ক্রুরদৃক্চাবনেয়ঃ কালোমন্দঃ সূর্য্যপুত্রোঽসিতশ্চ ॥

জীবোঽঙ্গিরাঃ সুরগুরুর্ব্বচসাংপতীজ্যো শুক্রোভৃগুর্ভৃগুসুতঃ সিতআস্ফুজিচ্চ।

রাহুস্তমোঽগুরসুরশ্চ শিখী চ কেতুঃ পর্যায়মন্যদুপলভ্য বদেচ্চ লোকাৎ ॥

গ্রহদিগের নামান্তর এই সূর্য্যকে হেলি, চন্দ্রকে শীতরশ্মি, বুধকে হেমন, বিৎজ্ঞ এবং ইন্দুপুত্র মঙ্গলকে আর, বক্র, ক্রুরদৃক ও আবনেয় শনিকে কাল, মন্দ, সূর্যাপুত্র ও অসিত গুরুকে জীব অঙ্গিরা, সুরগুরু, বচসাংপতি ও ইজ্য শুক্রকে ভৃগু, ভৃগুসুত, সিত ও আস্ফুজিৎ, রাহুকে তমঃ অগু অসুর এবং কেতুকে শিখী বলিয়া জানিবে, ইহা ব্যতীত অন্য যে সকল পর্য্যায় আছে তাহা লোক পরম্পরা জ্ঞাত হইবে।

জাতিকথনং।

ব্রাহ্মণৌ শুক্রবাগী শৌ ক্ষত্রিয়ৌ ভৌমভাস্করৌ।
বৈশ্যশ্চন্দ্রোবুধঃ শূদ্রোম্লেচ্ছৌ রাহুশনৈশ্চরৌ ॥

কোন্ গ্রহ কোন্জাতির অধিপতি তাহা লিখিত হইতেছে যথা,—শুক্র ও গুরু ব্রাহ্মণজাতির অধিপতি, মঙ্গল ও সূর্য্য ক্ষত্রিয়জাতির অধিপতি চন্দ্র বৈশ্যজাতির অধিপতি বুধ শূদ্রজাতির অধিপতি এবং রাহু ও শনি ম্লেচ্ছজাতির অধিপতি হইয়া থাকেন।

বর্ণকথনং।

গৌরবর্ণোদিনাধীশোগৌরাশ্চন্দ্রেজ্যভূমিজাঃ।
শ্যামলৌ বুধশুক্রৌ চ কৃষ্ণৌ রাহুশনৈশ্চরৌ ॥

সূর্য্যগ্রহ গৌরবর্ণ চন্দ্র গুরু ও মঙ্গল ইহারাও গৌরবর্ণ। বুব ও শুক্র শ্যামলবর্ণ রাহু ও শনি কৃষ্ণবর্ণ এবং কেতু ধূম্রবর্ণ হয়। (১)

১। রক্তশ্যামোভাস্করোগৌরইন্দুর্নাত্যুচ্চাঙ্গোরক্তগৌরশ্চ বক্রঃ। দূর্ব্বাশ্যামোজ্ঞো গুরুর্গৌরগাত্রঃ শ্যামঃ শুক্রোভাস্করিঃ কৃষ্ণদেহঃ ॥ কৃষ্ণবর্ণোভবেদ্রাহুঃ কেতুশ্চ ধূম্রবর্ণকঃ। ইতি কেচিৎ।

ধাতুকথনং।

পিত্তে প্রভাকরক্ষ্যজৌ শ্লেষ্মাণৌ চন্দ্রভার্গবৌ।
জ্ঞগুরূ সমধাতু চ পবনৌ রাহুমন্দগৌ॥

সূর্য্য ও মঙ্গল পিত্ত প্রকৃতি, চন্দ্র ও শুক্র শ্লেষ্মাপ্রকৃতি, বুধ ও গুরু সমধাতু প্রকৃতি এবং রাহু ও শনি বায়ু প্রকৃতি।

ধাত্বধিপকথনং।

মধুপিঙ্গলদৃক্ চতুরস্রতনুঃ পিত্তপ্রকৃতিঃ সবিতাল্পকচঃ।
তনুভৃৎস্তনুর্ব্বহুবাত কফঃ প্রাজ্ঞঃ শশী মৃদুবাক্ শুভদৃক্॥
ভূমিজস্তরুণমূর্ত্তিরুদারঃ পৈত্তিকঃ সুচপলঃ কৃশমধ্যঃ।
শ্লিষ্টবাক্ সতত হাস্যরুচিঃ জ্ঞঃপিত্তমারুতকফপ্রকৃতিঃ॥
বৃহত্তনুঃ পিঙ্গলমূর্দ্ধজেক্ষণঃ বৃহস্পতিঃ শ্রেষ্ঠমতিঃ কফাত্মকঃ॥
ভৃগুঃ সুখী কান্ততনুঃ সুলোচনঃ কফানিলাত্মামিতবক্রমূর্দ্ধজঃ।
মন্দোঽলসঃ কপিলদৃক্ কৃশদীর্ঘগাত্রঃ স্থূলদ্বিজঃ পুরুষলোমক-
চোঽনিলাত্মা!

সূর্য্য মধুপিঙ্গলাক্ষ, চতুষ্কোণ পিত্তপ্রকৃতি ও অল্পকেশ বিশিষ্ট। চন্দ্র স্ত্রী, মৃদুভাষী, প্রাজ্ঞ, বাতকফাধিক্যপ্রকৃতি ও শোভানাক্ষ। মঙ্গল নবীনাঙ্গ, উদারচেতা, পিত্তাধিক শরীরী, চপল, মধ্যক্ষীণ, শ্লিষ্টভাষী ও হাস্যরস প্রিয়। বুধ পিত্তবায়ুও শ্লেষ্মাপ্রকৃতি, বৃহৎ শরীরী পিঙ্গলাক্ষ ও পিঙ্গলবর্ণকেশধারী। গুরু কফপ্রকৃতি ও সুবুদ্ধিমান্। শুক্র সুখী, মনোরম কান্তিবিশিষ্ট, সুলোচন, কফ ও বায়ু প্রকৃতি এবং ঈষৎ বক্রকেশ-ধারী। শনি অলস, কপিলাক্ষ, কপিলবর্ণকেশধারী, দীর্ঘনেত্র স্থূলদন্ত, বায়ু প্রকৃতি এবং রোম ও কেশ বিশিষ্ট পুরুষ।

সত্ত্বাদিজ্ঞানং।

চন্দ্রার্ক জীবাজ্ঞসিতৌ কুজার্কী। যথাক্রমং সত্ত্বরজস্তমাংসি॥

চন্দ্র রবি ও গুরু সত্ত্বগুণবিশিষ্ট, বুধ ও শুক্র রজোগুণবিশিষ্ট এবং মঙ্গল ও শনি তমোগুণবিশিষ্ট।

সাম্যাদিজ্ঞানং।

সাম্নোজীবঃ সভৃগুতনয়োদণ্ডনাথৌকুজার্কৌ
দীনেশেন্দুঃ শিখিযমবুধাঃ সানুরাভেদনাথাঃ।
বীর্য্যোপেতৈরুপচয়করৈর্লগ্নগৈঃ কেন্দ্রগৈর্ব্বা
তদ্বৎ সিদ্ধির্ভবতি তদহঃ স্বাং শকৈর্ব্বাপি তেষাং॥

বৃহস্পতি ও শুক্র সামনীতির অধিপতি, মঙ্গল ও রবি দণ্ডনীতির অধিপতি চন্দ্র দাননীতির অধিপতি এবং কেতু,শনি বুধ ও রাহু ভেদনীতির অধিপতি হন। বলীয়ান্ ঐ সমস্ত গ্রহ যে বালকের লগ্নস্থ উপচয়স্থ (১) কি কেন্দ্রস্থ (২) অথবা নবাংশস্থ হয়, তাহার ঐ সমস্ত গুণ শরীরে অধিক থাকে অর্থাৎ বৃহস্পতি ও শুক্র লগ্নাদিতে থাকিলে সেই বালক সামগুণবিশিষ্ট এবং মঙ্গল ও রবিলগ্নাদিতে থাকিলে ভেদগুণবিশিষ্ট হয়।

নৃপাদিজ্ঞানং।

রবিচন্দ্রৌ চ রাজানৌকুজোনেতা বুধঃ শিশুঃ।
সচিবৌ গুরুশুক্রৌ চ প্রেষ্যৌ শনিভুজঙ্গমৌ॥

সূর্য্য ও চন্দ্র রাজা, মঙ্গল সেনাপতি, বুধ, কুমার অর্থাৎ রাজকুমার গুরু ও শুক্র রাজমন্ত্রী, শনি ও রাহুকেতু প্রেষ্য।

পুরুষাদ্যধিপকথনং।

পুংসাং সূর্য্যারবাগীশা যোষিতাং চন্দ্রভার্গবৌ।
ক্লীবানাং বুধমন্দৌ চ পতয়ং পরিকীর্ত্তিতাঃ॥

সূর্য্য মঙ্গল ও বৃহস্পতি পুরুষগ্রহ, চন্দ্র ও শুক্র স্ত্রীগ্রহ, বুধ ও শনি নপুংসক গ্রহ।

উদয়াস্তজ্ঞানং।

যত্রোদয়তি তল্লগ্নং রাশিঃ স্যাদন্বহঃ ক্রমাৎ।
উদয়াৎ সপ্তমে রাশৌ রবেরস্তং বিদুর্ব্বুধাঃ॥

১। লগ্ন হইতে তৃতীয়, একাদশ ষষ্ঠ ও দশমস্থানকে উপচয় বলে।
২। লগ্ন হইতে চতুর্থ, সপ্তম ও দশম স্থানের নাম কেন্দ্র।

যে লগ্নে রবির উদয় হয়, সেই রাশি তিনি ভোগ করেন, উদয় লগ্ন হইতে সপ্তম লগ্নে রবির অস্ত হইয়া থাকে।

চন্দ্রস্যোদয়াস্তজ্ঞানং।

যস্মিন্ রাশৌ বসেচ্চন্দ্রস্তল্লগ্নে চোদয়ম্ভবেৎ।
লগ্নস্য সপ্তমে স্থানে যাতি চাস্তং নিশাকরঃ॥

যে রাশিতে চন্দ্র বাস করেন, সেই লগ্নে তাঁহার উদয় হয়; উদিত লগ্নের সপ্তমস্থানে চন্দ্রের অস্ত হইয়া থাকে।

সার্দ্ধসপ্ত ঝষে মেষে বসুসার্দ্ধং ঘটে বৃষে।
দশৈব মকরে দ্বন্দ্বে নিত্যং চরতি ভাস্করঃ।
কুলীরমৃগরাট্ কন্যা তুলালিকার্ম্মুকেষু চ।
পলমেকাদশং কৃত্বা রবিভোগোদিনে দিনে॥

লগ্ন ভুক্তির প্রমাণ—মীন ও মেষলগ্নের সাড়ে সাত পল করিয়া প্রতিদিন রবি ভোগ করেন এবং বৃষ ও কুম্ভলগ্নের সাড়ে আট পল মকর ও মিথুনলগ্নের দশপল প্রতিদিন রবিভুক্ত হয়; কর্কট সিংহ, কন্যা, তুলা বিছা ও ধনু এই ছয়লগ্নের একাদশপল প্রতিদিন রবিভুক্ত হইয়া থাকে।

রবিভোগকথনং।

লগ্নমানং দ্বিগুণিতং রবিভোগোদিনেদিনে।
দণ্ডদ্বিগুণে পলঞ্চৈব পলঞ্চ বিপলং ভবেৎ॥

"মেষ ও মীন লগ্নের পরিমাণ যে সময়ে ৩।৪৫ পল হয় এই লগ্নভুক্ত সেই সময়ের।" ফলতঃ লগ্নমানকে দ্বিগুণ করিলে যত দণ্ড যত পল হইবে তাহা নির্ণয় করিয়া দণ্ডপরিমাণে পল ও পলপরিমাণে বিপল ধরিলেই লগ্নভুক্তি নির্ণয় হইবে।

রাশিবিভাগঃ।

সপ্তবিংশতিভৈর্জ্যোতিশ্চক্রং স্তিমিতবায়ুগং।
তদর্কাংশোভবেদ্রাশির্নবর্ক্ষ চরণান্বিতঃ॥

অশ্বিনী প্রভৃতি সপ্তবিংশতিনক্ষত্রযুক্ত জ্যোতিশ্চক্র নিশ্চলবায়ুর

উপরিভাগে অবস্থিত। ঐ জ্যোতিশ্চক্রের দ্বাদশাংশ অশ্বিন্যাদি নক্ষত্রের নবনবপাদে চিহ্নিত হইয়া রাশি নামে অভিহিত হয়। যথা,—অশ্বিনী নক্ষত্রের চারিপাদ, ভরণী নক্ষত্রের চারিপাদ ও কৃত্তিকানক্ষত্রের একপাদে মেষরাশি। এইরূপ কৃত্তিকানক্ষত্রের অবশিষ্ট তিনপাদ, রোহিণীনক্ষত্রের চারিপাদ ও মৃগশিরানক্ষত্রের প্রথম দুইপাদে বৃষরাশি ইত্যাদি।

নক্ষত্রকথনং।

অশ্বিনীভরণী চৈব কৃত্তিকা রোহিণী তথা।
মৃগশীর্ষস্তথৈবার্দ্রাতথা প্রোক্তা পুনর্ব্বসুঃ।
পুষ্যাশ্লেষা মঘা পূর্ব্বফল্গুন্যুত্তরফল্গুনী।
হস্তা চিত্রাস্বাতয়শ্চ বিশাখা মুরাধাস্তথা।
জ্যেষ্ঠা মূলা তথা প্রোক্তা পূর্ব্বাষাঢ়া তথোত্তরা।
শ্রবণা চ ধনিষ্ঠা চ শতভিষা তথা মতা।
পূর্ব্বভাদ্রোত্তরাভাদ্রে রেবতী চ ভসংজ্ঞকাঃ॥

অশ্বিনী, ভরণী, কৃত্তিকা, রোহিণী, মৃগশিরা, আর্দ্রা, পুনর্ব্বসু, পুষ্যা, অশ্লেষা, মঘা, পূর্ব্বফল্গুনী, উত্তরফল্গুনী, হস্তা, চিত্রা, স্বাতি, বিশাখা, অনুরাধা, জ্যেষ্ঠা, মূলা, পূর্ব্বাষাঢ়া, উত্তরাষাঢ়া, শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষা, পূর্ব্বভাদ্রপদ, উত্তরভাদ্রপদ ও রেবতী এই সপ্তবিংশতি নক্ষত্র।

নক্ষত্রাধিপকথনং।

অশ্বিযমদহনকমলজশশিশূলভৃদদিতিজীবফণিপিতরঃ
যোন্যর্য্যমদিনকৃত্ত্বষ্টৃপবনশক্রাগ্নিমিত্রাশ্চ।
শক্রোনিঋতিস্তোয়ংবিশ্ববিরিঞ্চী হরির্ব্বসুর্ব্বরুণঃ
অজপাদোঽহির্ব্রধ্ন পূষা চেতীশ্বরা ভানাং॥

নক্ষত্রের অধিপতি দেবতা যথা—অশ্বিনীনক্ষত্রের অধিপতি অশ্বিনী ভরণী যম, কৃত্তিকা অগ্নি, রোহিণী ব্রহ্মা, মৃগশিরা চন্দ্র, আর্দ্রা শিব, পুনর্ব্বসু অদিতি, পুষ্যা বৃহস্পতি, অশ্লেষা সর্প, মঘা পিতৃগণ, পূর্ব্বফল্গুনী যোনি, উত্তরফল্গুনী অর্য্যমা, হস্তা দিনকর, চিত্রা ত্বষ্টা স্বাতি

পবন, বিশাখা শাগ্নি, অনুরাধা মিত্র, জ্যেষ্ঠা ইন্দ্র, মূলা নির্ঋতিপূর্ব্বা-ষাঢ়া তোয়, উত্তরাষাঢ় বিশ্ববিরিঞ্চি, শ্রবণা হরি, ধনিষ্ঠা বসু, শতভিষা বরুণ, পূর্ব্বভাদ্রপদ অজপাদ,উত্তরভাদ্রপদনক্ষত্রের আহির্‌ম, রেবতী পুষা।

রাশিকথনং

মেষবৃষমিথুনকর্কটসিংহাঃ কন্যা তুলার্থ বৃশ্চিক।
ধনুরথ মকরঃ কুম্ভোমীন ইতিরাশয়ঃ কথিতাঃ॥

মেষ, বৃষ, মিথুন, কর্কট, সিংহ, কন্যা তুলা, বিছা, ধনু, মকর, কুম্ভ, মীন এই দ্বাদশটি রাশি কথিত হইয়াছে।

মেষাদীনাং বিশেষসংজ্ঞা।

ক্রিয়তবুরিজিতুমকুলীরলেয়পাথেয়যুক্‌কৌর্পাখ্যাঃ।
তৌক্ষিকআকোকেরোহৃদ্রোগশ্চান্ত্যভঞ্চেত্থং॥

রাশিদিগের বিশেষ সংজ্ঞা যথা,—মেষের অন্যনাম ক্রিয়, বৃষের অন্য-নাম তাবুরী, মিথুনের নামান্তর জিতুম, কর্কটের নামান্তর কুলীর, সিংহের অন্যনাম লেয়, কন্যার অন্য নাম পাথেয়, তুলার নামান্তর যুক, বিচ্ছার নামান্তর কৌর্প. ধনুর অন্যনাম তৌক্ষিক, মকরের অন্যনাম আকোকের, কুম্ভের নামান্তর হৃদ্রোগ, মীনের নামান্তর অন্ত্যভ।

ক্রূরসৌম্যাদিকথনং।

ক্রূরোহথ সৌম্যঃ পুরুষোহঙ্গনা চ ওজোহথ যুগ্মং বিষমং সমশ্চ
চরস্থিরব্যাত্মকনামধেয়ামেষাদয়োহমী ক্রমশঃ প্রদিষ্টাঃ॥

মেষ, মিথুন, সিংহ, তুলা, ধনু ও কুম্ভ এই ছয়টি রাশিকে ক্রূর, পুরুষ, ওজ ও বিষম রাশি কহে। বৃষ, কর্কট, কন্যা, বিছা, মকর ও মীন এই ছয়টিকে সৌম্য, অঙ্গনা, যুগ্ম ও সম রাশি কহিয়া থাকে। আর মেষ, কর্কট, তুলা ও মকর ইহারা চররাশি। বৃষ, সিংহ, বিছা ও কুম্ভ এই চারিটি স্থিররাশি। মিথুন কন্যা, ধনু ও মীন ইহারা দ্ব্যাত্মক রাশি।

সামান্য সংজ্ঞা।

রাশিনামানি চ ক্ষেত্রং ভমৃক্ষং গৃহনাম চ।

মেষাদীনাঞ্চ পর্য্যায়ং লোকাদেব বিচিন্তয়েৎ ॥

ক্ষেত্র, ভ, ঋ ক্ষ এবং গৃহনাম (গৃহপর্য্যায়কশব্দ) মেষাদি দ্বাদশরাশি বাচক অর্থাৎ ক্ষেত্র কি ভ প্রভৃতি প্রত্যেক শব্দেই রাশিকে বুঝাইবে। অন্যান্য পর্য্যায় লোক পরম্পরা অবগত হওয়া যায়।

পুণ্যাদিবিবেকঃ।

পুণ্যশ্চ পুষ্করশ্চৈব আধানাখ্যস্তথৈব চ।
শ্রুত্যা বৃত্ত্যা ভবন্ত্যেতে নিত্যং দ্বাদশরাশয়ঃ ॥

মেষ, কর্কট, তুলা ও মকর ইহারা পুণ্যসংজ্ঞক। বৃষ, সিংহ, বৃশ্চিক ও কুম্ভ এই কয়টি রাশি পুষ্কর সংজ্ঞক। মিথুন, কন্যা, ধনু ও মীন ইহারা আধান সংজ্ঞক।

শীর্ষমুখবাহুহৃদয়োদরাণি কটি বস্তি গুহ্যসংজ্ঞকানি।
উরূ জানুকজঙ্ঘে চরণাবিতি রাশয়োঽজাদ্যাঃ ॥
ইতিকালপুরুষস্যাঙ্গবিভাগেন নরস্যাঙ্গবিভাগঃ।

মেষাদি দ্বাদশরাশি কালপুরুষের মস্তকাদি অবয়ব হইয়া থাকে যথা,—মেষরাশি মস্তক, বৃষরাশি মুখ, মিথুনরাশি বাহুদ্বয়, কর্কটরাশি হৃদয়, সিংহরাশি উদর, কন্যারাশি কটিদেশ, তুলারাশি বস্তি অর্থাৎ নাভির অধোভাগ, বৃশ্চিকরাশি গুহ্যদেশ, ধনুরাশি উরুদ্বয়, মকররাশি জানুদ্বয়, কুম্ভরাশি জঙ্ঘাদ্বয়, মীনরাশি চরণদ্বয় হয়। কালপুরুষের অঙ্গবিভাগ এইরূপে হইয়া থাকে এবং জাতবালকেরও লগ্ন হইতে মস্তকাদি কল্পনা করিয়া ঐ প্রকারে বিভাগ করিয়া লইবে।

রসাধিপজ্ঞানং।

কটুলবণতিক্তমিশ্রোমধুরাম্লৌ চ কষায়কোঽর্কতঃ।
এতেরসাঃ প্রিয়াভবন্তি মুখেঽর্কাদ্যাবর্ত্তমানাঃ সন্তঃ।

রবি কটুরসের এবং চন্দ্র লবণরসের, মঙ্গল তিক্তরসের, বুধ মিশ্র-রসের, বৃহস্পতি মধুররসের, শুক্র অম্লরসের ও শনি কষায়রসের অধিপতি হইয়া থাকেন। এই সকল গ্রহের মধ্যে পূর্ব্বোক্ত অঙ্গবিভাগে বালকের

মুখস্থানে যে গ্রহ বর্ত্তমান থাকে উক্ত গ্রহ যে রসের অধিপতি হন জাতবালকও সেই রসের অধিক প্রিয় হইয়া থাকে ; যথা, রবি মুখস্থানে থাকিলে কটুবস্তু, এবং চন্দ্র মুখস্থানে থাকিলে লবণরস আহারে অধিক ইচ্ছা জন্মিয়া থাকে।

জাতিজ্ঞানং।

মীনকর্কটবৃশ্চিকবিপ্রাঃ সিংহতুলাধনুঃ ক্ষত্রিয়উক্তাঃ।
কুম্ভনরদ্বয়মেষবিশঃ স্যুঃ স্ত্রীবৃষমকরাঃ কথিতাঃ শূদ্রাঃ॥

রাশির জাতি যথা,—মীন কর্কট ও বৃশ্চিক বিপ্রজাতি, সিংহ, তুলা ও ধনু ক্ষত্রিয় জাতি। কুম্ভ মিথুন ও মেষ ইহারা বৈশ্যজাতি কন্যা, বৃষ ও মকর শূদ্রজাতি।

মেষাদীনাং বর্ণজ্ঞানং।

অরুণসিতহরিতপাটলপাণ্ডুবিচিত্রাঃ। সিতেতরপিশঙ্গৌ
পিঙ্গলকর্ব্বুরবভ্রুকমলিনারুচয়োষথা সখ্যং॥

মেষ রক্তবর্ণ, বৃষ শুক্লবর্ণ, মিথুন হরিদ্বর্ণ, কর্কট পাটলবর্ণ, সিংহ পাণ্ডুরবর্ণ, কন্যা বিচিত্রবর্ণ, তুলা কৃষ্ণবর্ণ, বিছা পিশঙ্গবর্ণ, ধনু পিঙ্গলবর্ণ, মকর কর্ব্বুরবর্ণ, কুম্ভ বভ্রুকবর্ণ, মীন মলিনবর্ণ।

রাশিস্বরূপকথনং।

মৎস্যৌ ঘটী নৃমিথুনং সগদং সবীণং
চাপী নরোঽশ্বজঘনোমকরোমৃগাস্যঃ।
তৌলী সশস্যদহনা প্লবগা চ কন্যা
শেষাঃ স্বনামসদৃশাঃ খচরাশ্চ সর্ব্বে॥
মেষসিংহবৃষাস্তুল্যরূপধারিণঃ।

অন্যচ্চ—স্বনামরূপামেষাদ্যা মিথুনস্তু নৃদম্পতী।
কন্যা চ প্লবগা তৌলী শস্যমানশিলাযুতঃ।
ঘটহস্তঃ পুমান্ কুম্ভোমীনোমৎস্যযুগঃ স্মৃতঃ।
জঘনেঽশ্বাকৃতির্ধন্বী মকরশ্চ মৃগাননঃ॥

রাশিদিগের স্বরূপ যথা, অন্যান্য পুচ্ছাভিষক্ত, পরস্পরগাত্রনিরীক্ষক ও রক্তমুখ মৎস্যদ্বয় মীনরাশি, স্কন্ধেবটস্থিতনর কুম্ভরাশি স্ত্রী ও পুরুষ মিথুন রাশি তন্মধ্যে পুরুষগদাধারী স্ত্রী বীণা ধারিণী। অশ্বাকৃতিজঙ্ঘা ও ধনুর্দ্ধারীপুরুষ ধনুরাশি, মৃগমুখ মকররাশি। তুলাধারী পুরুষ তুলা-রাশি, নৌকারূঢ়া শস্যাগ্নি হস্তা কুমারী কন্যারাশি। এতদ্ব্যতীত মেষাদি যে সকল রাশি আছে তাহারা স্বনাম খ্যাত অর্থাৎ মেষ বৃষ সিংহ কর্কট বৃশ্চিক ইহাদের যাহার যে নাম আকার ও সেইরূপ।

দ্বিপদাদিকথনং।

মিথুনতুলাঘটকন্যাদ্বিপদাখ্যাশ্চাপপূর্ব্বভাগশ্চ।
মৃগধনুরাদ্যন্তার্দ্ধে বৃষাজসিংহাশ্চতুশ্চরণাঃ॥

মিথুন, তুলা, কন্যা এবং ধনুরাশির পূর্ব্বার্দ্ধভাগ দ্বিপদ। মকরের পূর্ব্বার্দ্ধভাগ ধনুর শেষার্দ্ধ এবং বৃষ সিংহ ইহারা চতুষ্পদরাশি।

কীটাদিসংজ্ঞাকথনং।

কর্কটবৃশ্চিকমীন মকরান্ত্যার্দ্ধঞ্চ কীটসংজ্ঞাঃস্যুঃ।
বৃশ্চিকরাশির্ম্মুনিভিঃ সরীসৃপত্বেন নির্দ্দিষ্টঃ॥

কর্কট বিছা মীন ও মকরের শেষার্দ্ধকে কীটরাশি কহে পরন্তু বৃশ্চিক রাশি সরীসৃপ বলিয়াও কথিত হইয়াছে।

গ্রাম্যাদিকথনং।

গ্রাম্যামিথুনতুলা স্ত্রীচাপালিঘটানিশাসু বৃষমেষৌ।
মকরাস্যাদ্যর্দ্ধসিংহৌ বন্যৌ দিবসেঽজবৃষভৌ চ॥

মিথুন তুলা কন্যা ও ধনু এই কয়টী গ্রাম্যরাশি এবং রাত্রিতে বৃষ ও মেষ গ্রাম্য রাশি বলিয়া খ্যাত হয়। মকরের প্রথমার্দ্ধ ও সিংহ বন্যরাশি এবং দিবাতে মেষ ও বৃষ ইহারাও বন্যরাশি বলিয়া কথিত হইয়া থাকে।

জলজাদিকথনং।

জলজৌ কর্কটমীনৌ মকরান্ত্যার্দ্ধঞ্চ শিবমতেকুম্ভঃ।

রাশেঃ স্বরূপমেতন্মার্কণ্ডেয়াদিভিঃ কথিতং ॥

কর্কট মীন ও মকরের শেষার্দ্ধ জলজরাশি, শৈবমতে কুম্ভকে ও জলজ বলা যায়, মার্কণ্ডেয় প্রভৃতি মুনিগণ কর্ত্তৃক রাশির স্বরূপ এইরূপে বর্ণিত হইয়াছে ।

বলজ্ঞানং ।

দিবা স্যাদ্দিপদোরাশির্ব্বলী নক্তং চতুষ্পদঃ ।
সন্ধ্যায়াং কীটসংযুক্তাবলবন্তোজলোদ্ভবাঃ ॥

দ্বিপদ অর্থাৎ মিথুন, তুলা কুম্ভ কন্যা ও ধনুর পূর্ব্বার্দ্ধ এই সকল রাশি দিবাতে বলবান্ হয়। চতুষ্পদ অর্থাৎ মকরের পূর্ব্বার্দ্ধ, ধনুর শেষার্দ্ধ, বৃষ ও সিংহ ইহারা রাত্রিতে বলবান্ হইয়া থাকে। সন্ধ্যাতে কীট অর্থাৎ কর্কট বৃশ্চিক মীন ও মকরের শেষার্দ্ধ বলীয়ান্ হয় ।

বলাবলাদ্‌গ্রহাণাং স্যাদাত্মাদীনাং বলাবলং ।
নৃপাদ্যাঃ প্রবলাঃ কুর্য্যুঃ স্বরূপং শনিরন্যথা ॥
আত্মাদিগ্রহাণাং নৃপাদিগ্রহাণাঞ্চ বলাবল-
বশেন পুরুষস্যাপ্যাত্মাদীনাং বলাবলং ॥

গ্রহ সকল জন্মকালীন বলবান্ হইলে স্বরূপ অর্থাৎ নৃপত্বাদি প্রদান করেন, কিন্তু ইহার মধ্যে শনি বিপরীত ফল প্রদান করিয়া থাকেন অর্থাৎ বলবান্ হইলে প্রেষ্যত্ব দূর করেন, দুর্ব্বল হইলে প্রেষ্যত্ব বৃদ্ধি করিয়া থাকেন। ফলতঃ গ্রহগণের বলাবল দ্বারাই আত্মাদির বলাবল ও শুভাশুভ বিবেচিত হয় অর্থাৎ গ্রহ সকল বলবান্ হইলে আত্মাদি ও বলবান্ হয় গ্রহগণ দুর্ব্বল হইলে আত্মাদি দুর্ব্বল হইয়া থাকে।

রাশি বলাবলকথনং ।

পতিতৎপ্রিয়বুধসৌম্যোচ্চস্থৈর্যুতবীক্ষিতোবলী রাশিঃ ।
স্বল্পবলোঽন্যৈর্মিশ্রৈর্মধ্যঃসর্ব্বাযুতেক্ষিতস্ত্ববলঃ ॥

মেষ প্রভৃতি দ্বাদশরাশি যদি স্বীয়পতি (কুজাদি) কি তন্মিত্র. অথবা শুভাশুভযুক্ত বুধ কিম্বা শুভগ্রহ অথবা উচ্চস্থ কোন গ্রহ কর্ত্তৃক যুক্ত বা

দৃষ্ট হয়, তবে বলীয়ান্ হইবে। আর পত্যাদি গ্রহযুক্ত বা বীক্ষিত না হইলে প্রত্যেকের পাদবল, শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে চতুর্থাংশ বল এবং পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে হীনবল হয়। পত্যাদিগ্রহ কি অন্যান্য গ্রহ দৃষ্ট বা যুক্ত হইলে মেষাদিরাশির মধ্যবল এবং সকলগ্রহ অযুক্ত বা অদৃষ্ট হইলে হীনবল হইয়া থাকে।

স্থানবলকথনং।

কেন্দ্রস্থান্ প্রবলান্রাশীন্ মধ্যান্ পনফরাশ্রিতান্।
আপোক্লিমগতান্ গার্গিঃ সর্ব্বান্ হীনবলান্ বদেৎ॥

কেন্দ্রস্থ (লগ্ন ও লগ্ন হইতে চতুর্থ, সপ্তম ও দশমস্থিত) রাশি সকল বলবান্ অর্থাৎ ঐ সকল রাশিস্থ গ্রহগণ পূর্ণবলী হয়। পনফরস্থ (দ্বিতীয়, পঞ্চম, অষ্টম ও একাদশস্থ) গ্রহগণ মধ্যবলী (অর্দ্ধবলী) এবং আপোক্লিমস্থ অর্থাৎ তৃতীয়, ষষ্ঠ, নবম ও দ্বাদশস্থ গ্রহসকল হীনবল (পাদবলী) হইয়া থাকে।

পনফরাদিসংজ্ঞাকথনং।

কেন্দ্রং চতুষ্টয়ং কণ্টকঞ্চ লগ্নাত্তদ্দশ সপ্তমচতুর্থানাং সংজ্ঞা।
পরতঃ পনফরমাপোক্লিমসংজ্ঞিতঞ্চ তৎপরতঃ॥

লগ্ন, সপ্তম দশম ও চতুর্থস্থানের নাম কেন্দ্র, চতুষ্টয় ও কণ্টক। তৃতীয়, অষ্টম, একাদশ ও পঞ্চমস্থানের নাম পনফর। তৃতীয়, নবম, দ্বাদশ ষষ্ঠস্থানের নাম আপোক্লিম।

বলাবল বিভাগঃ।

যস্তু যস্যাংশাপারাশেস্তদ্বলাদংশকোবলী।
অবলস্তস্য দৌর্ব্বল্যে মধ্যমে মধ্যমঃ স্মৃতঃ॥

রাশিদিগের নবাংশাধিপতি বিচার করিতে হইলে সেই রাশির নবাংশাধিপতিগ্রহ নির্ণয় করিতে হয়। নবাংশাধিপতি গ্রহের বলানুসারে নবাংশরাশি বলবান্ হইবে আর নবাংশাধিপতিগ্রহ দুর্ব্বল হইলে নবাংশরাশিও দুর্ব্বল হয় এবং নবাংশপতিগ্রহ মধ্যবল হইলে নবাংশরাশি মধ্যবল হইয়া থাকে।

রাশীনাং বশ্যাবশ্যবিবেকঃ।

দ্বিপদবশগাঃ সর্ব্বে সিংহং বিহায় চতুষ্পদাঃ।
সলিলনিলয়াভক্ষ্যাঃ বশ্যাঃ সরীসৃপজাতয়ঃ।
মৃগপতিবশে তিষ্ঠন্ত্যেতে বিহায় সরীসৃপান্।
অকথিতগৃহেহপ্যূহ্যং বশ্যং জনব্যবহারতঃ॥

সিংহরাশি ব্যতীত চতুষ্পদরাশি সকল দ্বিপদের অর্থাৎ মিথুন, তুলা, কুম্ভকন্যা ও ধনুরাশির পূর্ব্বার্দ্ধের বশীভূত হয়, জলজরাশি সমুদয় দ্বিপদ-রাশির ভক্ষ্য, আর সরীসৃপসংজ্ঞক রাশি ও জলজরাশি সকল দ্বিপদ-রাশির বৈশ্য হয়; সরীসৃপ রাশি ভিন্ন দ্বিপদ ও চতুষ্পদরাশি সকল সিংহরাশির বশীভূত হইয়া থাকে। অপরাপর যে সকল রাশির বশ্যাবশ্য বর্ণিত হয় নাই তাহাদিগের লোকাচার বশতঃ বশ্যাবশ্য বিবেচিত হইবে; যেমন বৃষের বশীভূত মেষরাশি ইত্যাদি।

লগ্নমানং।

রামোঽগবেদৈর্জলধিস্তু মৈত্রৈর্ব্বাণোরসৈঃ পঞ্চখসাগরৈশ্চ।
বাণঃ,কুবেদৈর্ব্বিষয়োঽক্ষযুগ্মৈঃ ক্রমোৎক্রমান্মেষতুলাদিমানং॥

মেষ লগ্নের মান ৩।৪৭ বৃষের মান ৪।১৭ মিথুনের মান ৫।৮ কর্কটের মান ৫।৪০ সিংহের মান ৫।৪১ কন্যার মান ৫।২৯ এইরূপক্রমে মেষাদি ছয় রাশির লগ্নমান কথিত হইল উৎক্রমে অর্থাৎ বিপরীত গণনাতে তুলাদি ছয় রাশির লগ্নমান হইয়া থাকে। যথা,—তুলালগ্নের মান ৫।২৯ বৃশ্চিকের মান ৫।৪১ ধনুরমান ৫।৪০ মকরের মান ৫।৮ কুম্ভের মান ৪।১৭ মীনের মান ৩।৪৭

বর্ত্তমানেষ্টয়োর্যৎস্যাদন্তরঞ্চ পলঞ্চ বৈ।
তদেবায়নভাগঘ্নং ত্রিংশদাপ্তং ধনর্ণকং॥ *

---

* অস্যার্থঃ—যদা মেষলগ্নং কর্ত্তব্যং মেষবৃষয়োর্ধর্ম্মষ্যং তদহীয়ায়-নাংশেন পূরয়িত্বা ত্রিংশতা হরণেন যল্লব্ধং তৎপরলগ্নস্য হ্রাসবৃদ্ধ্যপেক্ষয়া ক্রিয়মাণে লগ্নে হীনযোগৌ কার্য্যৌ তদা লগ্নানাং সূক্ষ্মমানং ভবে দিতি গ্রন্থকারঃ।

লগ্নের সূক্ষ্মমান বাহির করিবার নিয়ম কথিত হইতেছে যথা ;— ঈষ্টলগ্ন (যে লগ্নের সূক্ষ্মমান দেখিতে হইবে সেই লগ্ন) ও তৎপরবর্ত্তিলগ্ন এই উভয়ের অন্তর যত সংখ্যক পল হইবে তাহাকে তৎসময়ের অয়নাংশ দ্বারা পূরণ করতঃ ত্রিংশৎ দ্বারা হরণ করিলে যত সংখ্যকপল হইবে তাহা উভয়ের ঋণধন বিবেচনাপূর্ব্বক যোগবিয়োগ করিতে হয় অর্থাৎ ঈষ্টলগ্ন ও তৎপরবর্ত্তী লগ্নের মধ্যে পরবর্ত্তিলগ্নের মান ন্যূন হইলে ঈষ্টলগ্নমান হইতে বিয়োগ এবং ঈষ্ট লগ্নমান হইতে পরবর্ত্তীলগ্নমান অধিক হইলে ঈষ্ট লগ্নমানের সহিত যোগ করিতে হইবে। (উভয়লগ্নের অন্তর শূন্য হইলে বর্ত্তমান "ঈষ্ট" লগ্নমান যাহা থাকে সেইরূপই হইবে।)

অয়নাংশমাহ।

শাকমেকাব্ধিবেদোনং দ্বিঃ কৃত্বা দশভির্হরেৎ।
লব্ধেন চ পুনর্হীনং ষষ্টাপ্তোহয়নাংশকঃ॥

ঈষ্ট শকাব্দাঙ্ক হইতে ৪২১ চারিশত একুশ বিয়োগ করিলে যে অঙ্ক অবশিষ্ট থাকিবে তাহাকে দুইস্থানে রাখিয়া একস্থানের অঙ্ককে ১০ দশ দ্বারা ভাগ করিলে যে ভাগফল লব্ধ হইবে তাহাকে অপরস্থানস্থিত অঙ্ক হইতে বিয়োগ করতঃ ৬০ ষাইটদ্বারা ভাগ করিলে ভাগফল দ্বারা অয়নাংশ নিশ্চয় হইবে।

লগ্নস্য স্পষ্টমাহ।

বেদোরসৈর্ব্বারিধিরঙ্কবেদৈঃ শরোঽষ্টপক্ষৈর্ব্বিশিখঃ খবেদৈঃ।
বাণোঽব্ধিরামৈরিষুরঙ্কপক্ষৈঃ দণ্ডাঃ পলৈর্ম্মানমজাদিকানাং॥
পঞ্চর্ত্তুরামৈরিষুরিন্দুবেদৈঃ বাণেঽষ্টচন্দ্রৈহি বুকোঽব্ধিরামৈঃ।
হরাক্ষিদন্তীষুভিরগ্নিরর্ব্ব বেদৈশ্চ মানং বণিজাদিকানাং॥
একোনবিংশায়নকে ত্বয়ং বিধি র্যাবৎখবাণাদ্রিধরাব্দিশাকং।

অয়নাংশ সংশোধিত লগ্নমান কথিত হইতেছে যথা, মেষ লগ্নের পরিমাণ চারিদণ্ড ছয়পল। বৃষের মান চারিদণ্ড উনপঞ্চাশ পল, মিথুনের মান পাঁচদণ্ড আটাইশপল, কর্কটের মান পাঁচদণ্ড চল্লিশপল, সিংহের

মান পাঁচদণ্ড চৌত্রিশপল, কন্যার মান পাঁচদণ্ড উনত্রিশপল, তুলার মান পাঁচদণ্ড ছত্রিশপল, বৃশ্চিকের মান পাঁচদণ্ড একচল্লিশপল, ধনুর মান পাঁচদণ্ড আঠারপল, মকরের মান চারিদণ্ড ত্রিশপল, কুম্ভের মান তিনদণ্ড আটপঞ্চাশপল এবং মীন লগ্নের মান তিনদণ্ড সাতচল্লিশপল হয়। উনবিংশতি অয়নে সতেরশত পঞ্চাশত শক পর্য্যন্ত এই নিয়মে লগ্নমান দেখিতে হইবে।

দিনমানং।

নভেদ্বৌ যুগাব্ধী ০।২।৪৪ অথাভ্রংধরাষ্টৌ ০।১।৮। খমিন্দুর্গজো ০।১।৮। হথাম্বরং দ্বৌ যুগাব্ধী ০।২।৪৪। অথাভ্রংত্রয়ঃ কালপক্ষা ০।৩।২৬। বথাভ্রংত্রয়ঃ কালপক্ষৌ ০।৩।২৬। দ্যুমানস্য খণ্ডাঃ॥ চৈত্রে দিনমানং ৩০ ত্রিংশদ্দণ্ডাত্মকং, ততঃ পরং বৈশাখস্যৈকাদশ-দিনং যাবৎ প্রতিদিনং ০।৩।২৬।০ বর্দ্ধতে। বৈশাখস্য দ্বাদশদিনা-জ্জ্যৈষ্ঠস্যৈকাদশদিনপর্য্যন্তং প্রতিদিনং ০।২।৪৪। বর্দ্ধতে। এবং ক্রমেণাষাঢ়স্যৈকাদশদিন পর্য্যন্তং বৃদ্ধিঃ। ততঃপরং পৌষস্যৈকা-শদিন পর্য্যন্ত হ্রাসঃ। অয়নাংশকমাসেযু মেষতুলাকর্কটম-করাণাং দিনভুক্তিঃ ০।২।৪৪। বৃষবৃশ্চিকমিথুনধনুষাং ।০।১।৮। কুম্ভমীনসিংহকন্যানাং ০।৩।২৬।০।

দিনমান কথিত হইতেছে,—চৈত্রমাসে ত্রিংশৎদণ্ড দিনমান হয়, ইহার পরে বৈশাখমাসের একাদশ দিবস পর্য্যন্ত প্রতিদিন তিন পল ছাব্বিশ বিপল করিয়া বৃদ্ধি হয়। বৈশাখের দ্বাদশ দিন হইতে জৈষ্ঠের একাদশ দিন পর্য্যন্ত প্রতিদিন দুইপল চুয়াল্লিশ বিপল বৃদ্ধি হইবে। এইরূপে আষাঢ়মাসের একাদশ দিবস পর্য্যন্ত বৃদ্ধি হইয়া থাকে। অনন্তর পৌষমাসের একাদশ দিবসপর্য্যন্ত হ্রাস হয়। অয়নাংশমাসে মেষ, তুলা, কর্কট ও মকরের দিন ভুক্তি দুইপল চুয়াল্লিশ বিপল। বৃষ, বৃশ্চিক, মিথুন ও ধনুর দিনভুক্তি একপল আট বিপল। কুম্ভ মীন সিংহ ও কন্যার দিনভুক্তি তিনপল ছাব্বিশ বিপল।

যামার্দ্ধাধিপকথনং।

বারেণাদর্দ্ধযামেষু রাত্র্যহ্নোঃ পঞ্চষট্ ক্রমাৎ।
অধিপাঃ স্যুর্গ্রহাস্তত্র যথার্কাহে ভবন্তি তে॥
রবীজ্যেন্দু ভৃগুক্ষ্মাজশনিজ্ঞরবয়োনিশি।
এতে রবিবারে রাত্রৌ যামার্দ্ধাধিপাঃ স্যুঃ॥
রবিশুক্রজ্ঞরাত্রীশশনীজ্যকুজভাস্করাঃ।
দিনেহুহ্যাঃ পরেষ্বেবস্তত্রাধ্যক্ষাশ্চতুর্গ্রহাঃ॥

অধুনা যামার্দ্ধাধিপতি নির্ণিত হইতেছে। বারাধিপতির যামার্দ্ধে রাত্রিতে পঞ্চম ও দিবাতে ষষ্ঠ গণনায় যে গ্রহ পতিত হয় তাহার যামার্দ্ধ হইবে। রবিবারে রাত্রিতে প্রথম যামার্দ্ধ রবির, দ্বিতীয় যামার্দ্ধ বৃহস্পতির, তৃতীয় যামার্দ্ধ চন্দ্রের, চতুর্থ যামার্দ্ধ শুক্রের, পঞ্চম যামার্দ্ধ মঙ্গলের ষষ্ঠ যামার্দ্ধ শনির, সপ্তম যামার্দ্ধ বুধের ও অষ্টম যামার্দ্ধ রবির হয়। রবিবার দিবাতে প্রথম যামার্দ্ধ রবির, দ্বিতীয় যামার্দ্ধ শুক্রের, তৃতীয় যামার্দ্ধ বুধের, চতুর্থ যামার্দ্ধ চন্দ্রের, পঞ্চম যামার্দ্ধ শনির, ষষ্ঠ যামার্দ্ধ বৃহস্পতির, সপ্তম যামার্দ্ধ মঙ্গলের এবং অষ্টম যামার্দ্ধ রবির হইয়া থাকে। প্রত্যেক যামার্দ্ধে চারিটিগ্রহ অধিপতি হইবে,তাহা পরে বিবৃতহইতেছে।

দণ্ডাধিপকথনং।

যস্যার্দ্ধযামস্তস্যৈব প্রাগ্দণ্ডঃ সর্ব্বতস্ততঃ।
ষট্ ষট্ পরীত্য রাত্রৌ তু ত্রয়োদণ্ডাধিপাযথা।
রবৌভৃগুর্ব্বুধশ্চন্দ্রঃ পরেষ্বেবং প্রকল্পয়েৎ।
যামার্দ্ধাধিপসংখ্যাতোদ্বিতীয়স্তু তদর্দ্ধতঃ।
তদর্দ্ধাত্তু তৃতীয়ঃ স্যাত্তদর্দ্ধাচ্চ তুরীয়কং।
অঙ্কাভাবে তু রাহুঃ স্যাত্তদঙ্কোবসুসংজ্ঞকঃ॥
ভগ্নাঙ্কস্য পরিত্যাগাদ্দিবাদণ্ডাধিশা যথা।
রবৌ রাহুর্ব্বুধশ্চন্দ্রঃ পরেষ্বপ্যেবমাদিশেৎ॥

অন্যচ্চ—আস্থা যামদলাধিপস্য ঘটিকা তস্যার্দ্ধে তস্যাপর।
তস্যার্দ্ধস্য পরা তদর্দ্ধমপরং ভগ্নাঙ্কবর্জ্জং দিবা।
রাত্রৌ ষষ্ঠখগক্রমেণ ঘটিকা নাথাভবন্তি স্ফুটাঃ॥

এক্ষণে দণ্ডাধিপতি কথিত হইতেছে। সর্ব্বত্রই যামার্দ্ধাধিপতির প্রথমদণ্ড হইবে, রাত্রিতে ছয় ছয় গণনাতে যে গ্রহ হয় তাহারাই অপর তিন দণ্ডের অধিপতি হইয়া থাকে। রবির যামার্দ্ধে রাত্রিতে প্রথম দণ্ড রবির দ্বিতায় দণ্ড শুক্রের, তৃতীয় দণ্ড বুধের, চতুর্থদণ্ড চন্দ্রের, এই-রূপ অন্য অন্য যামার্দ্ধে দণ্ডাধিপতি জানিবে। দিবাতেও যামার্দ্ধাধিপতির প্রথম দণ্ড হইবে। যামার্দ্ধাধিপতির যে অঙ্ক তাহার অর্দ্ধাঙ্কে যে গ্রহ পড়ে দ্বিতীয় দণ্ডের অধিপতি সেই গ্রহহয়, দ্বিতীয় দণ্ডাধিপতির যে অঙ্ক তাহার অর্দ্ধাঙ্কে যে গ্রহ তিনিই তৃতীয় দণ্ডের অধিপতি হইবেন। এই-রূপ তৃতীয় দণ্ডাধিপতির অঙ্কের অর্দ্ধাঙ্কে যে গ্রহ চতুর্থদণ্ডের অধিপতি সেই গ্রহ হইবে, গ্রহাঙ্কের অর্দ্ধ ধরিতে যদি ভগ্নাঙ্ক হয় তাহা পরিত্যাগ করিবে, একাঙ্কের অর্দ্ধ গ্রহাঙ্ক নাই, অতএব সেখানে শূন্য ধরিয়া রাহুর দণ্ড হইবে। রাহুর অঙ্ক আট ইহার অর্দ্ধ চারি ধরিয়া লইতে হইবে। এইরূপে সমস্ত যামার্দ্ধে দণ্ডপতি বিবেচনা করিতে হয়।

অথ জাতলগ্ন।

তত্র প্রসূতিজ্ঞানং।

সুপ্রসূতির্ভবেচ্চন্দ্রে শুভগ্রহযুতেক্ষিতে।
দুর্গ্রহেক্ষিতযুক্তে প্রসূতির্দুঃখভাগিনী॥

অনন্তর জাতলগ্ন কিরূপে নির্ণয় করিতে হয়, তাহা বিবৃত হইতেছে। ইহাতে প্রথমতঃ দেখিতে হইবে প্রসূতি সুপ্রসব করিয়াছে কি প্রসব হওয়ার কালে কষ্ট পাইয়াছে? চন্দ্র শুভগ্রহযুক্ত কি শুভগ্রহ দ্বারা ঈক্ষিত হইলে প্রসূতি সুপ্রসব করে আর চন্দ্র যদি অশুভ গ্রহযুক্ত কি অশুভ গ্রহদ্বারা ঈক্ষিত হয় তবে অতি কষ্টে প্রসব করিয়া থাকে।

অন্যচ্চ।—যদযদ্রাশিং ব্রজতি হরিতোগর্ব্ভমোক্ষশ্চ তদ্বৎ
পাপৈশ্চন্দ্রাৎ স্মরসুখগতৈঃ ক্লেশমাহুর্জ্জনন্যাঃ॥

যে রাশিতে রবিস্থিত সেই লগ্নের শীর্ষোদয়াদিসংজ্ঞানুসারে প্রসব হয়, চন্দ্র হইতে সপ্তম কি চতুর্থে পাপগ্রহ থাকিলে প্রসব সময়ে প্রসূতির ক্লেশ হইয়া থাকে। (১)

লগ্নেদিগ্‌বদনে তৎস্থে গৃহদ্বারাংশকে ভবেৎ।
তচ্ছিরা বা শিশুর্যাত ইতিসন্মুনিসম্মতং॥

লগ্নে যে গ্রহ থাকে সেই গ্রহ যে দিকের অধিপতি হন, সেই দিকে অথবা লগ্নাধিপ যে দিকেব অধিপতি সেই দিকে গৃহ কি গৃহদ্বার গৃহাংশ ও শিশুব শির থাকিবে ইহাই মুনিদিগেব মত।

দিগ্বদনং যথা।

প্রাগাদি ককুভাং নাথা যথাসংখ্যং প্রদক্ষিণং।
মেষাদ্যারাশয়োজ্ঞেয়াস্ত্রিরাবৃত্তিঃ পরিভ্রমাৎ॥

যথা সংখ্যে তিনবার প্রদক্ষিণ করিয়া মেষাদি রাশি পূর্ব্বাদিদিকের অধিপতি হইয়া থাকে; যথা মেষ পূর্ব্বদিকের, বৃষ দক্ষিণের, মিথুন পশ্চিমের, কর্কট উত্তবে, পুনর্ব্বার সিংহ পূর্ব্বের, কন্যা দক্ষিণের, তুলা পশ্চিমের বৃশ্চিক উত্তরের, এইরূপ ধনু পূর্ব্বের, মকর দক্ষিণের, কুম্ভ পশ্চিমেব, মীন উত্তরের অধিপতি হয়।

অন্যচ্চ।—যদ্দিশ্যং লগ্নভবনং তদ্দিঙমূর্দ্ধা শিশুর্ভবেৎ।
লগ্নে যোদ্বাদশাং শস্ত দভিমুখং সূতিকাগৃহদ্বারং॥
বাসগৃহাজ্ঞনবগতং দিগ্‌বলি গ্রহাদ্‌বলোপেতাৎ।

যে দিকে লগ্নের গৃহ প্রাপ্ত সেই দিকেই বালকের শির থাকে। দ্বাদশাংশাধিপতি যে দিকের অধিপতি সুতিকাগৃহের দ্বার সেইদিকেও হইতে পারে। বাসগৃহ জানা না থাকিলে বলপ্রাপ্ত দিগ্‌বলী গ্রহদ্বারা যে যে দিক্ প্রাপ্ত হওয়া যায়, সেই দিকে গৃহদ্বার থাকিবে।

১। বৃহজ্জাতকে এই বচনের অন্যরূপ পাঠ করিয়া অর্থ তদনুসারে করিয়াছেন।

পূর্ব্বভাগে গৃহং মেষকুম্ভকীটকুলীরকে।
তুলালগ্নে চ কৌবের্য্যাং মিথুনে মীন কার্ম্মুকে॥
কন্যায়াঞ্চ বৃষে লগ্নে পশ্চিমে চ গৃহং সদা।
মকরে সিংহলগ্নে চ দক্ষিণস্যাং দিশি গৃহৎ॥

মেষ. কুম্ভ, বৃশ্চিক কর্কট লগ্নে জন্ম হইলে পূর্ব্বভাগে গৃহ থাকিবে। মিথুন মীন ধনু ও লগ্নে জন্মিলে উত্তর দিকে গৃহ থাকিবে। বৃষলগ্নে পশ্চিমদিকে এবং মকর ও সিংহ লগ্নে জন্মগ্রহণ করিলে দক্ষিণ দিকে গৃহ থাকিবে।

একদ্বারং স্থিরে লগ্নে দ্বির্দ্বারং দ্বিস্বভাবকে।
বহুদ্বারং চরে লগ্নে সূতিকাভবনস্য চ॥

স্থিরলগ্নে জন্ম হইলে সূতিকাগৃহের একটি দ্বার থাকে। দ্ব্যাত্মক-লগ্নে জন্মিলে গৃহের দুই দ্বার থাকিবে এবং চরলগ্নে জন্ম হইলে সূতিকা-গৃহের বহুদ্বার থাকিবে।

মেষে চাপমৃগেন্দ্রয়োঃ কিলশিশুঃ প্রাচীশিরাজায়তে।
গোকন্যামকরেষু দক্ষিণশিরা জাতো ভবেন্নিশ্চিতঃ॥
মীনে কর্কটকীটয়োর্যদি তদা কৌবেরমস্তোযতঃ।
কুম্ভাখ্যে ধটযুগ্মযোর্যদি পুনঃ পাশ্চাত্যমস্তস্তদা॥

মেষ, ধনু সিংহলগ্নে জন্মিলে শিশু পূর্ব্বদিকে মস্তক রাখিয়া জন্ম গ্রহণ করিবে। বৃষ কন্যা ও মকর লগ্নে জন্মগ্রহণ করিলে দক্ষিণ শিরা হইয়া ভূমিষ্ঠ হইবে। মীন, কর্কট ও বৃশ্চিক লগ্নে জন্মিলে উত্তরদিকে শিশুর মস্তক থাকিবে। কুম্ভ, তুলা ও মিথুন লগ্নে জন্মগ্রহণ করিলে সেই বালকের মস্তক পশ্চিমদিকে থাকিবে।

মীনে মেষে জনাঃ পঞ্চ তুলাকন্যে চতুষ্টয়ং।
মকরে মিথুনে ত্রীণি চত্বারি ধনুকর্কটে॥
সিংহে চ বৃশ্চিকে চৈকং চত্বারি বৃষ কুম্ভয়োঃ।

ধনু কর্কট মীন ও মেষলগ্নে জন্মিলে গৃহে পাঁচজন, তুলা কন্যা লগ্নে

চারি জন মকর ও মিথুনলগ্নে তিনজন, সিংহ ও বৃশ্চিকলগ্নে একজন এবং বৃষ ও কুম্ভলগ্নে জন্ম হইলে সুতিকাগৃহে চারিজন থাকিবে।

মেষে হরৌ ধনুষি মন্দিরপূর্ব্বভাগে সূতা ভবেদ্‌ যুবতিপঞ্চজনস্য মধ্যে
কন্যা বৃষে চ মকরে গৃহদক্ষিণাংশে জায়া চতুষ্টয়যুতা যুবতী প্রসূতা
কুম্ভে তুলায়াং মিথুনে চ রামা ম্লানাম্বরা সপ্তযুতা প্রতীচ্যাং।
মীনে কর্কটকীটয়োরুদীচিভবনে জায়া ত্রিভিঃ সংযুতা।
সূতে পুত্রবরং প্রমাদরহিতং গর্গাদিভির্ভাষিতাং॥

মেষ সিংহ ও ধনুলগ্নে গৃহের পূর্ব্বভাগে প্রসূতি পাঁচজন উপসূতিকার মধ্যে প্রসব করে। কন্যা বৃষ ও মকরলগ্নে গৃহের দক্ষিণ দিকে চারিজন উপসুতিকার মধ্যে প্রসব করিয়া থাকে। কুম্ভ তুলা ও মিথুন লগ্নে মলিন বস্ত্র পরিহিতা সপ্তজন উপসূতিকার মধ্যে গৃহের পশ্চিমভাগে প্রসব হয়। মীন কর্কট ও বৃশ্চিকলগ্নে গৃহের উত্তরদিকে তিনজন উপসূতিকার মধ্যে উত্তম পুত্র প্রসব করে। গর্গাদি মুনিগণ এইরূপ বলিয়াছেন।

প্রকারান্তরমাহ।

যস্মিন্নৃক্ষে বসেদ্ভানুস্তদেব সপ্তমেঽপি বা।
যাবদ্দ্বিপ্রহরং পশ্চাদ্দিবা দ্বাদশভিঃ পুনঃ।
ঊনবিংশতিভে রাত্রৌ যাবদ্‌যামোবসেদ্দ্বয়ং।
চতুর্ব্বিংশতিভে পশ্চাজ্জাতলগ্নমুদাহৃতং॥ (১)

প্রকারান্তরে লগ্ন নির্ণয় করা হইতেছে যথা,—রবি যে নক্ষত্রে আছেন সেইখানে অথবা তাহার সপ্তমনক্ষত্র যে ঘরে হইবে সেই স্থানে যে লগ্ন হইতে পারে সেই লগ্ন দিবা দুইপ্রহর মধ্যে হইবে। দুইপ্রহরের পরে সন্ধ্যা পর্য্যন্ত রবিভোগ্য নক্ষত্র হইতে দ্বাদশ নক্ষত্র বিশিষ্ট রাশি লগ্ন হইয়া থাকে। রাত্রিতে দুইপ্রহর পর্য্যন্ত রবিভোগ্য নক্ষত্র হইতে ঊনবিংশতি নক্ষত্রবিশিষ্ট রাশি ও শেষ দুইপ্রহরে চতুর্ব্বিংশতিনক্ষত্রবিশিষ্ট রাশি লগ্ন-হইবে।

১। ঊনবিংশতিরিত্যত্র রাত্রৌ সপ্তদশৈব তু ইতি পাঠান্তরং।

ধাত্রীজ্ঞানং।

যুগ্মে চ সধবা ধাত্রী অযুগ্মে বিধবা স্মৃতা। ইতি।

অযুগ্মাদযুগ্মবস্ত্রং ন যুগ্মাদযুগ্মং ক্রমাদ্বুধৈঃ॥

যুগ্মলগ্নে সধবা ধাত্রী এবং অযুগ্মলগ্নে বিধবা ধাত্রী হইবে। আর অযুগ্ম লগ্নে অযুগ্ম বস্ত্র ও যুগ্মলগ্নে যুগ্মবস্ত্র থাকিবে।

লগ্নে বস্ত্রজ্ঞানং।

মীনবৃষকন্যা পীতঃ কুম্ভমিথুনসিংহশ্বেতঃ।

মকর কর্কট বৃশ্চিক রক্তামেষতুলাধনুঃ কৃষ্ণদেহাঃ।

মীন বৃষ ও কন্যালগ্নে প্রসব হইলে পীতবর্ণবস্ত্র, কুম্ভ মিথুন ও সিংহে শ্বেতবর্ণ বস্ত্র, মকর কর্কট ও বৃশ্চিকলগ্নে রক্তবর্ণবস্ত্র এবং মেষ তুলা ও ধনুর্লগ্নে কৃষ্ণবর্ণবস্ত্র থাকিবে।

অথ জারজযোগঃ।

সৎকৃত্যমুক্তাবল্যাং।

ন লগ্নমিন্দুঞ্চ গুরুর্নিরীক্ষতে ন বা শশাঙ্কং রবিণা সমাযুতং।

স পাপকোঽর্কেণ যুতোঽথ বা শশী পরেণ জাতং প্রবদন্তি নিশ্চয়াৎ॥

জারজ যোগ কথিত হইতেছে—বৃহস্পতি যদি লগ্নস্থান কি চন্দ্রকে না দেখিতে পান তবে সেই বালক অন্যদ্বারা জাত হইবে। আর লগ্নে বৃহস্পতির দৃষ্টি থাকিয়াও যদি রবিযুক্ত চন্দ্রে দৃষ্টি না থাকে তবে সেই বালক জারজ হইবে। লগ্নে গুরুর দৃষ্টি থাকুক কি না থাকুক রবিযুক্ত চন্দ্র যদি অন্য পাপগ্রহের সহিত বাস করেন তবে সেই বালক নিশ্চয়ই জারজ ইহা পণ্ডিতগণ বলেন।

অন্যচ্চ।—ভগ্নপাদর্ক্ষসংযোগাৎ দ্বিতীয়াদ্বাদশী যদি।

সপ্তমী চার্কমন্দারে জায়তে জারজোধ্রুবং॥

ভগ্নপাদ নক্ষত্র ও দ্বিতীয়া দ্বাদশী কি সপ্তমী তিথি রবি শনি কি মঙ্গল বার হইলে তাহাতে যে ব্যক্তি জন্মগ্রহণ করিবে সে নিশ্চয়ই অন্য দ্বারা জাত।

অজীবভাগে হ্যনিরীক্ষিতে বা জীবেন চন্দ্রেঽথ বিলগ্নভে বা।
জাতং পরোদ্‌ভুতমিতি ব্রুবন্তি হারীতগর্গপ্রমুখামুনীন্দ্রাঃ॥

লগ্নে কি চন্দ্রে যদি বৃহস্পতির দৃষ্টি কি অন্য কোনরূপে সম্বন্ধ না থাকে তবে সেই বালক পরজাত ইহা হারীত গর্গ প্রভৃতি মুনিগণ বলিয়াছেন।

জারজযোগভঙ্গঃ।

গুরুক্ষেত্রগতে চন্দ্রে তদ্‌যুক্তে বান্ধবেশ্মনি।
তদ্দ্রেক্কাণে নবাংশে বা জায়তে ন পরেণ সঃ॥

চন্দ্র যদি বৃহস্পতির গৃহে (ধনু কি মীনরাশিতে) থাকেন,তবে জারজ যোগে জন্মিলে ও সেই বালক জারজ নহে। ধনু মীন ভিন্ন অন্য কোন রাশিতে চন্দ্র গুরুযুক্ত হইলে বালক জারজ হইবে না। আর বৃহস্পতির দ্রেক্কাণে কি বৃহস্পতির নবাংশে চন্দ্র থাকিলে তাহাতে বালক জারজ হইবে না। এই জারজযোগের প্রতিপ্রসব "নলগ্নমিন্দুঞ্চ" ইত্যাদি বচনের "ভগ্নপাদক্ষ" ইত্যাদি বচনের নহে।

নক্ষত্রদোষঃ।

অর্কেঽশ্বিনী বিধৌ চিত্রা ভৌমে চোত্তরফল্গুনী।
শ্রবণা বুধবারে চ গুরৌ শতভিষা যদি।
স্বাতী ভৃগুসুতে চৈব রেবতী শনিবাসরে।
এতেষ্‌ক্ষেষু যোজাতোজীবনং তস্য দুর্ল্লভং॥

রবিবার অশ্বিনীনক্ষত্র, সোমবার চিত্রানক্ষত্র, মঙ্গলবার উত্তরফল্গুনী নক্ষত্র, বুধবার শ্রবণানক্ষত্র, বৃহস্পতিবার শতভিষানক্ষত্র, শুক্রবার স্বাতী-নক্ষত্র,|এবং শনিবার রেবতী নক্ষত্র, হইলে ইহাতে যে বালক জন্মিবে তাহার জীবনের আশা অতি অল্প।

গণ্ডবিচারঃ।

অশ্বিনীমঘমূলানাং ত্রিস্রোগণ্ডাদ্যনাড়িকাঃ।
অন্ত্যে পৌষ্ণোরগেন্দ্রাণাং পঞ্চৈব যবনাজগুঃ॥

অশ্বিনী, মঘা ও মূলানক্ষত্রের প্রথম তিন দণ্ড গণ্ড বলিয়া কথিত ;

আর রেবতী অশ্লেষা ও জ্যেষ্ঠানক্ষত্রের শেষ পাঁচদণ্ড গণ্ড বলিয়া অভিহিত হয়, যবনাচার্য্য এইরূপ বলিয়াছেন।

অন্যচ্চ।—অশ্বিনীমঘমূলানাং ত্রিবেদনবনাড়িকাঃ।
রেবতীসর্পশক্রান্তে মাসরুদ্ররসস্তথা॥

কোন কোন মুনি গণ্ডবিষয়ে এইরূপ বলেন যে, অশ্বিনীনক্ষত্রের প্রথম তিনদণ্ড, মঘানক্ষত্রের প্রথম চারিদণ্ড, মূলানক্ষত্রের প্রথম ৯ দণ্ড এবং রেবতীনক্ষত্রের শেষ দ্বাদশখণ্ড, অশ্লেষানক্ষত্রের শেষ একাদশদণ্ড ও জ্যেষ্ঠানক্ষত্রের শেষ ছয়দণ্ড গণ্ড বলিয়া খ্যাত।

অন্যচ্চ—মূলেন্দ্রয়োর্দ্দিবাগণ্ডোনিশায়াং পিতৃসর্পয়োঃ।
সন্ধ্যাদ্বয়ে তথা জ্ঞেয়োরেবতীতুরগর্ক্ষয়োঃ॥

মূলা ও জ্যেষ্ঠানক্ষত্রে যে গণ্ড উক্ত হইল তাহার নাম দিবাগণ্ড, অর্থাৎ দিবাতে উক্ত দুইনক্ষত্রে গণ্ডযোগ হইবে, মঘা ও অশ্লেষানক্ষত্রে নিশা গণ্ড হয় এবং রেবতী ও অশ্বিনীনক্ষত্রে উভয় সন্ধ্যাতে গণ্ডযোগ হইবে।

গণ্ডর্ক্ষং ত্রিগুণীকৃত্য তিথিবারসমন্বিতং।
বসুনা হরতে ভাগং শেষে গণ্ডং সুনিশ্চিতং॥
মূলস্তম্বত্বচং শাখা পত্রং পুষ্পং ফলং শিফা॥

গণ্ডঘটক নক্ষত্রাঙ্ককে ত্রিগুণ করিয়া তাহাতে তিথি ও বারের অঙ্ক যোগ করতঃ আট দ্বারা হরণ করিতে হইবে। শেষ অঙ্ক এক থাকিলে মূল দুই থাকিলে স্তম্ব, তিন থাকিলে ত্বচ, চারি থাকিলে শাখা, পাঁচ থাকিলে পত্র, ছয় থাকিলে পুষ্প,সাত থাকিলে ফল,এবং শূন্য থাকিলে শিফা হইবে ইহার ফল নিম্নে বিবরিত হইতেছে।

ফলং।

মূলে মূলং বিনাশঃ স্যাৎ স্তম্বে হানির্ধনস্য চ।
ত্বচি মাতৃবিনাশঃ স্যাৎ শাখা চাত্মবিনাশিনী॥
পত্রঞ্চ মাতুলং হন্তিং ভ্রাতরং পুষ্পমেব চ।
ফলং পিতৃবিনাশায় শিফা সর্ব্ববিনাশিনী॥

(১) মূলে মূল বিনাশ (২) স্তম্ভে ধনহানি (৩) ত্বচে মাতৃবিনাশ। (৪) শাখাতে আত্ম বিনাশ (৫) পত্রে মাতুল নিধন (৬) পুষ্পে ভ্রাতৃ বিয়োগ (৭) ফলে পিতৃনিধন এবং (৮) শিফা হইলে সমস্ত বিনষ্ট হইবে।

ত্রিবিধগণ্ডরিষ্টিঃ।

সন্ধ্যারাত্রিদিবাভাগে গণ্ডযোগোদ্ভবঃ শিশুঃ।
আত্মানং মাতরং তাতং বিনিহন্তি যথাক্রমং॥

সন্ধ্যাকালে রেবতী ও অশ্বিনীনক্ষত্রের গণ্ডে জাত বালক স্বয়ং বিনষ্ট হয়, রাত্রিকালে মঘা ও অশ্লেষানক্ষত্রের গণ্ডে শিশুর জন্ম হইলে তাহার মাতার মৃত্যু হয়। দিবসে মূলা ও জ্যেষ্ঠানক্ষত্রের গণ্ডে বালকের জন্ম হইলে ঐ শিশুর পিতৃবিয়োগ হইয়া থাকে।

সর্ব্বেষাং গণ্ডজাতানাং পরিত্যাগোবিধীয়তে।
তাতেনাদর্শনং বাপি যাবৎ ষান্মাসিকোভবেৎ॥

পূর্ব্বোক্তগণ্ডযোগে সন্তান জন্মিলে তাহাকে পরিত্যাগ করা বিধেয় অথবা ঐ শিশুকে ছয় মাস মধ্যে পিতা দর্শন করিতে পারিবেন না।

অন্যচ্চ—দিবাগণ্ডে নিশাজাতো নিশাগণ্ডেহথ বা দিবা।
ন ভবেদ্‌গণ্ডদোষোহি নাচলোহন্তি পর্ব্বতং॥

যে যে নক্ষত্রে দিবাগণ্ড হয় সেই সেই নক্ষত্রে রাত্রিতে জন্মিলে এবং যে যে নক্ষত্রে রাত্রিগণ্ড হয় সেই সেই নক্ষত্রে দিবাতে জন্মিলে সেই শিশুর গণ্ড দোষ হইবে না, কেননা পর্ব্বত পর্ব্বতকে কখনই ভঙ্গ করিতে পাবে না।

গণ্ডদোষশান্তিঃ।

কুঙ্কুমং চন্দনং কুষ্ঠং গোরোচনমথাপি বা।
ঘৃতেনৈবান্বিতং কৃত্বা চতুর্ভিঃ কলসৈর্ব্বুধঃ।
সহস্রাক্ষেণ মন্ত্রেণ বালকং স্নাপয়েত্ততঃ।
পিতৃযুক্তং দিবাজাতং মাতৃযুক্তঞ্চ রাত্রিজং।

স্নাপয়েৎ পিতৃমাতৃভ্যাং সন্ধ্যয়োরুভয়োরপি।
কাংস্যপাত্রং ঘৃতৈঃ পূর্ণং গণ্ডদোষোপশান্তয়ে।
দদ্যাদ্ধেনুং সুবর্ণঞ্চ গ্রহাংশ্চাপি প্রপূজয়েৎ॥

গণ্ডদোষ শান্তি কিরূপে হয় তাহা কথিত হইতেছে। কুঙ্কুম, চন্দন কুড়, গোরোচনা ঘৃতযুক্ত করিয়া জলপূর্ণ চারিটি কলসে রাখিবে পরে ঐ জল দ্বারা "সহস্রাক্ষেণ শত শারদেন ইত্যাদি" মন্ত্রপাঠপূর্ব্বক গণ্ডজাত শিশুকে স্নান করাইতে হয়; কিন্তু ইহার মধ্যে বিশেষ এই দিবাগণ্ডজাত শিশুকে পিতৃযুক্ত রাত্রিগণ্ড জাত শিশুকে মাতৃযুক্ত এবং সন্ধ্যাগণ্ডজাত শিশুকে পিতৃমাতৃযুক্ত করিয়া স্নান করাইতে হইবে। অনন্তর ঘৃতপূর্ণ কাংস্যপাত্র, ধেনু ও সুবর্ণ দান এবং গ্রহগণের অর্চ্চনা করিলেই গণ্ডদোষ নষ্ট হইবে।

দিবাজাতা তু যা কন্যা নিশিজাতশ্চ যঃ পুমান্।
নোভয়োর্গণ্ডদোষঃ স্যান্নাচলোহন্তি পর্ব্বতং॥

দিবাতে কন্যা জন্মিলে এবং রাত্রিতে পুত্র জন্মিলে ইহাদের গণ্ডদোষ হইবে না, কারণ পর্ব্বতপর্ব্বতকে কখনই বিনাশ করিতে পারে না।

যদি জীবতি গণ্ডান্তে বহুগজতুরগোনৃপতির্ভবেৎ।

গণ্ডজাত শিশু যদি জীবিত থাকে তবে সে বহু অশ্ব হস্তী প্রভৃতির অধিপতি ও নৃপতি হয়।

ইতি জাতকচন্দ্রিকায়াং প্রথমোঽধ্যায়ঃ।

অথ শিশুপতাকী।

তির্য্যগূর্দ্ধগতারেখাস্তিস্রোদেয়াঃ পতাকয়া।
যুতাঃ কার্য্যাবেধবিদ্ধা সর্ব্বসঙ্গতরেখয়া।
দক্ষস্থোদ্গতরেখাতোবামং মেষাদ্যরাশয়ঃ।
পঞ্চাষ্টযুগ্মবিংশাশ্চ ষড়্দশেন্দ্রাগ্নিসাগরাঃ।
কর্কটানমীনপর্য্যন্তমঙ্কাদেয়াযথাক্রমং॥

পতাকীচক্র লিখন প্রণালী কথিত হইতেছে;—পূর্ব্বে ও পশ্চিমে তিনটী রেখা অঙ্কিত করিয়া তদুপরি উত্তরেওদক্ষিণে তিনটী রেখা অঙ্কিত করিতে হইবে। অনন্তর ঐ সকল রেখার অগ্রভাগে পতাকা চিহ্ন দিয়া পরস্পরের বেধ নির্ণয় করিবে। উর্দ্ধ তিনরেখার মধ্যে দক্ষিণদিকের রেখার অগ্রভাগহইতে বামাবর্ত্তে মেষাদি দ্বাদশরাশির চিহ্ন রাখিবে। পরে কর্কটে ৫, সিংহে ৮, কন্যায় ২, তুলাতে ২০, বিছায় ৬, ধনুতে ১০, মকরে ১৪, কুম্ভে ৩, মীনে ৪, এইরূপে অঙ্ক যোজনা করিতে হইবে।

বালস্য জন্মকালীনগ্রহলগ্নমজাদিষু।
বিন্যস্য চিন্তয়েৎ প্রাজ্ঞঃ শুভাশুভমথ গ্রহাৎ।
শুভদণ্ডযোগবেধৈর্ল্গ্নাদ্বালস্য শোভনং।
পাপদণ্ডযোগবেধে রাশ্যঙ্কাদ্রিষ্টিকালবিৎ॥

বালকের জন্মকালীন গ্রহগণ পতাকীচক্রে রাখিয়া পরে শিশুর শুভাশুভ বিবেচনা করিতে হইবে। যদি বালক শুভগ্রহের দণ্ডে জন্মে এবং শুভগ্রহ বেধে থাকেন, তবে শিশুর সমস্ত মঙ্গল হয়; আর যদি অশুভগ্রহের দণ্ডে জন্মে এবং অশুভগ্রহ বেধে থাকেন তবে ঐ বালকের রাশির অঙ্কপরিমাণ দিন, মাস অথবা বৎসরের সময় রিষ্ট হইবে।

অথপতাকীচক্রং।

বলেঽধিকে দিনং মধ্যে মাসোহীনে চ হায়নং।
লগ্নস্য দক্ষিণে বামে সম্মুখে গ্রহসংস্থিতে॥

অশুভগ্রহ দণ্ডাধিপতি অথচ বলবান্ হইলে অঙ্ক পরিমিত দিনে মধ্যবল হইলে অঙ্ক সংখ্যক মাসে আর হীনবল হইলে অঙ্কপরিমিত বৎসরে ফলদান করেন। লগ্নে কি লগ্নের দক্ষিণে কিম্বা বামে অথবা সম্মুখে পাপগ্রহ অবস্থিতি করিলে বোধ হয়, বেধস্থানে যে অঙ্ক থাকে সেই অঙ্ক পরিমাণ দিন, মাস কি বৎসরে শিশুর রিষ্ট দেখিতে হইবে।

বৃহজ্জাতকে।

কর্কের্মীনধনুর্ভ্যাঞ্চ হরেঃ কীটঘটেন চ।
স্ত্রিয়াস্তৌলি মৃগাভ্যাঞ্চ ঘটে মীনেন কন্যয়া।
বৃশ্চিকে কলসে চৈব পঞ্চাস্যে কলসে তথা।
ধনুষোমৃগকর্কিভ্যাং মকরে ধনুষা স্ত্রিয়া।
ঘটস্য কীটসিংহাভ্যাং মিলনং কথিতং বুধৈঃ।
মীনে কর্কিতুলাভ্যাঞ্চ মীনস্ত্রীধনুষা অজে।
তুলাকর্কিমৃগৈর্ব্বন্দ্বে হরিকীটঘটে বৃষে।
সিংহবদ্ বেধ এতেষু বামদক্ষিণসম্মুখে॥

কর্কটের মীন ও ধনুর সহিত বেধ হয়। এইরূপ সিংহের বৃশ্চিক ও কুম্ভের সহিত কন্যার তুলা ও মকরের সহিত, তুলার মীন ও কন্যারসহিত বৃশ্চিকের কুম্ভ ও সিংহের সহিত, ধনুর মকর ও কর্কটের সহিত মকরের ধনু ও কন্যার সহিত, কুম্ভের বিছা ও সিংহের সহিত, মীনের কর্কট ও তুলার সহিত মিলন (বেধ) হইয়া থাকে; পণ্ডিতগণ এইরূপ বলিয়াছেন। অপর মেষের মীন কন্যা ও ধনুর সহিত, বৃষের সিংহ কুম্ভ ও বৃশ্চিকের সহিত, মিথুনের কর্কট তুলা ও মকরের সহিত বেধ হইবে। সিংহের যেরূপ বামে দক্ষিণে ও সম্মুখে বেধ হয় উক্ত সকল রাশিরও সেইরূপ জানিবে।

একোনবিংশতিঃ কর্কে সিংহে সপ্তদশৈব তু।
ষট্‌ত্রিংশদবলায়াস্তু ষড়বিংশতিস্তুলাধরে।
বৃশ্চিকে সিংহবজ্‌জ্ঞেয়মূনত্রিংশচ্ছরাশনে।
ষড়্‌বিংশং মকরে জ্ঞেয়ং কুম্ভে সপ্তদশঃ স্মৃতঃ।
নবযুগ্মে তথা মীনে মেষে ষড়্‌দশ এব চ।
বৃষে সপ্তদশঃ প্রোক্তো যুগ্মেঽঙ্কহরলোচনে।
ত্রিতয়াঙ্কাদিয়ং সংখ্যা দিনমাসাব্দনির্ণয়ে॥

পূর্ব্বোক্ত তিন২ রাশির বেধ হইলে ঐ রাশিত্রয়ের অঙ্ক একত্র যোগ করিলে যে সংখ্যা হয় তৎসংখ্যক দিনে কি মাসে অথবা বৎসরে রিষ্ট হইবে। রাশিত্রয়ের মিলিতাঙ্কে যে যে সংখ্যা হইবে তাহা লিখিত হইতেছে। কর্কটের ঊনবিংশতি১৯, সিংহের সপ্তদশ ১৭,কন্যারষট্‌ত্রিংশ ৩৬, তুলার ষড়বিংশতি ২৬, বৃশ্চিকের সপ্তদশ ১৭, ধনুর ঊনত্রিংশ ২৯ মকরের ষড়্‌বিংশতি ২৬,কুম্ভের সপ্তদশ ১৭, মীনের ঊনত্রিংশ ২৯, মেষের ষোড়শ ১৬, বৃষের সপ্তদশ ১৭ এবং মিথুনের ঊনচত্বারিংশৎ ৩৯,অঙ্ক হইবে।

একাঙ্কাদ্দ্বিগ্রহাঙ্কাদ্বা ত্রিগ্রহাঙ্কাচ্চ কুত্রচিৎ।
পাপদণ্ডে ভবেদ্রিষ্টিঃ শুভদণ্ডে শুভং ভবেৎ॥

ঐ সকল অঙ্ক যোগ না করিয়া কোনখানে একরাশির অঙ্কে, কোন খানে দুইরাশির অঙ্ক যোগ করিয়া তাহাতে এবং কোনখানে পূর্ব্বোক্ত মিলিতাঙ্ক সংখ্যক মাসাদিতে পাপগ্রহের দণ্ডে জন্মিলে রিষ্ট ও শুভগ্রহের দণ্ডে জন্মিলে শুভ হইবে।

রাহুকেত্বর্কসৌরারৈঃ পাপৈর্ব্বিদ্ধোযুতোঽশুভঃ।
তদন্যৈর্যুতোবিদ্ধস্তু লগ্নরাশিঃ শুভপ্রদঃ॥ *

জাতবালকের লগ্নে কি লগ্নের বেধস্থানে রাহু কেতু, রবি, শনি অথবা মঙ্গল থাকিলে বালকের অশুভ হয়; আর ঐ সকল গ্রহ ভিন্ন শুভ গ্রহ

* লগ্নরাশিঃ লগ্নসহিতোরাশিঃ। এতেন লগ্নবচ্চন্দ্রেঽপি বেধোজ্ঞেয়ঃ।

থাকিলে শুভফল হইয়া থাকে। চন্দ্রে কি চন্দ্রের বেধস্থানেও উক্তরূপ ফলই হইবে।

অশুভোদণ্ডনাথঃ স্যাদ্বেধশ্চেত্তেন লভ্যতে।
মরণং তত্র বক্তব্যং বালস্য নান্যথা ভবেৎ॥

দণ্ডাধিপতি যদি পাপ গ্রহ হন এবং বেধ স্থানে অবস্থিতি করেন, তবে জাতবালকের মৃত্যু হইবে ইহার অন্যথা হইবে না।

পাপস্য দণ্ডমাত্রে তু তদ্‌যোগে বেধবর্জ্জিতে।
বালস্য কুশলং তত্র শুভৈর্যদি সমন্বিতং॥

পাপগ্রহের দণ্ড হইয়া যদি বেধ না হয় এবং শুভগ্রহ যদি দণ্ডাধিপের সহিত বাস করেন, তবে বালকের শুভফল হইবে।

পতাকীবেধঃ।

শুভাশুভগ্রহকথনং।

অর্দ্ধোনেন্দ্বর্কসৌরারাঃ পাপাজ্ঞস্তৈর্যুতোঽপরে।
শুভাঃ পাপৌ তমঃকেতু বিষ্ণুধর্ম্মোত্তরোদিতৌ॥

অর্দ্ধউন (কৃষ্ণাষ্টমীর পর হইতে শুক্লাষ্টমী পর্য্যন্ত) চন্দ্র পাপগ্রহ মধ্যে পরিগণিত। রবি শনি ও মঙ্গল সর্ব্বদা পাপগ্রহ; বুধ পাপগ্রহের সহিত বাস করিলে পাপগ্রহ হন। রাহু কেতু ও পাপগ্রহ বিষ্ণু ধর্ম্মোত্তর-গ্রন্থে এইরূপ উক্ত হইয়াছে।

তথা চ গার্গিঃ।

কৃষ্ণাষ্টমীদলাদূর্দ্ধং যাবচ্ছুক্লাষ্টমীদলং।
তাবৎকালং শশী ক্ষীণঃ পূর্ণস্তস্যোপরি স্মৃতঃ॥ *

কৃষ্ণপক্ষের অষ্টমী অবধি করিয়া শুক্লপক্ষের অষ্টমীতিথি পর্য্যন্ত চন্দ্র

---

* অস্যার্থঃ কৃষ্ণাষ্টমীমবধিং কৃত্বা শুক্লাষ্টমীং যাবদর্দ্ধোনঃ শশী অর্কোরবিঃ সৌরঃ শনিঃ আরোমঙ্গলঃ পাপযুক্তোবুধঃ। এতে পাপাঃ। অপরে এতদ্ভিন্নাঃ শুক্লাষ্টমীমবধিং কৃত্বা কৃষ্ণাষ্টমীং যাবৎপূর্ণঃ শশী-গুরু-শুক্রোপাপরহিতোবুধঃ এতে শুভাঃ।

ক্ষীণ থাকে। শুক্লপক্ষীয় অষ্টমী হইতে কৃষ্ণপক্ষের অষ্টমী পর্য্যন্ত চন্দ্র পূর্ণ থাকেন।

দ্বির্দ্বাদশে (ক) যদা সৌরির্জ্জন্মস্থশ্চ মহীসুতঃ।
চতুর্থে সৈংহিকঃ (খ) পশ্যেদষ্টমাসং ন জীবতি॥

যাহার দ্বিতীয় কি দ্বাদশ স্থানে শনি, জন্ম স্থানে মঙ্গল ও চতুর্থস্থানে রাহুর দৃষ্টি থাকে সেই বালক অষ্টম মাসও জীবিত থাকিবে না।

দ্বাদশস্থৌ রবিকুজৌ তনুস্থৌ শশিসৌরিণৌ।
সৌম্যৈশ্চ দৃশ্যতে লগ্নং স যাতি যমমন্দিরং।

যে বালকের দ্বাদশ স্থানে রবি ও মঙ্গল লগ্নস্থ চন্দ্র ও শনি এবং শুভ-গ্রহ সকলের লগ্নের প্রতি দৃষ্টি থাকে সেই বালক যমগৃহে গমন করে।

লগ্নষষ্ঠে শনিকুজৌ সৌম্যাশ্চ দশমস্থিতাঃ।
তনুস্থানং গতশ্চন্দ্রোবর্ষমেকং ন জীবতি॥

যাহার ষষ্ঠ স্থানে শনি ও মঙ্গল, দশমস্থানে শুভগ্রহ সমূহ এবং তনু-স্থানে (লগ্নে) চন্দ্র সেই বালক এক বৎসরও জীবিত থাকে না।

চন্দ্রঃ শনিকুজৌ লগ্নে নবমে ভাস্করোযদা।
জীবোলগ্নমনালোকী তস্য জাতস্য কিং ফলং॥

যে বালকের জাত লগ্নে চন্দ্র, শনি ও মঙ্গল, লগ্নের নবমস্থানে সূর্য্য এবং লগ্নস্থানে বৃহস্পতির দৃষ্টি নাই, তাহার জন্মিয়া কোন ফল হয় না, যেহেতু অচিরেই শমনভবনে গমন করিতে হয়।

তৃতীয়স্থৌ রবিকুজাবষ্টমস্থোযদা শনিঃ।
গুরুর্ভৃগুর্নচালোকী মাসমেকং ন জীবতি॥

যাহার জন্মকালে তৃতীয়স্থানে রবি ও মঙ্গল এবং অষ্টমস্থানে শনি

ক। দ্বাদশস্থ ইত্যপি পাঠঃ। (খ) সৈংহিকেয়শ্চ ইত্যপি পাঠান্তরং। কেহ বলেন দ্বাদশস্থ শনি জন্মস্থ মঙ্গল এবং চতুর্থস্থানে রাহু থাকিলে অষ্টম মাসও জীবিত থাকে না।

থাকেন আর বৃহস্পতি কি শুক্র যদি জন্মলগ্নে দৃষ্টি না করেন, তবে সেই শিশু একমাসও জীবিত থাকে না।

অষ্টমস্থোযদা পাপশ্চন্দ্রঃ ষষ্ঠোযদা ভবেৎ।
গুরুভৃগ্বোর্নচালোকোবর্ষমেকং ন জীবতি॥

যে বালকের জন্মকালে লগ্নের অষ্টমে পাপগ্রহ এবং ষষ্ঠস্থানে চন্দ্র থাকেন আর গুরু ও শুক্রলগ্ন না দেখেন,সেই বালক একবৎসরও জীবিত থাকে না।

দ্বাদশস্থোযদা জীবোলগ্নে চ চন্দ্রমাভবেৎ।
অষ্টমে মঙ্গলশনী স গচ্ছতি যমালয়ং॥

যাহার জন্মকালে দ্বাদশস্থানে শুক্র জন্মলগ্নে চন্দ্র অষ্টম স্থানে শনি ও মঙ্গল বাস করেন, সে ব্যক্তি যম সদনে গমন করে।

সমসপ্তগতঃ পঙ্গুর্দ্বাদশে চন্দ্রমা ভবেৎ।
মঙ্গলোঽমঙ্গলে যস্য তস্য মৃত্যুভয়ং ভবেৎ॥

যে বালকের জন্মকালে সমসপ্তমস্থ শনি দ্বাদশস্থানে চন্দ্র এবং অষ্টম-স্থানে মঙ্গল থাকিবে তাহার মৃত্যু হইবে।

লগ্নস্থা সর্ব্বপাপাশ্চ গুরুর্দ্বাদশগোযদা।
বুধঃ ষষ্ঠগতশ্চৈব তদা কৃষ্টং বিনির্দ্দিশেৎ॥

যাহার জন্মকালে পাপগ্রহ সকল জন্মস্থ এবং বৃহস্পতি, দ্বাদশস্থানে ও বুধ ষষ্ঠস্থানে থাকেন তাহার ক্লেশ হয়।

সমসপ্তগতোভৌমো লগ্নে ভাস্করশীতগূ।
গুরুভৃগুর্যদা ষষ্ঠে তদা কষ্টং সমাদিশেৎ॥

যে বালকের জন্মকালে সমসপ্তমস্থানে মঙ্গল, লগ্নে রবি ও চন্দ্র এবং ষষ্ঠস্থানে বৃহস্পতি ও শুক্র থাকেন তাহার কষ্ট হইয়া থাকে।

অষ্টমস্থৌ শনি কুজৌ ভাস্করঃ শশি জস্তথা।
ষষ্ঠে ভার্গবদেবশ্চ ভবেন্মৃত্যুস্তদাচিরাৎ॥

যাহার জন্মকালে অষ্টমস্থানে শনি, মঙ্গল, রবি ও বুধ এবং ষষ্ঠস্থানে শুক্র থাকেন তাহার শীঘ্রই মৃত্যু হয়।

অন্যচ্চ।—ষষ্ঠে শুক্রে ভবেৎ কুষ্ঠী-শুভৈর্নালোকিতোযদি।

বালকের জন্মকালে শুক্র ষষ্ঠস্থানে থাকিয়া যদি শুভগ্রহ দ্বারা দৃষ্টি না হন তবে সেই বালক কুষ্ঠরোগগ্রস্থ হইবে।

শুভলগ্নে যদা জাতশ্চাষ্টমে চ নিশাকরঃ।
শনৈশ্চরশ্চ বন্ধুস্থস্তৃতীয়ে মাসি নশ্যতি॥

বালক শুভলগ্নে জন্মিলেও যদি চন্দ্র অষ্টম স্থানে এবং শনি চতুর্থস্থানে থাকেন তবে সেই বালক তৃতীয়মাসে যম সদনে গমন করিবে।

প্রমদস্থা যদা পাপাঃ সৌম্যাদ্বাদশমাশ্রিতাঃ।
তদা মৃত্যুং ব্রজেদেব দেবরাজসমোযদি॥

যাহার লগ্নের সপ্তমস্থানে পাপগ্রহ এবং দ্বাদশস্থানে শুভগ্রহ থাকেন সে ইন্দ্রতুল্য হইলেও যমালয়ে গমন করে।

কহে খনা ত্রিশতবার সপ্তমরবি নাহি নিস্তার।
তুলাকর্কট মকরমেষে বালক মরে তিন দিবসে॥

খনা কহিয়াছেন, যে বালকের জন্মকালীন লগ্নের সপ্তমস্থানে রবি থাকেন তাহার জীবন নাশ হয়,বিশেষতঃ ঐ সপ্তমস্থ রবি যদি তুলা, কর্কট মকর কিং মেষস্থ হন, তবে তাহার তিন দিবসের মধ্যেই মৃত্যু হইবে।

চন্দ্রসূর্য্যগৃহে রাহুশ্চন্দ্রসূর্য্যযুতো যদি।
সৌরিভৌমেক্ষিতং লগ্নং পক্ষমেকং ন জীবতি॥

চন্দ্র ও সূর্য্যের গৃহে চন্দ্রসূর্য্যের সহিত যদি রাহু অবস্থিতি করেন, আর জন্মলগ্ন যদি শনিও মঙ্গলদ্বারা দৃষ্ট হয়, তবে সেই বালক পঞ্চদশ দিনও জীবিত থাকিবে না।

কর্ম্মস্থানে স্থিতঃ সৌরিঃ শত্রুস্থানে কলানিধিঃ।
ক্ষিতিজঃ সপ্তমে চৈব ম্রিয়তে চ সমাতৃকঃ॥

যে বালকের লগ্নের দশমস্থানে শনি এবং ষষ্ঠস্থানে চন্দ্র ও সপ্তমস্থানে মঙ্গল থাকেন; সে মাতার সহিত যমপুরে গমন করে।

লগ্নে ভাস্কর পুত্রে চ নিধনে চন্দ্রমা যদি।
তৃতীয়স্থো যদা জীবঃ স যাতি যমমন্দিরং॥

যাহার জন্মলগ্নে শনি, অষ্টমস্থানে চন্দ্র ও তৃতীয়স্থানে বৃহস্পতি থাকেন সে যম মন্দিরে গমন করে।

হোরায়াং নবমঃ সূর্য্যঃ সপ্তমে বা শনৈশ্চরঃ।
একাদশে গুরুশুক্রৌ মাসমেকং স জীবতি॥

যে বালকের রবির হোরাতে জন্ম হয় তাহার লগ্ন হইতে নবমস্থানে রবি, সপ্তমস্থানে শনৈশ্চব ও একাদশস্থানে বৃহস্পতি শুক্র থাকিলে এক মাসের মধ্যেই সেই বালকের মৃত্যু হয়।

লগ্নস্থৌ বা শনিকুজাবষ্টমস্থো যদা শশী।
ষষ্ঠাষ্টমে ভবেজ্জীবো জীবনং তস্য নিষ্ফলং॥

যাহার জন্মলগ্নে শনি ও মঙ্গল অষ্টমস্থানে চন্দ্র এবং ষষ্ঠ কি অষ্টম স্থানে বৃহস্পতি থাকেন; তাহার জীবন নিষ্ফল অর্থাৎ ঐ শিশু শীঘ্রই যমালয়ে গমন করে।

শত্রুস্থানে স্থিতশ্চন্দ্রো ভাস্করশ্চ যদা ভবেৎ।
মার্ত্তণ্ডেয়সমোঽপি স্যাৎ মাসমেকং ন জীবতি॥

যে বালকের জন্মকালীন ষষ্ঠ স্থানে শনির সহিত চন্দ্র ও রবি বাস করেন, সেই বালক একমাসের মধ্যেই কালগ্রাসে পতিত হয়।

ষষ্ঠাষ্টমস্থিতশ্চন্দ্রো রবিজঃ সপ্তমঃ স্থিতঃ।
পিতৃমাতৃবিনাশী স্যান্মাসমেকং স জীবতি॥

যাহার জন্মকালীন ষষ্ঠ কি অষ্টম স্থানে চন্দ্র এবং সপ্তম স্থানে শনৈশ্চর থাকেন, সেই শিশু পিতা ও মাতাকে বিনাশ করিয়া একমাস বয়সের মধ্যেই যমালয়ে গমন করে।

জাতকস্য বিলগ্নস্থাঃ সূর্য্যশুক্রশনৈশ্চরাঃ।
দ্বাদশস্থোগুরুশ্চৈব পঞ্চমাসং ন জীবতি॥

যাহার লগ্নে সূর্য্য, শুক্র ও শনৈশ্চর বাস করেন এবং দ্বাদশস্থানে বৃহস্পতি থাকেন, সেই বালক পঞ্চমমাসও জীবিত থাকে না।

ইতি সামান্যরিষ্টিঃ।

রত্নমালোক্তা নবগ্রহবিশেষরিষ্টিঃ।

রবিরিষ্টিঃ।

পাপাস্ত্রিকোণকেন্দ্রেষু সৌম্যাঃ ষষ্ঠাষ্টমব্যয়গতাশ্চেৎ।
সূর্য্যোদয়ে প্রসূতঃ সদ্যঃ প্রাণাং স্ত্যজতি জন্তুঃ॥

জন্মলগ্নের পঞ্চম ও নবমে অথবা লগ্নে চতুর্থে সপ্তমে কি দশমে যদি পাপগ্রহ বাস করেন, আর ষষ্ঠে অষ্টমে কি দ্বাদশে যদি শুভগ্রহ থাকেন তবে ঐ রূপ লগ্নে সূর্য্যোদয় সময়ে প্রসূত বালক তৎক্ষণাৎ প্রাণত্যাগ করিবে।

চন্দ্ররিষ্টিঃ।

ষষ্ঠেঽষ্টমে চন্দ্রঃ সদ্যোমরণায় পাপসংদৃষ্টঃ।
অষ্টাভিঃ শুভদৃষ্টোবর্ষৈর্ম্মিশ্রৈস্তদর্দ্ধেন॥

লগ্নের ষষ্ঠে কি অষ্টম স্থানে যদি চন্দ্র থাকেন আর ঐ চন্দ্রের প্রতি পাপগ্রহের দৃষ্টি থাকে তবে সেই বালকের তৎক্ষণাৎ মৃত্যু হয়। যদি শুভগ্রহের দৃষ্টি থাকে তবে অষ্টম বৎসরের মধ্যে শিশুর মৃত্যু হয়। আর যদি শুভাশুভ উভয়গ্রহের দৃষ্টি থাকে তবে চারিবৎসরের মধ্যে বালকের মৃত্যু হইবে।

চন্দ্ররিষ্টিভঙ্গঃ।

পক্ষে সিতে ভবতি জন্ম যদি ক্ষপায়াং কৃষ্ণে তথাহনি
শুভাশুভদৃষ্টমূর্ত্তিঃ।

তং চন্দ্রমা রিপুবিনাশগতোঽপি যত্নাৎ আপৎস্থ রক্ষতি
পিতেব শিশুং ন হন্তি॥

শুক্লপক্ষে রাত্রিতে জাত এবং কৃষ্ণপক্ষে দিবসজাত শিশুকে ষষ্ঠ কি অষ্টমস্থানস্থ চন্দ্র বিনাশ না করিয়া পিতার ন্যায় বিপদ হইতে রক্ষা করেন।

পাপযুক্তচন্দ্ররিষ্টিঃ।

সুতমদননবন্ত্যরন্ধ্র লগ্নেম্বশুভযুতোমরণায় শীতরশ্মিঃ।
ভৃগুসুতশশিপুত্রদেবপূজ্যৈর্যদি বলিভির্ন যুতোঽবলোকিতোবা॥

চন্দ্র যদি কোন পাপগ্রহ যুক্ত হইয়া লগ্নে কি তাহার পঞ্চম, সপ্তম, নবম, অষ্টম ও দ্বাদশস্থানে অবস্থিতি করেন, আর যদি বলবান্ শুক্র, বুধ কি বৃহস্পতি ইহারা সেই পাপ গ্রহযুক্ত চন্দ্রকে না দেখেন অথবা তাঁহার সহিত যুক্ত না হন তাহা হইলে বালকের মৃত্যু হয়।

পাপদ্বয়মধ্যস্থচন্দ্ররিষ্টিঃ।

দ্যূনচতুরস্রসংস্থে পাপদ্বয়মধ্যগে শশিনি জাতঃ।
বিলয়ং প্রয়াতি নিয়তং দেবৈরপি রক্ষিতোবালঃ॥

যদি চন্দ্র পাপদ্বয় মধ্যবর্ত্তী হইয়া লগ্নের সপ্তম, চতুর্থে কি অষ্টমস্থানে অবস্থিতি করেন, তবে দেবগণ দ্বারা রক্ষিত হইলেও সেই বালকের মৃত্যু হইবে।

লগ্নস্থক্ষীণচন্দ্ররিষ্টিঃ।

ক্ষীণে শশিনি বিলগ্নে পাপৈঃ কেন্দ্রেষু মৃত্যুসংস্থৈর্ব্বা।
ভবতি বিপত্তিরবশ্যং যবনাধিপতের্মতঞ্চৈতৎ॥

ক্ষীণ চন্দ্র যদি লগ্নে অবস্থিতি করেন, আর পাপগ্রহ সকল যদি কেন্দ্র স্থানে কি অষ্টম স্থানে থাকেন, তবে সেই শিশুর অবশ্য বিপত্তি (মৃত্যু) হইবে ইহা যবনাচার্য্য বলিয়াছেন।

ত্রিংশাংশবিশেষস্থচন্দ্ররিষ্টিঃ।

নাগগোসিদ্ধিজাতীষু ক্ষাব্ধিত্র্যশ্বিধৃতির্খাঃ।
ক্ষ্মাশ্বিদিক্ চেত্যজাঽংশে তত্তুল্যাব্দৈর্বিধৌ ব্যসুঃ॥

লগ্নমানকে ত্রিংশদ্ভাগ করিয়া মেষের অষ্টম, বৃষের নবম মিথুনের চতুর্ব্বিংশতি, কর্কটের দ্বাবিংশতি, সিংহের পঞ্চম, কন্যার এক, তুলার চারি বৃশ্চিকের ত্রয়োবিংশতি, ধনুর অষ্টাদশ, মকরের বিংশতি, কুম্ভের একবিংশতি ও মীনের দশমাংশ মধ্যে যদি কোন শিশুর জন্ম হয়, তবে সেই বালকের উক্ত ভাগানুযায়ী অঙ্কের বর্ষ মধ্যে মৃত্যু হইবে।

ত্রিবিধকুজরিষ্টিঃ।

ভৌমে বিলগ্নে শুভদৈরদৃষ্টঃ ষষ্ঠেঽষ্টমে বার্কসুতেন যুক্তঃ।
সদ্যঃ শিশুং হন্তি বদেন্মুনীন্দ্রঃ স্মরে যমারৌ ন শুভে ক্ষিতৌ চ॥

মঙ্গল যদি শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট না হইয়া লগ্নস্থ হন, কিম্বা ষষ্ঠ কি অষ্টমস্থ মঙ্গল যদি শনিযুক্ত হন, অথবা সপ্তম স্থানে শনিযুক্ত মঙ্গল যদি শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট না হন, তবে জাতশিশু সদ্যই বিনষ্ট হয়।

বুধরিষ্টিঃ।

কর্কটধামনি শশিজঃ ষষ্ঠাষ্টমরাশিগোজাতলগ্নাৎ।
চন্দ্রেণ দৃষ্টমূর্ত্তি র্বর্ষচতুষ্কেণ মারয়তি॥

লগ্নের ষষ্ঠ ও অষ্টমস্থানগত কর্কটরাশিস্থিত বুধ চন্দ্র কর্ত্তৃক দৃষ্ট হইলে চারি বৎসরের মধ্যে শিশুকে বিনষ্ট করেন, উক্তরূপ রিষ্ট কেবল ধনু ও কুম্ভ লগ্নের সম্ভব হয়।

গুরুরিষ্টিঃ।

বৃহস্পতির্ভৌমগৃহেঽষ্টমস্থঃ সূর্য্যেন্দুভৌমার্কজদৃষ্টমূর্ত্তিঃ।
বর্ষৈস্ত্রিভির্ভার্গবদৃষ্টিহীনো লোকান্তরং প্রাপয়তি প্রসূতং॥

যদি বৃহস্পতিগ্রহ জন্মলগ্নের অষ্টমস্থ হইয়া মেষ রাশিতে কি বৃশ্চিক রাশিতে অবস্থিতি করেন, আর সূর্য্য চন্দ্র মঙ্গল ও শনি দ্বারা যদি দৃষ্ট হন, এবং শুক্রগ্রহ না দেখেন তবে তিন বৎসরেরমধ্যে ঐ বালক যমালয়ে গমন করিবে, কিন্তু শুক্র গ্রহ যদি গুরুকে অবলোকন করেন, তাহা হইলে ঐ রূপ রিষ্ট হইবে না।

শুক্ররিষ্টিঃ।

রবিশশিভবনে শুক্রোদ্বাদশরিপুরন্ধ্রগোঽশুভৈঃ সর্ব্বৈঃ।
দৃষ্টঃ করোতি মরণং ষড়্ভির্ব্বর্ষৈঃ কিমিহ বিচিত্রং॥

যদি কর্কট কি সিংহরাশিস্থিত শুক্রগ্রহ লগ্নের দ্বাদশ ষষ্ঠ কি অষ্টমস্থ হইয়া সমুদয় পাপগ্রহকর্ত্তৃক দৃষ্ট হন, তবে জাত শিশু ছয় বৎসরের মধ্যে বিনষ্ট হইবে ইহাতে বিচিত্র কি?

শনিরিষ্টিঃ।

মারয়তি ষোড়শাহাৎ শনৈশ্চরঃ পাপবীক্ষিতোলগ্নে।
সংযুক্তোমাসেন চ বর্ষাচ্ছুদ্ধস্তু মারয়তি॥

শনি পাপগ্রহ কর্ত্তৃক অবলোকিত হইয়া যদি লগ্নস্থ হন, তবে ষোড়শ দিবসের মধ্যে জাত শিশুর মৃত্যু হয়, আর পাপগ্রহের সহিত যুক্ত হইয়া লগ্নস্থ হইলে ষোড়শমাসে শিশুর মৃত্যু হইবে এবং পাপদৃষ্ট কি পাপযুক্ত না হইয়া শুদ্ধ লগ্নস্থ হইলে ষোড়শ বর্ষের মধ্যে মৃত্যু হইয়া থাকে, কিন্তু বলবান্ শুভগ্রহ দ্বারা দৃষ্ট অথবা যুক্ত হইলে রিষ্ট ভঙ্গ হইবে।

রাহুরিষ্টিঃ।

রাহুশ্চতুষ্টয়স্থোমরণায় বীক্ষিতোভবতি পাপৈঃ।
বর্ষৈর্ব্বদন্তি দশভিঃ ষোড়শভিঃ কেচিদাচার্য্যাঃ॥

বালকের জন্মলগ্ন হইতে চতুর্থস্থানস্থিত রাহু যদি পাপগ্রহ কর্ত্তৃক অবলোকিত হন, তবে সেই শিশুর দশবৎসরের সময় মৃত্যু হইবে। কোন কোন আচার্য্য বলেন উক্তরূপ হইলে ষোড়শবৎসরের সময় বালকের মৃত্যু হয়। পরন্তু চতুর্থস্থানস্থিত রাহু যদি মেষ, বৃষ কি কর্কট রাশিতে বাস করেন তবে রিষ্ট ভঙ্গ হইবে।

ঘটবৃশ্চিকসিংহোদয়কৃতস্থিতির্জীবিতং হরতি রাহুঃ।
পাপৈর্নিরীক্ষ্যমাণঃ সপ্তমিতৈর্নিশ্চিতৈর্ব্বর্ষৈঃ॥

কুম্ভ বৃশ্চিক ও সিংহরাশিস্থিত রাহু যদি পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হন, তবে জাতবালক সপ্তমবৎসরে যমালয়ে গমন করিবে।

কেতুরিষ্টিঃ।

কেতুর্যস্মিন্ন্ৃক্ষেঽভ্যুদিতস্তস্মিন্ প্রসূয়তে যস্তু।
রৌদ্রে সর্পমুহূর্ত্তে (১) বা প্রাণৈঃ সংত্যজ্যতে চাশু॥

যে নক্ষত্রে কেতু অবস্থান করেন সেই নক্ষত্রে আর্দ্রানক্ষত্রের মুহূর্ত্তে অথবা অশ্লেষানক্ষত্রের মুহূর্ত্তে যে শিশু জন্মগ্রহণ করে সে অতি সত্বরই প্রাণত্যাগ করিবে।

দ্রেক্কাণরিষ্টিঃ।

লগ্নে যে দ্রেক্কাণানিগড়াহিবিহঙ্গপাশধরসংজ্ঞাঃ।
মরণায় সপ্তবর্ষৈঃ ক্রূরযুতা ন স্বপতিদৃষ্টাঃ॥

নিগড়, সর্প, পক্ষি, পাশধর সংজ্ঞক দ্রেক্কাণ যদি লগ্নগত হইয়া পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয় অথচ স্বীয় অধিপতি গ্রহকর্ত্তৃক দৃষ্ট না হয় তবে জাত শিশু সপ্তমবর্ষে প্রাণত্যাগ করিবে।

দ্রেক্কাণভেদং পশ্চাদ্বক্ষ্যামঃ।

রাশিলগ্নাধিপতিরিষ্টিঃ।

লগ্নাধিপজন্মপতী ষষ্ঠাষ্টমরিপ্ফগৌ প্রসবকালে।
অস্তমিতৌ মরণকরৌ রাশিপ্রমিতৈর্ব্বদেদ্বর্ষৈঃ॥

যদি জন্ম লগ্নাধিপতি ও জন্মরাশির অধিপতি গ্রহ অস্তগত হইয়া ষষ্ঠ অষ্টম বা দ্বাদশ স্থানে অবস্থিতি করেন, তবে জাত শিশুর ষষ্ঠ অষ্টম কি দ্বাদশবর্ষে মৃত্যু হইবে।

সৌম্যগ্রহরিষ্টিঃ।

সৌম্যাঃ ষষ্ঠাষ্টমগাঃ পাপৈর্ব্বক্রোপসংযুতৈর্দৃষ্টাঃ।
মাসেন মৃত্যুদাস্তে যদি ন শুভৈস্তত্র সংদৃষ্টাঃ॥

১। দিবাচতুর্থদণ্ডাভ্যন্তরে। রাত্রৌ দণ্ডদ্বয়াভ্যন্তরে, চতুর্থদণ্ডাৎপরং দণ্ডদ্বয়াভ্যন্তরে চ।

.যদি শুভগ্রহ লগ্নের ষষ্ঠ বা অষ্টমস্থানে অথবা উভয় স্থানে স্থিত হইয়া পাপগ্রহ বা বক্রিগ্রহ কর্ত্তৃক যুক্ত কি অবলোকিত হন, অথচ অন্য শুভগ্রহকর্ত্তৃক দৃষ্ট না হন, তবে জাতবালক একমাসের মধ্যে যমালয়ে গমন করে।

পাপগ্রহরিষ্টিঃ।

একঃ পাপেঽষ্টমগঃ শক্রগৃহী শক্রবীক্ষিতোবর্ষাৎ।
মারয়তি নবৎপ্রসূতং সুধারসোযেন পীতোঽপি॥

যদি একটি পাপগ্রহ জন্মলগ্ন হইতে অষ্টমস্থ হইয়া শুক্রগ্রহকর্ত্তৃক দৃষ্ট হয়, আর ঐ অষ্টম স্থান যদি শক্রর গৃহ হয় তাহা হইলে নবজাত শিশু সুধাপান করিলেও একবৎসরের মধ্যেই শমন সদনে গমন করিবে।

ইতি শিশুরিষ্টিঃ।

মাতৃরিষ্টিঃ।

লগ্নাচ্চতুর্থগঃ পাপোযদি স্যাদ্ বলবত্তরঃ।
তদা মাতৃবধং কুর্য্যাত্তৎ কেন্দ্রে ত্বপরোযদি॥

জন্মলগ্ন হইতে চতুর্থস্থানে যদি বলবান্ পাপগ্রহ বাস করেন এবং তাহার কেন্দ্রস্থানে যদি অপর পাপগ্রহ অবস্থান করে, তবে জাত বালকের মাতৃবিয়োগ হইবে।

কেন্দ্র ত্রিকোণগঃ পাপোমাতৃহা সপ্তবাসরাৎ।
সপাপাদ্ভার্গবাৎপাপো হিবুকে মাতৃনাশকৃৎ॥

জন্ম লগ্নের কেন্দ্রস্থানে (১) কি ত্রিকোণে (২) যদি বলবান্ পাপগ্রহ বাস করেন তবে জাতবালকের সপ্তদিবসের মধ্যে মাতৃবিয়োগ হইবে। পরন্তু পাপযুক্ত শুক্র হইতে চতুর্থস্থানে পাপগ্রহ অবস্থিতি করিলেও মাতৃ নিধন হইবে।

১। লগ্ন লগ্ন হইতে চতুর্থ, সপ্তম ও দশমস্থানকে কেন্দ্রস্থান বলে।
২। লগ্নাপেক্ষায় পঞ্চমও নবমস্থানের নাম ত্রিকোণ।

চন্দ্রমা যদি পাপেন ত্রয়েণৈব হি বীক্ষিতঃ।
মাতৃনাশোভবেত্তস্য ষষ্ঠঃ পাপো ভবেদ্‌যদি ॥

জন্মকালে চন্দ্রগ্রহ যদি তিনটি পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হন, এবং চন্দ্রের ষষ্ঠস্থানে ও যদি পাপগ্রহ অবস্থিতি করেন, তবে জাত শিশুর মাতৃ, বিয়োগ হইবে।

অন্যচ্চ।—প্রসবে চ দিবাভাগে শুক্রে বা পাপসংযুতে।
অথ বা পাপসংদৃষ্টে মাতা চ ম্রিয়তে ধ্রুবং।

যে বালকের দিবসে জন্ম হয়, তাহার জন্ম সময়ে যদি শুক্রগ্রহ পাপ-গ্রহ যুক্ত কি পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হন, তবে উক্ত বালকের মাতা নিশ্চয়ই যমমন্দিরে গমন করিবে।

অথ গৃহে স্থিতে শুক্রে পাপৈর্ব্বা পাপক্ষেত্রগে।
শুভগ্রহাঃ প্রপশ্যন্তি রিষ্ট ভঙ্গস্তদাভবেৎ ॥

বালকের জন্ম সময়ে যদি শুক্রগ্রহ স্বীয় ঘরে (বৃষে বা তুলাতে) থাকেন অথবা পাপযুক্ত হইয়া পাপগ্রহের ঘরে অবস্থিতি করেন, অথচ শুভগ্রহ কর্ত্তৃক অবলোকিত হন, তবে পূর্ব্বোক্ত মাতৃরিষ্ট ভঙ্গ হইবে।

প্রসবে রাত্রিসময়ে শশিশুক্রৌ চ পাপগৌ।
মাতা চ ম্রিয়তে তত্র যদি পাপৌ সমন্বিতৌ ॥

রাত্রিতে বালক জন্মিলে যদি ঐ সময়ে চন্দ্র ও শুক্রগ্রহ পাপগ্রহের ঘরে অবস্থিত হইয়া পাপগ্রহ যুক্ত হন তবে জাত শিশুর মাতৃবিয়োগ হইবে।

চন্দ্রোঽষ্টমগতশ্চৈব ভৌমোবা সপ্তমোভবেৎ।
তস্য মাতুর্ব্বিনাশঃ সাদ্‌যদি পাপৈঃ সমন্বিতঃ ॥

জন্ম সময়ে যে বালকের চন্দ্র অষ্টম ও মঙ্গল সপ্তম হইয়া পাপগ্রহ যুক্ত হন সেই শিশুর মাতৃমরণ হইবে।

খনা।

অলি.চাপলগ্নে বৈঠে ঘটে গুরু শশী ষষ্ঠে।
চাঁদের ষষ্ঠে পাপের মিলন সপ্তমদিনে তার মাতৃমরণ ॥

চন্দ্রাষ্টমে গতে ভৌমেশত্রুক্ষে ক্রুরবীক্ষিতে।
মাতুর্ম্মৃত্যু বিনাশং স্যাৎ পিতা চাসীদ্বিদেশগঃ॥

জন্মকালে চন্দ্রের অষ্টমে মঙ্গলগ্রহ শত্রুগৃহস্থিত হইয়া পাপগ্রহ কর্তৃক দৃষ্ট হইলে জাতবালকের মাতার মৃত্যু এবং পিতা বিদেশগামী হয়।

শনিমঙ্গলয়োর্ম্মধ্যে যদি তিষ্ঠতি চন্দ্রমাঃ।
তদা মাতৃবধোজ্জেয়োভৌমার্কেণ যুতোযদি॥

জন্মকালে শনি ও মঙ্গল এই উভয় গ্রহের মধ্যে যদি চন্দ্রগ্রহ বাস করেন, অথবা মঙ্গল রবিযুক্ত হন, তবে জাতবালকের মাতৃবিয়োগ হইবে

চন্দ্রঃ পাপসমাযুক্তো লগ্নাৎকেন্দ্রযুতোযদি।
তদা মাতৃবধোজ্জেয়ঃ সপ্তাহে নাত্রসংশয়॥

চন্দ্র পাপগ্রহযুক্ত হইয়া লগ্নের কেন্দ্রস্থানে অবস্থিতি করিলে সপ্তম দিবসে জাতবালকের মাতৃনিধন হইবে।

খনা।

লগ্নে আকা লগ্নে শুকা (বাঁকা ইতি পাঠান্তরং) লগ্নে থাকে ভানু-তনুজা। লগ্নের চতুর্থে সপ্তমে পাপ। মারে জননী পীড়ে বাপ॥ লগ্নে শনি করে অঙ্গহীন। লগ্নে রবি ক্রোধ প্রবীণ॥ যদি গুরু থাকে সঙ্গে। আয়ুর্লক্ষ্মী হয় রঙ্গে॥ চন্দ্রে সুন্দর বুধে চিরায়ু। শুক্রে ধনবান্ বুদ্ধি পরমায়ু॥ লগ্নে রাহু করে রোগ। কেতু লগ্নে সহজে শোক॥

ইতি মাতৃরিষ্টিঃ।

পিতৃরিষ্টিঃ।

লগ্নে ভৌমস্তথা সোমঃ সপ্তমে বুধরাহুকৌ।
অষ্টমে চ ভবেজ্জীবঃ পিতা তস্য বিনশ্যতি॥

অনন্তর পিতৃরিষ্টি কথিত হইতেছে। জাতবালকের লগ্ন স্থানে মঙ্গল ও চন্দ্র, সপ্তমস্থানে বুধ ও রাহু এবং অষ্টমস্থানে বৃহস্পতি থাকিলে পিতৃ বিয়োগ হইবে।

কর্ম্মস্থানে স্থিতে সৌরৌ রিপুস্থানে চ চন্দ্রমাঃ।
কুজে চ সপ্তমে স্থানে ম্রিয়তে পিতৃসংজ্ঞকঃ॥

জাতলগ্নের দশমস্থানে শনিগ্রহ ষষ্ঠ স্থানে চন্দ্র এবং সপ্তমস্থানে মঙ্গল থাকিলে উক্ত লগ্নে জাত শিশুর পিতৃমরণ হইবে।

তমোহা যদি পাপেন ত্রয়েণৈবেহ বীক্ষিতঃ।
শুভৈরযুতদৃষ্টশ্চ পিতৃনাশং বিনির্দ্দিশেৎ।

শিশুর জন্মকালীন চন্দ্র যদি পাপত্রয় কর্ত্তৃক দৃষ্ট হন, অথচ শুভগ্রহ যুক্ত কি শুভগ্রহ কর্ত্তৃক অবলোকিত না হন, তবে জাতবালকের পিতৃ মরণ হইবে।

নিধনে চ গতশ্চন্দ্রঃ সৌরিভৌমেক্ষিতোযদি।
গুরুভৃগুর্নচালোকী সপিতা ম্রিয়তে শিশুঃ॥

জাতবালকের অষ্টমস্থানে চন্দ্র থাকিয়া যদি শনি ও মঙ্গল কর্ত্তৃক দৃষ্ট হন, এবং গুরু ও শুক্র না দেখে, তাহা হইলে পিতার সহিত সেই বালক যমালয়ে যাইবে।

খনা।

লগ্নে পাপ সাতে পাপ জন্মিলে মাত্র পীড়ে বাপ।
যদি শুভগ্রহ না দেখে লগ্নে অবশ্য ইহাকে পোষে অন্যে॥

অষ্টমস্থোযদা চন্দ্রোগুরুরাহু দ্বিতীয়গৌ।
সৌরিভৌমৌ স্থিতৌ মৈত্রে পিতৃহা সপ্তবাসরাৎ॥

যে বালকের জন্মকালে অষ্টমস্থানে চন্দ্র থাকেন, দ্বিতীয় ঘরে গুরু ও রাহু অবস্থিতি করেন, এবং শনি ও মঙ্গলের দৃষ্টি চতুর্থ ঘরে থাকে সেই শিশুর পিতা সপ্তাহ মধ্যে যমালয়ে গমন করে।

লগ্নাষ্টমগতোভৌমঃ পাপে দ্বাদশদ্বিত্রিগে।
পিতৃঘাতী ভবেন্নিত্যং শুভৈর্যদি ন দৃশ্যতে॥

যে শিশুর জন্মকালে অষ্টমস্থানে মঙ্গল এবং দ্বাদশ দ্বিতীয় অথবা

তৃতীয়ঘরে পাপগ্রহ থাকেন, আর লগ্নের প্রতি শুভগ্রহের দৃষ্টি না থাকে তাহা হইলে সেই বালক পিতৃঘাতী হয়।

অষ্টমস্থোযদাভানুর্লগ্নে বা রাহুসংযুতে।
পিতা চ ম্রিয়তে তস্য স্বয়ং বা ম্রিয়তে শিশুঃ॥

যে শিশুর লগ্ন কালীন লগ্নাপেক্ষায় অষ্টমে সূর্য্য এবং লগ্নে রাহুগ্রহ বাস করেন, তাহার পিতার মৃত্যু হয়, অথবা সে আপনি যম সদনে গমন করে।

ভৌমোবা নিধনে চন্দ্রোযদি পাপান্বিতোভবেৎ।
পিতুঃ পরোক্ষে (ক) জাতে চ মাতা চ ম্রিয়তে ধ্রুবং॥

যাহার জন্মলগ্ন হইতে অষ্টম ঘরে মঙ্গল কি চন্দ্র পাপগ্রহের সহিত বাস করেন, আর ঐ শিশুর পিতা সমক্ষে না থাকেন তবে নিশ্চয়ই তাহার মাতার মৃত্যু হইবে।

রন্ধ্রেঽর্কে সপ্তমে ভৌমে নিধনস্থে (খ) চ সূর্য্যজে।
পিতৃর্মৃত্যুং বদেত্তস্য শুভৈর্যদি ন দৃশ্যতে॥

জাতলগ্নের অষ্টম কিম্বা নবমে সূর্য্য, সপ্তমে মঙ্গল এবং অষ্টম স্থানে (মতান্তরে দ্বিতীয়স্থানে) শনিগ্রহ থাকিয়া যদি শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট না হন, তবে জাত শিশুর পিতৃনিধন হইবে।

সূর্য্যাচ্চ সপ্তমে রাশৌ শনিভৌমৌ যদা স্থিতৌ।
তদা পিতৃবধোজ্ঞেয়স্তয়োর্ম্মধ্যেঽথ বা বুধঃ॥

সূর্য্যগ্রহ হইতে সপ্তম রাশিতে যদি শনি ও মঙ্গল বাস করেন, অথবা শনি ও মঙ্গল মধ্যে বুধগ্রহ থাকেন, তাহা হইলে জাত বালকের পিতৃ বিয়োগ হইবে।

ইতি পিতৃরিষ্টঃ।

ক। পিতৃসমক্ষে জাতে ন দোষ ইতি মূলং।

গ। ধনসংস্থে চ পাঠঃ।

রিষ্টভঙ্গযোগঃ।

ভীমপরাক্রমে।

একোঽপি কেন্দ্রভবনে নবপঞ্চকে বা ভাস্বন্ময়ুখবিমলীকৃত-
দিগ্‌বিভাগঃ।
নিঃশেষদোষমপহৃত্য শুভং প্রসূতং দীর্ঘায়ুষং বিগতরোভয়ং
করোতি॥

উদিতসূর্য্য যেরূপ কিরণজাল দ্বারা দিঙ মণ্ডলের অন্ধকার সমূহ বিনষ্ট করেন, সেইরূপ জাতবালকের জন্মলগ্নে অথবা লগ্নাপেক্ষায় চতুর্থ সপ্তম দশম কি পঞ্চম অথবা নবমস্থানে বৃহস্পতি শুক্র কিম্বা বুধ থাকিলে তাঁহারা শিশুর সকল রিষ্ট দূরীভূত করিয়া দীর্ঘায়ু এবং রোগ ও ভয় রহিত করেন। কোন কোন গ্রন্থকার বলেন কেবল বৃহস্পতি ঐ সকল গৃহে থাকিলে উক্ত ফল দান করেন।

অন্যচ্চ—কিং কুর্ব্বন্তি গ্রহাঃ সর্ব্বে কেন্দ্রী যস্য বৃহস্পতিঃ।
মত্তকুঞ্জরসংঘাতং নাশয়েৎ কেশরী যথা॥

বৃহস্পতি কেন্দ্রী হইলে অন্য কোন গ্রহই অনিষ্টফলদান করিতে পারেন না। মত্তমাতঙ্গগণকে যেরূপ সিংহ বিনাশ করে, সেইরূপ বহুশত দোষরাশি এক বৃহস্পতি কর্ত্তৃক বিনষ্ট হয়।

দিবা সূর্য্যোনিশি শশী লগ্নস্যৈকাদশে স্থিতঃ।
কোটিদোষং নিহন্ত্যাশু গর্গস্য বচনং যথা॥

দিবাতে জন্ম হইলে সূর্য্য যদি লগ্নাপেক্ষায় একাদশ স্থানে থাকেন, আর রাত্রিতে জন্ম হইলে চন্দ্র যদি লগ্ন হইতে একাদশ ঘরে বাস করেন, তবে জাত বালকের সকল রিষ্ট শীঘ্র বিনাশ পায়, গর্গমুনি এইরূপ বলেন।

অন্যচ্চ—ত্রিষড়েকাদশে ভৌমস্ত্রিষড়েকাদশে শনিঃ।
ত্রিষড়েকাদশে সূর্য্যঃ (১) সর্ব্বাং রিষ্টিং বিনস্যতি॥

১। বাহুরিতি পাঠান্তরং

লগ্নের তৃতীয়ে ষষ্ঠস্থানে কি একাদশ ঘরে মঙ্গল, শনি অথবা সুর্য্যগ্রহ থাকিলে সকল রিষ্ট বিনাশ হয়; কেহ কেহ বলেন রাহু ঐ সকল ঘরে থাকিলেও সকল রিষ্ট বিনাশ হইয়া থাকে।

চন্দ্রঃ সম্পূর্ণতনুঃ সৌম্যর্ক্ষগতঃ স্থিতশ্চ শুভস্যাংশে।
প্রকরোতি রিষ্টিভঙ্গং বিশেষতঃ শুক্রসংদৃষ্টঃ॥

জাতবালকের জন্ম কালীন যদি পূর্ণচন্দ্র শুভগ্রহের ঘরে কি শুভ-গ্রহের নবাংশে থাকেন অথচ শুক্রগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হন, তবে জাতকের রিষ্ট ভঙ্গ হইবে।

সৌম্যদ্বয়ান্তরগতঃ সম্পূর্ণঃ স্নিগ্ধমণ্ডলঃ শশভৃৎ।
নিঃশেষরিষ্টহন্তা ভুজঙ্গলোকস্য গরুড় ইব॥

পূর্ণচন্দ্র যদি শুভগ্রহদ্বয়ের মধ্যে অবস্থিতি করেন, তাহা হইলে গরুড় যেরূপ ভুজঙ্গ গণকে বিনাশ করেন, সেইরূপ জাতবালকের সমস্ত রিষ্ট উক্ত চন্দ্র বিনষ্ট করিয়া থাকেন।

শুক্রঃ পঞ্চসহস্রাণি বুধঃ পঞ্চশতানি চ।
লক্ষমেকন্তু দোষাণাং হন্যাচ্চেবোদিতেগুরুঃ॥

শুক্রগ্রহ জন্মলগ্নে থাকিলে পঞ্চসহস্রদোষ নষ্ট করেন, বুধ জন্মলগ্নে বাস করিলে পঞ্চশত দোষ বিনষ্ট হয় আর বৃহস্পতিগ্রহ যদি জন্মলগ্নে অবস্থিতি করেন, তবে একলক্ষ দোষ বিনষ্ট হইয়া থাকে।

সপ্তাষ্টমষষ্ঠাঃ শশিনঃ সৌম্যা হরন্তি কষ্টফলং।
পাপৈরমিশ্রাচারাং কল্যাণঘৃতং যথোন্মাদং॥

জন্মকালীন চন্দ্রাপেক্ষায় সপ্তম অষ্টম ও ষষ্ঠস্থানে যদি শুভগ্রহ বাস করেন এবং উহাদের সহিত কোন পাপগ্রহ যদি যুক্ত না হয়, তবে কল্যাণ ঘৃত সেবনে যেমন উন্মাদরোগে প্রতিকার হয়, সেইরূপ জাত শিশুর সকল রিষ্ট দুরীভুত হইয়া থাকে।

তুলাকোদণ্ডমীনস্থোলগ্নস্থশ্চ শনির্যদা।
সর্ব্বরিষ্টিং নিহন্ত্যাশু শেষে জাতোভবেদ্ব্যসুঃ॥

তুলা, ধনু কি মীন যাহার লগ্ন হইবে তাহাতে যদি শনিগ্রহ থাকেন, তাহা হইলে জাতবালকের সকল রিষ্ট বিনষ্ট হয়, কিন্তু অন্য লগ্নে শনি থাকিলে যদি তাহাতে কেহ জন্মে তবে তাহার নিশ্চয়ই মৃত্যু হইবে।

দীপিকায়াং।

অন্যচ্চ—ভবেন্নরেন্দ্রপ্রতিমঃ প্রসূতস্তুঙ্গাঙ্গিরোগেহগতে বিলগ্নে।
মার্ত্তণ্ডজে মাণ্ডলিকোহথ বা স্যাদন্যত্র লগ্নেহপি গতে গতাসুঃ॥

শনি যদি তুঙ্গ (তুলালগ্নেস্থিত) অথবা বৃহস্পতির গৃহ (ধনু ও মীন লগ্ন) গত হন, তাহাতে যে শিশুর জন্ম হয় সে রাজতুল্য অথবা মাণ্ডলিক হইবে। অন্যলগ্নে শনি থাকিলে তাহাতে যাহার জন্ম হইবে সে যমসদনে গমন করিবে।

রাহুস্ত্রিষষ্ঠলাভস্থোলগ্নাৎ সৌম্যনিরীক্ষিতঃ।
সদ্যোনাশয়তি সর্ব্বরিষ্টং মারুত ইব তুলসংঘাতং॥

জন্মলগ্ন হইতে তৃতীয়, ষষ্ঠ কি একাদশগৃহে যদি রাহুগ্রহ বাস করেন শুভগ্রহের যদি তাঁহার প্রতি দৃষ্টি থাকে, তবে বায়ু যে তুলারাশিকে দূরীভূত করেন, শিশুর রিষ্ট সমূহও সেইরূপ বিদূরিত হইয়া থাকে।

অজবৃষভকর্কিবিলগ্নে রক্ষতি রাহুঃ সমস্তরিষ্টিভ্যঃ।
পৃথ্বীপতিঃ প্রসন্নঃ কৃতাপরাধং যথাপুরুষং॥

যেমন অপরাধী ব্যক্তিকে ভুপতি প্রসন্ন হইয়া মুক্ত করিয়া থাকেন, সেইরূপ যাহার মেষ বৃষ কি কর্কটলগ্ন হইবে রাহুগ্রহ তাহাকে সকল রিষ্ট হইতে রক্ষা করিবেন, অর্থাৎ রাহুরিষ্ট হইবে না।

কেন্দ্রস্থোহপি যদা জীবঃ সপ্তমস্থোহপি ভার্গবঃ।
বুধে চ লগ্নসংপ্রাপ্তে শতং জীবতি বালকঃ॥

যাহার জন্মলগ্ন হইতে কেন্দ্রস্থানে বৃহস্পতি সপ্তমস্থানে শুক্র এবং জন্মলগ্নে বুধগ্রহ, সেই বালকের শতবর্ষ পরমায়ু হয়।

তৃতীয়ৈকাদশে চৈব নবমে পঞ্চমে ভৃগৌ।
সমসপ্তগতে জীবে জীবেদ্দশতং নরঃ॥

যদি লগ্নাপেক্ষায় তৃতীয়, একাদশ, নবম কি পঞ্চমস্থানে শুক্র থাকেন, আর সমসপ্তমে যদি বৃহস্পতি বাস করেন, তবে জাতবালক একশত-বৎসর জীবিত থাকে।

বুধোবা ভার্গবোবাপি জীবোবা কেন্দ্রসংস্থিতঃ।
শতায়ুর্ধনবান্ বাগ্মী জাতোগোত্রাধিপোমহান্॥

বুধ শুক্র কি বৃহস্পতি যদি জাতকলগ্নের কেন্দ্রস্থানে অবস্থিতি করেন তবে সেই বালক ধনবান্ বক্তা এবং গোত্রাধিপতি হইয়া শতবর্ষ পর্য্যন্ত জীবিত থাকে।

জীবোহি কেন্দ্রী বহুধর্ম্মশীলোরাজাথ বা পাত্রবিশেষকোবা।
ধর্ম্মার্থকামেষু সদাভিলাষী সৌন্দর্য্যভার্য্যঃ খলু কামমূর্ত্তিঃ॥

লগ্নাপেক্ষায় বৃহস্পতিগ্রহ কেন্দ্রস্থানে থাকিলে জাতশিশু ধর্ম্মশীল, রাজা, অথবা রাজপাত্র হয়; এবং ধর্ম্ম, অর্থ ও কামে সর্ব্বদা অভিলাষ, করে, আর ঐব্যক্তির ভার্য্যা সুন্দরী হয়, এবং নিজেও কামদেবের তুল্য রূপবান্ হইয়া থাকে।

সুখী সুবেশঃ সুজনানুরাগী সুদানযুক্তোগুণবান্ ধনাঢ্যঃ।
সুবুদ্ধিশীলশ্চ কুলপ্রদীপঃ শুক্রোপকেন্দ্রী চিরকালমায়ু॥

যদি জাতকের লগ্ন হইতে কেন্দ্রস্থানে শুক্রগ্রহ বাস করেন, তবে সেই ব্যক্তি সুখী সুবেশধারী, সজ্জনে অনুরক্ত; সৎদানযুক্ত, গুণবান, ধনী সুবুদ্ধিমান্ ও কুলপ্রদীপ হইয়া বহুকাল জীবন ধারণ করে।

দাতাগুণজ্ঞোগুণবান্ বিলাসী, লোকানুরাগী নৃপপূজিতশ্চ।
বিদ্যাবিভূতিঃ সুখবুদ্ধিযুক্তো, বুধে চ কেন্দ্রীভবনে নরাণাং॥

জাতবালকের লগ্ন হইতে কেন্দ্রস্থানে বুধগ্রহ থাকিলে সেই শিশু, দাতা, গুণজ্ঞ, গুণবান্, বিলাসানুরাগী, লোকানুরক্ত রাজসম্মানীত, বিদ্বান্, ঐশ্বর্য্যশালী, সুখী ও বুদ্ধিমান্ হইয়া থাকে।

ইতি জাতকচন্দ্রিকায়াং শিশুরিষ্টাদি বিবেচনং নাম
দ্বিতীয়োঽধ্যায়ঃ।

গ্রহদৃষ্টি।

ত্রিদশে চ ত্রিকোণে চ চতুরস্রে চ সপ্তমে।
পাদবৃদ্ধ্যা হি সর্ব্বেষাং গ্রহাণাং দৃষ্টিরুচ্যতে॥

অধুনা গ্রহগণের দৃষ্টি কথিত হইতেছে,—তৃতীয় ঘরে ও দশম ঘরে ত্রিকোণে, (নবম ও পঞ্চমঘরে) চতুরস্রে (চতুর্থও অষ্টমস্থানে) এবং সপ্তমঘরে এক এক পাদ বৃদ্ধি ক্রমে গ্রহদিগের দৃষ্টি থাকে।

স্পষ্টমাহ।

তৃতীয়ে দশমে চৈব পাদদৃষ্টিরুদাহৃতা।
অর্দ্ধদৃষ্টিশ্চ নবমে পঞ্চমে পরিকীর্ত্তিতা।
চতুর্থে চাষ্টমে চৈব পাদোনা পরিকীর্ত্তিতা
সপ্তমে পরিপূর্ণা চ ফলমেবং প্রকল্প্যতে॥

সাধারণ গ্রহের তৃতীয় ও দশমস্থানে একপাদ দৃষ্টি, নবম ও পঞ্চম ঘরে অর্দ্ধদৃষ্টি, চতুর্থও অষ্টমঘরে ত্রিপাদ দৃষ্টি এবং সপ্তমঘরে সম্পূর্ণ দৃষ্টি হইয়া থাকে; ফল ও ঐ রূপেই দেখিতে হইবে, তাহা পরে বিবৃত হইতেছে।

ত্রিদশত্রিকোণচতুরস্রসপ্তমান, বলোকয়ন্তি চরণাভিবর্দ্ধিতাঃ।
রবিজামরেজ্যরুধিরাঃ পরে চ,যে ক্রমশোভবন্তি কিলবীক্ষণেঽধিকাঃ॥

তৃতীয় ও দশমস্থানে, ত্রিকোণস্থানে চতুরস্রে এবং সপ্তমস্থানে এক এক পাদ বৃদ্ধি হইয়া গ্রহদিগের দৃষ্টি থাকে। শনি, বৃহস্পতি ও মঙ্গল এবং অন্য সকলগ্রহ যথাক্রমে ত্রিদশে; ত্রিকোণে, চতুরস্রে ও সপ্তমে সম্পূর্ণ দৃষ্টি করিয়া থাকেন।

স্পষ্টমাহ।

পাদং পশ্যতি খেচরস্ত্রিদশভে পঞ্চাঙ্কভে তু দ্বয়ং।
পাদোনং চতুরস্রভে মদগৃহে পূর্ণং বিশেষস্ত্বয়ং॥

গ্রহ সকল তৃতীয় দশমস্থানে একপাদ দৃষ্টি করেন, এইরূপ পঞ্চম ও

নবম ঘরে অর্দ্ধদৃষ্টি চতুর্থ ও অষ্টম ঘরে ত্রিপাদ দৃষ্টি এবং সপ্তম ঘরে সম্পূর্ণ দৃষ্টি করিয়া থাকেন।

পাদে পাদচতুষ্টয়ং রবিসুতঃ পাদদ্বয়ে গীষ্পতিঃ।
পাদোনেঽবনিজঃ পরস্তু পরবন্নান্যত্র দৃষ্টিঃ ক্বচিৎ॥

গ্রহগণ মধ্যে শনি গুরু ও মঙ্গলের কিছু বিশেষ আছে যথা,—তৃতীয় ও দশমঘরে শনির সম্পূর্ণ দৃষ্টি, পাদ দৃষ্টি নাই। নবম ও পঞ্চম ঘরে বৃহস্পতির সম্পূর্ণ দৃষ্টি, অর্দ্ধদৃষ্টি নাই। চতুর্থ ও অষ্টমঘরে মঙ্গলের সম্পূর্ণ দৃষ্টি, ত্রিপাদ দৃষ্টি নাই। অন্য অন্য স্থানে অপর গ্রহেরন্যায় দৃষ্টি থাকে।

তৃতীয়ে দশমে চার্কিঃ পশ্যন্ পূর্ণফলপ্রদঃ।
ত্রিকোণগঃ গুরুশ্চৈব চতুর্থাষ্টমগঃ কুজঃ॥

তৃতীয় ও দশমস্থানে শনি দৃষ্টিকরতঃ সম্পূর্ণ ফল প্রদান করেন;ঐরূপ বৃহস্পতি পঞ্চম ও নবমস্থানে সম্পূর্ণ ফল এবং চতুর্থ ও অষ্টম স্থানে মঙ্গল সম্পূর্ণ ফল দান করিয়া থাকেন।

রাহোর্দৃষ্টিমাহ।

সুতমদননবান্ত্যে পূর্ণদৃষ্টিঃ স্বরারেঃ
যুগলদশমরাশৌ দৃষ্টিপাদত্রয়ার্হঃ।
সহজরিপুচতুর্থে ত্বষ্টমে চার্দ্ধদৃষ্টঃ
স্থিতিভবনমুপান্ত্যং নৈব দৃশ্যং হি রাহোঃ॥

রাহুর দৃষ্টি কথিত হইতেছে,—পঞ্চম, সপ্তম নবমও দ্বাদশস্থানে রাহু-গ্রহ পূর্ণ দৃষ্টি করেন, দ্বিতীয়ও দশম ঘরে ত্রিপাদ দৃষ্টি থাকে। তৃতীয় ষষ্ঠ চতুর্থ ও অষ্টম ঘরে অর্দ্ধদৃষ্টি হয়। কিন্তু যে রাশিতে থাকেন, সেই ঘরে আর একাদশ ঘরে রাহুর দৃষ্টি থাকে না।

নবমং পঞ্চমঞ্চৈব ত্রিকোণং পরিকীর্ত্তিতং।
চতুর্থমষ্টমঞ্চৈব চতুরস্রং বিদুর্ব্বুধাঃ॥

নবম ও পঞ্চম স্থানের নাম ত্রিকোণ এবং চতুর্থ ও অষ্টম স্থানকে চতুরস্র বলিয়া থাকে।

গ্রহানামদৃষ্টি।

স্বস্থানঞ্চ দ্বিতীয়ঞ্চ ষষ্ঠমেকাদশস্তথা।
দ্বাদশঞ্চ ন পশ্যন্তি শেষান্ পশ্যন্তি তে গ্রহাঃ॥

যে যে স্থানে গ্রহগণের দৃষ্টি নাই তাহা কথিত হইতেছে। গ্রহসকল যে স্থানে অবস্থিতি করেন, সেই স্থানে এবং দ্বিতীয় ষষ্ঠ একাদশ ও দ্বাদশস্থানে দৃষ্টি করেন না অন্য অন্য স্থানে দৃষ্টি থাকে।

লগ্নে গ্রহদৃষ্টিকথনং।

বৃহস্পতিঃ পশ্যতি জন্মরাশিং ক্রূরান তত্রাহিতমাচরন্তি।
পশ্যন্তি যত্রৈব পতত্রীণাং পতিস্তত্রৈব সর্পাহতবীর্য্যদর্পাঃ॥

বৃহস্পতি যদি জন্মলগ্ন দেখেন তবে অন্যপাপ গ্রহে কোন অনিষ্ট করিতে পারে না; যেমন খগরাজ যেখানে দৃষ্টি করেন সেই স্থানে সর্পগণ হতবীর্য্য হইয়া থাকে।

দশমস্থানে গ্রহদৃষ্টিকথনং।

সূর্য্যে সৌর্য্যবলং বিধৌ চতুরতা ভৌমে নৃপাণাং প্রিয়ঃ।
সৌম্যে সৌধনবর্দ্ধিতঃ সুরগুরৌ ভুধান্যরত্নৈর্যুতঃ।
শুক্রে দেবধরামরার্চ্চনরতঃ সৌরে ধনী ক্রূরবাক্।
রাহৌ লৌহধনোভাবদ্দশমভে দৃষ্টে ফলং নিশ্চিতং॥

দশম স্থানে সূর্য্যগ্রহের দৃষ্টি থাকিলে জাতবালক বলবান্ বীরপুরুষ হয়। চন্দ্রের দৃষ্টি থাকিলে সুচতুর; মঙ্গলের দৃষ্টি থাকিলে রাজপ্রিয়, বুধের দৃষ্টি থাকিলে ধনবৃদ্ধি, বৃহস্পতির দৃষ্টি থাকিলে ভূমি ধান্য ও রত্নাদিযুক্ত; শুক্রের দৃষ্টি থাকিলে দেবতা ও ব্রাহ্মণের অর্চ্চনাতে মতি, শনির দৃষ্টি থাকিলে ধনী ও ক্রূরভাগী এবং রাহুর দৃষ্টি থাকিলে নিশ্চয়ই লৌহ ধনে ধনী হইয়া থাকে।

গ্রহদৃষ্টি।

সর্ব্বৈর্গগনভ্রমণৈর্দৃষ্টলগ্নে ভবতি মহীপালঃ।
বলিভিঃ সমস্তসৌম্যৈর্ব্বিগতভয়োদীর্ঘজীবী চ॥

সকল গ্রহ যদি জাতকের লগ্নস্থান দেখেন, তবে সে ভূপতি হয়; আর শুভগ্রহ সকল যদি বলবান্ হইয়া লগ্নে দৃষ্টি করেন, তবে জাতবালক ভয়হীন ও দীর্ঘজীবী হইয়া থাকে।

লগ্নদৃষ্টিঃ।

তীক্ষ্ণপাপরতোভৃত্যঃ প্রবাসী চপলস্তথা।
তস্করোরুক্ষমূর্ত্তিশ্চ সূর্য্যদৃষ্টোভবেন্নরঃ॥

জাতকের লগ্নস্থানে যদি সূর্য্যগ্রহের দৃষ্টি থাকে, তবে সেই শিশু অত্যন্ত পাপাসক্ত, ভৃত্য, প্রবাসী, চপল, তস্কর ও রুক্ষদেহ হইয়া থাকে।

শান্তাত্মা চিরজীবী চ সুশীলোঽপি বহুপ্রজঃ।
শোভনাঙ্গোমহাপ্রাজ্ঞশ্চন্দ্রদৃষ্টোভবেন্নরঃ॥

যাহার জাতলগ্নে চন্দ্রের দৃষ্টি থাকে সে শান্তস্বভাব দীর্ঘজীবী সুশীল বহু সন্তানযুক্ত, সুন্দরদেহ এবং অত্যন্ত পণ্ডিত হইয়া থাকে।

কলুষাত্মা বহুশত্রুঃ কোপাত্মা মরণান্তকঃ।
পরোক্ষে বাচকোরোগী ক্ষিতিজেনাবলোকিতে॥

জন্মলগ্নে-মঙ্গলের দৃষ্টি থাকিলে জাতবালক পাপাত্মা, শত্রুগণবেষ্টিত ক্রোধী, অসমক্ষবাদী এবং রোগযুক্ত হইয়া থাকে।

উপচয়বুদ্ধিশরীরোবেত্তা শাস্ত্রস্য কাব্যস্য গণিতজ্ঞঃ।
অতিচতুরোমধুরবাক্যঃ সবলাতিসবলোবুধেন দৃষ্টে॥

বুধ যদি জন্মলগ্ন অবলোকন করেন, তাহা হইলে জাত শিশু উৎপন্ন-মতি, কাব্যশাস্ত্রবেত্তা গণিতশাস্ত্র পারদর্শী সুচতুর, মিষ্টভাষী এবং অতিশয় বলযুক্ত হয়।

জীবেক্ষিতঃ পণ্ডিতশান্তমূর্ত্তির্ব্বেদাদিশাস্ত্রাগমপারগন্তা।
দীর্ঘায়ুরত্যন্তশুচিঃ সুশীলোজাতশ্চ পূর্ণাং ভজতে বিভূতিং॥

বৃহস্পতি যদি জাতলগ্ন দৃষ্টি করেন, তবে সেই জাত ব্যক্তি পণ্ডিত, শান্তমূর্ত্তি, বেদআগমপ্রভৃতি শাস্ত্রে পারদর্শী বহুকালজীবী, অতিশয় শুচি ও সৎস্বভাবান্বিত হইয়া অতুল ঐশ্বর্য্যের অধিপতি হন।

যং পশ্যতি ভৃগুতনয়োজন্মসময়ে কটাক্ষমাত্রেণ।
সোঽরিকুলাচলকুলিশঃ কুলটাজোঽপি কুলজঃ স্যাৎ॥

ভৃগুনন্দন যাহার জন্মলগ্ন কটাক্ষদ্বারা অবলোকন করেন, সেই বালক শত্রুরূপ পর্ব্বতের নিকটে বজ্রতুল্য হন ; আর ঐ ব্যক্তি বেশ্যাজাত হইলেও কুলশ্রেষ্ঠ হইয়া থাকেন।

রবিশনিমঙ্গলদৃষ্টোজাতোমলিনাশয়োদুঃখার্ত্তঃ।
বিধর্ম্মোবিরূপঃ খলঃ প্রেষ্যশ্চৈবাধনোমূর্খঃ॥

জাতলগ্নে রবি শনি ও মঙ্গলের দৃষ্টি হইলে সেই ব্যক্তি মলিনাশয়, দুঃখী, বিধর্ম্মী, কুৎসিতাঙ্গ, খল, ভৃত্য, নির্ধন ও মূর্খ হইয়া থাকে।

ইতি জাতলগ্নে গ্রহদৃষ্টি কথনং।

লগ্নে গ্রহদৃষ্টিফলং।

গুরোঃ।

সম্মানপাত্রোনৃপলব্ধসৌখ্যঃ শাস্ত্রার্থবেত্তা গুরুভক্তিশীলঃ।
প্রিয়োজনানাং প্রথিতঃ পৃথিব্যাং লগ্নে প্রদৃষ্টে গুরুণা চ বালঃ॥

বৃহস্পতি কর্ত্তৃক লগ্ন দৃষ্ট হইলে জাতব্যক্তি সম্মানী নৃপতি কর্ত্তৃক সুখী, শাস্ত্রজ্ঞ, গুরুভক্ত, সকলের প্রিয় এবং পৃথিবীতে খ্যাতাপন্ন হয়।

ভৃগোঃ।

দাতা কবিঃ শ্রুতিধরঃ শুচিরর্থপূর্ণঃ শাস্ত্রার্থবিদ্‌বিবিধশাস্ত্রবিশারদশ্চ।

জাতলগ্নে শুক্রের দৃষ্টি থাকিলে জাতশিশু দাতা, কবি শ্রুতিধার, শুচি, অর্থশালী, শাস্ত্রার্থবেত্তা এবং বহুশাস্ত্রে পণ্ডিত হইয়া থাকে।

গ্রহে দৃষ্টিফলং।

রবৌ চন্দ্রস্য।

চন্দ্রেণ দৃষ্টে খলু চণ্ডরশ্মৌ ভোগী ধনী সর্ব্বজনানুরাগী।
স্যাদ্রূপবান্ গর্ব্বিতধীঃ প্রজাতঃ পুত্রৈঃ কলত্রৈরপি সংযুতশ্চ॥

এক্ষণে গ্রহের প্রতি গ্রহের দৃষ্টি থাকিলে যে ফল হইবে তাহা বিবৃত

হইতেছে যথা ;—জন্মকালে রবিগ্রহ চন্দ্রকর্তৃক দৃষ্ট হইলে জাতব্যক্তি ভোগী ধনবান্ সকলের প্রিয়পাত্র, রূপবান্, গর্ব্বিতবুদ্ধি এবং পুত্রকলত্র যুক্ত হইয়া সময় অতিবাহিত করে।

রবৌ জীবস্য।

মন্ত্রেণ যুক্তোব্রতনিষ্ঠবুদ্ধিঃ ক্ষ্মাপালপূজ্যোধনবান্ যতাত্মা।
যুতঃ সুপুত্রৈরপি কামিনীভির্দৃষ্টে রবৌ বাক্‌পতিনা চ জাতঃ॥

জন্ম সময়ে রবিগ্রহে বৃহস্পতির দৃষ্ট হইলে জাতবালক মন্ত্রজ্ঞ, ব্রতনিষ্ঠ, রাজপূজ্য, ধনী এবং বহু পুত্র ও কলত্রযুক্ত হইয়া সুখভোগ করে।

গুরৌ চন্দ্রস্য।

অনেককান্তাপতিরীশ্বরশ্চ রাজা গজানামধিপোহয়ানাং।
নরেন্দ্রমান্যোমতিমান্ সুকর্ম্মা চন্দ্রেণ দৃষ্টে সুররাজপূজ্যে॥

জন্মকালে বৃহস্পতি চন্দ্রদ্বারা দৃষ্ট হইলে সেই ব্যক্তি বহুকামিনীবল্লভ, আঢ্য, গজাশ্বাদির অধিপতি, রাজপূজ্য, বুদ্ধিমান্ ও সৎকার্য্যে রত হয়।

ধনৈর্ব্বিহীনঃ প্রখরস্বভাবোবাক্‌পুত্রকান্তাধননাশগুপ্তঃ।

জন্মকালে শনৈশ্চর সূর্য্যগ্রহকে দৃষ্ট করিলে জাতশিশু ধনহীন, তেজস্বী এবং বাক্য পুত্র স্ত্রী ও বিত্তনাশহেতুক গোপনভাবে কালযাপন করিবে।

চন্দ্রে রবেঃ।

ধনাঢ্যপুত্রান্বিতমন্ত্রযুক্তঃ প্রিয়োজনানাং হৃদয়প্রমোদী।
দেবদ্বিজারাধনকর্ম্মশীলোবিবস্বিতা চন্দ্রমসি প্রদৃষ্টে॥

বালকের জন্মকালীন চন্দ্রে রবির দৃষ্ট হইলে সেই ব্যক্তি ধনবান্, পুত্রযুক্ত, মন্ত্ররত, সকলের প্রিয়, আনন্দযুক্ত এবং দেব ও ব্রাহ্মণ অর্চ্চনাতে অনুরক্ত হইয়া থাকে।

চন্দ্রে কুজস্য।

শশিনি চ কুজদৃষ্টে গোধনৈর্ব্বল্লভঃ স্যাৎ।
সকলগুণনিধানঃ সর্ব্বশাস্ত্রার্থবেত্তা॥

জন্মসময়ে চন্দ্রে মঙ্গলগ্রহের দৃষ্টি থাকিলে জাতবালক গোধনের অধিপতি হয়, বিশেষতঃ সকলগুণের আশ্রয় ও সর্ব্বশাস্ত্রজ্ঞ হইয়া থাকে।

চন্দ্রে জীবস্য।

সকলরিপুনিহন্তা সর্ব্বসৌভাগ্যভোক্তা
সকলগুণনিধানঃ সর্ব্বলোকাভিপূজ্যঃ।
সকলকলুষহীনঃ সর্ব্ববিদ্যাসুমেধঃ
ভবতি বিপুললক্ষ্মীর্জীবদৃষ্টে হিমাংশৌ ॥

বালকের জন্মকালীন চন্দ্রগ্রহ বৃহস্পতি কর্ত্তৃক দৃষ্ট হইলে সেই শিশু শত্রুঘাতক, সৌভাগ্যশালী, সর্ব্বগুণাকর, সকল মনুষ্যের পূজ্য, নিষ্পাপী, সর্ব্ববিদ্যাবিশারদ ও বিপুল ঐশ্বর্য্যের অধিপতি হয়।

চন্দ্রে শুক্রস্য।

শীতাধিকঃ শ্যামতনুঃ কফাত্মা নানামতিঃ প্রেমপরোগুণী চ ॥

জন্ম সময়ে চন্দ্রে শুক্রগ্রহের দৃষ্টি থাকিলে জাতব্যক্তি শীতপীড়িত, শ্যামবর্ণ, শ্লেষ্মাযুক্ত, ছন্নবুদ্ধি, প্রেমপরায়ণ ও গুণবান্ হইয়া থাকে।

চন্দ্রে শনেঃ।

শঠে শঠত্বং সমতা সমে চ শান্তে জনে শান্তিবিধানকারী।

জন্মসময়ে চন্দ্রে শনির দৃষ্ট হইলে জাতব্যক্তি শঠের সহিত শঠতা সমের সহিত সমতা এবং শান্তব্যক্তির প্রতি শান্তভাব আচরণ করে।

ভৌমে সূর্য্যস্য।

গ্রামাধিপালোনগরাধিপোবা স্কন্দাধিরূঢ়োগজসৈন্ধবানাং।
ভৌমং যদা পশ্যতি চণ্ডরশ্মিঃ তদা নরঃ সর্ব্বসুখৈরুপেতঃ ॥

জন্মকালীন মঙ্গল সূর্য্যগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে জাতশিশু গ্রামাধিপতি কি নগরাধিপ হইয়া গজে ও অশ্বে গমনাগমন করে এবং সর্ব্বপ্রকারে সুখী হইয়া থাকে।

কুজে বুধস্য।

ক্রূরাত্মকোনাট্যযুতোঽভিমানী, মায়াযুতোবৈরিকৃতাভিতপ্তঃ ॥

জন্ম সময়ে মঙ্গলে বুধের দৃষ্টি থাকিলে সেই ব্যক্তি ক্রূরবুদ্ধি নাট্যকর, অভিমানী, মায়াবী এবং শত্রুকর্ত্তৃক সন্তপ্ত হয়।

কুজে গুরোঃ।

ভূপোপমঃ সর্ব্ববিনষ্টপাপঃ সৌম্যৈরযুক্তঃ সুভগোঽতিলোকে।

জন্মকালে মঙ্গল গ্রহ বৃহস্পতি কর্ত্তৃক দৃষ্ট হইলে জাতব্যক্তি ভূপতি-সদৃশ ও পাপহীন হয়। আর ঐ মঙ্গল শুভগ্রহযুক্ত না হইলে জাতবালকের অতিশয় যশোলাভ হইয়া থাকে।

কুজে শুক্রস্য॥

সম্মানসৌখ্যাদি গুণৈরুপেতঃ সুকর্ম্মশালী সুরতোপভোগী।

জন্মকালে মঙ্গল গ্রহ শুক্রকর্ত্তৃক দৃষ্ট হইলে জাতশিশু সম্মানী, সুখী, গুণবান্ সৎকর্ম্মশালী ও কামী হইয়া থাকে।

বুধে কুজস্য।

নানা রুজার্ত্তোবহুমন্দবক্তা ক্রূরাত্মকঃ সাধুবিনাশকারী।

জন্মসময়ে বুধে মঙ্গলের দৃষ্টি থাকিলে জাতব্যক্তি নানারোগে পীড়িত, মন্দভাষী, ক্রূর এবং সাধুহন্তা হয়।

বুধে গুরোঃ।

মন্ত্রানুরক্তোঽপ্যতিথিপ্রযুক্তঃ।

বুধে বৃহস্পতির দৃষ্টি থাকিলে জাতবালক মন্ত্রানুরাগী এবং অতিথি সেবানুরক্ত হয়।

বুধে শুক্রস্য।

সম্মানসৌখ্যাদিগুণৈরুপেতো বিদ্যাসুতাদ্যোবহুবিত্তশালী।

বুধ শুক্রকর্ত্তৃক দৃষ্ট হইলে জাতশিশু সম্মানী, সুখী, গুণবান, বিদ্বান্, পুত্রাদিযুক্ত ও বহুবিত্তশালী হইয়া থাকে।

গুরৌ রবেঃ।

প্রচণ্ডচণ্ডোদ্যতকর্ম্মশালী আলস্যভাবোনিয়তোমনুষ্যঃ।

বৃহস্পতি রবি কর্ত্তৃক দৃষ্ট হইলে জাতব্যক্তি উগ্রস্বভাব কর্ম্মান্বিত এবং অলস হইয়া থাকে।

গুরৌ চন্দ্রস্য।

নরেন্দ্রমান্যোমতিমান্ সুকর্ম্মা চন্দ্রেণ দৃষ্টে সুররাজপূজ্যে।

বৃহস্পতিকে চন্দ্র দেখিলে জাতবালক রাজপূজ্য, বুদ্ধিমান্ ও সৎকর্ম্মান্বিত হয়।

গুরৌ কুজস্য।

নরেন্দ্রপূজ্যঃ সুখবান্ সুদাতা প্রচণ্ডমূর্ত্তির্ধনভাজনশ্চ।

বৃহস্পতি মঙ্গলগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে জাতশিশু রাজসম্মানীত, সুখী, অতিশয় দাতা, উগ্রমূর্ত্তি ও ধনবান্ হইয়া থাকে।

গুরৌ বুধস্য।

নয়নদশনরোগা গুহ্যরুক্ব্যাধিযুক্তঃ
বিবিধধনসমেতোরাজপূজ্যঃ কৃশাঙ্গঃ।

বৃহস্পতি বুধগ্রহ কর্ত্তৃক অবলোকিত হইলে জাতব্যক্তি বিবিধধনের অধিপতি, কৃশাঙ্গ এবং রাজপূজ্য হয়, কিন্তু নেত্ররোগ, দন্তরোগ ও গুহ্য রোগে সর্ব্বদা ক্লেশ পাইয়া থাকে।

গুরৌ শনেঃ।

লাভোধনানাং বিবিধপ্রকারৈঃ খরোষ্ট্রদন্তাবলীভাজনশ্চ।

গুরুকে শনৈশ্চর দৃষ্টি করিলে জাতশিশু নানাপ্রকারে ধন লাভ করে, এবং গর্দ্দভ উষ্ট্র ও গজের অধিপতি হয়।

ভৃগৌ চন্দ্রস্য।

ক্ষীণঃ কফাত্মা নখদন্তরোগী গর্ভপ্রপীড়া নিয়তং সদা স্যাৎ।

জন্মকালে শুক্রগ্রহ চন্দ্র কর্ত্তৃক দৃষ্ট হইলে জাতব্যক্তি ক্ষীণকায় কফী ও নখ দন্তরোগী হয়। আর ঐ ব্যক্তির সদাকাল উদরের পীড়া হইয়া থাকে।

ভৃগৌ কুজস্য।

পুত্রৈঃ কলত্রৈর্ব্বহুভিঃ সমেতো ভৌমেন জাতোভৃগুবংশজাতে।

শুক্রে মঙ্গলের দৃষ্টি থাকিলে জাতশিশু বহুপুত্র ও বহুস্ত্রীযুক্ত হয়।

ভৃগৌ বুধস্য।

মেধান্বিতোমন্ত্রবিশেষবুদ্ধির্নরেন্দ্রমান্যোদ্বিজদেবভক্তঃ।

শুক্র বুধকর্ত্তৃক দৃষ্ট হইলে জাতব্যক্তি মেধাবী, মন্ত্রযুক্ত রাজপূজ্য এবং ব্রাহ্মণ ও দেবতাভক্ত হইয়া থাকে।

নরশ্চ সম্পূর্ণধনৈর্ব্বিহীনঃ। ইতিশনৌ রবেঃ।

শনৈশ্চরে সূর্য্যগ্রহের দৃষ্টি থাকিলে জাতবালক ধনহীন হইয়া থাকে।

মনোহশ্রুজা পীড়িতসর্ব্বগাত্রঃ। ইতিশনৌ চন্দ্রস্য।

শনিগ্রহ চন্দ্র কর্ত্তৃক অবলোকিত হইলে জাতব্যক্তি মনঃক্লেশে সর্ব্বদা পীড়িত থাকে।

শনৌ জীবস্য।

অনেকরত্নপ্রমদামোদী বিত্তেশ্বরঃ সর্ব্বগুণৈর্ব্বিশিষ্টঃ।

শনিগ্রহে বৃহস্পতির দৃষ্টি থাকিলে জাতবালক বহুরত্নযুক্ত ও কামিনী বিলাসী হয়, আর ঐ ব্যক্তি বিত্তবান্ ও গুণবান্ হইয়া থাকে।

বিনষ্টশত্রুর্ব্বহুবিত্তযুক্তঃ প্রচণ্ডমূর্ত্তির্ম্মনুজঃ প্রসন্নঃ।
খ্যাতঃ পৃথিব্যাং বহুসৌখ্যভাগী শুক্রেণ দৃষ্টে রবিজে প্রজাতঃ॥

জন্মকালে শনিগ্রহ শুক্রকর্ত্তৃক দৃষ্ট হইলে জাতব্যক্তি শত্রুহীন, বিত্তশালী, প্রতাপবান্ দয়ান্বিত, সুখী ও পৃথিবীতে খ্যাত মনুষ্য হয়।

শুক্রে গুরুদৃষ্টীফলং।

মেধান্বিতোমন্ত্রবিচারকারী নরেন্দ্রমান্যোদ্বিজদেবভক্তঃ।
অমাত্যধর্ম্মোহপি নরস্তথা স্যাৎ সিতোহপিদৃষ্টোগুরুণা যদি স্যাৎ॥

জন্মসময়ে শুক্র বৃহস্পতি কর্ত্তৃক দৃষ্ট হইলে জাতবালক মেধাবী, মন্ত্রবিচারক্ষম, রাজপূজ্য, ব্রাহ্মণ ও দেবতার ভক্ত এবং রাজমন্ত্রী হইয়া থাকে।

সর্ব্বগ্রহেক্ষিত চন্দ্রফলং।

কুমুদগহনবন্ধৌ বীক্ষ্যমাণে সমস্তৈর্গগনতলনিবাসৈ-
দীর্ঘজীবী বিলাসী।

ফলমশুভসমুত্থং যচ্চকেমদ্রুমোক্তং, ভবতি মনুজনাথঃ
সার্ব্বভৌমোজিতারিঃ ॥

জন্মকালে চন্দ্র সমস্ত গ্রহকর্ত্তৃক অবলোকিত হইলে জাতব্যক্তি দীর্ঘজীবী বিলাসানুরক্ত রাজচক্রবর্ত্তী ও শত্রু হন্তা হইয়া থাকে। আর তাহার কেমদ্রুমযোগে রিষ্ট হয় না।

সর্ব্বগ্রহাবলোকিতলগ্নফলং।

সর্ব্বৈঽপ্যাকাশগাবা উদয়মথ তদা দৈবযোগেন বিত্তং
পশ্যন্তি স্থানমানং দদতি গুণচয়ং রাজলক্ষ্মীং তনুজান্।
বন্ধুং পত্নীং মনোজ্ঞাং মৃদুমধুরবচঃ সৎকুলীনাঞ্চ ভার্য্যাং
রাজ্ঞঃ প্রীতিং সুপুষ্টাং মরণমিহ শুভং জাহ্নবীবারিমধ্যে ॥

জন্ম সময়ে দৈবাৎ সমস্তগ্রহ কর্ত্তৃক যদি লগ্ন দৃষ্ট হয়, তবে জাতবালকের স্থান, মান, গুণসমূহ, রাজলক্ষ্মী, সন্ততি, বন্ধু এবং সৎকুলজাতা মনোনীতা স্ত্রী লাভ হয়। আর উক্ত ব্যক্তি রাজার প্রিয়পাত্র হইয়া গঙ্গাসলিলে তনুত্যাগ করিয়া থাকে।

মিত্রাদিজ্ঞান।

মিত্রাণি সূর্য্যাচ্ছশিভৌমজীবাঃ সূর্য্যেন্দুজৌ সূর্য্যগশাঙ্কজীবাঃ।
আদিত্যশুক্রৌ রবিচন্দ্রভৌমা বুধার্কজৌ চন্দ্রজভার্গবৌ চ ॥(১.

এক্ষণে কোন্‌গ্রহ কাহার মিত্র তাহা কথিত হইতেছে। সূর্য্যের মিত্র চন্দ্র, মঙ্গল ও বৃহস্পতি; চন্দ্রের মিত্র রবি ও বুধ; মঙ্গলের মিত্র রবি চন্দ্র ও বৃহস্পতি' বুধের মিত্র রবি ও শুক্র; বৃহস্পতির মিত্র রবি চন্দ্র ও মঙ্গল; শুক্রের মিত্র বুধ ও শনি এবং শনির মিত্র বুধ ও শুক্র হইবে।

সিতাসিতৌ চন্দ্রমসোন কশ্চিৎবুধঃ শশী সৌম্যসিতৌ রবীন্দু।
রবীন্দুভৌমীরবিস্তস্ত্বমিত্রা মিত্রারিশেষাশ্চ সমাঃ প্রদিষ্টাঃ ॥

কে কাহার শত্রু তাহা বিবৃত হইতেছে যথা—রবির শত্রু ও ননি; চন্দ্রের কোন গ্রহই শত্রু হয় না। মঙ্গলের শত্রু বুধ, বুধের যত্রু চন্দ্র;

১। একৈকবিভক্ত্যন্তৈঃ ক্রমেণ নৈষর্গিকমিত্রকথনং।

বৃহস্পতির শত্রু বুধ ও শুক্র ; শুক্রের শত্রু রবি ও চন্দ্র এবং শনির শত্রু রবি, চন্দ্র ও মঙ্গল হইয়া থাকেন। যে গ্রহের যে গ্রহ মিত্র এবং যে গ্রহ শত্রু কথিত হইল তদিতর গ্রহ তাঁহার সম বলিয়া প্রসিদ্ধ ; নিম্নে বিবৃত হইতেছে।

বুধঃ কুজেজ্যাস্ফুজিদর্কপুত্রাঃ শুক্রার্কজৌ ভৌমসুরেজ্যমন্দাঃ।
শনিঃ কুজেজ্যৌ সুররাজমন্ত্রী রব্যাদিতোঽমী সমসংজ্ঞিতাঃ স্যুঃ॥

রবির সম বুধ ; চন্দ্রের সম মঙ্গল, বৃহস্পতি, শুক্র ও শনি ; মঙ্গলের সম শুক্র ও শনি ; বুধের সম মঙ্গল বৃহস্পতি ও শনি ; বৃহস্পতির সম শনি ; শুক্রের সম মঙ্গল ও বৃহস্পতি এবং শনির সম বৃহস্পতি হইয়া থাকে।

তাৎকালিকমিত্রাদিকথনং।

চতুর্থদশবিত্তান্ত্যত্রিলাভস্থাঃ পরস্পরং।
তৎকালমিত্রাণ্যুচ্চস্থঃ কৈশ্চিদুক্তোঽন্যথা রিপুঃ॥

গ্রহগণের তাৎকালিক মিত্র নিরূপণ করা যাইতেছে। রবি প্রভৃতি গ্রহগণের মধ্যে যে গ্রহ যাঁহার চতুর্থ, দশম, দ্বিতীয়, দ্বাদশ তৃতীয় ও একাদশ হইবে, পরস্পর তাঁহাদেরই তাৎকালিক মিত্রতা হইয়া থাকে। যেমন কর্কটে রবি থাকিলে তাহার চতুর্থ তুলা, দশম মেষ, দ্বিতীয় সিংহ, দ্বাদশ মিথুন, তৃতীয় কন্যা ও একাদশ বৃষ এই সকল রাশিস্থ গ্রহ কর্কটস্থ-রবির তাৎকালিক মিত্র এবং রবি উক্ত সকল রাশিস্থ গ্রহের তাৎকালিক মিত্র হইবেন ; আর তুঙ্গস্থগ্রহও তাৎকালিক মিত্র হইয়া থাকে। এই সকল ভিন্ন অপরাপর গ্রহ তাৎকালিক শত্রু হয়।

তাৎকালিকশত্রুঃ।

জন্মপঞ্চাঙ্গসপ্তাষ্টনবমস্থাঃ পরস্পরং।
তৎকালশত্রবোজ্ঞেয়াস্ত্বিতি জ্যোতির্ব্বিদাং মতং॥

অনন্তর গ্রহগণের তাৎকালিক শত্রু কথিত হইতেছে। যে গ্রহ যাঁহার প্রথম (এক) ঘরে অথবা পঞ্চম ষষ্ঠ সপ্তম অষ্টম ও নবমঘরে অবস্থিত তাঁহাদের পরস্পর তাৎকালিক শত্রুতা হয় ; যেমন কর্কটস্থ রবির

প্রথমঘর কর্কট, পঞ্চম ঘর বৃশ্চিক, ষষ্ঠঘর ধনু, সপ্তম ঘর মকর, অষ্টমঘর কুম্ভ এবং নবমঘর মীন এই সকল রাশিস্থিত গ্রহ রবির তাৎকালিক শত্রু এবং রবি ও ঐ রাশিস্থ গ্রহের তাৎকালিক শত্রু হইবেন, জ্যোতিঃশাস্ত্র-বেত্তাদিগের এইরূপ অভিপ্রায়।

অধিমিত্রাদি।

হিতসমরিপুসংজ্ঞাযে নিসর্গে নিরুক্তা
অধিহিতহিতমধ্যাস্তেঽপি তৎকালমিত্রৈঃ।
রিপুসমসুহৃদাখ্যা যে নিসর্গোপদিষ্টা
অধিরিপুরিপুমধ্যাঃ শত্রুভিশ্চিন্তনীয়াঃ॥

এক্ষণে অধিমিত্রাদি কথিত হইতেছে। গ্রহগণের মধ্যে যিনি যাঁহার স্বাভাবিক মিত্র, সম ও শত্রু হন, তিনি তাৎকালিক মিত্র হইলে যথাক্রমে অধিমিত্র, মিত্র ও সম হইয়া থাকেন। অর্থাৎ স্বাভাবিক মিত্র তাৎ-কালিক মিত্র হইলে অধিমিত্র, স্বাভাবিক সম তাৎকালিক মিত্র হইলে মিত্র এবং স্বাভাবিক শত্রু তাৎকালিক মিত্র হইলে সম হইবেন। আর যাঁহারা স্বাভাবিক শত্রু, সম ও মিত্র বলিয়া কথিত আছেন, তাঁহারা তাৎকালিক শত্রু হইলে যথাক্রমে অধিশত্রু, শত্রু ও সম বলিয়া খ্যাত হইবেন অর্থাৎ স্বাভাবিক শত্রু তাৎকালিক শত্রু হইলে অধিশত্রু, স্বাভা-বিক তাৎকালিক শত্রু হইলে শত্রু এবং স্বাভাবিক মিত্র তাৎকালিক শত্রু হইলে সম হইয়া থাকেন।

রাহু কেতুমিত্রাদি।

উচ্চ নৃযুগ্মং ঘটভং ত্রিকোণং কন্যা গৃহং শুক্রশনী চ মিত্রে।
সূর্য্যঃ শশাঙ্কোধরণীসুতশ্চ রাহোরিপুর্ব্বিংশতিকঃ পরাংশঃ॥

অধুনা রাহু কেতুর মিত্রাদি কথিত হইতেছে।—রাহুর উচ্চস্থান মিথুনরাশি, মূলত্রিকোণ কুম্ভরাশি; ক্ষেত্র কন্যারাশি; মিত্র শুক্র ও শনি; শত্রু রবি, চন্দ্র ও মঙ্গল হয়। মিথুনের বিংশতিভাগ উচ্চাংশ ও কুম্ভের বিংশতিভাগ ত্রিকোণাংশ হইয়া থাকে।

সিংহস্ত্রিকোণং ধনুরুচ্চসংজ্ঞং মীনোগৃহং শুক্রশনী বিপক্ষৌ।
সূর্য্যারচন্দ্রাঃ সুহৃদঃ সমানৌ জীবেন্দুজৌ ষট্ শিখিনঃ পরাংশাঃ॥

কেতুর মূলত্রিকোণ সিংহরাশি; উচ্চস্থান ধনুরাশি; ক্ষেত্র মীনরাশি; শত্রু শুক্রও শনি; মিত্র রবি, মঙ্গল ও চন্দ্র; সম বৃহস্পতি ও বুধ; সিংহের ষষ্ঠভাগ ত্রিকোণাংশ ও ধনুর ষষ্ঠভাগ উচ্চাংশ।

ইতি রাহুকেত্বোরুচ্চাদি।

গ্রহাণাং হোরাসারে বলাবলং।

কালভেদে ফলং গ্রাহ্যং স্থিতিভেদে ফলং ন হি।
তস্মাৎ কালে স্থিতং বাচ্যং ফলং গ্রাহ্যং বিশারদৈঃ॥

গ্রহগণের কেবল স্থিতি অনুসারে ফল দেখিলে হইবে না, কালভেদেও ফল দেখিতে হইবে। এই জন্যেই পণ্ডিতগণ কালস্থিত ফলের অধিক সমাদর করিয়াছেন।

শনিশুক্রকুজেন্দুজ্ঞগুরবঃ শিশিরাদিষু।
ভবন্তি কালবলিনৌ গ্রীষ্মে সূর্য্যস্তথৈব চ॥

শনি, শুক্র, মঙ্গল, চন্দ্র, বুধ ও বৃহস্পতি গ্রহ ইহারা যথাক্রমে শিশিরাদি ছয় ঋতুতে বলবান্ হন। শনি শিশিরে, শুক্র বসন্তে, মঙ্গল গ্রীষ্মে চন্দ্র বর্ষায়, বুধ শরৎকালে, বৃহস্পতি হেমন্তে এবং সূর্য্যও গ্রীষ্মে বলী হইয়া থাকেন, কিন্তু এই সকল গ্রহের বল পাদমাত্র।

ইতি ঋতুবলকথনং।

চন্দ্রবলং—হোরাষট্ পঞ্চাশিকায়াং।

মাসে তু শুক্লাপ্রতিপৎ প্রবৃত্তে পূর্ব্বে শশী মধ্যবলোদশাহে।
শ্রেষ্ঠোদ্বিতীয়েঽল্পবলস্তৃতীয়ে সৌম্যৈস্তু দৃষ্টোবলবান্ সদৈব॥

শুক্লপ্রতিপৎ হইতে দশমী পর্য্যন্ত চন্দ্র মধ্যবলী হন, শুক্ল একাদশী হইতে কৃষ্ণপক্ষীয় পঞ্চমীপর্য্যন্ত চন্দ্র সংপূর্ণ বলী হন; আর কৃষ্ণাষষ্ঠী হইতে অমাবস্যা পর্য্যন্ত অল্পবলী হইয়া থাকেন। কিন্তু শুভগ্রহ কর্ত্তৃক চন্দ্রগ্রহ দৃষ্ট হইলে সর্ব্বদাই বলবান্ হইয়া থাকেন।

স্বোচ্চস্থিতাঃ শ্রেষ্ঠবলাভবন্তি মূলত্রিকোণে স্বগৃহে চ মধ্যাঃ।
ইষ্টেক্ষিতামিত্রগৃহাশ্রিতাবা বীর্য্যং কনীয়ঃ সমুপাবহন্তি॥

গ্রহগণ উচ্চস্থ (তুঙ্গী) হইলে পূর্ণবলী, মূলত্রিকোণে থাকিলে ত্রিপাদ-বলী এবং স্বগৃহে অবস্থিত হইলে অর্দ্ধবলী হন; আর শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট কি মিত্রগৃহস্থিত হইলে পাদবলী হইয়া থাকেন।

স্বক্ষেত্রতুঙ্গাংশসুহৃদগৃহস্থঃ স্বোচ্চেবিলাসী সুহৃদা সমেতঃ।
জীবেন্দুজৌ শত্রুনিরীক্ষিতৌ বা গ্রহঃ স্বকালে শুভমাতনোতি॥

গ্রহগণ স্বক্ষেত্রস্থিত, তুঙ্গাংশস্থ, মিত্রগৃহস্থিত কি উচ্চস্থ অথবা মিত্র যুক্ত হইলে শুভফল দান করেন; বৃহস্পতি ও বুধগ্রহ শত্রু দৃষ্ট হইলেও শুভফল দান করিয়া থাকেন।

গুরুশুক্রৌ পূর্ণচন্দ্রো মুখ্যদাঃ পরিকীর্ত্তিতাঃ।
বুধচন্দ্রৌ সমৌ সাধ্যৌ শেষাঃ শত্রব ঈরিতাঃ॥

বৃহস্পতি, শুক্র ও পূর্ণচন্দ্র অতিশয় শ্রেষ্ঠ হন, বুধ ও মধ্যবল চন্দ্র মধ্যম এবং অপর সকল গ্রহই শত্রু হইয়া থাকেন।

স্বক্ষেত্রে চ বলং পূর্ণং পাদোনং মিত্রমন্দিরে।
অর্দ্ধং সমগৃহে জ্ঞেয়ং পাদং শত্রু-গৃহে স্থিতং॥

গ্রহগণের স্বীয়ক্ষেত্রে থাকিলে পূর্ণবল ও মিত্রগৃহে স্থিত হইলে ত্রিপাদবল হয়, আর সমগৃহে অর্দ্ধবল এবং শত্রুগৃহেস্থিত হইলে একপাদমাত্র বল হইয়া থাকে।

গৃহস্ফুটমতে বলং যথা।

গ্রহবীর্য্যং বিষা যস্মাৎ জ্ঞায়তে ন দশাক্রমঃ।
তস্মাদানয়নং তস্য ষড়বলস্য বদাম্যহং॥

"গ্রহবল জানিতে না পারিলে দশাপ্রভৃতি কিছুই জানিতে পারা যায় না; অতএব গ্রহগণের ষড় বল আনয়ন বলিতেছি।"

মূলত্রিকোণে বাণাব্ধী তদর্দ্ধমধিমিত্রকে।
স্বগৃহে স্যাদ্বলং ত্রিংশত্তদর্দ্ধং মিত্রমন্দিরে।

তদর্দ্ধং সমরাশৌ স্যাতদর্দ্ধং শত্রুমন্দিরে।
তদর্দ্ধমধিশত্রৌ স্যাদ্‌গ্রাহ্যং তৎসপ্তবর্গজং॥

গ্রহগণ মূলত্রিকোণে থাকিলে ত্রিপাদবলী হন, অধিমিত্রগৃহে ত্রিপাদের অৰ্দ্ধবল থাকে। স্বগৃহে সংপূর্ণ বলের অর্দ্ধ. থাকিবে এবং মিত্রগৃহে তদর্দ্ধ (পাদ) বল, সমগৃহে পাদার্দ্ধবল শত্রুগৃহে পাদপাদ বল এবং অধিশত্রুগৃহে তাহার অৰ্দ্ধকাল হইয়া থাকে। এই সপ্তবর্গজ বল বিবেচনা করিতে হইবে।

যুগ্মভাংশগতৌ চন্দ্রশুক্রৌ বাণেন্দুবীর্য্যদৌ।
অযুগ্মভাংশগাঅন্যে তাবন্ত এব বীর্য্যদাঃ॥

সমরাশিস্থ চন্দ্র ও শুক্র পাদবলী হন, আর বিষমরাশিস্থ অন্য সকল গ্রহ ও পাদবলী হইয়া থাকেন।

আদিমধ্যান্তরামাংশৈঃ পুংষণ্ডস্ত্রীগ্রহাঽপি।
কেন্দ্রাদিস্থগ্রহস্যৌজঃ ষষ্টিত্রিংশত্তিথিক্রমাৎ॥

রাশিকে তিনভাগ করিয়া প্রথমদ্রেক্কাণে পুংগ্রহ সূর্য্য, মঙ্গল ও বৃহস্পতি পূর্ণবলী; মধ্যদ্রেক্কাণে ষণ্ডগ্রহ বুধ ও শনি অৰ্দ্ধবলী এবং অন্ত-দ্রেক্কাণে স্ত্রীগ্রহ চন্দ্র ও শুক্র পাদবলী হইয়া থাকেন। কেন্দ্রাদিস্থিত গ্রহেরও ঐ রূপ জানিবা।

সুনীচগেঽস্তগেঽপিবা রিপোর্গেহে স্থিতেঽথ বা।
সমস্তমঙ্গলাবৃতং বৃথাফলং প্রকীর্ত্তিতং॥

গ্রহগণ সুনীচাংশস্থিত কি অস্তগামী অথবা অরিগৃহস্থিত থাকিলে অন্যরূপে শুভ হইলেও সে সমস্ত ফল বৃথা হইয়া থাকে।

মূলত্রিকোণং।

সিংহোবৃষশ্চ মেষশ্চ কন্যা ধন্বী ধটোঘটঃ।
অর্কাদীনাং ত্রিকোণানি মূলানি রাশয়ঃ ক্রমাৎ॥

রবি প্রভৃতির মূলত্রিকোণ কথিত হইতেছে। রবির সিংহরাশি

চন্দ্রের বৃষরাশি, মঙ্গলের মেষরাশি, বুধের কন্যারাশি, বৃহস্পতির ধনুরাশি, শুক্রের তুলারাশি এবং শনির কুম্ভরাশি মূলত্রিকোণ বলিয়া কথিত হয়।

রবিভৌমজীবভার্গবশনৈশ্চরাণাং ত্রিকোণভাগাঃ স্যুঃ।
নখরবিদিক্তিথিনখরা জ্ঞেন্দ্বোর্দ্দিগ্ ভাংশকাঃ সূচ্চাৎ॥

রব্যাদি সপ্তগ্রহের সিংহাদি সপ্তরাশি মূলত্রিকোণ হইলেও সিংহ-রাশির বিংশতি অংশ রবির, মেষরাশির দ্বাদশাংশ মঙ্গলের, ধনুরাশির দশাংশ বৃহস্পতির, তুলারাশির পঞ্চদশাংশ শুক্রের এবং কুম্ভরাশির বিংশতি অংশ শনির মূলত্রিকোণাংশ হইবে; বুধ ও চন্দ্রের বিশেষ এই বুধের স্বচ্চাংশের পর দশাংশ ও চন্দ্রের স্বচ্চাংশের পর সপ্তবিংশতি অংশ মূলত্রিকোণ হয়।

তুঙ্গাঃ।

সূর্য্যাদ্যুচ্চান ক্রিয়বৃষমৃগস্ত্রীকুলীরান্ত্যযুকে
দিগ্ বহ্নীন্দ্রদ্বয়তিথিশরান্ সপ্তবিংশাংশ্চ বিংশান্।
অংশানেতান্ বদতি যবনশ্চান্ত্যতুঙ্গান্ স্বতুঙ্গান্
তানেবাংশান্ মদনভবনেষ্বাহ নীচান স্বনীচান্॥

মেষাদি সপ্তরাশির দশমাদি অংশকে সূর্য্যাদি সপ্তরাশির উচ্চ ও পরমোচ্চ স্থান বলিয়া যবনমুনি বলিয়াছেন। দশমাদি অংশের শেষাংশই স্বতুঙ্গ বলিয়া অভিহিত। ক্রমে কথিত হইতেছে যথা, মেষরাশির দশাংশ রবির উচ্চস্থান আর দশাংশের চরমাংশ (দশমাংশ) পরমোচ্চস্থান। বৃষরাশির তিন অংশ চন্দ্রের উচ্চস্থান এবং তৃতীয়াংশ অর্থাৎ শেষাংশ পরমোচ্চ বা স্বচ্চস্থান। মকররাশির অষ্টাবিংশতি অংশ মঙ্গলের উচ্চস্থান ও অষ্টাবিংশতি অংশের শেষাংশ পরমোচ্চ স্থান। কন্যারাশির পঞ্চদশাংশ বুধের উচ্চস্থান এবং পঞ্চদশাংশের চরমাংশ স্বচ্চস্থান। কর্কটরাশির পঞ্চাংশ বৃহস্পতির উচ্চস্থান এবং পঞ্চমাংশ পরমোচ্চস্থান। মীনরাশির সপ্তবিংশতি অংশ শুক্রের উচ্চস্থান ও সপ্তবিংশতি অংশের শেষাংশ স্বচ্চস্থান। তুলারাশির বিংশাংশ শনির উচ্চস্থান এবং বিংশতি অংশের

চরমাংশ পরমোচ্চস্থান। আর মেষাদি সপ্ত রাশির সপ্তম রাশির দশমাদি অংশকে রব্যাদি সপ্তগ্রহের অস্ত নীচ ও সুনীচ বলা যায়।

অর্থাৎ মেষরাশির সপ্তম তুলারাশি তাহার দশাংশ রবির নীচ স্থান এবং দশমাংশ সুনীচ স্থান। বৃষরাশির সপ্তম বৃশ্চিক রাশির তিন অংশ চন্দ্রের নীচস্থান ও তৃতীয়াংশ সুনীচ স্থান বা পরমনীচ স্থান। মকররাশির সপ্তম কর্কট তাহার অষ্টাবিংশতি অংশ মঙ্গলের নীচ স্থান এবং অষ্টা-বিংশতি অংশের চরমাংশ পরম নীচ স্থান। কন্যারাশির সপ্তম মীন তাহার পঞ্চদশাংশ বুধের নীচ স্থান ও পঞ্চদশাংশের শেষাংশ সুনীচস্থান। কর্কট রাশির সপ্তম মকরের পঞ্চাংশ বৃহস্পতির নীচস্থান এবং পঞ্চমাংশ পরমনীচ স্থান। মীনের সপ্তম কন্যারাশির সপ্তবিংশতি অংশ শুক্রের নীচস্থান ও সপ্তবিংশতি অংশের শেষাংশ সুনীচ স্থান। তুলারাশির সপ্তম মেষরাশি তাহার বিংশতি অংশ শনির নীচস্থান এবং বিংশতি অংশের চরমাংশ পরম নীচ স্থান। এই সকল অংশভাগ ত্রিংশাংশ করিয়া লইতে হইবে।

মেষোবৃষোমৃগঃ কন্যা কর্কিমীনতুলাধরাঃ।
ভাস্করাদের্ভবন্ত্যুচ্চারাশয়ঃ ক্রমশস্ত্বিমে॥

বচনান্তরে উচ্চসংজ্ঞা যথা;—মেষ, বৃষ, মকর, কন্যা, কর্কট, মীন ও তুলারাশি যথাক্রমে রবি চন্দ্র মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র ও শনিগ্রহের উচ্চস্থান হয়।

ত্রিংশদ্ভাগে দিশোরামা অষ্টাবিংশস্তিথিস্তথা।
পঞ্চ বৈ সপ্তবিংশশ্চ বিংশত্তিঃ সূচ্চসংজ্ঞকাঃ॥

রাশিকে ত্রিংশৎভাগ করিয়া দশমভাগ, তৃতীয়ভাগ, অষ্টাবিংশতি-ভাগ, পঞ্চদশভাগ, পঞ্চমভাগ সপ্তবিংশতিভাগ ও বিংশতিভাগ রবি-প্রভৃতি সপ্তগ্রহের সুচ্চস্থান জানিবে।

সূচ্চাচ্চ সপ্তমং নীচং প্রাগ্‌বদ্‌ভাগৈর্ব্বিনির্দ্দিশেৎ।
উচ্চাস্তং সূচ্চসংজ্ঞঃ স্যান্নীচান্তস্তু সুনীচকঃ

পূর্ব্বোক্ত দশমাদিভাগক্রমে উচ্চ ও তাহার সপ্তমরাশিকে নীচস্থান

জানিবে, আর উচ্চাংশের শেষাংশের নাম সুচ্চ এবং নীচাংশের চরমাংশের নাম সুনীচ।

বিশেষমাহ।

দশাংশকে রবির্ম্মেষে ত্র্যংশে চ চন্দ্রমাবৃষে।
অষ্টাবিংশত্যংশকে তু মকরে ভুমিনন্দনঃ।
বুধঃ স্ত্রিয়াং তিথের্ম্মানে পঞ্চাংশে কর্কটে গুরুঃ।
সপ্তবিংশত্যংশকে তু ভৃগুর্মীনে উদাহৃতঃ।
বিংশত্যংশে শনির্যুকে সুতুঙ্গস্তুঙ্গসংজ্ঞকঃ।
সপ্তমে তু পুনঃ সর্ব্বে সুনীচনীচসংজ্ঞকাঃ॥

গ্রহদিগের সুতুঙ্গ, তুঙ্গ, সুনীচ ও নীচ সংজ্ঞা বিশেষরূপে কথিত হইতেছে,—রবি মেষের দশাংশে, চন্দ্র বৃষের তিন অংশে, মঙ্গল মকরের অষ্টাবিংশতি অংশে, বুধ কন্যার পঞ্চদশ অংশে, বৃহস্পতি কর্কটের পঞ্চাংশে, শুক্র মীনের সপ্তবিংশতি অংশে এবং শনৈশ্চর তুলার বিংশতি অংশে সুতুঙ্গ ও তুঙ্গ হইয়া থাকেন। আর ঐ সকল রাশির সপ্তমস্থানে উক্তরূপ অংশে রব্যাদি সপ্তগ্রহ সুনীচ ও নীচ সংজ্ঞাতে অভিহিত হন।

ইতি তুঙ্গকথনং।

রাহোঃ ফলং।

মৃগপতিবৃষকন্যাকর্কটস্থে চ রাহৌ
ভবতি বিপুললক্ষ্মীরাজরাজোধনেশঃ।
হয়গজমরনৌকামেদিনীমণ্ডলেশঃ
রিপুগণতৃণবহ্নীরাহুভুঙ্গে চিরায়ুঃ॥

বালকের জন্মকালীন রাহুগ্রহ যদি সিংহরাশিতে, বৃষরাশিতে কন্যা-রাশিতে কি কর্কটরাশিতে থাকেন, তবে সেই বালকের বিপুললক্ষ্মী হয় এবং সেই ব্যক্তি রাজরাজেশ্বর ও ধনাধিপতি হইয়া থাকে। বিশেষতঃ ঘোড়া হস্তি প্রজা ও নৌকা প্রভৃতি তাহার অধীনে থাকে ও পৃথিবীর

অধীশ্বর হয় এবং শত্রুরূপ তৃণসমূহকে অগ্নির ন্যায় ভস্ম করে, আর রাহু তুঙ্গ হইলে সেই ব্যক্তি দীর্ঘায়ু হইয়া থাকে।

তুঙ্গফলং।

বিভর্ত্তি ধবলং ছত্রং শতানাং পোষকঃ সুধীঃ।
জিতারিঃ সভবেত্তুঙ্গী যস্য কোষ্ঠাৎ দিবাকরঃ ॥১

যাহার জন্মসময়ে সূর্য্যগ্রহ তুঙ্গী হন, সেই ব্যক্তি ধবলছত্র ধারণ করে আর শতলোকের প্রতিপালক, পণ্ডিত এবং শত্রুজয়ী হইয়া থাকে।

চন্দ্রস্তুঙ্গী ভবেদ্‌যস্য সর্ব্বসম্পৎসমন্বিতঃ।
সর্ব্বযামে বিলাসী স্যাৎ সুখসিন্ধুসুধাকরঃ ॥ ২ ॥

যে ব্যক্তির জন্মকালে চন্দ্র তুঙ্গী হন, তাহার সমস্ত সম্পৎ অটল থাকে, আর সেই ব্যক্তি সর্ব্বদা বিলাসী ও সুখসাগরে চন্দ্র তুল্য দীপ্তি পায়।

কুজস্তুঙ্গী ভবেদ্‌যস্য সভবেদ্ধরণীপতিঃ।
নানাধনসুখৈর্যুক্তঃ প্রতাপী প্রতিভাববান্ ॥ ৩

মঙ্গল যাহার তুঙ্গী সেই ব্যক্তি পৃথিবীপতি হয় এবং নানা ধনযুক্ত সুখী ও প্রতাপান্বিত হইয়া থাকে।

অন্যচ্চ—অশ্বোষ্ট্রনৌকুঞ্জরবাহনাঢ্যস্তুঙ্গে মহীজে নৃপতেঃ সমানঃ ॥৪

মঙ্গলতুঙ্গের ফল বচনান্তরে কথিত হইতেছে। যে ব্যক্তির জন্মসময়ে মঙ্গলগ্রহ তুঙ্গী হন, তিনি অশ্ব উষ্ট্র নৌকা ও হস্তী সংযুক্ত হইয়া রাজার তুল্য হন।

বুধস্তুঙ্গী ভবেদ্‌যস্য স ভবেন্নৃপবল্লভঃ।
সুস্থিরঃ সুমতিশ্চৈব পাঠকশ্ছত্রভাক্ ক্ষিতৌ ॥ ৫

জন্মসময়ে বুধগ্রহ যদি তুঙ্গী হন, তবে জাতব্যক্তি নৃপশ্রেষ্ঠ, সুস্থির, সুবুদ্ধিমান্ পাঠশীল ও পৃথিবীতে ছত্রধারী নৃপতি হন।

গুরুস্তুঙ্গী ভবেদ্‌যস্য সভঙ্গী ন ভবেৎ কিলঃ।
কুলপ্রদীপঃ সুখভাক্‌শান্তঃ সর্ব্বগুণান্বিতঃ ॥ ৬

বৃহস্পতি তুঙ্গী হইলে জাতক কোন কার্য্যেই পরাঙ্মুখ হয় না, বিশেষতঃ ঐ ব্যক্তি কুলোজ্জ্বলকারী, সুখী, শান্ত ও সর্ব্বগুণযুক্ত হইয়া থাকে।

যস্য কুষ্ঠ্যাং ভৃগুস্তুঙ্গী সর্ব্বজ্ঞঃ সর্ব্বকর্ম্মণি।
দ্বিজানাং ভরণৈ যত্নী লোকানাং জলমুক্ যথা ॥ ৭ ॥

জন্মসময়ে শুক্র তুঙ্গী হইলে জাতব্যক্তি সকল কার্য্যই পরিজ্ঞাত থাকে, এবং মেঘ যেমন বর্ষণদ্বারা লোকের হিতসাধন করে উক্ত ব্যক্তিও সেইরূপ দ্বিজাতিগণকে পোষণ দ্বারা সুখী করিয়া থাকে।

শান্তঃ সর্ব্বগুণান্বিতঃ শুভতনুঃ শুদ্ধঃ সুখী সুন্দরঃ।
যোগ্যঃ সদ্ভবনে দয়ালুমতিমান্ মানী মনজ্ঞোমহান্।
তুঙ্গী যস্য শনৈশ্চরঃ (৮) কিমথ বা কেতুদ গমোবা ভবেৎ
জিত্বা শত্রুসমৃদ্ধিযস্য জগতঃ কেতুপ্রতাপী নরঃ ॥ ৯

শনৈশ্চর তুঙ্গী হইলে জাতব্যক্তি শান্তপ্রকৃতি, সর্ব্বগুণযুক্ত, সুন্দরাঙ্গ, শুদ্ধাত্মা, সুখী, সুন্দর সৎভবনের যোগ্য, দয়াবান্, মানী ও অতিশয় মনোজ্ঞ হইয়া থাকে। আর কেতু তুঙ্গী হইলে শত্রুজয় করিয়া সম্পত্তিশালী ও কেতু সদৃশ প্রতাপশালী হইয়া থাকে।

খনাবাক্যং।

অন্যচ্চ—মেষে থাকে দিনকর, সোনারূপায় ভরায় ঘর।
বৃষে যদি থাকে চাঁদ, জলের মধ্যে পাতে ফাঁদ।
বৃষে চাঁদ তায় বেদ বাখানে, বিনা পড়ায় আখর চিনে।

ইত্যাদি।

ইতি তুঙ্গফলং সম্পূর্ণং।

স্ত্রীকোষ্ঠীফলং।

পুরুষস্য ফলং যাদৃকস্ত্রিয়াএব ফলস্তথা।
বিশেষ বচনং যদ্যত্তদিদানীং নিগদ্যতে ॥

পুরুষের জাতক সম্বন্ধে যে সকল ফল বর্ণিত হইয়াছে। স্ত্রীদিগের

প্রায় সেইরূপ ফল হয়; কিন্তু স্ত্রী সম্বন্ধে বিশেষ যে সকল বচন আছে তাহা বিবৃত হইতেছে।

স্ত্রীপুংসোর্জ্জন্মফলং তুল্যং কিন্ত্বত্র চন্দ্রলগ্নস্থং।
তদ্বলযোগাদ্বপুরাকৃতিশ্চ সৌভাগ্যমস্তময়ে চ॥

স্ত্রী ও পুরুষের জন্ম ফল তুল্য, কিন্তু চন্দ্র ও লগ্নের বলাবল অর্থাৎ উভয়ের মধ্যে যাহার বল অধিক তদনুসারে স্ত্রীর শরীরের রূপ ও শীলাদি জ্ঞাত হইবে। আর সপ্তমস্থানে সৌভাগ্য ও পতির চিন্তা করিবে।

বাল্যে বিধবা ভৌমে পতিসংত্যক্তা দিবাকরেঽস্তস্থে।
সৌরে পাপদৃষ্টে কন্যৈব জরাংসমুপযাতি॥

এক্ষণে বৈধব্যাদিযোগ কথিত হইতেছে। মঙ্গল যদি লগ্নাপেক্ষায় সপ্তমস্থানে থাকেন, তবে সেই স্ত্রী বাল্যকালেই বিধবা হয়। আর রবি সপ্তমস্থানে থাকিলে পতি কর্ত্তৃক পরিত্যক্তা হয়, এবং পাপগ্রহ কর্তৃক যদি সপ্তমস্থ শনৈশ্চর দৃষ্ট হন, তাহা হইলে অবিবাহিতাবস্থাতেই জরা প্রাপ্ত হইয়া থাকে।

বৈধব্যজ্ঞানং।

লগ্নচন্দ্রোঽষ্টমগতাঃ কুজসূরশনৈশ্চরাঃ।
সপ্তমে ভুমিপুত্রশ্চ কন্যাবৈধব্যলক্ষণং॥

লগ্ন কি চন্দ্রের অষ্টমস্থানে মঙ্গল রবি অথবা শনি এবং সপ্তমস্থানে মঙ্গল থাকিলে কন্যা বিধবা হয়।

লগ্নে দ্বিপাপোযস্যাস্তু ত্রিপাপোযদি বা ভবেৎ।
পতিনাশকরোযোগোযদি গৌরিসমাপি সা॥

যে স্ত্রীর জাতলগ্নে দুইটি কি তিনটী পাপগ্রহ বাস করেন সে গৌরী-তুল্যা হইলেও অবশ্যই পতিহীনা হইবে।

ক্রূরৈরস্তে বিধবা ভবতি পুনর্ভূঃ শুভাশুভৈর্নারী।
ক্রূরেঽষ্টমে চ বিধবা স্যাৎ সৎস্বর্থে সা স্বয়ং ম্রিয়তে॥

স্ত্রীর জন্মসময়ে পাপগ্রহ সপ্তমস্থ হইলে বিধবা হয়। আর শুভাশুভ গ্রহ সপ্তমস্থানে যুক্ত হইলে দুইবার বিবাহিতা হয়। অষ্টমস্থানে পাপগ্রহ থাকিলেও বিধবা হইয়া থাকে; কিন্তু অষ্টমস্থ পাপগ্রহ হইয়া যদি দ্বিতীয় স্থানে শুভগ্রহ থাকে, তবে সেই কন্যা বিধবা না হইয়া স্বয়ং মৃত্যুলাভ করে।

শুভাশুভং।

ওজোলগ্নেন্দোঃ স্ত্রী দুঃশীলা শীলযুতা যুগ্মে।
শূন্যেঽবলে কদর্য্যঃ পতিশ্চরেঽস্তে প্রবাসী স্যাৎ॥

বিষম রাশিতে লগ্ন হইলে কি চন্দ্র থাকিলে স্ত্রী দুঃশীলা ও পুরুষ-প্রকৃতি হয়; আর সমরাশিতে লগ্ন হইলে কি চন্দ্র থাকিলে স্ত্রী সুশীলা হইয়া থাকে এবং শুভগ্রহযুক্ত হইলে গুণবতী ও পাপগ্রহযুক্ত হইলে নির্গুণা হয়। আর সপ্তমস্থানে গ্রহশূন্য কি বল রহিত হইলে পতি গুণ-হীন হয় এবং সপ্তমস্থান চররাশি হইলে পতি প্রবাসী হইয়া থাকে।

বেশ্যাদিযোগঃ।

কামার্ত্তা বিধবা কুলক্ষয়করী পাপদ্বয়ে চাস্তগে।
বেশ্যা স্বামিবধং করোতি কুলটা পাপত্রয়ে চাস্তগে॥

জন্মকালে সপ্তমস্থানে পাপগ্রহ দুইটি থাকিলে সেই স্ত্রী কামপীড়িতা, বিধবা ও কুলক্ষয়কারিণী হয়, আর সপ্তমস্থানে পাপত্রয় অবস্থিত হইলে রমণী কুলটা বেশ্যা হইয়া স্বীয় পতিকে বধ করে।

সূর্য্যাচ্চ দ্বাদশস্থানং যদি চন্দ্রো ন পশ্যতি।
তদা বেশ্যা সমাখ্যাতা জ্যোতির্জ্ঞৈরিতি সম্মতা॥

সূর্য্য হইতে দ্বাদশরাশিতে যদি চন্দ্রের দৃষ্টি না থাকে তবে জাত বালিকা বেশ্যা হয়; জ্যোতির্ব্বিদগণ এইরূপ বলিয়া থাকেন।

বন্ধ্যাযোগঃ।

লগ্নে মকরসংপ্রাপ্তে কুম্ভে বা শুভবর্জ্জিতে।
শক্রদৃষ্টে যুতে বাপি বন্ধ্যা ভবতি সর্ব্বথা॥

যে রমণীর জন্ম সময়ে মকর কি কুম্ভ লগ্ন হয় এবং শুভগ্রহের সহিত যদি উক্ত লগ্নের সম্বন্ধ না থাকিয়া শক্র দৃষ্ট কি যুক্ত হয় ; তবে সেই স্ত্রী সর্ব্বথাই বন্ধ্যা হইবে।

সুতস্থানে দ্বিপাপে তু ত্রিপাপে পাপবেশ্মান।
উভৌ স্ত্রীপুরুষৌ বন্ধ্যৌ বিজ্ঞেয়ৌ ক্রুরবীক্ষিতৌ॥

লগ্নের পঞ্চমস্থানে দুইটি কি তিনটি পাপগ্রহ থাকিলে অথবা পঞ্চম স্থান পাপগ্রহের ক্ষেত্র হইলে তাহাতে যদি পাপগ্রহের দৃষ্টি থাকে, তবে স্ত্রী ও পুরুষ উভয়েই বন্ধ্যাত্ব প্রাপ্ত হয়।

দ্যূনপোমৃত্যুপশ্চৈব স্বাবীশাবেকসংস্থিতৌ।
দ্রেক্কাণে চৈব একস্মিন্ ম্রিয়তে পতিনা সহ॥

সপ্তমস্থানের অধিপতি ও অষ্টম স্থানের অধিপতি একরাশিতে ও এক দ্রেক্কাণে বাস করিলে সেই স্ত্রীর পতির সহিত মৃত্যু হয়।

চন্দ্রাৎ সপ্তমগঃ পাপোযস্যাঃ শুভযুতোভবেৎ।
শক্রনীচগৃহস্থোবা ম্রিয়তে পতিনা সহ॥

জন্মচন্দ্রের সপ্তম রাশিতে পাপগ্রহ যদি শুভগ্রহ যুক্ত হয় অথবা ঐ স্থান যদি শক্রগৃহ কি নীচগৃহ হয় তবে জাতস্ত্রী পতির সহিত যমালয়ে গমন করিবে।

দ্ব্যাত্মকং নিধনং যস্যাগ্রহযুগ্মযুতঞ্চ বা।
সহমৃত্যুং ব্রজেদেব নার্য্যপি ব্যভিচারিণী॥

যে স্ত্রীর মৃত্যুস্থান দ্ব্যাত্মকরাশি এবং তাহাতে দুইটি গ্রহ যদি থাকে, তবে সেই স্ত্রী ব্যভিচারিণী হইলেও তাহার সহমরণ ঘটিবে।

লগ্নপোমৃত্যুপোস্বৌ তু লগ্নে স্যাতামুভৌ যদি।
তয়োর্দ্রেক্কাণ একস্মিন্ ম্রিয়তে পতিনা সহ॥

লগ্নাধিপতি ও অষ্টমস্থানের অধিপতি যদি জন্মলগ্নে একদ্রেক্কাণে বাস করেন, তবে জাতস্ত্রী পতির সহ যমসদনে যাইবে।

স্ত্রীণাং রাজযোগঃ।

কেন্দ্রেঽথ সৌম্যাঽপি পৃষ্ঠভাজঃ * পাপাঃ কলত্রে চ মনুষ্যরাশৌ
রাজ্ঞী ভবেৎ স্ত্রী বহুকোষযুক্তা নিত্যং প্রশস্তা বহুপুত্রিণী চ ॥

এক্ষণে স্ত্রীদিগের রাজযোগ বর্ণিত হইতেছে যথা,—লগ্নের কেন্দ্রস্থানে যদি শুভগ্রহ (শুক্র চন্দ্র ও বুধ) অবস্থিতি করেন, আর সপ্তমস্থান মনুষ্য-রাশি হইয়া তাহাতে যদি পাপগ্রহ বাস করেন, তবে সেই স্ত্রী রাজ্ঞী, বহুধনাধিকারিণী, জনসমাজে প্রশস্তা ও বহুপুত্রবতী হইয়া থাকে।

বুধোবিলগ্নে যদি তুঙ্গসংস্থোলাভস্থিতোদেবপুরোহিতশ্চ।
নরেন্দ্রপত্নী প্রথিতা সুসাধ্বী তদা প্রসিদ্ধা ভবতীহ ভূমৌ ॥

জন্মকালে বুধগ্রহ তুঙ্গী হইয়া যদি লগ্নস্থ হন, আর বৃহস্পতি যদি একাদশস্থানে বাস করেন, তবে জাতস্ত্রী রাজপত্নী হইয়া ভুমণ্ডলে সাধ্বী রূপে বিখ্যাতা হয়।

একোঽপি জীবোযদি বর্গ (১) শুদ্ধঃ কেন্দ্রে যদা পঞ্চনিরীক্ষিতশ্চ।
রাজ্ঞী ভবেৎ স্ত্রী সধনা সপুত্রা রূপান্বিতা পীননিতম্বিনী চ ॥

বৃহস্পতি যদি ক্ষেত্রহোরা প্রভৃতি ষড়বর্গের মধ্যে যে কোন বর্গের অধিপতি হন, আর কেন্দ্রস্থান যদি পঞ্চগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হয়, তবে জাত-রমণী রাজ্ঞী, ধনবতী ও পুত্রান্বিতা এবং স্থূলনিতম্বযুক্তা হইয়া থাকেন।

কর্কোদয়ে সপ্তমগে পতঙ্গে (২).জীবেন দৃষ্টে পরিপূর্ণদেহা।
বিদ্যাধরী চাত্র ভবেৎ প্রবীণা রাজ্ঞী গতারী ন হি পুত্রহীনা॥

কর্কটলগ্নে সপ্তমস্থ রবি যদি বৃহস্পতি কর্ত্তৃক দৃষ্ট হন, তাহা হইলে জাতস্ত্রী পূর্ণ অবয়বা, বিদ্যাধরীতুল্যা, প্রবীণা, রাজপত্নী ও শত্রুহীনা হইয়া থাকেন, এবং তাহার পুত্রশোক পাইতে হয় না।

---

* পৃষ্ঠভাজঃ শুক্রচন্দ্রবুধাঃ।

১। বর্গাস্তু ক্ষেত্রহোরাদয়ঃ। বর্গশুদ্ধোযদি ক্ষেত্রাদীনামেকতমাধি-কারীত্যর্থঃ।

২। পতঙ্গঃ সূর্য্যঃ।

ষড়্বর্গশুদ্ধৈস্ত্রিভিরেব রাজ্ঞী চতুর্ভিরন্যৈশ্চ তথৈব পত্নী।
পঞ্চাদিভির্দ্দেববিমানভাজা ত্রৈলোক্যনাথপ্রমদা তদা স্যাৎ॥

ষড়্বর্গমধ্যে ত্রিবর্গ শুদ্ধ থাকিলে রাজপত্নী হয়, চতুর্ব্বর্গশুদ্ধ হইলে রত্নাদিধনের অধিশ্বরী ও রাজমহিষী হইয়া থাকে। পঞ্চবর্গ যদি শুদ্ধ থাকে তাহা হইলে ত্রৈলোক্যনাথের প্রিয়তমা হইয়া দেবযানে আরোহণ করে; আর ষড়্বর্গ শুদ্ধ থাকিলে উক্ত সমুদয় ফলভোগ করিয়া থাকে।

লাভস্থিতঃ শীতকরোভৃগুশ্চ কলত্রগঃ সোমসুতেন যুক্তঃ।
জীবেন দৃষ্টোভবতীহ রাজ্ঞী খ্যাতা ধরায়াং সকলৈঃ স্তুতা চ॥

জন্ম সময়ে চন্দ্র যদি একাদশস্থানে থাকেন, আর সপ্তমস্থানে শুক্র বুধযুক্ত থাকিয়া যদি বৃহস্পতি কর্ত্তৃক দৃষ্ট হন, তবে জাতস্ত্রী রাজপত্নী হইয়া পৃথিবীতে খ্যাতাপন্না ও পূজনীয়া হইয়া থাকেন।

স্ত্রীণাং হোরাফলং।

শ্যামাঙ্গী মৃগলোচনা পটুমৃদুস্নিগ্ধা বিদগ্ধং কৃশা
নানালঙ্করণা বিশুদ্ধচরিতা ভূয়োভবেদ্‌বাগ্মিনী॥

অধুনা হোরাফল কথিত হইতেছে,—রবির হোরাতে কন্যা জন্মিলে সেই কন্যা শ্যামবর্ণা, কুরঙ্গনয়না, চতুরা, ধীরা, স্নেহযুক্তা, নিপুণা, কৃশাঙ্গিনী, নানা আভরণা নির্ম্মলচরিত্রা ও বাকদুকা হইয়া থাকে।

হোরায়াং শশিনঃ শশাঙ্কবদনা মন্দোদরী সুস্বরী।
প্রাজ্ঞী সত্যপরায়ণা সুতবতী সা জীবপত্নী ধ্রুবং॥

চন্দ্রের হোরাতে জন্মগ্রহণ করিলে জাতস্ত্রী চন্দ্রবদনা, মন্দোদরী, মিষ্টভাষিণী, স্বয়ং জ্ঞাত্রী, সত্যপরায়ণা, পুত্রবতী ও জীবপত্নী হয়।

স্ত্রীণাং তন্বাদিফলমাহ ব্যাসঃ।

লগ্নগেহর্কে চ মৃত্যুঃ স্যাদ্ধনহানির্দ্বিতীয়গে।
দুশ্চিক্যে চার্থবৃদ্ধিঃ স্যাদ্বন্ধুনাশশ্চতুর্থগে।
সুতনাশঃ সুতস্থে স্যাদ্‌ভর্ত্তৃনাশস্তথারিগে।

যামিত্রস্থে চ বৈধব্যমায়ুর্ব্বৃদ্ধিস্তথাষ্টমে।
ধর্ম্মগে ধর্ম্মহানিঃ স্যাৎ কর্ম্মগেঽর্কে বিশীলতা।
লাভঃ স্যাদায়গে ভানৌ ব্যয়োদ্বাদশগে ভবেৎ॥

অধুনা স্ত্রীদিগের তন্বাদিফল কথিত হইতেছে—লগ্নে রবি থাকিলে মৃত্যু, দ্বিতীয়ে ধনহানি, তৃতীয়ে অর্থবৃদ্ধি, চতুর্থে বন্ধুনাশ, পঞ্চমে পুত্র হানি, ষষ্ঠে পতিনাশ, সপ্তমে বৈধব্য, অষ্টমে আয়ুর্বৃদ্ধি, নবমে ধর্ম্মহানি, দশমে দুঃশীলতা, একাদশে আয় এবং দ্বাদশস্থানে রবি থাকিলে ব্যয় হয়।

চন্দ্রে চ লগ্নগে মৃত্যুর্দ্বিতীয়ে ধনিনী ভবেৎ।
তৃতীয়ে শুভগা সাধ্বী চতুর্থে বন্ধুঘাতিনী।
সুতস্থে কন্যকামাতা ষষ্ঠে মৃত্যুমবাপ্নুয়াৎ।
জায়াস্থে চ সপত্নী স্যান্মৃত্যৌ মৃত্যুমবাপ্নুয়াৎ।
কন্যকাজননী ধর্ম্মে কর্ম্মস্থে কর্ম্মিণী ভবেৎ।
ভর্ত্তুঃ প্রিয়ানুরক্তা চ শশিন্যেকাদশে ভবেৎ।
ব্যয়িনী দ্বাদশস্থে স্যাদিতি ব্যাসোমুনির্জ্জগৌ॥

চন্দ্র লগ্নস্থ হইলে জাতস্ত্রীর মৃত্যু হয়। দ্বিতীয়ে ধনবতী, তৃতীয়ে সুভগা ও সাধ্বী, চতুর্থে বন্ধুঘাতিনী, পঞ্চমে কন্যাজননী, ষষ্ঠে মৃত্যু, সপ্তমে সপত্নীযুক্তা, অষ্টমে মৃত্যু, নবমে কন্যাপ্রসবিনী, দশমে কর্ম্মশীলা, একাদশে পতিপ্রিয়া ও অনুরক্তা এবং দ্বাদশে চন্দ্র থাকিলে ব্যয়শীলা হয়।

বৈধব্যং লগ্নগে ভৌমে কন্যা মৃত্যুমবাপ্নুয়াৎ।
অগ্নিচৌরভয়ার্ত্তা স্যাদ্দ্বিতীয়স্থে ধরাসুতে।
তৃতীয়স্থেঽর্থসম্পন্না বন্ধুদুষ্টা চতুর্থগে।
পুত্রহীনা সুতস্থে স্যাদরিগে সুতদায়িনী।
সপ্তমে চ মহীপুত্রে পুংশ্চলী খলু সংগতা।
অন্যশ্রুতিং ধরাপুত্রে মৃত্যুস্থে কন্যকাপ্নুয়াৎ।
নবমে ভর্ত্তৃনিশ্চেষ্টা দশমে কুহকপ্রিয়া।

ধনান্বিতা ভবত্যায়ে নষ্টস্বা ব্যয়গে ভবেৎ॥

জন্মকালে মঙ্গল লগ্নস্থ হইলে জাতস্ত্রী বিধবা হইয়া যমালয়ে গমন করে। দ্বিতীয়ে অগ্নি ও তস্করে ভীতা, তৃতীয়ে অর্থশালিনী, চতুর্থে বন্ধুদুষ্টা, পঞ্চমে পুত্রহীনা, ষষ্ঠে পুত্রবতী, সপ্তমে অসতী, অষ্টমে ধর্ম্মভ্রষ্টা, নবমে পতিবিরতা, দশমে কুহকপ্রিয়া, একাদশে ধনযুক্তা ও দ্বাদশে মঙ্গল থাকিলে বিত্ত নষ্ট হয়।

বিলগ্নস্থে চন্দ্রপুত্রে ভবেদ্ভর্ত্তুঃ প্রিয়া সতী।
কুটুম্বসহিতা নিত্যং ধনস্থে সোমনন্দনে।
শ্বশ্রূশ্বশুরয়োঃ পূজ্যা তৃতীয়স্থে শশাঙ্কজে।
চতুর্থগে বন্ধুপূজ্যা সুভগা ধনসংযুতা।
বহুপুত্রা সুতস্থে স্যাদ্ধনশক্রস্তথারিগে।
কষ্টং শ্রেষ্ঠমবাপ্নোতি পুত্রহানিস্তু সপ্তমে।
মৃত্যুস্থে মৃত্যুমাপ্নোতি রোগার্ত্তা দুঃখভাগিনী।
তপোরতা ধর্ম্মগে স্যান্মায়াশীলা চ কর্ম্মগে।
সুতভৃত্যধনোপেতা লাভগে সোমনন্দনে।
কন্যা সদ্ব্যয়সংযুক্তা ব্যয়স্থে চ শশাঙ্কজে॥

'জন্মসময়ে বুধ লগ্নস্থ হইলে সেই কন্যা সতী ও পতিপ্রিয়া হয়। দ্বিতীয়ে কুটুম্বযুক্তা, তৃতীয়ে শ্বশুরশাশুড়ীর আদরণীয়া, চতুর্থে বন্ধুপূজ্যা, সুভগা ও ধনযুক্তা, পঞ্চমে বহুপুত্রিণী, ষষ্ঠে ধনহীনা, সপ্তমে অতি কষ্ট ও পুত্রহানি, অষ্টমে রোগ, দুঃখ ও মৃত্যু, নবমে তপারতা, দশমে মায়াবিনী, একাদশে পুত্র, ভৃত্য ও ধনযুক্তা এবং দ্বাদশে বুধ থাকিলে কন্যা সদ্ব্যয়ানুরক্তা হইয়া থাকে।

গুরৌ লগ্নগতে কন্যা ধর্ম্মশীলা বহুপ্রজা।
সুদীর্ঘমায়ুরাপ্নোতি ধনস্থে ধনিনী ভবেৎ।
অতিপ্রমোদিতা জীবে দুশ্চিক্যস্থে ধনান্বিতা।
স্ববন্ধুবৃদ্ধিরবলা সর্ব্বকামগুণান্বিতা।

সধনা স্যাচ্চতুর্থস্থে পঞ্চমস্থে বহুপ্রজা।
সপত্নীঘাতিনী ষষ্ঠে বন্ধরাগা স্ববেশ্মনি।
বিরূপা দুর্ভগা ভর্ত্তুঃ পূজ্যা নিত্যঞ্চ সপ্তমে।
দুঃখার্ত্তা চাষ্টমে জীবে মরণং যাতি কন্যকা।
নবমে সুভগা সাধ্বী বহুপুত্রা যশস্বিনী।
শুভকর্ম্মণি সংসিদ্ধিং প্রাপ্নোতি দশমে গুরৌ।
বিচিত্রমাল্যাভরণা পুত্রযুক্তা চ কন্যকা।
সুবর্ণমণিবস্ত্রাঢ্যা ভবেদেকাদশে গুরৌ।
ব্যয়স্থানে স্থিতে জীবে ভিন্নপুংসি রতা ভবেৎ॥

জন্মকালে বৃহস্পতি লগ্নে থাকিলে সেই কন্যা ধর্ম্মশীলা ও বহুপুত্রিণী হয় ও দীর্ঘায়ুলাভ করে। দ্বিতীয়ে থাকিলে ধনবতী, তৃতীয়ে প্রমোদিতা ও ধনযুক্তা, চতুর্থে বন্ধুবৃদ্ধি, সর্ব্বকাম ও গুণযুক্তা; পঞ্চমে বহুপুত্রিণী, ষষ্ঠে সপত্নীঘাতিনী, স্বীয় গৃহের প্রতি অনুরাগিণী, কুৎসিতা ও দুর্ভাগ্যান্বিতা, সপ্তমে স্বামীর আদরণীয়া, অষ্টমে দুঃখভাগিনী হইয়া অচিরে যমালয়ে গমন করে। নবমে সুভগা, সাধ্বী, বহুপুত্রা ও যশস্বিনী হয়, দশমে শুভকর্ম্ম সিদ্ধি, একাদশে বিচিত্রমাল্য ও আভরণযুক্তা, সুবর্ণমণি ও বস্ত্রাদির অধিশ্বরী এবং পুত্রবতী হয়, দ্বাদশস্থানে বৃহস্পতি থাকিলে সেই কন্যা পরপুরুষগামিনী হইয়া থাকে।

অযুক্তাভরণা পুত্রযুক্তা লগ্নে ভৃগোঃ সুতে।
প্রভুতগুণযুক্তা স্যাৎ কৃপণা চ ধনাশ্রিতে।
পুংশ্চলী চ ভবেন্নিত্যং কন্যা শুক্রে তৃতীয়গে।
যশসা ভুষিতা কন্যা সুরূপা ধনসংযুতা।
নিত্যং চতুর্থগে শুক্রে পঞ্চমে তু বহুপ্রজা।
মৃত্যুঃ স্ববন্ধুবর্গস্য বৈ বাচ্যঃ ষষ্ঠগে ভৃগৌ।
কুলটা সপ্তমস্থে স্যাদভার্গবে লোকগর্হিতা।

ব্যাধ্যর্দ্দিতা ব্রজেৎ শুক্রে মৃত্যুস্থে যমমন্দিরং।
ভার্গবে নবমস্থে স্যাদ্ধর্ম্মযুক্তা প্রিয়ম্বদা।
সৎকর্ম্মযুক্তা দশমে শুক্রে ভর্ত্তৃহিতে রতাঃ।
বিবিধস্বান্বিতা কন্যা ভবত্যেকাদশে ভৃগৌ।
ব্যয়স্থে ভার্গবে কন্যা ব্যয়শীলা ভবিষ্যতি॥

জন্মসময়ে শুক্র লগ্নস্থ হইলে কন্যা অযুক্ত অলঙ্কারভূষিতা ও পুত্রবতী হয় দ্বিতীয়স্থানে শুক্র থাকিলে বহুগুণযুক্তা ও কৃপণা হইয়া থাকে। তৃতীয়ে শুক্র থাকিলে বেশ্যা, চতুর্থে যশোযুক্তা, সুরূপা ও ধনবতী এবং পঞ্চমে শুক্র থাকিলে বহুপুত্রবতী হয়। ষষ্ঠে শুক্র থাকিলে বন্ধুবর্গের বিনাশ, সপ্তমে দুশ্চারিণী ও অষ্টমে ব্যাধিপীড়িতা হইয়া যমালয়ে গমন করে। শুক্র নবমে স্থিত হইলে ধর্ম্মপরায়ণা ও মিষ্টভাষিণী হয়। দশমে শুক্র থাকিলে সৎকর্ম্মান্বিতা ও পতিহিতসাধনে নিযুক্তা হইয়া থাকে। একাদশে শুক্রস্থিত হইলে কন্যা নানা ধনযুক্তা ও দ্বাদশে থাকিলে ব্যয়শীলা হয়।

সৌরৌ লগ্নগতে কন্যা পুংশ্চলী দুর্ভগা কৃশা।
নির্দ্ধনা কৃপণা দীনা ধনস্থে ভানুজে ভবেৎ।
তৃতীয়স্থেঽর্থসম্পন্না স্বল্পদুঃখা চতুর্থগে।
পুত্রহীনাতিদুঃখার্ত্তা হৃদ্রোগেণ চ পীড়িতা।
পঞ্চমস্থে তথা ষষ্ঠে চা প্রজা হতশাত্রবা।
গর্ভস্রাবার্দ্দিতা নূনং সপ্তমেঽর্কনন্দনে।
অষ্টমস্থেঽর্কপুত্রে স্যান্নিত্যামায়বর্জ্জিতা।
নষ্টধর্ম্মা স্থিতা কন্যা ধর্ম্মস্থে ভানুজে ভবেৎ।
পাপশীলা জনদ্বেষ্ট্রী সৌরিঃ স্যাদ্দশমাশ্রিতঃ।
একাদশেঽর্কপুত্রে স্যাৎ কন্যা সর্ব্বার্থসংযুতা।
মদ্যপানরতা নিত্যং ব্যয়স্থে ভানুজে ভবেৎ॥

শনি জন্মকালে লগ্নে থাকিলে জাতকন্যা বেশ্যা, দুর্ভগা ও কৃশাঙ্গীনি

হয়। দ্বিতীয়ে থাকিলে ধনহীনা, কৃপণা ও দুঃখভাগিনী হইয়া থাকে। তৃতীয়ে শনি থাকিলে অর্থসম্পন্না, চতুর্থে অল্পদুঃখিতা, পঞ্চমে পুত্রহীনা, দুঃখার্ত্তা ও হৃৎরোগ পীড়িতা, ষষ্ঠে বন্ধ্যা ও শক্রহীনা, সপ্তমে গর্ত্তস্রাবজন্য দুঃখিতা, অষ্টমে রোগহীনা, নবমে নষ্টধর্ম্মা, দশমে পাপশীলা ও লোক-দ্বেষিণী একাদশে সর্ব্বার্থসংযুতা এবং দ্বাদশে শনি থাকিলে কন্যা মদ্যপানে আসক্তা হইয়া থাকে।

বৈধব্যং লগ্নগে রাহৌ দ্বিতীয়ে নির্দ্ধনা ভবেৎ।
তৃতীয়স্থে সুপুত্রা স্যাদ্বন্ধুবৈরং চতুর্থগে।
পুত্রে পুত্রবিয়োগার্ত্তা রিপৌ প্রিয়তমপ্রিয়া।
সপ্তমে খলু বৈধব্যং আয়ুর্ব্বৃদ্ধিস্তথাষ্টমে।
কুলটা চ ভবেদ্ধর্ম্মে ক্রব্যাদী চ দ্বিপঞ্চকে।
লাভগে ধনপুত্রার্থা ব্যয়ে চ ব্যয়িনী ভবেৎ॥

জন্মকালে রাহু লগ্নস্থ হইলে কন্যা বিধবা হয়। দ্বিতীয়ে থাকিলে ধন-হীনা, তৃতীয়ে সৎপুত্রান্বিতা, চতুর্থে বন্ধুদ্বেষিণী, পঞ্চমে পুত্রশোকার্ত্তা, ষষ্ঠে পতিপ্রিয়তমা, সপ্তমে পতিহীনা, অষ্টমে দীর্ঘজীবনী, নবমে কুলটা, দশমে রাক্ষসী, একাদশে ধনপুত্রযুক্তা এবং দ্বাদশে ব্যয়শীলা হইয়া থাকে।

কেচিৎ।

অন্তে গুরুর্দ্ধনবতীং দিনকৃদ্দরিদ্রাং
চন্দ্রঃ করোতি ধনিনীং কুলটাঞ্চ রাহুঃ।
সাধ্বীং বুধোভৃগুসুতশ্চ সদা সুপুত্রীং
দানে প্রসন্নহৃদয়াং রবিজঃ কুজশ্চ॥

কেহ কেহ বলেন বৃহস্পতি দ্বাদশে থাকিলে নারীধনবতী, রবি থাকিলে দরিদ্রা চন্দ্রমা থাকিলে ধনযুক্তা, রাহু থাকিলে কুলটা, বুধ থাকিলে সাধ্বী, শুক্র থাকিলে সৎপুত্রযুক্তা এবং শনি ও মঙ্গল দ্বাদশে থাকিলে অতিশয় দানশীলা হইয়া থাকে।

ইতি জাতকচন্দ্রিকায়াং স্ত্রীকোষ্ঠীবিচারঃ তৃতীয়োঽধ্যায়ঃ।

ইদানীং বিরুদ্ধযোগাঃ কথ্যন্তে।

হ্রদঃ ফণিমুখঃ কাকোব্যাঘ্রতুণ্ডোহুতাশনঃ।
কেমদ্রুমোললাটি চ যোগাযোগাধমামতাঃ॥

অধুনা বিরুদ্ধযোগে কথিত হইতেছে। হ্রদ, ফণিমুখ, কাক, ব্যাঘ্র-তুণ্ড, হুতাশন, কেমদ্রুম ও ললাটী এই সকল যোগ যোগের মধ্যে অধম।

হ্রদঃ।

কর্ক্কে কুজে ধটে সূর্য্যে শনৌ মেষে মৃগে গুরৌ।
হ্রদোনাম ভবেদ্‌যোগো নরাণাং বহুদুঃখদঃ॥ (১)

মঙ্গল, রবি, শনি ও বৃহস্পতি নীচগৃহস্থিত হইলে অর্থাৎ কর্কটে মঙ্গল, তুলায় রবি, মেষে শনি, এবং মকরে বৃহস্পতি থাকিলে হ্রদনামে যোগ হয়; মনুষ্যের জন্মকালে ঐ যোগ হইলে কষ্টদায়ক হইয়া থাকে।

ফণিমুখাঃ।

স্ত্রিয়াং ভৃগৌ রবৌ তৌল্যাং মেষে মন্দে বিধাবলৌ।
ভবেৎ ফণিমুখোযোগঃ সর্ব্বসম্পন্নিসূদনঃ॥

কন্যায় শুক্র, তুলাতে রবি, মেষে শনি এবং বৃশ্চিকে চন্দ্র থাকিলে ফণিমুখ যোগ হয়। এই যোগে সম্পদ কার্য্য নষ্ট করিয়া থাকে।

কাকঃ।

কুজে কর্ক্কিবিলগ্নস্থে মেষে সূর্য্যে গতে তথা।
ভৃগৌ ঝষে বিধৌ নার্য্যাং কাকযোগোবিপৎকরঃ॥

লগ্নস্থ কর্কটে মঙ্গল, মেষে সূর্য্য মীনে শুক্র ও কন্যাতে চন্দ্র থাকিলে কাকাখ্যযোগ হয়, ইহাতে মনুষ্যের অমঙ্গল জন্মায়।

ব্যাঘ্রতুণ্ডঃ।

ভৃগৌ নার্য্যাং মৃগে জীবে সূর্য্যে চাপি তুলাং গতে।
কুজে মেষে সমন্দে চ ব্যাঘ্রতুণ্ডোহতিনির্গুণঃ॥

১। সর্ব্বেষাং নীচস্থিতত্বাৎ।

কন্যাতে শুক্র, মকরে বৃহস্পতি, তুলাতে রবি এবং মেষে শনির সহিত মঙ্গল থাকিলে অতি নির্গুণ ব্যাঘ্রতুণ্ডযোগ হইয়া থাকে।

হুতাশনোঃ।

মৃগে সৌম্যার্কশুক্রে চ মন্দে মেষে চ লগ্নকে।
কীটে চন্দ্রে কুজে কর্কে দরিদ্রঃ স্যাদ্ধুতাশনঃ॥

মকরে বুধ, রবি ও শুক্র, লগ্নস্থমেষে শনি, বৃশ্চিকে চন্দ্র এবং কর্কটে মঙ্গল থাকিলে হুতাশন যোগ হয়, ইহাতে জন্মগ্রহণ করিলে দরিদ্র হইয়া থাকে।

কেমদ্রুমাঃ।

গ্রহহীনে বিধোরস্তে শুভৈরপ্যনিরীক্ষিতে।
কেমদ্রুমে নরোজাতোমলিনোগুরুতল্পগঃ॥

চন্দ্রের সপ্তমস্থানে যদি গ্রহহীন হয় এবং শুভগ্রহ কর্ত্তৃক ঐ স্থান দৃষ্ট না হয়, তবে কেমদ্রুম যোগ হইবে। এই যোগে যাহার জন্ম হইবে সে মলিন এবং গুরুপত্নীগামী হইয়া থাকে।

ললাটী।

লগ্নস্থে বা শনৌ রাহৌ দশমং গ্রহবর্জ্জিতং।
ললাটি কোভবেদ্‌যোগোভুঙ্‌ক্তে সচ গৃহে গৃহে॥

শনি কি রাহু যদি লগ্নস্থিত হন, আর লগ্নের দশমস্থানে কোন গ্রহ না থাকে, তবে ললাটিক যোগ হয়; উক্তযোগে জন্মগ্রহণ করিলে সেই ব্যক্তি গৃহে গৃহে ভোজন অর্থাৎ পরান্নদ্বারা ক্ষুধা নিবৃত্তি করিয়া থাকে।

অধমযোগাঃ।

ন্যূনাধিকত্বং কিল পৈতৃকাদ্‌বৈ প্রায়োভবেদ্ভূতলবাসিনাঞ্চ।
রাজাৎ বেশ্যাকুলটাঙ্গনাজা রাজ্ঞঃ সুতোভিক্ষুকএব জাতঃ॥

শুভযোগে "ধনী, মানী, রাজা" এবং অশুভযোগে "ধনহীন, নীচ-প্রবৃত্তি" ইত্যাদি ফল কথিত আছে। ইহা পিতা অপেক্ষায় বুঝাইবে।

যোগফলে বেশ্যা কি কুলটা স্ত্রীর পুত্র রাজা হয়; আর রাজপুত্র ও ভিক্ষুক হইয়া থাকে।

চতুর্ণাং নৃপযোগানাং বর্ত্তনাদ্বিশ্বপালকঃ।
অধমানাং চতুর্ণাং হি রাজপুত্রোঽধমোভবেৎ॥

রাজযোগ বহুবিধ আছে, তাহার মধ্যে জন্ম সময়ে যাহার চারিটি রাজ যোগ থাকিবে সে পৃথিবী পালক হয়। আর চারিটি অধম যোগ থাকিলে জাতব্যক্তি রাজপুত্র হইলেও অধম হইয়া থাকে।

সোচ্চস্থিতং শুভফলং প্রকরোতি সর্ব্বং নীচর্ক্ষগস্ত্ব বিফলং রিপুমন্দিরেঽল্পং।
পাদং ফলং সমগৃহে স্বগৃহে তথার্দ্ধং পাদত্রয়ং শুভখগোনিতরাং ত্রিকোণে॥

শুভগ্রহসকল উচ্চস্থানে থাকিলে সম্পূর্ণ শুভফল প্রদান করেন, নীচগৃহ স্থিত হইলে কিছুই দান করিতে পারেন না। অরিগৃহে থাকিলে অল্প ফল দান করিতে শক্ত হন, সমগৃহস্থিত হইলে এক পাদ (চতুর্থাংশ) এবং স্বীয়গৃহে থাকিলে অর্দ্ধফল দান করেন; আর মূলত্রিকোণে শুভগ্রহ থাকিলে ত্রিপাদফল দান করিয়া থাকেন।

নীচর্ক্ষগঃ সকলমেব করোতি দোষং ন্যূনঞ্চ কিঞ্চিদরিভে বিফলং স্বতুঙ্গে।
পাদত্রয়ং হিতগৃহে বিহগোঽশুভোঽর্দ্ধং স্বর্ক্ষে ফলঞ্চ চরণং নিতরাং ত্রিকোণে॥

পাপ গ্রহগণ স্বীয় নীচগৃহে থাকিলে পূর্ণফল প্রদান করেন, শত্রুগৃহ-স্থিত হইলে যৎ কিঞ্চিৎ ফল দেন। স্বীয়তুঙ্গস্থানে থাকিলে কিছুই দান করেন না; মিত্রগৃহে থাকিলে ত্রিপাদফল দেন এবং স্বীয়গৃহে স্থিত হইলে অর্দ্ধফল দান করেন; আর মূলত্রিকোণে থাকিলে একপাদফল দান করিয়া থাকেন।

ভাবফলং।

অন্ধং দিগম্বরং মূর্খং পরভক্তোপজীবিনং।
কুর্য্যাতামতিনীচস্থৌ পুরুষং শশিভাস্করৌ॥

যে ব্যক্তির জন্মসময়ে চন্দ্র ও রবি অতিনীচস্থ হন; সে অন্ধ, বস্ত্রাভাগে লগ্ন ও মূর্খ হয় এবং পরান্ন ভোজন করিয়া জীবনযাত্রা অতিবাহিত করে।

বক্রিণস্তু মহাবীর্য্যাঃ শুভারাজ্যপ্রদাগ্রহাঃ।
পাপাঃ ফলং নদাঃ সর্ব্বে কুর্ব্বন্তি চ বৃথাটনং॥

বলবান্ শুভগ্রহ বক্রী হইলেও রাজ্য প্রদান করেন, কিন্তু পাপগ্রহ সকল কখনই শুভফল দান করিতে সক্ষম হন না।

পুত্রযোগঃ।

কর্কিন্যর্কে ভৃগৌ সিংহে সূর্য্যপুত্রে চ তৌলিনি।
মেষে রাত্রিপতৌ জাতং নির্ব্বীর্য্যমাদিশেন্নরং॥

জন্ম সময়ে কর্কটে রবি, সিংহে শুক্র, তুলাতে শনি এবং মেষে চন্দ্র থাকিলে জাতবালক বীর্য্যহীন হইয়া থাকে।

কেন্দ্রে যস্য শুভাঃ সর্ব্বে ন পাপোঽশুভমন্দিরে।
ভবেৎ সর্ব্বহরঃ পুত্রোন তু পিণ্ডপ্রদায়কঃ॥

জন্মসময়ে যদি জাতকের কেন্দ্রস্থানে সমস্ত শুভগ্রহ বাস করেন, আর অশুভ মন্দিরে পাপগ্রহ না থাকেন, তবে সেই জাতব্যক্তি পৈতৃকধন হরণ করে বটে, কিন্তু পিণ্ডদান করে না।

লগ্নে দেবগুরৌ চন্দ্রে পঞ্চমস্থে শনৈশ্চরে।
পুত্রবীর্য্যবিনাশঃ স্যাদন্যত্রাপি ন বিদ্যতে॥

যাহার লগ্নে বৃহস্পতি এবং লগ্নাপেক্ষায় পঞ্চমস্থানে শনৈশ্চর অবস্থিতি করেন, তাহার পুত্র জন্মে না; কিন্তু শনি অন্য স্থানে থাকিলে উক্ত দোষ ঘটিবে না।

লগ্নে তীক্ষ্ণকরে জীবে ভূমিজে মৃত্যুসংস্থিতে।
নপুংসকগ্রহে কেন্দ্রে ভবেন্ন স্ত্রী চ গুর্ব্বিণী॥

লগ্নে সূর্য্য ও বৃহস্পতি, অষ্টমস্থানে মঙ্গল এবং নপুংসকগ্রহ (বুধ ও শনি) কেন্দ্রস্থিত হইলে তাহার রমণী বন্ধ্যা হয়।

ওজোদ্রেক্কাণগে পাপে পঙ্গুনা বীক্ষিতে তনৌ।
ক্ষীণে শশিনি শত্রুস্থে পুত্রঃ পঞ্চাশতির্ধ্রুবং॥

অযুগ্ম লগ্নের দ্রেক্কাণে যদি পাপগ্রহ থাকেন, শনৈশ্চর কর্ত্তৃক যদি লগ্ন দৃষ্ট হয় এবং ক্ষীণ চন্দ্র যদি ষষ্ঠস্থায়ী হন, তবে পঞ্চাশবৎসরের পরে পুত্র জন্মিবে।

ওজোর্ক্ষসংস্থিতে সূর্য্যে যুগ্মে চ শশলাঞ্ছনে।
জীবে বা ভার্গবে নীচে সুতঃ স্বপ্নেঽপি দুর্ল্লভঃ॥

জন্মসময়ে অযুগ্মলগ্নে সূর্য্য, যুগ্মলগ্নে চন্দ্র এবং বৃহস্পতি কি শুক্র নীচ-গৃহস্থিত হইলে জাতব্যক্তি স্বপ্নেও পুত্র দর্শন করে না।

স্বক্ষেত্রে সংস্থিতে চন্দ্রে পাপগ্রহাবিলোকিতে।
পঙ্গুনা বীক্ষিতে লগ্নে পুত্রঃ ষষ্টিকবৎসরাৎ॥

জন্মকালে চন্দ্র স্বক্ষেত্রে (কর্কটে) থাকিয়া যদি পাপগৃহ কর্ত্তৃক দৃষ্ট না হন, আর শনৈশ্চর যদি জাতলগ্ন দর্শন করেন, তবে সেই ব্যক্তির ষাইটবৎসরের পরে সন্তান হয়।

পাপগৃহগতে লগ্নে পাপসংযুতবীক্ষিতে।
কীটে সূর্য্যে কুজে যুগ্মে পুত্রস্তু ত্রিংশকাদ্ভবেৎ॥

লগ্ন যদি পাপগ্রহের ক্ষেত্র হইয়া পাপযুক্ত ও পাপদৃষ্ট হয়, আর বৃশ্চিকে সূর্য্য ও মিথুনে যদি মঙ্গল থাকেন, তবে ত্রিংশৎবৎসরের পরে পুত্র জন্মিবে।

পাপয়োর্ম্মধ্যগে চন্দ্রে বুধসূর্য্যনিরীক্ষিতে।
গুরৌ চ স্বগৃহে শুক্রে গর্ভস্থং মুঞ্চতীচ্ছয়া॥

জন্মকালে পাপদ্বয়ের মধ্যগত চন্দ্র বুধ ও সূর্য্যকর্ত্তৃক দৃষ্ট হইলে এবং বৃহস্পতি ও শুক্র স্বীয় ঘরে থাকিলে জাতব্যক্তির রমণী গর্ব্ভবতী হইলেও গর্ব্ভবিনাশ হয়।

লগ্নে শনৌ কুজে কীটে সূর্য্যে তৌলিনি সংযুতে।
নীচরাশিগতে জীবে হীনবংশোভবেন্নরঃ ॥

জন্মসময়ে যদি লগ্নে শনি, বৃশ্চিকে মঙ্গল ও তুলাতে সূর্য্য থাকেন ; আর বৃহস্পতি যদি নীচ রাশি (মকর) স্থিত হন, তবে জাতব্যক্তির বংশ হীন হইবে।

কীটে ভৃগুসুরাচার্য্যৌ লগ্নে বুধশনৈশ্চরৌ।
জন্মকোটি সহস্রেণ ন পশ্যেৎ পুত্রকাননং ॥

শুক্র ও বৃহস্পতি বৃশ্চিকরাশিতে এবং বুধ ও শনি লগ্নে থাকিলে জাতব্যক্তি সহস্রকোটিজন্মেও পুত্রমুখ দেখিতে পায় না।

কন্যাগৃহগতে লগ্নে বুধমন্দনিরীক্ষিতে।
শুক্রে চ বনিতাক্ষেত্রে নির্ব্বীর্য্যপুরুষোভবেৎ ॥

কন্যালগ্নে যদি জন্ম হয় আর তাহাতে শুক্রগ্রহস্থিত হইয়া যদি বুধ ও শনি কর্ত্তৃক দৃষ্ট হন, তবে জাতব্যক্তি বীর্য্যহীন হইয়া থাকে।

গুরুক্ষেত্রগতে মন্দে কুজসূর্য্যনিরীক্ষতে।
চন্দ্রে লগ্নগতে নীচে হীনপুত্রোযুগে যুগে ॥

বৃহস্পতির গৃহে (ধনু কি মীনে) শনি থাকিয়া যদি মঙ্গল ও রবি কর্ত্তৃক দৃষ্ট হন, আর চন্দ্রনীচস্থ (বৃশ্চিকস্থ) হইয়া যদি লগ্নগত হন, তবে সেই লগ্নে জাতব্যক্তি পুত্রহীন হয়।

পুত্রস্থানগতে সূর্য্যে কুজে মন্দবিলোকিতে।
শত্রুণা বীক্ষিতে চন্দ্রে নষ্টপুত্রোভবেন্নরঃ ॥

জন্মলগ্নের পঞ্চমস্থানে সূর্য্য ও মঙ্গল যদি শনিকর্ত্তৃক দৃষ্ট হন, আর চন্দ্র যদি তাৎকালিক্ শত্রুকর্ত্তৃক অবলোকিত হইয়া থাকেন তবে জাতব্যক্তি নষ্টপুত্র হইবে।

শত্রুনীচগতে চন্দ্রে কুজসূর্য্যনিরীক্ষতে।
ব্যয়ে ভৌমগতে মন্দে সুতঃ স্বপ্নেঽপি দুর্ল্লভঃ॥

চন্দ্র যদি শত্রুগৃহে কি নীচস্থানে থাকেন এবং মঙ্গল ও রবি চন্দ্রকে দৃষ্টি করেন, আর দ্বাদশস্থানে মঙ্গল থাকিয়া যদি শনিযুক্ত হন, তবে জাত ব্যক্তি স্বপ্নেও পুত্র লাভ করে না।

লগ্নে শুক্রসমাযুক্তে চন্দ্রে সৌরিবিলোকিতে।
নিধনারিগতে সূর্য্যে পুত্রহীনোভবেন্নরঃ॥

লগ্নে যদি শুক্র থাকেন এবং চন্দ্র যদি শনি কর্ত্তৃক দৃষ্ট হন, আর অষ্টম কি ষষ্ঠে যদি রবি থাকেন, তাহা হইলে জাতব্যক্তি পুত্রহীন হইবে।

শুক্রক্ষেত্রগতে মন্দে বুধেন্দুরবিবীক্ষিতে।
পাপক্ষেত্রগতে লগ্নে বিপুত্রঃসর্ব্বজন্মনি॥

শুক্রের ক্ষেত্র অর্থাৎ বৃষ কি তুলাতে শনি অবস্থিত হইয়া যদি বুধ, চন্দ্র ও রবি কর্ত্তৃক অবলোকিত হন, আর লগ্ন যদি পাপগ্রহের ক্ষেত্র হয়, তবে জাতব্যক্তি অপুত্রক হইয়া থাকে।

শনিক্ষেত্রগতে সূর্য্যে পাপগ্রহনিরীক্ষিতে।
লগ্নেঽপি পাপবর্গস্থে দেবোঽপি বিসুতোভবেৎ॥

শনিক্ষেত্র (মকর কি কুম্ভরাশিতে) যদি রবি থাকেন এবং পাপগ্রহের যদি তাঁহার প্রতি দৃষ্টি থাকে, আর জাতলগ্নের ক্ষেত্রহোরাপ্রভৃতির অধিপতি যদি পাপগ্রহ হন, তাহা হইলে জাতব্যক্তি দেবতা হইলেও পুত্রবিহীন হইবে।

লগ্নাত্তৃতীয়ভবনে পঞ্চমে বা ধরাসুতঃ।
ম্রিয়তে পুত্রদুঃখেন নারী বা পুরুষোঽপি বা॥

লগ্ন হইতে তৃতীয়স্থানে কি পঞ্চমস্থানে যদি মঙ্গল থাকেন, তবে জাতব্যক্তির স্ত্রী কিম্বা পুরুষ হউক তাহার পুত্রশোকে প্রাণত্যাগ করিতে হয়।

রিপুদৃষ্টে রিপুভবনে নীচে বা পঞ্চমে স্থিতে ভৌমে।
হাহাকারোভবতি হি নরঃ পুত্রশোকৈঃ সুতপ্তঃ ॥

জন্মসময়ে যাহার লগ্নের পঞ্চমস্থানে মঙ্গল থাকে, আর উক্ত স্থান যদি মঙ্গলের শত্রু কর্ত্তৃক দৃষ্ট কি শত্রুগৃহে অথবা নীচস্থান হয়, তবে জাত ব্যক্তি সর্ব্বদা পুত্রশোকে সন্তপ্ত হইয়া হাহাকার করিবে।

সুতভবনগতোহরিমন্দিরস্থঃ সকলসুতান্ বিনিহন্তি সূর্য্যপুত্রঃ।
স্ফূটতরকিরণোমহোচ্চসংস্থঃ কথমপি যচ্ছতি পুত্রমেকমুগ্রং ॥

জাতলগ্নের পঞ্চমস্থানে যদি শনৈশ্চর থাকেন এবং ঐ স্থান যদি তাঁহার শত্রুগৃহ হয়, তবে সূর্য্যপুত্র জাতব্যক্তির সমস্ত পুত্র বিনাশ করেন, আর যদি পঞ্চমস্থান শনির পরম উচ্চগৃহ হয়, এবং তাতে শনি উদিত অবস্থায় থাকেন, তবে উগ্রস্বভাব ভয়ঙ্কর এক পুত্র জন্মে।

পঞ্চমস্থোযদা নীচোরিপুদৃষ্টোঽথ বা কুজঃ।
তনয়ং প্রতিবধ্নাতি পুত্রশোকপ্রদায়কঃ ॥

মঙ্গল নীচগৃহস্থিত হইয়া যদি লগ্নের পঞ্চমভবনে থাকেন, আর শত্রু-কর্ত্তৃক অবলোকিত হন, তবে পুত্রশোকদায়ক মঙ্গল পুত্র জন্মিতে প্রতি-বন্ধকতাচরণ করেন।

পঞ্চমং স্বগৃহঞ্চেৎ স্যাদ্রবিঃ প্রথমপুত্রহা।
ন হন্যাদপরান্ পুত্রানন্যর্ক্ষে গর্ব্ভঘাতকঃ ॥

লগ্নের পঞ্চমস্থান যদি রবির স্বীয় গৃহ হয় এবং তিনি সেই স্থানে বাস করেন তবে প্রথম পুত্র নষ্ট হইবে, অন্যান্য সন্তান জীবিত থাকিবে। আর অন্য গৃহস্থিত হইলে গর্ব্ভনষ্ট হইয়া থাকে।

পুত্রহাযোগঃ

ভবনে পঞ্চমস্থানে চতুর্থে চ যদা গ্রহাঃ।
আদৌ জাতশ্চ নশ্যেত্তু পশ্চাজ্জাতশ্চ নশ্যতি।
বিবাহিতায়ামন্যস্যামেকপুত্রোভবেত্তদা।
বিখ্যাতোভুবনে ভোগী সুদীর্ঘায়ুর্ম্মহীপতিঃ ॥

লগ্নের পঞ্চম কি চতুর্থস্থান স্বভবন হইয়া তাহাতে যদি সেই গ্রহ অবস্থিতি করেন, তবে জাতব্যক্তির প্রথম সন্তান কি তৎপরবর্ত্তী সন্তান জীবিত থাকিবে না; কিন্তু অন্য স্ত্রী পরিগ্রহ করিলে তদ্‌গর্ব্ভে এক পুত্র জন্মিবে এবং সেই পুত্র ভোগী, ভুবন বিখ্যাত, দীর্ঘায়ুবিশিষ্ট ও ভূস্বামী হইবে।

পত্নীযোগঃ।

ষষ্ঠে চ ভবনে ভৌমঃ সপ্তমে সিংহিকাসুতঃ।
অষ্টমে চ যদা সৌরির্ভার্য্যা তস্য বিনশ্যতি॥

লগ্নের ষষ্ঠভবনে মঙ্গল, সপ্তমে রাহু ও অষ্টমস্থানে শনৈশ্চর থাকিলে তাহার পত্নী বিনাশ হয়।

কন্যায়াং মকরে দ্বন্দ্বে কুম্ভে বা শুভবর্জ্জিতে।
বুধমন্দগতে লগ্নে ক্লীবোভবতি নান্যথা॥

কন্যা মকর মিথুন ও কুম্ভরাশিতে যদি শুভগ্রহ না থাকেন, এবং লগ্নে বুধ ও শনি অবস্থিতি করেন, তবে জাতব্যক্তি নিশ্চয়ই ক্লীব হইবে।

খনাবাক্যং।

লগ্নের পার্শ্বে থাকে অর্কা, তাহাকে অগ্নি করিবে শঙ্কা।
যদি মঙ্গল সপ্তমে দেখে, মেঘের নাদে পাড়ে তাকে।
লগ্নে রবি ক্রোধ প্রবীণ, দ্বিতীয়ে শনি না ছাড়ে ঋণ।
সাতে আটে রাহুর মিলন, জন্মিলে হয় মায়ের মরণ।
লগ্নে কুজা হয় ক্ষিপ্র, মিথ্যাবাদী দূরাদৃষ্ট।
যদি মঙ্গল সপ্তমঘরে, বজ্রাঘাত মাথার উপরে॥

মৃত্যুস্থানগতোভৌমোরাহুরব্যসিতৈর্যুতঃ।
চতুর্হস্তপদচ্ছেদোমুনিভিঃ পরিকীর্ত্তিতঃ॥

লগ্নের অষ্টমস্থানে রাহু, রবি ও শনির সহিত যদি মঙ্গলগ্রহ অবস্থিতি করেন, তাহা হইলে জাতব্যক্তির হস্তপদাদি ছেদিত হয়; মুনিগণ এইরূপ বলিয়াছেন।

পাপত্রয়যুতঃ সূর্য্যোগুরুশুক্রবিবর্জ্জিতঃ।
মৃত্যুস্থোমদনস্থোবা হন্যতে পশুভিস্তদা॥

রবি পাপগ্রহত্রয়ের সহিত লগ্নাপেক্ষায় সপ্তম কি অষ্টমস্থানে যদি বাস করেন, আর বৃহস্পতি ও শুক্র ঐ ঘরে না থাকেন, তবে জাত-ব্যক্তিকে পশুগণ বিনাশ করে।

খনাবাক্যং।

শুজা কুজা এক ঠাই চাও, অবশ্য লাগে দন্তের ঘাও।
দেবের বাপে রক্ষা না পায়, অবশ্য তাকে বাঘে খায়।

শক্রগেহী যদা সৌম্যঃ শক্রযুক্তোবিবীক্ষিতঃ।
ষষ্ঠাষ্টমগতশ্চন্দ্রোহন্যতে জলজন্তুভিঃ॥

বুধশক্র গৃহস্থিত হইয়া যদি শক্রযুক্ত ও শক্রকর্ত্তৃক দৃষ্ট হন, আর লগ্নের ষষ্ঠে কি অষ্টমস্থানে যদি চন্দ্র থাকেন, তবে জাতবালক জলজন্তু কর্ত্তৃক বিনষ্ট হয়।

মৃত্যুস্থোযদি ভৌমঃ স্যাৎ শক্রগেহীন্দুনা যুতঃ।
এষনাশকরোযোগোদ্বিজিহ্বেন নসংশয়ঃ॥

লগ্নের অষ্টমস্থানে মঙ্গল থাকিয়া যদি শক্রগেহী ও চন্দ্রযুক্ত হন, তবে জাতব্যক্তি সর্পকর্ত্তৃক বিনষ্ট হয়।

শক্রস্থানে স্থিতোজীবারিপু গেহেবুধস্থিতঃ।
এষশস্ত্রক্ষতোযোগো যদি শক্রসমোভবেৎ॥

লগ্নাপেক্ষায় ষষ্ঠস্থানে বৃহস্পতি ও শক্রগৃহে বুধ থাকিলে শস্ত্রক্ষত-যোগ হয়, এই যোগ যাহার জন্মসময়ে হয়, সেই ব্যক্তি ইন্দ্রতুল্য হইলেও শাস্ত্রাঘাত হইবে।

মৃত্যুস্থানগতোভৌমঃ শনিরাহুবিবর্জ্জিতঃ।
নাসাচ্ছেদোভবেদ্‌যোগশ্চন্দ্রবংশোভবেদযদি॥

জন্মকালে অষ্টমস্থানে মঙ্গল যদি শনি রাহু বর্জ্জিত থাকেন, তবে জাতব্যক্তি চন্দ্রবংশজাত হইলেও তাহার নাসিকা ছেদিত হইবে।

সিংহলগ্নে যদা সূর্য্যঃ শনির্ব্বাপি ব্যয়েস্থিতঃ।
তত্র জাতস্য বালস্য নেত্রনাশঃ প্রজায়তে ॥

সিংহলগ্নে সূর্য্য থাকিলে যদি কোন বালক জন্মে আর ঐ সময়ে শনৈশ্চর যদি লগ্ন হইতে দ্বাদশ ঘরে থাকেন, তবে জাতব্যক্তি নেত্রহীন হইবে।

সূর্য্যেঽষ্টমে রিপৌ চন্দ্রে ধনে ভৌমে ব্যয়ে শনৌ।
গ্রহদোষেণ মর্ত্ত্যানামমন্ধতাং জনয়েৎ সদা ॥

লগ্নাপেক্ষায় অষ্টমে রবি, ষষ্ঠে চন্দ্র, দ্বিতীয়ে মঙ্গল ও দ্বাদশে শনৈশ্চর থাকিলে এই সকল গ্রহদোষে জাতমনুষ্য অন্ধত্ব লাভ করে।

হোরায়াং দ্বাদশে রাশৌ স্থিতোযদি দিবাকরঃ।
করোতি দক্ষিণং কাণং বামনেত্রঞ্চ চন্দ্রমাঃ ॥

জন্মকালে হোরার দ্বাদশস্থানে যদি সূর্য্য থাকেন, তবে জাতবালক দক্ষিণ চক্ষুহীন হয়, এবং চন্দ্র থাকিলে বামচক্ষু বিহীন হইয়া থাকে।

অষ্টমস্থোযদা ভৌমোরাহুযুক্তোভবেদযদি।
শিরশ্ছেদকরোযোগোবিষ্ণুনা পরিকীর্ত্তিতঃ ॥

জাতবালকের লগ্ন হইতে অষ্টমস্থানে* যদি রাহুযুক্ত মঙ্গল থাকেন, তবে সেই ব্যক্তির মস্তক ছেদন হইয়া থাকে; বিষ্ণুনামক গ্রন্থে এইরূপ বলিয়াছেন। পাঠান্তরে ইহাও ব্যক্ত হইয়াছে যে, শনির গৃহে রাহু ও সিংহে চন্দ্র থাকিলে উক্তরূপ ফল হইবে।

থনাবাক্যং।

যথা তথা থাকে ঘোর, অৰ্দ্ধেক থান তার হয় চোর।
চোর না হয় যবে, বাঁশের আগায় সুখায় তবে॥

মেষবৃষকর্কটভিন্নং কেন্দ্রত্রিকোণগৃহং শুভশূন্যং।
তদৈবায়ং যোগঃ প্রোক্তঃ সর্ব্বং লগ্নপরমিতি ॥

---

* শনিগেহে যদা রাহুঃ শশী সিংহে ভবেদযদি। ইতি পাঠান্তরং।

মেষ বৃষ অথবা কর্কট ভিন্ন রাশিতে যদি লগ্ন হয়, আর লগ্নের কেন্দ্র-স্থানে কি ত্রিকোণে যদি শুভগ্রহ না থাকে, তবে খনোক্ত শূলবিদ্ধযোগ হইবে।

তম্বাদিষু ভবেদযস্য যদ্যেকস্মিনশ্চ ষড়গ্রহাঃ।
ক্বচিৎ সন্দিগ্ধচেতাশ্চ বাতুলঃ সুখবর্জ্জিতঃ॥

তম্বাদি দ্বাদশস্থানের মধ্যে যদি কোন এক ঘরে ছয়টি গ্রহ অবস্থিতি করেন, তবে জাতব্যক্তি সর্ব্বদা সন্দিগ্ধচিত্ত, বাতুল এবং সুখবর্জ্জিত হইয়া থাকে।

লগ্নে দ্বিপাপে পতিতস্ত্রিপাপে বর্ণশঙ্করঃ।
চতুস্পাপে আত্মঘাতী একপাপে কলঙ্কদঃ॥

জন্মকালে লগ্নে দুইটি পাপগ্রহ থাকিলে জাতবালক পতিত, তিনটি পাপগ্রহ থাকিলে বর্ণশঙ্কর, চতুস্পাপে আত্মঘাতী এবং একটি পাপগ্রহ থাকিলে কলঙ্কী হইয়া থাকে।

অপরঞ্চ—স্যাদাত্মঘাতী গুরুতল্পগোবা,চতুর্ষু পাপেষু তনুস্থিতেষু।

কেহ কেহ বলিয়া থাকেন, জন্মলগ্নে চারিটি পাপগ্রহ অবস্থিত হইলে জাতব্যক্তি আত্মঘাতী ও গুরুশয্যা অভিলাষী হয়।

পাপৈস্ত্রিভির্যদা ভৌমঃ শত্রুগেহে ব্যবস্থিতঃ।
শুভগ্রহা ন পশ্যন্তি চক্ষুর্নাশোভবেদ্ ধ্রুবং॥

জন্মসময়ে তিনটি গ্রহের সহিত যুক্ত হইয়া মঙ্গল যদি শত্রুর ঘরে অবস্থিত হন, আর তাঁহাকে শুভগ্রহগণ দৃষ্টি না করেন, তবে জাতশিশুর চক্ষু নষ্ট হয়।

কর্কটস্থোযদা সৌরিঃ শশিযুক্তো ভবেদ্‌যদি।
শুভগ্রহান পশ্যন্তি খঞ্জোভবতি নান্যথা॥

জন্মকালে কর্কটরাশিতে শনি যদি চন্দ্রের সহিত থাকেন, তবে জাত-ব্যক্তি খঞ্জ (খোড়া) হইবে,সন্দেহ নাই।

---

* লগ্নেম্বিত্যর্থঃ। একপাপেন গর্হনীয়তেতি।

ভৌমযুক্তোযদা ভানুঃ শশিশুক্রাবলোকিতঃ।
রিপুগেহী বিশেষেণ কাণযোগোভবেদ্ধ্রুবং॥

জন্মসময়ে রবি শক্র গৃহে থাকিয়া যদি মঙ্গলযুক্ত হন, আর চন্দ্র ও শুক্রের তাঁহার প্রতি দৃষ্টি না থাকে তবে জাতশিশু কাণা হইবে।

খনাবাক্যং।

যদি গুরু লগ্নে না দেখে বাপের আগে মরণ লেখে।
লগ্নের চতুর্থে শনিকুজা, সেই শিশুর ফাঁসি সাজা।
সূর্য্যে কুজে রাহুর মেলা, গাছে দড়ি ছাঁদন গলা।
যদি রাখে ত্রৈলোক্যনাথ, তথাপি খায় নীচের ভাত;
চাঁদে রাহু এক যুতা, নীচের ভাত খাও পুতা,
তাহাকে যদি না দেখে শুভে, যত্ন করিয়া ফেলায় গুহে।
নীচের সঙ্গে চান্দের বাস, নীচের লগ্নে জাতি বিনাশ।
নীচের গুরু একত্র হয়, জোর করিয়া খনা কয়।
কুলনাশে জন্মিলে বংশ, অবশ্য হয় জাতি ধ্বংস।
তুলাতে বুধ তাতের বাই, মকরে রাজা কাঁকড়ে কুজাই।
তিন যোগে নহে আন, কুপে পড়িয়া যায় প্রাণ।

তুলায়াং মকরে বাপি কুম্ভে বা বৃষভে তথা।
ভানুর্ভানুসুতেনাপি ব্রহ্মঘাতী চ তস্করঃ॥

জন্মকালে তুলা, মকর, কুম্ভ অথবা বৃষে রবি যদি শনিযুক্ত থাকেন, তবে জাতবালক ব্রহ্মঘাতী ও তস্কর হইয়া থাকে।

শক্রস্থানে স্থিতোজীবোরিপুযুক্তোবুধেক্ষিতঃ।
এষবৃক্ষহতোযোগোযদি শক্রসমোভবেৎ॥

জন্মসময়ে বৃহস্পতি শক্রগৃহে থাকিয়া যদি শক্রযুক্ত হন, আর বুধ কর্ত্তৃক যদি অবলোকিত হন, তবে সেই জাতশিশু ইন্দ্রতুল্য হইলেও বৃক্ষ হইতে হত হইয়া থাকে।

লগ্নে পাপগ্রহে রোগী দুর্ব্বলঃ শক্রপীড়িতঃ।
অবিচারী ত্বপূতাত্মা ভবেৎ পরবধূরতঃ।

লগ্নে পাপগ্রহ থাকিলে জাতব্যক্তি রোগযুক্ত, দুর্ব্বল শত্রুকর্তৃক পীড়িত, অবিচারী, অপবিত্রাত্মা এবং পরস্ত্রীতে আসক্ত হয়।

খনাবাক্যং।

কুজার ঘরে শুকার বাস, চাঁদ যদি তাহার সম্পাশ।
পাপের ঘরে লগ্ন যদি, অবশ্য হয় পরস্ত্রীরতি।
চাঁদের ঘরে রহেন সৌরী শুকরে না মারে অনেক বৈরি।
যদি থাকে রবি সে সাথে, যুবকে মরণ বলে নাথে।
শুকার ঘরে কুজার বাস, তিয়জ ঘরে ভাইয়ের বিনাশ।
আটে দশে আপন পীড়া, তরুণে মরে নহে বুড়া।
যোগ ভায়া যোগ দেখে, লগ্নের সপ্তমে কোনগ্রহ দেখে।
শনি করে খোড়া রাহু করে মৃত্যু শুক্র করে গোদা শনিরে মরণ লিখে।

পাপালয়গতঃ সূর্য্যোগুরুশুক্রবিবর্জ্জিতঃ।
পাপিষ্ঠং কুরুতে নিত্যং পণ্ডিতোঽপি যদা ভবেৎ॥

জন্ম সময়ে যদি পাপগ্রহের ক্ষেত্রে থাকেন, আর তাহার সহিত যদি বৃহস্পতি ও শুক্রের সম্বন্ধ না থাকে; তবে জাতব্যক্তি পণ্ডিত হইলেও পাপিষ্ঠ হইয়া থাকে।

লগ্নচন্দ্রব্যয়স্থানে তিষ্ঠেৎ পাপগ্রহোযদি।
কৃপণঃ স্যাত্তদা জাতোদাতা সতি শুভগ্রহে॥

জন্মসময়ে লগ্নের কি চন্দ্রের দ্বাদশস্থানে যদি পাপগ্রহ থাকেন; তবে জাত শিশু কৃপণ হয়। আর উক্ত দ্বাদশ স্থানে শুভ গ্রহ থাকিলে অতিশয় দাতা হইয়া থাকে।

সৌম্যঃ পুত্রোৎপত্তিং কুরুতে নিত্যং সুখং পুণ্যঞ্চ।
অস্তমিতোরিপুদৃষ্টোনাসংব্যুৎপত্তিং করোত্যপত্যং॥

জন্মসময়ে শুভগ্রহ থাকিলে পুত্রজন্মে এবং সর্ব্বদা সুখ ও পুণ্য সঞ্চয় হইয়া থাকে। আর উক্ত গ্রহ যদি নীচগৃহে স্থিত কি শত্রুদৃষ্ট হন অপত্যের হানি হইয়া থাকে।

সুতস্থানস্থিতস্যৈব দশায়াং ফলদোগ্রহঃ।

তস্মিংশ্চ খেচরাভাবে সংপূর্ণা যস্য দৃগ্‌ভবেৎ ॥

লগ্নের পঞ্চমস্থানে যে গ্রহ থাকেন তাঁহার দশাতে পুত্রোৎপত্তি হয়, আর উক্তস্থানে যদি গ্রহ না থাকেন ; তবে ঐস্থানে যাঁর পূর্ণ দৃষ্টি থাকিবে তাঁহার দশাতে সন্তান জন্মিয়া থাকে।

সুতভবনং শুভদৃষ্টং শুভযুক্তং বা শুভর্ক্ষমিহ।
তেষাং প্রসবঃ পুংসাং ভবত্যবশ্যং ন বিপরীতে॥

পঞ্চমস্থান যদি শুভগ্রহের দৃষ্টি কি শুভগ্রহযুক্ত হয় অথবা শুভগ্রহের ক্ষেত্রহয়, তবে যিনি বলবান্ হইবেন তাঁহার দশাতেই সন্তান জন্মিবে, কিন্তু ইহার বিপরীত অর্থাৎ অশুভ গ্রহাদি থাকিলে সন্তান হইবে না।

লগ্নাত্তৃতীয়ভবনে বলী শুক্রোযদা ভবেৎ।
কন্যাদ্বয়ং ত্রয়ঃ পুত্রাজায়ন্তে তস্য নিশ্চয়ং ॥

লগ্নের তৃতীয় স্থানে যদি শুক্রগ্রহ বলবান্ হইয়া অবস্থিত হন, তবে ঐ লগ্নে জাতব্যক্তির দুইটী কন্যা ও তিনটি পুত্র জন্মিয়া থাকে।

লগ্নাৎ সপ্তমগেহস্থোযদি শুক্রোরবির্ভবেৎ।
কন্যাদ্বয়ং ত্রয়ঃ পুত্রোধনবানপি জায়তে ॥

জন্মকালে লগ্নের সপ্তমস্থানে যদি শুক্র ও রবি থাকেন তবে জাতব্যক্তির দুইকন্যা ও তিন পুত্র জন্মে এবং তাহারা ধনবান্ হইয়া থাকে।

ততোগুর্ব্বষ্টবর্গে তু সন্তানং গণয়েন্নরঃ।
গুরুস্থিতাৎ সুতস্থানে যাবন্তি স্যুঃ ফলানি বৈ।
শত্রুনীচগৃহং ত্যক্ত্বা তাবদ্‌ব্রূয়াদপত্যকং ॥

বৃহস্পতির অষ্টবর্গ করিয়া তাহাতে সন্তানের শুভাশুভ দেখিতে হয়। অষ্টবর্গ চক্রে বৃহস্পতি যে ঘরে থাকেন, সেই ঘর হইতে পঞ্চমস্থানে যতগুলি রেখা পড়িবে ততসংখ্যক সন্তান জন্মিবে। কিন্তু ইহার মধ্যে বিশেষ এই পঞ্চমস্থানে যে যে গ্রহের রেখা পড়িবে তন্মধ্যে উক্ত পঞ্চমস্থান যদি কোন গ্রহের শত্রুস্থান কি নীচস্থান হয়, তবে সেই সকল রেখা ত্যাগ করিয়া সন্তান গণনা করিতে হইবে।

গুরোস্তুঙ্গং সুতস্থানং যদি স্যাত্রিগুণং ভবেৎ।
স্বর্ক্ষমূলত্রিকোণং বা যদি স্যাদ্দ্বিগুণং তদা॥ *

পূর্ব্বোক্ত পঞ্চমস্থান যদি বৃহস্পতির উচ্চগৃহ হয়, তবে যতগুলি রেখা পড়িবে তাহার ত্রিগুণ সন্তান হইবে। আর উক্ত পঞ্চমস্থান যদি বৃহস্পতির স্বীয় গৃহ কি মূলত্রিকোণ হয়, তবে রেখার দ্বিগুণ সন্তান জন্মিবে।

যাবন্তোবা নবাংশাশ্চ ভুক্তা তৎসুতভেশিনা।
তাবন্ত্যপত্যানি বদেদ্বিশেষস্তত্র কথ্যতে॥

বৃহস্পতি যে গৃহে থাকেন সেই স্থান হইতে পঞ্চমস্থানের অধিপতি-গ্রহ জন্মসময়ে যে কোন রাশিতে থাকিয়া তাহার যতসংখ্যক নবাংশ ভোগ করেন, ততসংখ্যক সন্তান হয়।

ওজর্ক্ষাংশাশ্চ যাবন্তস্তাবন্তঃ পুরুষামতাঃ।
যাবন্তোযুগ্মভাগাশ্চ তাবন্তস্তত্র কন্যকাঃ॥

পূর্ব্বোক্ত ভুক্ত নবাংশের মধ্যে যত সংখ্যক বিষমরাশির নবাংশ থাকিবে ততসংখ্যক পুত্র এবং যতগুলি সমরাশির নবাংশ থাকিবে তত সংখ্যক কন্যা জন্মিবে।

সুপুত্রযোগঃ।

পুণ্যক্ষেত্রগতে জীবে শুভগ্রহ বিলোকিতে।
জায়তে পুত্রঃ সদ্বিদ্যোনৃপতেঃ পরমপ্রিয়ঃ॥

জন্মসময়ে বৃহস্পতি যদি শুভগ্রহের ক্ষেত্রে থাকেন, এবং শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হন, জাতব্যক্তির পুত্র অতিশয় বিদ্বান্ ও রাজার প্রিয়পাত্র হইয়া থাকে।

যস্য ত্রিংশাংশকে লগ্নে গুরুশুক্রনিরীক্ষিতে।
জায়তে পুত্রোধর্ম্মাত্মা বিবেকবচনান্বিতঃ॥

---

* তত্রৈব যদি সর্ব্বেষাং শুভানাং দৃষ্টিজুষ্টতা। তদোক্তাদপিবৃদ্ধিঃ স্যাদেবেশানঃ প্রভাষতে॥ ইতি ক্কচিৎ। বৃহস্পতির পঞ্চমস্থান যদি তাঁহার তুঙ্গস্থান কি স্বীয়গৃহ অথবা মূলত্রিকোণ হয়, আর তাহাতে সমস্ত শুভ-গ্রহের দৃষ্টি থাকে; তবে উক্ত দ্বিগুণ ত্রিগুণ অপেক্ষাও অধিক সন্তান হয়

যাহার ত্রিংশাংশও লগ্ন বৃহস্পতি ও শুক্রকর্ত্তৃক দৃষ্ট হয়, সেই ব্যক্তির পুত্র ধার্ম্মিক ও বিবেকী হইয়া থাকে।

ইন্দোঃ পুরোগতাঃ সর্ব্বে গ্রহাঃ কেন্দ্রত্রিকোণগাঃ।
জায়তে চ কুলশ্রেষ্ঠোনৃপচূড়ামণিঃ ক্ষিতৌ॥

জন্মসময়ে চন্দ্রের কেন্দ্রস্থানে ও ত্রিকোণে যদি সকলগ্রহ অবস্থিতি করেন, তবে জাতব্যক্তির পুত্র কুলশ্রেষ্ঠ এবং রাজচক্রবর্ত্তী হইয়া থাকে।

তুঙ্গরাশিগতে সূর্য্যে জীবে স্বর্ক্ষসমন্বিতে।
পুণ্যর্ক্ষে ভার্গবে লগ্নে জাতঃ পুণ্যতরোনরঃ॥

যদি সূর্য্য উচ্চস্থানে, বৃহস্পতি স্বগৃহে এবং শুক্র শুভগ্রহের ক্ষেত্রে থাকিয়া লগ্নস্থ হন, তবে জাতব্যক্তি অতিশয় পুণ্যভাজন হয়।

নিধনে চ গতে জীবে শুক্রসৌম্যনিরীক্ষিতে।
জায়তে পুত্রঃ সদ্বিদ্যস্তীর্থাশ্রমরতঃ সদা॥

জন্মকালে বৃহস্পতি অষ্টমস্থ হইয়া যদি শুক্র ও বুধ কর্ত্তৃক দৃষ্ট হন, তবে জাতমনুষ্যের পুত্র সৎবিদ্য এবং তীর্থবাসী হয়।

পুণ্যগোমঙ্গলোযস্য তুঙ্গে বলসমন্বিতঃ।
ধনবান্ বলবান্ পুত্রোজায়তে স্বকুলধ্বজঃ॥

যাহার জন্মসময়ে মঙ্গলগ্রহ নবমস্থ হইয়া উচ্চগৃহস্থিত ও বলিয়ান্ হন, সেইব্যক্তির পুত্র জন্মিলে সে বলবান্, ধনবান্ ও কুলগর্ব্বিত হইয়া থাকে।

যুগ্মে বুধসুরাচার্য্যৌ কুজার্কী নিধনায়গৌ।
লগ্নে দিনেশ্বরঃ শুক্রঃ পুত্রোমাধবপূজকঃ॥

যাহার জন্মসময়ে দ্বিতীয়স্থানে বুধ ও বৃহস্পতি, অষ্টম ও একাদশস্থানে মঙ্গল ও শনি, এবং লগ্নে সূর্য্য ও শুক্র থাকেন তাহার পুত্র বিষ্ণুভক্ত হয়।

সুপুত্রযোগঃ।

খনাবাক্যং।

চৌ সাগরে গ্রহের মেলা, তার কোষ্ঠী না কর হেলা।
আছে যোগ পায় সিদ্ধি, আপনে আসিয়া মিলায় বিধি।

অন্যচ্চ—তিন সাগরে দেখে জীবা, তার কোষ্ঠী নাচে থুইয়া।
রাজা নহে পায় নিধি, আপনে আসিয়া মিলায় বিধি।

চরে শুভে দানপবিত্রহস্তং, চরদ্বয়ে চৈব জগদ্বশীত্বং।
চরত্রয়ে সর্ব্বজনস্য মান্যশ্চতুশ্চরে সৌম্যকুবেরতুল্যঃ॥

জন্মসময়ে একটী চররাশিতে শুভগ্রহ থাকিলে জাতব্যক্তি দাতা হয়, দুইচরে থাকিলে জগৎ বশ করে, তিনচরে থাকিলে সকলের মান্য এবং চরচতুষ্টয়ে শুভগ্রহ বাস করিলে কুবের সদৃশ ধনী হইয়া থাকে।

খনাবাক্যং।

মকরে কুজা ধবলসিংহে নিত্যক্রীড়া করে রঙ্গে।
ইষ্টকুটুম্বে করয়ে ভোগ, এহি সে কোষ্ঠী নরপতিযোগ॥

গুরুর্ব্বা যদি বা শুক্রঃ পুষ্করে নিধনেঽপি বা।
হেমচ্ছত্রপ্রদোযোগঃ স্ববাহুবীর্য্যতোভবেৎ॥

বৃহস্পতি কি শুক্র যদি পুষ্করে কি অষ্টমে থাকেন, তবে জাতব্যক্তি স্বীয় বাহুবলে হেমছত্র ধারণ করে।

মিত্রালয়ে মিত্রনিরীক্ষিতো বা মিত্রাংশকে মিত্রযুতোযদি স্যাৎ।
সর্ব্বাণি কার্য্যাণি শুভানি কুর্য্যাৎ যদা তু চন্দ্রঃ শুভরাশিসংস্থঃ॥

যদি চন্দ্র মিত্রগৃহস্থিত কি মিত্র দৃষ্ট অথবা মিত্রের নবাংশে স্থিত কি মিত্রগ্রহ যুক্ত হন, আর সৌম্য রাশিতে বাস করেন, তবে জাতব্যক্তির সর্ব্বপ্রকারে শুভ হয়।

লগ্নে চন্দ্রবুধৌ যস্য কেন্দ্রী যস্য বৃহস্পতিঃ।
দশমোমঙ্গলশ্চৈব সজাতঃ কুলদীপকঃ॥

যাহার জন্মলগ্নে চন্দ্র ও বুধ কেন্দ্রস্থানে বৃহস্পতি এবং দশমস্থানে মঙ্গল সেই ব্যক্তি কুলপ্রদীপস্বরূপ হয়।

চন্দ্রাৎ সপ্তমগোজীবো জীবযোগঃ স উচ্যতে।

জন্মসময়ে চন্দ্রের সপ্তমস্থানে বৃহস্পতি থাকিলে জীবযোগ হয়।

ফলং।

জীবযোগে ভবেদ্দাতা চিরজীবীগুণাকরঃ।

রাজা রাজপ্রিয়োভোক্তা বহুনাং পরিপালকঃ॥

জন্মকালে যে ব্যক্তির জীবযোগ হইবে সে চিরজীবী গুণাকর, রাজা, বা রাজার প্রিয়পাত্র, ভোক্তা ও বহু গোষ্ঠীর প্রতিপালক হয়।

সর্ব্বগ্রহেক্ষিতবৃহস্পতিফলং।

জীবে রাহুশনিজ্ঞশুক্রতরণি, ক্ষ্মাজেন্দুভিৰ্ব্বীক্ষিতে

ক্ষ্মাপালোনৃপবংশকস্য তিলকঃ, প্রখ্যাতকীর্ত্তিঃ কৃতী।

সেনায়াং গজবাজিরাজিচরণৈরুদ্ধূতধূলীবৃতং

দৃষ্ট্বা মুঞ্চতি গেহিনীমপি রবিং চক্রো * নিশাশঙ্কয়া॥

জন্মসময়ে বৃহস্পতি যদি রাহু, শনি, বুধ, শুক্র, সূর্য্য, মঙ্গল ও চন্দ্র কর্ত্তৃক দৃষ্ট হন, তবে জাতব্যক্তি ভূপাল ও নৃপতিবর্গের মধ্যে শ্রেষ্ঠ ও অতুলকীর্ত্তিবিশিষ্ট হয়। এমন কি ঐ ব্যক্তির সেনাগণ মধ্যে হস্তী, অশ্ব প্রভৃতির গমনাগমনে উড্ডীয়মান ধূলিদ্বারা রবিকে আবৃত দেখিয়া চক্রবাক রাত্রি বিবেচনা করিয়া স্বীয় প্রণয়িনীকে পরিত্যাগ করিবে।

খনাবাক্যং।

লগ্নে শুক্র কবিত্ব বলে, শিশু হলে ঘোড়ায় চড়ে।

নিত্যলোকে করে সংবাদ, শাস্ত্র পড়িয়া করে বিবাদ।

সপ্তমে গুরু ষষ্ঠে রবি, পঞ্চম ঘরে বুধ যদি।

চতুর্থশুক্র ভুঞ্জে রাজ, অবশ্য হয় রাজসংবাদ।

দ্বাদশে চ দ্বিতীয়ে চ যদি সূর্য্যাদ্‌গ্রহস্থিতিঃ।

তদোভয়চরী জ্ঞেয়ঃ সর্ব্বসৌখ্যপ্রদায়কঃ॥

সূর্য্য হইতে দ্বিতীয় ও দ্বাদশস্থানে যদি কোন গ্রহ অবস্থিত হন, তবে উভয়চরী সংজ্ঞক যোগ হয়, উক্তযোগে জাতব্যক্তির সর্ব্বপ্রকারে সুখ হইয়া থাকে।

---

* চক্রশ্চক্রবাকঃ।

সূর্য্যাদুভয়চরোবহুভৃত্যধনোবন্ধুনামাশ্রয়ঃ।
নৃপপূজ্যোভুনক্তি ভোগানুভচর্য্যাং॥

সূর্য্য হইতে উভয়স্থানে অর্থাৎ দ্বিতীয় ও দ্বাদশস্থানে গ্রহ থাকিলে জাতমনুষ্য বহুভৃত্যের অধিপতি ধনবান্ বন্ধুগণের আশ্রয়দাতা, রাজসম্মানিত ও ভোক্তা হয়।

সিংহে ধনুষি মীনে চ মেষকর্কটবৃশ্চিকে।
রবিণা সহিতোভৌমোনরং কুর্য্যাদ্ধনেশ্বরং॥

সিংহে, ধনুতে, মীনে, মেষে কর্কটে কি বৃশ্চিকে যদি মঙ্গলের সহিত রবি বাস করেন, তবে জাতব্যক্তি ধনের অধিশ্বর হয়।

যত্র তত্র স্থিতোভৌমোগুরুযুক্তোভবেদ্‌যদি।
তদা চ বিপুলালক্ষ্মীর্ভবেল্লক্ষাধিপোনরঃ॥

মঙ্গল যে কোন রাশিতে থাকিয়া যদি বৃহস্পতিযুক্ত হন, তাহা হইলে জাতব্যক্তি অতিশয় লক্ষ্মীযুক্ত এবং লক্ষাধিপতি হইয়া থাকে।

লগ্নাচ্চ পঞ্চমে স্থানে যদা সূর্য্যবৃহস্পতী।
তদা বিদ্যাধনৈঃ পূর্ণো জায়তে নাত্র সংশয়ঃ॥"

লগ্নের পঞ্চমস্থানে যদি রবি ও বৃহস্পতি থাকেন, তবে সেই জাতব্যক্তি বিদ্বান্ ও ধনশালী হয় ইহাতে সংশয় নাই।

খনাবাক্যং।

পঞ্চমস্থানে থাকে কানা, পরের ধনে কুরপোনা।
বাপে পুতে সুখে রয়, অল্পবয়সে খনা কয়।
লগ্নে চাঁদ থাকে গুরু, যেন পারিজফুলের তরু।
যদি ও লগ্নে চাঁদ না দেখে শুভে, তার গোঠী ফেলাও গুরে।
লগ্নে গুরু বেদ বাখানে, দশম গুরু অনেক পুণ্যে।
অনেক পুত্র অবশ্য হয়, ধনে জনে বাড়ে খনায় কয়।
দুইদিকে কুগ্রহ মধ্যে লগ্ন, আপনি ঈশ্বরী দেখায় স্বপ্ন।
যদি গুরু সপ্তমঘরে, শিশু হতে কবিত্ব বলে।

দুইদিকে কুগ্রহ মধ্যে গুরু, অনেক ধন অনেক গুরু।
যদি অভাগ্যে নহে রাজা, অনেক লোকে করে পূজা।
পাপাপাপ লগ্নের পাশে, যদি গুরু সাতে দশে।
অনেক প্রকার কহিতে পারে, বাপেরে পীড়ে অনেক কালে।
লগ্নে বুধ আরোগ্য শরীর, শিশু হলে বুদ্ধি স্থির।
সর্ব্বলোকে করে যশ, যথা যায় তথা পৌরষ।
লগ্নে চতুর্থে সাতে দশে, পাপবর্জ্জিত শুক্রগ্রহ বৈসে।
দোলা ঘোড়া অনেক কুঞ্জর, এই পুরুষ রাজপাত্র॥

মেষে মৃগে চ তুলে চ ত্রয়স্থানে গ্রহাযদি।
রক্তসাগরযোগোহয়ং দীর্ঘায়ুর্ধনবান্ ভবেৎ॥

মেষে মকরে তুলাতে যদি গ্রহ থাকে, তবে রক্তসাগর যোগ হয়, ইহাতে জাত মনুষ্য দীর্ঘায়ুবিশিষ্ট ও ধনবান্ হইয়া থাকে।

বুধসিতগুরুগেহে সংস্থিতে সূর্য্যপুত্রে
সভবতি নররাজঃ শ্রেষ্ঠবুদ্ধিঃ সুবাগ্মী।
গজতুরগমহীনামীশ্বরঃ পুণ্যকর্ম্মা
ভবতি সচ শতায়ুর্গণ্যতে চাগ্রলোকৈঃ॥

জন্মসময়ে বুধ শুক্র কি বৃহস্পতির ক্ষেত্রে যদি শনৈশ্চর থাকেন, তবে জাতশিশু নরপতি, বুদ্ধিমান্ সুবক্তা হস্তী অশ্ব ও পৃথিবীর অধীশ্বর ও পুণ্যশীল হয়, আর শতবর্ষ পর্য্যন্ত জীবিত থাকিয়া শ্রেষ্ঠ মনুষ্য মধ্যে পরিগণিত হয়।

সিংহাসনাদি যোগঃ।

সিংহাসনশ্চতুশ্চক্রোদণ্ডোডমরুরেব চ।
যোগশ্চৈকাবলীহংসশ্চতুঃসিন্ধুশ্চদুর্ল্লভঃ॥

যোগান্তর কথিত হইতেছে। সিংহাসন, চতুশ্চক্র, কনকদণ্ড, ডমরু, একাবলী, রাজহংস ও চতুঃসাগর এই সকল যোগ অতিশয় দুর্ল্লভ।

সিংহাসনযোগঃ।

একঃ সিংহাসনোযোগঃ কন্যালৌ বৃষভে ঝষে।

কন্যা, বৃশ্চিক বৃষ ও মীনে গ্রহ থাকিলে একটী সিংহাসন যোগ হয়।

ফলং।

সিংহাসনে ভূমিপতির্ম্মনুষ্যো জাতোভবেৎ কুঞ্জরবাজিপূর্ণঃ।
কান্তোগুণী শত্রুকুলস্য ভেত্তা দিব্যাঙ্গনাসাধুজনপ্রমোদী॥

জন্মকালে সিংহাসন যোগ থাকিলে জাতব্যক্তি মহীপতি, হস্ত্যশ্বাদির অধীশ্বর, মনোরম, গুণবান্, শত্রুদমনকারী ও সাধুলোকের আনন্দদায়ক হয়, এবং ঐ ব্যক্তির স্ত্রী অতিশয় উত্তমা হইয়া থাকে।

চতুশ্চক্রযোগঃ।

হরৌ স্ত্রিয়ামলৌ চাপে ঘটে মীনে বৃষে নরে।
স্থিতে গ্রহগণে লগ্নে চতুশ্চক্রোহি যোগতঃ॥

জন্মসময়ে সিংহে, কন্যায়, বৃশ্চিকে, ধনুতে, কুম্ভে, মীনে, বৃষে মিথুনে ও লগ্নে সমুদয় গ্রহগণ সংযুক্ত হইলে চতুশ্চক্র যোগ হয়।

ফলং।

চতুশ্চক্রে তু যোজাতোভূপালগণসেবিতঃ।
ভুনক্তি জগতীং সর্ব্বাং সাগরাম্বরভূষিতাং॥

যে মনুষ্য চতুশ্চক্রযোগে জন্মগ্রহণ করে সে রাজগণের মধ্যে পূজ্য হইয়া সসাগরা পৃথ্বী ভোগ করে।

কণকদণ্ডযোগঃ।

মীনে মেষে বৃষে চৈব তুলায়াং গ্রহসংস্থিতে।
কণকদণ্ডযোগোঽয়ং দেবানামপি দুর্ল্লভঃ॥

মীনে, মেষে, বৃষে ও তুলাতে গ্রহ থাকিলে কনকদণ্ডযোগ হয়, এই যোগ দেবতাদিগের দুর্ল্লভ।

ফলং।

দণ্ডে প্রসূতোবহুপুণ্যভাগী একাতপত্রী ভবতি ক্ষিতীশঃ।
তেজোময়ঃ সিংহপরাক্রমী চ সংসেব্যমানোনৃপপাত্রবৃন্দৈঃ॥

কণকদণ্ড যোগে জন্মগ্রহণ করিলে জাতব্যক্তি অতিশয় পুণ্যভাগী একছত্রী রাজা, তেজীয়ান্ সিংহসদৃশপরাক্রমশালী ও রাজগণের পূজনীয় হয়।

ডমরুযোগঃ।

বৃষে চাপে যুগে কীটে গ্রহেষু ডমরুর্ভবেৎ।
সর্ব্বেষু যুবতীসিংহঘটমীনস্থিতেষু চ॥

বৃষে, ধনুতে, মিথুনে, বৃশ্চিকে, কন্যায়, সিংহে কুম্ভে ও মীনে গ্রহসকল থাকিলে ডমরুযোগ হয়।

বিলাসিনীচারুমুখোপভোগী বিখ্যাতশীলোবহুশাস্ত্রবেত্তা।
পরোপকারী ডমরৌ চ জাতঃ সুতার্থরাজ্যৈঃ পরিপূরিতশ্চ॥

ডমরুযোগে জাতব্যক্তি বিলাসিনী কামিনীকে উপভোগ করে, সমুদয় শাস্ত্রের পারদর্শী খ্যাত্যাপন্ন ও পরোপকারী হয়, সন্তানে অর্থে ও রাজ্যে পরিপূর্ণ থাকে।

অথৈকাবলীযোগঃ।

একৈকগ্রহযোগেন ভবেদেকাবলী শুভা।
লগ্নান্বিতগ্রহেণাপি সর্ব্বসম্পৎপ্রদানি সা॥

এক এক রাশিতে এক একটি করিয়া গ্রহ থাকিলে তাহাকে একাবলী যোগ বলে ঐরূপ যোগ হইয়া যদি লগ্নে গ্রহ থাকেন, তবে জাতকের সর্ব্বপ্রকার সম্পৎ লাভ হয়।

ফলং।

দিব্যাঙ্গনাবৃন্দনিষেব্যমানং ক্ষৌণীপতীশং পুরুষং করোতি।
একাবলী শত্রুকুলং নিহন্তি দদাতিধর্ম্মং তনুজং প্রশস্তং॥

জন্মকালে একাবলীযোগ হইলে জাতব্যক্তি উত্তমা স্ত্রীগণ কর্ত্তৃক সেবিত, রাজরাজেশ্বর, শত্রুহন্তা ধার্ম্মিক ও সৎপুত্রের জনক হয়।

অথরাজহংসযোগঃ।

ঘটে মেষে নরে চাপে তুলায়াং সিংহগে গ্রহে।

রাজহংসোভবেদ্‌যোগোরাজ্যসৌখ্যপ্রদঃ সদা ॥

কুম্ভে, মেষে, মিথুনে, ধনুতে, তুলায় ও সিংহে গ্রহ অবস্থিতি করিলে রাজহংস যোগ হয়। এই যোগে জন্মগ্রহণ করিলে জাতকের রাজ্যলাভ ও সুখভোগ হইয়া থাকে।

ফলং।

সর্ব্বানুপূজ্যোনৃপবল্লভশ্চ জাতোভবেদ্রাজসমোমনুষ্যঃ।
হংসে সরঃসিন্ধুতড়াগকূপে যদ্বাপতেত্তত্র মৃতির্ন চাস্তে ॥

রাজহংসযোগে জন্মগ্রহণ করিলে সেই ব্যক্তি সকলের পূজ্য রাজ-প্রিয়ও নৃপতুল্য হয় এবং পুষ্করিণী, সমুদ্র, দীর্ঘিকা কি কূপে' পতিত হইলেও তাহার মৃত্যু হইবে না।

রবিবর্জ্জং দ্বাদশগৈরনফা চন্দ্রাদ্দ্বিতীয়ৈঃ সুনফা।
উভয়স্থিতৈর্দুরধুরা কেমদ্রুমোহন্যঃ ॥

লগ্নের দ্বাদশস্থানে রবিভিন্নগ্রহ থাকিলে অনফা চন্দ্রের দ্বিতীয়-স্থানে রবিভিন্ন গ্রহ থাকিলে সুনফাযোগ হয়। লগ্নের দ্বাদশ ও চন্দ্রের দ্বিতীয় এই উভয় স্থানে রবিভিন্ন গ্রহ থাকিলে, দুর্‌ধুরাযোগ হইয়া থাকে। উক্ত দুইস্থান ভিন্ন অন্য ঘরে গ্রহ থাকিলে কেমদ্রুম যোগ হইবে।

সচ্ছীলং বিষয়সুখান্বিতং প্রভুং খ্যাতিযুক্তমনফায়াং
সুনফায়াং ধীধনকীর্ত্তিযুক্তমাত্মোপার্জ্জিতৈশ্বর্য্যং।'
বহুভৃত্যকুটুম্বারম্ভমনুদ্বিগ্নচিত্তমপি দৌরধুরে
ভৃতকং দুঃখিতমধনং জাতং কেমদ্রুমে বিদ্যাৎ ॥

এক্ষণে অনফাদি যোগের ফল কথিত হইতেছে। অনফাযোগে জন্ম হইলে মনুষ্য সৎস্বভাবযুক্ত, বিষয়সুখানুরক্ত প্রভু ও খ্যাতাপন্ন হয়। সুনফাযোগে জন্মিলে বুদ্ধিমান্, ধনবান কীর্ত্তিযুক্ত ও স্বোপার্জ্জিত ঐশ্বর্য্যান্বিত হইয়া থাকে। দুর ধুরাযোগে মনুষ্য বহুভৃত্যের প্রভু, আর কেমদ্রুমে গ্রন্মগ্রহণ করিলে সেই ব্যক্তি সেবক, দুঃখী ও নির্ধনী হইয়া থাকে।

এতে ন যদা যোগাঃ কেন্দ্রং গ্রহবর্জ্জিতং শশাঙ্কশ্চ।
কেমদ্রুমোঽতিকষ্টঃ শশিনি সমস্তগ্রহাদৃষ্টে ॥

অধুনা কেমদ্রুমযোগ কিরূপে ভঙ্গ হয় তাহা কথিত হইতেছে। পূর্ব্বোক্ত অনফা, সুনফা কি দুরধুরাযোগ যদি না হয়; আর লগ্ন ও লগ্ন হইতে চতুর্থ, সপ্তম কি দশম স্থানে যদি কোনগ্রহ না থাকে এবং চন্দ্র কোনগ্রহ যুক্ত কি কোনগ্রহ কর্ত্তৃক অবলোকিত না হন, তবে কেমদ্রুম-যোগ অতিশয় কষ্টদায়ক হয়। কিন্তু অনফা সুনফা, কিম্বা দুরধুরা যোগ হইলে, কি লগ্নের কেন্দ্রস্থানে গ্রহ কি চন্দ্র গ্রহযুক্ত, কি গ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে কেমদ্রুমযোগ হইবে না।

ফলং।

বাগ্মী প্রভুর্ধনপতির্ব্বিগদঃ সুশীলঃ ভোক্তান্নপাননিরতোবর-
কামিনীজিৎ।
খ্যাতঃ সমাহিতগুণশ্চ সমস্তবিচ্চ যোগে নিশাকরকৃতে
সুনফাভিধানে ॥

অনফাযোগ যদি চন্দ্রকৃত হয়, তবে জাতব্যক্তি বক্তা, প্রভু, ধনেশ্বর, নীরোগী, সুশীল, ভোক্তা, অন্নপানাদিতে আসক্ত, শ্রেষ্ঠ, স্ত্রীজিত খ্যাতাপন্ন, গুণবান্ ও সর্ব্বজ্ঞ হয়।

বাগ্‌বিত্তবিক্রমগুণৈঃ প্রথিতঃ পৃথিব্যাং স্বাতন্ত্র্যসৌখ্যবল
বাহনভোগভোগ্যঃ।
দাতা কুটুম্বজনপোষণলব্ধবুদ্ধিঃ সদ্‌বিত্তবান্ দুরধুরাপ্রভবোমনুষ্যঃ ॥

দুরধুরাযোগে জাতব্যক্তি বাক্য, বিত্ত ও পরাক্রম দ্বারা পৃথিবীতে খ্যাত, স্বাধীন, বল বাহন প্রভৃতি যুক্ত দাতা, আত্মীয়প্রতিপালক ও সৎবিত্ত যুক্ত হয়।

শুভৈর্দ্বয়ৈস্ত্রয়ৈর্ব্বাপি শক্রস্থানাবলোকিতে।
শক্রঞ্জয়োভবেদ্‌যোগঃ কিমন্যৈর্ব্বহুসংযুতৈঃ ॥

জন্মকালে যদি দুইটি কি তিনটি শুভগ্রহ কর্ত্তৃক শক্র (ষষ্ঠ) স্থান দৃষ্ট

হয়, তবে শক্রগ্রয়যোগ হইয়া থাকে। শক্রগ্রয়যোগ থাকিলে অন্যকোন গ্রহের যোগাযোগে বিশেষ ফল নাই।

ধ্বজযোগঃ।

মেষে বৃষে ঝষে চাপে স্থিতে গ্রহচতুষ্টয়ে।
সর্ব্বগ্রহন্যেষু কন্যায়াং ধ্বজোরাজ্যপ্রদোমতঃ॥

মেষ, বৃষ, মীন ও ধনু এই চারি রাশিতে যদি চারিটি গ্রহ থাকিয়া অপর সমস্ত গ্রহ কন্যাতে থাকে, তবে ধ্বজনামে যোগ হয়; ঐ যোগে জাতব্যক্তি রাজ্য লাভ করে।

ফলং।

ধনী প্রমোদিতোনিত্যং পুত্রদারসমন্বিতঃ।
রমতে সুখসম্পত্তিং ধ্বজে জাতোমহীপতিঃ॥

ধ্বজযোগের বিশেষ ফল কথিত হইতেছে। ধ্বজযোগে জন্মগ্রহণ করিলে সেই মনুষ্য ধনী, হর্ষান্বিত, পুত্রদারাযুক্ত, সুখ সম্পত্তিভোগী এবং অবনীপতি হইয়া থাকে।

চন্দ্রাত্মজোলগ্নগতোযদি স্যাৎ কেন্দ্রে শরে দেবপুরোহিতোঽসৌ।
চন্দ্রোদয়োযোগ ইতিপ্রবীণাঃ স্যাদ্‌ভূমিজাতং কথয়ন্তি জাতং॥

জন্মসময় বুধ যদি লগ্নস্থ হন, আর বৃহস্পতি কেন্দ্রস্থানে কি পঞ্চমে থাকেন, তবে চন্দ্রোদয় যোগ হয়। জাতব্যক্তির উক্তযোগ মঙ্গলদায়ক হয়; ইহা পণ্ডিতগণ কহিয়াছেন।

চতুঃসাগরযোগঃ।

তুলামকরমেষেঽক্কে গ্রহে লগ্নেঽথ বা ক্বচিৎ।
সিংহাসনাচ্চডমরোর্দ্দণ্ডাচ্চৈব ধ্বজাদপি।
চতুঃ সাগরযোগোঽয়ং চ্ছিন্নপুচ্ছাদ্বিশিষ্যতে॥

তুলায়, মকরে, মেষে ও কর্কটে এবং লগ্নে গ্রহ অবস্থিত হইলে চতুঃ-সাগরযোগ হয়। সিংহাসন ডমরু, দণ্ড, ধ্বজ ও ছিন্নপুচ্ছ যোগ হইতে এই চতুঃসাগর যোগ অধিক ফলপ্রদ হয়।

পুচ্ছযোগঃ।

মৃগে কর্কিনি পুচ্ছঃ স্যাদ্রাজযোগঃ সুখপ্রদঃ।

মকরে ও কর্কটে পুচ্ছযোগ ও রাজযোগ হয়, ইহাতে সুখপ্রদান করে।

চতুঃসাগরফলং।

চতুঃসিন্ধৌ নরোজাতোবহুরত্নবিভূষিতঃ।

গজবাজিনরৈঃ পূর্ণো নৃপতের্নৃপতির্ভবেৎ॥

চতুঃসাগরযোগে জন্মগ্রহণ করিলে সেই ব্যক্তি বহুরত্নদ্বারা বিভূষিত, হস্তী অশ্ব ও মনুষ্যের দ্বারা পূর্ণ এবং রাজাধিরাজ হইয়া থাকে।

ষট্‌শূন্যযোগঃ।

ষট্‌শূন্যে নৃপতির্গবামধিপতির্যানাশ্বনাথোভবেৎ *

ধর্ম্মাংশে নিপুণঃ পরস্ববিমুখঃ পার্থঃ সুসম্ভাষকঃ।

ধন্যোধান্যধনাদিভিঃ কুলপতিঃ শাস্ত্রার্থযুঙ্‌মানবঃ

লোকানাং প্রতিপালকঃ কৃতিবিদোমানী চ মান্যোগুণী॥

জন্মকালে মেষাদি দ্বাদশরাশির মধ্যে ছয়রাশিতে গ্রহগণ থাকিয়া যদি ছয় রাশিতে শূন্য থাকে, তবে ষট্‌শূন্যযোগ হয়। ষট্‌শূন্যযোগে জাত মনুষ্য নরপতি, গো যান ও অশ্বের অধিপতি, ধর্ম্মতৎপর পরধনে বিমুখ, পৃথিবীপতি, সদ্বক্তা, ধনধান্যাদিযুক্ত, কুলশ্রেষ্ঠ শাস্ত্রার্থবেত্তা, জনপালক, পণ্ডিতাগ্রগণ্য, মান্য ও গুণী হয়।

নীচস্থিতোজন্মনি যোগ্রহঃস্যাত্তদ্রাশিনাথশ্চ তদুচ্চনাথঃ।

যস্য ত্রিকোণে যদি কেন্দ্রবর্ত্তী ভবেত্তদাসৌ নৃপচক্রবর্ত্তী॥ †

জন্মসময়ে যে কোন গ্রহ নীচগৃহস্থিত হইলে সেই নীচরাশির অধিপতি

---

* ষট্‌শূন্যে নৃপতির্গোমহিষহয়কুঞ্জরৈর্যুক্তইত্যর্থঃ।

† অস্যার্থং। জন্মনি জন্মকালে যোগ্রহঃ নীচস্থঃ স্যাত্তদ্রাশিনার্থঃ সচাসৌ রাশিশ্চেতি তদ্রাশিঃ তস্য নাথঃ। তদুচ্চনাথঃ তস্য রাশিনাথস্যোচ্চং তন্নাথঃ এতৌ ত্রিকোণকেন্দ্রে যদি ভবত ইতি।

গ্রহ ও তাঁহার উচ্চরাশির অধিপতিগ্রহ ত্রিকোণে ও কেন্দ্রস্থানে থাকিলে জাতব্যক্তি রাজচক্রবর্ত্তী হইয়া থাকে।

আদৌ জীবঃ শনিশ্চান্তে গ্রহামধ্যে নিরন্তরং।
রাজযোগং বিজানীয়াৎ কুটুম্বগণসংযুতং॥

আদিতে বৃহস্পতি অন্তে শনি এবং অন্যগ্রহসকল নিরন্তর মধ্যে থাকিলে জাতব্যক্তির কুটুম্বের সহিত রাজযোগ হইবে।

সহজস্থোযদা জীবোমৃত্যুস্থানে যদা সিতঃ।
নিরন্তরং গ্রহামধ্যে রাজা ভবতি নিশ্চিতং॥

জন্মকালে লগ্নের তৃতীয়স্থানে বৃহস্পতি এবং অষ্টমস্থানে শুক্র আর অপরগ্রহ সকল নিরন্তর মধ্যবর্ত্তী হইলে জাতব্যক্তি নিশ্চয়ই রাজা হয়।

জীবে বৃষে সুধারশ্মির্ম্মিথুনে মকরে কুজঃ।
সিংহে ভবতি সৌরিশ্চ কন্যায়াং বুধভাস্করৌ।
তুলায়ামসুরাচার্য্যোরাজযোগোভবত্যয়ং।
অত্র যোগে সমুৎপন্নোমহারাজোভবেন্নরঃ।
অষ্টমে দ্বাদশে বর্ষে যদি জীবতি দৈবতঃ।
সার্ব্বভৌমস্তদা রাজা জায়তে বিশ্বপালকঃ॥

জন্মকালে বৃষে বৃহস্পতি, মিথুনে চন্দ্র, মকরে মঙ্গল, সিংহে শনি, কন্যায় বুধ ও রবি এবং তুলাতে শুক্র থাকিলে রাজযোগ হয়। এই যোগে জাতব্যক্তি মহারাজ হইয়া থাকে। কিন্তু অষ্টমবর্ষে দৈবাৎ জীবিত থাকিলে সার্ব্বভৌম রাজা এবং বিশ্বপালক হয়।

ধনে শুক্রশ্চ ভৌমশ্চ মীনে জীবে তুলে বুধঃ।
নীচস্থৌ শনিচন্দ্রৌ চ রাজযোগোবিধীয়তে।
অস্মিন্ যোগে চ যোজাতঃ সরাজা ধনবর্জ্জিতঃ।
দাতা ভোক্তা চ বিখ্যাতোমান্যোমণ্ডলনায়কঃ॥

জন্মকালে ধনস্থানে শুক্র ও মঙ্গল, মীনে বৃহস্পতি, তুলায় বুধ, এবং

নীচস্থানে শনি ও চন্দ্র থাকিলে রাজযোগ হয়। ঐ যোগে জাতমনুষ্য দাতা, ভোক্তা, বিখ্যাত, মান্য, মণ্ডলেশ্বর এবং ধনহীন রাজা হইয়া থাকে।

পঞ্চমস্থোযদা জীবোদশমস্থশ্চ চন্দ্রমাঃ।
স রাজ্যবান্ মহাবুদ্ধিস্তপস্বী চ মহাবলঃ॥

জন্মসময়ে বৃহস্পতি পঞ্চমস্থানে ও চন্দ্র দশমে থাকিলে জাতব্যক্তি রাজ্যেশ্বর, মহাবুদ্ধিমান, তপস্বী এবং অত্যন্ত বলবান্ হইয়া থাকে।

চতুর্থভবনে শুক্রগুরুচন্দ্রধরাসুতাঃ।
রবিসৌরৌ পুনশ্চাস্তে রাজা ভবতি নিশ্চিতং॥

জন্মকালে চতুর্থস্থানে শুক্র, বৃহস্পতি চন্দ্র ও মঙ্গল এবং অস্তে রবি ও শনি থাকিলে জাত মনুষ্য নিশ্চয়ই রাজা হয়।

অষ্টমে চ ব্যয়ে ক্রুরোমধ্যে চ ক্রুরসৌম্যকৌ।
রাজযোগোঽত্র যোজাতশ্চত্বারিংশৎ সজীবতি॥

জন্মসময় অষ্টমস্থানে ও দ্বাদশস্থানে ক্রুরগ্রহ এবং মধ্যে পাপগ্রহ ও শুভগ্রহ থাকিলে রাজযোগ হয়, ঐ যোগজাত শিশু রাজা হইবে, কিন্তু চল্লিশবৎসর বয়সের অধিক জীবিত থাকিবে না।

লগ্নে সৌরিস্তথা চন্দ্রস্ত্রিকোণে জীবভাস্করৌ।
কর্ম্মস্থানে ভবেদ্‌ভৌমোরাজযোগোবিধীয়তে॥

জন্মলগ্নে শনি ও চন্দ্র ত্রিকোণস্থানে (নবমে পঞ্চমে) বৃহস্পতি ও রবি এবং দশমস্থানে মঙ্গল থাকিলে রাজযোগ হইয়া থাকে।

মিথুনাদৌ কার্ম্মুকান্তে প্রতিরাশৌ স্থিতে গ্রহে।
নৌকাযোগেন রাজত্বং চিরায়ুঃ সভবেন্নরঃ॥

জন্মকালে মিথুন হইতে ধনুপর্য্যন্ত প্রতি রাশিতে গ্রহ থাকিলে নৌকাযোগ হয়, ইহাতে জাতব্যক্তি রাজত্ব করে, এবং দীর্ঘায়ুযুক্ত হইয়া থাকে।

মৃগাদিকর্কটান্তে চ গ্রহাঃ সর্ব্বত্র সংস্থিতাঃ।
ছত্রযোগোভবেন্নূনং নরোজয়পতির্নৃপঃ॥

জন্মসময়ে মকর হইতে কর্কট পর্য্যন্ত সকল রাশিতে গ্রহ থাকিলে ছত্রযোগ হয়, ইহাতে জাতমনুষ্য রাজা হইয়া সর্ব্বত্র জয় করে।

মেষে বৃষে তথা যুগ্মে তুলাবৃশ্চিককার্ম্মুকে।
ষট্‌স্থানেষু গ্রহেষ্বেব ষট্‌যোগে চ ভবেন্নৃপঃ॥

জন্মকালে মেষ, বৃষ, মিথুন, তুলা, বৃশ্চিক এবং ধনু এই ষট্‌স্থানে গ্রহ থাকিলে ষট্‌যোগ হয়, ইহাতে জন্মিলে রাজা হইয়া থাকে।

বৃষাদিকার্ম্মুকান্তে চ সর্ব্বরাশৌ স্থিতে গ্রহে।
যোগঃ কার্ম্মুক ইত্যেষ তত্র জাতোনৃপোভবেৎ॥

বৃষ হইতে ধনু পর্য্যন্ত সকল রাশিতে গ্রহ অবস্থিতি করিলে 'কার্ম্মুক যোগ হয়। ঐ যোগে মনুষ্য জন্মগ্রহণ করিলে রাজা হইবে।

রবৌ মেষে বৃষে কুম্ভে সতৌলি সংস্থিতে গ্রহে।
পাশযোগ ইতিখ্যাতঃ জাতঃ সদ্‌পণ্ডিতোভবেৎ॥

মেষে রবি থাকিয়া যদি বৃষে, কুম্ভে ও তুলাতে গ্রহ থাকে, তাহা হইলে পাশযোগ হয়; ইহাতে জন্মগ্রহণ করিলে জাত মনুষ্য সাধু ও পণ্ডিত হইয়া থাকে।

মেষাদিকার্ম্মুকান্তে চ ধর্ম্মরাশৌ স্থিতে গ্রহে।
বীণাযোগে ভবেদ্রাজা সোঽচিরেণ ভবেদ্‌বুধঃ॥

মেষ হইতে ধনুপর্য্যন্ত নয় রাশিতে গ্রহ থাকিলে বীণা যোগ হয়। বীণাযোগে জাতব্যক্তি রাজা ও পণ্ডিত হইয়া থাকে।

মৃগে মেষে তুলে কর্কে চতুঃস্থানস্থিতে গ্রহে।
চতুঃসাগরযোগেন সনরোনৃপতির্ভবেৎ॥

মকর, মেষ, তুলা ও কর্কট এই চারি রাশিতে গ্রহ অবস্থিতি করিলে চতুঃসাগরযোগ হয়। এই যোগে জাতশিশু নরপতি হইবে।

যুগ্মে তৌলিঘটে চৈব অজরাশৌ স্থিতে গ্রহে।
যোগোমুষলসংজ্ঞোঽসৌ স্বর্ণদায়ী ভবেন্নৃপঃ॥

মিথুন, তুলা কুম্ভ ও মেষে গ্রহ থাকিলে মুষলযোগ হয়। উক্তযোগে জন্মগ্রহণ করিলে রাজা হইয়া স্বর্ণ দান করে।

অলৌ বৃষে মৃগে মীনে কন্যায়াং কর্কটেঽপি চ।
এতম্বেব গ্রহাঃ সন্তি বাপীযোগে নৃপোভবেৎ॥

বৃশ্চিক, বৃষ, মকর, মীন, কন্যা ও কর্কট এই সকল রাশিতে গ্রহগণ অবস্থিতি করিলে বাপী যোগ হয়। ইহাতে জাত মনুষ্য রাজা হইয়া থাকে।

মেষাদিবণিজান্তে চ মীনরাশৌ স্থিতে গ্রহে।
হলযোগ ইতিখ্যাতঃ প্রতাপী নৃপতির্ভবেৎ॥

মেষাদি তুলা পর্য্যন্ত ছয় রাশিতে ও মীনে গ্রহ থাকিলে হলযোগ হয়। হলযোগে জাতব্যক্তি প্রতাপশালী রাজা হইয়া থাকে।

মৃগে মেষে তুলে ক্রুরে অন্যত্র গ্রহবর্জ্জিতে।
সমুদ্রযোগোনাম্নাত্র চিরায়ুশ্চ ভবেন্নরঃ॥

মকর মেষ তুলা ও কর্কটে গ্রহ সকল অবস্থিতি করিয়া অন্যত্র কোন গ্রহ না থাকিলে সমুদ্রযোগ হয়। ইহাতে জাতব্যক্তি দীর্ঘায়ুবিশিষ্ট ও রাজা হইয়া থাকে।

মীনে মেষে বৃষে কর্কে তুলায়াং মকরে গ্রহে।
চক্রপাণির্ভবেদ্‌যোগোজাতোনরপতির্ভবেৎ॥

মীন, মেষ বৃষ কর্কট তুলা ও মকরে যদি গ্রহ অবস্থিত হন, তবে চক্রপাণিযোগ হইয়া থাকে। ঐ যোগে জাতমনুষ্য নরপতি হয়।

কর্কটাদৌ ঝষান্তে চ প্রতিরাশৌ স্থিতে গ্রহে।
মালাযোগে নৃপোভূত্বা পশ্চাদ্দেশান্তরী ভবেৎ॥

কর্কটরাশি হইতে মীনরাশি পর্য্যন্ত প্রতি ঘরে গ্রহ থাকিলে মালাযোগ হয়। মালাযোগে জাতমনুষ্য প্রথমতঃ রাজা হইয়া পরে দেশান্তরী হয়।

কন্যায়াং কর্কটে বৃষে তথা বৃশ্চিকমীনয়োঃ।
স্থিতাগ্রহাঃ সূপযোগোধর্ম্মযুক্তোনৃপোভবেৎ॥

কন্যা, কর্কট, বৃষ, বৃশ্চিক ও মীন এই সকল রাশিতে গ্রহগণ অবস্থিতি করিলে ভূপযোগ হয়। ইহাতে জাতব্যক্তি ধার্ম্মিক রাজা হইবে।

সিংহাদিকার্ম্মুকান্তে চ পশ্যন্তি খেচরাযদি।
অর্দ্ধচন্দ্রোভবেদ্‌যোগোগজেন্দ্রেণ সমোভবেৎ॥

সিংহ হইতে ধনুরাশি পর্য্যন্ত সকল রাশিতে যদি গ্রহগণের দৃষ্টি থাকে, তবে অর্দ্ধচন্দ্রযোগ হয়, এই যোগে জাত মনুষ্য গজরাজ তুল্য হইয়া থাকে।

সিংহে কুম্ভে মৃগে ক্রূরে * চাপে যুগ্মে গ্রহোযদি।
ভূপযোগ ইতিখ্যাতঃ সনরোভূপতির্ভবেৎ॥

সিংহ, কুম্ভ, মকর, কর্কট, ধনু ও মিথুনে গ্রহ অবস্থিতি করিলে ভূপ-যোগ হয়; ভূপযোগে জাতব্যক্তি ভূপতি হইয়া থাকে।

গুরুসৌরিযোগে যদি জন্মপুংসোরাজেন্দ্রমন্ত্রী সকুলাধিপশ্চ।
রাজ্ঞঃ কুলে রাজজনস্য বীরোঽপ্যন্যত্র খণ্ডেশ্বররাজমন্ত্রী॥

বৃহস্পতি ও শনি যদি জন্মলগ্নে থাকেন তবে জাতমনুষ্য রাজাধি-রাজের মন্ত্রী, কুলশ্রেষ্ঠ ও রাজবংশে বীরাগ্রগণ্য হয়। আর যদি লগ্ন ভিন্ন অন্যত্র উক্ত দুইগ্রহ যোগে অবস্থিতি করেন, তবে জাতব্যক্তি খণ্ডেশ্বর রাজার মন্ত্রী হইয়া থাকে।

সরাহুর্গীষ্পতিঃ পাপং সসৌরিঃ কুষ্ঠদক্রকং।
সশুক্রঃ কবিতাং দদ্যাদিতি সত্যঃ † প্রভাষতে॥

লগ্নের ষষ্ঠস্থানে রাহুযুক্ত বৃহস্পতি থাকিলে জাতব্যক্তি পাপাত্মা হয়; অষ্টমে শনিযুক্ত গুরু থাকিলে দক্ররোগযুক্ত হয় এবং পঞ্চমস্থানে শুক্রযুক্ত গুরু থাকিলে জাতমনুষ্য কবি হইয়া থাকে। সত্যাচার্য্য এইরূপ বলিয়াছেন।

---

* ক্রূরঃ কর্কটঃ।

† সত্যঃ সত্যাচার্য্যঃ। এতদ্বচনার্থস্তু ষষ্ঠাষ্টপঞ্চমেষু বোধ্যঃ। পূর্ব্ববচনার্থস্তু জন্মলগ্নবিষয়ঃ।

যত্র তত্র স্থিতোভৌমোগুরুযুক্তোভবেদ্‌যদি।
তত্রোচ্চফলমাখ্যাতিঃ স্বাদুচ্চে দ্বিগুণং ফলং॥

মঙ্গল যেখানে সেখানে থাকিয়া গুরুযুক্ত হইলেই উচ্চফল দান করেন; আর যদি গুরুযুক্ত হইয়া স্বীয় উচ্চগৃহে বাস করেন, তবে পূর্ব্বোক্তফলের দ্বিগুণ ফল দান করিয়া থাকেন।

মীনে বৃষে চ কন্যায়াং বৃশ্চিকে চ গ্রহে স্থিতে।
এষসিংহাসনোযোগঃ সনরোনৃপতির্ভবেৎ॥

মীন, বৃষ, কন্যা ও বৃশ্চিকে গ্রহ থাকিলে সিংহাসন যোগ হয়। সিংহাসনযোগে জাতমনুষ্য রাজা হইয়া থাকে।

ক্ষেত্রসিংহাসনযোগঃ।

যদা চ সৌরিঃ সুররাজমন্ত্রী পরস্পরং পশ্যতি পূর্ণদৃষ্ট্যা।
তদা সমগ্রাং বসুধামুপৈতি কিম্বা ধনেনান্যগুণেন কিংবা॥

ক্ষেত্রসিংহাসনযোগ কথিত হইতেছে। জন্মকালে যদি শনিকে বৃহস্পতি পূর্ণ দৃষ্টিতে দেখেন এবং বৃহস্পতিতে শনি পূর্ণদৃষ্টি করেন, তবে জাতব্যক্তি সমস্ত পৃথিবী লাভ করেন। তাহার ধন কি গুণ দ্বারা বিশেষ কি হইবে?

দশমভবননাথঃ কেন্দ্রকোণে ধনে বা বলবতি যদি জাতঃ
ক্ষেত্রসিংহাসনে বা।
সভবতি নরনাথোবিশ্ববিখ্যাতকীর্ত্তির্ম্মদকলিতকপোলৈঃ সদ্‌গজৈঃ
সেব্যমানঃ॥

জন্মলগ্নের দশমস্থানের অধিপতি যদি কেন্দ্রস্থানে কি ত্রিকোণে অবস্থিতি করেন, অথবা বলবান্ ক্ষেত্র সিংহাসন যোগে যাহার জন্ম হয়, সেই ব্যক্তি নরপতি ও বিশ্বসংসারে বিখ্যাত-কীর্ত্তিসম্পন্ন হয় এবং মদমত্ত হস্তীগণ তাহার অধীনে থাকে।

স্বর্ক্ষৈশ্চ চতুষ্টয়ৈশ্চ বলিভিঃ স্বোচ্চস্থিতৈর্ব্বা গ্রহৈঃ
শুক্রাঙ্গারকমন্দজীবশশিজৈরেতৈর্যথানুক্রমং।

মানব্যোরুচকঃ শশোঽথ কথিতোহংসশ্চ ভদ্রস্তথা
মাহাত্ম্যাৎ পুরুষাঃস্ত্রিয়োঽধিকভয়া ক্ষিত্যাদি ভাজঃ সদা॥

শুক্র, মঙ্গল শনি বৃহস্পতি ও বুধ এই পঞ্চগ্রহের মধ্যে ক্রমে চারিটি করিয়া গ্রহ স্বীয়গৃহস্থিত কি তুঙ্গস্থ হইয়া বলবান্ হইলে যথাক্রমে মানব্য, রুচক, শশ, হংস ও ভদ্র এই পঞ্চপ্রকার যোগ হয় অর্থাৎ শুক্র, মঙ্গল শনি ও বৃহস্পতি স্বীয়গৃহস্থিত কি তুঙ্গী হইলে মানব্য যোগ; মঙ্গল শনি, বৃহস্পতি ও বুধ স্বগৃহস্থিত কি তুঙ্গস্থ হইলে রুচকযোগ; শনি, বৃহস্পতি বুধ ও শুক্র স্বীয়গৃহস্থিত কি তুঙ্গী হইলে শশযোগ; বৃহস্পতি, বুধ, শুক্র ও মঙ্গল স্বঘরে বাস করিলে কি তুঙ্গস্থ হইলে হংসযোগ এবং বুধ, শুক্র মঙ্গল ও শনি স্বীয় গৃহস্থিত কি তুঙ্গী হইলে ভদ্রযোগ হয়। এই সকলযোগে জাতপুরুষ বিশেষতঃ স্ত্রী জন্মিলে তাহারা পৃথিবীর উপরে আধিপত্য করে।

বিদ্যাবান্ জনসুভগঃ সত্যরতোধার্ম্মিকঃ সদা পুরুষঃ।
বান্ধব সুহৃদুপকর্ত্তা কেন্দ্রকোণে স্থিতে জীবে॥

জন্মসময়ে বৃহস্পতি কেন্দ্রস্থানে কি ত্রিকোণে থাকিলে জাতমনুষ্য বিদ্বান্ জনসুদৃশ্য, সত্যবান্, ধার্ম্মিক ও বন্ধুগণের হিতকারী হইয়া থাকে।

রাশিফলং।

মেষঃ সৌখ্য মুপৈতি গর্ব্বমপি গৌর্নানামতির্ম্মন্মথে।
ক্রূরঃ কর্কটকে ধৃতির্ব্বচনয়ে কন্যা চ মায়াবিনী।
সত্যং রৌতি তুলাপ্যলৌ মলিনতা চাপস্তু পাপাশয়ঃ
ঐশ্বর্য্যং (১)মকরে ঘটে চতুরতা মীনে চ ধীরামতিঃ॥

এক্ষণে রাশিফল কথিত হইতেছে। মেষরাশিতে জন্মগ্রহণ করিলে সুখী, বৃষে অহঙ্কারী, মিথুনে নানাবিষয়িনী বুদ্ধিযুক্ত, কর্কটে খলস্বভাব, সিংহে ক্ষমাশীল, কন্যাতে মায়াবী, তুলায় সত্যবাদী, বৃশ্চিকে মলিনাকৃতি,

১। মৌখর্য্যমিত্যপি

ধনুতে পাপযুক্ত, মকরে ঐশ্বর্য্যশালী, কুম্ভে চতুর এবং মীনে ধীরবুদ্ধি হইয়া থাকে।

ক্রূরঃ স্বল্পেঽপ্যপরাধে বৈরানুবন্ধকৃৎ।
ধৃতিরিষ্টযোগানিষ্ট প্রাপ্তৌ চ যথা পূর্ব্বমবস্থানং ॥

ক্রূর অল্পঅপরাধ পাইলেই শত্রুতা আচরণ করে, ধৃতি ইষ্ট কি অনিষ্ট কিছুই করে না।

অস্থির বিভূতিমিত্রং চলমটনং স্খলিতনিয়মমপি চ।
চরভে স্থিরভে তদ্বিপরীতং ক্ষমান্বিতং দীর্ঘ সূত্রঞ্চ ॥

জন্মসময়ে চন্দ্র চররাশিস্থিত হইলে জাতমনুষ্য অস্থিরঐশ্বর্য্য, চঞ্চলমিত্র, অস্থিরস্বভাব, গমনশীল ও স্খলিতনিয়ম হয়, স্থিররাশিতে জন্মিলে ইহার বিপরীত অর্থাৎ স্থিরবিভূতি, স্থিরমিত্র, অনটনশীল, স্থিরপ্রতিজ্ঞ ক্ষমাশীল ও দীর্ঘসূত্রী হইয়া থাকে।

দ্বিশরীরে ত্যাগ যুতং কৃতজ্ঞমুৎসাহিনং বিবিধচেষ্টং।
গ্রাম্যারণ্যজলোদ্ভবরাশিষু জাতাস্তথা শীলাঃ স্যুঃ ॥

চন্দ্র জন্মকালে দ্ব্যাত্মক রাশিতে থাকিলে জাতব্যক্তি দানশীল কৃতজ্ঞ, উৎসাহী, প্রসন্নাত্মাও বিবিধচেষ্ট হয়। আর গ্রাম্য আরণ্য ও জলজরাশিতে জাতব্যক্তি গ্রাম্যাদির স্বভাব প্রাপ্ত হয়।

অথ পাশ্চাত্যমতেন যোগঃ।*

তত্র মেষাদিনাং সংজ্ঞা।

হামন্ শওর জওজা শরতান্ আচ্ছদ ছমুনা মীজা আকর বর কওশ যদিদ্ লোহুৎ।

গ্রহাণাং সংজ্ঞা।

ছমছক মবক মীবিশ্ব বহবাম আতাবিদবু মুস্তবীর জোহবা লাহেদ জোহন কওয়ান॥

---

* পাশ্চাত্যমতে মেষাদির নাম, গ্রহসংজ্ঞা ও যোগ মূল আদর্শে যাহা ছিল অবিকল সেইরূপ লিখিত হইল।

ধনস্থঃ কুমুদ্‌বন্ধুঃ ষষ্ঠে জুহাবা তদেচ্ছা সুরেচ্ছা ভবেৎখুব চিহারা।
ভবেদ্‌বা নৃপোঽসৌ কিয়দ্‌বাপি মন্ত্রী হুজুরে হুকুলপরফুঁকারেন-
কারা॥

জাতব্যক্তির ধনস্থানে চন্দ্র ও ষষ্ঠস্থানে শনি থাকিলে দেবতাকাঙ্ক্ষীও সুন্দরাঙ্গ-বিশিষ্ট রাজা বা রাজমন্ত্রী হয়, আর বিশেষতঃ ঐ মনুষ্যের বাটীর বহির্দ্দেশে কারাধ্বনি হইয়া থাকে।

মৃত্যুজ্ঞানং।

চরে চ নিধনে তীর্থে স্থিরে চ গৃহমণ্ডলে।
দ্বিশরীরে ভবেন্মৃত্যু র্হট্টেবর্ত্মনি নান্যথা॥

জন্মলগ্ন হইতে অষ্টমস্থানে যদি চররাশি (মেষ, কর্কট তুলা কি মকর) হয়, তবে জাত মনুষ্য তীর্থে প্রাণত্যাগ করিবে। স্থির রাশিতে (বৃষ সিংহ বৃশ্চিক কি কুম্ভে) অষ্টমস্থানে হইলে গৃহে মৃত্যু হয়। আর যদি অষ্টম-স্থান দ্ব্যাত্মক (মিথুন, কন্যা ধনু কি মীন) রাশিতে হয়, তবে জাতকের হট্টে কি পথে মৃত্যু হইবে।

ধর্ম্মাধিপঃ পশ্যতি ধর্ম্মভাবং লগ্নাধিপঃ পশ্যতি চেদ্‌বিলগ্নং।
মৃত্যুং যদা পশ্যতি মৃত্যুনাথঃ তদা সুতীর্থে নিয়তং মৃতিস্যাৎ।

জন্মকালে যদি নবমাধিপতি কর্ত্তৃক নবমঘর দৃষ্ট হয় ও লগ্নাধিপতি লগ্ন দেখেন আর অষ্টমাধিকারী অষ্টমঘরে দৃষ্টি করেন, তবে জাতব্যক্তির নিশ্চয়ই সুতীর্থে মৃত্যু হইবে।

গ্রহত্রয়ং যদৈকত্র রাশিলগ্নবিবর্জ্জিতং।
ভুক্ত্বা বিবিধান্‌ ভোগানন্তে ভজতি জাহ্নবীং॥

জন্মকালে রাশি ও লগ্ন ভিন্ন অন্যস্থানে যদি তিনটি গ্রহ অবস্থিতি করেন, তবে জাতব্যক্তি সর্ব্বপ্রকারে সুখভোগ করিয়া অন্তকালে জাহ্নবীকে লাভ করে।

বুধাদিত্য * সমাযোগো ন ভূতো ন ভবিষ্যতি।

* নিরপেক্ষোহি যদ্রাশৌ রবিঃ সৌম্যেন সংযুতঃ। একর্ক্ষেহি ভবেদ্‌ যোগোবুধাদিত্যঃ স এব হি॥

চিরকালং সুখী ভূত্বা চান্তে ভজতি জাহ্নবীং ॥

বুধাদিত্যযোগের তুল্য কোন যোগ কখন হয় নাই এবং হইবে না, এই যোগে জাতব্যক্তি সুখভোগ করতঃ জাহ্নবী জলে তনুত্যাগ করে।

সপ্তভির্ব্বা চতুর্ভির্ব্বা নিধনং যদি বীক্ষ্যতে।
তীর্থপূতোভবেদ্ধীমানন্তে ভজতি জাহ্নবীং ॥

জন্মকালে সাতটি গ্রহ কি চারিটি গ্রহ যাহার মৃত্যু (অষ্টম) স্থান দৃষ্টি করে, সেই ব্যক্তি নানাতীর্থে ভ্রমণপূর্ব্বক শরীর পবিত্র করিয়া অন্তকালে জাহ্নবী সলিলে প্রাণত্যাগ করে।

বিনাশরাশির্যদি পুণ্যগেহো নিজাধিপৈরেব চ বীক্ষিতঃ স্যাৎ।
যদা তদা সৌম্যনিরীক্ষিতঃ স্যাৎ তনুং ত্যজেৎ জহ্নুসুতাসুনীরে ॥

জাতব্যক্তির অষ্টমস্থান যদি শুভগ্রহের ঘর হয়, আর তাহাতে সেই গ্রহের এবং অন্যশুভগ্রহের দৃষ্টি থাকে, তবে জাতব্যক্তি গঙ্গাসলিলে তনুত্যাগ করিবে।

পুণ্যাধিপঃ স্যাদ্‌যদি পুণ্যসংস্থশ্চন্দ্রপ্রভাযোগ ইহ প্রণীতঃ।
রাজাধিরাজোগুণিনাং বরেণ্যোগঙ্গাতটে মুঞ্চতি জীবিতং সঃ ॥

পুণ্যাধিপতি (নবমাধিপতি) যদি পুণ্যস্থানে (নবমস্থানে) বাস করেন তবে চন্দ্রপ্রভা যোগ হয়। এই যোগে জাতমনুষ্য রাজাধিরাজ চক্রবর্ত্তী এবং গুণিগণের মধ্যে শ্রেষ্ঠ হইয়া গঙ্গাতীরে প্রাণত্যাগ করেন।

পুণ্যরাশিগতশ্চন্দ্রঃ পুষ্করস্থোরবির্যদি।
কৃত্বা পুণ্যসহস্রাণি ম্রিয়তে জাহ্নবীজলে ॥

জন্মকালে যাহার নবমে চন্দ্র ও দশমস্থানে রবিগ্রহ বাস করেন, সেই ব্যক্তি সহস্র পুণ্য করিয়া গঙ্গাজলে জীবন ত্যাগ করে।

লগ্নস্য দক্ষিণে চন্দ্রোবামে চৈব দিবাকরঃ।
কৃত্বা পুণ্যসহস্রাণি ম্রিয়তে জাহ্নবীজলে ॥

জাতলগ্নের দক্ষিণে চন্দ্র এবং বামে রবি থাকিলে জাতব্যক্তি সহস্র পুণ্যকর্ম্ম করিয়া গঙ্গাজলে প্রাণত্যাগ করে।

অর্কেণ সহিতঃ শুক্রঃ কর্কটস্থোযদা ভবেৎ।
কৃত্বা পুণ্যসহস্রাণি ম্রিয়তে জাহ্নবীজলে ॥

জন্মকালে শুক্র যদি রবিযুক্ত হইয়া কর্কটরাশিতে বাস করেন, তবে জাতব্যক্তি সহস্র পুণ্যক্রিয়া করিয়া অন্তে গঙ্গাসলিলে তনুত্যাগ করে।

নিধননিধননাথোজন্মপঃ কর্ম্মপোবা স্বয়মুপচিতবিত্তো-
ধর্ম্মবাদপ্রসক্তঃ।
চরমসময়ে মর্ত্ত্যোরামনাম প্রজল্পন হরিহরিস্মরমাণো-
জাহ্নবীং সপ্রয়াতি ॥

জাতলগ্নের অষ্টমস্থানে অষ্টমস্থানের অধিপতি কি লগ্নের অধিপতি বা দশমস্থানের অধিপতি থাকিলে জাতমনুষ্য স্বীয় উপার্জ্জিত বিত্তদ্বারা ধনবান্ এবং ধর্ম্মশাস্ত্রে প্রসক্ত হইয়া জীবনযাত্রা নির্ব্বাহকরতঃ অন্ত সময়ে রাম রাম শব্দ উচ্চারণ এবং হরি হরি স্মরণান্তে জাহ্নবী সলিলে প্রাণত্যাগ করে।

গঙ্গামৃত্যুযোগঃ।

তস্মিন্ স্থানে যদা রাহোরবস্থানং তদা পথি।
বর্ত্ততে মৃত্যুরাবশ্যং শরীরং জাহ্নবীজলে ॥ (১)

পূর্ব্বোক্তযোগ হইয়া যদি অষ্টমস্থানে রাহুর অবস্থিতি হয়, তবে সেই ব্যক্তির পথে মৃত্যু হইবে, কিন্তু অস্থি গঙ্গাতে নিক্ষিপ্ত হইবে।

তীর্থমৃত্যুযোগঃ।

চরে যদি স্যান্নিধনস্য ভাবস্তস্যাধিপঃ পশ্যতি চেদ্বিলগ্নং।
স্বাধীশযুক্তং নিধনঞ্চ বা চেজ্জ্ঞানেন তীর্থেমরণং তদা স্যাৎ ॥

জন্মসময়ে লগ্নের অষ্টমস্থান যদি চররাশি হয়, এবং উক্ত স্থানের অধিপতি যদি জন্মলগ্নে দৃষ্টি করেন, অথবা অষ্টমস্থানে অষ্টমাধিপতি থাকেন, তবে জাতব্যক্তির সজ্ঞানে তীর্থে মৃত্যু হইয়া থাকে।

ষষ্ঠাষ্টমকণ্টকগোগুরুরুচ্চে মীনসংজ্ঞে বিলগ্নে বা।

১। এতেন গঙ্গাযামস্থিনিক্ষেপঃ।

শেষৈর্ব্বলৈর্জ্জন্মনি মরণে বা মোক্ষগতিং প্রাহুঃ ॥

লগ্নের ষষ্ঠ অষ্টম কি কেন্দ্রস্থান যদি বৃহস্পতির উচ্চস্থান অথবা মীন রাশি হয়, এবং বৃহস্পতি ঐ স্থানে থাকেন, আর অন্যান্য গ্রহসকল বলহীন হন, তবে ঐ লগ্নে জাতব্যক্তি কি মৃতব্যক্তি মোক্ষপদ লাভ করে।

ইতি মোক্ষজ্ঞানং।

খনাবাক্যং।

অষ্টমস্থানে গুরুর বাস রবি তাহার সম্পাশ।
লগ্নে চাঁদ লগ্নে শুকা, মরণ কালে পায় গঙ্গা।
জন্মনক্ষত্র তিথিবার, পাঁচে পূরিয়া করিয়া সার।
তিনে হরিলে যত হয়, তাহার মত গঙ্গা পায়।
একে শূন্যে সরোবর, দুইয়ে গঙ্গা অন্তর্জ্জল ॥

অথকাশীমরণযোগঃ।

চরাচ্চৈবাষ্টমস্থানং যদি স্যাদ্গুরুচন্দ্রয়োঃ।
তদা ভবেৎ কাশীলাভঃ মুনিভিঃ পরিকীর্ত্তিতং ॥

চররাশি হইতে অষ্টমস্থান যদি বৃহস্পতি কি চন্দ্রের ক্ষেত্র হয়, এবং ঐ চররাশি যদি জাতব্যক্তির লগ্ন হইয়া থাকে, তবে সে কাশীলাভ করিবে, মুনিগণ এইরূপ বলিয়াছেন।

লগ্নং পশ্যেদ্যদা চন্দ্রশ্চন্দ্রং পশ্যেদ্যদা গুরুঃ।
বারানস্যাং মহাক্ষেত্রে তদা মৃত্যুং বিনির্দ্দিশেৎ ॥

জন্মসময়ে লগ্নে যদি চন্দ্রের দৃষ্টি থাকে, এবং চন্দ্র যদি বৃহস্পতি কর্ত্তৃক দৃষ্ট হন, তবে জাতব্যক্তি মহাক্ষেত্র কাশীধামে জীবন পরিত্যাগ করে।

খনাবাক্যং।

চন্দ্র বুধ শুক্র থাকে ঘরে, শিশুকাল হ'লে পুণ্যকরে।
যদি গুরু কর্কটে স্থির, কাশীলাভ পুণ্য শরীর।

পঞ্চগ্রহযুতে লগ্নে তৎস্থে চ সুরপুঙ্গবে।
জীবক্ষেত্রগতে লগ্নে বারানস্যাং মৃতির্ভবেৎ ॥

লগ্নে যদি পাঁচটি গ্রহের দৃষ্টি থাকে, আর বৃহস্পতি ঐ ঘরে অবস্থিতি করেন, এবং সেই ঘর যদি বৃহস্পতির ক্ষেত্র হয়, তবে তাহাতে জাতব্যক্তি কাশীতে তনুত্যাগ করে।

খনাবাক্যং।

চাঁদ বুধ লগ্নে যুঝে, যদি গুরু সাতে দশে।
রবি শুক্র অষ্টমে মিলন, অবশ্য হয় প্রয়াগে মুণ্ডন।

সন্ন্যাসযোগঃ।

চতুরাদিভিরেকস্থৈঃ প্রব্রজ্যাং স্বাংগ্রহঃ করোতি বলী।
বহুবীর্য্যৈস্তাবহ্ব্যঃ প্রথমাবীর্য্যাধিকস্যৈব॥

অনন্তর প্রব্রজ্যাযোগ কথিত হইতেছে। চতুরাদি গ্রহ একত্রস্থিত হইলে অর্থাৎ চারি, পাঁচ, ছয় অথবা সাতটি গ্রহ কর্তৃক সম্মিলন হইলে যে গ্রহ বলবান্ তিনি স্বীয় প্রব্রজ্যা করান। আর যদি বহুগ্রহ বলী হয়, তবে বহু প্রব্রজ্যা হয়, কিন্তু যে গ্রহ অধিক বীর্য্যবান্ প্রথম প্রব্রজ্যা তাহার হইয়া থাকে; অনন্তর বলানুসারে অন্য অন্য গ্রহের প্রব্রজ্যা হয়।

তাপসবুদ্ধশ্রাবকরক্তপটাজীবিভিক্ষুচরকাণাং।
নির্গ্রন্থানাং চার্কাৎ পরাজিতৈঃ প্রচ্যুতির্ব্বলিভিঃ॥

কোন্ গ্রহের কিরূপ প্রব্রজ্যা তাহা বিবৃত হইতেছে। রবির প্রব্রজ্যা তাপস, চন্দ্রের বৌদ্ধধর্ম্মাবলম্বন, মঙ্গলের শাক্যসংজ্ঞক, বুধের একদণ্ডী, বৃহস্পতির যতী, শুক্রের চার্ব্বাক এবং শনির ক্ষপণক ব্রতী প্রব্রজ্যা হয়। কিন্তু বীর্য্যবান্ গ্রহ পরাজিত হইলে প্রব্রজ্যাচ্যুতি হইয়া থাকে।

ত্রিভিঃ স্বস্থৈর্ভবেন্মন্ত্রী ত্রিভিরুচ্চৈর্নরাধিপঃ।
ত্রিভির্নীচং গতে দাসস্ত্রিভিরস্তং গতে জড়ঃ।

জন্মকালে তিনটি গ্রহ স্বক্ষেত্রে থাকিলে জাতব্যক্তি রাজমন্ত্রী, তুঙ্গস্থ হইলে নরপতি নীচস্থ হইলে দাস এবং অস্তগত হইলে বিকলান্তঃকরণ হইয়া থাকে।

ইতি জাতকচন্দ্রিকায়াং চতুঃসানরাদিযোগ কথনং
নাম চতুর্থোঽধ্যায়ঃ।

অথ ষড়্বর্গঃ।

তদাহ বৃহজ্জাতকে।

ক্ষেত্রং হোরা চ দ্রেক্কাণোনবাংশোদ্বাদশাংশকঃ।
ত্রিংশাংশকশ্চ ষড়্বর্গাস্ত্র্যাদিপ্রাপ্তিফলপ্রদাঃ॥

ক্ষেত্র, হোরা, দ্রেকাণ, নবাংশ, দ্বাদশাংশ ও ত্রিশাংশ ইহাদিগকে ষড়্বর্গ বলাযায়। বর্গশব্দে ক্ষেত্র, হোরা, দ্রেকাণ, নবাংশ দ্বাদশাংশ ও ত্রিংশাংশ এই সকলকে এককালে বুঝায়; অথচ এক, একটি করিয়া প্রত্যেককেও বুঝায়। কোনগ্রহ ত্রিআদি বর্গস্থ হইলে জাতক তদাকার অবয়ব ধারণ করে, অর্থাৎ সেই গ্রহের যে বর্ণ ও আকৃতি প্রভৃতি জাতকেরও সেইরূপ হইয়া থাকে।

আদৌ ক্ষেত্রং।

কুজশুক্রবুধেন্দ্বর্কসৌম্যশুক্রাবনীভুবাং।
জীবার্কিভানুজেজ্যানাং ক্ষেত্রাণি স্যুরজাদয়ঃ॥

মেষাদি দ্বাদশরাশি, ক্রমে গ্রহগণের ক্ষেত্র (গৃহ) হয়; যথা—মঙ্গলের গৃহ মেষ ও বৃশ্চিকরাশি শুক্রের গৃহ বৃষ ও তুলারাশি, বুধের ক্ষেত্র মিথুন ও কন্যারাশি, চন্দ্রের গৃহ কর্কটরাশি রবিরক্ষেত্র সিংহরাশি, বৃহস্পতির গৃহ ধনু ও মীনরাশি এবং শনির গৃহ মকর ও কুম্ভরাশি নির্দ্দিষ্ট আছে।

অন্যচ্চ।—সিংহরাশীর্রবেঃ ক্ষেত্রং সোমস্য কর্কটস্তথা।
অলিমেষৌ চ ভৌমস্য বুধস্য যুগ্মকন্যকে।
ধনুর্ম্মীনৌ গুরুক্ষেত্রং ভার্গবস্য তুলাবৃষৌ।
শনেঃ কুম্ভমৃগৌ ক্ষেত্রং ক্ষেত্রবিদা প্রভণ্যতে॥

রব্যাদিক্রমে গ্রহগণের দ্বাদশরাশি ক্ষেত্র হয় যথা। রবির ক্ষেত্র সিংহ রাশি, চন্দ্রের ক্ষেত্র কর্কট, মঙ্গলের ক্ষেত্র বৃশ্চিক ও মেষ, বুধের ক্ষেত্র মিথুন ও কন্যা বৃহস্পতির ক্ষেত্র ধনু ও মীন, শুক্রের ক্ষেত্র তুলাও বৃষ এবং শনির ক্ষেত্র কুম্ভ ও মকর হইয়া থাকে। ক্ষেত্রবিৎ পণ্ডিতগণ এইরূপ বলিয়াছেন।

ক্ষেত্রাধিকারিণোগ্রহাঃ।

ভৌমোবৃশ্চিকমেষয়োঃ সুররিপোর্ম্মন্ত্রী তুলায়াং বৃষে
সিংহে সপ্তহয়ঃ সুরেশ্বরগুরুর্জ্জ্যেয়োধনুর্ম্মীনয়োঃ।
কন্যায়াং মিথুনে চ সোমতনয়ঃ সোমঃ স্বয়ং কর্কটে
কুম্ভে স্যান্মকরে চ সূর্য্যতনয়ঃ ক্ষেত্রাধিকারিক্রমঃ॥

এক্ষণে ক্ষেত্রাধিপতিকথিত হইতেছে। বৃশ্চিক ও মেষের অধিপতি মঙ্গল এবং তুলা ও বৃষের অধিপতি শুক্র হয়। এইরূপ সিংহের রবি, ধনু ও মীনের বৃহস্পতি, কন্যা ও মিথুনের বুধ, কর্কটের চন্দ্র কুম্ভ ও মকরের শনি অধিপতি হইয়া থাকে।

অথক্ষেত্রফলং *

মেষোদয়ে সমরজিৎ কৃতকুটকর্ম্মা রাজ্যাভিষেক-
বিজয়াত্মককর্ম্মসিদ্ধিঃ।
স্ত্রীকার্য্যযজ্ঞপশুপাল্যযুতার্থপুণ্যকন্যাকৃষিস্থিরহিতান্যুদয়ে বৃষস্য॥

মেষলগ্নে জাত মনুষ্য রণবিজয়ী, কুটক্রিয়ান্বিত, রাজ্যাভিষিক্ত, বিজয়ী ও সফলকর্ম্মা হয়। বৃষ লগ্নে জন্ম গ্রহণ করিলে সেই ব্যক্তি রমণীকার্য্য-পরায়ণ যজ্ঞরত, পশুপালক, ধনবান্ পুণ্যাত্মা, কন্যাউৎপাদক, কৃষিকার্য্যে রত এবং স্থিরমিত্র হইয়া থাকে।

ধান্যক্রিয়াগণিতসৎসুখমুখ্যশিল্পবিজ্ঞানমুক্তিমণয়োমিথুনে
কলাশ্চ।
সেতু প্রভেদমৃদুজাতিকরীতিকার্য্যমিন্দোর্গৃহে স্রবতি
বারি শুচিক্রিয়া চ॥

মিথুনলগ্নে জাতমনুষ্য ধান্যযুক্ত ক্রিয়ান্বিত, গণিতজ্ঞ সুখী, শিল্পনিপুণ, বৈজ্ঞানিক ও মণিপ্রভৃতির অধিপতি হয়। কর্কটলগ্নে জন্মিলে সেই ব্যক্তি সেতু প্রভেদকারী, লঘুজাতির কার্য্যকারক জলনিঃসরণ ও শুচি-ক্রিয়াতে রত হয়।

---

* ক্ষেত্রফল বিশুদ্ধ ও অর্থকরার ভার পাঠকবর্গের উপরে।

সিংহে বশীকরণবিক্রমসাহসানি ভূপাবসেকমৃগয়ানৃপসেবনানি।
প্রব্রজ্যমভ্যুপগমং বিপিনে কৃষিশ্চ বিজ্ঞানধাতুবনিতাভবনানি ষষ্ঠে॥

সিংহলগ্নে জাত মনুষ্য বশীকরণে পটু, বিক্রমশালী, সাহসী রাজার সিঞ্চনকারী, মৃগয়ানিপুণ এবং রাজসেবক হয়। কন্যালগ্নে জন্মিলে সন্ন্যাস গ্রহণান্তে বনবাসী, কৃষিকারক, বিজ্ঞান ও ধাতুপরীক্ষক হয়, এবং তাহার বণিতাও গৃহ বিদ্যমান্ থাকে।

চিত্রক্রিয়াবিপুলপুণ্যনিষেবিতানি বিত্তং বহুনৃপতিযোগ-
বিধিস্তুলায়াং।
ক্ষুদ্রক্রিয়াদিবিষশস্ত্রহুতাশচৌর্য্যং সংগ্রামসাহসকৃতানি চ
বৃশ্চিকে স্যুঃ॥

তুলালগ্নে জাতব্যক্তি চিত্রক্রিয়ানিপুণ, অতিশয় পুণ্যকর্ম্মা, সম্পত্তিশালী, এবং নরপতি হইয়া থাকে। বৃশ্চিকলগ্নে জন্মগ্রহণ করিলে সেই ব্যক্তি ক্ষুদ্রকার্য্যাসক্ত এবং বিষ, শস্ত্র, অগ্নি চৌর্য্যক্রিয়াতে ও সংগ্রামে সাহসী হয়।

ধান্যক্রিয়নিয়মধর্ম্মযশোব্রতানি সংগ্রামহস্তিহয়কর্ম্ম চ
চাপলগ্নে।
স্নেহোপযোগকপটং গুরুবান্ধবাদৌ-পাষণ্ডিনীতি-
নিয়মোমকরে বিলগ্নে॥

ধনুলগ্নে জন্মিলে সেই ব্যক্তি ধান্যক্রিয়াযুক্ত, নিয়মী, ধার্ম্মিক, যশস্বী ব্রতকারক এবং যুদ্ধে হস্ত্যশ্বাদি রক্ষক হয়। মকরলগ্নে জাতমনুষ্য গুরু ও বান্ধবাদির প্রতি কপটস্নেহ প্রকাশ করে এবং নাস্তিক হয়।

বেদার্থমার্গপরমাশ্রয়বীরকর্ম্ম ধর্ম্মাবৃতানি চ ভবত্যুদয়ে ঘটস্য।
মীনোদয়ে চ শুভমণ্ডলপৌষ্টিকানি যানেব মঙ্গল হিতানি চ
মীনলগ্নে॥

কুম্ভলগ্নে জন্মিলে সেইব্যক্তি বেদপথাবলম্বী, বীরকর্ম্মা এবং ধার্ম্মিক

হয়। মীনলগ্নে জন্মগ্রহণ করিলে জাত মনুষ্য শুভকার্য্য ও পৌষ্টিকক্রিয়া এবং অপরাপর মঙ্গলজনক কার্য্যে রত হয়।

ক্ষেত্রফলং।

অন্যচ্চ।—গুরোঃ ক্ষেত্রে নরোজাতোগৌরবর্ণঃ সভাযুতঃ।
পুণ্যকর্ম্মরতোনিত্যং ধনধান্যযুতোভবেৎ॥

বৃহস্পতির ক্ষেত্র (ধনু বা মীন) যদি লগ্ন হয়, তবে জাতমনুষ্য গৌরাঙ্গ, সভাসদ, সর্ব্বদা পুণ্যকর্ম্মে রত, এবং ধন ধান্যাদিযুক্ত হইয়া থাকে।

অথহোরা।

বিষমর্ক্ষেষু হোরাঃ স্যুঃ প্রথমাশ্চগুরোচিষঃ।
দ্বিতীয়াঃ শশিনোযুগ্মে ব্যত্যয়াদগণয়েৎ সদা॥

অধুনা হোরা কথিত হইতেছে। বিষমরাশিতে প্রথমহোরা রবির, দ্বিতীয় হোরা চন্দ্রের, সমরাশিতে ব্যত্যয় গণনা করিতে হয়; অর্থাৎ প্রথম হোরা চন্দ্রের ও দ্বিতীয়হোরা রবির হইয়া থাকে।

অন্যচ্চ।—বিষমর্ক্ষে (১) রবেরাদ্যাহোরাশ্চন্দ্রস্য শেষতঃ।
সমর্ক্ষে বিপরীতেন দ্বে হোরে চন্দ্রসূর্য্যয়োঃ॥ (ক)

ইতিহোরাসারে।

রাশি কি লগ্নকে দুইভাগে বিভক্ত করিলে তাহাদের নাম হোরা বলা যায়। বিষম রাশি অর্থাৎ মেষ, মিথুন, সিংহ, তুলা ধনু ও কুম্ভের নাম বিষম রাশি। এই ছয় রাশির বা লগ্নের প্রথমার্দ্ধ রবির হোরা, শেষার্দ্ধ চন্দ্রের। সমরাশি অর্থাৎ বৃষ, কর্কট, কন্যা, বৃশ্চিক, মকর ও মীনের নাম সমরাশি। এই ছয় রাশি বা লগ্নের প্রথমার্দ্ধ চন্দ্রের হোরা, দ্বিতীয়ার্দ্ধ রবির।

১। ঋক্ষে রাশৌ।

ক। অস্যার্থঃ মেষমিথুনসিংহতুলাধনুঃকুম্ভলগ্নস্য প্রথমার্দ্ধেরবের্হোরা শেষার্দ্ধে চন্দ্রস্য। বৃষকর্কটকন্যাবৃশ্চিকমকরমীনলগ্নস্য প্রথমার্দ্ধে চন্দ্রস্য দ্বিতীয়ার্দ্ধে রবেঃ।

হোরাফলং।

তত্র রবেঃ।

হোরায়াং সবিতুঃ কুবৃত্তিকুশলোধূর্ত্তোবিরূপঃ খলঃ।
পাপাত্মা মলিনঃ সুতার্থরহিতঃ ক্রূরোগুণৈর্ব্বর্জ্জিতঃ।
প্রৈষ্যঃ শীঘ্রগতির্গভীর হৃদয়ঃ কামী পরস্ত্রীরতঃ
দেবব্রাহ্মণনিন্দকোঽতিমুখরঃ সস্যাদভৃত্যোনরঃ॥

রবির হোরায় জন্মগ্রহণ করিলে সেই ব্যক্তি অসৎব্যবসায়ানুরক্ত, ধূর্ত্ত কুৎসিতাকার, খলস্বভাব, পাপাত্মা, মলিনভাবযুক্ত, পুত্র ও ধনহীন, ক্রূর, গুণরহিত, উন্মাদ, শীঘ্রগমনশীল, গভীরহৃদয়, কামুক, পরস্ত্রীতে আসক্ত, দেবতা ও ব্রাহ্মণনিন্দক, অতিশয় মুখর ও ভৃত্যহীন হইয়া থাকে।

চন্দ্রস্য।

শান্তঃ সর্ব্বগুণান্বিতঃ স্থিরমতির্নিত্যঃ সুহৃৎপূজিতঃ।
নানারত্নবরাঙ্গনাত্মজধনৈর্যুক্তঃ সুবেশঃ শুচিঃ॥
ত্যাগীদেবগুরুদ্বিজার্চ্চনরতঃ পাত্রং ধরিত্রীপতেঃ।
হোরায়াং রজনীকরস্য সুতনুর্ভৃত্যপ্রিয়োমানবঃ॥

চন্দ্রের হোরায় জন্মগ্রহণ করিলে জাতমনুষ্য শান্তস্বভাব, সর্ব্বগুণযুক্ত, স্থিরবুদ্ধি বন্ধুকর্ত্তৃক পূজিত, নানারত্ন, শ্রেষ্ঠস্ত্রী, পুত্র ও ধনাদিযুক্ত, সুবেশ ধারী, পবিত্রস্বভাব, ত্যাগশীল দেবতাগুরু এবং ব্রাহ্মণ অর্চ্চনাতে রত, পৃথিবীপতির পাত্র এবং ভৃত্যপ্রিয় হইয়া থাকে।

অথদ্রেক্কাণকথনং।

স্বপঞ্চনবমানাং যে রাশীনামধিপাগ্রহাঃ।
তে দ্রেক্কাণাধিপারাশৌ দ্রেক্কাণাস্ত্রয়এবহি॥

রাশি বা লগ্নকে তিনভাগে বিভক্ত করিলে ঐ এক এক ভাগের নাম দ্রেক্কাণ। স্বীয়, পঞ্চম ও নবমরাশির অধিপতি দ্রেক্কাণাধিপতি হইয়া থাকে।

অন্যচ্চ—লগ্নভাগং ত্রিধা কৃত্বা দ্রেক্কাণত্রয়মুন্নয়েৎ।
প্রথমঃ স্বগৃহস্যৈব দ্বিতীয়ঃ পঞ্চমস্য তু।
তৃতীয়োনবমস্যেতি দ্রেক্কাণাঃ পরিকীর্ত্তিতাঃ॥

লগ্নমানকে তিনভাগ করিলে তিনটি দ্রেক্কাণ হইবে, তাহার প্রথম দ্রেক্কাণ লগ্নাধিপতি গ্রহের, দ্বিতীয়দ্রেক্কাণ লগ্ন হইতে পঞ্চমরাশির অধিপতির এবং তৃতীয় দ্রেক্কাণ লগ্নাপেক্ষায় নবমরাশ্যধিপতির হইবে। দ্রেক্কাণের নিয়ম এইরূপে কথিত হইয়াছে।

সদসদ্‌গ্রহদ্রেক্কাণাজলদহনাখ্যাঃ প্রকীর্ত্তিতাঃ ক্রমশঃ। *
পাপযুতাঃ সলিলাখ্যামিশ্রাদহনাশ্চ সৌম্যযুতাঃ॥

শুভগ্রহের দ্রেক্কাণকে জলসংজ্ঞক বলা যায়। অশুভগ্রহের দ্রেক্কাণের নাম দহন। শুভগ্রহের দ্রেক্কাণে যদি পাপযুক্ত হয়, তবে তাহার নাম মিশ্র হয়। আর অশুভগ্রহের দ্রেক্কাণে শুভগ্রহ থাকিলে তাহারও মিশ্র সংজ্ঞা হইবে।

নৃযুগ্মমীনয়োরাদ্যৌ মধ্যৌ কর্কটচাপয়োঃ।
কন্যান্তঃ সৌম্যরূপাখ্যাদ্রেক্কাণাঃ পরিকীর্ত্তিতাঃ॥

মিথুন ও মীনের প্রথম দ্রেক্কাণ, কর্কট ও ধনুর দ্বিতীয় দ্রেক্কাণ এবং কন্যার শেষ দ্রেক্কাণকে সৌম্যরূপ বলিয়া থাকে।

দ্রেক্কাণঃ কর্কটাদ্যস্তু ফলপুষ্পযুতঃ স্মৃতঃ।
রত্নভাণ্ডান্বিতৌ জ্ঞেয়ৌ ধনুর্ম্মধ্যতুলাদিমৌ॥

কর্কটের প্রথম দ্রেক্কাণের নাম ফলপুষ্পযুত, ধনুর দ্বিতীয় দ্রেক্কাণ ও তুলার প্রথম দ্রেক্কাণকে রত্ন ভাণ্ডান্বিত বলা যায়।

রৌদ্রামেষমৃগালীনাং মধ্যান্তাকুম্ভজাস্ত্রয়ঃ।
নৃযুক্‌তুলান্তিমৌ মীনমধ্যঃ সিংহাদ্যমধ্যমৌ॥

মেষ মকর ও বৃশ্চিকরাশির দ্বিতীয় ও তৃতীয় দ্রেক্কাণ, কুম্ভরাশির প্রথম, দ্বিতীয় ও তৃতীয় দ্রেক্কাণ, মিথুন ও তুলারাশির শেষ দ্রেক্কাণ,

* । ক্রমো যথা। সদ্‌গ্রহস্য দ্রেক্কাণাঃ জলাখ্যাঃ। অসদগ্রহস্য দ্রেক্কাণা দহনাখ্যাঃ। শুভাশুভগ্রহাণাং দ্রেক্কাণেঽশুভাঃ শুভাস্তিষ্ঠন্তি তদা মিশ্রাঃ।

মীনরাশির দ্বিতীয় দ্রেক্কাণ এবং সিংহরাশির প্রথম ও দ্বিতীয় দ্রেক্কাণকে রৌদ্র কহে।

উদ্যতাস্ত্রা নৃযুগ্মেষমৃগকুম্ভভবাস্ত্রয়ঃ।
চাপাদ্যন্তৌ তুলান্ত্যশ্চ মধ্যৌ সিংহাঙ্গনাভবৌ॥

মিথুন, মেষ, মকর ও কুম্ভরাশির প্রথম, দ্বিতীয় ও তৃতীয় দ্রেক্কাণ, ধনুরাশির প্রথম ও তৃতীয় দ্রেক্কাণ, তুলারাশির তৃতীয়দ্রেক্কাণ এবং সিংহ ও কন্যারাশির দ্বিতীয় দ্রেক্কাণের নাম উদ্যতাস্ত্র।

মীনকর্কটয়োরন্ত্যৌ বৃশ্চিকস্যাদ্যমধ্যমৌ।
সর্পাশ্চত্বারএবৈতে দ্রেক্কাণানিগড়াশ্চ তে॥

মীন ও কর্কটরাশির অন্ত্য (তৃতীয়) দ্রেক্কাণ, বৃশ্চিকরাশির প্রথম ও দ্বিতীয় দ্রেক্কাণ এই দ্রেক্কাণ চতুষ্টয়ের নাম সর্প ও নিগড় বলিয়া কথিত আছে।

ব্যাড়াঃ কুম্ভালিমধ্যাদ্যাঃ কর্কিমীনান্ত্যসম্ভবৌ।
সিংহাদ্যন্ত্যৌ মৃগান্ত্যশ্চ তুলামধ্যান্তসম্ভবৌ॥

কুম্ভ ও বৃশ্চিকরাশির দ্বিতীয় দ্রেক্কাণ ও প্রথম দ্রেক্কাণ, কর্কট ও মীন রাশির তৃতীয় দ্রেক্কাণ, সিংহ রাশির প্রথম ও তৃতীয় দ্রেক্কাণ, মকর রাশির তৃতীয় দ্রেক্কাণ এবং তুলারাশির দ্বিতীয় ও তৃতীয় দ্রেক্কাণ ব্যাড় সংজ্ঞায় অভিহিত।

বৃষাদ্যমকরাদ্যন্তাদ্রেক্কাণাঃ পাশধারিণঃ।
তুলামধ্যান্তসিংহাদ্যাঃ কুম্ভাদ্যাঃ পক্ষিণঃ স্মৃতাঃ॥

বৃষরাশির প্রথম দ্রেক্কাণ, মকররাশির প্রথম ও তৃতীয় দ্রেক্কাণ, ইহারা পাশধর নামে কথিত। তুলারাশির দ্বিতীয় ও তৃতীয় দ্রেক্কাণ, সিংহরাশির প্রথম দ্রেক্কাণ এবং কুম্ভরাশির প্রথম দ্রেক্কাণ ইহারা পক্ষী সংজ্ঞায় প্রসিদ্ধ।

অথ দ্রেক্কাণফলং।

রবেঃ।

দ্রেক্কাণে দিবসেশ্বরস্য মলিনঃ ক্রূরোঽঙ্গনাবল্লভঃ
মুগ্ধঃ সাহসিকঃ কুকর্ম্মকুশলোমূর্খোবিরূপঃসুতঃ।
বহ্বাশীগুরুঘাতকোঽতিকৃপণোদ্যূতক্রিয়ায়াং রতঃ
পাপাত্মা মুখরঃ খলোঽতিচপলঃ সস্যাদসহ্যোনরঃ॥

রবির দ্রেক্কাণে জন্মগ্রহণ করিলে জাতমনুষ্য মলিন, বিক্রমশালী, রমণীপ্রিয়, মুগ্ধস্বভাব, সাহসী, কুকার্য্যে রত, মূর্খ কুরূপপুত্রযুক্ত, বহু আশান্বিত, গুরুঘাতক, অতিশয় কৃপণ, দ্যূতক্রীড়াসক্ত, পাপাত্মা, মুখর, খলস্বভাব, অতিশয় চপল ও অসহিষ্ণু হইয়া থাকে।

চন্দ্রস্য।

দ্রেক্কাণে রজনীকরস্য সুতনুঃ সম্পূর্ণলক্ষ্মীঃ সদা।
শীলাঢ্যোবহুভাষণোঽতিসুহৃদোবিদ্যার্থযুক্প্রেমবান্।
শাস্ত্রজ্ঞঃ কুলভূষণঃ সুরগণে ভক্তোগুরৌ বন্ধুষু
প্রাজ্ঞোধর্ম্মরতোবিদেশকুশলোদাতা ভবেন্মানবঃ॥

চন্দ্রের দ্রেক্কাণে জন্মগ্রহণ করিলে সেই ব্যক্তি সুশ্রী, লক্ষ্মীযুক্ত, সৎস্বভাব, বহুভাষী, বন্ধুপ্রিয়, বিজ্ঞ, প্রেমিক, শাস্ত্রজ্ঞ, কুলভূষণ, দেবতা গুরু ও বন্ধুর প্রতি ভক্তিমান্, প্রাজ্ঞ, ধর্ম্মজ্ঞ, বিদেশানুরক্ত এবং দাতা হইয়া থাকে।

মঙ্গলস্য।

দ্রেক্কাণে ক্ষিতিনন্দনস্য মলিনঃ ক্রূরোবিহীনোধনৈঃ
পাপাত্মা পিশুনশ্চ বিত্তরহিতঃ স্যান্নিষ্ঠুরোনির্দ্দয়ঃ।
দুঃশীলোবহুভাষণঃ ক্ষততনুঃ ক্রোধী কুবুদ্ধির্ভবেৎ
রোগার্ত্তঃ পরসেবকশ্চ সুজনৈঃ সন্ত্যাজিতোমানবঃ॥

মঙ্গলের দ্রেক্কাণে জন্মিলে সেই ব্যক্তি মলিন, পরদ্রোহকারী, ধনহীন, পাপাশয়; হিংসক, বিত্তরাহত, নিষ্ঠুর, নির্দ্দয়, দুঃশীল, বহুভাষী, ক্ষতাঙ্গ,

ক্রোধী, কুবুদ্ধিরত, রোগী, পরসেবক এবং সৎলোককর্ত্তৃক ত্যাজ্য হইয়া থাকে।

বুধস্য।

দ্রেক্কাণে শশিনন্দনস্য কুশলঃ ক্ষাপালপূজ্যঃ সদা
দীর্ঘায়ুর্ব্বলবাংশ্চবিত্তবহুলঃ শান্তোযশস্বী শুচিঃ।
ধর্ম্মস্থানপরঃ প্রমাদরহিতোবিজ্ঞঃ সভাবল্লভঃ
শাস্ত্রজ্ঞঃ কুলভূষণোবহুধনোমানী স্বরূপোনরঃ॥

বুধের দ্রেক্কাণে জন্মগ্রহণ করিলে সেই মনুষ্য সুখী, রাজপূজ্য, দীর্ঘায়ু-যুক্ত, বলবান্, বিত্তশালী, শান্তস্বভাব, যশস্বী, পবিত্রচিত্ত, ধর্ম্মবিষয়ে তৎপর ভ্রমহীন, বিজ্ঞ, সভাপ্রিয়, শাস্ত্রজ্ঞ, কুলের অলঙ্কারস্বরূপ, ধনবান্ মানী এবং স্বরূপসম্পন্ন হয়।

বৃহস্পতে।

দ্রেক্কাণে বচসাংপতেরপিশুনোদীর্ঘায়ুরর্থান্বিতঃ
সদ্বুদ্ধিঃ প্রিয়ভাষণোগুণনিধির্ম্মুক্তাশয়োধার্ম্মিকঃ।
শুদ্ধজ্ঞানময়ঃ কৃপাপরতনুঃ শান্তঃ সুশীলঃ শুচিঃ
স্বস্ত্রীস্নেহরতোঽন্যদারবিমুখঃ খ্যাতোযশস্বী নরঃ॥

বৃহস্পতির দ্রেক্কাণে জন্মিলে সেইব্যক্তি হিংসাশূন্য, দীর্ঘজীবী, ধনবান্ সদ্‌বুদ্ধিযুক্ত, প্রিয়ভাষী, গুণবান্, মুক্তাশয়, ধার্ম্মিক, বিশুদ্ধজ্ঞানময়, দয়ালু, শান্তস্বভাব, সুশীল, শুদ্ধাচারী, স্বীয়ভার্য্যাতে রত, পরস্ত্রীতে বিমুখ, খ্যাতাপন্ন এবং যশস্বী হইয়া থাকে।

শুক্রস্য।

দ্রেক্কাণে ভৃগুনন্দনস্য সুতনুর্ম্মন্ত্রী ধরিত্রীপতে
সর্ব্বজ্ঞঃ সুজনানুরাগকুশলোলোকে সতাং পালকঃ।
যুক্তোরত্নবরাঙ্গনাত্মজধনৈঃ স্ফীতঃ কৃপালুঃ শুচিঃ
শান্তঃ স্যান্নিরতোহি মুক্তহৃদয়োধর্ম্মান্নরক্তোনরঃ।

শুক্রের দ্রেক্কাণে জন্মগ্রহণ করিলে জাতব্যক্তি সুন্দরদেহবিশিষ্ট, রাজমন্ত্রী, সুজনে অনুরাগী সাধুলোকদিগের প্রতিপালক, রত্ন-উত্তমাস্ত্রী, পুত্র এবং ধনাদিযুক্ত, স্থূলদেহ, কৃপাবান্, পবিত্রদেহ, শান্তস্বভাব, সর্ব্বদা প্রসন্নচিত্ত, এবং ধর্ম্মকার্য্যে অনুরক্ত হইয়া থাকে।

শনেঃ।

দ্রেক্কাণে রবিনন্দনস্য মুখরঃ ক্রুরস্তথা তস্করঃ।
দুঃশীলঃ কৃপণঃ সুতার্থরহিতঃ প্রেষ্যোগুণৈর্ব্বর্জ্জিতঃ।
পাপাত্মা গুরুবর্গভক্তিরহিতোনীচানুরক্তোজড়ঃ
ক্রোধী নির্দ্দয়রোগশোকরহিতঃ কামাতুরোমানবঃ॥

শনির দ্রেক্কাণে জন্মগ্রহণ করিলে জাতমনুষ্য মুখর, ক্রূর, তস্কর, দুঃশীল, কৃপণ, পুত্র ও ধনবিহীন, ভৃত্য, গুণহীন, পাপকর্ম্মা, গুরুবর্গে ভক্তিশূন্য, নীচব্যক্তিতে রত, বিকলান্তঃকরণ, ক্রোধী, নির্দ্দয়, রোগশোক-যুক্ত এবং কামাতুর হইয়া থাকে।

ইতি দ্রেক্কাণফলং।

অথ দ্রেক্কাণানুসারে স্ত্রীপুরুষজ্ঞানং।

যদাহ মেষস্য গর্গঃ।

মেষস্য প্রথমে ভাগে দ্রেক্কাণে পুরুষোভবেৎ।
ক্রোধনোরক্তনেত্রশ্চ কৃষ্ণবর্ণোদুরাসদঃ।
দ্বিতীয়ভাগে সংপ্রাপ্তে নারী ভবতি নিশ্চয়ঃ।
স্থূলোদরী স্থূলমুখী যুবতির্লোহিতাকৃতিঃ।
তৃতীয়ে পুরুষঃ ক্রুরোনির্ভয়শ্চাতিদুর্ম্মতিঃ॥

মেষলগ্নের প্রথমদ্রেক্কাণে পুরুষ জন্মে। ঐ দ্রেক্কাণে জাতব্যক্তি ক্রোধী, রক্তনেত্র কৃষ্ণবর্ণ দেহ, এবং দুর্দ্দান্ত হয়। মেষের দ্বিতীয় দ্রেক্কাণে স্থূলোদরী স্থূলবদনা এবং রক্তবর্ণা কন্যা জন্মে। তৃতীয়দ্রেক্কাণে ক্রূর, নির্ভয় ও দুর্ম্মতি পুরুষ জন্মিয়া থাকে।

বৃষস্য।

বৃষস্য প্রথমে ভাগে ভবেন্নারী পতিব্রতা।
স্থূলোদরী দগ্ধপটা স্বল্পকেশী প্রিয়ম্বদা॥
দ্বিতীয়ভাগে পুরুষঃ কুশলঃ সর্ব্বকর্ম্মণি।
বৃহৎকায়োবৃহৎপাদস্তৃতীয়ে পুরুষোমহান্॥

বৃষ লগ্নের প্রথমদ্রেক্কাণে কন্যা জন্মে। জাতকন্যা পতিব্রতা স্থূলউদর-যুক্তা, দগ্ধবসনা অল্পকেশী ও প্রিয়ভাষিণী হয়। দ্বিতীয় দ্রেক্কাণে সর্ব্ব-কার্য্যে নিপুণ পুরুষ জন্মে। আর তৃতীয়দ্রেক্কাণেও বৃহৎকায় ও বৃহৎ পাদযুক্ত মহাপুরুষ জন্মিয়া থাকে।

মিথুনস্য।

দ্রেক্কাণে প্রথমে দ্বন্দ্বে ভবেন্নারী চ সুন্দরী।
দ্বিতীয়ে পুরুষঃ শূরোধনুর্ব্বিদ্যাসু তৎপরঃ।
তৃতীয়ে পুরুষোধন্বী পণ্ডিতশ্চার্থসংযুতঃ॥

মিথুনলগ্নের প্রথমদ্রেক্কাণে সুন্দরী কন্যা জন্মে। দ্বিতীয়দ্রেক্কাণে বিক্রান্ত এবং ধনুর্ব্বিদ্যাতে তৎপর পুরুষ জন্মিয়া থাকে। আর ঐ লগ্নের তৃতীয়দ্রেক্কাণেও পুরুষ জন্মে এবং সেইব্যক্তি ধনুর্দ্ধারী পণ্ডিত ও ধনযুক্ত হয়।

কর্কটস্য।

কর্কটে প্রথম ভাগে পুরুষোজায়তে মহান্।
দ্বিতীয়ে সুন্দরী নারী তৃতীয়ে পুরুষোভবেৎ॥

কর্কটলগ্নের প্রথমদ্রেক্কাণে পুরুষ জন্মে; দ্বিতীয় দ্রেক্কাণে সুন্দরী নারী জন্মে। তৃতীয় দ্রেক্কাণেও পুরুষ জন্মিয়া থাকে।

সিংহস্য।

পুরুষঃ প্রথমে সিংহে মুখং বানররূপকং।
ধন্বী পুমান্ দ্বিতীয়ে স্যাদুচ্চনাসাক্ষিরূপকঃ।
তৃতীয়ে পুরুষোজাত উচ্চনাসাতিচঞ্চলঃ॥

সিংহলগ্নের প্রথমদ্রেক্কাণে বানরাকৃতিমুখ মনুষ্য জন্মে দ্বিতীয়দ্রেক্কাণে ধনুর্দ্ধারী, উন্নতনাসা, এবং আয়তলোচনবিশিষ্ট পুরুষ হয়। তৃতীয়-দ্রেক্কাণেও উন্নতনাসাবিশিষ্ট ও চঞ্চল প্রকৃতি পুরুষ জন্মিয়া থাকে।

কন্যায়াঃ।

কন্যায়াঃ প্রথমে নারী দ্বিতীয়ে লেখকঃ পুমান্।
তৃতীয়ে সুন্দরী গৌরী উচ্চা রৌদ্রার্দ্রবাসসী।
হাস্যযুক্তা চ সুমুখী লজ্জাসন্ততিবর্জ্জিতা॥

কন্যালগ্নের প্রথমদ্রেক্কাণে কন্যা ও দ্বিতীয়দ্রেক্কাণে সুলেখক পুরুষ জন্মে তৃতীয়দ্রেক্কাণে কন্যা জন্মে। সেই কন্যা সুন্দরী, গৌরবর্ণা, দীর্ঘাঙ্গিনী, উগ্রস্বভাবযুক্তা, হাস্যবদনা, সুমুখী নির্লজ্জা ও সন্তানহীনা হইয়া থাকে।

তুলায়াঃ।

পুরুষঃ প্রথমে চৈব তুলায়াস্তুলধারকঃ।
ক্ষুধিতস্তৃষিতশ্চৈব দ্বিতীয়ে পুরুষোভবেৎ॥
তৃতীয়ে পুরুষোধন্বী দীর্ঘোদীর্ঘমুখঃ স্মৃতঃ॥

তুলালগ্নের প্রথমদ্রেক্কাণে পুরুষ জন্মে। ঐ পুরুষ তুলাধারী হয়। দ্বিতীয়দ্রেক্কাণেও পুরুষ জন্মে, সে সর্ব্বদা ক্ষুধা ও তৃষ্ণাতে অভিভূত থাকে। তৃতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মিলে সেই পুরুষ ধনুর্দ্ধারী দীর্ঘাঙ্গ ও দীর্ঘাস্য হইয়া থাকে।

বৃশ্চিকস্য।

বৃশ্চিকে প্রথমে ভাগে নারী স্থানচ্যুতা ভবেৎ।
দ্বিতীয়ে চ ভবেন্নারী সুখং বাঞ্ছতি সর্ব্বদা।
তৃতীয়ে পুরুষশ্চৈব ভক্ষকশ্চঞ্চলোমহান॥

বৃশ্চিকলগ্নের প্রথমদ্রেক্কাণে কন্যা জন্মে। সেই কন্যা স্থানচ্যুতা হয়। দ্বিতীয়দ্রেক্কাণেও কন্যা জন্মিয়া থাকে। সেই কন্যা সর্ব্বদা সুখাভি-লাষিণী হয়। তৃতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মে। উক্ত পুরুষ ভোক্তা ও চঞ্চল হইয়া থাকে।

ধনুষঃ।

ধনুষঃ প্রথমে ধন্বী পুরুষোজায়তে মহান্।
সুরূপা গৌরবর্ণা চ দ্বিতীয়ে সুন্দরীভবেৎ।
তৃতীয়ে পুরুষঃ শূরোধনুর্ব্বিদ্যাবিশারদঃ।
দণ্ডধারী ভবেন্নিত্যং যুদ্ধাকাঙ্ক্ষী চ সর্ব্বদা॥

ধনুলগ্নের প্রথমদ্রেক্কাণে পুরুষ জন্মে। উক্ত পুরুষ ধনুর্দ্ধর হয়। দ্বিতীয় দ্রেক্কাণে সুরূপা ও গৌরবর্ণা কন্যা জন্মিয়া থাকে। তৃতীয় দ্রেক্কাণে পুরুষ জন্মে; সেই পুরুষ বিক্রান্ত, ধনুর্ব্বিদ্যাবিশারদ, দণ্ডধারী ও সর্ব্বদা সংগ্রামে অভিলাষী হয়।

মকরস্য।

মকর প্রথমে ভাগে পুরুষোজায়তে মহান্।
স্থূলদেহোরৌদ্রমুখঃ ক্রুরশ্চ পিশুনোভবেৎ।
শ্যামাহংকারসংযুক্তা দ্বিতীয়ে যুবতী ভবেৎ।
তৃতীয়ে পুরুষোজ্ঞেয়োধনুষ্পাণির্ব্বৃহন্নরঃ॥

মকরলগ্নের প্রথমদ্রেক্কাণে মহৎপুরুষ জন্মে সেই পুরুষ স্থূলশরীরী, ভয়ঙ্করমুখ, ক্রূর ও পিশুনস্বভাব হইয়া থাকে। দ্বিতীয়দ্রেক্কাণে শ্যামবর্ণা, অহঙ্কারযুক্তা কন্যা জন্মে। তৃতীয়দ্রেক্কাণে পুরুষ জন্মে সেইব্যক্তি ধনুর্দ্ধারী ও অতিশয় বৃহৎ হইয়া থাকে।

কুম্ভস্য।

কুম্ভস্য প্রথমে ভাগে পুরুষঃ স্থূলতুন্দকঃ।
স্থিরায়ুর্ধীমতিঃ খর্ব্বা দ্বিতীয়ে সুন্দরী ভবেৎ।
তৃতীয়ে পুরুষঃ শ্যামোলোমকর্ণোভবেন্নরঃ।
মাংসাশী রৌদ্রমূর্ত্তিশ্চ ছেদনে মারণে রতঃ॥

কুম্ভলগ্নের প্রথমদ্রেক্কাণে পুরুষ জন্মে। সেই জাতব্যক্তি স্থূলোদর হয়। দ্বিতীয় দ্রেক্কাণে দীর্ঘায়ু বিশিষ্টা, বুদ্ধিমতী ও খর্ব্বাকৃতি কন্যা জন্মিয়া

থাকে। তৃতীয়দ্রেক্কাণে শ্যামবর্ণ পুরুষ জন্মে। সেইব্যক্তি লোমযুক্ত বর্ণবিশিষ্ট, মাংসাশী, উগ্রমূর্ত্তি এবং ছেদন ও মারণে অতিশয় পটু হয়।

মীনস্য।

পুরুষঃ প্রথমে মীনে প্রিয়োলোকস্য সর্ব্বদা।
দ্বিতীয়ে সুন্দরী গৌরী তৃতীয়ে পুরুষোভবেৎ॥

মীনলগ্নের প্রথমদ্রেক্কাণে মনুষ্যপ্রিয় পুরুষ জন্মে। দ্বিতীয়দ্রেক্কাণে গৌরবর্ণা কন্যাও তৃতীয়দ্রেক্কাণে পুরুষ জন্মিয়া থাকে।

পুংস্ত্রীজ্ঞানং।

স্ত্রীভাগে চ ভবেজ্জায়া পুংভাগে পুরুষোভবেৎ।
স্ত্রীদ্রেক্কাণে বালকোঽপি পুংগ্রহস্থিতিদর্শনৈঃ॥

স্ত্রীভাগে কন্যা ও পুংভাগে পুরুষ জন্মে; কিন্তু স্ত্রী দ্রেক্কাণেও যদি পুংগ্রহের স্থিতি কি দৃষ্টি থাকে, তবে তাহাতে বালক জন্মিয়া থাকে।

ভবেৎপুমান্ তথা নারী স্ত্রীগ্রহস্থিতিদর্শনৈঃ।
পুংভাগেঽপ্যবলা ক্বাপি সত্যমেতন্ময়োদিতং॥

পুংভাগে পুরুষ স্ত্রীভাগে স্ত্রী জন্মে; কিন্তু স্ত্রীগ্রহের স্থিতি কি দৃষ্টি বশতঃ পুংভাগেও কন্যা জন্মিয়া থাকে। ইহা নিশ্চয়রূপে অবধারিত হইয়াছে।

অথনবাংশকথনং।

রাজমার্ত্তণ্ডে।

চরাণাং সত্রিকোণানাং তচ্চরাদ্যানবাংশকাঃ।
রাশীনাং স্বনবাংশোযঃ সবর্গোত্তমসংজ্ঞকঃ॥

নবাংশ কথিত হইতেছে। চর রাশির অর্থাৎ মেষ, কর্কট, তুলা ও মকর রাশির নবাংশ এবং ঐ রাশিগণের পঞ্চম ও নবম রাশির নবাংশ মেষাদি ক্রমেই গণনা করিতে হইবে। রাশিদিগের স্বকীয় নবাংশকে বর্গোত্তম বলা যায়।

অন্যচ্চ—চরাণাং চররাশেঃ স্যাৎ স্থিরাণাং পঞ্চমাবধি।
দ্ব্যাত্মকানাং পঞ্চমাদির্নবাংশঃ পরিকীর্ত্তিতঃ॥

চররাশির চররাশি হইতে, স্থিররাশির স্বাবধি পূর্ব্বপঞ্চমরাশি হইতে এবং দ্ব্যাত্মক রাশির পঞ্চমাদি অর্থাৎ স্বাবধি পর পঞ্চমরাশি হইতে নবাংশ গণনা করিতে হয়।

মেষঃ স্বাম্মকরাদ্বৃষোনৃমিথুনং তৌল্যাগ্নিজাৎ কর্কটঃ
সিংহোজাম্মকরাচ্চ বামনয়না স্বাংশাত্তুলা বৃশ্চিকঃ।
কর্কাদশ্বিরজাত্তথা মকরকঃ স্বাংশাদ্ঘটীশোধটাৎ
কর্কাগ্নির্নিমিশোনবাংশকবিধিঃ প্রোক্তশ্চ লগ্নোদ্ভবঃ॥

এক্ষণে নবাংশভাগের বিষয় স্পষ্টরূপে কথিত হইতেছে যথা মেষ-লগ্নের নবাংশ মেষ হইতে গণনা করিতে হয়। বৃষের মকর হইতে, মিথুনের তুলা হইতে, কর্কটের কর্কট হইতে, সিংহের মেষ হইতে, কন্যার মকর হইতে, তুলার তুলা হইতে, বিছার কর্কট হইতে, ধনুর মেষ হইতে, মকরের মকর হইতে, কুম্ভের তুলা হইতে, এবং মীনের কর্কট হইতে নবাংশ গণনা হইয়া থাকে।

অন্যচ্চ—মেষকেশরিচাপানাং মেষাদ্যাস্তু নবাংশকাঃ।
বৃষকন্যামৃগাণাঞ্চ মকরাদ্যানবাংশকাঃ।
তুলামিথুনকুম্ভানাং তুলাদ্যাঃ সমুদাহৃতাঃ।
কর্কিবৃশ্চিকমীনানাং কর্কটাদ্যানবাংশকাঃ॥

মেষ, সিংহ ও ধনুর মেষাদি করিয়া নবাংশ গণনা করিতে হয়। বৃষ, কন্যা ও মকরের মকরাদি নবাংশ গণনা হইয়া থাকে। তুলা, মিথুন ও কুম্ভের তুলাদি করিয়া নবাংশ হয়। কর্কট বৃশ্চিক ও মীনের কর্কটাদি গণনায় নবাংশ দেখিতে হইবে।

নবাংশে পলপরিমাণং।

মেষে পঞ্চযমৈঃ ২৫ বৃষে গজভুজৈঃ ২৮
মন্মথে বেদবহ্নী ৩৪ কর্কে শৈলাশ্চরামা ৩৭

হয়ৌ নগতুলা ৩৭ কন্যকাতর্করামাঃ ৩৬
পলানি বাচ্যানি বুধৈর্নবাংশে ক্রমোৎক্রমান্ মেষ তুলাদিলগ্নে॥ *

অনন্তর নবাংশের পরিমাণ কথিত হইতেছে। † মেষলগ্নের প্রত্যেক নবাংশের মান পঁচিশপল করিয়া বৃষলগ্নের আটাশপল, মিথুনের চৌত্রিশ-পল, কর্কটের সাইত্রিশপল, সিংহের সাইত্রিশপল, এবং কন্যার ছয়ত্রিশ-পল, নবাংশের মান হয়। তুলাদিলগ্নে উৎক্রমে অর্থাৎ তুলালগ্নের প্রত্যেক নবাংশের মান ছয়ত্রিশপল করিয়া বৃশ্চিকের সাইত্রিশপল, ধনুর সাইত্রিশপল, মকরের চৌত্রিশপল, কুম্ভের আটাইশপল ও মীনের পঁচিশ-পল নবাংশের মান হইয়া থাকে।

নবাংশফলং।

গৌরঃ স্বল্পগুণী মৃদুশ্চ কুযশঃ শূরোগভীরাশয়ঃ
তেজস্বী মুখরঃ কুকর্ম্মকুশলঃ পাপানুরক্তঃ সদা।
স্তব্ধঃ সাহসিকোঽতিচঞ্চলধনোবক্তাল্পধর্ম্মঃ সুখী
ক্রূরঃ স্যাদরিমর্দ্দনোঽল্পতনয়োভানোর্নবাংশে নরঃ॥

সূর্য্যের নবাংশে জন্মগ্রহণ করিলে সেইব্যক্তি গৌরবর্ণ, অল্পগুণসম্পন্ন, মৃদুতনু কুযশোগ্রস্থ শূর, গভীর-আশয়, তেজস্বী, মুখর কুকর্ম্মান্বিত, পাপানুরক্ত, স্তব্ধ, সাহসী, চঞ্চলঐশ্বর্য্য, বক্তা, অল্পধার্ম্মিক, সুখী, ক্রূর, শত্রুপীড়ক, এবং অল্পসন্তানযুক্ত হইয়া থাকে।

চন্দ্রস্য নবাংশফলং।

ভবতিকনককান্তির্নাতিদীর্ঘোন হ্রস্বঃ প্রবিরলতনুরোমা
চারুকেশঃ সুমূর্ত্তিঃ।
বহুধনপরিপূর্ণোধর্ম্মশীলোগুণজ্ঞঃ বিষয়সুখসুবেশঃ শীতরশ্মে-
র্নবাংশে॥

* ক্রমান্মেষাদাবুৎক্রমাত্তুলাদাবিতর্থ্যঃ।

† মেষলগ্নের মান যেকালে ৩।৪৫ পল ছিল তাহার নবাংশ মান বর্ণিত হইয়াছে।

চন্দ্রের নবাংশে জন্মিলে জাতব্যক্তি সুবর্ণতুল্য আভাযুক্ত হয়, তাহার দেহ অতিশয় দীর্ঘ কি অতিশয় হ্রস্ব হয় না। দেহের লোমাবলি অতি বিরল ও কেশসমূহ মনোহর হয় আর ঐ ব্যক্তি সুন্দর, অতিশয় ধনী, ধার্ম্মিক, গুণজ্ঞ, বিষয় সম্ভোগী ও সুবেশধারী হইয়া থাকে।

মঙ্গলস্য নবাংশফলং।

কেশাগ্রে কপিলঃ সুবৃত্তনয়নঃ পৃষ্ঠোঽপি কিঞ্চিন্নতঃ
গৌরাঙ্গঃ কুনখী ব্রণাঙ্কিতশিরাঃ কামীখলোনিষ্ঠুরঃ।
ধূর্ত্তঃ স্ত্রীধনসংগ্রহেষু নিপুণঃ প্রায়োঽল্পধর্ম্মঃ সুখী,
শূরঃ শত্রুবিমর্দ্দনোঽতিকৃপণঃ স্যাদ্ভূসুতাংশেনরঃ॥

মঙ্গলের নবাংশে জন্মগ্রহণ করিলে সেই ব্যক্তির কেশের অগ্রভাগ কপিলবর্ণ, সুন্দরচক্ষু ও পৃষ্ঠদেশ কিছু অবনত হয়। আর ঐ ব্যক্তি গৌরবর্ণ, কুনখী, ব্রণযুক্তশিরা, কামাতুর, খলস্বভাব, নিষ্ঠুর, ধূর্ত্ত, স্ত্রী ও ধন সংগৃহে নিপুণ, অল্পধার্ম্মিক, সুখী শৌর্য্যশালী, শত্রুনাশক এবং অতিশয় কৃপণ হইয়া থাকে।

বুধস্য নবাংশফলং।

শ্যামশ্চঞ্চললোচনঃ সমতনুর্ব্বিস্তীর্ণবক্ষঃস্থলঃ
দীর্ঘাকুঞ্চিতমূর্দ্ধজঃ সুদশনশ্রেণীভিরাশোভিতঃ।
শিল্পজ্ঞঃ ক্রয়বিক্রয়েষু কুশলোধীরোধনাঢ্যঃ সুখী
দিব্যস্ত্র্যম্বরমাল্যভূষণরতঃ স্যাচ্চন্দ্রজাংশে নরঃ॥

বুধের নবাংশে জাতমনুষ্য শ্যামবর্ণ, চঞ্চলনয়ন, সমদেহ, বিস্তৃতবক্ষ, দীর্ঘ ও কুঞ্চিত কেশধারী, সুন্দর দন্তপঙ্‌ক্তিদ্বারা পরিশোভিত, শিল্পকার্য্যে নিপুণ, ক্রয় ও বিক্রয়বিষয়ে পটু, পণ্ডিত, ঐশ্বর্য্যশালী, সুখী এবং উত্তমাস্ত্রী উত্তমবসন ও মাল্যাদিভূষণে আসক্ত হইয়া থাকে।

গুরোর্নবাংশফলং।

গৌরাঙ্গঃ কমলাভিরামবদনোনীলোৎপলাভেক্ষণঃ
প্রাংশুঃ শোভনমূর্দ্ধজোঽতিবিমলঃ পাণৌ সুরেখান্বিতঃ।

বুদ্ধীশোঽপ্যতিথিপ্রিয়োবহুগুণঃ শূরোঽঙ্গনাবল্লভঃ
বিত্তাঢ্যোমধুরস্বরঃ সুরগুরোরংশে ভবেন্মানবঃ ॥

বৃহস্পতির নবাংশে জাতমনুষ্য গৌরবর্ণ, মনোজ্ঞকমলসদৃশ বদনযুক্ত নীলপদ্মের ন্যায় নয়নের আভা এবং অতি সুন্দর কেশসমূহ ও হস্তদ্বয় সুরেখাযুক্ত হয়। আর ঐ ব্যক্তি বুদ্ধিমান্, অতিথিপ্রিয়, বহুগুণসম্পন্ন, শৌর্য্যশালী, রমণীপ্রিয়, ধনাঢ্য এবং মিষ্টভাষী হইয়া থাকে।

শুক্রস্য নবাংশফলং।

রক্তাপাঙ্গোল্লসিতনয়নশ্চারুকেশঃ সুমূর্ত্তিঃ
কম্বুগ্রীবোভবতিকনকশ্যামবর্ণঃ সুনাভিঃ।
শূরঃ স্ত্রৈণঃ কবিরতিধনবান্ দানশীলোগুণজ্ঞঃ
বস্ত্রালঙ্কাররতুষ্টঃ কুসুমমণিরতঃ স্যান্নরোভার্গবাংশে ॥

শুক্রের নবাংশে জন্মগ্রহণ করিলে তাহার রক্তাপাঙ্গযুক্ত প্রফুল্লনয়ন, মনোজ্ঞ কেশসমূহযুক্ত, সুন্দর দেহ, কম্বু (ত্রিরেখাযুক্ত) গ্রীবাদেশ এবং কনকশ্যাম অর্থাৎ উজ্জ্বলশ্যামবর্ণ সুন্দরনাভি হয়। আর ঐ ব্যক্তি বীর পুরুষ, স্ত্রৈণ, কবি, অতিশয় ধনবান্, দাতা, গুণসম্পন্ন এবং বস্ত্র অলঙ্কার ও মণি পুষ্পাদিতে সন্তুষ্ট হইয়া থাকে।

শনের্নবাংশফলং।

প্রবিরলতনুরোমাবক্রকেশঃ কৃশাঙ্গঃ ভবতি নলিননেত্রঃ শ্যামবর্ণঃ স্বতন্ত্রঃ।
বহুগুণপরিপূর্ণঃ পাপশীলোঽল্পধর্ম্মঃ পরিমিতধনভাগী মানবো-ভানুজাংশে ॥

শনির নবাংশে জন্মগ্রহণ করিলে জাতব্যক্তির শরীরের রোমাবলি অতিশয় বিরল, কেশবক্র, তনুক্ষীণ ও নয়নদ্বয় পদ্মসদৃশ, শ্যামবর্ণদেহ-বিশিষ্ট স্বাধীন, বহুগুণযুক্ত, পাপশীল, অল্পধার্ম্মিক এবং পরিমিত ধন ভোগী করে।

দ্বাদশাংশবিচারঃ।

স্বর্কে * চ মেষপূর্ব্বাণাং স্বর্ক্ষাদ্যা দ্বাদশাংশকাঃ।

মেষাদিরাশির মেষাদি করিয়া দ্বাদশাংশ দ্বাদশরাশির অধিপতি ভোগ করেন।

অন্যচ্চ—লগ্নমানং ব্যবস্থাপ্য দ্বাদশেষ্বেব রাশিষু।

কৃত্বা দ্বাদশ ভাগাংস্তু গণয়েৎ স্বগৃহাদ্বুধঃ॥ †

লগ্নমানকে দ্বাদশভাগ করিলে তাহার এক এক ভাগের নাম দ্বাদশাংশ যে লগ্নের দ্বাদশাংশ বিচার করিতে হইবে, তাহার স্বকীয় ঘর হইতে গণনা করিতে হয়। যেমন মেষ লগ্নের দ্বাদশাংশ মেষ হইতে গণনা করিবে; বৃষলগ্নের বৃষ হইতে ইত্যাদি। উদাহরণ যথা; মেষলগ্নের প্রথমাংশ মেষাধিপতি মঙ্গলের, দ্বিতীয়াংশ বৃষাধিপতি শুক্রের, তৃতীয়াংশ মিথুনাধিপতি বুধের ইত্যাদি। বৃষলগ্নের প্রথমাংশ বৃষাধিপতি শুক্রের দ্বিতীয়াংশ মিথুনাধিপতিবুধের, তৃতীয়াংশ কর্কটাধিপতিচন্দ্রের ইত্যাদি। এই নিয়মে অন্যান্য লগ্নের দ্বাদশাংশ দেখিতে হইবে।

রবিদ্বাদশাংশফলং।

মলিনশ্চপলঃ ক্রূরঃ স্বল্পায়ুর্দুর্ব্বলোঽলসঃ।

কামী নরঃ স্বল্পধর্ম্মোদ্বাদশাংশে বিবস্বতঃ॥

রবির দ্বাদশাংশে জাত মনুষ্য মলিন, চঞ্চল, খলস্বভাব, অল্পায়ুযুক্ত, দুর্ব্বল, অলস, কামাতুর ও অল্প ধার্ম্মিক হইয়া থাকে।

চন্দ্রস্য দ্বাদশাংশফলং।

বন্ধুনামাশ্রয়ঃ প্রাজ্ঞোধনাঢ্যঃ প্রিয়দর্শনঃ।

শিল্পজ্ঞোবহুধর্ম্মঃ স্যাদ্দ্বাদশাংশে কলানিধেঃ॥

চন্দ্রের দ্বাদশাংশে জাতব্যক্তি বন্ধুগণের আশ্রয়দাতা সুপণ্ডিত, ঐশ্বর্য্য-শালী, প্রিয়দর্শন, শিল্পজ্ঞ এবং অতিশয় ধার্ম্মিক হইয়া থাকে।

---

* ঋক্ষে রাশৌ।

† দিক জন্মলগ্নং দ্বাদশভাগং কৃত্বা ক্রমে ণ গণনীয় মিতি।

কুজস্য দ্বাদশাংশফলং।

পিশুনোমলিনোমূর্খঃ পাপাত্মা সুরতপ্রিয়ঃ।
স্বল্পধর্ম্মোমহীজস্য দ্বাদশাংশে ভবেন্নরঃ॥

মঙ্গলের দ্বাদশাংশে জন্মগ্রহণ করিলে সেই ব্যক্তি হিংসাকারক, মলিন, মূর্খ, মৈথুনপ্রিয় এবং অল্পধার্ম্মিক হয়।

বুধস্য দ্বাদশাংশফলং।

বহুধর্ম্মী মহাভোগী বরসীমন্তিনীপতিঃ।
ধর্ম্মজ্ঞঃ সুভগশ্চৈব বুধস্য দ্বাদশাংশকে॥

বুধের দ্বাদশাংশে জন্মিলে অতিশয় ধার্ম্মিক, অত্যন্তভোগবান, শ্রেষ্ঠ-রমণীরপতি ধর্ম্মজ্ঞ এবং অত্যন্ত বীর্য্যবান্ হয়।

গুরোর্দ্বাদশাংশফলং।

শুচিঃ শাস্ত্রার্থবিদ্‌বক্তা সুখী দীর্ঘায়ুরীশ্বরঃ।
মহতামাশ্রয়োবাগ্মী দ্বাদশাংশে ভবেদ্‌গুরোঃ॥

বৃহস্পতির দ্বাদশাংশে জন্মগ্রহণ করিলে জাতক শুদ্ধাচারী, শাস্ত্রজ্ঞ, বক্তা, সুখী, দীর্ঘজীবী, ধনী, মহতের আশ্রয়দাতা এবং সুরাচার্য্যতুল্য হইয়া থাকে।

শুক্রস্য দ্বাদশাংশফলং।

শূরোবহুধনোভোগী নৃত্যগীতপ্রিয়ঃ সদা।
শুচির্দ্দান্তঃ ক্ষমী বক্তা দ্বাদশাংশে ভৃগোর্নরঃ॥

শুক্রের দ্বাদশাংশে জন্মিলে জাত ব্যক্তি শৌর্য্যশালী, অতিশয় ধনবান, ভোগবিলাসী, নৃত্যগীতপ্রিয়, শুদ্ধাচারী, তপঃক্লেশ সহিষ্ণু, ক্ষমাশীল, এবং বক্তা হয়।

শনের্দ্বাদশাংশফলং।

পিশুনশ্চপলোধূর্ত্তঃ কামী পরার্থলুব্ধকঃ।
মলিনোহীনধর্ম্মশ্চ দ্বাদশাংশে শনের্নরঃ॥

শনির দ্বাদশাংশে জন্মগ্রহণ করিলে জাতমনুষ্য হিংসক, চঞ্চল, ধূর্ত্ত, পরধনে লোভকারী মলিন এবং ধর্ম্মহীন হইয়া থাকে।

ত্রিংশাংশবিচারঃ।

কুজার্কিগুরুসৌম্যানাং ভাগাঃ শুক্রস্য চ ক্রমাৎ।
পঞ্চপঞ্চাষ্টসপ্তেষু জ্ঞেয়মোজঃসু রাশিষু।
ত্রিংশাংশাব্যত্যয়াদেতে যুগ্মরাশিষু কীর্ত্তিতাঃ॥

এক্ষণে ত্রিংশাংশ বিচার করা হইতেছে। যথা ;—লগ্নমানকে ত্রিশ ভাগ করিলে তাহার এক এক ভাগের নাম ত্রিংশাংশ। ওজ অর্থাৎ অযুগ্মরাশির প্রথম পাঁচভাগ মঙ্গলের, পরে পাঁচভাগ শনির, তৎপরে আটভাগ বৃহস্পতির, অপর সাতভাগ, বুধের এবং শেষ পাঁচভাগ শুক্রের। যুগ্মরাশিতে ইহার বিপরীত অর্থাৎ প্রথম পাঁচভাগ শুক্রের পরে সাতভাগ বুধের, তৎপরে আটভাগ বৃহস্পতির, অপর পাঁচভাগ শনির এবং শেষ পাঁচভাগ মঙ্গলের হয়।*

ওজরাশের্যথা।

মেষমিথুনসিংহতুলাধনুঃকুম্ভলগ্নেষু।
কুজাদিশুক্রান্তানাং পঞ্চাদিভাগাজ্জ্ঞেয়াঃ ক্রমেণ॥

মেষ, মিথুন, সিংহ, তুলা, ধনু ও কুম্ভলগ্নকে ওজ (অযুগ্ম) লগ্ন বলা যায় ; এই ছয়লগ্নের পাঁচ, পাঁচ, আট, সাত ও পাঁচভাগের ক্রমে মঙ্গল শনি, বৃহস্পতি, বুধ ও শুক্র অধিপতি হন।

যুগ্মরাশের্যথা।

বৃষকর্কটকন্যাবৃশ্চিকমকরমীনলগ্নেষু ব্যত্যয়েন।
শুক্রাদিকুজান্তানাং পঞ্চসপ্তাষ্টপঞ্চপঞ্চভাগাজ্জ্ঞেয়াঃ॥

বৃষ, কর্কট, কন্যা, বৃশ্চিক, মকর ও মীন এই ছয়টি যুগ্মলগ্ন, এই ছয় লগ্নের পাঁচ, সাত, আট পাঁচ ও পাঁচভাগে ক্রমে শুক্র, বুধ বৃহস্পতি শনি ও মঙ্গল অধিপতি হইয়া থাকেন।

---

*কোন গ্রন্থকারের মতে সমরাশির অংশের ব্যুৎক্রম না হইয়া গ্রহগণের ব্যুৎক্রমে ত্রিংশাংশ দেখিতে হয়।

ত্রিংশাংশফলং।

কুজস্যত্রিংশাংশফলং।

মূর্খঃ কুবৃত্তিকুশলোমলিনোবিরূপঃ ক্রূরঃ খলোঽর্থরহিতঃ পরদারগামী।
পাপপ্রবন্ধহৃদয়োবিকলোঽল্পবুদ্ধিঃ ত্রিংশাংশকে ক্ষিতিসুতস্য ভবেৎ প্রসূতঃ॥

মঙ্গলের ত্রিংশাংশে জাতমনুষ মূর্খ, কুকার্য্যাসক্ত, মলিন, বিরূপ, ক্রূর, খলস্বভাব, ধনহীন, পরদারগামী, পাপাত্মা বিকল এবং অল্প বুদ্ধি হয়।

শনেস্ত্রিংশাংশফলং।

বিদ্যাসুতার্থরহিতাঃ পিশুনাঃ কুরূপাঃ
স্ত্রীনির্জ্জিতাঃ সকলহাঃ পরবিত্তলুব্ধাঃ।
প্রেস্যাঃ কুকর্ম্মনিরতামলিনাঃ কৃতঘ্নাঃ
ত্রিংশাংশকেঽর্কতনয়স্য নরা ভবন্তি॥

শনির ত্রিংশাংশে জন্মগ্রহণ করিলে সেইব্যক্তি মূর্খ, পুত্রহীন, ধনরহিত, হিংসক, রূপহীন, স্ত্রীনির্জ্জিত, কলহপ্রিয়, পরবিত্তলোভী, ভৃত্য, কুকর্ম্মাসক্ত, মলিন এবং কৃতঘ্ন হয়।

গুরোর্দ্বাদশাংশফলং।

আচারধর্ম্মনয়সত্যবিবেকযুক্তাঃ তেজস্বিনঃ কৃতবিদঃ সুখিনোধনাঢ্যাঃ।
দীর্ঘায়ুষোবহুসুতাগুণিনোঽনুরক্তাঃ ত্রিংশাংশকে সুরগুরোঃ সুধিয়োভবন্তি॥

বৃহস্পতির ত্রিংশাংশে জাতমনুষ্য আচার, ধর্ম্ম, নয়, সত্য ও বিবেক যুক্ত হয়। আর ঐ ব্যক্তি তেজস্বী, কৃতজ্ঞ, সুখী, ধনবান্, দীর্ঘজীবী, বহুপুত্রযুক্ত, গুণজ্ঞজনের প্রতি অনুরক্ত এবং বিদ্বান্ হইয়া থাকে।

বুধস্য ত্রিংশাংশফলং।

ধর্ম্মার্থকামকুলকীর্ত্তিযশঃ প্রযুক্তঃ প্রাজ্ঞোবিবেককুশলঃ সুগুণী সুরূপঃ।
দিব্যাঙ্গনাভরণমাল্যসুগন্ধিযুক্তঃ ত্রিংশাংশকে শশিসুতস্য ভবেন্নরোঽসৌ॥

বুধের ত্রিংশাংশে জন্মগ্রহণ করিলে সেইব্যক্তি ধর্ম্ম অর্থ-কামাদিযুক্ত, কুলকীর্ত্তিবর্দ্ধ, যশস্বী, প্রাজ্ঞ, বিবেকযুক্ত, গুণী, রূপবান্ এবং উত্তমাস্ত্রী, আভরণ, মাল্য ও সুগন্ধি দ্রব্যাদির প্রিয় হইয়া থাকে।

শুক্রস্য ত্রিশাংশফলং।

বহুগুণপরিপূর্ণঃ সুন্দরশ্চারুদৃষ্টিঃ যুবতিজনোবিনোদী সর্ব্বশাস্ত্রেষ্বভিজ্ঞঃ।
দ্বিজগুরুসুরভক্তোদানশীলঃ কৃপালুঃ দনুজগণগুরোঃ স্যান্মানবস্ত্রিংশভাগে॥

শুক্রের ত্রিংশাংশে জাতমনুষ্য অতিশয় গুণবান্, সুরূপশালী, মনোজ্ঞ নেত্রবিশিষ্ট, যুবতীর আনন্দদায়ক, সর্ব্বশাস্ত্রে পারদর্শী, ব্রাহ্মণ, গুরু ও দেবগনের ভক্ত, দানশীল এবং দয়াবান্ হয়।

রত্নমালোক্তষড়্ বর্গকথনং।

ইতি জাতকচন্দ্রিকায়াং ষড়্বর্গাদি বিবেচনং নাম পঞ্চমোঽধ্যায়ঃ।

অথ মাসাদিফলং।

বৈশাখমাসফলং।

বেদজ্ঞোমধুরবাচা গীতবাদ্যবিশারদঃ।
পিতৃমাতৃপ্রিয়শ্চৈব বৈশাখে জায়তে নরঃ॥ ১॥

মাসাদি ফল কথিত হইতেছে যথা; বৈশাকমাসে জন্মগ্রহণ করিলে

সেই ব্যক্তি বেদজ্ঞাতা, মধুরভাষী, গীতবাদ্যাদিতে নিপুণ ও পিতামাতার প্রিয় হয়।

জৈষ্ঠ্যমাসফলং ।

অতিক্লেশসহোমানী চতুরশ্চ ভবেৎ সদা ।
মিষ্টান্নপানভোক্তা চ জ্যৈষ্ঠে সংজায়তে নরঃ ॥ ২ ॥

জৈষ্ঠমাসে যাহার জন্ম হয়, সেই ব্যক্তি অতিশয় ক্লেশসহ, মানী চতুর, এবং মিষ্টান্নভোক্তা হইয়া থাকে।

আষাঢ়মাসফলং।

চপলোঽতীব শূরশ্চ মেধাবী চ প্রিয়ম্বদঃ।
অতিলোভী ধনাঢ্যশ্চ আষাঢ়ে জায়তে নরঃ ॥ ৩ ॥

আষাঢ়মাসে জন্মিলে সেই ব্যক্তি চঞ্চল, শৌর্য্যশালী, মেধাযুক্ত, প্রিয় ভাষী, অতিশয় লোভী এবং ধনবান্ হয়।

শ্রাবণমাসফলং ।

শাস্ত্রজ্ঞোরূপবাংশ্চৈব গ্রাম্যধর্ম্মরতঃ সদা।
ভোক্তা চৈব তথা দাতা শ্রাবণে জায়তে নরঃ ॥ ৪ ॥

শ্রাবণমাসে জাতব্যক্তি শাস্ত্রপারদর্শী রূপসম্পন্ন গ্রম্যধর্ম্মে রত ভোক্তা এবং দাতা হইয়া থাকে।

ভাদ্রমাসফলং।

জ্ঞানী চ সুভগোলোভী দানধ্যানরতঃ সদা।
জায়তে চ নরোনিত্যং মাসি ভাদ্রপদে তথা ॥ ৫ ॥

ভাদ্রমাসে জন্মগ্রহণ করিলে সেইবক্তি জ্ঞানবান্, শোভন ঐশ্বর্য্যাদি যুক্ত, লোভী এবং দানধ্যানাদিতে সর্ব্বদা অনুরক্ত থাকে।

আশ্বিনমাসফলং।

সুখীকান্তস্তু বেদজ্ঞোরাজমান্যোধনাধিপঃ।
ভৃত্যবান্ পুত্রবাংশ্চৈব চাশ্বিনে জায়তে নরঃ ॥ ৬ ॥

আশ্বিনমাসে জাতব্যক্তি সুখী, মনোরম, বেদজ্ঞাতা, রাজমান্য, ধনাধিপতি ভৃত্যের প্রভু এবং পুত্রবান্ হয়।

কার্ত্তিকমাসফলং।

কায়দীপ্তোমহাজ্ঞানী দেবভক্তোধনেশ্বরঃ।
বিদগ্ধমতিমান্নিত্যং কার্ত্তিকে জায়তে নরঃ॥ ৭॥

কার্ত্তিকমাসে জন্মিলে সেইব্যক্তি দীপ্তিমান্, মহাজ্ঞানী, দেবতাভক্ত, ধনাধিপতি এবং রসিকতা বুদ্ধিসম্পন্ন হইয়া থাকে।

অগ্রহায়ণমাসফলং।

মহারোষী মহাশান্তঃ পরেষামুপকারকঃ।
মহাজ্ঞানী মহাভোগী সদা সুজনবল্লভঃ।
দেবপূজারতশ্চৈব মার্গশীর্ষে ভবেন্নরঃ॥৮

অগ্রহায়ণমাসে জাতব্যক্তি অতিশয় ক্রোধযুক্ত; এবং অত্যন্ত শান্ত, পরোপকারী, অতিশয় জ্ঞানসম্পন্ন, অত্যন্ত ভোগী, সর্ব্বদা সজ্জনপ্রিয় এবং দেবার্চ্চনাতে রত থাকে।

পৌষমাসফলং।

শুচির্দ্দাতা মহাসত্বঃ পিতৃমাতৃপ্রপোষকঃ।
মহাভোগী মহারোগী পৌষে সংজায়তে নরঃ॥ ৯॥

পৌষমাসে জন্মগ্রহণ করিলে সেই ব্যক্তি শুদ্ধাচারী, দাতা, অতিবলিষ্ঠ, পিতামাতার প্রতিপালক, মহাভোগবিশিষ্ট এবং অতিশয় রোগযুক্ত হইয়া থাকে।

মাঘমাসফলং।

দীর্ঘকায়োমহাজ্ঞানী সুন্দরশ্চ ধনাধিপঃ।
শূরশ্চ ধনবাংস্ত্যাগী মাঘে মাসি প্রজায়তে॥ ১০॥

মাঘমাসে জাতমনুষ্য দীর্ঘাঙ্গ, অতিশয় জ্ঞানবান্, সুন্দর, ধনাধিপতি, শৌর্য্যশালী, ধনবান্ ও ত্যাগশীল হয়।

ফাল্গুনমাসফলং।

কুলীনঃ প্রবরোদাতা দ্বিজদেবপ্রপূজকঃ।
স্ত্রীচাপলো মহাসত্বঃ ফাল্গুনে জায়তে নরঃ॥ ১১॥

ফাল্গুনমাসে জন্মগ্রহণ করিলে সেই ব্যক্তি কুলীন, শ্রেষ্ঠ, দাতা, ব্রহ্মণ ও দেবতার অর্চ্চক, রমণীর জন্য উৎকণ্ঠীত ও অতি বলিষ্ঠ হয়।

চৈত্রমাসফলং।

[illegible] সৌম্যোবক্তা ধনেশ্বরঃ।
[illegible] চৈত্রে সংজায়তে নরঃ॥ ১২

[illegible] জাতমনুষ্য জলদগ্নিসদৃশ দেহবিশিষ্ট, সুন্দর, বক্তা, ধনের অধিপতি গীতজ্ঞ ও চঞ্চল হইয়া থাকে।

রবিবারফলং।

মিষ্টান্নভোগী মানী চ ক্রোধী ভবতি লালসঃ।
পিত্তাধিকোরবের্ব্বারে ধনী কামী ভবেন্নরঃ॥ ১॥

অধুনা বারফল কথিত হইতেছে। যথা,—রবিবারে জন্মগ্রহণ করিলে সেইব্যক্তি মিষ্টান্নভোক্তা, মানী, ক্রোধযুক্ত, লোভী, পিত্তাধিক্য শরীরী, ধনবান্ এবং কামাতুর হয়।

সোমবারফলং।

ভোগী কামী শাস্ত্রবেত্তা গুণী মানী জিতেন্দ্রিয়ঃ।
বিদ্যাধিকঃ শীলযুক্তোজাতকঃ সোমবাসরে॥ ২॥

সোমবারে জাতব্যক্তি ভোগবিশিষ্ট অভিলাষী পণ্ডিত, গুণবান্, মানী, জিতেন্দ্রিয়, নানাবিধবিদ্যায়পারদর্শী, এবং সৎচারিত্রযুক্ত হইয়া থাকে।

কুজবারফলং।

মূর্খপ্রিয়োধনী ক্রূরঃ শ্রুতিস্মৃতিবিনিন্দকঃ।
অনাস্তিকঃ খেদহীনোভৌমে ভোগী সদা ভবেৎ॥ ৩॥

মঙ্গলবারে জন্মগ্রহণ করিলে সেইব্যক্তি মূর্খপ্রিয়, ধনবান্, ক্রূর, শ্রুতি স্মৃতি নিন্দাকারক, নাস্তিক, খেদহীন এবং ভোগবান্ হয়;

বুধবারফলং।

বেদশাস্ত্রক্রিয়াযুক্তোদয়ালুশ্চ বহুশ্রুতঃ।
ভয়ানকভোগযুক্তোজাতকোবুধবাসরে॥ ৪॥

বুধবারে জাতমনুষ্য বেদশাস্ত্রোদিত ক্রিয়াতে রত, দয়াবান্, পণ্ডিত ও অত্যন্তভোগযুক্ত হইয়া থাকে।

গুরুবারফলং।

বেদজ্ঞশ্চাগ্নিহোত্রী চ পুত্রপৌত্রধনান্বিতঃ।
প্রজান্বিতঃ পূর্ণচেতা গুরুবারেভবেন্নরঃ॥ ৫॥

বৃহস্পতিবারে জন্মগ্রহণ করিলে সেইব্যক্তি বেদজ্ঞাতা, অগ্নিহোত্রী, পুত্রপৌত্র প্রজা ও ধনাদিযুক্ত এবং পূর্ণচেতা হয়।

শুক্রবারফলং।

অর্থী ভোগী ধনী শূরঃ কৃপালুর্ব্বহুসেবকঃ।
বেদজ্ঞোঽপি শ্রুতজ্ঞোঽপি জন্ম শুক্রদিনে ভবেৎ॥ ৬

শুক্রবারে জাতমনুষ্য অর্থী, ভোগযুক্ত, ধনবান্, শৌর্য্যশালী, কৃপালু, বহুভৃত্যের প্রভু, বেদজ্ঞতা ও শ্রুতজ্ঞ হইয়া থাকে।

শনিবারফলং।

নীচাসক্তঃ কৃতঘ্নশ্চ কুটিলোবন্ধুপীড়কঃ।
কৃতকার্য্যহরশ্চাপি জাতকঃ শনিবাসরে॥ ৭॥

শনিবারে জন্মগ্রহণ করিলে সেইব্যক্তি নীচাসক্ত, কৃতঘ্ন, কুটীল, বান্ধবগণের পীড়াদায়ক ও কৃতকার্য্যনাশক হয়।

প্রতিপত্তিফলং।

ক্রূরসংজ্ঞী ধনৈর্হীনঃ কুলসন্তাপকারকঃ।
ব্যসনাসক্তচিত্তশ্চ প্রতিপত্তিথিজোনরঃ॥ ১॥

অধুনা জাতকের তিথি ফল কথিত হইতেছে। প্রতিপদতিথিতে জন্মগ্রহণ করিলে সেইব্যক্তি ক্রূরসজ্ঞক, ধনহীন বংশের মনস্তাপদায়ক, এবং ব্যসনানুরাগী হয়।

দ্বিতীয়াতিথিফলং।

পরদাররতোনিত্যং সত্যশৌচবিবর্জ্জিতঃ।
তস্করঃ স্নেহহীনশ্চ দ্বিতীয়ায়াং ভবেন্নরঃ॥ ২॥

দ্বিতীয়াতিথিতে জাতমনুষ্য সর্ব্বদা পররমনীতে আসক্ত, সত্য, ও শৌচ বিহীন, তস্কর এবং স্নেহশূন্য হইয়া থাকে।

তৃতীয়াতিথিফলং।

অচেতনোঽতিবিকলোনির্ব্বীর্য্যঃ পুরুষঃ সদা।
পরদ্বেষপরোনিত্যং তৃতীয়ায়াং ভবেন্নরঃ॥ ৩

তৃতীয়াতিথিতে জন্মিলে সেইব্যক্তি অতিশয় বিকল, বীর্য্যহীন ও সর্ব্বদা পরদ্বেষে রত হয়।

চতুর্থীতিথিফলং।

মহাভোগী চ দাতা চ মিত্রস্নেহবিচক্ষণঃ।
ধনসম্পত্তিযুক্তশ্চ চতুর্থ্যাং যদি জায়তে॥ ৪

চতুর্থীতিথিতে জাতমনুষ্য অতিশয় ভোগযুক্ত, দাতা, মিত্রে স্নেহকারক পণ্ডিত ও ধনসম্পত্তিশালী হইয়া থাকে।

পঞ্চমীতিথিফলং।

ব্যবহারগুণগ্রাহী পিতৃমাত্রোশ্চ রক্ষকঃ।
দাতা ভোক্তা চ শূরশ্চ পঞ্চম্যাং জাতকোনরঃ॥ ৫

পঞ্চমীতিথিতে জন্মগ্রহণ করিলে সেইব্যক্তি ব্যবহারের গুণগ্রহক, পিতা মাতার রক্ষক, দাতা, খাদক এবং শৌর্য্যশালী হয়।

ষষ্ঠীতিথিফলং।

নানাদেশাভিগামী চ সদা কলহকারকঃ।
নিত্যং জঠররোগী চ ষষ্ঠ্যাং জাতোভবেন্নরঃ॥ ৬

ষষ্ঠীতিথিতে জন্মিলে সেই মনুষ্যবহুদেশগামী, সর্ব্বদা কলহকারক এবং উদররোগী হইয়া থাকে।

সপ্তমীতিথিফলং।

অল্পভোগী চ তেজস্বী গুণবান্ সুন্দরঃ সদা।
পুত্রবান্ ধনসম্পন্নঃ সপ্তম্যাং জায়তে নরঃ॥ ৭

সপ্তমীতিথিতে জাতমনুষ্য অল্পভোক্তা, তেজস্বী, গুনবান্, সুন্দর, পুত্রবান্ ও ধনসম্পন্ন হয়।

অষ্টমীতিথিফলং।

ধর্ম্মী চ সত্যবাদী চ দাতা ভোক্তা চ বৎসলঃ।
গুণজ্ঞঃ সর্ব্বধর্ম্মজ্ঞশ্চাষ্টম্যাং সংভবেন্নরঃ॥ ৮

অষ্টমীতিথিতে জন্মগ্রহণ করিলে সেইব্যক্তি ধার্ম্মিক সত্যবাদী, দাতা, ভোক্তা, গুণবান্ এবং ধর্ম্মিষ্ঠ হইয়া থাকে।

নবমীতিথিফলং।

দেবভক্তোবহুসুতোযশস্বী ধর্ম্মতৎপরঃ।
শাস্ত্রাভ্যাসরতোনিত্যং নবম্যাং যদি জায়তে॥ ৯

নবমীতিথিতে জাতমনুষ্য দেবভক্ত, বহুপুত্রযুক্ত, যশস্বী, এবং শাস্ত্রাভ্যাসে সর্ব্বদা রত থাকে।

দশমীতিথিফলং।

দশম্যাং সর্ব্বকর্ম্মজ্ঞোদেবসেবী চ পাঠকঃ।
গুণী ধনী বেদবিজ্ঞোবন্ধুপুত্রপ্রিয়োজনঃ॥ ১০

দশমীতিথিতে জন্মগ্রহণ করিলে জাতব্যক্তি সকল কার্য্যে পারদর্শী, দেবার্চ্চক, ধর্ম্মভাবুক, গুণবান্ ধনশালী, বেদবেত্তা ও বন্ধুগণের প্রিয় হয়।

পণ্ডিতোবুদ্ধিমান্ সৌম্যোবন্ধুনামুপকারকঃ।
সুখভোক্তা সদা দাতা দশম্যাং জায়তে নরঃ॥ ১০

প্রকারান্তর ফল কথিত হইতেছে যথা,—দশমীতে জাতব্যক্তি পণ্ডিত, বুদ্ধিমান্, সুন্দর, বন্ধুজনের উপকারক, সুখভোগী এবং দাতা হইয়া থাকে।

একাদশীতিথিফলং।

একাদশ্যাং নরেন্দ্রস্য গেহগামী শুচির্ভবেৎ।
ধর্ম্মজ্ঞশ্চ বিবেকী চ গুরুভক্তশ্চসদ্‌গুণী॥ ১১

একাদশীতিথিতে জাতমনুষ্য রাজগেহগামী, শুদ্ধাচারী, ধার্ম্মিক, বিবেকী, গুরুভক্ত এবং সদ্‌গুণযুক্ত হয়।

দ্বাদশীতিথিফলং।

চপলশ্চ পরজ্ঞশ্চ সদা ক্ষীণশ্চরূপতঃ।
দেশভ্রমণশীলশ্চ দ্বাদশীজাতকোনরঃ॥ ১২

দ্বাদশীতে জন্মগ্রহণ করিলে সেইব্যক্তি চঞ্চল পরমজ্ঞানী, রূপহীন এবং দেশভ্রমণকারী হইয়া থাকে।

ত্রয়োদশীতিথিফলং।

মহাসিদ্ধোমহাপ্রাজ্ঞঃ শাস্ত্রাভ্যাসী জিতেন্দ্রিয়ঃ।
পরকার্য্যকরোনিত্যং ত্রয়োদশ্যাং যদা ভবেৎ॥ ১৩

ত্রয়োদশীতিথিতে জাতমনুষ্য মহাসিদ্ধ অতিশয় পণ্ডিত, শাস্ত্রাভ্যাসে রত, জিতেন্দ্রিয় এবং সর্ব্বদা পরোপকারে রত থাকে।

চতুর্দ্দশীতিথিফলং।

নাট্যধর্ম্মঃ সুশীলশ্চ শূরঃ সদ্বাক্যপালকঃ।
রাজমান্যোযশস্বী চ চতুর্দ্দশ্যাং যদা ভবেৎ॥ ১৪

চতুর্দ্দশীতে জন্মগ্রহণ করিলে সেইব্যক্তি নৃত্যগীত ও বাদ্যাদিতে অনুরক্ত, সুশীল, বীরপুরুষ সদ্‌বাক্যপালক, রাজমান্য এবং যশস্বী হইয়া থাকে।

পৌর্ণমাসীতিথিফলং।

শ্রীযুক্তোমাংসভোগী চ মহাভোজনলালসঃ।
উদেযাগঃ পরদারেষু পূর্ণিমাজোভবেন্নরঃ॥ ১৫

পূর্ণিমাতে জাতমনুষ্য লক্ষ্মীযুক্ত, মাংসখাদক, অতিশয় ভোজনপ্রিয় এবং পরদারচেষ্ট হয়।

অমাবস্যাতিথিফলং।

স্থিরারম্ভঃ পরদ্বেষী বক্রোমূর্খঃ পরাক্রমী।
গূঢ়মন্ত্রী সুজ্ঞানী চ অমাবস্যাভবোনরঃ॥ ৩০

অমাবস্যাতে জন্মগ্রহণ করিলে সেইব্যক্তি স্থিরারম্ভক, পরহিংসক খলস্বভাব, বিদ্যাহীন, পরাক্রমশালী, গুপ্তমন্ত্রী এবং জ্ঞানবান হইয়া থাকে।

রাশিগুণকথনং।

ভবতি বিরলকেশী চঞ্চলস্ত্যাগশীলঃ।
ন তু ভবতি সমৃদ্ধোনৈব দারিদ্র্যমস্তি।
ব্রজতি হিমশরীরোভূতিযুক্তঃ প্রলাপী
স ভবতি পুরুষোহয়ং মেষরাশির্ম্মনুষ্যঃ॥ ১

রাশিফল কথিত হইতেছে। মেষরাশিতে জাতমনুষ্য বিরল-কেশ-যুক্ত, চঞ্চল, ত্যাগশীল, কফাধিক্য শরীরী, ঐশ্বর্য্যশালী এবং প্রলাপী হয়।

পৃথুলগলকপোলঃ স্থূলনেত্রোঽপ্রমোদী
কুলজনপরিসেবী প্রায়সঃ সৌখ্যমেধী।
দ্বিজগুরুজনভক্তঃ শ্লেষ্মবাতঃ স্বভাবঃ
সিতকুটিলকরাগ্রোরাশিযুক্তোবৃষাখ্যঃ॥ ২

যে মনুষ্যের বৃষরাশি তাহার গল (কণ্ঠ) ও কপোল (গাল) অতিশয় বিস্তৃত হয়। আর ঐ ব্যক্তি স্থূলনেত্র, অনাহ্লাদী, কুলজনের সেবাকারী, সুখাভিলাষী, ব্রাহ্মণ ও গুরুজনেরভক্ত, শ্লেষ্মা ও বাতাধিক্য শরীরী এবং শুক্লবর্ণ ও কুটিল কেশধারী হইয়া থাকে।

মৃদুরুপচিতগাত্রঃ শ্লিষ্টবিস্পষ্টবাক্যঃ
পরিজনহিতকর্ত্তা পণ্ডিতোহাস্যযুক্তঃ।
প্রকৃতিরপি সমীরশ্লেষ্মপিত্তপ্রপন্নঃ
ভবতি মিথুনরাশির্গীতবাদ্যানুরক্তঃ॥ ৩

মিথুনরাশিতে জাতমনুষ্যের শরীর কোমল, বাক্য জড়ান ও অস্পষ্ট হয়। আর ঐ ব্যক্তি পরিজনবর্গের হিতকারী, পণ্ডিত, হাস্যযুক্ত বাত-শ্লেষ্মা ও পিত্ত প্রকৃতি শরীরী এবং গীতবাদ্যাদিতে অনুরক্ত হইয়া থাকে।

পবনকফশরীরোদেবদেহপ্রকাশঃ
স্বয়মুপচিতবিত্তোদেবতাবিপ্রভক্তঃ।
কুলজনহিতকারী মণ্ডলাকারমূর্ত্তিঃ
ভবতি বিপুলবিত্তঃ কর্কটঃ সত্যযুক্তঃ॥ ৪

কর্কটরাশিতে জন্মগ্রহণ করিলে সেই ব্যক্তি বায়ু ও কফযুক্ত শরীরী এবং দেবতার দেহসদৃশ দেহধারী হয়, আর ঐ ব্যক্তি স্বীয় উপার্জ্জিত ধনদ্বারা ধনবান্, দেবতাও ব্রাহ্মণভক্ত, আত্মীয়বর্গের হিতকারী, খর্ব্ব ও স্থূলদেহ অতিশয় সম্পত্তিশালী এবং সত্যযুক্ত হয়।

উদর ভরণতুষ্টঃ ক্রোধনোমাংসলুব্ধঃ
গহনগিরিগুহানাংসেবনোবন্ধুহীনঃ।
কপিলনয়নযুক্তস্তুঙ্গবক্ষঃ ক্ষুধার্থঃ
ভবতি সুরতসেবী পৈশুনঃ সিংহরাশিঃ॥ ৫

যে ব্যক্তির সিংহরাশি সে উদরপরায়ণ, ক্রুদ্ধস্বভাব, মাংসলোভী, বিজন পর্ব্বত গুহারআশ্রয়ী, সহায়হীন, কপিলবর্ণচক্ষুবিশিষ্ট, উচ্চবক্ষযুক্ত, ক্ষুধার্থী, মৈথুনযুক্ত ও হিংসক হইয়া থাকে।

বিমলমতিসুশীলো দৈন্যযুক্তঃ কবির্ব্বা
কৃশতনুধনযুক্তঃ ক্ষান্তিযুক্তস্বভাবঃ।
ভবতি নয়নরোগী ধার্ম্মিকঃ শীলযুক্তঃ
গুরুজনহিতকারী কন্যকা যস্য রাশিঃ॥ ৬

কন্যারাশিতে জাতব্যক্তি নির্ম্মল-বুদ্ধিবিশিষ্ট, সুশীল, দৈন্যযুক্ত, কবি, কৃশশরীরী ধনবান্ ক্ষমাশীল, নেত্ররোগী, ধার্ম্মিক, শীলসম্পন্ন এবং গুরু-জনের হিতকারী হয়।

ভবতি শিথিলগাত্রোনাতিদীর্ঘপ্রমাণঃ।
জনয়তি পরিতোষং বান্ধবানাং প্রমোদৈঃ।
অতিশয় বহুভাষী জ্যোতিষাং জ্ঞানযুক্তঃ
ভবতি হি তুলরাশির্ভৃত্যবর্গানুরক্তঃ॥ ৭

তুলারাশিতে জাতমনুষ্যের গাত্রশিথিল ও অনতি দীর্ঘ হয়, আর ঐ ব্যক্তি প্রফুল্লচিত্তে বান্ধবগণের সন্তোষ জন্মায় এবং বহুভাষী, জ্যোতির্ব্বেত্তা ও ভৃত্যবর্গের প্রিয় হয়।

বহুধনজনভাগী স্ত্রীষু সৌভাগ্যযুক্তঃ
পিশুনমতিমনস্বী রাজসেবানুরক্তঃ।
অভিলষতিপরার্থং নিত্যমুদ্যোগযুক্তঃ
দৃঢ়মতিরতিশূরোবৃশ্চিকোযস্য রাশিঃ॥ ৮

বৃশ্চিক রাশিতে জন্মগ্রহণ করিলে সেই ব্যক্তি অতিশয় ধনশালী জনযুক্ত স্ত্রীকর্তৃক সৌভাগ্যশালী, খলমতি বিদ্বান্ রাজসেবাতে অনুরক্ত, পরধনলোভী, সর্ব্বদা উদ্যোগী, কঠিনহৃদয় ও শৌর্য্যশালী হইয়া থাকে।

ধনুরিবগুণযুক্তঃ কীর্ত্তিভাক্ পূজনীয়ঃ
কুলপতিরতিবিজ্ঞোবন্ধুবর্গৈকপাত্রঃ।
বহুধনজনযুক্তোদেববিপ্রোপসেবী
মৃদুগতিরসহিষ্ণু কার্ম্মুকোযস্য রাশিঃ॥ ৯

যাহার ধনুরাশি সেইব্যক্তি ধনুর ন্যায় গুণসম্পন্ন কীর্ত্তিযুক্ত, পূজনীয়, বংশের শ্রেষ্ঠ অতিশয় বিজ্ঞ বন্ধুবর্গের প্রিয়তম, ধনবান্ জনযুক্ত দেবতা ও ব্রাহ্মণের সেবাকারী, মৃদুগমনশীল এবং অসহ্যকারী হইয়া থাকে।

অভিলষতি পরস্ত্রীং লব্ধসম্পত্তিভোগী
নরপতিরিবতুল্যোমৈথুনপ্রীতিযুক্তঃ।
কৃশতনুরতিযুক্তোবন্ধুবর্গস্য ভর্ত্তা
ভবতি মকররাশির্ম্মানবোবীরভাবঃ॥ ১০

মকররাশিতে জন্মগ্রহণ করিলে সেইব্যক্তি পরদারাভিলাষী, লব্ধসম্পত্তিভোগী, নরপতির ন্যায় মাননীয়, রমণীসম্ভোগে প্রীতিযুক্ত, কৃশাঙ্গ, বন্ধুবর্গের প্রতিপালক এবং বীরসদৃশ হয়।

উরগইব সহিষ্ণুঃ সুন্দরঃ স্বচ্ছচিত্তঃ
স্থিরধন অভিমানী মানবঃ শুদ্ধচিত্তঃ।
বহুধনপরিবারোদানশীলঃ কুলজ্ঞঃ
বুধজনহিতকারী কুম্ভরাশির্ম্মনুষ্য॥ ১১

কুম্ভরাশিতে জাতমনুষ্য সর্পসদৃশসহ্যকারী, সুন্দর, নির্ম্মলচিত্ত,

স্থিরঐশ্বর্য্য, অভিমানী, শুদ্ধান্তঃকরণ, বহুধন ও পরিজনযুক্ত, দাতা ও কুলজ্ঞ এবং পণ্ডিতবর্গের হিতকারী হইয়া থাকে।

জলচরধনভোক্তা দৈবকার্য্যেষু ভক্তঃ
উদরসমশরীরী তুঙ্গনাসাল্পমধ্যঃ।
অভিভবতি সপত্নান্ চারুকান্তির্ব্বিনোদী
কনকরজতভোগী পণ্ডিতোমীনরাশিঃ॥ ১২

মীনরাশিতে জন্মগ্রহণ করিলে সেই ব্যক্তি জলচরদ্বারা ধন উপার্জ্জন করিয়া ভোগ করে এবং দৈবকার্য্যে অতিশয় ভক্তিশালী হয়; আর ঐ ব্যক্তি উদরসদৃশ শরীরধারী, দীর্ঘনাসিকাযুক্ত মধ্যক্ষীণ, শত্রুগণ পরাভবকারী, মনোজ্ঞকান্তিবিশিষ্ট, হর্ষযুক্ত, স্বর্ণরজতাদিভোগী এবং পণ্ডিত হয়।

ইতি রাশিফলকথনং।

মেষ লগ্নফলং।

মেষলগ্নে যদাজাতশ্চণ্ডোমানী সুধীঃ শুভঃ।
ক্রূরঃ স্বজনহন্তা চ বিক্রমী পরবল্লভঃ॥ ১

এক্ষণে লগ্নফল কথিত হইতেছে। মেষলগ্নে জাতমনুষ্য কোপনস্বভাব মানী, পণ্ডিত, মঙ্গলযুক্ত, ক্রূরস্বভাব, আত্মীয়ঘাতক, বিক্রমশালী এবং পরপ্রিয় হয়।

বৃষলগ্নফলং।

বৃষলগ্নভবোলোকোগুরুভক্তপ্রিয়ম্বদঃ।
গুণী কৃতির্ধনী লুব্ধঃ শূরঃ সর্ব্বজনপ্রিয়ঃ॥ ২

বৃষলগ্নে জন্মগ্রহণ করিলে সেই ব্যক্তি গুরুভক্ত, প্রিয়ভাষী, গুণবান্, পণ্ডিত, ধনশালী, লুব্ধ, শৌর্য্যান্বিত, এবং সকলের প্রিয় হয়।

মিথুনলগ্নফলং।

মিথুনোদয়সংজাতোমানী স্বজনবৎসলঃ।
ভোগী ধনী চ কামী চ দীর্ঘসূত্রোঽরিমর্দ্দকঃ॥ ৩

. মিথুনলগ্নে জাত মনুষ্য মানী স্বজনে স্নেহযুক্ত, ভোগবিশিষ্ট, ধনবান্, কামাতুর, দীর্ঘ সুশ্রী ও শত্রুঘাতক হইয়া থাকে।

কর্কটলগ্নফলং।

কর্কিলগ্নে সমুৎপন্নোভোগী সন্তাপবর্জ্জিতঃ।
মিষ্টান্নপানভোগী চ সুভগঃ স্বজনপ্রিয়ঃ॥ ৪

যাহার কর্কটলগ্নে জন্ম হয় সেই ব্যক্তি ভোগবান্, সন্তাপহীন, মিষ্টান্ন-খাদক, শোভন ঐশ্বর্য্যাদিযুক্ত এবং স্বজনের প্রিয় হয়।

সিংহলগ্নফলং।

স্বল্পোদরোঽল্পপুত্রশ্চ সোৎসাহী বলবিক্রমঃ।
সিংহলগ্নভবোলোকোভবেদুগ্রপ্রতাপবান্॥ ৫

সিংহলগ্নে জাত মনুষ্য অল্পোদরযুক্ত, অল্প পুত্রজাতক, উৎসাহান্বিত-বলবিক্রমসম্পন্ন এবং অত্যন্ত প্রতাপশালী হইয়া থাকে।

কন্যালগ্নফলং।

কন্যালগ্নে ভবোবালোনানাশাস্ত্রবিশারদঃ।
সৌভাগ্যগুণসম্পন্নঃ সুন্দরঃ সুরতপ্রিয়ঃ॥ ৬

যাঁহার কন্যালগ্নে জন্ম সেই ব্যক্তি নানাশাস্ত্রে পণ্ডিত, সৌভাগ্যশালী, গুনসম্পন্ন, সুন্দর ও মৈথুনপ্রিয় হয়।

তুলালগ্নফলং।

তুলালগ্নে দানযুতঃ সুধীঃ সৎকর্ম্মজীবকঃ।
বিদ্বান্ সর্ব্বকলাভিজ্ঞো ধনাঢ্যোজনপূজিতঃ॥ ৭

তুলালগ্নে জাত মনুষ্য, দানশীল সুন্দরবুদ্ধিবিশিষ্ট, সৎকর্ম্মান্বিত, বিদ্বান্, সর্ব্বকলাভিজ্ঞ ধনশালী ও সকলের মান্য হয়। •

বৃশ্চিকলগ্নফলং।

বৃশ্চিকোদয়সংজাতঃ শৌর্য্যবানতিপুষ্টকঃ।
বিজ্ঞানজ্ঞানসম্পন্নঃ সুখেষী বিগ্রহী সুধীঃ॥ ৮

বৃশ্চিকলগ্নে জন্মগ্রহণ করিলে সেইব্যক্তি শৌর্য্যশালী, অতিশয়স্থূল, বিজ্ঞানশাস্ত্রপারদর্শী সুখাভিলাষী, যোদ্ধা ও পণ্ডিত হইয়া থাকে।

ধনুর্লগ্নফলং।

ধনুর্লগ্নোদয়ে জাতো নীতিবান্ ধর্ম্মবান্ সুধীঃ।
কুলমধ্যে প্রধানশ্চ প্রাজ্ঞঃ সর্ব্বস্য পোষকঃ॥ ৯

ধনুলগ্নে জাতব্যক্তি নীতিজ্ঞ, ধার্ম্মিক, সুন্দরবুদ্ধিবিশিষ্ট, কুলশ্রেষ্ঠ পণ্ডিত ও সকলের পোষণকর্ত্তা হয়।

মকরলগ্নফলং।

মকরোদয়সংজাতোনীচকর্ম্মা বহুপ্রজঃ।
লুব্ধঃ স্বচ্ছতমোদীনঃ স্বকার্য্যকরণোদ্যমঃ॥ ১০

যাহার মকর লগ্নে জন্ম হয় সেই ব্যক্তি নীচাশয় বহুসন্তানবিশিষ্ট, অতিশয় দরিদ্র এবং স্বীয়কার্য্যে তৎপর হয়।

কুম্ভলগ্নফলং।

কুম্ভোদয়ে চ যোজাতোন তস্য সুজনে রতিঃ।
পরদাররতোনিত্যং মৃদুকার্য্যে মহাসুখী॥ ১১

কুম্ভলগ্নে জাত মনুষ্যের সজ্জনের প্রতি শ্রদ্ধা থাকে না, আর ঐ ব্যক্তি সর্ব্বদা পরদারাসক্ত এবং অল্পকার্য্যে অত্যন্ত সুখী হয়।

মীনলগ্নফলং।

মীনোদয়ে ভবেল্লোকোরত্নকাঞ্চনপূরিতঃ।
অল্পকামোঽল্পবক্তা চ দীর্ঘকালবিচিন্তকঃ॥ ১২

মীনলগ্নে যাহার জন্ম হয় সেই ব্যক্তি রত্ন স্বর্ণাদিযুক্ত, অল্পকাম, অল্প-কার্য্য, অল্পভাষী এবং দীর্ঘচিন্তাযুক্ত হইয়া থাকে।

গণফলকথনং।

দেবগণ ফলং।

উদারোদানশীলশ্চ মতিমান্ সবলঃ সদা।
অল্পভোগী মহাপ্রাজ্ঞোনরোদেবগণোভবেৎ॥ ১

এক্ষণে গণফলবর্ণিত হইতেছে। জাতক দেবগণ হইলে মহাত্মা,

১। ইতি দেবগণ।

অতিশয় দাতা, বুদ্ধিমান্, বলশালী, সর্ব্বদা বলবিশিষ্ট, অন্নভোগযুক্ত এবং অতিশয় পণ্ডিত হইয়া থাকে।

নরগণফলং।

মানী ধর্ম্মী বিশালাক্ষোলক্ষ্যভেদী ধনুর্দ্ধরঃ।
গৌরঃ পুরজনাহ্লাদঃ জায়তে মানবোগণঃ॥ ২

নরগণ মনুষ্য মানী, ধার্ম্মিক, বিস্তৃতানন, লক্ষ্যভেদী, ধনুর্দ্ধারী, গৌরাঙ্গ এবং পুরজনের আহ্লাদকারী হয়।

রাক্ষসগণফলং।

উন্মাদোভীষণাকারঃ সর্ব্বদা করিবল্লভঃ।
পুরুষোতুঃসহোনিত্যং ব্রুতে বৈ রক্ষসাংগণঃ॥ ৩

জাতক রাক্ষসগণ হইলে উন্মাদ, ভয়ঙ্করাকৃতি, সর্ব্বদা হস্তীপ্রিয় এবং দুঃসহকারী হইয়া থাকে।

নক্ষত্রানুসারে গণবিচারঃ।

হস্তা স্বাতী মৃগাশ্বিনী হরিগুরু পৌষ্ণানুরাধাদিতিঃ॥
আর্দ্রা চোত্তররোহিণীচ ভরণী পূর্ব্বাণি ভানি ত্রয়ং। ২
জ্যেষ্ঠাসর্পবিশাখমূলবরুণৈর্ব্বস্বগ্নিচিত্রামঘাঃ। ৩
কথ্যন্তে মুনিভির্যথাক্রমবশাদ্দেবানরারাক্ষষাঃ॥

হস্তা, স্বাতী, মৃগশিরা, অশ্বিনী, শ্রবণা, পুষ্যা, রেবতী, অনুরাধা ও পুনর্ব্বসু নক্ষত্র দেবগণ। আর্দ্রা, উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, ভরণী, পূর্ব্বফল্গুণী, পূর্ব্বাষাঢ়া ও পূর্ব্বভাদ্রপদনক্ষত্র নরগণ। জ্যেষ্ঠা, অশ্লেষা, বিশাখা, মূলা, শতভিষা, ধনিষ্ঠা, কৃত্তিকা, চিত্রা ও মঘানক্ষত্র রাক্ষসগণ। মুনিগণ এইরূপ বলিয়াছেন।

২। ইতি নরগণঃ। ৩। ইতি রাক্ষসগণঃ।

ক। ত্রিকোণে মুলত্রিকোণে অপি শব্দাৎ কেন্দ্রেঽপীতিমতৎ।

গণবিচারঃ।

ষড়্ভাবাঃ।

লজ্জিতোগর্ব্বিতশ্চৈব ক্ষুধিতস্তৃষিতস্তথা।
মুদিতঃ ক্ষোভিতশ্চৈব গ্রহভাবাঃ প্রকীর্ত্তিতাঃ॥

এক্ষণে গ্রহদিগের ভাব কথিত হইতেছে। লজ্জিত গর্ব্বিত, ক্ষুধিত, তৃষিত মুদিত ও ক্ষোভিত গ্রহদিগের এই ছয়টি ভাব আছে।

লজ্জিতঃ।

পুত্রগেহর্গতঃ খেটোরাহুযুক্তোযথা তথা।
রবিমন্দকুজৈর্যুক্তোলজ্জিতোগ্রহ এব চ॥ ১

জাতলগ্ন হইতে পঞ্চমস্থানে কোনগ্রহ যদি অবস্থিত হন, তবে লজ্জিত হইবেন। আর রবি শনি ও মঙ্গলযুক্ত হইয়া কোন গ্রহ যে কোন স্থানে থাকিলে তিনিও লজ্জিত হইয়া থাকেন।

গর্ব্বিতঃ।

তুঙ্গস্থানস্থিতোঽপি স্যাৎ ত্রিকোণেঽপি ভবেৎ পুনঃ।
গর্ব্বিতঃ সনিগদিতোমুনিভিঃ কৃতনিশ্চয়ৈঃ॥ ২ ক

যে কোনগ্রহ তুঙ্গ (উচ্চ) স্থ মূলত্রিকোণস্থ অথবা কেন্দ্রস্থিত হইলেই গর্ব্বিত হন; মুনিগণকর্ত্তৃক নিশ্চয়রূপে এইটি উক্ত হইয়াছে।

ক্ষুধিতঃ।

শত্রুগেহী রিপুযুতঅরিদৃষ্টোভবেদ্‌যদি।
ক্ষুধিতঃ সচ বিজ্ঞেয়ঃ শনিযুক্তোযথা তথা॥ ৩

কোনগ্রহ যদি শত্রুগ্রহস্থিত কি শত্রুগ্রহযুক্ত হইয়া শত্রুদৃষ্ট হন, তবে তাহাকে ক্ষুধিত বলা যায়, আর শনি যুক্ত হইয়া যে কোন স্থানে থাকিলেই ক্ষুদিত হইয়া থাকেন।

তৃষিতঃ।

জলরাশৌ স্থিতঃ খেটঃ সত্রুণা চাবলোকিতঃ।
শুভগ্রহান পশ্যন্তি তৃষিতঃ স উদাহৃতঃ॥ ৪

জলরাশিস্থিত গ্রহ যদি শত্রু কর্ত্তৃক দৃষ্ট হন আর তাঁহার প্রতি যদি শুভগ্রহের দৃষ্টি না থাকে তবে তিনি তৃষিত সংজ্ঞক হন।

মুদিতঃ।

মিত্রগেহী মিত্রযুক্তোমিত্রেণ চাবলোকিতঃ।
গুরুণা সহিতোযশ্চ মুদিতঃ সপ্রকীর্ত্তিতঃ॥ ৫

যে কোন গ্রহ মিত্রগৃহস্থিত মিত্রগ্রহযুক্ত এবং মিত্র কর্ত্তৃক দৃষ্ট অথবা বৃহস্পতিযুক্ত হইলে মুদিত (হর্ষিত) হইয়া থাকেন।

ক্ষুভিতঃ।

রবিণা সহিতোযশ্চ পাপাঃ পশ্যন্তি সর্ব্বদা।
ক্ষুভিতং তং বিজানীয়াচ্ছত্রুণা যদি বীক্ষিতঃ॥ ৬

যে কোনগ্রহ রবিযুক্ত হইয়া যদি পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হন. আর তাঁহার স্বীয় শত্রুগ্রহের যদি তৎপ্রতি দৃষ্টি থাকে তবে তিনি ক্ষোভিত হন।

মুদিতগর্ব্বিতৌ প্রশস্তৌ। অন্যে সাধারণাঃ।

গ্রহমুদিত (হর্ষিত) বাগর্ব্বিত হইলে শুভফলদায়ক হয় অন্য চতুর্বিধ-ভাবান্বিত গ্রহ ফল দান করিয়া থাকেন।

ষড়্ ভাবাঃ।

অথ শয়নাদিভাবগণনং।

যস্মিন্নৃক্ষে স্থিতঃ খেটস্তেন তং পরিপূরয়েৎ।
অংশকৈঃ পুনরাপূর্য্য স্বনক্ষত্রং নিযোজয়েৎ।
জাতলগ্নং জাতদণ্ডং তদৈকং ভানুভির্হরেৎ॥ ২

এক্ষণে শয়নাদি দ্বাদশভাবের গণনপ্রণালী কথিত হইতে। যে গ্রহের

১। অস্যার্থং। ঋক্ষে রাশৌ যস্মিন্ রাশৌ যঃ খেটোগ্রহস্তিষ্ঠতি তেন রাশ্যঙ্কেন তংগ্রহাঙ্কং পূরয়েৎ অংশকৈঃনবাংশকৈঃ তদনন্তরং যস্মিনাশৌ গ্রহস্তিষ্ঠতি তং রাশিং নবভাগং কৃত্বা যস্মিন্নংশেগ্রহস্তিষ্ঠতি তেনাংশেন পুনঃ পূরণং কুর্য্যাৎ। স্বনক্ষত্রং গ্রহজাতনক্ষত্রং জাতদণ্ডং যৎসংখ্যকদণ্ডে জন্ম তেন দণ্ডেন যুতং জাতলগ্নং যস্মিন্ লগ্নে জন্ম তস্য মেষাদি গণনয়া যদঙ্কঃ স্যাত্তদঙ্কং নিযোজ্য অপি তু এতৎ সর্ব্বাঙ্কমেকীকৃত্যদ্বাদশভির্হরেৎ হরণে কৃতে যদবশিষ্টং তেনাঙ্কেন শয়নাদি ভাবাভবন্তি।

২। গ্রহস্থিতরাশিনবাংশকৈর্ন তু জাতলগ্ননবাংশকৈরিতি।

শয়নাদি দ্বাদশভাব গণনা করিতে হইবে সেই গ্রহ যে রাশিতে থাকেন সেই রাশ্যঙ্ক দ্বারা উক্ত গ্রহাঙ্ককে পূরণ করিতে হয়, অনন্তর ঐ গ্রহ রাশির যত নবাংশ ভোগ করিয়াছেন সেই নবাংশের অঙ্কদ্বারা পূর্ব্বপূরিতাঙ্ককে পুনর্ব্বার গুণ করিতে হয়। তৎপরে গুণিতাঙ্কে গ্রহজাত নক্ষত্রাঙ্ক জাতদণ্ডাঙ্ক ও জাতলগ্নাঙ্ক যোগ করিয়া দ্বাদশ দ্বারা হরণ করিলে যাহা অবশিষ্ট থাকে তদ্দ্বারা শয়নাদি দ্বাদশভাব গণনা করিতে হয় অর্থাৎ এক অবশিষ্ট থাকিলে শয়ন দুই থাকিলে উপবেশন ইত্যাদি।

গ্রহদিগের জাতনক্ষত্রাঙ্কাদি নিম্নে লিখিত হইতেছে।

গোচরনবাংশঃ।

দিনত্রয়ং বিংশঘটী পঞ্চেন্দোর্দ্দশনাড়িকাঃ।
দিনানি পঞ্চ ভৌমস্য বুধস্য দিবসদ্বয়ং।
একমাসদশদিনং গুরোরেবং প্রকীর্ত্তিতং।
চত্বারিংশৎপলৈঃ ষষ্ঠদণ্ডঞ্চ ত্রিদিনংভৃগোঃ।
মাসত্রয়ং দশদিনং নবাংশোঽয়ং শনেঃ স্মৃতঃ।
মাসদ্বয়ং তথারাহো রেবং স্যাদ্‌বর্ষভাগকং॥

অনন্তর রাশির নবাংশ ভাগ কথিত হইতেছে। যথা—রাশিকে নয়ভাগে বিভক্ত করিলে এক এক ভাগের নাম নবাংশ। রবি এক নবাংশে তিনদিন বিংশতিদণ্ড ভোগ করেন এইরূপ চন্দ্র পঞ্চদশদণ্ড, মঙ্গল পাঁচদিন, বুধ দুইদিন, বৃহস্পতি একমাস দশদিন, শুক্র তিনদিন ছয়দণ্ড চল্লিশপল, শনি তিনমাস দশদিন ও রাহু দুইমাস ভোগ করিয়া থাকেন।

গ্রহজাতনক্ষত্রং।

বিশাখানলতোয়ানি বৈষ্ণবং ভগদৈবতং।
পুষ্যা পৌষ্ণোযমঃ সর্পোজন্মর্ক্ষাণ্যর্কতঃ ক্রমাৎ॥

বিশাখা, কৃত্তিকা, পূর্ব্বাষাঢ়া, শ্রবণা, পূর্ব্বফল্গুনী, পুষ্যা, রেবতী, ভরণী, ও অশ্লেষা এই কয় নক্ষত্র ক্রমে রব্যাদি নবগ্রহের জন্মনক্ষত্র হয় অর্থাৎ রবির জন্মনক্ষত্র বিশাখা, চন্দ্রের কৃত্তিকা, মঙ্গলের পূবুর্ব্বাষাঢ়া, ধের

শ্রবণা, বৃহস্পতির পূর্ব্বফল্গুনী, শুক্রের পুষ্যা, শনির রেবতী, রাহুর ভরণী এবং কেতুর অশ্লেষা জাতনক্ষত্র নির্দ্দিষ্ট আছে।

অথ শয়নাদিদ্বাদশভাবকথনং।

শয়নঞ্চোপবেশঞ্চ নেত্রপাণিঃ প্রকাশনং।
গমনং (১) গমনেচ্ছা চ সভায়াং বসতিস্তথা।
আগমনং ভোজনঞ্চ নৃত্যলিপ্সা চ কৌতুকং।
নিদ্রা গ্রহাণাং চেষ্টা হি গদিতাঃ পূর্ব্বপণ্ডিতৈঃ॥

শয়ন, উপবেশন, নেত্রপাণি, প্রকাশন, গমন, গমনেচ্ছা, সভায় বসতি, আগমনভোজন, নৃত্যলিপ্সা, কৌতুক ও নিদ্রা গ্রহদিগের এই দ্বাদশভাব পণ্ডিতগণ কর্ত্তৃক কথিত হইয়াছে।

ভাবফলং রবেঃ শয়নফলং।

মন্দাগ্নিঃ পিত্তশূলী চ বিপদী চ ন সংশয়ঃ।
গুহ্যস্থানে ভবেদ্রোগং শয়নে নাত্র সংশয়ঃ॥ ১

রবির শয়নাবস্থায় জন্মগ্রহণ করিলে জাতব্যক্তি মন্দাগ্নিপ্রযুক্ত শূল-রোগী, বিপদাপন্ন এবং গুহ্যরোগী হয়।

উপবেশে ভবেচ্ছিল্পী শ্যামবর্ণস্তথা নরঃ।
সুবিদ্যারহিতোদুঃখী পরসেবান্বিতঃ পরঃ॥ ২

রবির উপবেশনাবস্থাতে জন্মিলে সেই ব্যক্তি শিল্পকার্য্যে নিপুণ, শ্যাম-বর্ণ সৎবিদ্যাবিহীন. দুঃখী এবং পরসেবাতে যুক্ত থাকে।

নেত্রপাণিফলং।

নেত্রপাণৌ ভবেৎ ক্রূরোজলদোষী ন সংশয়ঃ।
চক্ষুরোগী মহাক্রোধী পরদ্বেষী তথা পুনঃ॥ ৩

রবির নেত্রপাণিতে জন্মগ্রহণ করিলে ক্রূর, জলদোষী অর্থাৎ কুর-ণ্ডাদি-রোগযুক্ত, চক্ষুরোগগ্রস্ত, মহাক্রোধী এবং পরহিংসাকারক হয়।

১। গমনেচ্ছা চ গমনমিত পি পাঠঃ।

অন্যচ্চ—পঞ্চমোনবমোবাপি দশমঃ সপ্তমোঽপি বা।
নেত্রপাণির্যদা সূর্য্যঃ সর্ব্বদুঃখবিনাশকঃ॥ ৩

রবি নেত্রপাণিভাবে থাকিয়া যদি জন্মলগ্নের পঞ্চমে, নবমে, দশমে কি সপ্তমস্থানে অবস্থিতি করেন, তবে জাতব্যক্তির সর্ব্বদুঃখ বিনাশ হয়।

রবেঃ প্রকাশনফলং।

পুণ্যবান্ ধার্ম্মিকশ্চৈব ধনবাংশ্চ প্রকাশনে।
দাতা ভোক্তা ভবেন্মানী রাজপুত্রোনরাধিপঃ॥ ৪

রবির প্রকাশনাবস্থাতে জাতব্যক্তি পুণ্যবান, ধার্ম্মিক, ধনশালী, দাতা, ভোগবিশিষ্ট মানী, রাজপুত্র এবং রাজা হয়।

অন্যচ্চ—সপ্তমঃ পঞ্চমোবাপি প্রকাশে চ যদা রবিঃ।
নাশয়েৎ প্রথমাপত্যং কলত্রঞ্চ বিশেষতঃ॥ ৪

রবি প্রকাশভাবে যদি লগ্নের সপ্তম কি পঞ্চমস্থানে থাকেন তবে জাতব্যক্তির প্রথম সন্তান ও পত্নী বিনাশ হয়।

রবের্গমনকফলং।

প্রবাসী গমনে ভানৌ পাদব্যাধিযুতোভবেৎ।
নিদ্রালুশ্চ মহাক্রোধী জায়তে চ নরাধমঃ॥ ৫

রবির গমনভাবে জাত মনুষ্য প্রবাসী পাদরোগগ্রস্ত, নিদ্রাশীল, অত্যন্ত ক্রোধী এবং নরাধম হয়।

রবিগমনেচ্ছাফলং।

ক্রূরঃ কুবুদ্ধিকুশলোভবেদ্বৈ কৃপণস্তথা।
জায়তে গমনেচ্ছায়াং পরদারেষু বৈ রুচিঃ॥ ৬

রবির গমনেচ্ছাতে জন্মগ্রহণ করিলে সেই ব্যক্তি ক্রূরাশয়, কুবুদ্ধিযুক্ত কৃপণ এবং পরদারগামী হয়।

অন্যচ্চ—দ্বিতীয়ে দ্বাদশে চৈব যদি দৈবাদ্রবির্ভবেৎ।
অপত্যং নাশয়েত্তস্য ধনমল্পঞ্চ নিশ্চিতং॥ ৬

রবি গমনেচ্ছা অবস্থাতে যদি লগ্নের দ্বিতীয় কি দ্বাদশ স্থানে থাকেন, তবে জাতব্যক্তির সন্তান বিনষ্ট হয় এবং অল্প ধন হইয়া থাকে।

রবেঃ সভাবসতিফলং।

ধার্ম্মিকোবলবাংশ্চৈব নানা বিদ্যাযুতঃ পরঃ।
প্রিয়দৃষ্টিঃ শুচির্ব্বাগ্মী বদান্যধনভাগজ্জনৈঃ॥ ৭

রবির সভারোহণ সময়ে জাতব্যক্তি ধার্ম্মিক বলবান্, নানা বিদ্যা-বিশারদ, শ্রেষ্ঠ, প্রিয়দৃষ্টিমান, শুদ্ধাচারী, বক্তা ও দানশীল হয়; এবং ধন-জন তাহার পরিপূর্ণ থাকে।

রবেরাগমনফলং।

ক্ষোভনোদুঃখিতশ্চৈব নানাদুঃখপ্রদায়কঃ।
সূর্য্যস্যাগমনেজাতঃ কুরূপঃ ক্লেশিতোনরঃ॥ ৮

রবির আগমনাবস্থায় যাহার জন্ম সে ক্ষোভযুক্ত, দুঃখী পরদুঃখদায়ক, কুরূপ এবং ক্লেশভাগী হয়

রবের্ভোজনফলং।

ভোজনে নিত্যদুঃখী স্যান্মাংসলুব্ধোভবেচ্চ সঃ।
শিরোরোগী কর্ণরোগী কুক্ষৌ ভবতি বেদনা॥ ৯

রবির ভোজনসময়ে জাতব্যক্তি সর্ব্বদা দুঃখী, মাংসলুব্ধক, শিরোরোগী, কর্ণরোগী এবং বেদনা রোগযুক্ত হয়।

নৃত্যলিপ্সাফলং।

পণ্ডিতঃ সুন্দরোবাগ্মী নিত্যোৎসাহী নরাধিপঃ।
দাতা ভোক্তা মহাযোগী দ্বিভার্য্যোবিত্তসংযুতঃ॥ ১০

রবির নৃত্যলিপ্সাতে জন্মগ্রহণ করিলে সেই ব্যক্তি পণ্ডিত, সুন্দর, বক্তা, সর্ব্বদা উৎসাহী, নৃপতি দাতা, ভোক্তা, মহাযোগী দ্বিভার্য্যান্বিত এবং বিত্তশালী হইয়া থাকে।

রবেঃ কৌতুকফলং।

দাতা ভোক্তাপত্যভার্য্যাবন্ধুযুক্তোহি মানবঃ।
উৎসাহী চ ধনী মানী কৌতুকে চ দিবাকরে॥ ১১

রবির কৌতুকাবস্থায় জাতব্যক্তি দানশীল, ভোক্তা সন্তান ভার্য্যা ও বন্ধুযুক্ত, উৎসাহী. ধনবান্ এবংমানী হয়।

রবের্নিদ্রাফলং।

নিদ্রায়াঞ্চ ভবেদ্ভানোঃ ক্রোধনোরক্তনেত্রকঃ।
নিত্যং প্রবাসদুঃখী স্যাদ্দরিদ্রোবিকলোমহান্॥ ১২

রবির নিদ্রাবস্থাতে জাত মনুষ্য ক্রোধী, রক্তচক্ষুযুক্ত, সর্ব্বদা প্রবাসে কষ্টভোগী, দরিদ্র ও অতিশয় বিকল হয়।

চন্দ্রস্য শয়নাদি ভাবফলং।

শয়নে চ বিধৌ ক্রোধী দরিদ্রোবহুলম্পটঃ।
গুহ্যস্থানে ভবেৎ পীড়া দেহঘাতী সুনিশ্চিতং। ১

চন্দ্রের শয়নাবস্থায় জাতমনুষ্য ক্রোধযুক্ত, দরিদ্র, লম্পট, গুহ্যরোগী এবং দেহঘাতী হয়।

উপবেশে চ রোগীস্যাদ্ধনহীনোঽতিপামরঃ।
কৃপণঃ কুটিলশ্চৈব দংষ্ট্রাঘাতী ভবেৎ পুনঃ॥ ২

চন্দ্রের উপবেশন সময়ে জন্মগ্রহণ করিলে সেই ব্যক্তি রোগী, ধনহীন, অতিশয় পামর, কৃপণ, কুটিল ও দংষ্ট্রাঘাতী হইয়া থাকে।

নেত্রপাণৌ চক্ষুরোগী শ্লিপদী বহুভাষকঃ।
কুনখী নাতিদীর্ঘশ্চ জায়তে চ বিধৌ সদা॥ ৩

চন্দ্রের নেত্রপাণি সময়ে জাতমনুষ্য চক্ষুরোগবিশিষ্ট, পাদরোগী (গোদযুক্ত) বাচাল, কুনখী এবং অনতি দীর্ঘ হয়।

প্রকাশনে নিশানাথে ধনবাংশ্চভবেন্নরঃ।
সদক্ষোবুদ্ধিমান্ দাতা পরদারেষু লম্পটঃ॥ ৪

চন্দ্রের প্রকাশাবস্থায় জন্মগ্রহণ করিলে সে ধনবান্, কার্য্যক্ষম, বুদ্ধিমান, দাতা এবং পরদারাসক্ত হয়।

প্রবাসী বিত্তহীনঃ স্যাৎ ক্রুরকর্ম্মা ধনান্বিতঃ।
শিরোরোগী দন্তশূলী জায়তে গমনে বিধৌ॥ ৫

চন্দ্রের গমনকালে জাতব্যক্তি প্রবাসী, বিত্তহীন, ক্রুরকার্য্যাসক্ত, ধনবান্, শিরোরোগী এবং দন্তশূল রোগগ্রস্ত হয়।

নানামতির্ম্মহামানী শ্লীপদী চ ভবেন্নরঃ।
গতীচ্ছায়াং বিধৌ জাতোধনহীনোভবেন্নরঃ॥ ৬

চন্দ্রের গমনেচ্ছাতে জাত ব্যক্তি নানাবুদ্ধিবিশিষ্ট, অতিশয় মানী, পাদ-রোগগ্রস্ত এবং ধনহীন হয়।

দাতা চ ধার্ম্মিকশ্চৈব রাজপুত্রোভবেন্নরঃ।
সভায়াঞ্চ বিধৌ নিত্যং জায়তে পুরুষোত্তমঃ॥ ৭

চন্দ্রের সভাবস্থানকালে জাতমনুষ্য দাতা, ধার্ম্মিক, রাজপুত্র এবং পুরুষ শ্রেষ্ঠ হয়।

ধনান্বিতোঽল্পপুত্রশ্চ দ্বিভার্য্যোধার্ম্মিকঃ প্রিয়ঃ।
কিঞ্চিত্তবেদ্দেশমান্যঃ স্ত্র্যপত্যং বহুলং ভবেৎ।
সরুজা চ ভবেৎপ্রাণী একপুত্রী ভবেচ্চ সঃ।
নিত্যং ক্রোধী মহাদুঃখী ভবেদাগমনে বিধৌ॥ ৮

চন্দ্রের আগমনে জন্মগ্রহণ করিলে সেই ব্যক্তি ধনশালী, অল্পপুত্র (একপুত্র) যুক্ত, দ্বিভার্য্যক, ধার্ম্মিক, প্রিয়, অল্পদেশমান্য, বহুকন্যাজনক, সর্ব্বদা রোগযুক্ত, ক্রোধান্বিত ও অতিশয় দুঃখভাগী হয়।

ভোজনে চ ভবেল্লুব্ধোভক্ষকস্তু মহাবলঃ।
কন্যাপত্যঞ্চ বহুলং জায়তে ম্রিয়তে ধ্রুবং॥ ৯

চন্দ্রের ভোজনকালে জাতব্যক্তি লোভী, খাদুক ও অতিশয় বলবান্ হয়, আর ঐ ব্যক্তির বহু কন্যাসন্তান জন্মিয়া বিনষ্ট হইয়া থাকে।

নৃত্যলিপ্সাসু যোজাতোগুণবান্ ধার্ম্মিকোভবেৎ।
বহুপুত্রী ধনী দাতা জায়তে নাত্র সংশয়ঃ॥ ১০

চন্দ্রের নৃত্যলিপ্সাতে জন্মগ্রহণ করিলে সেই ব্যক্তি গুণবান্, ধার্ম্মিক, বহুপুত্রযুক্ত, ধনবান্ এবং দাতা হয়, ইহাতে সংশয় নাই।

কৌতুকে তু ভবেদ্‌ভুপো নানাবিদ্যাসু তৎপরঃ।
উৎসাহী চ মহাক্রোধী জায়তে চ সুনিশ্চিতং॥ ১১

চন্দ্রের কৌতুকাবস্থায় জাতব্যক্তি ভূপতি, নানাবিদ্যায় তৎপর, উৎসাহান্বিত এবং অতিশয় ক্রোধী হয়।

নিদ্রায়াঞ্চ দদ্রুরোগী শ্লীপদীচ রুজান্বিতঃ।
পুত্রশোকী মহাদুঃখী নিত্যং ভ্রমতি মেদিনীং॥ ১২

চন্দ্রের নিদ্রাসময়ে জাতমনুষ্য দদ্রুরোগযুক্ত পদরোগবিশিষ্ট ও সর্ব্বদা রোগযুক্ত হয়; বিশেষতঃ ঐব্যক্তি পুত্রশোকে অতিশয় দুঃখিত হইয়া সদা পৃথিবীমণ্ডলে ভ্রমণ করে।

অথকুজস্য ভাবফলানি।

শয়নে চ কুজে জাতোলম্পটোবহুভাষকঃ।
ক্ষণক্রোধী মহাদক্ষশ্চপলোজায়তে নরঃ॥ ১

মঙ্গলের শয়নাবস্থায় জাতব্যক্তি লম্পট, বহুভাষী ক্ষণক্রোধী, অতিশয় দক্ষ ও চঞ্চল হয়।

অন্যচ্চ—শয়নে চ কুজে লগ্নে নানাভোগসমন্বিতঃ।
দেহভঙ্গমবাপ্নোতি দদ্রুকুষ্ঠবিচর্চ্চিকৈঃ॥ ১

মঙ্গলশয়নাবস্থাতে লগ্নে থাকিলে জাতব্যক্তি নানাভোগবিশিষ্ট হয়, কিন্তু ঐ ব্যক্তির দেহ ভঙ্গ, দদ্রু, কুষ্ঠ ও বিচর্চ্চিকা রোগ হইয়া থাকে।

উপবেশে যদা ভৌমোজায়তে চ নরাধমঃ।
ধনবান্‌ক্রূরকর্ম্মা চ নিষ্ঠুরোজ্জাতিবর্জ্জিতঃ॥ ২

মঙ্গলের উপবেশনকালে জন্মগ্রহণ করিলে সেই ব্যক্তি নরাধম, ধনবান, ক্রূরকর্ম্মা, নিষ্ঠুর ও জ্ঞাতিবর্জ্জিত হয়।

নেত্রপাণৌ চ যোজাতঃ সভবেচ্চ মহাসুরঃ।
পুত্রদারধনৈর্যুক্তোদারিদ্রৈর্নৈব যুজ্যতে॥ ৩

মঙ্গলের নেত্রপাণি অবস্থাতে জাতব্যক্তি অতিশয় যোদ্ধা পুত্রবান্, স্ত্রী ও ধনাদিযুক্ত হয়; কদাচ ও দরিদ্রতা লাভ করে না।

অন্যচ্চ—ধর্ম্মস্থানে স্থিতশ্চৈব কর্ম্মস্থানে বিশেষতঃ।
তদা সর্ব্ববিনাশঃ স্যাত্তথা পুত্রকলত্রয়োঃ॥ ৩

মঙ্গল নেত্রপাণি অবস্থায় লগ্ন হইতে দশমস্থানে অবস্থিত হইলে জাত-মনুষ্যের সমস্ত বিনাশ হয়, এমন কি স্ত্রী পুত্র পর্য্যন্ত বিনষ্ট হইয়া থাকে।

অন্যস্থানে স্থিতে ভৌমে নেত্রপাণৌ যদা পুনঃ।
তদা সর্ব্বং সুখং তস্য পুত্রদারধনৈর্যুতঃ॥ ৩

মঙ্গল নেত্রপাণি ভাবে লগ্ন হইতে নবম ও দশমস্থান ভিন্ন অপর ঘরে থাকিলে জাতব্যক্তি সর্ব্বপ্রকারে সুখভাগী ও পুত্র স্ত্রী এবং ধনাদিযুক্ত হয়।

প্রকাশনফলং।

ব্যাঘ্রভীতিশ্চাগ্নিভীতির্জ্জলে চৈব ভয়ং ভবেৎ।
দেশমান্যং ভবেৎকিঞ্চিৎ সন্ধৌ ভবতি বেদনা॥ ৪

মঙ্গলের প্রকাশনাবস্থাতে জাতমনুষ্যের ব্যাঘ্র, অগ্নি ও জল হইতে ভয় হয়। ঐব্যক্তি কিছু দেশ মান্য হয় বটে, কিন্তু শরীরের সন্ধিস্থানে বেদনা হইয়া থাকে।

অন্যচ্চ—দ্বিতীয়ে সপ্তমে ভৌমে ধনহীনোভবেন্নরঃ।
জায়া চ ম্রিয়তে তস্য ভুমিজীবনসংশয়ঃ॥ ৪

মঙ্গল প্রকাশনভাবে লগ্ন হইতে দ্বিতীয় কি সপ্তমস্থানে থাকিলে জাত-ব্যক্তি ধনহীন ও পত্নীহীন হয়, আর ঐ ব্যক্তির ভুসম্পত্তি ও জীবন বিনষ্ট হইয়া থাকে।

অপরঞ্চ—যত্র তত্র স্থিতোভৌমঃ পাপযুক্তোভবেদ্‌যদি।
তদা সর্ব্বান্ শুভান্ হন্তি নারীশ্চৈব বিশেষতঃ॥ ৪

মঙ্গল প্রকাশনাবস্থায় পাপগ্রহযুক্ত হইয়া যেখানে সেখানে থাকিলেও জাতব্যক্তির সকলপ্রকারে অমঙ্গল জন্মে; বিশেষতঃ স্ত্রীবিয়োগ হইয়া থাকে।

প্রকারান্তরঞ্চ—প্রকাশনে কুজে জাতে ধনবান্ পণ্ডিতঃ সুখী।
নারী চ ম্রিয়তে তস্য প্রথমা চ বিশেষতঃ॥ ৪

মঙ্গলের প্রকাশনভাবে জন্মগ্রহণ করিলে জাতব্যক্তি ধনশালী, পণ্ডিত ও সুখী হয়; কিন্তু ঐ ব্যক্তির প্রথমাস্ত্রী বিনষ্ট হইয়া থাকে।

গমনে চ যদা জাতঃ প্রবাসী নিত্যদুঃখিতঃ।
শরীরে চ ভবেদ্রোগোদদ্রুবিচর্চ্চিকাদিকঃ॥ ৫

মঙ্গলের গমনকালে যে ব্যক্তি জন্মগ্রহণ করে সে প্রবাসী সর্ব্বদা দুঃখান্বিত এবং দদ্রু ও বিচার্চ্চিকাদি রোগযুক্ত হয়।

প্রবাসী গমনেচ্ছায়াং গুদরোগী ভবেন্নরঃ।
ধনহীনঃ কুকর্ম্মা চ ক্ষিতিজে চৈব জায়তে॥ ৬

মঙ্গলের গমনেচ্ছায় জন্মিলে সেই মনুষ্য প্রবাসী, গুদরোগবিশিষ্ট ধনহীন ও কুকর্ম্মান্বিত হয়।

মদ্রাবসর্ত্তিফলং।

সভায়াঞ্চ যদা জাতোধার্ম্মিকোবহুসম্পদঃ।
গুণবাংশ্চ মহাদক্ষঃ শিরোরোগীভবেচ্চ সঃ॥ ৭

মঙ্গলের সভাস্থিতিকালে যাহার জন্ম হয়, সেই ব্যক্তি ধার্ম্মিক, বহু সম্পৎশালী, গুণবান্ অতিশয় নিপুণ ও শিরোরোগগ্রস্ত হয়।

অন্যচ্চ—পঞ্চমে নবমে চৈব সভায়াঞ্চ যদা কুজঃ।
বিদ্যাহীনোধর্ম্মহীনঃ কর্ম্মহীনঃ পদে পদে॥ ৭

মঙ্গল লগ্নের পঞ্চম কি নবমস্থানে সভাস্থিত হইয়া অবস্থিতি করিলে জাতক মূর্খ, অধার্ম্মিক ও কর্ম্মহীন হইয়া থাকে।

অপরঞ্চ—সুতস্থানে যদা ভৌমোদ্বাদশে চ ভবেৎ পুনঃ।
তদা সর্ব্বান্ শুভান্ হন্তি কথিতং মুনিপুঙ্গবৈঃ॥ ৭

মঙ্গল সভাস্থিত হইয়া লগ্নের পঞ্চম কি দ্বাদশস্থানে স্থিত হইলে জাত-মনুষ্যের সর্ব্বপ্রকারে অশুভ হইয়া থাকে।

কুজস্যাগমনফলং।

কুজস্যাগমনে নিত্যং খঞ্জোভবতি নান্যথা।
কর্ণরোগী পিত্তশূলী জায়তে চ নরাধমমঃ॥ ৮

মঙ্গলের আগমনকালে জাতক খঞ্জ, কর্ণরোগবিশিষ্ট, পিত্তশূলরোগ-যুক্ত এবং নরাধম হয়।

অন্যচ্চ—ধনবান্ ধার্ম্মিকশ্চৈব যদি চাগমনোন্মুখঃ।
নানাতীর্থযুতোমানী দ্বিভার্য্যোবহুপুত্রকঃ॥ ৮

মতান্তরে ফল কথিত হইতেছে। মঙ্গলের আগমনোন্মুখভাবে জাত-মনুষ্য ধনশালী, ধার্ম্মিক, তীর্থসেবায় রত ও মানী হয়; আর ঐ ব্যক্তি দুই ভার্য্যা এবং বহুপুত্র যুক্ত হইয়া থাকে।

কুজস্য ভোজনফলং।

ভোজনে ভূমিজস্যাপি যোজাতোমাংসলুব্ধকঃ।
বৃহৎকায়োমহাক্রোধী নিত্যোৎসাহী ধনান্বিতঃ॥ ৯

মঙ্গলের ভোজন সময়ে জাতক মাংসলোভী, বৃহৎশরীরী, অতিশয় ক্রোধযুক্ত, সর্ব্বদা উৎসাহান্বিত এবং ধনশালী হয়।

অন্যচ্চ—অষ্টমস্থোযদা ভৌমোভোজনে শয়নেঽপি বা।
তদা তস্যাপমৃত্যুঃ স্যাদ্ধন্যতে পশুভিস্ততঃ॥ ৯

লগ্ন হইতে অষ্টমস্থিত মঙ্গল যদি ভোজনে কি শয়নাবস্থায় থাকেন, তবে জাতক অপঘাত অর্থাৎ পশুকর্ত্তৃক বিনষ্ট হয়।

কুজস্য নৃত্যলিপ্সাফলং।

কুজস্য নৃত্যলিপ্সায়াং যোজাতোধনবান্ ভবেৎ।
দাতা ভোক্তা সদামানী রাজমন্ত্রী ভবেচ্চ সঃ॥ ১০

মঙ্গলের নৃত্যলিপ্সাতে জাতক ধনবান, দানশীল, খাদক, সর্ব্বদা সম্মানীত এবং রাজমন্ত্রী হইয়া থাকে।

অন্যচ্চ—লগ্নে বাপি দ্বিতীয়ে বা কর্ম্মস্থানস্থিতোঽপি বা।
সপ্তমোঽপি যদা ভৌমঃ সর্ব্বসৌখ্যপ্রদায়কঃ॥ ১০

মঙ্গল নৃত্যলিপ্সাঅবস্থাতে লগ্নে কি লগ্ন হইতে দ্বিতীয়ে দশমে বা সপ্তমস্থানে থাকিলে জাতব্যক্তি সর্ব্বপ্রকারে সুখভোগ করে।

অপরঞ্চ—অষ্টমোনবমস্থোবা নানা দুঃখপ্রদায়কঃ।

অপমৃত্যুর্ভবেচ্চৈব কর্ম্মহীনঃ পদে পদে ॥ ১০

মঙ্গল নৃত্যলিপ্সাভাবে থাকিয়া যদি অষ্টমস্থ কি নবমস্থ হন, তবে জাতক নানা ক্লেশ ভোগ করিয়া কর্ম্মহীন হয় এবং অপঘাতে বিনষ্ট হইয়া থাকে।

কৌতুকে ক্ষিতিজস্যাপি জাতোভবতি পণ্ডিতঃ।
নানা ধনেন সংযুক্তোবহুপুত্রোদ্বিভার্য্যকঃ ॥ ১১

মঙ্গলের কৌতুকভাবে যাহার জন্ম হয় সেই ব্যক্তি পণ্ডিত, অতিশয় ধনশালী, বহুপুত্রযুক্ত এবং দ্বিভার্য্যক হয়।

কুজস্য কৌতুকফলং।

অন্যচ্চ--বিহায় পঞ্চমস্থানং সপ্তমং নবমস্তথা।
ভবেত্তদ্বিপরীতঞ্চ রত্নস্বর্ণংসুনিশ্চিতং ॥
বিশেষতশ্চ কৈবল্যং নানাবেশসমন্বিতঃ।
প্রথমাপত্যনাশঞ্চ কলত্রঞ্চ বিশেষতঃ ॥ ১১

মঙ্গল কৌতুকাবস্থায় থাকিয়া যদি লগ্নাপেক্ষায় পঞ্চম সপ্তম ও নবম-স্থান ভিন্ন অন্যঘরে থাকেন, তবে পূর্ব্বোক্ত ফলের বিপরীত ফল হয় অর্থাৎ ঐ সময়ে জাতক স্বর্ণরত্নাদির অধিপতি হইয়া কেবল নানা বেশধারী হয়; আর তাহার প্রথমসন্তান ও রমণী বিনষ্ট হয়।

কুজস্য নিদ্রাফলং।

নিদ্রায়াঞ্চ কুজে জাতোমূর্খোভবতি পণ্ডিতঃ।
ধনহীনোমহাক্রোধী জায়তে চ নরাধমঃ ॥ ১২

মঙ্গলের নিদ্রাবস্থায় জাত মনুষ্য মূর্খ হইলেও পরে পণ্ডিত হয়; আর ঐব্যক্তি ধনহীন অতিশয় ক্রোধযুক্ত ও নরাধম হইয়া থাকে।

অন্যচ্চ--লগ্নে বাপি দ্বিতীয়ে বা তৃতীয়ে নবমেঽপি বা।
দশমৈকাদশে চৈব এতদ্বাচ্যং সদা বুধৈঃ ॥ ১২

মঙ্গল নিদ্রাবস্থাতে লগ্নে কি লগ্নের দ্বিতীয়ে, তৃতীয়ে, নবমে দশমে বা একাদশে থাকিলে পূর্ব্বোক্ত ফল হইবে ইহা পণ্ডিতগণ কর্ত্তৃক কথিত হইয়াছে।

অথ বুধস্য ভাবফলং।

শয়নে চ বুধে জাতোবলবান্ ক্রোধিতঃ সদা।
অঙ্গচ্ছেদোভবেদ্ বাপি খঞ্জোভবতি নান্যথা॥ ১

বুধের শয়নাবস্থাতে জাতক বলবান ও সর্ব্বদা ক্রোধান্বিত থাকে; বিশেষতঃ ঐ ব্যক্তির যে কোন অঙ্গচ্ছেদিত হয় অথবা খঞ্জ হইয়া থাকে।

উপবেশে যদা জাতঃ সবাগ্মী জায়তে ধ্রুবং।
কবিতাগুণসংযুক্তোগৌরবর্ণোমহাসুখী॥ ২

বুধের উপবেশনাবস্থায় জন্মগ্রহণ করিলে সেইব্যক্তি বক্তা, কবিত্বগুণ-সম্পন্ন, গৌরবর্ণ এবং অতিশয় সুখী হয়।

নেত্রপাণৌ যদা জাতঃ শ্লীপদী চ রুজান্বিতঃ।
চক্ষুরোগী বিশেষেণ পুত্রনাশোভবেদ্ধ্রুবং॥ ৩

বুধের নেত্রপাণিভাবে জাতমনুষ্য পাদরোগী, সর্ব্বদা রোগযুক্ত বিশে-ষতঃ নেত্ররোগী হয়; আর ঐ ব্যক্তির পুত্র বিনষ্ট হইয়া থাকে।

অন্যচ্চ—পঞ্চমস্থোযদা সৌম্যোনেত্রপাণৌ যদা ভবেৎ।
নাশয়েৎ প্রথমাপত্যং কন্যা চ বহুলা ভবেৎ॥ ৩

বুধ নেত্রপাণি অবস্থায় লগ্নের পঞ্চমস্থানে থাকিলে জাতকের প্রথম সন্তান বিনষ্ট হইয়া পরে বহুকন্যা জন্মে।

প্রকাশনে ভবেদ্দাতা রাজপুত্রোধনান্বিতঃ।
নানারত্নেন সংযুক্তোজায়তে বেদপারগঃ॥ ৪

বুধের প্রকাশন সময়ে যাহার জন্ম হয় সেই ব্যক্তি দানশীল রাজপুত্র, ধনশালী, বহুরত্নযুক্ত এবং বেদশাস্ত্রে পারদর্শী হয়।

গমনে চ যদা জাতঃপ্রবাসী নিত্যদুঃখিতঃ।
শরীরে ক্ষতমাপ্নোতি ঋণী নিত্যং ন সংশয়ং॥ ৫

বুধের গমনকালে জাতব্যক্তি প্রবাসী, সর্ব্বদা দুঃখিত ও ক্ষতদেহ হয়; আর তাহার সদাকালই ঋণ থাকে।

অন্যচ্চ—গমনে চ বুধে জাতোজলদোষী ভবেৎ পুমান্।
বাণিজ্যে ধনলাভশ্চ মন্দাগ্নিশ্চ লভেদ্‌ভয়ং।
নানা দুঃখং ভবেত্তস্য স্ত্রীনাশোবন্ধুনাশনং।
মূর্খোহি বিকলশ্চৈব গুণৈঃ সর্ব্বৈর্ব্বিবর্জ্জিতঃ॥ ৫

প্রকারান্তরফল কথিত হইতেছে। বুধের গমন সময়ে জাতমনুষ্য জলদোষী (কুরণ্ডযুক্ত) বাণিজ্যে লাভবান্, মন্দাগ্নিবিশিষ্ট, ভয়বিহ্বল, বিদ্যাহীন, বিকল ও গুণবিহীন হন; আর ঐ ব্যক্তির নানারূপ দুঃখ, স্ত্রীবিয়োগ ও বন্ধুনাশ হইয়া থাকে।

গমনেচ্ছায়াং যোজাতোলম্পটোদুষ্টচেষ্টিতঃ।
স্ত্রীবশোদুষ্টভার্য্যশ্চ কামুকোবহুভাষকঃ॥
নানা দুঃখং ভবেত্তস্য সর্ব্বরোগসমন্বিতঃ।
দন্তরোগী ভবেচ্চৈব কলহোনিত্যমেব চ॥ ৬

বুধের গমনেচ্ছাতে জাতক লম্পট, দুষ্ট চেষ্টান্বিত, স্ত্রীজিত, দুষ্টরমণীর পতি, কামুক, বহুভাষী, নানারূপ দুঃখবিশিষ্ট, সর্ব্বরোগযুক্ত বিশেষতঃ দন্তরোগী এবং কলহপ্রিয় হয়।

সভায়াঞ্চ বুধে জাতোমূর্খোভবতি পণ্ডিতঃ।
ধনবান্ ধার্ম্মিকশ্চৈব চিররোগী ন সংশয়ঃ॥ ৭

বুধের সভাবস্থানকালে জাতক মূর্খ হইলেও পরে পণ্ডিত হয়, বিশেষতঃ ঐ ব্যক্তি ধনবান্, ধর্ম্মশীল ও চিররোগী হইয়া থাকে।

অন্যচ্চ—পঞ্চমে দ্বাদশে বাপি সভায়াঞ্চ সুধাংশুজঃ।
অপত্যং বহুলং দত্তে কার্পণ্যঞ্চ বিশেষতঃ॥ ৭

সভাবসতি অবস্থায় বুধ যদি লগ্নের পঞ্চম কি দ্বাদশস্থানে অবস্থিতি করেন তবে জাতক বহুসন্তানবিশিষ্ট ও কৃপণ হইয়া থাকে।

অপরঞ্চ—সভায়াংশশিতনয়ঃ সপ্তমে চ যদা স্থিতঃ।
তদা সর্ব্বসুখং তস্য জায়তে নাত্র সংশয়ঃ॥ ৭

সভা অবস্থান সময়ে বুধ লগ্ন হইতে সপ্তমঘরে থাকিলে জাতকের সর্ব্বপ্রকার সুখ হয়, ইহাতে সংশয় নাই।

বুধস্যাগমনে নিত্যং জায়তে চ নরাধমঃ।
ক্রুরঃখঞ্জশ্চ মূর্খশ্চ পাপশীলোভবেন্নরঃ।
পুত্রদ্বয়ং ধনং কিঞ্চিৎ কুমতিশ্চ প্রজায়তে।
গুহ্যস্থানে ভবেদ্রোগঃ ক্ষুদ্রদৃষ্টিপ্রদারুণঃ॥ ৮

বুধের আগমন সময়ে জাতক নরাধম, খলস্বভাব, খঞ্জ, বিদ্যাহীন এবং পাপশীল হয়; আর ঐ ব্যক্তির দুইটি পুত্র, অল্পধন, কুবুদ্ধি, গুহ্যে পীড়া এবং ভয়ানক ক্ষুদ্র দৃষ্টি হয়।

ভোজনে চ যদা জাতোধনহীনোভবেন্নরঃ।
পরদ্বেষী প্রবাসী চ শেষে গাত্ররুজান্বিতঃ।
কুক্ষ্যাদিবামভাগে তু ব্রণদদ্রুবিচর্চ্চিকাঃ।
পক্ষমূলে বেদনা চ শিরোরোগী বিশেষতঃ॥ ৯

বুধের ভোজন সময়ে যাহার জন্ম হয় সেই ব্যক্তি নির্দ্ধন, পরদ্বেষী, প্রবাসী গাত্ররোগযুক্ত অর্থাৎ উদরের বামদিকে ব্রণ, দদ্রু, ও বিচর্চ্চিকা (ক্ষুদ্রকুষ্ঠ) যুক্ত, পার্শ্বমূলে বেদনাবিশিষ্ট এবং শিররোগী হইয়া থাকে।

নৃত্যলিপ্সাসু যোজাতঃ সধনী পণ্ডিতোভবেৎ।
উৎসাহী চ মহাহৃষ্টোগুণযুক্ সুখসংযুতঃ।
পঞ্চপুত্রী ভবেচ্চৈব চতুর্থস্তস্য কন্যকা।
ভার্য্যাত্রয়ং তথা জ্ঞেয়ং গুণসর্ব্বসমন্বিতং॥ ১০

বুধের নৃত্যলিপ্সাতে জাতক ধনবান্, পণ্ডিত, উৎসাহান্বিত, অতিশয় হৃষ্টচিত্ত, গুণযুক্ত, সুখী, এবং পঞ্চ সন্তানের জনক হয়, ঐ সন্তানগণের মধ্যে চতুর্থটী কন্যা অপর চারিটি পুত্র জন্মে! আর জাতকের তিনটী ভার্য্যা হয়, তাহারা সকলেই গুণবতী হইয়া থাকে।

কৌতুকে তু যদা জাতোভবেৎ সর্ব্বজনপ্রিয়ঃ।
অর্শরোগী শক্রযুক্তোধনবান্ সর্ব্বসম্পদঃ॥ ১১

বুধের কৌতুকাবস্থায় যাহার জন্ম হয়, সেই ব্যক্তি সকলের প্রিয়, অর্শ-রোগগ্রস্থ, শত্রুযুক্ত ধনবান্ এবং সকলসম্পদের ভোগী হয়।

নিদ্রায়াঞ্চ যদা জাতঃ সর্ব্বদুঃখসমন্বিতঃ।
নানাক্লেশমবাপ্নোতি রোগশোকৌ ধনক্ষয়ং ॥ ১২

বুধের নিদ্রাসময়ে জাতমনুষ্য সকলপ্রকার দুঃখ ও ক্লেশ ভোগ করে এবং রোগ ও শোকে অভিভূত হয় ; আর সেই ব্যক্তির ধনক্ষয় হয়।

অন্যচ্চ—তনুস্থানে ভবেদ্বাপি ধর্ম্মস্থানে তথৈব চ।
পূর্ব্বোক্তঞ্চ ফলং তস্য ভবেচ্চৈব সুদারুণং।
অন্যভাবে ভবেদ্বাপি বিপরীতফলং ভবেৎ ॥
ধনধান্যসুতঞ্চৈব বক্তব্যঞ্চ সুনিশ্চিতং ॥১২

বুধ নিদ্রাবস্থায় লগ্নে কি লগ্ন হইতে নবমস্থানে থাকিলে পূর্ব্বোক্ত অনিষ্টজনক ফল হয়। উক্ত দুইস্থান ভিন্ন অপর ঘরে অবস্থিতি করিলে উহার বিপরীত ফল অর্থাৎ ধনবান্ ধান্য ও পুত্রাদিযুক্ত হইয়া থাকে।

অথ গুরোর্ভাবফলং।

শয়নফলং।

শয়নে চ যদা জীবঃ শূলরোগী গদান্বিতঃ।
নানা গুণসমাযুক্তোজায়তে নাত্র সংশয়ঃ ॥ ১

বৃহস্পতি শয়নে থাকিলে যাহার জন্ম হয়, সেই ব্যক্তি শূলরোগী অপরাপর রোগযুক্ত এবং নানাগুণসম্পন্ন হয় ইহাতে সংশয় নাই।

অন্যচ্চ—যদি লগ্নে ভবেচ্চৈব সপ্তমে দশমে হপি বা।
নবমে পঞ্চমে বাপি ধনবান্ পণ্ডিতঃ শুচিঃ ॥ ১

বৃহস্পতি শয়নাবস্থায় লগ্নে, লগ্নের সপ্তমে দশমে নবমে কি পঞ্চমে থাকিলে জাতক ধনবান্, পণ্ডিত ও শুদ্ধাচারী হয়।

উপবেশে গুরৌ দুঃখী বহুভাষী চ রোগবান্।
দন্তঘাতী মহাশিল্পী শ্লীপদীরোগসংযুতঃ।
নানা গুণসমাযুক্তোজায়তে নাত্র সংশয়ঃ। ২

গুরুর উপবেশনকালে জাতক দুঃখী, বাচাল, রোগী, দন্তঘাতী, শিল্প কার্য্যে অতিশয় নিপুণ, সর্ব্বগুণ সম্পন্ন এবং পাদরোগযুক্ত হয়।

অন্যচ্চ—দ্বিতীয়ে দ্বাদশে বাপি তৃতীয়ে দশমে তথা।
গুণৈঃ সর্ব্বৈঃ সমাযুক্তোনানা বিদ্যাযুতঃ পর॥ ২

বৃহস্পতি উপবেশনাবস্থায় লগ্ন হইতে দ্বিতীয়ে দ্বাদশে, তৃতীয়ে কি দশমস্থানে থাকিলে জাতক রোগাদিযুক্ত না হইয়া সর্ব্বগুণসম্পন্ন, বিদ্যাবান্ এবং শ্রেষ্ঠ হইয়া থাকে।

নেত্রপাণৌ তথা জীবে শিরোরোগী ধনী ভবেৎ।
পশ্বাদিভ্যোভয়ং নিত্যং জায়তে নাত্র সংশয়ঃ॥ ৩

বৃহস্পতির নেত্রপাণিতে জাতক শিরোরোগী ও ধনবান্ হয়; আর ঐ ব্যক্তির পশ্বাদি হিংস্রজন্তুকর্ত্তৃক ভয় হইয়া থাকে ইহাতে সংশয় নাই।

প্রকাশনে ন ধনবান্ নানারত্নসমন্বিতঃ।
রাজপুত্রোভবেন্নিত্যং লগ্নে বা দশমেঽপি বা॥ ৪

বৃহস্পতির প্রকাশনে যাহার জন্ম হয় সেই ব্যক্তি ধনবান্ ও নানা-রত্নাদিযুক্ত হয়। পরন্তু গুরু ঐ অবস্থায় লগ্নে কি লগ্নের দশমস্থানে থাকিলে জাতক রাজপুত্র হইয়া থাকে।

সর্পভীর্দৃঢ়কর্ম্মা চ সাহসী গমনোন্মুখে।
পরবিত্তেন ধনবান্ পুমান্ ভবতি বাক্‌পতৌ।
শূলী প্রবাসী ধনবান্ সেবাকর্ম্মসু তৎপরঃ॥ ৫

বৃহস্পতির গমনকালে জন্ম হইলে জাতক সর্পকর্ত্তৃক ভীত, দৃঢ়কর্ম্মা, সাহসী, পরবিত্তদ্বারা সম্পত্তিশালী, শূলরোগযুক্ত, প্রবাসী, ধনবান্ ও সেবাকর্ম্মে তৎপর হয়।

গমনেচ্ছায়াং গুরৌ জাতঃ পূজ্যোভবতি মানবঃ
বক্তা দাতা চ বলবান্ রাজসেবান্বিতোনরঃ॥ ৬

বৃহস্পতির গমনেচ্ছাতে জাতমনুষ্য জনপূজ্য, বক্তা, দানশীল, বলবান্ ও রাজসেবাতে পটু হয়।

বাগ্মী দাতা চ ধনবান রাজসেবান্বিতঃ পরঃ।
পণ্ডিতঃ সুন্দরোবক্তা সভায়াং গীষ্পতৌ স্থিতে॥ ৭

বৃহস্পতির সভাবস্থানকালে জাতক বাগ্মী, দানশীল, ধনবান্, রাজসেবায় তৎপর পণ্ডিত, সুন্দর ও বক্তা হইয়া থাকে।

অন্যচ্চ—কেন্দ্রে চৈব যদা জীবঃ সভায়াঞ্চ ভবেৎ পুনঃ।
তদা সর্ব্বসুখং জ্ঞেয়ং পুত্রদ্বারধনৈর্যুতঃ॥ ৭

বৃহস্পতি সভাস্থিত হইয়া যদি লগ্নে কি লগ্নের চতুর্থে বা সপ্তমঘরে বাস করেন তবে জাতক পুত্র ও কলত্রের সহিত ধনাদিযুক্ত হইয়া সর্ব্বপ্রকারে সুখভোগ করে।

অপরঞ্চ—যদি দৈবাদ্ভবেদ্বাপি দশমে চাষ্টমেঽপি বা।
তদা সর্ব্ববিনাশঃ স্যাৎ সময়ে দুঃখিতোভবেৎ॥

সভাস্থিত বৃহস্পতি যদি দৈবাৎ কোনব্যক্তির জাতলগ্নের দশম কি অষ্টমস্থানে স্থিত হন, তবে সেই ব্যক্তির সর্ব্বস্ব নষ্ট হয় এবং সময়ে অতিশয় দুঃখিত হইয়া থাকে।

আগমনে গুরৌ জাতস্তীর্থগামী ভবেন্নরঃ।
ভুঙ্‌ক্তে চ বিবিধং সৌখ্যং কৃপালুশ্চ ভবেৎ পুনঃ॥ ৮

বৃহস্পতির আগমন সময়ে যাহার জন্ম হয় সেই ব্যক্তি তীর্থে গমন করে, বিশেষতঃ ঐ ব্যক্তি নানাবিধ সুখভোগী ও কৃপাযুক্ত হইয়া থাকে।

ভোজনে বিবিধং সৌখ্যং মাংসলুব্ধোমহাসুরঃ।
কামুকঃ প্রিয়বাক্যশ্চ জায়তে নাত্র সংশয়ঃ॥ ৯

বৃহস্পতির ভোজনকালে জাতব্যতি নানাবিধ সুখভোগী, মাংসলুলুপ, মহাযোদ্ধা, কামাতুর ও প্রিয়ভাষী হয়, ইহাতে সংশয় নাই।

লম্পটোনৃত্যলিপ্সাসু ধনবান সাত্বিকস্তথা।
মহদৈশ্বর্য্যসংযুক্তোবাকৃপতৌ চ ভবেৎ সদা॥ ১০

বৃহস্পতির নৃত্যলিপ্সাতে যাহার জন্ম হয় সেই ব্যক্তি লম্পট, ধনবান্, অথচ সাত্বিক ও অতুল ঐশ্বর্য্যান্বিত হয়।

কৌতুকে তু গুরৌ জাতোধনবান্ ধার্ম্মিকঃ সদা।
নৃত্যোৎসাহী সদা হৃষ্টোভুনক্তি সুখমদ্ভুতং॥ ১১

বৃহস্পতির কৌতুকাবস্থায় জাতমনুষ্য ধনবান্, ধর্ম্মশীল, নৃত্যপ্রিয় ও সর্ব্বদা প্রফুল্লচিত্ত হয় এবং অতিশয় সুখভোগ করিয়া থাকে।

নিদ্রায়াঞ্চ গুরৌ জাতশ্চক্ষুরোগী ভবেচ্চ সঃ।
কৃপণোবহুভাষী চ দুঃখিতোভ্রমতে মহীং॥ ১২

বৃহস্পতির নিদ্রাকালে যাহার জন্ম হয় সেই ব্যক্তি নেত্ররোগী, কৃপণ, বহুভাষী এবং দুঃখিত হইয়া পৃথিবী ভ্রমণ করে।

ইতি গুরোর্নিদ্রাফলং।

শুক্রস্য ভাবফলং।

শুক্রস্য শয়নে জাতোধনবান্ লম্পটঃ সদা।
দন্তরোগী মহাক্রোধী দৈন্যং ভজতি নিত্যশঃ॥ ১

শুক্রের শয়নকালে জাতমনুষ্য ধনবান্, সর্ব্বদা লম্পট, দন্তরোগী ও অতিশয় ক্রোধী হয় এবং সর্ব্বদাই দৈন্যাবস্থায় কালকর্ত্তন করে।

অন্যচ্চ—সপ্তমৈকাদশে বাপি শয়নে চ ভৃগোর্যদা।
পঞ্চকন্যাস্তথা জ্ঞেয়াগ্রহস্যাপি বলাবলে।
তদা সর্ব্বসুখং জ্ঞেয়ং দরিদ্রোন কদাচন॥ ১

শুক্র শয়নাবস্থাতে যদি লগ্নের সপ্তম কি একাদশ স্থানে অবস্থিত হন, তবে পাঁচটী কন্যা জন্মে। আর ঐ ব্যক্তি সর্ব্বপ্রকারে সুখভোগ করে, কদাচও দরিদ্র হয় না।

অপরঞ্চ—গুণিনোনির্গুণাশ্চৈব সপ্তপুত্রাঃ সুনিশ্চিতং।
লগ্নে বা সপ্তমে বাপি জায়ন্তে চ ন সংশয়ঃ॥ ১

মতান্তরে ফল কথিত হইতেছে। শুক্র যদি শয়নাবস্থায় জাতলগ্নে কি লগ্নের সপ্তমঘরে থাকেন তবে জাতকের গুণসম্পন্ন ও নির্গুণ সাতটী পুত্র নিশ্চয় জন্মিবে।

উপবেশে যদা জাতোবলবান্ দাম্ভিকঃ সদা।
দক্ষিণাঙ্গে ক্ষতাদিশ্চ সন্ধৌ ভবতি বেদনা॥ ২

শুক্রের উপবেশন সময়ে জাতব্যক্তি বলশালী, দাম্ভিক ও দক্ষিণাঙ্গে ক্ষতাদি বিশিষ্ট হয়, আর ঐ ব্যক্তির সন্ধিস্থানে বেদনা হইয়া থাকে।

নেত্রপাণৌ ভৃগোর্জ্জাতশ্চক্ষুরোগী বলান্বিতঃ।
যদি দৈবাদ্‌ভবেত্তুঙ্গী রাজপাত্রোনরাধিপঃ॥ ৩

শুক্রের নেত্রপাণিতে জাতব্যক্তি চক্ষুরোগী ও বলবান্ হয়, আর যদি ঐ শুক্র তুঙ্গস্থিত হন, তবে জাত মনুষ্য রাজমন্ত্রী কি রাজা হইয়া থাকে।

কর্ম্মস্থানে যদা শুক্রোনেত্রপাণির্ভবেৎ কিল।
তদা দারিদ্র্যদোষেণ সমুদ্রমপি শোষয়েৎ॥ ৩
অন্যস্থানেষু সর্ব্বেষু দ্বিভার্য্যোবহুসম্পদঃ।

নেত্রপাণি অবস্থায় শুক্র যদি লগ্নের দশমস্থানে অবস্থিত হন তবে জাতব্যক্তি দরিদ্র হয়, এমন কি ঐ ব্যক্তিকে দর্শন করিলে সমুদ্রও শুষ্ক হইয়া-যায়। কিন্তু অন্য কোন ঘরে ঐ অবস্থায় থাকিলে জাতকের দুইটী স্ত্রী এবং বহু সম্পত্তি হইয়া থাকে।

অপরঞ্চ—মিত্রস্থানস্থিতোবাপি তুঙ্গস্থানস্থিতোঽপি বা।
তদা রাজ্যাস্পদং ভুঙ্‌ক্তে কর্ম্মস্থানে বিশেষতঃ॥ ৩

নেত্রপাণি অবস্থায় শুক্র লগ্নের দশমস্থানে থাকিলে সেই ঘর যদি তাঁহার মিত্রস্থান কি উচ্চস্থান হয়, তবেই জাতকের রাজ্যাদি সুখ-সম্পত্তি হয়।

প্রকাশনে চ শুক্রস্য যোজাতোধার্ম্মিকঃ সদা।
নিত্যপ্রবাসী রোগী চ জায়তে নীচসংস্থিতে॥ ৪

শুক্রের প্রকাশন সময়ে জন্মিলে ধার্ম্মিক হয়, কিন্তু ঐ শুক্র যদি নীচ-গৃহস্থিত হন, তবে জাতমনুষ্য নিত্যপ্রবাসী ও চিররোগী হইয়া থাকে।

শুক্রস্য গমনে জাতঃ পাদমূলে রুজান্বিতঃ।
নিত্যোৎসাহী সদা শিল্পী সুখী ভবতি নিত্যশঃ॥ ৫

শুক্রের গমনকালে যাহার জন্ম হয় তাঁহার চরণের অধোদেশে রোগ জন্মে। আর ঐ ব্যক্তি সর্ব্বদা উৎসাহী, শিল্পকার্য্যে নিপুণ এবং সুখী হইয়া থাকে।

গমনেচ্ছায়াং ভৃগোর্জ্জাতোভ্রাতৃনাশোভবেধ্রুবং।
মাতা চ ম্রিয়তে তস্য সদৈব ব্যাধিসংযুতঃ॥ ৬

শুক্রের গমনেচ্ছাতে জাতমনুষ্যের ভ্রাতা এবং মাতার মৃত্যু হয়, আর সেই ব্যক্তি সর্ব্বদা রোগযুক্ত হইয়া থাকে।

সভায়াঞ্চ ভৃগোর্জ্জাতোরাজপাত্রোমহাধনী।
কুলশীলোমহাদক্ষঃ কেবলং শূলরোগবান্॥ ৭

শুক্রের সভাবস্থানকালে জন্ম হইলে রাজমন্ত্রী, অত্যন্তধনী, কুলশীলসম্পন্ন ও অতিশয় দক্ষ হয়, কিন্তু তাহার শূলরোগ জন্মিয়া থাকে।

অন্যচ্চ—শক্রুগেহী যদা শুক্রঃ শক্রযুক্তোবিবীক্ষিতঃ।
তদা সর্ব্ববিনাশঃ স্যান্নানারোগসমন্বিতঃ॥ ৭

শুক্র সভাস্থিত হইয়া যদি শক্রগৃহে বাস করেন, কি শক্রযুক্ত হন অথবা কোন শক্রগ্রহ তাঁহাকে দৃষ্টি করে,তবে জাতকের সর্ব্বস্ব বিনাশ ও নানারোগ হয়।

ভৃগোরাগমনে জাতোদুঃখিতোবহুলম্পটঃ।
দদ্রুরোগী পুত্রশোকী জায়তে চ নরাধমঃ॥ ৮

শুক্রের আগমন সময়ে জাতমনুষ্য দুঃখান্বিত, অতিশয় লম্পট, দদ্রুরোগযুক্ত, পুত্রশোকী এবং নরাধম হয়।

অন্যচ্চ—শক্রুগেহে শক্রুযুক্তঃ শক্রুণা বীক্ষিতো যদি।
তদা সর্ব্ববিনাশঃ স্যাৎ স্ত্রীপুত্রাণাং বিশেষতঃ॥ ৮

শুক্রের আগমনকালে যদি তিনি শক্রগৃহস্থিত কি শক্রযুক্ত অথবা শক্রকর্ত্তৃক নিরীক্ষিত হন, তবে জাতব্যক্তির স্ত্রীপুত্র প্রভৃতি সকল বিনষ্ট হয়।

অপরঞ্চ—দ্বিতীয়ে দ্বাদশে বাপি চতুর্থে চাষ্টমেঽপি বা।

সুখং সর্ব্বং ভবেত্তস্য নাত্র কার্য্যা বিচারণা॥ ৮

শুক্র আগমনভাবে লগ্নের দ্বিতীয়ে দ্বাদশে চতুর্থে কি অষ্টমস্থানে থাকিলে জাতকের সর্ব্বপ্রকারে সুখ হয় ইহাতে কোন সংশয় নাই।

শুক্রস্য ভোজনে জাতোবলবান্ ধার্ম্মিকঃ সদা।
মহাধনী ভবেন্নিত্যং বাণিজ্য চ বিশেষতঃ॥ ৯

শুক্রের ভোজনকালে জাতব্যক্তি বলবান্, ধর্ম্মশীল, অতিশয় ধনী ও বাণিজ্যে অত্যন্ত লাভবান্ হয়।

অন্যচ্চ—অরিগেহে পিত্তশূলী শিরোরোগী বিশেষতঃ।
নানাদুঃখং ভবেত্তস্য প্রবাসী নিত্যসেবকঃ॥ ৯

ভোজনাবস্থায় শুক্র যদি শত্রুগৃহস্থিত হন, তবে জাতক পিত্তশূল-রোগযুক্ত, বিশেষতঃ শিরোরোগী নানারূপে দুঃখান্বিত, প্রবাসী ও সর্ব্বদা ভৃত্যকার্য্যে রত হয়।

নৃত্যলিপ্সাসু যোজাতঃ সবাগ্মী জায়তে ধ্রুবং।
পাণ্ডিতং কবিতা চৈব বর্দ্ধতে চ দিনে দিনে॥ ১০

শুক্রের নৃত্যলিপ্সাতে জাতমনুষ্য বক্তা হয়, এবং তাহার পাণ্ডিত্য ও কবিত্ব শক্তি দিন দিন বৃদ্ধি হইয়া থাকে।

অন্যচ্চ—যদি দৈবাদ্ভবেন্নীচোমূর্খো ভবতি নিশ্চিতং।
তুঙ্গস্থানে স্বগেহে বা রাজপুত্রোমহাধনী।
সুন্দরোবহুকান্তশ্চ নানাযোষিৎপ্রিয়ঃ সদা।
ক্ষীণকোলম্পটশ্চৈব মানী শ্যামতনুস্তথা॥ ১০

নৃত্যলিপ্সা অবস্থাতে স্থিত শুক্র যদি নীচগৃহ গত হন, তবে জাতক নিশ্চয়ই মূর্খ হয়। আর ঐ অবস্থাতে স্থিত শুক্র তুঙ্গ কি স্বীয় গৃহস্থিত হইলে জাতমনুষ্য রাজপুত্র, অতিশয় ধনী, সুন্দর, মনোরম, বহু রমণীর প্রিয়, ক্ষীণতনু, লম্পট, মাননীয় ও শ্যামবর্ণ শরীরবিশিষ্ট হয়।

শুক্রস্য কৌতুকে জাতোধনবান্ ধার্ম্মিকঃ সদা।
মহাহৃষ্টোমহাবাগ্মী কৌতুকে চ ভবেৎ সদা।

বহুপুত্রং কলত্রঞ্চ নানাসুখসমন্বিতঃ।

নীচে তদ্বিপরীতং হি দুঃখশোকভয়ান্বিতঃ॥ ১১

শুক্রের কৌতুকাবস্থায় জাতব্যক্তি ধনশালী, ধার্ম্মিক, মহাহৃষ্টচিত্ত, অতিশয় বক্তা বহুপুত্র ও কলত্রযুক্ত এবং নানারূপে সুখসম্পন্ন হয়। আর ঐ অবস্থায় স্থিত শুক্র নীচগৃহগামী হইলে ঐ ফলের বিপরীত অর্থাৎ দুঃখ, শোক ও ভয়াদি প্রাপ্ত হইয়া থাকে।

নিদ্রায়াঞ্চ ভৃগোর্জ্জাতোভবেদ্রোগী সুনিশ্চিতং।

নিত্যক্লেশী মহাদুঃখী জায়তে নাত্র সংশয়ঃ॥ ১২

শুক্রের নিদ্রাবস্থায় যাহার জন্ম হয়, সেই ব্যক্তি রোগবান্ নিত্যক্লেশ-যুক্ত এবং অতিশয় দুঃখী হয়।

অন্যচ্চ—জায়াস্থানে চ তুঙ্গে চ নিদ্রায়াঞ্চ ভৃগোরপি।

তদা সর্ব্ববিনাশঃ স্যাৎ প্রিশুনঃ পরিকীর্ত্তিতঃ॥ ১২

নিদ্রিত শুক্র যদি লগ্নের সপ্তমস্থানে কি স্বীয় তুঙ্গস্থানে অবস্থিতি করেন, তবে জাতক সর্ব্বস্ব হৃত এবং হিংসক হইয়া থাকে।

অথশনের্ভাবফলং।

শয়নে চ শনের্জ্জাতোলম্পটোবহুভাষকঃ।

গুহ্যস্থানে ভবেদ্রোগঃ কোষবৃদ্ধিস্তু জায়তে॥ ১

শনির শয়নকালে জাতমনুষ্য লম্পট, বাচাল ও গুহ্যরোগী হয়, আর তাহার কোষবৃদ্ধি হইয়া থাকে।

অন্যচ্চ—লগ্নে সপ্তাষ্টমে চৈব শয়নে চ শনৈশ্চরঃ।

তদা নিত্যং প্রবাসী চ শত্রুনাশী ভবেচ্চ সঃ॥ ১

শয়ান শনি যদি লগ্নের সপ্তমে কি অষ্টমস্থানে থাকেন, তবে জাতক সর্ব্বদা প্রবাসী এবং শত্রু হন্তা হয়।

অপরঞ্চ—নবমৈকাদশে চৈব পঞ্চমে দশমে তথা।

পুত্রবান্ ধার্ম্মিকশ্চৈব নানা সৌখ্যপ্রদায়কঃ॥ ১

শনি শয়নাবস্থাতে লগ্নের নবমে, একাদশে পঞ্চমে অথবা দশম-

স্থানে অবস্থিত হইলে জাতমনুষ্য পুত্রবান্, ধর্ম্মশীল এবং নানারূপে সুখযুক্ত হইয়া থাকে।

উপবেশে যদা জাতঃ শ্লীপদী দক্রসংযুতঃ।
ধনহানির্নরেন্দ্রস্য পীড়া ভবতি নিত্যশঃ॥ ২

শনির উপবেশনকালে যাহার জন্ম হয় সেই ব্যক্তি পাদরোগী ও দক্রযুক্ত হয় এবং ঐ ব্যক্তির ধনহানি ও সর্ব্বদা রাজা কর্ত্তৃক পীড়া হইয়া থাকে।

নেত্রপাণৌ যদা জাতোমূর্খোভবতি পণ্ডিতঃ।
বলবান্ ধার্ম্মিকশ্চৈব দ্বিভার্য্যোবহুভাষকঃ॥

শনির নেত্রপাণি ভাবে যাহার জন্ম হয় সেই ব্যক্তি মূর্খ হইলেও পরে পণ্ডিত হয়। আর ঐ মনুষ্য বলবান্, ধর্ম্মশীল, দ্বিভার্য্যাযুক্ত এবং বহুভাষী হইয়া থাকে।

অন্যচ্চ—লগ্নে বা দশমে বাপি নেত্রপাণৌ শনৈশ্চরে।
কার্য্যনাশোভবেত্তস্য সর্ব্বদুঃখপ্রদায়কঃ॥ ৩

লগ্নে বা লগ্নের দশমস্থানে নেত্রপাণিভাবে শনি গ্রহ অবস্থিত হইলে জাতকের সকল কার্য্য বিনষ্ট হয় এবং অতিশয় দুঃখভোগ করে।

অপরঞ্চ—সপ্তমে পঞ্চমে বাপি পুত্রদারধনক্ষয়ঃ।
অন্যগৃহেষু বলবান্ নানাসুখপ্রদায়কঃ॥ ৩

শনি নেত্রপাণি অবস্থায় লগ্নের সপ্তম কি পঞ্চম ঘরে থাকিলে জাতমনুষ্যের পুত্র, স্ত্রী এবং ধনক্ষয় হয়। আর উক্ত সকলস্থান ভিন্ন অপর ঘরে থাকিয়া বলীয়ান্ হইলে জাতক অতিশয় সুখভোগ করিয়া থাকে।

প্রকাশনে চ যোজাতোরাজপাত্রোভবেচ্চ সঃ।
নানা গুণেন সংযুক্তোধার্ম্মিকঃ পণ্ডিতঃ শুচিঃ॥ ৪

শনির প্রকাশভাবে জাতমনুষ্য রাজমন্ত্রী, নানাবিধগুণযুক্ত, ধর্ম্মশীল, বিদ্বান্ এবং শুদ্ধাচারী হয়।

জায়াস্থানে চ লগ্নে চ প্রকাশঃ স্যান্যদা শনিঃ।

তদা সর্ব্বসুখং হন্যাজ্জাতিধ্বংসোভবেদ্ধ্রুবং ॥ ৪

লগ্নের সপ্তমস্থানে কি লগ্নে প্রকাশভাবে শনি থাকিলে জাতমনুষ্যের সর্ব্বপ্রকার সুখ বিনষ্ট হয় এবং তাহার জাতিধ্বংস হইয়া থাকে।

গমনে সূর্য্যপুত্রস্য শ্লীপদীরোগসংযুতঃ।
দন্তঘাতী মহাক্রোধী কৃপণঃ পরনিন্দকঃ ॥ ৫

শনির গমনকালে জাতব্যক্তি পাদরোগযুক্ত, দন্তঘাতী, অতিশয় ক্রোধী, কৃপণ এবং পরনিন্দক হয়।

যোজাতোগমনেচ্ছায়াং বহুপুত্রোমহাধনী।
পণ্ডিতোগুণবান্দাতা জায়তে চ নরোত্তমঃ ॥ ৬

শনির গমনেচ্ছা সময়ে যাহার জন্ম হয় সেই মনুষ্য বহুপুত্রযুক্ত, অতিশয় ধনী পণ্ডিত, গুণসম্পন্ন, দানশীল এবং নরের মধ্যে শ্রেষ্ঠ হয়।

সভায়াঞ্চ শনের্জ্জাতোভার্য্যাপুত্রগুণৈর্যুতঃ।
সর্ব্বত্র লভতে দ্রব্যং নানারত্নধনান্বিতঃ ॥ ৭

শনির সভাবস্থানকালে জাতব্যক্তি ভার্য্যাযুক্ত, পুত্রান্বিত এবং গ্রহবিশিষ্ট হয়। আর ঐ ব্যক্তি সর্ব্বত্র লাভবান্, নানা রত্নযুক্ত এবং ধনবান্ হইয়া থাকে।

অন্যচ্চ—শত্রুস্থানে স্থিতঃ সৌরিঃ শত্রুণা বীক্ষিতোযদি।
তদা সর্ব্ববিনাশঃ স্যাদ্বিষ্ণুনা পরিকীর্ত্তিতঃ ॥ ৮

শনি সভাস্থিত হইয়া যদি স্বীয় শত্রুগৃহে থাকেন কি শত্রু কর্ত্তৃক দৃষ্ট হন তবে জাত মনুষ্যের সকল বিনষ্ট হয়; ভগবান্ বিষ্ণু এইরূপ বলিয়াছেন।

আগমনে চ যোজাতোমহাক্রোধী রুজান্বিতঃ।
সর্পাদিভিঃ কৃতাপীড়া ভ্রাতৃনাশোভবেদ্ধ্রুবং ॥ (ক)

শনির আগমনকালে যাহার জন্ম হয়, সেই ব্যক্তি অতিশয় ক্রোধী, রোগবিশিষ্ট ও সর্পাদি কর্ত্তৃক পীড়িত হয় এবং ঐ জাত মনুষ্যের ভ্রাতৃনিধন হইয়া থাকে।

ক। এতল্লগ্নপরং।

দ্বিতীয়ে তৃতীয়ে বাপি পঞ্চমে সপ্তমে তথা।
বিদ্যাপুত্রকলত্রেণ ভ্রাতৃপুত্রৈর্যুতোভবেৎ॥ ৮

শনি আগমনভাবে লগ্নের দ্বিতীয়ে, তৃতীয়ে, পঞ্চমে কি সপ্তমস্থানে স্থিত হইলে জাতমনুষ্য বিদ্বান্ পুত্রান্বিত এবং ভার্য্যাযুক্ত হয়, আর ঐ জাতকের ভ্রাতৃপুত্র জন্মিয়া থাকে।

ভোজনে চ যদা মন্দোমন্দাগ্নিশ্চ তদা ভবেৎ।
অর্শরোগী তথা শূলী চক্ষুরোগী ভবেচ্চ সঃ॥ ৯

শনির ভোজন সময়ে জাতমনুষ্য মন্দাগ্নিযুক্ত, অর্শরোগী, শূলরোগ-বিশিষ্ট এবং চক্ষুরোগযুক্ত হয়।

অন্যচ্চ—তুঙ্গস্থানে স্বগেহে বা ভোজনে চ যদা রবিঃ।
তদাপত্যং ভবেত্তস্য রিপুরোগবিবর্জ্জিতং॥ ৯

ভোজনাবস্থায় শনি তুঙ্গস্থানে কি স্বঘরে থাকিলে তাহার সন্তান জন্মে এবং সেই সন্তান রিপুহীন ও অরোগী হইয়া থাকে।

নৃত্যলিপ্সাসু যোজাতোনর্ত্তকোবহুভাষকঃ।
রাজতোদুঃখিতশ্চৈব প্রবাসী পরসেবকঃ॥ ১০

শনির নৃত্যলিপ্সাতে জাতব্যক্তি নৃত্যকারী, বহুভাষী, রাজাকর্ত্তৃক দুঃখিত, প্রবাসী ও পর-সেবক হয়।

গ্রন্থান্তরে—যোজাতোনৃত্যলিপ্সায়াং ধনবান্ ধার্ম্মিকোভবেৎ।
নানাবিধং সুখং ভক্ষ্যং ভবেত্তস্য ন সংশয়ঃ।
নানাবিধধনী মানী সর্ব্বসৌখ্যপ্রদায়কঃ॥ ১০

গ্রন্থান্তরে ফল কথিত হইতে। যে ব্যক্তি শনির নৃত্যলিপ্সাতে জন্ম গ্রহণ করে, সে ধনবান্ ও ধর্ম্মশীল হয় এবং তাহার নানাবিধ সুখকর ভোজনীয়বস্তু নানাবিধ ধন, সম্মান এবং নানাপ্রকারে সুখলাভ হইয়া থাকে।

অন্যচ্চ—পঞ্চমস্থোযদা সৌরির্নৃত্যলিপ্সা ভবেদযদি।
নাশয়েৎ সকলাপত্যমিতি প্রাহ দিগম্বরঃ॥ ১০

শনি নৃত্যলিপ্সাভাবে লগ্নের পঞ্চমস্থানে থাকিলে জাতমনুষ্যের সমুদায় সন্তানই বিনষ্ট হয় ; দিগম্বর এইরূপ বলিয়াছেন।

অপরঞ্চ—পঞ্চমে সপ্তমে বাপি নবমে দশমে তথা।
তদা সর্ব্ববিনাশঃ স্যাৎ সর্ব্বরোগসমন্বিতঃ॥ ১০

মতান্তরে ফল কথিত হইতেছে। লগ্ন হইতে পঞ্চমে, সপ্তমে, নবমে অথবা দশম স্থানে শনি নৃত্যলিপ্সাভাবে থাকিলে জাতমনুষ্যের সমস্ত বিনষ্ট হয় এবং ঐ ব্যক্তি রোগযুক্ত হইয়া থাকে।

কৌতুকে চ শনের্জাতোরাজপুত্রোধনী ভবেৎ।
দাতা ভোক্তা মহাদক্ষোবলবান্ পণ্ডিতঃ শুচিঃ॥ ১১

শনির কৌতুকভাবে যাহার জন্ম হয় সেই ব্যক্তি রাজপুত্র, ধনবান, দান, শীল, খাদক মহাদক্ষ, বলযুক্ত, পণ্ডিত এবং শুদ্ধাচারী হয়।

নিদ্রায়াঞ্চ শনের্জ্জাতোধনবান্ পণ্ডিতঃ কবিঃ।
কুক্ষিরোগী পিত্তশূলী দ্বিভার্য্যোবহুপুত্রকঃ।
কার্য্যনাশী, ধর্ম্মনাশী দুঃখার্ত্তোদুঃখিতঃ সদা।
নিত্যং প্রবাসী রোগী চ কর্ম্মহানিঃ পদে পদে॥১২

শনিব নিদ্রাঅবস্থাতেই জাতব্যক্তি ধনবান্, পণ্ডিত ও কাব্যকার হয়। কিন্তু ঐ ব্যক্তিব কুক্ষিরোগ, পিত্তশূলরোগ, ভার্য্যাদ্বয় ও বহুপুত্র হইয়া থাকে। বিশেষতঃ ঐ জাতক কার্য্যনাশক, ধর্ম্মনাশক, পীড়িত, ক্ষুব্ধ, সর্ব্বদা প্রবাসী ও রোগী হয় আর উহার পদে পদে কার্য্যবিনাশ হইয়া থাকে।

অন্যচ্চ—যদি তুঙ্গেত্রিকোণে চ কেন্দ্রে বা স্বগৃহে গ্রহঃ।
তদা সর্ব্বং বিচার্য্যঞ্চ বৈপরীত্যেন চিন্তনং॥ ১২

শনি নিদ্রাবস্থাতে তুঙ্গস্থানে, ত্রিকোণে অথবা স্বগৃহে থাকিলে উক্ত-ফলের বিপরীত হয়।

অপরঞ্চ—জায়াসু চ সুতস্থানে যদি দৈবাত্তবেৎ পুনঃ।
তদা সর্ব্বংশুভং বিদ্যাৎ পিশুনঃ পরিকীর্ত্তিতঃ॥ ১২

শনি নিদ্রিতভাবে লগ্নের সপ্তমে কি পঞ্চমে থাকিলে জাতমনুষ্যের সর্ব্বপ্রকারে সুখ হয়, কিন্তু ঐ জাতক হিংসক হইয়া থাকে ।

রাহোর্ভাবফলং ।

শয়নে চ যদা রাহুর্যস্য জন্ম ভবেৎ পুনঃ।
তস্য ক্রোধোমহাদুখং জায়তে চ ন সংশয়ঃ॥ ১

রাহুর শয়নকালে জাতমনুষ্য ক্রোধযুক্ত ও অতিশয় দুঃখিত হয়,ইহাতে কোন সংশয় নাই ।

অন্যচ্চ—মিথুনে চ যদা সিংহে কন্যায়াং বৃষভে তথা।
সর্ব্বসৌখ্যসমাযুক্তঃ শয়নে চ বিধুন্তুদঃ॥ ১

রাহু শয়নাবস্থায় মিথুনে, সিংহে, কন্যাতে কি বৃষরাশিতে থাকিলে জাতব্যক্তির সর্ব্বপ্রকারে সুখ হয় ।

উপবেশে যদা জাতঃ শ্লীপদীয়োগসংযুতঃ।
মহাধনী নরেন্দ্রাচ্চ পীড়া ভবতি নিত্যশঃ॥ ২

রাহুর উপবেশনভাবে যাহার জন্ম হয় সেই ব্যক্তি পাদরোগযুক্ত ও অতিশয় ধনবান্ হয়, কিন্তু নরপতি কর্ত্তৃক সর্ব্বদাই পীড়িত হইয়া থাকে।

নেত্রপাণৌ যদা রাহুর্লগ্নে বা সপ্তমেঽপি বা।
তদা সর্ব্ববিনাশঃ স্যাৎ সর্ব্বদুঃখপ্রদায়কঃ॥ ৩

রাহু নেত্রপাণি অবস্থায় লগ্নে কি লগ্নের সপ্তমঘরে থাকিলে জাতব্যক্তির সমস্ত বিনষ্ট হয়, এবং ঐ মনুষ্য সর্ব্বপ্রকারে দুঃখিত হইয়া থাকে।

প্রকাশনে চ যোজাতোধনবান্ ধার্ম্মিকঃ পুনঃ।
সত্যবাদী মহোৎসাহী সাত্বিকোরাজসেবকঃ॥ ৪

রাহুর প্রকাশভাবে জাতব্যক্তি ধনবান্ ধার্ম্মিক, সত্যবাদী অতিশয় উৎসাহী সাত্বিক এবং রাজসেবক হয় ।

অন্যচ্চ—সিংহে বা কর্কটে বাপি যদি রাহুঃ প্রকাশনে।
শিরশ্ছেদকরোযোগোবিষ্ণুনা পরিকীর্ত্তিতঃ॥ ৪

রাহুপ্রকাশনাবস্থায় সিংহে কি কর্কটরাশিতে থাকিলে জাতমনুষ্যের শিরশ্ছেদন হয়, বিষ্ণুকর্ত্তৃক এইরূপ কথিত হইয়াছে।

গমনে চ যদা জাতোনানারোগধনক্ষয়ঃ।
দন্তঘাতী মহাদুঃখী পিশুনঃ পরনিন্দকঃ॥ ৫

রাহু গমন সময়ে যাহার জন্ম হয় সেইব্যক্তি নানারোগ ও ধনক্ষয় হয় বিশেষতঃ ঐ ব্যক্তি দন্তবাদী, অতিশয় দুঃখী হিংসক ও পরনিন্দক হইয়া থাকে।

যোজাতোগমনেচ্ছায়াং বহুপুত্রোমহাধনী।
পণ্ডিতোগুণবান্ দাতা জায়তে চ নরোত্তমঃ॥ ৬

রাহুর গমনেচ্ছাতে জন্মগ্রহণ করিলে সেই মনুষ্য বহুপুত্রযুক্ত, অতিশয় ধনবান্, পণ্ডিত, গুণসম্পন্ন, দানশীল এবং নরশ্রেষ্ঠ হইয়া থাকে।

সভায়াঞ্চ যদা জাতঃ কৃপণোধনসংযুতঃ।
নানাগুণেন ধনবান্ ধার্ম্মিকঃ পণ্ডিতঃ শুচিঃ॥ ৭

রাহুর সভাঅবস্থান সময়ে জাতব্যক্তি কৃপণ ধনবান্, নানাগুণদ্বারা ধনসঞ্চয়ী, ধর্ম্মশীল, পণ্ডিত ও শুদ্ধাচারী হয়।

আগমনে চ যোজাতোলম্পটোবহুভাবকঃ।
সুহৃদ্বন্ধুবিনাশঃ স্যান্নানা ক্লেশশ্চ জায়তে॥ ৮

রাহুর আগমন অবস্থায় যাহার জন্ম হয় সেই ব্যক্তি লম্পট ও বহুভাষী হয়, আর তাহার সুহৃৎবন্ধু প্রভৃতি বিনাশ এবং নানারূপে ক্লেশ হইয়া থাকে।

ভোজনে চ ভবেল্লুব্ধোমন্দাগ্নিশ্চ রুজান্বিতঃ।
কৃপণঃ কলহোনিত্যং দুঃখিতোনিত্যমেব হি॥ ৯

রাহুর ভোজনকালে জাতব্যক্তি লোভী, মন্দাগ্নিযুক্ত, রোগান্বিত কৃপণ সর্ব্বদা কলহযুক্ত এবং দুঃখিত হয়।

নৃত্যলিপ্সাসু যোজাতঃ খঞ্জোভবতি নান্যথা।
পুত্রনাশোভবেত্তস্য জায়ানাশোভবেদ্ধ্রুবং॥ ১০

রাহুর নৃত্যলিপ্সাতে যাহার জন্ম হয়-সেই ব্যক্তি নিশ্চয়ই খঞ্জ হয় এবং তাহার পুত্র ও স্ত্রী বিনষ্ট হইয়া থাকে।

কৌতুকে চ যদা জাতস্তদা সর্ব্বগুণৈর্যুতঃ।
নানাধনেন ধনবান্ রাজসেবান্বিতঃ পরঃ॥ ১১

রাহুর কৌতুকসময়ে জাতব্যক্তি সর্ব্বগুণযুক্ত, নানারত্নাদিদ্বারা ধনবান্ রাজসেবানুরক্ত এবং শ্রেষ্ঠ হয়।

অন্যচ্চ—যদি দৈবাদ্ভবেত্তুঙ্গী স্বগৃহে বা কদাচন।
তদা সর্ব্বং বৈপরীত্যং জায়তে চাশুভাবহং॥ ১১

রাহু কৌতুকাবস্থায় যদি তুঙ্গী কি স্বগৃহস্থিত হন, তবে পূর্ব্বোক্তফলের বৈপরীত্য অর্থাৎ অশুভ হইয়া থাকে।

নিদ্রায়াঞ্চ যদা জাতঃ সর্ব্বদা সরুজান্বিতঃ।
নানাস্থানগতোবাপি ধনপুত্ররুজান্বিতঃ॥ ১২

রাহুর নিদ্রিত অবস্থায় জাতমনুষ্য সর্ব্বদা রোগযুক্ত, নানাস্থানে গমনশীল এবং ধন পুত্রযুক্ত ও রোগান্বিত হয়।

অন্যচ্চ—জায়াস্থে চ সুতস্থে চ নিদ্রায়াঞ্চ বিধুন্তুদঃ।
তদা সর্ব্বং বৈপরীত্যং সুতজায়াধনান্বিতঃ॥ ১২

নিদ্রিত রাহু যদি লগ্নের সপ্তমস্থানে কি পঞ্চম স্থানে থাকেন তবে জাতব্যক্তির পূর্ব্বোক্ত ফলের বিপরীত ফল হয় অর্থাৎ সেই জাতক পুত্র জায়া এবং ধনযুক্ত হইয়া থাকে।

ইতি জাতকচন্দ্রিকায়াং ষষ্ঠোঽধ্যায়ঃ।

অথ গ্রহাণাং গোচরস্থিতিঃ।

রবির্ম্মাসং নিশানাথঃ সপাদদিবসদ্বয়ং।
পক্ষত্রয়ং ভূমিপুত্রোবুধোঽষ্টাদশবাসরান্।
বর্ষমেকং সুরাচার্য্যশ্চাষ্টাবিংশদ্দিনং ভৃগুঃ।

শনিঃ সার্দ্ধদ্বয়ং বর্ষং স্বর্ভানুঃ সার্দ্ধবৎসরং।
রাহোঃ সপ্তমগঃ কেতুস্তুল্যং তদ্ভোগবৎসরং॥

এক্ষণে গ্রহদিগের গোচর কাল কথিত হইতেছে যথা। রবি এক রাশিতে একমাস ভোগ করেন। দুইদিন পনর দণ্ড, মঙ্গল পাঁচচল্লিশদিন, বুধ আঠারদিন, বৃহস্পতি একবৎসর, শুক্র আটাশদিন, শনি দুই বৎসর ছয়মাস, রাহু একবৎসর ছয়মাস এবং কেতু একবৎসর ছয়মাস ভোগ করিয়া থাকেন।

প্রতিপ্রসবমাহ।

ত্রয়োদশদিনান্যর্কোঽষ্ট্দশষড়্ ধরণীসুতঃ।
সার্দ্ধং দিনঞ্চ শীতাংশুর্ম্মাসমেকাদশং তমঃ।
সৌরিঃ পাদাধিকং বর্ষং মাসান্যষ্টৌ বৃহস্পতিঃ।
ভবনার্দ্ধং ভৃগুঃ সৌম্যোযাবদ্রাশ্যশুভং ফলং।
কষ্টং ব্রতাদিকে দদ্যুর্ন তথা শেষভাগকে॥

গ্রহগণ কর্ম্মকালে গোচরে অশুভ থাকিলে তাহার প্রতিপ্রসব কথিত হইতেছে যথা, রবি-গোচরে অশুভ দাতা হইলে ও ত্রয়োদশদিন পরে শুভফল দান করেন, এইরূপ মঙ্গল ষোড়শদিবস পরে, চন্দ্র একদিন ত্রিংশদ্দণ্ডাতীতে, রাহু একাদশমাস পরে শনি একবৎসর ছয়মাস পরে, বৃহস্পতি আটমাস পরে, শুক্র চতুর্দ্দশদিনাতীতে এবং বুধ নবম দিবসের পরে কর্ম্মকালে শুভফল দান করিয়া থাকেন। কিন্তু ঐ সকল গ্রহ নির্দ্ধারিত দিবসের পূর্ব্বে ব্রতাদিকার্য্যে অমঙ্গল কারক হন।

অন্যচ্চ—দিনকররুধিরৌ প্রবেশকালে গুরুভৃগু ভবনস্য মধ্যযাতৌ।
রবিসুতশশিনৌ বিনির্গমস্থৌ শশিতনুজঃ ফলদঃ সর্ব্বকালং॥

গোচর ফলের কাল বিশেষরূপে কথিত হইতেছে। সূর্য্য ও মঙ্গল সঞ্চার হওয়ার সময় ফলদান করেন, বৃহস্পতি ও শুক্র রাশির মধ্যভাগ

ভোগ করিবার সময়ে ফলদাতা হন। শনি ও চন্দ্র শেষভাগে ফলদান করিয়া থাকেন, আর বুধ সর্ব্বদা সমভাবে ফলদাতা হন।

বক্রে স্থিতির্যথা।

রাহুকেতু সদা বক্রৌ শীঘ্রগৌ চন্দ্রভাস্করৌ।
বক্রশ্রীঘ্রগতিশ্চ স্যাদ্ভৌমাদিপঞ্চকেঽন্যথা॥

রাহু ও কেতু সর্ব্বদাই বক্রভাবে গমন করেন, চন্দ্র ও রবি শীঘ্রগামী হন, আর মঙ্গলপ্রভৃতি পঞ্চগ্রহ কখন বক্র কোন সময় বা শীঘ্রগামী হইয়া থাকেন।

শনিবক্রে পঞ্চমাসান্ দ্বৌ মাসৌ বুধভার্গবৌ।
গুরুশ্চতুর্থমাসাদি চাষ্টমাসাদি ভূমিজঃ॥

শনি বক্রগমন করিলে সেইভাবে পাঁচমাস, বুধ ও শুক্র বক্র হইলে দুইমাস, গুরুবক্রভাবে চারিমাস এবং মঙ্গল বক্রভাবে আটমাস ভোগ, করেন।

গোচরে তু।

বক্রাতিচারোপগমে গ্রহাণাং কৃৎস্নংফলং রাশিগতং বদন্তি
শুভাশুভৌ জীববুধৌ ন তস্মিন তয়োস্তু পৌর্ব্বংফলমাদিশন্তি।

বুধ ও বৃহস্পতি ভিন্ন অন্য সকল গ্রহ বক্র কি অতিচারী হইলে যে রাশিতে অবস্থিত হন, সেই রাশির ফলদান করেন। বুধ ও বৃহস্পতি বক্র বা অতিচারী হইলে পূর্ব্বরাশির ফলদান করিয়া থাকেন।

গ্রহাণাং গোচরশুদ্ধিঃ।

কেতুপল্লবভৌমমন্দগতয়ঃ ষষ্ঠস্ত্রিসংস্থাঃ শুভাঃ।
চন্দ্রার্কাবপি তে চ তৌ চ দশমৌ চন্দ্রঃ পুনঃ সপ্তমঃ।
জীবঃ সপ্তনবদ্বিপঞ্চমগতোযুগ্মেষু সোমাত্মজঃ
শুক্রঃ ষড়্দশসপ্তবর্জ্জমিতরে সর্ব্বেঽপ্যুপান্তে শুভাঃ॥

অধুনা গ্রহদিগের গোচর শুদ্ধি কথিত হইতেছে, যথা,—কেতু, রাহু, মঙ্গল, শনি এবং চন্দ্র ও রবি জন্মরাশি হইতে ষষ্ঠ, তৃতীয় ও দশমরাশিতে

প্রকারান্তরে রিষ্ট কথিত হইতেছে। মনুষ্যের স্বীয় জন্মমাস হইতে গণনায় চতুর্থ মাস, জন্মবার হইতে পঞ্চম বারের পঞ্চমাংস, জন্মনক্ষত্র হইতে পঞ্চবিংশতিনক্ষত্র এবং জন্মতিথি হইতে বিংশতি তিথি যদি এক দিনে কি এক রাত্রিতে হয় তবে সেই বর্ষ মধ্যে উক্ত ব্যক্তির অবশ্যই মৃত্যু হইবে।

দিবা চ সংশয় তত্র রাত্রৌ মরণনিশ্চয়ং।
একান্তরগতে রিষ্টিং জানীয়াজ্জন্মলগ্নতঃ॥

পূর্ব্বোক্ত যোগ দিবাতে হইলে সংশয় কিন্তু রাত্রিতে হইলে নিশ্চয়ই মৃত্যু হইবে জন্মলগ্ন হইতে একলগ্ন অন্তরে রিষ্ট জানিবে।

চতুর্থমাসোবদিজন্মমাসাত্তজ্জন্মবারদ্‌যদি পঞ্চমাহঃ।
জন্মর্ক্ষতঃ শায়কযুগ্মমৃক্ষং তিথির্যদা জন্মতিথে খযুগ্মং॥
তস্মিন্নব্দে ভবেন্মৃত্যুর্দ্দেবরাজ সমোযদি।
একান্তরগতে রিষ্টিং জানীয়াজ্জন্মমাসতঃ॥

জন্মমাস হইতে চতুর্থ মাসে জন্মবার হইতে পঞ্চম বারে যদি জন্মনক্ষত্র হইতে পঞ্চ বিংশতি নক্ষত্র ও জন্মতিথি হইতে বিংশতি তিথি পতিত হয়, তবে সেই বর্ষে ঐ ব্যক্তি ইন্দ্রতুল্য হইলেও গতায়ু হইবে। কিন্তু জন্ম-মাস হইতে একমাস অন্তরে মৃত্যু জানিবে।

চররাশৌ বিলগ্নস্থে দ্বিদেহার্দ্ধে চ পশ্চিমে।
রোগস্যোপশমঃ প্রশ্নে বিপর্য্যাসে বিপর্য্যয়ঃ॥

রোগিব্যক্তির কুশলাকুশল প্রশ্নলগ্নদ্বারা কথিত হইতেছে যথা,—যদি চররাশি এবং দ্ব্যাত্মক রাশির শেষার্দ্ধ প্রশ্নলগ্ন হয় তবে রোগিব্যক্তির ব্যাধির উপশম হইবে আর যদি স্থিররাশি এবং দ্ব্যাত্মকরাশির পূর্ব্বার্দ্ধ প্রশ্নলগ্ন হয় তাহা হইলে সেই রোগী চিররোগী হইয়া থাকে।

শুভগ্রহাঃ সৌম্যনিরীক্ষিতাশ্চ বিলগ্নসপ্তাষ্টম পঞ্চমস্থাঃ।
ত্রিষড়্‌দশায়েষু নিশাকরস্যাচ্ছুভং বদেদ্রোগনিপীড়িতানাং॥(১)

১। এতদ্‌ যোগাভাবে সত্যশুভং বদেদিতি ভট্টোৎপলঃ।

প্রশ্নলগ্নে অথবা প্রশ্নলগ্নের সপ্তম, অষ্টম কি পঞ্চমস্থানে শুভগ্রহ অবস্থিত হইয়া তাঁহারা যদি অন্য শুভগ্রহকর্ত্তৃক অবলোকিত হন তবে রোগিব্যক্তির কুশল জানিবে। আর যদি প্রশ্নলগ্নের তৃতীয়, ষষ্ঠ, দশম কি একাদশস্থানে চন্দ্র অবস্থিত হন তাহা হইলেও রোগিব্যক্তির শুভ জানিবে।

পাপর্ক্ষে প্রশ্নলগ্নে তু পাপসংযুতবীক্ষিতে।
তথৈব চাষ্টমে স্থানে রোগিণাং মরণং বদেৎ॥

প্রশ্নলগ্নদ্বারা রোগিব্যক্তির মৃত্যু বর্ণিত হইতেছে যথা, যদি প্রশ্নলগ্ন পাপগ্রহের গৃহ হয় আর তাহাতে পাপগ্রহ থাকে কিম্বা উক্ত লগ্ন পাপ-গ্রহকর্ত্তৃক দৃষ্ট হয় তবে রোগীর মৃত্যু হইবে। প্রশ্নলগ্নের অষ্টমস্থান পাপ-গ্রহের গৃহ কি পাপ গ্রহযুক্ত অথবা পাপগ্রহকর্ত্তৃক অবলোকিত হইলেও রোগীর মৃত্যু হইয়া থাকে।

মন্দঃ পাপসমেতোলগ্নান্নবমঃ শুভৈরযুতদৃষ্টঃ।
রোগার্ত্তঃ পরদেশে চাষ্টমগোমৃত্যুকরএব॥

অধুনা বিদেশস্থ ব্যক্তির রোগজ্ঞান ও মৃত্যুজ্ঞান কথিত হইতেছে। যদি পাপগ্রহযুক্ত শনিগ্রহ প্রশ্নলগ্নের নবমস্থ হইয়া শুভগ্রহযুক্ত কি শুভগ্রহকর্ত্তৃক দৃষ্ট না হন তাহা হইলে বিদেশীয় ব্যক্তিকে রোগার্ত্ত বলিয়া জানিবে। আর পাপগ্রহযুক্ত শনি যদি প্রশ্নলগ্নের অষ্টমস্থ হইয়া শুভগ্রহযুক্ত কি শুভগ্রহ কর্ত্তৃক অবলোকিত না হন তবে বিদেশীয় ব্যক্তি রোগার্ত্ত হইয়া প্রাণত্যাগ করিয়াছে বলিতে হইবে।

পরদেশস্য রোগজ্ঞানং মৃত্যুজ্ঞানং।

অথ মনুষ্যাদীনাং পরমায়ুঃ প্রমানং।

সমাঃ ষষ্টিৰ্দ্বিঘ্নামনুজকরিণাং পঞ্চ চ নিশা
হয়ানাং দ্বাত্রিংশৎখরকরভয়োঃ পঞ্চককৃতিঃ।
বিরূপাসত্বায়ুর্ম্মগমহিষয়োর্দ্বাদশ শুনঃ
স্মৃতং ছাগাদীনাং দশকসহিতাঃ ষট্ চ পরমং॥

অধুনা মনুষ্যাদির পরমায়ুর প্রমাণ কথিত হইতেছে যথা; মনুষ্য ও হস্তীর পরমায়ু একশত বিশবৎসর পাঁচরাত্রি পাঁচদিন হয়। এইরূপ অশ্বের পরমায়ু বত্রিশবৎসর, গৰ্দ্দভ ও উষ্ট্রের পরমায়ু চতুৰ্ব্বিংশতিবর্ষ, মৃগমহিষ ও কুক্কুরের পরমায়ু দ্বাদশবর্ষ এবং ছাগ ও মেষাদির পরমায়ু ষোড়শবর্ষ হইয়া থাকে।

পথ্যাশীনাং শীলবতাং নরাণাং সদ্বৃত্তিভাজাং বিজিতেন্দ্রিয়ণাং
এববিন্দ্বিধানামিদমায়ুরত্র চিন্ত্যং সদা বৃদ্ধমুনিপ্রবাদঃ॥

পথ্যাশী, সৎস্বভাবান্বিত, সদ্বৃত্তিদ্বারা জীবিকানির্ব্বাহকারী ও জিতেন্দ্রিয় ব্যক্তিদিগের উক্ত একশতবিশবৎসর পরমায়ু হইয়া থাকে; বৃদ্ধঋষিদিগের এইরূপ মত।

বর্ত্ত্যাধারস্নেহযোগাদ্‌যথা দীপস্য সংস্থিতিঃ।
বিক্রিয়াপি চ দৃষ্টৈবমকালে প্রাণসংশয়ঃ॥ (১)

তৈলদশাদি বিদ্যমান্ থাকিলেও প্রচণ্ডবায়ুকর্তৃক যে রূপ দীপ-নির্ব্বাপিত হয়, সেইরূপ আয়ু থাকিতেও নৌকারোহণ দুর্গমপথে গমন যুদ্ধে প্রবর্ত্তিত হওয়ায় এবং অপথ্য আহারাদিদ্বারা প্রাণনাশ হইয়া থাকে।

অথেদানীং গ্রহসঞ্চারোলিখ্যতে।

তত্রাদৌ গুরোঃ।

শীর্ষে চত্বারি রাজ্যং জলধিরপি করে দক্ষিণে চাপি সৌখ্যং
চৈকং কণ্ঠে বিভুতিং মদনশরমিতং বক্ষসি প্রীতিলাভং।
পাদস্থাঃ ষট্ চ পীড়াং পুনরপিজলধির্ব্বামহস্তে চ মৃত্যুং
নেত্রে ত্রীণি প্রপদ্যুঃসুখমথ নিজভে বাক্‌পতেঃ সংক্রমর্ক্ষাৎ॥ (২)

অধুনা গ্রহসঞ্চার লিখিত হইতেছে যথা,—বৃহস্পতির সঞ্চারগণনে নরাকার একটীমূর্ত্তি অঙ্কিত করিয়া গুরুর সংক্রমণনক্ষত্র হইতে তাহার

১। যথা—অবিকলবর্ত্ত্যাদিসত্ত্বে প্রচণ্ডবাতাদিনা দীপনাশস্তথা সত্যপ্যায়ুষি অশুভকর্ম্মবশান্নৌকাদুর্গবর্ত্ম যুদ্ধাপথ্যাশিত্বাদিনা প্রাণনাশঃ। ইতি।

২। ইতিনরাকারঃ।

মস্তকে চারিনক্ষত্র, দক্ষিণহস্তে চারিনক্ষত্র, কণ্ঠে একনক্ষত্র, হৃদয়ে পাঁচনক্ষত্র, পদদ্বয়ে ছয়নক্ষত্র, বামহস্তে চারিনক্ষত্র, এবং নেত্রদ্বয়ে তিন-নক্ষত্র যোজনা করিবে। অনন্তর মানবের জন্মনক্ষত্রদ্বারা ফল দেখিতে হইবে, যদি মনুষ্যের জন্মনক্ষত্র মস্তকে পতিত হয় তবে রাজ্যলাভ হইবে। এইরূপ দক্ষিণহস্তে পড়িলে সুখ, গলদেশে ঐশ্বর্য্য, হৃদয়ে প্রীতি লাভ, পাদদ্বয়ে পীড়া, বামহস্তে মৃত্যু এবং নেত্রে নক্ষত্র পতিত হইলে মানবের সুখ হইয়া থাকে।

বর্ণক্রমোযথা।

গুরোর্গমনঋক্ষঞ্চ নরঋক্ষ সমাযুতং।
বারযুতং চাষ্টহৃতং শেষে বর্ণ শুভাশুভং॥

বৃহস্পতির সঞ্চারকালের বর্ণ কিরূপে দেখিতে হয় তাহা কথিত হইতেছে যথা,—বৃহস্পতির সংক্রমণ নক্ষত্রের সহিত মানবের জন্মনক্ষত্র যোগ করিয়া পুনর্ব্বার বারের অঙ্ক যোগ করিতে হইবে। অনন্তর অষ্ট-দ্বারা হরণ করিলে যাহা অবশিষ্ট থাকিবে তদ্দ্বারা ফল নিম্নে প্রকটিত হইতেছে।

হেমেরত্ন বরাঙ্গনা তাম্রে চ নৃপপূজিতঃ।
নীলে বুদ্ধিবিনাশঃ স্যাৎ কৃষ্ণে চ মরণং ধ্রুবং।
মরকতে চোৎসবৈশ্চৈব গৌরে সর্ব্বসুখং ভবেৎ।
পিঙ্গলে চাগ্নিদাহঃ স্যাদ্রক্তে হপি চ ধনক্ষয়ঃ॥

পূর্ব্বোক্ত অবশিষ্ট অঙ্ক এক থাকিলে হেমবর্ণ, দুই থাকিলে তাম্রবর্ণ, তিন হইলে নীলবর্ণ, চারি থাকিলে কৃষ্ণবর্ণ, পাঁচ হইলে মরকতবর্ণ, ছয় থাকিলে গৌরবর্ণ, সাত হইলে পিঙ্গল বর্ণ এবং আট (শূন্য) থাকিলে রক্তবর্ণ হয়। ফল কথিত হইতেছে। হেমে রত্ন ও শ্রেষ্ঠারমণী লাভ, তাম্রে নৃপপূজা, নীলে বুদ্ধিভ্রংশ, কৃষ্ণে মরণ, মরকতে উৎসব, গৌরে সর্ব্ব-প্রকারে সুখ, পিঙ্গলে অগ্নিদাহ ও রক্তে ধনসঞ্চয় হয়।

গতিঃ।

বিচিত্র বিলক্ষবিমর্দ্দ বিপাকাঃ।

গতি বর্ণিত হইতেছে। বিচিত্র, বিলক্ষ, বিমর্দ্দ ও বিপাক এই চারি প্রকারগতি।

ষষ্ঠে রুদ্রে তৃতীয়ে ভবতি শুভকরং নামচন্দ্রং বিচিত্রে
পক্ষে সপ্তাধনদশমগে কার্য্যলাভোবিলক্ষে।
রন্ধ্রে পঞ্চ চতুর্থে রিপুভয়কলহং কার্য্যনাশং বিমর্দ্দে
জন্মন্যষ্টৌ দ্বয়মপি নিতরাং সর্ব্বনাশং বিপাংক ॥

বিচিত্রগতিতে ষষ্ঠ একাদশ ও তৃতীয়স্থান শুভ, বিলক্ষগতিতে দ্বিতীয়, সপ্তম, দ্বাদশ ও দশম স্থান শুভকারক। বিমর্দ্দগতিতে নবম পঞ্চম ও চতুর্থস্থানে রিপুভয়, কলহ ও কার্য্যনাশ হয় এবং বিপাক গতিতে জন্ম ও অষ্টমস্থানে সর্ব্বনাশ হইয়া থাকে।

বাহননির্ণয়ঃ।

তিথিবারস্বনত্রং নামাক্ষরসমন্বিতং।
নবভিশ্চ (১) হরেদ্‌ভাগং শেষেবাহননিশ্চিতং।

তিথি, বার মনুষ্যের জন্মনক্ষত্রাঙ্ক ও নামের অক্ষর যোগ করিয়া নয়দ্বারা হরণ করিলে যে অঙ্ক অবশিষ্ট থাকে তাহাদ্বারা গ্রহের বাহন নির্ণয় করিতে হয়।

গর্দ্দভস্তুরগোহস্তী মেষজম্বুকীসিংহকাঃ।
কাকহংসময়ূরাশ্চ এতে বাহননিশ্চয়ঃ ॥

পূর্ব্বোক্ত হৃতশেষ এক থাকিলে গর্দ্দভ (গাধা) দুই হইলে অশ্ব, তিন থাকিলে হস্তী, চারি হইলে মেষ, পাঁচ থাকিলে জম্বুক (শৃগাল) ছয় হইলে সিংহ, সাত থাকিলে কাক এবং শূন্য অবশিষ্ট থাকিলে ময়ুর নিশ্চয় হইবে।

ফলং—গর্দ্দভে ধনহানিঃ স্যাদ্ধয়হস্তী সুখপ্রদঃ।
মেষে কার্য্যবিনাশঞ্চ কাকে ভবতি নিস্ফলং।

১। লগ্নেন হরয়েদ্‌ভাগমিত্যাদি পাঠঃ

সিংহে শত্রুক্ষয়শ্চৈব হংসে সর্ব্বসুখানি চ।
ময়ূরে সুখলাভশ্চ জম্বুক্যাং মরণং ধ্রুবং॥

অধুনা বাহনের ফল কথিত হইতেছে যথা,—গর্দ্দভে ধনহানি, অশ্ব ও কুঞ্জরে সুখ, মেষে কার্য্যবিনাশ, কাকে নিষ্ফল, সিংহে শত্রুক্ষয়, হংসে সর্ব্বপ্রকার সুখ, ময়ূরে সুখ, এবং শৃগালবাহন হইলে মৃত্যু হয়।

গুরোঃসঞ্চারগণনং।

রাহুসঞ্চার ক্রমঃ।

শীর্ষে সপ্ত প্রদাতব্যা মুখে ষষ্ঠমুদাহৃতং।
নেত্রে গুণগুণশ্চৈব কর্ণয়োর্ব্বেদবেদকঃ॥

রাহুসক্রমণের নক্ষত্রাবধি মস্তকে সপ্তনক্ষত্র, মুখে ছয়নক্ষত্র, নেত্রদ্বয়ে ছয় নক্ষত্র ও কর্ণদ্বয়ে অষ্টনক্ষত্র যোজনা করিবে।

ফলং।

মানং ভবতি শীর্ষে ধনলাভকারী কষ্টংদদাতি বদনে কলহস্তথৈব।
নেত্রে তথা প্রকুরুতে বহুবিত্তলাভং কর্ণে চ পীড়া কুরুতে চ রাহুঃ॥

রাহুসঞ্চারসময়ে মানবের জন্মনক্ষত্র শীর্ষে পড়িলে সম্মান ও ধনলাভ, মুখে পড়িলে কষ্ট ও কলহ, নেত্রে থাকিলে বিত্তলাভ এবং কর্ণদ্বয়ে পতিত হইলে পীড়া হয়।

শনিসঞ্চারগণনং।

শনিচক্রং নরাকারং লিখিত্বা সৌরিভাদিতঃ।
নামঋক্ষং ভবেদ্‌যত্র ফলং তত্র শুভাশুভং।
শীর্ষে ত্রীণি মুখে চৈকং হৃদয়ে পঞ্চ নির্দ্দিশেৎ।
হস্তেঽষ্টৌ চ বিজানীয়াদ্দ্বে গুহ্যে পাদয়োর্ব্বসুঃ॥

অধুনা শনৈশ্চরের সঞ্চার কথিত হইতেছে। নরাকৃতি একটি শনি চক্র অঙ্কিত করিয়া শনিসংক্রমণ নক্ষত্রাবধি মস্তকে তিননক্ষত্র, মুখে এক নক্ষত্র, হৃদয়ে পাঁচনক্ষত্র, হস্তদ্বয়ে আটনক্ষত্র গুহ্যে দুই নক্ষত্র এবং

পাদদ্বয়ে আটনক্ষত্র যোজনা করিতে হইবে। অনন্তর মনুষ্যের জন্মনক্ষত্র দ্বারা ফল বিবেচিত হইবে।

ফলং—শীর্ষে মানং জয়ং বক্ত্রে হৃদয়ে নৃপতির্ভবেৎ।
সুখঞ্চ দক্ষিণে বাহৌ বামে হানিঃ ক্ষয়ায়তে।
লাভঞ্চ দক্ষিণে পাদে বামে চ মরণং তথা।
অপমানং তথা গুহ্যে শনিচক্রফলং ক্রমাৎ॥

শনিসংক্রমণসময়ে মানবের জন্মনক্ষত্র শনিচক্রের মস্তকে পতিত হইলে সম্মান, মুখে থাকিলে জয়লাভ, এবং হৃদয়ে পতিত হইলে, নরপতি হয়।, এইরূপ দক্ষিণ বাহুতে পড়িলে সুখ, বামবাহুতে হানিক্ষয়; দক্ষিণপাদে লাভ, বামপাদে মৃত্যু এবং গুহ্যদেশে জন্মনক্ষত্র পতিত হইলে মানবের অপমান হয়।

প্রকারান্তরং—কাকাকারত্রয়ং বক্ত্রে পৃষ্ঠে পুচ্ছোদরে চ ষট্।
পাদয়োঃ ষট প্রদাতব্যাঃ শনিচক্রং শুভাশুভং॥

প্রকারান্তর শনিচক্র কথিত হইতেছে। কাকাকৃতি একটি চক্র অঙ্কিত করিয়া শনিসংক্রমণনক্ষত্রাবধি মুখে তিননক্ষত্র, পৃষ্ঠে ছয়নক্ষত্র, পুচ্ছে ছয়নক্ষত্র, উদরে ছয়নক্ষত্র এবং পাদদ্বয়ে ছয়নক্ষত্র সংস্থাপন করিবে।

মুখে দুঃখং প্রবক্ষ্যামি পৃষ্ঠে চ বহুসম্পদং।
পুচ্ছে রোগং সুখং ক্রোড়ে পাদয়োর্ভ্রমণং ভবেৎ॥ (ক)

মনুষ্যের জন্মনক্ষত্র মুখে পড়িলে দুঃখ, পৃষ্ঠদেশে পতিত হইলে বহু-সম্পদলাভ, পুচ্ছে রোগ, উদরে সুখ, এবং পাদদ্বয়ে জন্মনক্ষত্র পতিত হইলে ভ্রমণ হয়।

বর্ণক্রমমাহঃ।

যস্মিন্নৃক্ষে গতঃসৌরির্নামৃক্ষসমন্বিতং।
নগাষ্টবহ্নিসংযুতং কৃত্বাষ্টাভির্হরেদ্‌বুধঃ॥

অনন্তর সঞ্চার সময়ের বর্ণ কথিত হইতেছে। যথা, যে নক্ষত্রে শনি

১। সঞ্চারগতনক্ষত্রক্রমেণ স্বনক্ষত্রং যাবদ্‌গণনীয়মিতি

ভোগ করেন, সেই নক্ষত্রাঙ্কের সহিত মানবের জন্মনক্ষত্রাঙ্ক ও অষ্টাদশ (মতান্তরে তিনশত সাতাশী) যোগ করিয়া আটদ্বারা হরণ করিলেই বর্ণ নিশ্চয় হইবে।

সুবর্ণং পিঙ্গলং শ্বেতং পাটলং চিত্রমেব চ।
কৃষ্ণং তাম্রং তথা নীলং বর্ণং বিদ্ধি যথামক্রমং॥

পূর্ব্বোক্ত হৃতাবাশিষ্ট অঙ্ক এক হইলে সুবর্ণ বর্ণ, দুয়ে পিঙ্গল, তিনে শ্বেত, চাইরে পাটল, পাঁচে চিত্র, ছয়ে কৃষ্ণ, সাতে তাম্র এবং শূন্য অবশিষ্ট হইলে নীলবর্ণ জানিবে।

ফলং—সম্মানং বন্ধনং লাভোরোগোগোভয়ন্তথা।
ঐশ্বর্য্যং রাজপীড়া চ ফলমেৎ ক্রমেণ তু॥

বর্ণগত ফল কথিত হইতেছে। সুবর্ণে সম্মান, পিঙ্গলে বন্ধন, শ্বেতে লাভ, পাটলে রোগ, চিত্রে ভোগ, কৃষ্ণে ভয়, তাম্রে ঐশ্বর্য্য এবং নীলে রাজপীড়া হয়।

প্রতিপ্রসবমাহ।

সুবর্ণং পিঙ্গলে দেয়ং পাটলেহপি তথৈব চ।
কৃষ্ণবস্ত্রং গাঞ্চ কৃষ্ণাং নীলে দদ্যাৎ শুভায়চ॥

বর্ণের দোষ প্রতিকারের নিমিত্তে দ্রব্যদান কথিত হইতেছে।—পিঙ্গলে ও পাটলে সুবর্ণদান করিবে এবং নীলে কৃষ্ণবস্ত্র ও কৃষ্ণ গো দান করিতে হইবে।

বর্ষচক্রং।

স্বর্গে ত্রীণি সুখং বিদ্যাৎ পর্ব্বতে সুখ সম্পদঃ।
চক্রে দারিদ্রতামেতি সমুদ্রে ভীষণং ফলং।
ধরণ্যাং বিত্তসম্পত্তির্দ্দেহপীড়া রসতলে।
শঙ্খে চ বিপুলালক্ষ্মীর্গগনে মানভঞ্জনং।
সুখং স্যাচ্চক্রগর্ভে তু বর্ষচক্রফলং ক্রমাৎ॥

অধুনা বর্ষচক্র কথিত হইতেছে যথা,—নয়ভাগে বিভক্ত করিয়া

একটি চক্র অঙ্কিত করিবে। অনন্তর বর্ষরাশিঘটক যে নক্ষত্র নির্দ্দিষ্ট হইবে সেই নক্ষত্র অবধি স্বর্গে তিননক্ষত্র পর্ব্বতে তিননক্ষত্র, চক্রে তিন নক্ষত্র, ধরণীতে তিননক্ষত্র, রসাতলে তিননক্ষত্র শঙ্খে তিননক্ষত্র, গগনে তিননক্ষত্র এবং চক্রগর্ভে তিননক্ষত্র সংস্থাপন করিবে।

বর্ষচক্রের ফল কথিত হইতেছে। মনুষ্যের জন্মনক্ষত্র স্বর্গে পতিত হইলে সুখ, পর্ব্বতে সুখসম্পদ, চক্রে দরিদ্রতা, সমুদ্রে ভয়, ধরণীতে বিত্তসম্পত্তি, রসাতলে পীড়া শঙ্খে অতুল ঐশ্বর্য্য, গগনে মানভঙ্গ এবং চক্রমধ্যে জন্মনক্ষত্র পড়িলে সুখ হয়।

বর্ষচক্রদোষশান্তিঃ।

চক্রে ছত্রং প্রদাতব্যং সমুদ্রে চ সুশয্যকং।
রজতং হেমবস্ত্রঞ্চ তাম্রঞ্চ গগনে তথা।
ঘৃততণ্ডুলস্বর্ণঞ্চ কুম্ভং দব্যাদ্রসাতলে॥

বর্ষচক্রের দোষশান্তি কথিত হইতেছে। মানবের জন্মনক্ষত্র চক্রে পতিত হইলে ছত্রদান করিবে। এইরূপ সমুদ্রে উৎকৃষ্ট শয্যা, গগনে রজত, স্বর্ণ, বস্ত্র ও তাম্র এবং রসাতলে মানবের জন্মনক্ষত্র পতিত হইলে ঘৃততণ্ডুল স্বর্ণ ও কুম্ভদান করিতে হইবে।

গ্রহদোষপ্রতীকারঃ।

গোচরে বা বিলগ্নে বা যে গ্রহারিষ্টসূচকাঃ।
পুজয়েত্তান্ প্রযত্নেন পূজিতাঃ স্যুঃ শুভপ্রদাঃ॥

গোচরস্থিত গ্রহ কি জন্মকালীন লগ্নাদিস্থ গ্রহ যদি রিষ্টসূচক হন, তাহা হইলে যত্নপূর্ব্বক ঐ সকল গ্রহের অর্চ্চনা করিবে। অর্চ্চিত গ্রহগণ শুভফল প্রদান করিয়া থাকেন।

গ্রহবৈগুণ্যে ঔষধধারণং।

মূলং ধার্য্যং ত্রিশূল্যাঃ সবিতরি বিগুণে ক্ষীরিকামূলমিন্দৌ
জিহ্বাহের্ভূমিপুত্রে রজনিকরসুতে বৃদ্ধদারস্য মূলং।
ভার্গ্যা জীবেঽথ শুক্রে ভবতি শুভকরং সিংহপুচ্ছস্য মূলং
বাট্যালং চার্কপুত্রে তমসি মলয়জং কেতুদোষেঽশ্বগন্ধং॥

অধুনা গ্রহদোষ শান্ত্যর্থ ঔষধধারণ কথিত হইতেছে। রবিগ্রহ, বিরুদ্ধ হইলে বিল্বমূল ধারণ করিবে। এইরূপ চন্দ্রবিরুদ্ধে ক্ষীরিকামূল, মঙ্গলে নাগজিহ্বালতামূল, বুধে বৃদ্ধদারু (বীরতাড়ক) মূল, বৃহস্পতির ব্রহ্মযষ্ঠি (বামন হাটি) মূল, শুক্রের সিংহপুচ্ছ (রামবাসক) মূল, শনির বাট্টাল, (শ্বেতবেড়েলা) মূল, রাহুর শ্বেতচন্দন এবং কেতুর দোষ শান্ত্যর্থ অশ্বগন্ধামূল ধারণ করিবে।

অন্যচ্চ—ত্রিশূলীং ক্ষীরিকামূলং গোজিহ্বাং বৃদ্ধদারকং।
ব্রহ্মযষ্টি সিংহপুচ্ছিং বাট্টালং চন্দনং সিতং।
অশ্বগন্ধং ক্রমাৎ সূর্য্যাদ্দদ্যাদ্দোষোপশান্তয়ে।
তাম্রাদীনামভাবে তু স্বয়ঞ্চ দক্ষিণে ভূজে॥

গ্রন্থান্তরে উক্ত হইয়াছে ,—যে ব্যক্তি গ্রহগণবিরুদ্ধ হইলে তাম্রাদি ধারণ করিতে অশক্ত হইবেন, তিনি রবিগ্রহ বিরুদ্ধ হইলে বিল্বমূল দক্ষিণ বাহুতে ধারণ করিবেন। এইরূপ চন্দ্র বিরুদ্ধ হইলে ক্ষীরিকামূল, মঙ্গলে অনন্তমূল, বুধে বীরতাড়কমূল, বৃহস্পতিতে শ্বেত ব্রহ্মযষ্টিরমূল, শুক্রে রাম-বাসকেরমূল, শনিতে শ্বেতবেড়েলার মূল, রাহুর শ্বেতচন্দন এবং কেতু বিরুদ্ধ হইলে দক্ষিণবাহুতে অশ্বগন্ধার মূল ধারণ করিবেন।

ইত্যৌষধং।

মাণিক্যাদিধারণং।

মাণিক্যং বিগুণে সূর্য্যে বৈদূর্য্যং শশলাঞ্ছনে।
প্রবালং ভুমিপুত্রে চ পদ্মরাগং শশাঙ্কজে।
গুরৌ মুক্তাং ভৃগৌ বজ্রমিন্দ্রনীলং শনৈশ্চরে।
রাহৌ গোমেধকং ধার্য্যং কেতৌ মরকতস্তথা॥

সূর্য্যাদি গ্রহগণ বিরুদ্ধ হইলে মাণিক্যাদিধারণ কথিত হইতেছে যথা রবিগ্রহ বিরুদ্ধ হইলে মাণিক্যধারণ করিবে। এইরূপ চন্দ্র বিরুদ্ধ হইলে বৈদূর্য্যমণি, মঙ্গলের প্রবাল, বুধের পদ্মরাগ, বৃহস্পতির মুক্তা, শুক্রের হীরক, শনির ইন্দ্রনীল, রাহুর গোমেধক এবং কেতুর দোষশান্ত্যর্থ মরকত মণি ধারণ করিতে হইবে।

অন্যচ্চ—সূর্য্যে তাম্রং বিধৌ শঙ্খং প্রবালং ভূমিনন্দনে।
বুধে চ কাঞ্চনং দেয়ং গুরৌ মুক্তাং বিদুর্ব্বুধাঃ।
রজতং ভৃগুপুত্রে চ সূর্য্যসূনৌ ত্রপুস্তথা।
রাহৌ লৌহং রাজপট্টং কেতৌ স্যাদ্ধারণীয়কং॥

প্রকারান্তর দ্রব্যধারণ কথিত হইতেছে। রবিগ্রহ বিরুদ্ধ হইলে দোষ শান্ত্যর্থ তাম্র ধারণ করিবে। এইরূপ চন্দ্রের শঙ্খ, মঙ্গলের প্রবাল, বুধের কাঞ্চন, বৃহস্পতির মুক্তা, শুক্রের রজত, শনির সীসক, রাহুর লৌহ এবং কেতুর দোষশান্ত্যর্থ রাজপট্ট ধারণ করিবে।

অপরঞ্চ—দোষোন স্যাদ্‌গ্রহাণাম শিশিরকিরণে তাম্রমিন্দৌ চ শঙ্খং
পৃথ্বীপুত্রে প্রবালং শশধরতনয়ে শাতকুম্ভং ভুজেন।
দেবাচার্য্যে চ মুক্তাং মণিরসুরগুরৌ সীসকং সূর্য্যসূনৌ
রাহৌ সারং গিরীণাং কমলজতনয়ে রাজপট্টং বিভর্ত্তুঃ॥

গ্রন্থান্তরে গ্রহবিরুদ্ধে তাম্রাদি ধারণের প্রমাণ কথিত হইতেছে।—যে ব্যক্তির রবি বিরুদ্ধ হইবে তিনি দক্ষিণভুজে তাম্র ধারণ করিলে দোষ শান্তি হয়। এইরূপ চন্দ্র বিরুদ্ধে শঙ্খধারণ, মঙ্গলে প্রবাল, বুধে স্বুবর্ণ, বৃহস্পতির মুক্তা, শুক্রে মণি, শনির সীসক, রাহুর লৌহ এবং রাজপট্ট-দক্ষিণবাহুতে ধারণ করিলে দোষ শান্তি হইয়া থাকে।

যদ্‌যদ্‌গ্রহস্য যদ্দ্রব্যং তত্তস্মিন্‌ বিষমে স্থিতে।
দত্বাৎ সৎকৃত্য বিপ্রেভ্যঃ স্বয়ঞ্চ বিভৃয়াত্ততঃ॥

যে গ্রহ বিরুদ্ধ হইলে যে দ্রব্য ধারণের কথা উক্ত হইয়াছে, সেই দ্রব্য গ্রহদোষ শান্ত্যর্থ অভিলাষপূর্ব্বক ব্রাহ্মণকে দান করিয়া পশ্চাৎ ধারণ করিবে।

শনের্ব্বিশেষমাহ।

যস্য পীড়াকরঃ সৌরিস্তস্য শান্তির্ব্বিধীয়তে।
লিখিত্বা কৃষ্ণদ্রব্যেণ তৈলমধ্যে ক্ষিপেদ্‌বুধঃ।

নিঃক্ষিপ্য ভুমিমধ্যস্থং কৃষ্ণপুষ্পৈঃ প্রপূজয়েৎ।
তুষ্টিং যাতি ন সন্দেহঃ পীড়াং ত্যক্ত্বা শনৈশ্চরঃ॥

শনিবিরুদ্ধে বিশেষ কথিত হইতেছে। কৃষ্ণদ্রব্যদ্বারা যন্ত্র লিখিয়া তৈলপাত্রে নিঃক্ষেপ করিবে। অনন্তর মৃত্তিকামধ্যে স্থাপনকবতঃ কৃষ্ণবর্ণ পুষ্পদ্বারা অর্চ্চনা করিবে; উক্তরূপ কার্য্য করিলে শনৈশ্চর পীড়াদায়ক না হইয়া পরিতুষ্ট থাকিবেন সন্দেহ নাই। শনিগ্রহ প্রপীড়িতব্যক্তির এইরূপ শান্তি কর্ত্তব্য।

গ্রহপূজা গ্রহকৌমুদ্যাং জ্ঞেয়া।

গ্রহপূজা কৌমুদীগ্রন্থে জ্ঞাত হইবে।

অথ গ্রহসমিধঃ।

অর্কঃ পলাশঃ খদিরস্ত্বপামার্গোঽথ পিপ্পলঃ।
ঔডুম্বরঃ সমী দূর্ব্বা কুশাশ্চ সমিধঃ ক্রমাৎ॥

অধুনা গ্রহহোমের সমিধ কথিত হইতেছে। রবিগ্রহের হোমসমিধ অর্ক (আকন্দ) চন্দ্রের পলাশ, মঙ্গলের খদির, বুধের অপামার্গ (আপাঙ্গ) বৃহস্পতির অশ্বত্থ, শুক্রের উড়ূম্বর, শনির সমী (শাঁই) রাহুর দূর্ব্বা এবং কেতুর হোম সমিধ কুশ নিরূপিত আছে।

অথ গ্রহদোষে বিপ্রাদিভোজনং।

ভূদেবং বিগুণে রবৌ শশধরে কাপালিকং ভোজয়েৎ
ভিক্ষুং ভূমিসুতে শিশুংশশিসুতে জ্যোতির্ব্বিদং বাক্‌পতৌ
শৈবং দৈত্যগণাধিরাজসচিবে দিগ্‌বাসসং ভানুজে
রাহৌ ব্রহ্মহণং শিখিন্যপি তথা রাত্রৌ দিবা বাদরাৎ॥

অধুনা গ্রহবিরুদ্ধে বিপ্রাদি ভোজন কথিত হইতেছে। রবিগ্রহ বিরুদ্ধ হইলে ব্রাহ্মণভোজণ করাইবে। এইরূপ চন্দ্র বিরুদ্ধে কাপালিক, মঙ্গলে ভিক্ষুক, বুধে শিশু, বৃহস্পতির জ্যোতির্ব্বেত্তা, শুক্রের শৈব শনির যোগী এবং রাহু ও কেতু বিরুদ্ধ হইলে রাত্রিতেই হউক কি দিবাতেই হউক যত্নপূর্ব্বক চণ্ডালজাতি ভোজন করাইতে হইবে।

অথ শান্তিপ্রমাণং।

অশেষগ্রহপীড়ায়াং শান্তিং বক্ষ্যে চতুষ্টয়ীং।
জপপূজাদানহোমৈঃ কল্যাণং জায়তে ধ্রুবং॥

ইদানীং শান্তিপ্রমাণ কথিত হইতেছে। গ্রহগণ বিরুদ্ধ হইলে জপ-পূজা, দান ও হোম এই চারিপ্রকার শান্তি কর্ত্তব্য ইহাতে মঙ্গল হইবে।

যদাহ গর্গঃ।

যথা শস্ত্রপ্রহারাণাং কবচং বিনিবারকং।
তথা দৈবোপঘাতানাং শান্তির্ভবতিবারণং॥ (ক)

কবচ (অঙ্গাবরণ বিশেষ) যেমন অস্ত্র নিবারক অর্থাৎ কবচধারীর শরীরে যে রূপ অস্ত্র বিদ্ধ হইতে পারে না। সেইরূপ শান্তি করিলে দৈবোপঘাতও নিবৃত্তি হইয়া থাকে।

বিষ্ণুনা।

শান্তিস্বস্ত্যয়নৈর্দ্দৈবোপঘাতান্ শময়েৎ
পরচক্রোপঘাতাংশ্চ ইত্যুক্তং।

বিষ্ণু বলিয়াছেন শান্তি স্বস্ত্যয়নদ্বারা দৈবোপঘাত ও পরচক্রোপঘাত প্রশমিত হইয়া থাকে।

মার্কণ্ডেয়পুরাণং।

দ্রব্যে গোষ্ঠেষু ভৃত্যেষু সুহৃৎসু তনয়েষু চ।
ভার্য্যায়াঞ্চ গ্রহে দুষ্টে ভয়ং পুণ্যবতাং নৃণাং।
আত্মন্যথাল্পপুণ্যানাং সর্ব্বত্রৈব্যপিপাপিনাং।
নৈকত্রাপি হ্যপাপানাং নরাণাং জায়তে ভয়ং॥

ক। ইত্যাদিপ্রমাণাচ্ছান্তিরাবশ্যকীকার্য্যা তত্র ত্বাপদ্বিষয়েঽপি কালশুদ্ধ্যাদি বিচারোঽনাস্তি যথা মলমাসতত্ত্বে বালগ্রহভূতগ্রহনর্য্যধিপ-প্রবলতরশত্রুদুঃসহরোগাভিভবাদ্ভূতদুঃস্বপ্নগ্রহদোঃস্থ্যাদিনানন্তকং শান্তি-কর্ম্ম মলমাসেঽপি কর্ত্তব্যং বিষ্ণুনা শুদ্ধকালপ্রতীক্ষায়ামনর্হত্বেনানন্য-গতিকত্বাৎ। অতএব আত্মানং সততং গোপায়ীত ইতিশ্রুতৌ সতত-মিত্যুক্তং।

যে ব্যক্তির দীর্ঘজীবনাদিজনক বলবৎ-পূর্ণ ও উৎকটপাপ আছে তাহার গ্রহদুষ্ট হইলে দ্রব্যে, গোষ্ঠে, ভৃত্যে, বন্ধুতে, পুত্রে এবং ভার্য্যাতে গ্রহপীড়ার ভয় হয়, অল্পপুণ্যশালী ব্যক্তি নিজেই গ্রহদোষে অভিভূত হইয়া থাকে। অতি পাতকী অর্থাৎ যাহার পুণ্যের লেশমাত্র নাই অথচ অত্যন্ত পাপযুক্ত তাহার আত্মা ও দ্রব্যাদিসমস্তেই গ্রহের ভয় হয়; আর পাপবিহীন পুণ্যবান্‌ব্যক্তির আত্মা কি দ্রব্যাদি কিছুতেই গ্রহভয় থাকে না।

ভবিষ্যপুরাণং।

অহিংসকস্য দান্তস্য ধর্ম্মার্জ্জিতধনস্য চ।
নিত্যঞ্চ নিয়মস্থস্য সদা সানুগ্রহাগ্রহাঃ॥

ভবিষ্যপুরাণে লিখিত আছে, যে ব্যক্তি হিংসাবিহীন, দান্ত, ন্যায়ার্জ্জিতধনদ্বারা জীবিকানির্ব্বাহকারী ও নিত্যনিয়মী তাহার প্রতি গ্রহগণের সর্ব্বদা অনুগ্রহ থাকে।

বিষ্ণুক্তশান্তিস্বস্ত্যয়নয়োর্ভেদমাহ।

শান্তির্ধর্ম্মদ্বারাগ্রহদোঃস্যদুঃস্বপ্নাদিসূচিতৈহিকানিষ্ট হেতুদুরিতনিবৃত্তিঃ। স্বস্তিধর্ম্মদ্বারাভিপ্রেতপুত্রাদিরূপাদদর্থস্য সিদ্ধিরিতিঃ।

অনন্তর বিষ্ণুক্ত শান্তি ও স্বস্ত্যয়নের ভেদবর্ণিত হইতেছে যথা,—গ্রহদোষ কি দুঃস্বপ্নাদিসূচিত ঐহিক অনিষ্টজনক পাপনিবৃত্তি হয় যে ধর্ম্মকার্য্যদ্বারা তাহার নাম শান্তি, আর অভিপ্রেত পুত্রাদিরূপ-অর্থের লাভ হয় যে ধর্ম্মকার্য্যদ্বারা তাহার নাম স্বস্তি।

অন্যানি গ্রন্থগৌরবভিয়া নাদৃতানি।

সন্ত্যন্যানি প্রমাণানি নানা মুনিমতানি চ।
যুগভেদপ্রসিদ্ধানি ন ময়া লিখিতানি চ॥

অন্যান্য বিষয় গ্রন্থগৌরবভয়ে আদৃত হইল না, বিশেষতঃ যুগভেদে প্রসিদ্ধ (মুনিগণের মতানুযায়ি) যে সকল প্রমাণ আছে তাহাও লিখিত হইল না।

নাধীত্য যে জ্যোতিষপুস্তকানি।
বিবিৎসবঃ প্রাক্তনকর্ম্মভাবং।
গৃহ্ণন্তু তে জাতকচন্দ্রিকাখ্যাং।
পুস্তীং সতাং তোষবিবর্দ্ধিনীং মে॥

অধুনা গ্রন্থকার পাঠকবর্গের প্রতি অনুরোধ করিতেছেন। যে সকল ব্যক্তি জ্যোতিষশাস্ত্র অধ্যয়ন না করিয়া প্রাক্তনকর্ম্মের ভাব (ফল) জানিতে ইচ্ছুক হইবেন তাঁহারা "সন্তোষবর্দ্ধিনী" আমার এই "জাতকচন্দ্রিকানাম্নী পুস্তিকা গ্রহণ করুন।

জ্যোতির্গ্রন্থকলাপানাং সারমাকৃষ্য যত্নতঃ।
আত্মজস্য চ পাঠার্থং ময়ায়ং ক্রিয়তে মুদা॥

জ্যোতিষ শাস্ত্রের গ্রন্থসমূহের সার গ্রহণকরতঃ যত্নপূর্ব্বক পুত্রের পাঠের নিমিত্ত মৎকর্ত্তৃক এই পুস্তক সংগৃহীত হইল।

ইতি শ্রীরামশঙ্করদেবশর্ম্মবিরচিতায়াং জাতক-
চন্দ্রিকায়াং ত্রয়োদশোঽধ্যায়ঃ।

অগ্নিভূবসুচন্দ্রে মে শাকে জাতকচন্দ্রিকা।
সংবর্দ্ধিতানূদিতা চ শ্রীনীলকমলেন হি॥

সমাপ্তোঽয়ংগ্রন্থঃ।

১৮১৩ শকাব্দে নীলকমল ভট্টাচার্য্য
কর্ত্তৃক সম্বর্দ্ধিত ও অনূদিত হইয়াছিল।
১২৯৮ সালে লিখিত হয়।

বিজ্ঞাপন।

জাতকচন্দ্রিকা পুস্তক ত্রয়োদশবর্ষাধিক শতবর্ষের সংগ্রহ হইলেও সাধারণে ইহার নাম পরিজ্ঞাত আছেন। যে ব্যক্তি অন্যের সাহার্য্য ব্যতিরেকে কোষ্ঠি প্রস্তুত করিতে কি কোষ্ঠির ফলাফল বিশেষরূপে পরিজ্ঞাত হইতে চাহেন তিনি উক্ত পুস্তকের মাহাত্ম্য অবশ্যই স্বীকার করিবেন। আমাকে শ্রীযুক্ত বাবু গণেশচন্দ্র ঘোষ মহাশয় এই জাতক-চন্দ্রিকা পুস্তকের অনুবাদ করিতে আদেশ করাতে পণ্ডিত শ্রীযুক্ত চন্দ্র-কান্ত ন্যায়রত্ন মহাশয়ের নিকটে একখানা আদর্শ প্রাপ্ত হইয়া আমি অনুবাদ করিতে প্রবৃত্ত হই, কিন্তু পুস্তকখানা বিশুদ্ধ না হওয়াতে সময়ে সময়ে কিরূপ চিন্তাসাগরে পতিত হইয়াছি, তাহা সহৃদয় অনুবাদকভিন্ন অপরের বুঝিবার ক্ষমতা নাই; ৺অনুগ্রহে অনুবাদ কার্য্য শেষ হইয়াছে ভালমন্দ বিচারের ভার পাঠকবর্গের উপরে ন্যস্ত রহিল। জাতকচন্দ্রিকার হস্তলিখিত আদর্শে যে স্থানে যে বিষয় ছিল তাহা প্রসাঙ্গিক হউক আর অপ্রাসঙ্গিক হউক কিছুই পরিত্যক্ত হয় নাই, অধিকন্তু অন্যান্য গ্রন্থ হইতে প্রসঙ্গক্রমে বহু প্রমাণাদি সংগৃহীত হইয়া পুস্তকের কলেবর বৃদ্ধি হও-য়াতে প্রকাশক মহাশয়ের অভিপ্রেত" বৃহৎ শব্দের সার্থক রহিয়াছে। এক্ষণে ইহাদ্বারা পাঠকগণের কিঞ্চিৎ উপকার হইলেও পরিশ্রম সফল বিবেচনা করিব।

কৃতজ্ঞতাস্বীকার! পণ্ডিত শ্রীযুক্ত চন্দ্রকান্ত ন্যায়রত্ন মহাশয় এই পুস্তক অনুবাদ সম্বন্ধে স্থানে স্থানে সাহায্য করিয়াছেন, ন্যায়রত্ন মহাশয় যেরূপ পরিশ্রমস্বীকার পূর্ব্বক পুস্তকের পাঠ সংলগ্ন করিয়া দিয়া আমাকে কৃতজ্ঞতা ঋণে বদ্ধ করিয়াছেন তাঁহার এই ঋণ আমি এ জীবনে পরি-শোধ করিতে সমর্থ হইব না।

বিশেষ বক্তব্য। এই পুস্তকের কাপিরাইট সত্ব শ্রীযুক্ত বাবু গণেশচন্দ্র ঘোষ প্রকাশক মহাশয়েরই হইল, তাঁহার অনুমতি ভিন্ন এই পুস্তক কেহ মুদ্রিত করিলে আইন অনুসারে দণ্ডনীয় হইবেন। ইতি

সন ১২৯৮ সাল।
তাং ২৯ মাঘ।

শ্রীনীলকমল দেবশর্ম্মা।
বিক্রমপুর মেদিনীমণ্ডল।

থাকিলে শুভপ্রদ হন। চন্দ্র জন্মরাশি হইতে সপ্তমঘরে থাকিলেও শুভ-দাতা হইয়া থাকেন। বৃহস্পতি জন্মরাশি হইতে সপ্তম, নবম, দ্বিতীয় ও পঞ্চমরাশিতে বাস করিলে শুভফল দান করেন। বুধ দ্বিতীয়, চতুর্থ, ষষ্ঠ অষ্টম, দশম ও দ্বাদশ ঘরে থাকিলে শুভফল দান করিয়া থাকেন। শুক্র ষষ্ঠ, দশম ও সপ্তমস্থান ভিন্ন সকল রাশিতেই শুভফল প্রদ হন এবং জন্ম-রাশি হইতে একাদশ রাশিতে সমুদয় গ্রহই শুভভাবাপন্ন হইয়া থাকেন।

অন্যচ্চ—স্বিজন্মনি সপ্তমবারসমং চতুরষ্টকপঞ্চমরন্ধ্রগতং।
শনিসৈংহিকভাস্করভূমিসুতং ধ্রুবমর্থবিনাশকরোগযুতং ॥

.কোন ব্যক্তির জন্মরাশি হইতে দ্বিতীয়, প্রথম, সপ্তম, দ্বাদশ, চতুর্থ, অষ্টম, পঞ্চম ও নবম রাশিতে শনি, রাহু, রবি কি মঙ্গল থাকিলে অর্থনাশ ও রোগ জন্মিয়া থাকে।

জন্মরাশিস্থ গ্রহফলং।

শীতাংশুর্মিষ্টমন্নং জনয়তি সততং জন্মরাশৌ নরাণাং
হর্ষং দৈত্যেন্দ্রমন্ত্রী দিবসকরকুজৌ শত্রুপক্ষস্য বৃদ্ধিং।
হানিং কুর্য্যাদসূনাং কিরণপতিসুতে বন্ধনং সোমপুত্রে।
নিত্যং নির্ধৃতবৃত্তিং প্রবলরিপুবলং বিত্তনাশঞ্চ জীবঃ ॥ ১

গোচরে জন্মরাশিতে চন্দ্র থাকিলে জাতব্যক্তি সর্ব্বদা মিষ্টান্ন ভোজন করে এবং ঐ রাশিতে শুক্র থাকিলে হর্ষ জন্মায়, রবি ও মঙ্গল থাকিলে শত্রু বৃদ্ধি হয়, এইরূপ শনি থাকিলে প্রাণহানি, জন্মরাশিতে বুধ থাকিলে বন্ধন এবং বৃহস্পতি জন্মরাশিতে থাকিলে চলিত বুদ্ধি, শত্রুর বলবৃদ্ধি ও বিত্তনাশ হয়।

দ্বিতীয়রাশিস্থ ফলং।

ভেদং মিত্রজনে করোতি দিনকৃৎ ক্লেশাশ্রয়ং চন্দ্রমাঃ
সৌরির্ব্বিত্তবিনাশমিচ্ছতি সদা লাভং দদাতীন্দুজঃ।
হানিং ভূমিসুতঃ করোতি মহতীং ভোগান্ ভৃগোরাত্মজঃ
জ্ঞানং দীপয়তি দ্বিতীয়ভবনে জীবোনৃণাং নির্ব্বৃতিং ॥ ২

রবি গোচরে দ্বিতীয় রাশিতে থাকিলে মিত্রভেদ, চন্দ্র দ্বিতীয়স্থানে থাকিলে ক্লেশ, শনি দ্বিতীয়রাশিতে থাকিলে বিত্তবিনাশ, বুধ দ্বিতীয়স্থানে স্থিত হইলে সর্ব্বদা লাভ, মঙ্গল দ্বিতীয় রাশিতে থাকিলে অতিশয় হানি, শুক্র দ্বিতীয় রাশিতে স্থিত হইলে জ্ঞানবৃদ্ধি এবং বৃহস্পতি দ্বিতীয়রাশিতে স্থিত হইলে জ্ঞানবৃদ্ধি হইয়া থাকে।

তৃতীয়রাশিস্থ গ্রহফলং।

স্থিতাভ্রাতৃস্থানে খরাকরণভৌমার্ক তনয়াঃ।
স্থিরস্থানপ্রাপ্তিং দদতি ভৃগুসূনুশ্চ পরমং।
বিনাশং শত্রুণাং জনয়তি শশী চন্দ্র তনয়ঃ
পরং হৃৎসন্তাপং ত্রিদশপতিমন্ত্রী চ কুরুতে॥ ৩

রবি মঙ্গল ও শনি গোচরে ভ্রাতৃস্থানে (তৃতীয়রাশিতে) স্থিত হইলে অচলস্থান প্রাপ্তি, শুক্র তৃতীয়স্থানে থাকিলে উৎকৃষ্ট বস্ত্রলাভ, চন্দ্র ও বুধ তৃতীয় রাশিতে থাকিলে শত্রুবিনাশ এবং বৃহস্পতি তৃতীয়স্থানে থাকিলে অতিশয় মনঃপীড়া পায়।

চতুর্থরাশিস্থ গ্রহফলং।

সূক্ষ্মাং শাস্ত্রবিরোধিনীমপি ধিয়ং মূঢ়াং করোত্যঙ্গিরাঃ।
ঘোরাং দুঃখপরম্পরাং দিনকরঃ কুক্ষ্যাময়ঞ্চন্দ্রমাঃ।
সৌম্যোঃরোগবিনাশমিচ্ছতি সদা রোগক্ষয়ং ভার্গবঃ
ভৌমঃ শত্রুভয়ং চতুর্থভবনে সৌরিশ্চ বিত্তক্ষয়ং॥

জন্মরাশির চতুর্থস্থানে গোচরে বৃহস্পতি থাকিলে মনুষ্যের শাস্ত্রবিরোধি সূক্ষ্ম মূঢ় বুদ্ধি হয়। রবি ভয়ানক দুঃখ, চন্দ্র উদররোগ, বুধ রোগ বিনাশ, শুক্র আরোগ্য, মঙ্গল শত্রুভয়, এবং শনি বিত্তক্ষয় করেন।

পঞ্চম রাশিস্থ ফলং।

দৌর্ভাগ্যঃ শশলাঞ্ছনঃ ক্ষিতিসুতশ্চোবিভ্রতাঞ্চেতসঃ
দোষোৎপত্তিমনুত্তমাং রবিসুতঃ স্নিগ্ধৈর্ব্বিয়োগং রবিঃ

দৌর্ভাগ্যং বিদধাতি চন্দ্রতনয়ঃ প্রাপ্তিং পরাং ভার্গবঃ
কুর্য্যাৎপঞ্চমরাশিগোচরগতো জীবোনৃণাংনির্ব্বৃতিং ॥ ৫

গোচরে চন্দ্র পঞ্চমস্থানে স্থিত হইলে মনুষ্যের দুর্ভাগ্য, মঙ্গল মানসিক উদ্বেগ, শনি বহুপ্রকার দোষোৎপত্তি, রবি আত্মীয়বিচ্ছেদ, বুধ দুর্ভাগ্য, শুক্র লাভ এবং বৃহস্পতি অতিশয় সুখ করেন।

ষষ্ঠরাশিস্থ ফলং।

স্থিতাঃ ষষ্ঠে রাশৌ দিনকরমহীজার্কতনয়াঃ
বুধশ্চন্দ্রশ্চৈব প্রচুরধনধান্যানি দদতি।
সমৃদ্ধিং শক্রূণাং মনসি চ বিষাদং সুরগুরুঃ
ভৃগুর্নাশং কুর্য্যাদ্যুবতিকৃতবৈরঞ্চ পরমং ॥ ৬

গোচরে জন্মরাশি হইতে ষষ্ঠস্থানে মঙ্গল, বুধ ও চন্দ্রস্থিত হইলে প্রচুর ধনধান্যাদি লাভ হয়। এইরূপ বৃহস্পতি থাকিলে শত্রুর সম্পদ বৃদ্ধি ও মানসিক দুঃখ এবং শুক্র ষষ্ঠস্থানে স্থিত হইলে সকল নষ্ট ও শত্রুতা বৃদ্ধি হইয়া থাকে।

সপ্তমরাশিস্থ ফলং।

স্ত্রীলাভং শশলাঞ্ছনোঽর্কতনয়শ্চোদ্বিগ্নতাং চেতসঃ
ভৌমশ্চাপি ধনক্ষয়ং সুরগুরুর্লাভপ্রদঃ সম্পদঃ।
সৌম্যোরোগকরোভবেৎ প্রকুপিতারোগাশ্রয়ং ভার্গবঃ
সূর্য্যশ্চাপি করোতি বিঘ্নমতুলং রাশৌ স্থিতে সপ্তমে ॥ ৭

গোচরে চন্দ্র সপ্তমে স্ত্রীলাভ, শনি মানসিক উদ্বেগ, মঙ্গল ধনক্ষয়, বৃহস্পতি সম্পদলাভ,বুধ রোগবৃদ্ধি, শুক্র রোগ, রবি অতিশয়, বিপদ হইয়া থাকে।

অষ্টমরাশিস্থ ফলং।

হুতবহভয়মারশ্চন্দ্রজা সৌখ্যমুগ্রং ধনহরণমথার্কির্ভার্গবশ্চার্থলাভং।
মরণপথ পতঙ্গঃ স্বাননাশং সুরেজ্যঃ সৃজতি নিধনসংস্থোনেত্র-
রোগঞ্চ চন্দ্রঃ ॥ ৮

গোচরে মঙ্গল অষ্টমস্থিত হইলে অগ্নিভয়, বুধ অতিশয় সুখ, শনি ধনহরণ, শুক্র অষ্টমে থাকিলে অর্থলাভ, রবি প্রাণনাশ, বৃহস্পতি স্থাননাশ এবং চন্দ্র নেত্ররোগ হয়।

নবমরাশিস্থ ফলং।

ধর্ম্মস্থানে দিনকরসুতোনাশমর্থস্য কুর্য্যাৎ
রোগং সৌম্যোধরণিতনয়োভার্গবশ্চার্থলাভং।
ত্রাশং সোমোজনয়তি নৃণাং শোককবিদ্বেষমর্কঃ
স্থানং মানং পশুসুতযুতঞ্চাপি জীবঃ প্রকামং॥ ৯

গোচরে শনি নবমেস্থিত হইলে অর্থনাশ, বুধ ও মঙ্গল রোগ, শুক্র অর্থলাভ, চন্দ্র রবি শোক ও বিদ্বেষ এবং বৃহস্পতি স্থান, মান পশু ও পুত্রাদি লাভ হয়।

দশমরাশিস্থ ফলং।

সৌম্যোহন্তঃশান্তিমুগ্রাং জনয়তি দশমঃ সূর্য্যসূনুঃ প্রকামাং
খ্যাতিং ভৌমঃ সমৃদ্ধিং পশুপতিমুকুটোলাভদঃ সর্ব্বকালং।
প্রধান্যঞ্চার্থলাভং শতদশকিরণঃ কর্ম্মগঃ কর্ম্মসিদ্ধিং।
মিত্রাণাং দৈত্যপূজ্যঃ ক্ষপয়তি সুযশঃপ্রীতিভেদঞ্চজীবঃ॥১০

গোচরে জন্মরাশির দশমস্থানে বুধ থাকিলে মনের শান্তিলাভ, শনি, কামনাসিদ্ধি, মঙ্গল খ্যাতিলাভ ও সম্পত্তিলাভ, চন্দ্র সর্ব্বদা অর্থলাভ ও প্রধান পদপ্রাপ্তি, রবি কর্ম্মসিদ্ধি, শুক্র মিত্রের যশ এবং বৃহস্পতি প্রণয় ভঙ্গ হয়।

একাদশ রাশিস্থ ফলং।

জীবাবনেয়রবিসৌরিসুরারিপূজ্যাঃ চন্দ্রশ্চ চন্দ্রতনয়শ্চ বিধুন্তুদশ্চ।
একাদশে চ ভবনে সততং নরাণাং সৌভাগ্যমান ধনধান্যকরা-
ভবন্তি॥ ১১

বৃহস্পতি, মঙ্গল, রবি, শনি, শুক্র, চন্দ্র, বুধ কি রাহু গোচরে জন্ম রাশি হইতে একাদশস্থানে অবস্থিতি করিলে মনুষ্যের সৌভাগ্যবৃদ্ধি এবং ধনধান্য ও সম্মান বৃদ্ধি হয়।

দ্বাদশরাশিস্থ ফলং।

জীবঃ সহস্রকিরণশ্চ শনৈশ্চরশ্চ রাহুশ্চ বক্রচরিতশ্চ নিশাকরশ্চ কুর্য্যুর্ব্বিয়োগবধবন্ধভয়ং নরাণাং শুক্রেন্দুজৌ ধৃতিকরৌ রবি-সংখ্যরাশৌ ॥১২

গোচরে জন্মরাশি হইতে দ্বাদশস্থানে যদি বৃহস্পতি, রবি, শনি, রাহু, মঙ্গল কি চন্দ্র থাকেন, তবে মনুষ্যের বিয়োগ, বধবন্ধন ও ভয় হয়। শুক্র ও বুধ মনুষ্য ধৈর্য্যশালী হইয়া থাকে।

রাহোর্গোচরফলং।

জন্মান্ত্যপঞ্চচতুরষ্টনবদ্বিসপ্ত রাশৌ তমোযদি চারবশেন গচ্ছেৎ। আলোড়নং রিপুভয়ং দ্রবিণাপহারং রোগপ্রবাসমরণাগ্নিভয়ং করোতি ॥

রাহু গোচরে জন্মরাশিতে কি জন্মরাশি হইতে দ্বাদশে, পঞ্চমে চতুর্থে অষ্টমে, নবমে, দ্বিতীয় বা সপ্তমরাশিতে থাকিলে মনুষ্য আলোড়িত হয়; আর ঐ ব্যক্তির শত্রুভয়, ধনাপহরণ, রোগ, প্রবাস মরণ ও অগ্নির ভয় হইয়া থাকে

রাহুকেত্বোর্গোচরফলং।

একাদশে দশমষষ্ঠতৃতীয়রাশৌ আরোগ্যলাভধনসৌখ্যবলং দদাতি আজ্ঞাকরাংশ্চ পুরুষান্ প্রমদাশ্চ কুর্য্যাৎ কেতোঃ ফলং বদতি রাহুসমং বশিষ্ঠঃ ॥

জন্মরাশি হইতে একাদশে, দশমে, ষষ্ঠে কি তৃতীয়রাশিতে রাহু গোচরে অবস্থিত হইলে মনুষ্যে আরোগ্যলাভ, ধনোপার্জ্জন, সুখ ও বল বৃদ্ধি হয় এবং বহু পুরুষ ও স্ত্রী ঐ ব্যক্তির আজ্ঞাকারী হইয়া থাকে। রাহু গ্রহের গোচর ফল যেরূপ কথিত হইল কেতুর গোচর ফলও ঐ রূপ হয় বশিষ্ঠ মুনি এইরূপ বলিয়াছেন।

অথ লগ্নকুণ্ডলী (লগ্নাদিস্থগ্রহফলং ।)

লগ্নগ্রহফলং ।

লগ্নেঽর্কে চক্ষুরোগী শশিনি বলযুতোগর্ব্বিতোজাতকঃ স্যাৎ
ভৌমে ব্যঙ্গঃ সরাগোনিশিপতিতনয়ে সর্ব্বশাস্ত্রেষু বিজ্ঞঃ।
জীবে দাতা পবিত্রোদ্বিজগুরুযুতে কাব্যশাস্ত্রপ্রমোদী
সৌরৌ কণ্ডুশ্চ রোগী তমসি খলমতির্দুঃখিতোধর্ম্মহীনঃ ॥ ১

অধুনা লগ্নকুণ্ডলী অর্থাৎ লগ্নাদি দ্বাদশ স্থানের গ্রহস্থিতি ফল কথিত হইতেছে যথা—লগ্নে রবি থাকিলে জাতব্যক্তি চক্ষুরোগী হয় । চন্দ্র বলবান্ ও গর্ব্বিত, মঙ্গল ব্যঙ্গ ও রাগযুক্ত, বুধ সর্ব্বশাস্ত্র বেত্তা, বৃহস্পতি দাতা ও শুদ্ধচারী, শুক্র কাব্যশাস্ত্র প্রমোদী, শনি কণ্ডুরোগযুক্তএবং রাহু খলস্বভাব ও ধর্ম্মহীন হইয়া থাকে ।

ধনস্থগ্রহফলং ।

অর্কে বৈ নির্দ্ধনঃ স্যাচ্ছশিনি বহুধনশ্চারকে দ্যূতকঃ স্যাৎ
পাণ্ডিত্যং চন্দ্রপুত্রে সুবহুধনযুতোবাকপতৌ বৈ সুখী স্যাৎ।
শুক্রে বিদ্যাং গৃহং বৈ বহুসুতরমণী নৃত্যনাট্যে কলাপী
সৌরৌ ক্লেদোঽপি দুঃখং বিগতনখনরোরাহুকেতুদ্বিতীয়ে ॥ ২

ধন (দ্বিতীয়) স্থানে রবিস্থিত হইলে জাতব্যক্তি নির্দ্ধন, চন্দ্র থাকিলে বহু ধনযুক্ত মঙ্গল থাকিলে দ্যূতপ্রিয়, বুধ থাকিলে বিদ্বান্ বৃহস্পতি থাকিলে বহুধনযুক্ত ও সুখী হয়। শুক্র থাকিলে বিদ্বান্ বহু পুত্র ও স্ত্রীযুক্ত, নৃত্যনাট্যাদিপ্রিয়, শনি থাকিলে ক্লেশযুক্ত ও দুঃখী এবং রাহু ও কেতু দ্বিতীয়ে থাকিলে জাতব্যক্তি নখহীন হইয়া থাকে।

সহোদরস্থগ্রহফলং ।

সৌরভৌমস্তু নিত্যং সহজনিধনকৃন্মাতৃগর্ব্বে চ সূর্য্যঃ
জীবে চন্দ্রে সুখী স্যান্নিশিপতিতনয়ে শস্যগোবিত্তলাভঃ।
নানাদেশে সনিত্যং ভ্রমতি হি সুজনপ্রেক্ষণশ্চৈব শুক্রে
সর্ব্বৈর্লোকৈর্নিষণ্ণং হি সুজনবিমুখং রাহুকেতু তৃতীয়ে ॥ ৩

শনি ও মঙ্গল সহোদরস্থানে থাকিলে জাতমনুষ্য সহোদর হন্তা হয়। রবি থাকিলে জাতব্যক্তির সহোদর মাতৃগর্ভেই বিনষ্ট হইয়া থাকে, এইরূপ বৃহস্পতি ও চন্দ্র তৃতীয়স্থানে থাকিলে সুখী, বুধ তৃতীয়স্থানে স্থিত হইলে শস্য গো এবং বিত্তলাভ করে। শুক্র তৃতীয়ে থাকিলে নানাদেশ ভ্রমণ ও সজ্জন দর্শন করে, রাহু ও কেতু তৃতীয়ে অবস্থিত হইলে সর্ব্বজনকর্ত্তৃক পরাজিত ও সুজনে বিমুখ হয়।

বন্ধুস্থগ্রহফলং।

জীবে শুক্রে চ সৌম্যে যদি সুখভবনে বাজিগোদন্তিদোলাঃ
চন্দ্রে বন্ধৌ সুখং স্যাৎ কমলগুরুতনুঃ পণ্ডিতোবিত্তগর্ব্বী।
সুহৃদ্ভেদশ্চ মৃত্যুমবিরতকলহং মিত্রহানিশ্চ পঙ্গৌ
আদিত্যাঙ্গারকে স্যাত্তমসি মরণকং নিত্যঋণী প্রবাসী॥ ৪

বৃহস্পতি শুক্র ও বুধ জন্মকালে চতুর্থস্থানে থাকিলে জাতব্যক্তি অশ্ব, গো হস্তী ও দোলার অধীশ্বর হয়। বন্ধুস্থানে চন্দ্রস্থিত হইলে সেই ব্যক্তি সুখী সূর্য্যের ন্যায় প্রতাপশালী,পণ্ডিত এবং ধনগর্ব্বিত হয়। শনি চতুর্থস্থানে থাকিলে জাতমনুষ্যের মিত্রভেদ, মৃত্যু, সর্ব্বদা কলহ ও বন্ধুনাশ হইয়া থাকে। রবি, মঙ্গল এবং রাহু চতুর্থে থাকিলে সর্ব্বদা ঋণযুক্ত ও প্রবাসী হয়।

পুত্রস্থানস্থিতগ্রহফলং।

সুতে বাগীশবুদ্ধৌ ভৃগুশশি সহিতে পুত্রবিদ্যাধনং স্যাৎ
আজন্মদুঃখহীনোবহুসুতরমণিঃ কৃষ্ণভক্তিশ্চ নিত্যং।
সৌরৌ ভৌমার্করাহৌ সুতরহিতনরং কুষ্ঠরোগং দদাতি
কর্ণে দোষং কুরূপং পিশুনমলিনমকং বিদ্যাহীনং করোতি॥৫

জন্মকালে বৃহস্পতি চন্দ্র ও শুক্রের সহিত পঞ্চমঘরে থাকিলে জাত ব্যক্তির পুত্র, বিদ্যা ও ধন হয়; আর সে কখনও দুঃখ পায় না, বিশেষতঃ ঐ ব্যক্তি বহুপুত্র ও রমণীযুক্ত হইয়া সর্ব্বদা কৃষ্ণে রত থাকে। শনি, মঙ্গল, রবি ও রাহু পঞ্চমস্থানে থাকিলে সেই ব্যক্তি পুত্রহীন, কুষ্ঠরোগযুক্ত বধির, কুরূপ, হিংসক পাপী এবং বিদ্যাহীন হইয়া থাকে।

অন্যচ্চ—পুত্রস্থেঽর্কে নরোঽসৌ প্রথমসুতহতঃ সিংহরাশৌ সুপুত্রঃ
সোমে সর্ব্বাধিকারী ভবতি ধরণিজে পুত্রশোকাকুলোঽসৌ।
সৌম্যে সুস্থঃ সুদেহঃ প্রচুরধনযুতোদেবপূজ্যে সুপুত্রঃ
কন্যাযুক্তশ্চ শুক্রে রবিজদনুজয়োঃ পুত্রপৌত্রৈর্ব্বিহীনঃ ॥ ৫

জন্মসময়ে রবি পুত্র (পঞ্চম) স্থানে স্থিত হইলে জাতব্যক্তির প্রথম পুত্র বিনষ্ট হয়, পরন্তু ঐ রবি যদি সিংহরাশিতে অবস্থিত হন তবে জাত-মনুষ্যের সৎপুত্র জন্মে। এইরূপ চন্দ্র পঞ্চমস্থানে থাকিলে সর্ব্বাধিকারী মঙ্গল থাকিলে পুত্রশোকযুক্ত, বুধ পঞ্চমস্থানে অবস্থিত হইলে সুস্থ সুন্দর ও বহুতর ধনযুক্ত বৃহস্পতি থাকিলে সৎপুত্রান্বিত, শুক্র পঞ্চম স্থিত হইলে কন্যাযুক্ত এবং শনি ও রাহু পঞ্চমস্থানে অবস্থিত হইলে জাতমনুষ্য পুত্র-পৌত্রবিহীন হইয়া থাকে।

ষষ্ঠস্থিতগ্রহফলং।

ষষ্ঠে ভৌমার্কপঙ্গৌ ন ভবতি রিপুতোভীতিরেবং কদাচিৎ
শুক্রে বিদ্যাঞ্চ জীবে শশিনি চ নিয়তং শত্রুনাশং বিদধ্যাৎ।
সৌম্যে ষষ্ঠে চ নিত্যং রিপুকুলহননং স্ত্রীপুষ্টৌ ধেনুযুক্তঃ
রাহৌ কেতৌ চ কষ্টং প্রবলরিপুভয়ং স্থানভ্রষ্টোমনুষ্যঃ ॥ ৬

জাতলগ্নের ষষ্ঠস্থানে মঙ্গল, রবি কি শনৈশ্চর থাকিলে জাতব্যক্তির কদাচও শত্রু হইতে ভয় হয় না। শুক্রে জাতমনুষ্য বিদ্বান্ হয়। বৃহস্পতি ও চন্দ্র নিশ্চয়ই শত্রু নাশ হইয়া থাকে। বুধ ষষ্ঠস্থিত অরি বিনাশ এবং তাহার দুই ভার্য্যা ও ধেনু থাকে, রাহু ও কেতু ষষ্ঠে থাকিলে জাত-ব্যক্তি ক্লেশ পায় এবং প্রবল শত্রু কর্ত্তৃক ভীত ও স্থানভ্রষ্ট হইয়া থাকে।

সপ্তমস্থগ্রহফলং।

জায়াস্থেঽর্কে চ রাহৌ ধরণিসুতবরে পত্নীহানিঃ শনৌ স্যাৎ
জীবে শুক্রে চ চন্দ্রে শশধরতনয়ে রত্নগোবাজিলাভং।
মাতুস্তাতস্য ভক্তিং গুরুজনভজনং কৃষ্ণভক্তিশ্চ নিত্যং।
দোলাচ্ছত্রাদিযুক্তঃ সকলনৃপগণৈঃ সেব্যমানোমনুষ্যঃ ॥ ৭

জায়াস্থানে (সপ্তমে) রবি, রাহু মঙ্গল, কি শনৈশ্চর স্থিত হইলে জাতকের পত্নী বিনাশ পায়। বৃহস্পতি, শুক্র চন্দ্র, অথবা বুধ সপ্তমে থাকিলে জাতমনুষ্যের রত্ন, গো এবং অশ্বাদি লাভ হয়, আর মাতা পিতার উপরে ভক্তি থাকে এবং সেই ব্যক্তি গুরুজনের অর্চ্চনাকারী কৃষ্ণভক্ত, দোলাচ্ছত্রাদিযুক্ত ও সকল নৃপতির পূজ্য হয়।

অষ্টমস্থ গ্রহফলং।

মৃত্যুস্থে পাপযুক্তঃ কৃপণপরবশশ্চৌরবৃত্তিঃ প্রবাসী
ক্লেশী ঋণ্যাধিকাঙ্গঃ কুবচনরচকোবিত্তদাসৈর্ব্বিহীনঃ।
মিথ্যাবাদী কুকর্ম্মা ভবতি চ সততং কুগ্রহে বর্ত্তমানে
সৌম্যেঃ মৃত্যুঞ্চ ভদ্রং ভবতি সুবনদীতীর্থদেশে নিদানং ॥ ৮

মৃত্যুস্থানে (অষ্টমে) পাপগ্রহযুক্ত হইলে সেই মনুষ্য কৃপণ, পরবশ, তস্কর, প্রবাসী, ক্লেশযুক্ত ঋণগ্রস্ত, অধিকাঙ্গ বিশিষ্ট, কুবাক্যবাদী, অদাতা মিথ্যাবাদী ও কুকর্ম্মান্বিত হয়। শুভগ্রহ অষ্টমে থাকিলে সেই ব্যক্তির শুভ মৃত্যু অর্থাৎ গঙ্গাতীর্থে প্রাণত্যাগ হইয়া থাকে।

নবমস্থগ্রহফলং।

ধর্ম্মে বাগীশশুক্রে শশিবুধসহিতে কোষরত্নাদিলাভং
স্বর্ণং পানীয়পাত্রং শুভনববসনং পাটপাটাম্বরঞ্চ।
রাজ্ঞা পূজ্যশ্চ নিত্যং বহুসুতরমণিঃ সৌখ্যভাগী সুখী চ
পাপে ধর্ম্মস্থকে বৈ শুভমতিরহিতঃ পাতকস্যাগ্রজঃ স্যাৎ ॥৯

ধর্ম্মে অর্থাৎ লগ্নের নবমস্থানে বৃহস্পতি শুক্র চন্দ্র ও বুধগ্রহ অবস্থিতি করিলে মনুষ্য ধন গৃহ ও রত্নাদি লাভ করে। সে স্বর্ণপাত্রে, জলপান উত্তম নূতন বসন ও পট্টবস্ত্র পরিধান করিয়া থাকে। ঐ ব্যক্তি সর্ব্বদা রাজপূজ্য বহুপুত্র ও রমণীযুক্ত, সুখের সামগ্রীর অধিপতি এবং সুখী হয়। পাপ গ্রহগণ নবমগৃহে স্থিত হইলে জাতক শুভমতিরহিত ও পাপের অগ্রজ হইয়া থাকে।

দশমস্থগ্রহফলং।

কর্ম্মস্থে সূর্য্যপুত্রে তমসি ধরণিজে ক্ষীণকর্ম্মা তথার্কে
পাপে কর্ম্মণ্যসৌখ্যং কুধনমলিনকোহীনবেশঃ কুবুদ্ধিঃ।
নানাবিদ্যাবিনোদী প্রচুরবহুধনঃ কর্ম্মগে সৌম্যখেটে
নিত্যং তস্যাত্মকীর্ত্ত্যা সকলজনসুখং ভৌমমাত্রে শুভংস্যাৎ॥ ১০

কর্ম্মস্থানে (লগ্নের দশমে) শনৈশ্চর, রাহু মঙ্গল এবং রবি থাকিলে জাতব্যক্তি ক্ষীণকর্ম্মা, অসুখী, অল্পধনযুক্ত. মলিন হীনবেশধারী ও কুবুদ্ধিযুক্ত হয়, আর শুভগ্রহ লগ্নের দশমে থাকিলে মনুষ্য নানাবিদ্যায় কুতূহলী ও অতিশয় ধনবান্ হয় এবং ঐ ব্যক্তি স্বীয় কীর্ত্তিদ্বারা সকল মনুষ্যের সুখ জন্মায় আর তাহার ভূসম্পত্তিতে মঙ্গল হইয়া থাকে।

একাদশস্থগ্রহফলং।

আয়স্থে হর্কস্য পুত্রে ধনসুতরহিতশ্চার্কভৌমে হ্বদাতা
রাহুঃ কেতুশ্চ কষ্টং জনসুখহরণং বাতরোগং প্রদদ্যাৎ।
গানং নৃত্যঞ্চ বাদ্যং সকলহিতকরোযন্ত্রমন্ত্র প্রবুদ্ধিঃ
শুভ্রং মূর্দ্ধজনাসিকা চ হৃদয়ং লাভকস্থে গ্রহে স্যাৎ॥ ১১

আয়স্থানে অর্থাৎ লগ্নের একাদশগৃহে শনি থাকিলে মনুষ্য ধনপুত্ররহিত, রবি ও মঙ্গল একাদশেস্থিত হইলে জাতক অদাতা, রাহু ও কেতু আয়ে থাকিলে ক্লেশযুক্ত, অসুখী ও বাতরোগগ্রস্ত হয়। শুভগ্রহগণ একাদশে স্থিত হইলে সেই ব্যক্তি গীত নৃত্য বাদ্যাদিতে অধিকারী সকল হিত কার্য্যে নিপূণও যন্ত্র মন্ত্রে অধিকারী হয় এবং তাহার কেশ, নাসিকা ও হৃদয় শুভ্রবর্ণ হইয়া থাকে।

দ্বাদশস্থগ্রহফলং।

ব্যয়স্থানেঽর্কভৌমে দিনকরতনয়ে রাহুকেতোশ্চ কষ্টং
সর্ব্বার্থস্যাপি নাশং বিপুলকলহকৃদ্ব্যাধিযুক্ চৌরকর্ম্মা।
জীবে শুক্রে চ চন্দ্রে শশধরতনয়ে সর্ব্বকার্য্যেষশক্তঃ
রাগী ধূর্ত্তোঽল্পবিত্তঃ কৃপণসুতহতং দ্বাদশস্থে মনুষ্যঃ॥১২

ব্যয়স্থানে (দ্বাদশে) রবি, মঙ্গল, শনি রাহু কি কেতু থাকিলে মনুষ্য ক্লেশযুক্ত, সর্ব্বস্বহীন, অতিশয় কলহকারী, রোগযুক্ত এবং তস্কর হয়। বৃহস্পতি, শুক্র,চন্দ্র ও বুধ দ্বাদশস্থ হইলে সেই ব্যক্তি সকল কার্য্যে অশক্ত, রাগী ধূর্ত্ত, অল্পবিত্ত, কৃপণ ও পুত্রশোকী হইয়া থাকে।

ইতি লগ্নকুণ্ডলী কথনং।

অথ মেষাদিরাশিস্থগ্রহফলকথনং ।

ধনী চ রাজপূজ্যশ্চ সচিবোবা ভবেন্নৃপঃ।
পুণ্যার্থী ধার্ম্মিকশ্চৈব রবৌ মেষে প্রকীর্ত্তিতঃ ॥ ১

প্রকারান্তরে গোচর ফল কথিত হইতেছে যথা,রবি মেষে থাকিলে মনুষ ধনবান্, রাজপূজ্য, রাজমন্ত্রী বা রাজা, পুণ্যাত্মা ও ধর্ম্মশীল হইয়া থাকে।

সিংহগ্ররবিফলং।

অশ্বাদিবাহনং পুত্রং সর্ব্বরত্নবিভূষিতঃ।
জাতঃ সিংহগৃহে ভানৌ রূপবাংশ্চ দয়াপরঃ ॥

সিংহে রবিস্থিত হইলে জাতমনুষ্য অশ্বাদিবাহনযুক্ত, পুত্রান্বিত, সকল রত্নদ্বারা ভূষিত, রূপবান্ ও দয়ান্বিত হয়।

সৌম্যগৃহস্থরবিফলং।

রূপবান্ ধনবাংশ্চৈব কুলশ্রেষ্ঠোভবেন্নরঃ।
বহুভিঃ পরিপাল্যশ্চ জাতঃ সৌম্যগৃহে রবৌ ॥

বুধের ঘরে রবি থাকিলে জাতমনুষ্য রূপবান্, ধনী, কুলশ্রেষ্ঠ এবং বহুলোক প্রতিপাল্য হয়।

গুরুগৃহস্থিতরবি ফলং।

সচিবোবা ভবেৎ সাধুঃ কুলশ্রেষ্ঠোধনান্বিতঃ।
বিদ্বান্ দয়াপরশ্চৈব জাতোগুরুগৃহে রবৌ ॥

বৃহস্পতির ঘরে রবি থাকিলে জাতব্যক্তি রাজমন্ত্রী, সাধু, কুলশ্রেষ্ঠ, ধনবান্, বিদ্বান্ ও দয়াশীল হয়।

তুলাদিস্থরবিফলং।

তুলালিবৃষকর্কিস্থোদিননাথোযদা ভবে ৎ।

অদাতা বহুদুঃখানি কুলনাশোভবেদ্‌ধ্রুবং॥

তুলায় বৃশ্চিকে বৃষে অথবা কর্কটরাশিতে রবি থাকিলে মনুষ্য অদাতা ও বহুদুঃখভাগী হয়, এবং নিশ্চয়ই তাহার কুলনাশ হইয়া থাকে॥

শনিগৃহস্থরবিফলং।

স্থূলাঙ্গঃ কৃপণশ্চৈব পাপাত্মা রোগসংযুতঃ।

ভবেৎ সৌরিগৃহেভানুর্জ্জাতোদেশান্তরং ব্রজেৎ॥

রবি শনির গৃহেস্থিত হইলে জাতমনুষ্য স্থূলদেহ, কৃপণ, পাপাত্মা, রোগযুক্ত ও দেশান্তরী হইয়া থাকে।

বৃষস্থচন্দ্র ফলং।

চঞ্চলঃ কৃপণঃ ক্রোধী ধার্ম্মিকঃ কুলনন্দনঃ।

দ্বিজদেবে সদাসক্তোবৃষস্থোঽপি যদা শশী॥

বৃষ রাশিতে চন্দ্র থাকিলে চঞ্চলস্বভাব, কৃপণ, ক্রোধযুক্ত, ধর্ম্মশীল, কুলদীপক এবং ব্রাহ্মণ ও দেবতাতে রত হয়।

ধনুরাদিস্থচন্দ্রফলং।

ধনুর্ম্মিথুনসিংহেষু দ্বিজরাজোযদা ভবেৎ।

বিদ্যাবিনয় সংযুক্তঃ ক্রোধনোধনবান্ ভবেৎ॥

ধনু, মিথুন কি সিংহরাশিতে চন্দ্র অবস্থিত হইলে বিদ্বান্ বিনয়ী ক্রোধী এবং ধনবান্ হয়।

কন্যাদিস্থচন্দ্রফলং।

কন্যামীন কুলীরেষু নিশানাথোভবেদ্‌যদা।

সচিবোহি নরোবিদ্বান্ দয়াবাংশ্চ ভবেদ্‌ধ্রুবং॥

কন্যা, মীন ও কর্কটরাশিতে চন্দ্র থাকিলে সেই ব্যক্তি রাজমন্ত্রী বিদ্বান্ ও দয়াযুক্ত হইয়া থাকে।

তুলাদিস্থচন্দ্রফলং।

তুলামকরসিংহস্থারাত্রিনাথোযদা ভবেৎ।

কৃপণঃ ক্রোধনারোগী ভবেজ্জাতস্তদাপ্রিয়ঃ ॥

চন্দ্র যদি তুলা মকর কি সিংহরাশিতে অবস্থিত হন তবে জাতব্যক্তি কৃপণ, ক্রোধযুক্ত, রোগান্বিত এবং অপ্রিয় হয়।

মেষাদিস্থচন্দ্রফলং।

মেষবৃশ্চিককুম্ভেষু যদা চন্দ্রঃ স্থিতোভবেৎ।
পাপাত্মা কৃপণোরোগী কুলভ্রষ্টোভবেন্নরঃ ॥

মেষ বিছা কি কুম্ভরাশিতে চন্দ্র থাকিলে সেই ব্যক্তি পাপাত্মা, কৃপণ রোগযুক্ত এবং কুলভ্রষ্ট হইয়া থাকে।

মেষাদিস্থকুজফলং।

মেষালি মৃগকুম্ভেষু ভূমিপুত্রোযদা ভবেৎ।
অশ্বাদিবাহনং ছত্রং সনরোধনবান ভবেৎ ॥

মঙ্গল যদি মেষ, বৃশ্চিক, মকর কি কুম্ভরাশিতে অবস্থিত হন, তবে সেই ব্যক্তি ধনবান্ হয় এবং তাহার অশ্বাদিবাহন ও ছত্র হইয়া থাকে।

বৃষাদিস্থকুজফলং।

বৃষে ধনুষি সিংহে চ যদি তিষ্ঠতি ভূমিজঃ।
ধনান্বিতোভবেন্মন্ত্রী পাপাত্মা পরনিন্দকঃ ॥

বৃষ ধনু কি সিংহে মঙ্গল থাকিলে সেইব্যক্তি ধনশালী, রাজমন্ত্রী, পাপাত্মা ও পরনিন্দক হয়।

কর্কটাদিস্থকুজফলং।

কুলীরে সর্ব্বকার্য্যেপ্সু র্দোলাছত্রান্বিতোগুণী।
জাতঃসৌরীগৃহে ভৌমে গুণবান পণ্ডিতঃ সুখী ॥

কর্কটরাশিতে মঙ্গল থাকিলে জাতব্যক্তি সর্ব্বকার্য্যাভিলাষী, দোলা ছত্রাদিযুক্ত ও গুণী হয়; আর শনির গৃহে মঙ্গলস্থিত হইলে গুণবান্, পণ্ডিত ও সুখী হইয়া থাকে।

কন্যাদিস্থকুজফলং।

যুবতীঝষযুগ্মেষু ভূমিপুত্রোযদা ভবেৎ।
ধনান্বিতোভবেন্মন্ত্রী পাপাত্মা পরনিন্দকঃ ॥

মঙ্গল যদি কন্যা, মীন কি মিথুনে অবস্থিত হন তবে সেইব্যক্তি ধনযুক্ত রাজমন্ত্রী পাপাত্মা ও পরনিন্দক হয়।

তুলারাদিস্থকুজফলং।

সর্ব্বকার্য্যেষু তত্ত্বজ্ঞোদোলাছত্রান্বিতোগুণী।
জাতস্তৌলিগৃহে ভৌমোরূপবাংশ্চ দয়াপরঃ॥

তুলারাশিতে মঙ্গল অবস্থিত হইলে জাতমনুষ্য সকলকার্য্যে পারদর্শী দোলাছত্রাদিযুক্ত, গুণবান্, রূপশালী এবং দয়ান্বিত হয়।

ধনুরাশিস্থবুধফলং।

ধনুর্য্যুবতিসিংহে চ তারাপুত্রোযদা ভবেৎ।
বহুভার্য্যঃ কাঞ্চনাঢ্যোবিদ্যানন্দোগুণান্বিতঃ॥

ধনু কন্যা কি সিংহরাশিতে বুধ থাকিলে সেই মনুষ্য বহু রমণীর পতি, স্বর্ণযুক্ত, বিদ্যাবিনোদ এবং গুণবান্ হয়।

মকরস্থবুধফলং।

কুক্ষিরোগী ভবেন্নিত্যং ক্লেশাশী সংযতোঽপি বা।
পরবিত্তাপহারী চ মকরস্থোযদা বুধঃ॥

মকররাশিতে বুধগ্রহ থাকিলে মনুষ্য কুক্ষিরোগযুক্ত, ক্লেশভাগী, শুদ্ধাচারী এবং পরিবিত্তাপহারক হয়।

কর্কটস্থবুধফলং।

অন্নভ্রষ্টোভবেৎ সৌম্যে মৎস্যমাংসপ্রিয়ঃ সদা।
কর্কটস্থে যদা জাতঃ সনরোদুঃখভাজনঃ॥

বুধ কর্কটে থাকিলে জাতব্যক্তি অন্নহীন, মৎস্যমাংসপ্রিয় এবং অতিশয় দুঃখভাজন হয়।

কন্যাদিস্থবুধফলং।

কন্যামিথুনচাপেষু তুলায়াঞ্চ যদা শনিঃ।
সচিবোবা ভবেৎ সাধুঃ কুলশ্রেষ্ঠোধনান্বিতঃ॥

কন্যা, মিথুন, ধনু কি তুলাতে শনি থাকিলে মনুষ্য রাজমন্ত্রী, সাধু কুলশ্রেষ্ঠ ও ধনবান্ হয়।

সিংহাদিস্থশনিফলং।

সিংহবৃশ্চিকমেষেষু বৃষস্থে চ যদা শনিঃ।
চৌরনাথোভবেদ্দুঃখী মূর্খোঽপি পরনিন্দকঃ॥

শনি সিংহে, বৃশ্চিকে, মেষে কি বৃষরাশিতে অবস্থিত হইলে মনুষ্য তস্করশ্রেষ্ঠ দুঃখী মূর্খ ও পরনিন্দক হয়।

মকররাদিস্থশনিফলং।

মৃগকর্কটকুম্ভেষু যদা তিষ্ঠতি সূর্য্যজঃ।
তদা চ বিপুলালক্ষ্মীর্দ্দোলাচ্ছত্রান্বিতোভবেৎ॥

মকর, কর্কট অথবা কুম্ভরাশিতে শনি থাকিলে মনুষ্য অতিশয় লক্ষ্মী-যুক্ত ও দোলাছত্রাদির অধিপতি হয়।

মীনস্থশনিফলং।

কৃপণঃ ক্রোধনোরোগী ভবেন্মীনগতে শনৌ।

শনি মীনরাশিতে থাকিতে কৃপণ, ক্রোধযুক্ত ও রোগবিশিষ্ট হয়।

মেষাদিরাশিস্থ গুরুফলং।

মেষে গুরৌ ভবেৎ সাধুঃ পাপাত্মা বৃষভে নরঃ।
মিথুনে চ ভবেদ্রোগী কর্কটস্থে ভবেন্নৃপঃ।
মুক্তারত্নান্বিতঃ সিংহে কন্যায়াং দুঃখভাজনঃ।
তুলায়াঞ্চ ভবেচ্চৌরঃ বৃশ্চিকে চ ধনী ভবেৎ।
চাপস্থে ভবেদ্রাজা মৃগে পাশকরোভবেৎ।
কুম্ভে দাতা গুণী বিদ্বান মীনে চ সচিবোভবেৎ॥

মেষরাশিতে বৃহস্পতি থাকিলে মনুষ্য সাধু, বৃষে পাপাত্মা, মিথুনে রোগযুক্ত, কর্কটে রাজা, সিংহে মুক্তারত্নাদিযুক্ত ও কন্যাতে দুঃখভাগী হয়, এইরূপ তুলাতে বৃহস্পতি থাকিলে জাতব্যক্তি তস্কর, বৃশ্চিকে ধনবান্, ধনুতে রাজা, মকরে পাশকর, কুম্ভে দানশীল, গুণবান্ ও বিদ্বান্ এবং মীন রাশিতে বৃহস্পতি থাকিলে জাতব্যক্তি রাজমন্ত্রী হইয়া থাকে।

মেষাদিরাশিস্থশুক্রফলং।

মেষে শুক্রে ভবেদ্বিদ্বান বৃষস্থে চ ধনান্বিতঃ।
মিথুনে চ ভবেচ্চৌরঃ কর্কটে চ ধনান্বিতঃ।
দোলাচ্ছত্রান্বিতঃ সিংহে কন্যায়াঞ্চ ধনী ভবেৎ।
তুলায়াং গোধনৈর্যুক্তো বিদ্বাংশ্চ বৃশ্চিকে ভবেৎ।
পাপাত্মা চ ভবেচ্চাপে মকরে পরনিন্দকঃ।
রাজমন্ত্রী ভবেৎ কুম্ভে মীনে চ ধনবান ভবেৎ॥

শুক্র মেষে থাকিলে জাতমনুষ্য বিদ্বান, বৃষে ধনযুক্ত, মিথুনে তস্কর, কর্কটে ধনবান্, সিংহে দোলাছত্রাদিযুক্ত এবং কন্যারাশিতে শুক্র থাকিলে মনুষ্য ধনশালী হয়। আর তুলাতে শুক্র অবস্থিত হইলে গোধনাদিযুক্ত বৃশ্চিকরাশিতে থাকিলে বিদ্বান, ধনুতে পাপাত্মা, মকরে পরনিন্দক, কুম্ভে রাজমন্ত্রী এবং মীনে শুক্র থাকিলে জাতব্যক্তি ধনশালী হইয়া থাকে।

রাহোরেবং কেতোরপি।

কৃপণঃ ক্রোধনারোগী ভবেন্মেষে বিধুন্তুদঃ।
বৃষে রূপান্বিতোভোগী যুগ্মে ভূপোভবেদগুণী।
গদান্বিতোভবেৎ ক্রুরে সিংহে চৈব বিশেষতঃ।
কন্যায়াঞ্চ ভবেন্মন্ত্রী তুলায়াঞ্চ ধনী ভবেৎ।
বৃশ্চিকে চ ভবেৎ সাধুশ্চাপে চ পরনিন্দকঃ।
মৃগে ভবতি হীনাঙ্গঃ কুম্ভে দারিদ্র্যবেষ্টিতঃ।
পরদাররতোনিত্যং মীনস্থে কৃপণোভবেৎ॥

মেষ রাশিতে রাহু অবস্থিত হইলে জাতমনুষ্য কৃপণ, ক্রোধযুক্ত, এবং রোগান্বিত হয়; এইরূপ বৃষে রাহু থাকিলে জাতব্যক্তি রূপবান্ ভোগযুক্ত মিথুনে ভূস্বামী ও গুণবান্, কর্কটে ও সিংহে রোগযুক্ত, কন্যাতে রাজমন্ত্রী তুলাতে ধনবান্, বৃশ্চিকে সাধু, ধনুতে পরনিন্দক, মকরে অঙ্গহীন, কুম্ভে দরিদ্র এবং মীনরাশিতে রাহু থাকিলে জাতব্যক্তি সর্ব্বদা পরদারগামী ও কৃপণস্বভাব হইয়া থাকে। কেতুর ফল ও এইরূপই জানিবে।

ইতি দ্বাদশরাশিস্থ গ্রহফলং।

চন্দ্র সূর্য্যয়োরেকরাশিস্থফলং রবিকুজয়োরপি।

যদ্যেকরাশৌ শশিভাস্করোঽপি তদা ভবেৎ সর্ব্বগুণৈরুপেতঃ।
সৎপণ্ডিতোজ্ঞানধৃতোধনাঢ্যঃ সূর্য্যেণ ভৌমোযদি চৈকরাশৌ॥

জন্মকালে যদি একরাশিতে চন্দ্র ও রবি অবস্থিত হন, তবে জাত-ব্যক্তি সর্ব্বপ্রকারে সুখভোগ করে, আর রবি ও মঙ্গল একরাশিতে থাকিলে জাত মনুষ্য সৎপণ্ডিত জ্ঞানবান এবং ধনশ ধনশালী হয়।

রবিবুধয়োরেকরাশিস্থফলং রবিগুর্ব্বোরপি।

শ্লাঘ্যঃসুখী সর্ব্বজনেন পূজ্যঃসৌম্যেন যুক্তোঽহিভবেচ্চদাতা
উচ্চৈর্যদা যোগমুপৈতিভানুঃ সৌম্যেনযুক্তোঽহিভবেচ্চরাজা।
সভানিধিশ্চৈকগৃহে গুরুশ্চ যদা তদা কর্ম্মভবেচ্চ দক্ষঃ
ধন্যোধনী কান্তিনিধির্নগর্য্যাং বাগ্মী চ রাজা জনচিত্তহারী॥

জন্ম সময়ে বুধ ও রবি একরাশিতে থাকিলে জাতব্যক্তি প্রশংসনীয়, সুখী এবং সকলের পূজ্য ও দাতা হয়, বিশেষতঃ রবি উচ্চস্থানে থাকিয়া বুধের সহিত যুক্ত হইলে জাতব্যক্তি রাজা হইয়া থাকে। রবি ও বৃহস্পতি জন্ম সময়ে একঘরে থাকিলে জাতক কার্য্যদক্ষ, সুকৃতি ধনযুক্ত, নগরের মধ্যে সৌন্দর্য্যশালী, বক্তা রাজা ও মনুষ্যের চিত্তহারী হয়।

রবিশুক্রয়োরেকরাশিস্থফলং রবিমন্দয়োরপি।

শুক্রেণ সূর্য্যোযদি চৈকরাশৌ, দুরাশয়ঃ কুৎসিতমূর্ত্তিবেশঃ
কুচেলধারী চ তথা কুভার্য্যঃ, কপালশূন্যশ্চ কুবুদ্ধিরেকঃ।
আদিত্যোপুত্রোযদি তাতযুক্তো, ভবেত্তদা তস্করবৃত্তিযুক্তঃ
বিচিত্রবিত্তোজননিন্দকশ্চ, ক্রোধী চ দুঃখী চ গদান্বিতঃ স্যাৎ॥

জন্ম সময়ে শুক্রের সহিত রবি একরাশিস্থিত হইলে জাতমনুষ্য কুরূপ ও কুৎসিত বেশধারী, কুবস্ত্রধারী, কুৎসিতা রমণীর পতি, কপালহীন এবং কুবুদ্ধিযুক্ত হয়। শনি ও রবি একঘরে থাকিলে জাতক চৌর্য্যপরায়ণ, চমৎকার বিত্তশালী, জননিন্দক, ক্রোধী, দুঃখান্বিত ও রোগযুক্ত হয়।

চন্দ্রমঙ্গলয়োরেকরাশিস্থফলং।

সর্ব্বগুণান্বিতোদাতা সুখী শূরশ্চ পণ্ডিতঃ।
জাতোভৌমশশিযোগে ভবন্ত্যেতানি চ ধ্রুবং॥

জন্মকালে মঙ্গল ও চন্দ্র একস্থানে থাকিলে জাতব্যক্তি সকলগুণযুক্ত দাতা, সুখান্বিত শৌর্য্যশালী ও পণ্ডিত হয়।

বুধকুজয়োরেকরাশিস্থফলং।

রূপবানধনোঽকার্য্যঃ পাপপথি রতঃ সদা।
জাতঃ সৌম্যেন যোগস্তু নিন্দাবাদে চ তৎপরঃ॥

জন্মকালে বুধ ও মঙ্গল একঘরে স্থিত হইলে জাত মনুষ্য রূপবান্, নির্দ্ধন, কুৎসিত-কার্য্যকারী, পাপাত্মা এবং পরনিন্দায় তৎপর হয়।

গুরুচন্দ্রয়োরেকরাশিস্থফলং।

সশ্রীমান্ কান্তিযুক্তশ্চ সসাধুঃ পণ্ডিতঃ সুখী।
জনানন্দকরোনিত্যং গুরুচন্দ্রসমাগমে॥

জন্মসময়ে বৃহস্পতি ও চন্দ্র একস্থানে থাকিলে জাতব্যক্তি লক্ষ্মীযুক্ত, সৌন্দর্য্যশালী, সাধু, পণ্ডিত, সুখী ও লোকের আনন্দকারক হয়।

চন্দ্রভৃগ্বোরেকরাশিস্থফলং।

নিত্যং শুদ্ধমতিঃ শূরঃ সর্ব্বশাস্ত্রাদিপারগঃ।
হেমালঙ্কারযুক্তশ্চ ভৃগুচন্দ্রসমাগমে॥

শুক্র ও চন্দ্র জন্মকালে একরাশিস্থিত হইলে জাতক শুদ্ধাচারী, শৌর্য্য শালী সকলবিদ্যায় পারগ এবং স্বর্ণভরণযুক্ত হয়।

শনিচন্দ্রয়োরেকরাশিস্থফলং।

মন্দশ্চন্দ্রসমাযুক্তোধনবান্ পণ্ডিতোভবেৎ।
ক্রূরঃ পৈশূন্যকারী চ পরনিন্দাপরঃ সদা॥

জন্মকালীন শনি ও চন্দ্র একঘরে থাকিলে জাতমনুষ্য ধনবান্, পণ্ডিত ক্রূর, হিংসক এবং পরনিন্দাতে রত হয়।

গুরুকুজয়োরেকরাশিস্থফলং।

যত্র যত্র স্থিতোভৌমোগুরুযুক্তোযদা ভবেৎ।
তত্রোচ্চফলমাখ্যাতিঃ স্যাদুচ্চে দ্বিগুণং ফলং॥

মঙ্গল বৃহস্পতির সহিত যুক্ত হইয়া যেখানে সেখানে থাকিলেও অতিশয় ফলদাতা হন, আর যদি ঐ মঙ্গল উচ্চ গৃহে বাস করেন, তবে দ্বিগুণ ফলদাতা হইয়া থাকেন।

অন্যচ্চ—রাজা বা সচিবোবাপি দ্বিজোবা রাজপূজিতঃ।
গুরুণা ভৌমযোগে চ যাবৎকালং ধনী নরঃ॥

প্রকারান্তরে ফল কথিত হইতেছে।—জন্মকালে বৃহস্পতির সহিত মঙ্গলযুক্ত থাকিলে জাতব্যক্তি রাজা বা রাজমন্ত্রী অথবা রাজপূজিতব্রাহ্মণ এবং ধনী হইয়া থাকে।

কুজভৃগ্বোরেকরাশিস্থফলং।

দয়াবান্ রূপবাংশ্চৈব যোষিজ্জনমনোহরঃ।
সর্ব্বরত্নযুতঃ পুণ্যোভৃগুভৌমসমাগমে॥

শুক্র ও মঙ্গল যদি জন্মকালে একঘরে থাকেনতবে জাতব্যক্তি দয়াশীল রূপবান্, রমণী-মনোমোহন, সর্ব্বরত্নযুক্ত, ও পুণ্যবান্ হয়।

শনিকুজয়োরেকরাশিস্থফলং।

সুতীর্থনিরতশ্চৈব দেবব্রাহ্মণপূজকঃ।
অল্পপ্রজান্বিতশ্চৈব যোগে চ শনিভৌময়োঃ॥

জন্মসময়ে শনি ও মঙ্গল একরাশিস্থিত হইলে জাতক সুতীর্থবাসী, দেবতা ও ব্রাহ্মণপূজক এবং অল্প প্রজাযুক্ত হয়।

রাহুকুজয়োরেকরাশিস্থফলং।

রাহুণা সংযুতোভৌমে মন্দচেষ্টোবিনিন্দকঃ।
ধূর্ত্তশ্চ পাপশীলশ্চ বাগ্‌জীবী পরদারকঃ॥

জন্মকালীন রাহু ও মঙ্গল একঘরে থাকিলে সেইজাতক মন্দচেষ্টাতে রত, পরনিন্দুক, ধূর্ত্ত, পাপাত্মা, বাক্যজীবী এবং পরদারাসক্ত হইয়া থাকে।

গুরুবুধয়োরেকরাশিস্থফলং গুরুশুক্রয়োরপি।

গুরুজ্ঞেন যদা যোগোধনী ভবতি পণ্ডিতঃ।
গুরুভার্গবযোগে চ প্রহৃষ্টঃ সর্ব্বসম্পদঃ॥

বৃহস্পতি ও বুধ যদি জন্মকালে একঘরে থাকেন তবে জাতমনুষ্য ধনবান্ ও পণ্ডিত হয়; আর বৃহস্পতি ও শুক্র একরাশিস্থ হইলে জাতক প্রফুল্লচিত্তে সর্ব্বসম্পদ লাভ করে।

গুরুমন্দয়োরেকরাশিস্থফলং।

মহাধনী সর্ব্বজনানুরাগঃ সর্ব্বার্থসিদ্ধিঃ পরবোধকশ্চ।
গুরুর্যদা যোগমুপৈতি মন্দং তদা শিশুঃ সর্ব্বগুণান্বিতঃ স্যাৎ॥

জন্মকালীন বৃহস্পতি ও শনি একরাশিতে অবস্থিতি করিলে জাতব্যক্তি অত্যন্ত ধনবান্, সকল মনুষ্যের প্রতি অনুরাগবিশিষ্ট, সর্ব্বার্থসিদ্ধ, পরবোধক এবং সকল গুণবিশিষ্ট হয়।

গুরুরাহ্বোরেকরাশিস্থফলং।

গুরুণা রাহুযোগেন জাতোভবতি দুঃখিতঃ।
রাজপুত্রোযদি স্যাত্তু সর্ব্বদুঃখস্য ভাজনঃ॥

বৃহস্পতি ও রাহু যদি জন্মকালে একরাশিতে থাকেন তবে জাতব্যক্তি দুঃখিত হন; এমন কি জাতক যদি রাজপুত্র হন তথাপি দুঃখভাগী হইয়া থাকেন।

শনিভৃগ্বোরেকরাশিস্থফলং।

শনিভার্গবযোগে তু দুঃখিতশ্চ নরোভবেৎ।
কুবুদ্ধিঃ কুৎসিতোব্যগ্রো নীচসঙ্গরতঃ সদা॥

জন্মকালীন শনি ও শুক্র একঘরে থাকিলে জাতমনুষ্য দুঃখী, কুবুদ্ধিসম্পন্ন, কুৎসিত, ব্যগ্রচিত্ত এবং নীচানুরক্ত হয়।

শনিরাহ্বোরেকরাশিস্থফলং।

বক্ত্রাহতিদুঃখীজঠরে চ রোগী ব্রণং কুবিদ্যোদয়িতাকুভাগ্যঃ।
সেবাপরোনিষ্ফলকার্য্যসিদ্ধিঃ শ্রীসূর্য্যপুত্রেণ যুতশ্চ রাহুঃ॥

শনিগ্রহ রাহুযুক্ত হইয়া জন্মকালীন একরাশিতে অবস্থিত জাতব্যক্তি বক্র, অতিশয় দুঃখী, উদররোগী ব্রণযুক্ত, কুবিদ্যাসেবী ও পরসেবারত হয়; আর ঐ ব্যক্তির পত্নী ভাগ্যহীনা হয়; এবং তাহার কার্য্যনিষ্ফল হইয়া থাকে।

জাতলগ্নে যুগ্মগ্রহফলং কোষ্ঠীবিচারশ্চ।

অথেদানীং তন্বাদিদ্বাদশস্থানস্য ফলানি লিখ্যন্তে।

যথা দীপিকায়াং।

তন্বাদিদ্বাদশভাবজ্ঞানং।

সামর্থ্যং তনুকল্যতে সমুদয়ে বিত্তং কুটুম্বং ততঃ।
বিক্রান্তিং সহজং তৃতীয়ভবনে যোধঞ্চ সঞ্চিন্তয়েৎ।
বন্ধুং বাহনসুখালয়ানপি ততোধীমন্ত্রপুত্রাংস্ততঃ।
ষষ্ঠেঽথ ক্ষতবিদ্বিষৌ মদগৃহে কামং স্ত্রিয়ং বর্ত্ম চ।
রন্ধ্রায়ুর্ম্মৃতয়োঽষ্টমে গুরুতপোভাগ্যানি চিত্তং ততঃ।
মানাজ্ঞাস্পদকর্ম্মণাং দশমতে কুর্য্যাত্ততশ্চিন্তনং।
প্রাপ্ত্যায়াবথ চিন্তয়েন্তবগৃহে রিপ্‌ফে তু মন্ত্রিব্যয়ৌ।
সৌম্যস্বামিযুতেক্ষণৈরুপচয়শ্চৈষাং ক্ষতিস্তন্যথা॥

অনন্তর তন্বাদি দ্বাদশস্থানের কোন্ ঘরে কি বিবেচনা করিতে হয় তাহা লিখিত হইতেছে যথা; জাতলগ্নে সামর্থ্য, তনু, (শরীর) ও কল্যাণ এই সকলের শুভাশুভ চিন্তা করিতে হয়। (যদি লগ্নাধিপতি কি শুভগ্রহ ঐ স্থানে দৃষ্টি করেন অথবা অবস্থিতি ও দৃষ্টিদ্বারা অন্যান্য স্থানে শুভ বিবেচিত হইবে। পাপগ্রহযুক্ত কি পাপগ্রহকর্তৃক দৃষ্ট হইলে অশুভ বিবেচিত হইয়া থাকে।) লগ্নের দ্বিতীয়স্থানে ধন ও কুটুম্বের শুভাশুভ বিবেচনা করিতে হয়। লগ্নের তৃতীয়স্থানে বিক্রম, সহোদর ও যোধ (সৈন্য) চিন্তা করিবে। লগ্নের চতুর্থস্থানে বন্ধু, বাহন, সুখ ও আলয়ের শুভাশুভ বিবেচিত হয়। লগ্নের পঞ্চমস্থানে বুদ্ধি, মন্ত্রণা ও পুত্র বিচার করিতে হইবে।

লগ্নের ষষ্ঠস্থানে কাম, স্ত্রী ও পথ বিচার করিবে। লগ্নের অষ্টমস্থানে রন্ধ্র (অপবাদ) আয়ু ও মরণ দেখিবে। লগ্নের নবমস্থানে গুরু, তপস্যা, ভাগ্য ও বিত্তের শুভাশুভ বিচার্য্য। লগ্নের দশমস্থানে মান, আজ্ঞা, স্থান ও কর্ম্ম বিবেচিত হয়। লগ্নের একাদশ স্থানে প্রাপ্তি ও আয়ের শুভাশুভ দেখিতে হয়। লগ্নের দ্বাদশস্থানে মন্ত্রী ও ব্যয়ের বিবেচনা করিতে হয়।

অরাত্যাদিভাবজ্ঞানং।

অরাতিব্রণয়োঃ ষষ্ঠে চাষ্টমে মৃত্যুরন্ধ্রয়োঃ।
ব্যয়স্য দ্বাদশস্থানে বৈপরীত্যেন চিন্তনং॥

পূর্ব্বে যে কথিত হইয়াছে শুভগ্রহযুক্ত কি দৃষ্ট হইলে শুভ, অশুভ গ্রহযুক্ত কি দৃষ্টে অশুভ ফল হয় স্থান বিশেষে তাহার বৈপরীত বলা হইতেছে যথা; লগ্নের ষষ্ঠস্থানে শত্রু ও ব্রণ, অষ্টমস্থানে মৃত্যু ও অপবাদ এবং দ্বাদশ স্থানে ব্যয় এই সকল ভাবে লগ্নাধিপতি কি শুভগ্রহযুক্ত অথবা লগ্নাধিপতি কি শুভগ্রহের দৃষ্টি থাকিলে উহাদিগের হানি হয়; আর পাপগ্রহযুক্ত কি পাপগ্রহদৃষ্ট হইলে উহাদিগের বৃদ্ধি হইয়া থাকে।

উপচয়জ্ঞানং।

অথোপচয়সংজ্ঞা স্যাত্রিলাভরিপুকর্ম্মণাং।
ন চেদ্ভবন্তি তে দৃষ্টাঃ ক্রুরস্বস্বামিশত্রুভিঃ॥

লগ্নের তৃতীয়, একাদশ ষষ্ঠ ও দশম স্থানের নাম উপচয় কিন্তু উক্ত সকলস্থান যদি পাপগ্রহ কি স্বীয় স্বামী অথবা শত্রু প্রভৃতি দ্বারা দৃষ্ট হয় তবে উহাদের উপচয় সংজ্ঞা হয় না।

কেন্দ্রাদিজ্ঞানং।

কেন্দ্রং চতুষ্টয়ং কণ্টকঞ্চ লগ্নাস্তদচতুর্থানাং সংজ্ঞা।
পরতঃ পণফরমাপোক্লিমসঙ্গিতঞ্চ তৎপরঃ॥

লগ্ন এবং লগ্ন হইতে সপ্তম দশম ও চতুর্থস্থানের নাম কেন্দ্র, চতুষ্টয় ও কণ্টক। লগ্নের দ্বিতীয় অষ্টম, একাদশ ও পঞ্চমের নাম পণফর। লগ্নের তৃতীয়, নবম, দ্বাদশ ও ষষ্ঠ স্থানের নাম আপোক্লিম।

ত্রিকোণাদিজ্ঞানং।

পঞ্চমং নবমঞ্চৈব ত্রিকোণং পরিকীর্ত্তিতং।
চতুর্থমষ্টমঞ্চৈব চতুরস্রং বিদুর্ব্বুধাঃ॥

লগ্নের পঞ্চম ও নবম স্থানকে ত্রিকোণ বলা যায়; আর চতুর্থ এবং অষ্টম স্থানের নাম চতুরস্র।

লগ্নাদ্দশমাদিস্থাননামানি।

খংমেষুরণমাস্পদে মদনভে যামিত্রমস্তং দ্যূনে
দ্যূনঞ্চাথ সুহৃদ্‌গৃহে তু হিবুকং পাতালমম্ভোঽপি চ।
দুশ্চিক্যং সহজে বদন্তি মুনয়োরিপ্‌ফং তথা দ্বাদশে
ষট্‌কোণং রিপুমন্দিরে নবমভে ত্র্যাদ্যং ত্রিকোণং পুনঃ॥

লগ্নের দশমস্থানেব নাম খ এবং আকাশ পর্য্যাযকসমুদয় শব্দ ও মেষুরণ, সপ্তমস্থানের নাম মদগৃহ যামিত্র, অস্ত, দ্যূন ও দ্যূন, চতুর্থস্থানের নাম সুহৃদ্‌গৃহ, হিবুক, পাতাল এবং পাতাল পর্য্যায়ক শব্দ, জল এবং জল পর্য্যায়কশব্দ, তৃতীয় স্থানের নাম দুশ্চিক্য, দ্বাদশস্থানের নাম রিপ্‌ফ; ষষ্ঠস্থানের নাম যট্‌কোণ রিপুমন্দির এবং নবমস্থানের নাম ত্রিকোণ।

প্রকারান্তর তন্বাদিদ্বাদশভাব কথনং।

অন্যচ্চ—তনুর্ধনং সহজশ্চবন্ধুঃ পুত্রোরিপুস্তথা।
পত্নী চ নিধনঃ ধর্ম্মঃ কর্ম্মচায়োব্যয়োঽপি চ।
এতান্যেব বিজানীয়াল্লগ্নাদৌ চ বিচক্ষণঃ।
এভির্দ্বাদশভির্যুক্তা কোষ্ঠীকার্য্যা যতোবুধৈঃ॥

লগ্নে তনু, দ্বিতীয়ে ধন, তৃতীয়ে সহোদর, চতুর্থে বন্ধু, পঞ্চমে পুত্র, ষষ্ঠে রিপু, সপ্তমে পত্নী, অষ্টমে নিধন, নবমে ধর্ম্ম, দশমে কর্ম্ম, একাদশে আয় এবং দ্বাদশে ব্যয়, এই দ্বাদশভাব লগ্ন হইতে দ্বাদশস্থানে চিন্তা করিতে হয়; পণ্ডিতগণও উক্ত দ্বাদশভাবের ফলদ্বারাই কোষ্ঠি প্রস্তুত করিয়া থাকেন।

অথেদানীং তন্বাদিস্থানফলচিন্তামাহ।

তনুস্থানবিচারঃ।

রূপলক্ষণবর্ণানাং ক্লেশদোষসুখায়ুষাং।
বয়ঃপ্রমাণজাতীনাং তনুস্থানে নিরীক্ষণং ॥

সংপ্রতি তন্বাদিভাব বিশেষরূপে বর্ণিত হইতেছে যথা, তনুস্থানে (লগ্নে) রূপ, লক্ষণ, বর্ণ, ক্লেশ, দোষ, সুখ, আয়ু, বয়স ও জাতি দেখিতে হয়।

ধনস্থানবিচারঃ।

মণিমুক্তাফলং স্বর্ণং রত্নধাতুকুটুম্বকং।
ক্রয়বিক্রয়বিজ্ঞানং ধনস্থানং নিরীক্ষয়েৎ ॥ ২

ধনস্থানে (দ্বিতীয়ে) মণি, মুক্তা, ফল, স্বর্ণ, রত্ন, ধাতু, কুটুম্ব, ক্রয়, বিক্রয় ও বিজ্ঞান চিন্তা করিতে হয়।

সহোদরস্থানবিচারঃ।

ভগিনীভ্রাতৃভৃত্যানাং দাসকর্ম্মকৃতামপি।
কুর্ব্বীত বীক্ষণং বিদ্বান্ সম্যক্ দুশ্চিক্যে বেশ্মনি ॥৩

পণ্ডিতগণ জাতকের ভগিনী, ভ্রাতা, ভৃত্য ও দাসাদির চিন্তা সহোদর (তৃতীয়) স্থানে করিবেন।

বন্ধুস্থানবিচারঃ।

সুহৃদং সুখদুঃখঞ্চ বৃদ্ধিস্থানং গমাগমং।
মাতরং গ্রামগেহাদি চতুর্থেঽপি বিচিন্তয়েৎ ॥ ৪

বন্ধু, সুখ, দুঃখ, বন্ধুস্থানে, গমনাগমন, মাতৃশুভাশুভ এবং গ্রাম ও গৃহাদি বন্ধুস্থানে (চতুর্থে) দেখিতে হয়।

পুত্রস্থানবিচারঃ।

গর্ভাপত্যবিধেয়ানাং মন্ত্রসনায়োরপি।
বিদ্যাবুদ্ধিপ্রবন্ধানাং সুতস্থানে নিরীক্ষয়েৎ ॥ ৫

গর্ভ, অপত্য, মন্ত্র, সন্ধান ও বিদ্যাবুদ্ধিপ্রভৃতি জাতলগ্নের পঞ্চম (পুত্র) স্থানে দেখিতে হইবে।

রিপুস্থানবিচারঃ।

বৈরিণাং রিপুসংঘাতং খরোষ্ট্রক্রুরকর্ম্মণাং।

মাতুলাতঙ্কশঙ্কানাং রিপুস্থানান্নিরীক্ষণং॥ ৬

রিপুস্থানে (ষষ্ঠে) শত্রুচিন্তা, অরাতিপীড়া, গর্দ্দভ উষ্ট্র এবং ক্রুর-কর্ম্মচিন্তা ও মাতুলরিষ্টাদি দেখিতে হয়।

কলত্রস্থানং।

বাণিজ্যব্যবহারঞ্চ বিবাহঞ্চ রতিক্রিয়াং।

গমনাগমকলত্রাণি প্রাজ্ঞঃ পশ্যেৎ কলত্রতঃ॥ ৭

পণ্ডিতগণ জাতলগ্নের সপ্তমস্থানে বাণিজ্য, ব্যবহার বিবাহ, রতি-ক্রীড়া, গমনাগমন এবং ভার্য্যা বিচার করিবেন।

মৃত্যুস্থানং।

নদ্যুত্তরেঽধ্ববৈষম্য দেশে শত্রুপশঙ্কটে।

নষ্টে দংষ্ট্রে রণে ব্যাঘ্রে ছিদ্রে ছিদ্রং নিরীক্ষয়েৎ॥ ৮

অষ্টমস্থানে নদীপারাবার, পথবৈষম্যদেশ, শত্রুসঙ্কট, মরণ, দংশন, যুদ্ধ, ব্যাঘ্রভীতি, এবং অপবাদ চিন্তা করিবে।

ধর্ম্মস্থানং।

বাপীকুপতড়াগাদি প্রপাদেবগৃহাণি চ।

দীক্ষাং যাত্রাং ততোধর্ম্মং ধর্ম্মস্থানে নিরীক্ষয়েৎ॥ ৯

ধর্ম্ম (নবমে) স্থানে বাপী, কূপ, তড়াগ, জলছত্র, দেবগৃহ, দীক্ষা, যাত্রা এবং ধর্ম্ম দেখিতে হইবে।

কর্ম্মস্থানং।

রাজ্যং মুদ্রাং পুরং পুণ্যং স্থানং পিতৃপ্রয়োজনং।

বৃষ্ট্যাদির্ব্যোমরত্যস্তং ব্যোমস্থানাদ্বিনির্ণয়েৎ॥ ১০

কর্ম্ম (দশম) স্থানে রাজ্য, মুদ্রা, পুর, পুণ্য, স্থান, পিতৃশুভাশুভ, ও বৃষ্ট্যাদি আকাশসম্বন্ধীয় ব্যাপার বিনির্ণয় করিবে।

আয়স্থানং।

গজাশ্বযানবস্ত্রাণি শয্যাকাঞ্চনকন্যকাঃ।
আয়ুর্ব্বিদ্যার্থলাভঞ্চ লক্ষয়েল্লাভলগ্নতঃ॥ ১১

জাতলগ্নের একাদশ স্থানে গজ, অশ্ব, যান, বস্ত্র শয্যা, কাঞ্চন, কন্যা, আয়ু বিদ্যা ও অর্থলাভ চিন্তা করিবে।

ব্যয়স্থানবিচারঃ।

ত্যাগভোগবিবাদেষু দানেষু কৃষিকর্ম্মসু।
ব্যয়স্থানেষু সর্ব্বেষু বিদ্ধি বৃদ্ধিং ব্যয়ং ব্যয়াৎ॥ ১২

ব্যয় (দ্বাদশ) স্থানে ত্যাগ. ভোগ, বিবাদ, দান কৃষিকর্ম্ম, বৃদ্ধি এবং ব্যয় বিচার করিতে হয়।

অথ তন্বাদিস্থগ্রহফলং।

রবেঃ ফলং।

সবিতরি তনুসংস্থে শৈশবে ব্যাধিযুক্তঃ
নয়নগদসুদুঃখী নীচসেবানুরক্তঃ।
ন ভবতি গৃহবাসী দৈন্যযুক্তোমনুষ্যঃ
ভ্রমতি বিকলমূর্ত্তিঃ পুত্ত্রপত্নীবিহীনঃ॥ ১

জন্মকালীন যাহার তনুস্থানে (লগ্নে) রবি থাকেন সেইব্যক্তি শৈশবাবস্থায় পীড়া ভোগ করে। সে নেত্ররোগে কষ্ট পায় এবং নীচব্যক্তির সেবাতে অনুরক্ত হয়। আর সেইব্যক্তি গৃহবাসী না হইয়া দীনভাবে ভ্রমণ করে এবং তাহার অঙ্গবৈকল্য ও পুত্ত্র পত্নী বিহীন হইয়া থাকে।

চন্দ্রস্য ফলং।

তনুগতরজনীশে বিত্তপূর্ণঃ সুশীলঃ
বহুতরধনভাগী বীর্য্যযুক্তঃ সুদেহী।
ভবতি চ যদি নীচশ্চন্দ্রমাঃ পাপগোবা
জড়মতিরতিদীনঃ স্যাত্তদা বিত্তহীনঃ॥ ২

জন্মসময়ে চন্দ্র লগ্নে অবস্থিত হইলে জাতমনুষ্য অতুল ঐশ্বর্য্যশালী,

সুশীল, বহুধনউপার্জ্জক, অত্যন্ত বলিষ্ঠ ও সুন্দর হয়। আর ঐ লগ্নস্থ চন্দ্র যদি নীচগৃহস্থিত কি পাপগ্রহযুক্ত হন তবে জাতব্যক্তি জড়বুদ্ধি, দীনও বিত্তবিহীন হইয়া থাকে।

অন্যচ্চ—পূর্ণে শীতকরে লগ্নে তেজস্বী ধনগর্ব্বিতঃ।
অসংপূর্ণে তু মলিনোমন্দবীর্য্যোভবেন্নরঃ॥ ২

লগ্নে যদি পূর্ণচন্দ্র থাকেন তাহা হইলে জাতব্যক্তি তেজস্বী ও ধনগর্ব্বিত হয়; আর যদি লগ্নস্থ চন্দ্র অসংপূর্ণ হন তবে জাতমনুষ্য মলিন ও মন্দবীর্য্য হইয়া থাকে।

অপরঞ্চ—কর্কে মেষে বৃষে চন্দ্রে লগ্নে ধনী সুরূপবান্।
বিকলশ্চ দরিদ্রশ্চ শেষে কৃষ্ণে বিশেষতঃ॥

জন্মকালীন লগ্নস্থিত চন্দ্র যদি কর্কটে মেষে কি বৃষরাশিতে অবস্থিত থাকেন তাহা হইলে জাতমনুষ্য ধনবান্ ও রূপবিশিষ্ট হয়। আর যদি ঐ ত্রয়রাশি ভিন্ন অপর রাশিতে লগ্নস্থ চন্দ্র থাকেন বিশেষতঃ কৃষ্ণপক্ষে জন্ম হয়, তবে জাতব্যক্তি বিকলাঙ্গ ও দরিদ্র হইয়া থাকে।

উদরদশনরোগী শৈশবে লগ্নভৌমে
পিশুনমতিকৃশাঙ্গঃ শ্লেষ্মণঃ কৃষ্ণদেহঃ।
ভবতি চপলচিত্তোনীচসেবী কুচেলঃ
সকলসুখবিহীনঃ সর্ব্বদা পাপশীলঃ॥ ৩

জন্মসময়ে মঙ্গল যদিলগ্নস্থ হন তাহা হইলে জাতব্যক্তি শিশুকালে উদররোগী ও দন্তরোগী হয়; আর সেই মনুষ্য হিংসক, কৃশাঙ্গ, শ্লেষ্মাযুক্ত কৃষ্ণবর্ণ, সর্ব্বদা চঞ্চলচিত্ত, নীচলোকের সেবাতে রত ও মলিন বস্ত্র পরিধান করিয়া থাকে। এবং সেইব্যক্তি সর্ব্বসুখে বঞ্চিত ও পাপকার্য্যে সর্ব্বদা রত থাকিবে।

অন্যচ্চ—গুদরোগী বৃহন্নাভিঃ কুব্জঃ কুষ্ঠাদিভির্যুতঃ।
মধ্যদেশে ভবেদ্ব্যঙ্গঃ খর্ব্বশ্চ লগ্নগে কুজে॥ ৩

জন্মকালীন যাহার লগ্নে মঙ্গল অবস্থিত সেইব্যক্তি গুহ্যরোগী, বৃহৎ নাভিযুক্ত, কুব্জ, কুষ্ঠাদিরোগাভিভূত, মধ্যদেশের অঙ্গ বিকলও খর্ব্বাকৃতি হইয়া থাকে।

বুধস্য ফলং।

তনুগতশশিপুত্রে কান্তদেহোঽতিশান্তঃ
বিমলমতিসুশীলঃ পণ্ডিতস্ত্যাগশীলঃ।
স্মিতমৃদুশুচিভাষী সত্যবাদী বিলাসী
কুলজনহিতকারী নাগরীপ্রীতিকারী॥ ৪

জন্মসময়ে বুধ লগ্নস্থিত হইলে সেই ব্যক্তির শরীর কমনীয় হয়। আর ঐ ব্যক্তি অতিশয় শান্তস্বভাব নির্ম্মলমতি, সুশীল, পণ্ডিত, ত্যাগশীল, হাস্যযুক্ত, মৃদুভাষী, বিশুদ্ধবাক্যযুক্ত, সত্যবাদী, বিলাসী, বন্ধুবর্গের হিতকারী ও নাগরীর সন্তোষকর হইবে।

অন্যচ্চ—সুমূর্ত্তির্নিপুণঃ শান্তোমেধাবী চ প্রিয়ম্বদঃ।
বিদ্বান্ দয়াপরশ্চৈব শশিপুত্রে তনুস্থিতে॥ ৪

বুধ লগ্নস্থিত হইলে জাতমনুষ্য সুরূপশালী, নিপুণ, শান্ত, মেধাবী, প্রিয়ভাষী, বিদ্বান, ও দয়াবান্ হয়।

গুরোঃ ফলং।

বিবিধশাস্ত্রপবিত্রকলেবরঃ কনকরত্নধনী প্রিয়দর্শনঃ।
নৃপতিরংশজনস্য চ বল্লভোভবতি দেবগুরৌ তনুগে নরঃ॥ ৫

বৃহস্পতি জন্মকালীন লগ্নে অবস্থিতি করিলে জাতব্যক্তি বিবিধশাস্ত্র পাঠ করিয়া শরীর পবিত্র করে, সুবর্ণরত্ন প্রভৃতি বহু ঐশ্বর্য্যভোগী হয় এবং রাজবংশীয় পুরুষের প্রিয় হইয়া থাকে।

অন্যচ্চ—কবিঃসুগীতঃপ্রিয়দর্শনঃ শুচির্দ্দাতা চ ভোক্তা
নৃপপূজিতঃসুখী।
দেবদ্বিজারাধনতৎপরোধনী ভবেন্নরোদেবগুরৌ তনুস্থে॥ ৫

জন্মসময়ে বৃহস্পতি লগ্নস্থ হইলে জাতমনুষ্য কবি, সুন্দরগায়ক, প্রিয়

ধর্ম্ম, শুচি, দাতা, ভোক্তা, রাজপূজিত, সুখান্বিত, দেবতা ও ব্রাহ্মণ পূজায় তৎপর এবং ধনবান্ হয়।

শুক্রস্য ফলং।

তনুনিকেতনগে ভৃগুনন্দনে ভবতি ধর্ম্মরতোবরপণ্ডিতঃ।
বিপুলশিল্পগুণীহসনে রতোযুবতি কৌতুকচঞ্চলচেষ্টিতঃ॥ ৬

যাহার জন্মসময়ে লগ্নে শুক্র থাকে সে ধর্ম্মপরায়ণ শ্রেষ্ঠপণ্ডিত, শিল্পবিদ্যায় অতিশয় নিপুণ, হাস্যযুক্ত এবং যুবতীর সহিত কৌতুক ক্রীড়ায় চঞ্চলচিত্ত হয়।

অন্যচ্চ—বাচালঃ শিল্পবিদ্ধশ্চ ধনী ভোগী মহামতিঃ।
কাব্যশাস্ত্রবিনোদী চ ধার্ম্মিকোলগ্নগে ভৃগৌ॥ ৬

শুক্র লগ্নে অবস্থিত হইলে জাতব্যক্তি বাচাল, শিল্পজ্ঞ, ধনবান্ ভোগযুক্ত মহামতি, কাব্যশাস্ত্রবিনোদী ত ধার্ম্মিক হইবে।

শনেঃ ফলং।

সততবাহুগদজ্বরপীড়িতস্তপনজে তনুগে চ নরাধমঃ।
ভবতি চাধিকহীনবপুস্তথোযদি ভবেন্নিজমন্দিরগঃ শনিঃ॥ ৭

জন্মকালীন শনিগ্রহ লগ্নে অবস্থিতি করিলে জাতমনুষ্য বাহুরোগী, জ্বররোগাক্রান্ত ও নরাধম হয়, বিশেষতঃ ঐ শনি যদি স্বীয় গৃহস্থিত হন, তবে জাতব্যক্তির শরীর অধিক বা হীন হইয়া থাকে।

অন্যচ্চ—কণ্ডুতি দুর্নামকফপ্রবৃদ্ধির্লগ্নে শনৌ স্যাৎ সততংনরাণাং।
হীনাধিকাঙ্গত্বমধঃপ্রদেশে কফজ্বরোবাতগদঃ সদৈব॥ ৭

জন্মসময়ে যদি শনি লগ্নে থাকেন তবে জাতকের গাত্রকণ্ডূ, দুর্নাম, ও কফ বৃদ্ধি হয়; আর ঐ ব্যক্তির অধঃপ্রদেশে হীনাঙ্গতা কি অধিকাঙ্গতা হওয়ার সম্ভব এবং সে কফ জ্বর ও বাতরোগে সর্ব্বদা কষ্টপায়।

রাহুফলং।

রোগী সদা চন্দ্ররিপৌ তনুস্থে কুচেলধারী বহুশিল্পশীলঃ।
রক্তেক্ষণঃ পাপরতঃ কুকর্ম্মা নরঃ সদা সাহসকর্ম্মদক্ষঃ॥ ৮

লগ্নে রাহু অবস্থিত হইলে জাতমনুষ্য সর্ব্বদা রোগান্বিত, কুৎসিত-বস্ত্র-ধারী, শিল্পকার্য্যে অতিশয় দক্ষ, রক্তচক্ষুবিশিষ্ট, পাপকর্ম্মাসক্ত, কুকর্ম্মান্বিত এবং সর্ব্বদা সাহসিক ও কার্য্যদক্ষ হয়।

ইতি তনুস্থানচিন্তা।

অথ ধনস্থানচিন্তা।

রবেঃ ফলং।

ধনস্থানে গতে সূর্য্যে ধনহীনোভবেন্নরঃ।
ধনঞ্চ তাম্রমেকং স্যাদ্রক্তদ্রব্যমথাপি বা॥ ১

জন্মসময়ে রবিগ্রহ ধনস্থানে (দ্বিতীয়ে) থাকিলে জাতক ধনহীন হয়, অথবা সেই ব্যক্তি তাম্রখণ্ড বা রক্তদ্রব্যদ্বারা ধনশালী হইবে।

অন্যচ্চ—ধনগতদিননাথে পুত্রদারৈর্ব্বিহীনঃ।
কৃশতনুরতিদীনোরক্তনেত্রঃ কুবেশঃ।
ভবতি হি ধনযুক্তোলৌহতাম্রেণ সত্যং
ন ভবতি গৃহবাসী মানবোদুঃখচেতাঃ॥ ১

রবি জন্মকালে ধনস্থানে থাকিলে জাতব্যক্তি পুত্রপত্নী-বিহীন, কৃশ-শরীরী, অতিশয়দীন, রক্তলোচন, কুবেশধারী, লৌহতাম্রাদি ধনে ধনধাম, গৃহত্যাগী এবং সর্ব্বদা দুঃখান্বিত হইয়া থাকে।

চন্দ্রস্য ফলং।

নির্ম্মদোধনপূর্ণশ্চ মণিরত্নধনঃ সদা।
কর্পূরচন্দনামোদী ধনে কুমুদবান্ধবে॥ ২

জন্মকালে ধনস্থানে যাহার চন্দ্র থাকেন সেই মনুষ্য নিরহঙ্কারী, ধন, শালী, মণিরত্ন প্রভৃতি ঐশ্বর্য্যান্বিত এবং কর্পূর চন্দনাদিতে আমোদযুক্ত হইয়া থাকে।

অন্যচ্চ—ধনগতহরিণাঙ্কে ত্যাগশীলোমতিজ্ঞঃ
বিবিধধনসুপূর্ণশ্চঞ্চলাত্মা সুহৃষ্টঃ।
নয়তি চ বহুসৌখ্যং কীর্ত্তিশালী সহিষ্ণুঃ
মুখকুমুদবিকাশী চন্দ্রমস্তুল্যরূপঃ॥ ২

চন্দ্র যদি ধনস্থানে অবস্থিত হন তাহা হইলে জাতমনুষ্য ত্যাগশীল, মতিমান্ বিবিধ ধনযুক্ত, চঞ্চলমতি, হৃষ্টচিত্ত, অত্যন্ত সুখভাগী, কীর্ত্তিশালী, সহিষ্ণু, প্রফুল্ল-বদনযুক্ত এবং চন্দ্রসদৃশ রূপবান্ হয়।

কুজস্য ফলং।

ধনগতপৃথিবীজে ধাতুবাদী প্রবাসী
কৃশধনকৃশচিত্তোদ্যূতকারঃ সহিষ্ণুঃ।
কৃষিকরণসমর্থোবিক্রয়ী লুব্ধচিত্তঃ
লঘুতরসুখভাগী মানবঃ সর্ব্বদৈব॥ ৩

জন্মসময়ে মঙ্গলগ্রহ যদি ধনস্থানে থাকেন তবে জাতব্যক্তি ধাতুবাদী (নাড়ীজ্ঞ) প্রবাসী, অল্পধনযুক্ত, ক্ষীণচিত্ত, দ্যূতকর, সহিষ্ণু, কৃষিকার্য্য-পরায়ণ, বিক্রয়শীল লুব্ধচিত্ত এবং সর্ব্বদা অল্প সুখভাগী হয়।

অন্যচ্চ—কৃষকোবিক্রয়ী নিত্যং প্রবাসী স্বল্পবিত্তবান্।
ধাতুবাদক্রিয়াযুক্তোদ্যূতকারোঽর্থগে কুজে॥ ৩

মঙ্গল যাহার ধনস্থানে থাকেন সেইব্যক্তি কৃষিজীবী, বিক্রয়নিপুণ, সর্ব্বদা প্রবাসী, অল্পবিত্তশালী, নাড়ীজ্ঞ এবং দ্যূতক্রীড়ায় আসক্ত হয়।

বুধস্য ফলং।

ধনগতশশিসূনৌ সত্যবাদী সহিষ্ণুঃ
বহুতরসুখভাগী সর্ব্বদৈব প্রবাসী।
ভবতি জনকভক্তঃ সুন্দরঃ পূর্ণভাগ্যঃ
মৃদুতনুখররোমা দীর্ঘকেশোঽতিগৌরঃ॥ ৪

ধনস্থানে বুধগ্রহ অবস্থিত হইলে জাতমনুষ্য সত্যবাদী, সহিষ্ণু, অত্যন্ত সুখী, সর্ব্বদাপ্রবাসী, পিতৃভক্ত, সুন্দর, অতিশয় সৌভাগ্যশালী মৃদুশরীরী তীক্ষ্ণরোমা, দীর্ঘকেশবিশিষ্ট ও গৌরবর্ণ হইয়া থাকে।

অন্যচ্চ—সত্যবাদী বিদগ্ধশ্চ প্রবাসী পিতৃভক্তিযুক্।
সুন্দরঃ পূর্ণভাগ্যশ্চ ধনগে শশিনন্দনে॥ ৪

বুধগ্রহ যাহার ধনস্থানে থাকেন সেই ব্যক্তি সত্যবাদী, প্রগল্‌ভ, প্রবাসী, পিতৃভক্ত, সুন্দর ও অত্যন্ত সৌভাগ্যযুক্ত হয়।

গুরোঃ ফলং।

সুরগুরৌ ধনমন্দিরসংস্থিতে প্রমুদিতঃ শুচিবাক্‌যুতোনরঃ।
ভবতি ভূরিধনোবহুমৌক্তিকোগতবসুর্ভবতি বৎসরার্দ্ধকে॥ ৫

জন্মসময়ে বৃহস্পতি ধনস্থানে থাকিলে জাতমনুষ্য হর্ষযুক্ত, বিশুদ্ধভাষী অতিশয় ধনশালী ও মুক্তার অধিপতি হয়, কিন্তু বৃহস্পতি সঞ্চারের ছয়-মাস পরে যদি জন্ম হয়, তবে সেইব্যক্তি ধনহীন হইয়া থাকে।

অন্যচ্চ—লক্ষ্মীপ্রমুদিতোনিত্যং গন্ধমাল্যপ্রিয়ং সদা।
মুক্তারত্নধনী মানী ধনস্থে দেবতাগুরৌ॥ ৫

যাহার ধনস্থানে বৃহস্পতি অবস্থিত, তাহার প্রতি লক্ষ্মী সর্ব্বদা হর্ষযুক্তা থাকেন, আর ঐ ব্যক্তি গন্ধমাল্যের প্রিয়, মুক্তারত্নাদিদ্বারা ধনশালী এবং মান্য হয়।

অপরঞ্চ—ধনী মানী হর্ষযুক্তোগন্ধচন্দ্রনভূষিতঃ।
বার্দ্ধক্যে গতবিত্তশ্চ ধনগে দেবতাগুরৌ॥ ৫

বৃহস্পতি জন্মকালীন ধনস্থ হইলে সেই ব্যক্তি ধনশালী, মান্য, হর্ষযুক্ত, চন্দন ও অন্য গন্ধদ্রব্যদ্বারা বিভূষিত ও শেষাবস্থায় ধনহীন হইয়া থাকে।

শুক্রস্য ফলং।

পরধনেন ধনী ধনগে ভৃগৌ যুবতিচিত্তহরোঽপি ভবেন্নরঃ।
রজতমাত্রধনী গতশৈশবে কৃশতনুরসিকোবহুজল্পকঃ॥ ৬

জন্মসময়ে শুক্র ধনস্থানে থাকিলে জাতমনুষ্য পরধনদ্বারা ধনবান্, যুবতীর মনোরঞ্জনকারী, কেবল রজতধনদ্বারা ধনশালী, যৌবনাবস্থায় কৃশ দেহ, রসিক, এবং বাচাল হইয়া থাকে।

অন্যচ্চ—বিদ্যার্জ্জিতধনোনিত্যং স্ত্রীধনেনাথ বা ধনী
রজতস্য ভবেৎ কোষোদ্বিতীয়ে ভৃগুনন্দনে॥ ৬

জন্মকালীন শুক্রধনস্থানে অবস্থিত হইলে সেইব্যক্তি স্বীয় বিদ্যাদ্বারা

সর্ব্বদা ধন উপার্জ্জন করে অথবা স্ত্রীধন দ্বারা ধনবান্ হয়, আর ঐ মনুষ্যের রজতকোষ অর্থাৎ ধনাগার থাকে।

শনেঃ ফলং।

ধননিকেতনবর্ত্তিনি ভানুজে ভবতি কাষ্ঠতৃণেন ধনান্বিতঃ।
শীশকায়সসুসঞ্চয়নে রতোভবতি চৌরমতৌ নিরতঃ সদা॥ ৭

যাহার জন্মকালে শনৈশ্চর ধনস্থানে অবস্থিত, সেই ব্যক্তি কাঠ ও তৃণদ্বারা ধনবান, সীসক ও লৌহ সঞ্চয়ে রত এবং সর্ব্বদা তস্করকার্য্যে ব্রতী হয়।

কাষ্ঠাঙ্গারতৃণধনঃ কুক্রিয়াধনসঞ্চয়ং।
নীচবিদ্যানুরক্তশ্চ দীনোমন্দে ধনস্থিতে॥ ৭

জন্মকালীন শনি ধনস্থানে থাকিলে মনুষ্য কাঠ, অঙ্গার ও তৃণদ্বারা ধনবান্, কুকার্য্যদ্বারা ধনসঞ্চয়ী, নীচ বিদ্যাতে অনুরক্ত ও অতিশয় দরিদ্র হয়।

রাহৌ ধনে চৌরমতে ব্রতস্থঃ সদাতিতপ্তোবহুদুঃখভাগী।
মৎস্যেন মাংসেন মহাধনী চ সদা বসেন্নীচগৃহে মনুষ্যঃ॥ ৭

জন্মকালে রাহু ধনস্থানে থাকিলে মনুষ্য চৌর্য্যব্রতে আসক্ত, অতিশয় উতপ্তহৃদয়, দুঃখান্বিত, মৎস্য ও মাংস দ্বারা ধনশালী এবং সর্ব্বদা নীচ-ব্যক্তির গৃহবাসী হইবে।

রাহোঃ ফলং।

মৎস্যমাংসধনী নিত্যং নখচর্ম্মাস্থিবিক্রয়ী।
চৌরিকাবিত্তজীবী চ রাহৌ ধনগতে নরঃ॥ ৮

যাহার জন্মকালীন রাহু ধনস্থানে থাকেন, সেই মনুষ্য মৎস্যমাংসদ্বারা ধনবান্, নখচর্ম্ম ও অস্থি বিক্রয়ী হয়, অধিকন্তু সেই ব্যক্তি চৌর্য্যবৃত্তিদ্বারা জীবিকা নির্ব্বাহ করিয়া থাকে।

অথ সহজস্থানং।

রবেঃ ফলং।

সহজভবনসংস্থে ভাস্করে ভ্রাতৃহন্তা প্রিয়জনহিতকারী পুত্রভার্য্যাদিযুক্তঃ।
ভবতি চ গুণযুক্তোধৈর্য্যযুক্তঃ সহিষ্ণুঃ বিপুলধনবিহারী নাগরী প্রীতিকারী॥ ১

জন্মকালীন রবি যদি সহোদর স্থানে (লগ্নের তৃতীয়ে) অবস্থিত হন, তাহা হইলে জাতব্যক্তি ভ্রাতৃনাশকারী, প্রিয়জনের হিতকর, পুত্র ভার্য্যাদিযুক্ত, গুণবান্, ধৈর্য্যশালী, সহিষ্ণু, বিপুলধনদ্বারা বিহারশীল ও নাগরীদিগের প্রীতিজনক হয়।

চন্দ্রস্য ফলং।

শশিনি সহজসংস্থে পাপগেহে চ সত্যং সভবতি বহুভাষী ভ্রাতৃহন্তা চ মূর্খঃ।
ভবতি চ সুখভাগী সৌম্যগে রাত্রিনাথে সকলগুণনিধানঃ কাব্যশাস্ত্রপ্রমোদী॥ ২

জন্মসময়ে চন্দ্র যদি সহোদর স্থানে থাকেন আর ঐ ঘর যদি পাপগ্রহের ক্ষেত্র হয় তবে জাতমনুষ্য বহুভাষী,ভ্রাতৃবধকারী ও মূর্খ হয়। যদি সোদর স্থান শুভগ্রহের ক্ষেত্র হয়; আর যাহাতে চন্দ্র থাকেন তাহা হইলে মনুষ্য সুখভাগী, সকলগুণের আধার ও কাব্যশাস্ত্র প্রমোদী হয়।

হন্তি সুধাংশুর্ভগিনীং সহজগঃ পাপঃ পাপমন্দিরে নিত্যং।
অন্যগেহে বহুভগিনীং দত্তে নানাবিধং পাপং॥ ২

জন্মসময়ে সহোদরস্থানস্থিত চন্দ্র পাপযুক্ত কি পাপগৃহে থাকিলে মনুষ্যের ভগিনী নিধন হয়; আর যদি ঐ চন্দ্র অন্যগৃহে অবস্থিত হন,তবে জাতকের অনেক ভগিনী জন্মে এবং সে পাপ রত হয়।

কুজস্য ভ্রাতৃস্থানগত ফলং।

সহজভবনসংস্থে ভূমিজে ভ্রাতৃহন্তা কৃষিধনসুখভাগী তুঙ্গভৌমে বিলাসী।

ধনসুখপরিহীনোনীচগে শত্রুগেহে বসতি মশকপূর্ণে মন্দিরে কুৎসিতে চ ॥ ৩

জন্মসময়ে মঙ্গল সহোদরস্থানে থাকিলে জাতক ভ্রাতৃহন্তা হয়, কিন্তু উক্ত মঙ্গল যদি তুঙ্গস্থানে অবস্থিত হন,তাহা হইলে জাতমনুষ্য কৃষি-কার্য্যদ্বারা ধন উপার্জ্জন করতঃ সুখী ও বিলাসী হয়। সহোদর স্থানস্থিত মঙ্গল নীচস্থানে কি শত্রুগৃহে থাকিলে মনুষ্য ধনসুখবিহীন হয় এবং মশক-পরিপূর্ণ কুৎসিত গৃহে বাস করে।

অন্যচ্চ—সহজনিকেতনসংস্থোভ্রাতৃবিনাশং কুরুতে ভূমিপুত্রঃ।
দীর্ঘায়ুষং কুরুতে তুঙ্গে রাজ্যাস্পদং দত্তে ॥ ৩

জন্মকালীন মঙ্গল সহোদর স্থানে স্থিত হইলে জাতকের ভ্রাতৃবিনাশ হয়; কিন্তু মঙ্গল যদি উচ্চগৃহে স্থিত হন, তাহা হইলে মনুষ্যের দীর্ঘায়ু ও রাজ্যলাভ হইয়া থাকে।

বুধস্য ফলং।

বহুতরধনপূর্ণো ভ্রাতৃহন্তা চ পাপে বহুতরসুতপত্নী পূর্ণগেহে চ তুঙ্গে
তরলমতিবিলজ্জঃ ক্ষীণজঙ্ঘঃ কৃশাঙ্গঃ শিশুবয়সি চ রোগী
সোদরস্থে কুমারে ॥ ৪

জন্মকালে বুধগ্রহ সোদরস্থানে থাকিলে জাতমনুষ্য অত্যন্ত ঐশ্বর্য্যশালী হয়। উক্ত বুধ যদি পাপগ্রহযুক্ত কি পাপগ্রহের ক্ষেত্রে থাকেন, তবে জাতমনুষ্যের ভ্রাতৃবিনাশ হইয়া থাকে। সম্পূর্ণ উচ্চস্থানে থাকিলে জাত-ব্যক্তির বহুতর পুত্র ও পত্নী হয় এবং ঐ ব্যক্তি চঞ্চলচিত্ত, নিলর্জ্জ, ক্ষীণ-জঙ্ঘাবিশিষ্ট, কৃশাঙ্গ ও শিশুকালে রোগান্বিত হইয়া থাকে।

অন্যচ্চ—হন্তি পত্নীং সহজে ভ্রাতৃরমথ বাস্তগতোবুধঃ পাপঃ।
বিমলসহোদরদাতা বিমলমতির্মিত্রসংদৃষ্টঃ ॥ ৪

জন্মসময়ে বুধগ্রহ যদি পাপযুক্ত কি পাপগ্রহক্ষেত্রস্থিত হন, তাহা হইলে জাতকের পত্নী অথবা ভ্রাতার মৃত্যু হয়; কিন্তু সহোদরস্থানস্থ বুধ যদি মিত্রগ্রহকর্ত্তৃক দৃষ্ট হন, তবে জাতব্যক্তির নির্ম্মলবুদ্ধিযুক্ত সোদর জন্মে এবং নিজেও নির্ম্মল বুদ্ধিবিশিষ্ট হয়।

গুরোঃ ফলং।

সহজমন্দিরগে চ বৃহস্পতৌ ভবতি ভূরিকুটুম্বসমন্বিতঃ।
কৃপণতামনুগচ্ছতি কুৎসিতোভবতি সর্ব্বধনক্ষয়কারকঃ॥ ৫

বৃহস্পতি সহোদরস্থানে থাকিলে জাতব্যক্তি বহুতর কুটুম্বযুক্ত, কৃপণ কুৎসিতাকার, এবং সর্ব্বধন ক্ষয়কারক হইয়া থাকে।

অন্যচ্চ—সহজগেহগতোগুরুর্ভ্রাতৃকুটুম্বপরিজনৈঃ পরিপূর্ণঃ।
ভবতি চ কৃপণোমন্দোধনবানপি নির্দ্ধনাকারঃ॥ ৫

সোদর স্থানে বৃহস্পতি অবস্থিত হইলে জাতক ভ্রাতৃকুটুম্ব প্রভৃতি দ্বারা পরিপূর্ণ, কৃপণ, অলস এবং ধনবান্ হইলেও নির্দ্ধনের ন্যায়আচরণ করে।

অপরঞ্চ—ধনবান্নির্দ্ধনাকারং কৃপণোভ্রাতৃসংযুতঃ।
কুটুম্বনৃপপূজ্যশ্চ সহজে দেবতাগুরৌ॥ ৫

জন্মসময়ে বৃহস্পতি সহোদর স্থানে অবস্থিত হইলে জাতব্যক্তি ধনবান্ হইলেও নির্দ্ধনের তুল্য প্রতীয়মান হয়। আর ঐব্যক্তি কৃপণ, ভ্রাতৃসংযুক্ত এবং কুটুম্ব ও নৃপতিকর্ত্তৃক পূজনীয় হয়।

ভৃগোঃ ফলং।

সহজগতোভৃগুপুত্রোদত্তে ভগিনীং সহোদরাং রম্যাং।
কুরুতে জড়মতিমন্দং বহুবিভবং কাতরং ক্রুরং॥ ৬

জন্মকালে সহোদর স্থানে শুক্র অবস্থিত হইলে জাতব্যক্তির মনোরমা সহোদরা ভগিনী জন্মে, এবং ঐব্যক্তি জড়বুদ্ধি, অলস, বহুবিভবশালী, কাতর স্বভাব এবং ক্রুর হয়।

অন্যচ্চ—সহজমন্দিরবর্ত্তিনি ভার্গবে প্রচুরভ্রাতৃযুতোভগিনীযুতঃ।
ভবতি লোচনরোগসমাযুতোধনযুতোঽপি সদা কৃপণঃ খলঃ॥৬

জন্মকালীন সোদর স্থানে শুক্রগ্রহ থাকিলে জাতব্যক্তি বহুভ্রাতৃযুক্ত, ভগিনীযুক্ত, নেত্ররোগী ধনবান্ কৃপণ ও খলস্বভাব হয়।

শনেঃ ফলং।

সহজমন্দিরগে তপনাত্মজে ভবতি সর্ব্বসহোদরনাশকঃ।

তদনু তং নৃপতুল্যনরং করোত্যমলযোষিতপুত্রসমন্বিতং ॥ ৭

শনি জন্মসময়ে সহোদর স্থানে অবস্থিত হইলে জাতমনুষ্য প্রথমতঃ সহোদরগণের হন্তা হয়, পরে ঐ ব্যক্তি রাজতুল্য, উত্তমাস্ত্রীর পতি এবং পুত্রযুক্ত হইয়া থাকে।

অন্যচ্চ—সৌরিস্তৃতীয়গেহস্থোভ্রাতরং ভগিনীস্তথা।

হন্তি রিষ্টং মহোগ্রঞ্চ কুরুতে সুখমদ্ভুতং ॥ ৭

শনি তৃতীয় স্থানে থাকিলে জাতকের ভ্রাতা ও ভগিনীর মৃত্যু হয়, কিন্তু মহদ্রিষ্ট দূরীভূত হইয়া সে সুখভোগী হইয়া থাকে।

অপরঞ্চ—ভ্রাতৃবিনাশং দত্তে ভগিনীনাশঞ্চ সূর্য্যজঃ।

সহজে কুরুতে নৃপসদৃশং নানাসুখভাগিনং পুরুষং ॥ ৭

জন্মকালে শনি সহোদরস্থানে থাকিলে জাতকের ভ্রাতা ভগিনী বিনষ্ট হয় এবং ঐ ব্যক্তি রাজতুল্য হইয়া নানা সুখভোগ করে।

রাহোঃ ফলং।

ভ্রাতুর্ব্বিনাশং প্রদদাতি রাহুস্তৃতীয়গেহে মনুজস্য সোঽপি।

সৌখ্যং ধনং পুত্রকলত্রমিদং দদাতি তুঙ্গী গজবাজিভৃত্যান্ ॥৮

জন্মসময়ে রাহু তৃতীয়স্থানে থাকিলে জাতব্যক্তির ভ্রাতার মৃত্যু হয়। কিন্তু উক্ত রাহু যদি উচ্চগৃহস্থিত হন, তাহা হইলে জাতকের সুখ,ধনলাভ এবং পুত্র কলত্র, মিত্র হস্তী, অশ্ব ও ভৃত্যাদি লাভ হইয়া থাকে।

অন্যচ্চ—ভ্রাতরং ভগিনীং বাথ হন্তি নো জনয়েচ্চ বা।

লক্ষেশ্বরং রিষ্টহীনং তৃতীয়ে কুরুতে তমঃ ॥

রাহুগ্রহ তৃতীয়স্থানে থাকিলে জাতমনুষ্যের ভ্রাতা ও ভগিনীর মৃত্যু হয় অথবা তাহার ভ্রাতা কি ভগিনী জন্মগ্রহণ করে না, কিন্তু ঐ ব্যক্তি লক্ষেশ্বর ও রিষ্ট বিহীন হইয়া থাকে।

অথ বন্ধুস্থানং।

রবেঃ ফলং।

বিবিধধনবিহারী বন্ধুসংস্থে দিনেশে ভবতি হি মৃদুচেতা
গীতবাদ্যানুরক্তঃ।
সমরশিরসি দুর্গে নাস্তি ভঙ্গঃ কথঞ্চিৎ প্রচুরধনকলত্রী
পার্থিবানাং প্রিয়শ্চ॥ ১

জন্মকালে রবিগ্রহ যাহার বন্ধুস্থানে (চতুর্থে) অবস্থিত হন সেইব্যক্তি নানাবিধ ধনদ্বারা বিহার করে এবং ঐব্যক্তি ক্ষীণ প্রকৃতি ও গীত বাদ্যের অনুরক্ত হয়। আর সে কখনও দুর্দ্ধর্ষসংগ্রামস্থলে পরাঙ্মুখ হয় না, বরঞ্চ অত্যন্ত ধনবান্ কলত্রযুক্ত এবং রাজপ্রিয় হইয়া থাকে।

অন্যচ্চ—বন্ধুস্থানগতে সূর্য্যে সুদুঃখী ভবতি ধ্রুবং।
স্বজনেন যুতোনিত্যং ভগ্নগেহী ন সংশয়ঃ॥ ১

লগ্নের চতুর্থস্থানে রবি থাকিলে জাতক অত্যন্ত দুঃখী স্বজনযুক্ত এবং হীনবল হইয়া থাকে। ইহাতে কিছুমাত্র সংশয় নাই।

অপরঞ্চ—বন্ধুং নিহন্তি সবিতা বন্ধুস্থানগতোনৃণাং।
সততং কারয়েত্তাপং ছত্রং বাহনমেব বা॥ ১

রবি বন্ধুস্থানে স্থিত হইলে জাতকের বন্ধুবিনাশ ও সর্ব্বদা তাপিত হয় আর ঐ ব্যক্তি ছত্রবিহীনাদি ভোগ করিয়া থাকে।

প্রকারান্তরঞ্চ—জয়েদ্বহুলসংখ্যানি সংক্রামেষু বলান্যপি।
কৃশঞ্চ বহুপুত্রঞ্চ মলিনং কুরুতে রবিঃ॥ ১

জন্মকালে যাহার বন্ধুস্থানে রবি থাকেন সেইব্যক্তি রণভূমিতে বহুসংখ্যক সৈন্য পরাজয় করে এবং তাহার শরীর ক্লেশ হয়, বহুপুত্র জন্মে আর নিজে মলিন হইয়া থাকে।

চন্দ্রস্য ফলং।

বহুতরবসুপূর্ণোরাত্রিনাথে চতুর্থে।
প্রিয়জনহিতকারী যোষিতাং প্রীতিকারী।

সততনয়নরোগী মৎস্যমাংসাদিভোগী
গজতুরগসমেতঃ ক্রীড়তে হর্ম্ম্যপৃষ্ঠে॥ ২

জন্মকালীন চন্দ্রগ্রহ চতুর্থস্থানে অবস্থিত হইলে জাতমনুষ্য অত্যন্ত ধনশালী, আত্মীয়বর্গের হিতকারী, রমণীবর্গের প্রীতিদায়ক, সর্ব্বদা নেত্র-রোগী, মৎস্যমাংসাদির প্রিয় ও হস্তী-ঘোটকের অধিপতি হয় এবং ঐব্যক্তি সর্ব্বদা প্রাসাদোপরি বিচরণ করে।

অন্যচ্চ—বন্ধুস্থানগতে চন্দ্রে জানুরোগী শিরোব্যথঃ।
দিব্যাবাসে বসেন্নিত্যং ক্ষীণে পাপে বিপর্য্যয়ঃ॥ ২

চন্দ্র যদি বন্ধুস্থানে থাকেন, তবে জাতকের জানুরোগ ও শিরঃপীড়া হয়; কিন্তু ঐ ব্যক্তি উত্তমগৃহে বাস করে। অপর উক্ত চন্দ্র যদি ক্ষীণ বা পাপযুক্ত হন, তাহা হইলে ইহার বিপরীত ফল হইয়া থাকে।

কুজস্য চতুর্থস্থানগতফলং।

জড়মতিরতিদীনোবন্ধুসংস্থে চ ভৌমে
ন ভবতি কুলভার্য্যোবন্ধুহীনোঽতিদুঃখী।
বসতি মশকগেহে নীচসেবানুরক্তঃ
পরসুখপরমায়ী বৃদ্ধবিত্তাল্পভোগী॥ ৩

জন্মসময়ে মঙ্গল বন্ধুস্থানে থাকিলে জাতব্যক্তি জড়বুদ্ধি, অতিদীন, অসতী স্ত্রীর পতি, বন্ধুহীন ও অতিশয় দুঃখী হয়, মশকপরিপূর্ণ গৃহে বাস করে এবং নীচ সেবাতে অনুরক্ত থাকিয়া পরসুখ ও পরবাক্যা-কাঙ্ক্ষী হয়। বিশেষতঃ বৃদ্ধবয়সে অল্পবিত্তভোগী হইয়া থাকে।

অন্যচ্চ—বন্ধুস্থানগতে ভৌমে কুগ্রামে বসতি ধ্রুবং।
বন্ধুভাগ্যবিহীনশ্চ সদা দেবরতোভবেৎ॥ ৩

বন্ধুস্থানে মঙ্গল থাকিলে জাতমনুষ্য কুগ্রামে বাস করে, এবং বন্ধুভাগ্য বিহীন ও সর্ব্বদা দেবার্চ্চনায় রত হয়।

অপরঞ্চ—বন্ধুহীনঃ কুজে বন্ধৌ ভুমিজীবী নরোভবেৎ।
প্রবাসী পঙ্কিলে দেশে গৃহে বাপি সকর্দ্দমে॥ ৩

মঙ্গল যদি জন্মসময়ে বন্ধুস্থানে থাকেন তাহা হইলে জাতব্যক্তি বন্ধু-হীন ভূমিজীবী ও প্রবাসী হয়, বিশেষতঃ ঐ ব্যক্তি কর্দ্দমময়দেশে অথবা কর্দ্দমযুক্ত গৃহে বাস হইয়া থাকে।

প্রকারান্তরঞ্চ—বন্ধুবিহীনোদীনোভূম্যুপজীবী মহীসুতে বন্ধৌ।
মশকদংশকজলৌকাকর্দ্দমভবনে সদা বসতি॥ ৩

জন্মকালীন যাহার বন্ধুস্থানে মঙ্গলগ্রহ অবস্থিত হন সেই মনুষ্য বন্ধু-বিহীন, দীনভারাপন্ন ও ভূমিজীবী হয়, আর ঐ ব্যক্তির মশকাদি পরিপূর্ণ কর্দ্দমময় গৃহে বাস হইয়া থাকে।

বুধস্য ফলং।

ভবনমতিসলজ্জঃ ক্ষীণজজ্ঞঃ কৃশাঙ্গঃ।
শিশুবয়সি চ রোগী বন্ধুসংস্থে কুমারে॥ ৪

বন্ধুস্থানে জন্মকালীন বুধগ্রহ থাকিলে সেই ব্যক্তি ভবনাসক্ত, লজ্জা-শীল, ক্ষীণজজ্ঞ ও কৃশতনু হয়, আর ঐ ব্যক্তি শৈশবাবস্থায় রোগান্বিত হইয়া থাকে।

অন্যচ্চ—বন্ধুস্থানগতে সৌম্যে ভ্রাতৃপুত্রাদিসংযুতঃ।
রিপুগেহিনি পাপস্থে বিপরীতফলং ভবেৎ॥ ৪

বুধ জন্মসময়ে বন্ধুস্থানে থাকিলে জাতমনুষ্য ভ্রাতা ও পুত্রাদিযুক্ত হয়, কিন্তু বুধ ঐ অবস্থায় শত্রুগৃহে থাকিলে অথবা পাপযুক্ত হইলে ইহার বিপরীত ফল হইয়া থাকে।

অপরঞ্চ—বহুমিত্রোবহুধনোবন্ধৌ পাপং বিনা বুধে।
নানারসবিলাসী চ সপাপে ত্বন্যথা ফলং॥ ৪

জন্মসময়ে বুধগ্রহ পাপবর্জ্জিত হইয়া বন্ধুস্থানে থাকিলে জাতব্যক্তি বহুমিত্রযুক্ত, অত্যন্ত ধনশালী এবং নানারস বিলাসী হইবে। কিন্তু ঐ বুধ পাপযুক্ত হইলে ইহার বিপরীত ফল হইয়া থাকে।

গুরু ফলং।

বন্ধুস্থানগতোঽপি সুজনবল্লভঃ, সুরগুরৌ চ বন্ধুসংস্থিতে।
বিবিধমাল্যবরাঙ্গনাক্রীড়কঃ, কনকরত্নসম্পূর্ণগৃহঃ সুখী॥ ৫

বৃহস্পতি বন্ধুস্থানে স্থিত হইয়া যদি স্বীয় মিত্রভবনস্থ হন, তবে জাত-মনুষ্য সুজনপ্রিয়, বিবিধমাল্যধারী, শ্রেষ্ঠা-রমণী-উপভোগী, কনকরত্নাদি পূর্ণ গৃহের অধিপতি এবং সুখী হয়।

অন্যচ্চ—রত্নোপভোগী বন্ধুস্থে দেবপূজ্যেঽতিগর্ব্বিতঃ।
সর্ব্বরিষ্টবিনির্ম্মুক্তোদিব্যগেহী চ মানবঃ॥ ৫

যাহার বন্ধুস্থানে বৃহস্পতি থাকেন সেই ব্যক্তি নানা রত্নভোগী, অতিশয় গর্ব্বিত ও সমস্তরিষ্ট বিহীন হয় এবং উক্ত মনুষ্য উত্তমগৃহে বাস করিয়া থাকে।

অপরঞ্চ—বনেঽপি মিত্রাণি ভবন্তি পুংসাং যেষাং গুরুর্ম্মিত্র-
নিকেতনস্থঃ।
বিচিত্রমাল্যাম্বররত্নপূর্ণঃ ক্রীড়েত কান্তাগজবাজিভিশ্চ॥ ৫

জন্মকালীন বৃহস্পতি বন্ধুস্থানে থাকিলে জাতক বনমধ্যেও মিত্র প্রাপ্ত হয়, বিচিত্র মাল্য, বস্ত্র ও রত্নাদিযুক্ত হইয়া কামিনীর সহিত ক্রীড়া করে এবং হস্তী অশ্বাদির অধিপতি হয়।

শুক্র ফলং।

ভবতি বন্ধুগতে ভৃগুজে নরোবহুকলত্রসুতেন সমন্বিতঃ।
সুমুখমদ্ভুতমুচ্চগতে বরোবরগৃহোবরনারীসমন্বিতঃ॥ ৬

জন্মসময়ে বন্ধুস্থানে শুক্র থাকিলে, জাতক বহুকলত্র ও পুত্রযুক্ত হয়। শুক্র ঐ অবস্থায় উচ্চস্থ হইলে সেইব্যক্তি সুন্দরাস্য, অতিশয়শ্রেষ্ঠ এবং উত্তমগৃহের অধিপতি ও রমণীয়া স্ত্রীযুক্ত হইয়া থাকে।

অন্যচ্চ—বররচিতবিচিত্রাবাসবাসী বিলাসী।
বহুধনসুখভাগী লোকমান্যশ্চিরায়ুঃ॥ ৬

শুক্র বন্ধুস্থানে স্থিত হইলে জাতকের বিচিত্র আবাসে বসতি হয়। এবং ঐ ব্যক্তি বিলাসী বহুধনদ্বারা সুখভোগী, লোকমান্য এবং দীর্ঘায়ু-বিশিষ্ট হইয়া থাকে।

অপরঞ্চ—কবিতাং বহুমিত্রাণি সুশীলানি প্রযচ্ছতি।

করোতি সুদৃশং স্বচ্ছং বন্ধুস্থানগতোভৃগুঃ॥ ৬

জন্মকালে শুক্রগ্রহ বন্ধুস্থানগত হইলে জাতব্যক্তি কবি বহুমিত্রযুক্ত সুশীল সুদৃশঃ এবং নির্ম্মলান্তকরণ বিশিষ্ট হয়।

শনেঃ ফলং।

বন্ধুস্থিতোভানুসুতোনরাণাং করোতি বন্ধোর্ম্মরণঞ্চ রোগং।
স্ত্রীভৃত্যপুত্রেণ নিরাকৃতঞ্চগ্রামান্তবাসং প্রকরোতি বক্রঃ॥ ৭

যাহার বন্ধুস্থানে শনৈশ্চর অবস্থিতি করেন সেই ব্যক্তি বন্ধুবিয়োগী ও রোগান্বিত হয়, শনি বক্রভাবে থাকিলে ঐ মনুষ্য স্ত্রীভৃত্যপুত্রাদিকর্ত্তৃক নিরাকৃত হইয়া গ্রামান্তরে বাস করিয়া থাকে।

অন্যচ্চ—ভগ্নাসনগৃহোনিত্যং বিকলোদুঃখপীড়িতঃ।
স্বস্থানভ্রংশমাপ্নোতি সৌরে বন্ধুগতে নর॥ ৭

যদি জন্মসময়ে বন্ধুগৃহে শনৈশ্চর অবস্থিত হন, তাহা হইলে মনুষ্য ভগ্ন আসনোপবিষ্ট সর্ব্বদা ভগ্নগৃহবাসী, বিকলাঙ্গ ও দুঃখার্ত্ত এবং স্থানভ্রষ্ট হয়।

অপরঞ্চ—ভগ্নগৃহোভগ্নাসনোবন্ধুস্ত্রীভৃত্যবর্জ্জিতোবিকলঃ।
একান্তস্থানবাসী ভবতি নরোনিত্রগে চ মন্দে॥ ৭

শনি মিত্রগৃহে (চতুর্থে) অবস্থিত হইলে জাতক ভগ্নগৃহবাসী, ভগ্নাসন বিশিষ্ট, বন্ধু স্ত্রী ও ভৃত্যাদিবর্জ্জিত, বিকলাঙ্গ ও নির্জ্জনস্থানবাসী হইয়া থাকে।

চতুর্থস্থানস্থিতরাহুফলং।

মুণ্ডে * চতুর্থে ধনবন্ধুহীনোগ্রামৈকদেশে বসতি প্রহৃষ্টঃ।
নীচানুরক্তঃ পিশুনশ্চপাপী পুত্রৈকভাগী কৃশরোহতিদীনঃ॥৮

জন্মকালীন যদি চতুর্থস্থানে রাহুগ্রহ বাস করেন, তাহা হইলে জাতমনুষ্য ধনহীন, বন্ধুবিয়োগী, গ্রামের প্রান্তভাগবাসী হৃষ্টচিত্ত, নীচানুরক্ত, হিংসক, পাপশীল, একপুত্রবিশিষ্ট, কৃশাঙ্গ ও অতিশয় হীন-হীন হয়।

* মুণ্ডে—রাহৌ ইতি চ পাঠঃ।

অন্যচ্চ গ্রামোপান্তে নিবাসী সীদতি নিত্যমন্যমন্দিরে শক্তঃ।
ব্যসনী ভবতি কুমিত্রোবন্ধুস্থানে নরোরাহৌ॥ ৮

যাহার জন্মকালে বন্ধুস্থানে রাহু থাকেন সেই ব্যক্তি গ্রামের প্রান্ত-ভাগে বাস করে এবং সর্ব্বদা সীদমান হয়। আর ঐ ব্যক্তি পরগৃহাসক্ত ব্যসনী ও কুমিত্রযুক্ত হইয়া থাকে।

অপরঞ্চ—নীচমিত্রগৃহাবাসী গ্রামোপান্তনিকেতনঃ।
কুচেলঃ কুসুমামোদী রাহৌ বন্ধুগতে নরঃ॥ ৮

জন্মকালে বন্ধুস্থানে রাহু থাকিলে জাতক নীচজাতীয়·মিত্রগৃহবাসী হইয়া গ্রামের প্রান্তভাগে অবস্থিতি করে, আর ঐ ব্যক্তি কুবস্ত্রধারী ও পুষ্পগন্ধে অনুরাগী হয়।

ইতি বন্ধুস্থানচিন্তা।

অথ পুত্রস্থানং।

রবে ফলং।

তনয়গতদিনেশে শৈশবে সৌখ্যভাগী ন ভবতি ধনভাগী
যৌবনে ব্যাধিযুক্তঃ।
জনয়তি সুতমেকং চাত্মগেহে চ সূরঃ চপলমতিবিলজ্জঃ ক্রূর-
কর্ম্মা কুচেলঃ॥ ১

জন্মসময়ে যাহার পুত্রস্থানে (পঞ্চমে) রবিগ্রহ অবস্থিতি করেন সেই ব্যক্তি শিশুকালে সুখভাগী হয়, কিন্তু কখনও ধনশালী হয় না, বিশেষতঃ যৌবনসময়ে সে পীড়িত থাকে। রবি পঞ্চমস্থ হইয়া স্বীয়গৃহে থাকিলে ঐ ব্যক্তির একটিমাত্র পুত্র জন্মে আর ঐ মনুষ্য চপলবুদ্ধি, নিলর্জ্জ, কুব্যসন যুক্ত ও ক্রূরকর্ম্মা হইয়া থাকে।

অন্যচ্চ—সবিতা পঞ্চমভবনে স্বগৃহে হন্তি প্রথমমেব সুতং।
ততোদত্তে পুত্রং অন্যগ্রহেষু সবিতা গর্ব্ভস্রাবং * কুরুতে॥১

রবি যদি পুত্রস্থানগত হইয়া স্বঘরে থাকেন তবে তাহার প্রথম পুত্র

---

* গর্ব্ভস্রাবঞ্চ রিপুগৃহে। ইত্যপি পাঠঃ।

বিনষ্ট হয়। কিন্তু পরে একপুত্র জন্মিয়া জীবিত থাকে। রবি পঞ্চমস্থ হইয়া অন্য গৃহে অবস্থিতি করিলে স্ত্রীর গর্ভস্রাব হইয়া থাকে।

অপরঞ্চ—পঞ্চমং স্বগৃহক্ষেৎ স্যাদ্রবিঃ প্রথমপুত্রহা।
ন হন্যাদপরান্ পুত্রাননন্যর্ক্ষে গর্ব্ভঘাতকঃ॥ ১

যদি রবি স্বগৃহে থাকিয়া জন্মসময়ে পুত্রগৃহস্থিত হন, তবে জাতকের প্রথম পুত্র বিনষ্ট হয়, অন্য পুত্র জীবিত থাকে। কিন্তু রবি যদি পুত্রস্থানে স্থিত হইয়া স্বীয়গৃহভিন্ন অপর ঘরে থাকেন, তবে ঐ ব্যক্তির গর্ত্তস্রাব হয়।

চন্দ্রস্য ফলং।

তনয়গতশশাঙ্কে বিত্তপূর্ণঃ সুখী স্যাৎ বহুতরসুতযুক্তোরম্যনারী-
সমেতঃ।
যদি ভবতি শশাঙ্কঃ ক্ষীণপাপারিগেহী হরতি সুখসমূহং
পঞ্চমস্থোনরাণাং॥ ২

জন্মসময়ে চন্দ্র যাহার পুত্রস্থানে থাকেন সেই ব্যক্তি বিত্তশালী, সুখী, বহুপুত্রযুক্ত ও মনোরমা রমণীর পতি হয়, কিন্তু ঐ পঞ্চমস্থানস্থিত চন্দ্র যদি ক্ষীণ, পাপগ্রহযুক্ত কি শত্রু সমন্বিত হন, তাহা হইলে জাতক সর্ব্বপ্রকারে সুখবিহীন হইয়া থাকে।

অন্যচ্চ—অমৃতনিধিঃ পঞ্চমস্থঃ কন্যাসুতভৃত্যভূষিতং কুরুতে।
ক্ষীণঃ পাপসমেতোযচ্ছতি কন্যামেকাং চপলাং॥ ২

জন্মকালীন চন্দ্র পঞ্চমস্থানে থাকিলে জাতমনুষ্য কন্যা পুত্র এবং ভৃত্যাদিদ্বারা বিভুষিত হয়; কিন্তু ঐ চন্দ্র যদি ক্ষীণ কি পাপগ্রহযুক্ত হন, তাহা হইলে একটীমাত্র চঞ্চলা কন্যা হয়।

কুজস্য ফলং।

তনয়ভবনসংস্থে ভূমিপুত্রে মনুষ্যঃ ভবতি তনয়হীনোবিত্ত-
হীনোঽতিদুঃখী।
যদি নিজগৃহতুঙ্গে বর্ত্ততে ভূমিপুত্রঃ কুহকমলিনচিত্তং পুত্রমেকং
দদাতি॥ ৩

জন্মসময়ে মঙ্গল পুত্রস্থানে থাকিলে সেই মনুষ্য পুত্রহীন, ধনহীন ও অতি দুঃখী হয়; আর ঐ পুত্রস্থানগত মঙ্গল স্বীয়গৃহস্থিত হইলে অথবা উচ্চস্থানে থাকিলে জাতকের কুহকী ও মলিনচিত্ত একটি পুত্র হইয়া থাকে।

অন্যচ্চ—রিপুদৃষ্টে রিপুভবনে নীচে বা সংস্থিতে ভৌমে।
হাহাকারহতাত্মা ভবতি নরঃ পুত্রশোকার্ত্তঃ॥ ৩

যদি কোনব্যক্তির জন্মসময়ে মঙ্গলগ্রহ পুত্রস্থানে থাকিয়া শত্রুগ্রহ দৃষ্ট, শত্রুগ্রহের ক্ষেত্রস্থ অথবা স্বীয় নীচ গৃহস্থিত হন তাহা হইলে জাতক পুত্রশোকে পীড়িত হইয়া হাহাকার ধ্বনি করতঃ গতাসু হইবে।

বুধস্য ফলং।

তনয়মন্দিরগে শশিনন্দনে সুতকলত্রযুতঃ সুখভাজনঃ।
বিকচপঙ্কজচারুমুখঃ কবিঃ সুরগুরুদ্বিজভক্তিমতিঃ শুচিঃ॥ ৪

জন্মকালীন পুত্রস্থানে বুধ থাকিলে জাতক পুত্রকলত্রাদিযুক্ত, সুখভাগী প্রফুল্লপদ্মেরন্যায় মনোজ্ঞ বদনবিশিষ্ট, কবি, দেবতাগুরু ও ব্রাহ্মণ ভক্ত এবং শুদ্ধাচারী হয়।

অন্যচ্চ—বহুপুত্রোবহুমিত্রোবহুবুদ্ধিগুণাকরঃ।
মন্ত্রী চ বহুধর্ম্মজ্ঞঃ পঞ্চমে বিধুনন্দনে॥ ৪

পঞ্চমস্থানে বুধ থাকিলে জাতমনুষ্য বহুপুত্র ও বহুমিত্রযুক্ত, অত্যন্ত বুদ্ধিমান্, গুণান্বিত, রাজমন্ত্রী ও অতিশয় ধর্ম্মজ্ঞানী হইয়া থাকে।

অপরঞ্চ—সৌম্যঃ পাপযুতোদৃষ্টঃ সৌম্যপুত্রং প্রযচ্ছতি।
হন্যাদিতরথা সোঽপি নান্যথা জনয়েত্তদা॥ ৪

জন্মসময়ে বুধগ্রহ পাপগ্রহযুক্ত কি পাপগ্রহকর্ত্তৃক দৃষ্ট হইয়া পঞ্চমস্থানে থাকিলে সেই মনুষ্যের সুন্দর পুত্র জন্মে। ইহার বিপরীত হইলে পুত্র জন্মিয়া বিনষ্ট হয়, অথবা পুত্র জন্মে না।

গুরোঃ ফলং।

প্রচুরপুত্রকলত্রসমন্বিতঃ সুরগুরৌ সুতগে চ ভবেন্নরঃ।
বিপুলকান্তিযুতঃ সুখভাজনোভবতি সর্ব্বজনপ্রিয়দর্শনঃ॥ ৫

জন্মকালে পঞ্চমস্থানে বৃহস্পতি থাকিলে জাতক বহুপুত্রকলত্রাদিযুক্ত, বিপুলকান্তিবিশিষ্ট, সুখান্বিত ও সকলের প্রিয় দর্শন হয়।

অন্যচ্চ—প্রচুরসুতসুখান্বিতঃ সমৃদ্ধোবরযুবতীজননায়কঃ সুবুদ্ধিঃ।
বিপুলসৌখ্যপয়োনিধৌনিমগ্নোভবতিনরোগুণবান্সুতস্থে ॥৫

বৃহস্পতি জন্মসময়ে সুতস্থানে থাকিলে জাতমনুষ্য বহুপুত্রযুক্ত, সুখী, সমৃদ্ধিশালী মনোরমাযুবতীর নায়ক, অতিশয় বুদ্ধিমান ও গুণবান্ হয়। আর ঐ ব্যক্তি সর্ব্বদা সুখসাগরে নিমগ্ন থাকে।

অপরঞ্চ—সমৃদ্ধোবহুভার্য্যশ্চ বহুপুত্রশ্চ সুন্দরঃ।
ধনী যোধপতিঃ শ্রীমান্ পঞ্চমে দেবতাগুরৌ ॥ ৫

জন্মসময়ে পঞ্চমস্থানে বৃহস্পতি থাকিলে জাতব্যক্তি সমৃদ্ধিশালী, বহু ভার্য্যান্বিত, বহুপুত্রযুক্ত সুন্দর, ধনবান্, সেনাধ্যক্ষও শ্রীমান্ হয়।

ভৃগোঃ ফলং।

তনয়মন্দিরগে ভৃগুনন্দনে তনুসুতোদুহিতাবরপূজিতঃ।
বহুধনী গুণবান্ প্রিয়দর্শনোভবতিচারুবিলাসবতীপতিঃ ॥ ৬

জন্মকালে শুক্র পঞ্চমস্থানে স্থিত হইলে মনুষ্য অল্পপুত্র ও বহু কন্যাবিশিষ্ট, অত্যন্ত ধনশালী, গুণবান্, মনোজ্ঞ এবং মনোরমারমণীর পতি হয়।

অন্যচ্চ—বহুকন্যোঽল্পপুত্রশ্চ দাতা ভোক্তা গুণান্বিতঃ।
ধনী মানী চ সততং সুতস্থে ভৃগুনন্দনে ॥ ৬

জন্মসময়ে পঞ্চমস্থানে শুক্রগ্রহ অবস্থিত হইলে জাতক বহু কন্যাযুক্ত, অল্পপুত্রবিশিষ্ট, দাতা, ভোক্তা, গুণবান্ ধনশালী ও সকলের মান্য হয়।

শনেঃ ফলং।

শনৈশ্চরে পঞ্চমমন্দিরস্থে পুত্রার্থহীনোভবতি চ দুঃখী।
তুঙ্গে নিজে মিত্রগৃহে চ পঙ্গৌ পুত্রৈকভাগীভবতীতিকশ্চিৎ ॥৭

জন্মসময়ে শনৈশ্চর যদি পঞ্চমস্থানে স্থিত হন, তবে সেই মনুষ্য পুত্র-হীন, ধনহীন ও অতিশয় দুঃখী হয়; কিন্তু ঐ পঞ্চমস্থান শনির উচ্চস্থান, স্বীয়গৃহ কি মিত্রগৃহ হইলে জাতকের একটিমাত্র পুত্র জন্মিয়া থাকে।

অন্যচ্চ—সুতমন্দিরগোঽপ্যরিমন্দিরস্থঃসকলসুতানবিনিহন্তি সূর্য্যপুত্রঃ।
স্ফুরতিচারুরুচির্ম্মহোচ্চসংস্থঃকথমপিযচ্ছতিপুত্রমেকমত্যুগ্রং॥ ৭

শনি পুত্রগৃহে অবস্থিত হইয়া যদি শত্রুগৃহস্থ হন, তবে জাতব্যক্তির সমুদায় পুত্র বিনষ্ট হয়; কিন্তু ঐ শনি অস্তাদিরহিত ও পরমোচ্চস্থানে বাস করিলে জাতকের উগ্রস্বভাববিশিষ্ট একটি পুত্র হয়।

অপরঞ্চ—সুতস্থোবৈরিগেহী চ সর্ব্বপুত্রং হরেচ্ছনিঃ।
তুঙ্গী সম্পূর্ণবীর্য্যশ্চেদ্রুগ্নং পুত্রং প্রযচ্ছতি॥ ৭

জন্মসময়ে শনৈশ্চর সুতস্থানে থাকিলে ঐ ঘর যদি তাঁহার শত্রুগ্রহ হয়, তাহা হইলে সকল পুত্র বিনষ্ট হয়; কিন্তু উক্ত পুত্রস্থান যদি শনির উচ্চগৃহ হয় কি শনি সম্পূর্ণ বলবান্ হন, তবে একটি রুগ্ন পুত্র জন্মে।

রাহুঃ ফলং।

রাহুঃ সুতস্থঃ শশিভানুগেহী পুত্রস্য হন্তা কুপিতঃ সদৈব।
গেহান্তরে সোঽপিসুতৈকমাত্রং দত্তেসুদীনং মলিনং কুচেলং॥ ৮

জন্মকালীন রাহুগ্রহ যদি সুত স্থানে থাকেন আর ঐ ঘর যদি চন্দ্র কি সূর্য্যের গৃহ হয়, তাহা হইলে রাহু সর্ব্বদা কুপিত থাকিয়া পুত্র বিনাশ করেন; কিন্তু রাহু চন্দ্র ও সূর্য্যের গৃহ ভিন্ন অন্যগৃহে থাকিলে জাতকের দীন, মলিন ও কুবস্ত্রধারী একটিমাত্র পুত্র হয়।

অন্যচ্চ—মলিনং তনয়ং দীনং জনয়তি সুতস্থিতোবিধুধ্বংসী।
তপনসুধানিধিভবনে কুরুতে নিঃসন্ততিং কুপিতঃ॥ ৮

জন্মসময়ে যদি পুত্রস্থানে রাহুগ্রহ থাকেন তাহা হইলে জাত মনুষ্যের মলিন ও দীনভাবাপন্ন পুত্র হয়; কিন্তু পঞ্চমস্থানস্থ রাহু যদি সূর্য্য কি চন্দ্রের ঘরে অবস্থিত হন তাহা হইলে তিনি কুকিত হইয়া জাতককে সন্তানবিহীন করিয়া থাকেন।

অপরঞ্চ—তনয়ং দীনমলিনং সুতস্থোজনয়েত্তমঃ।
যদি চন্দ্রগৃহং তৎস্যাত্তদা নিঃসন্ততিঃ পুমান্॥ ৮

রাহুগ্রহ জন্মকালীন সুতস্থানে থাকিলে জাতকের দীন ও মলিন একটি পুত্র জন্মে, কিন্তু ঐ পঞ্চমস্থান যদি চন্দ্রের গৃহ হয় তাহা হইলে জাতক নিঃসন্তান হয়।

পুত্রস্থানচিন্তা।

অথ রিপুস্থানং।

রবেঃ ফলং।

অরিগৃহগতভানৌ যোগশীলমতিজ্ঞঃ নিজকুলহিতকারী জ্ঞাতি-
বর্গপ্রমোদী।
কৃশতনুগৃহমেধী চারুমূর্ত্তির্ব্বিলাসী ভবতি বিপুলতেজাঃ কূর্ম্ম-
পৃষ্ঠোপমাঙ্গঃ॥ ১

জন্মসময়ে যদি অরিগৃহে (ষষ্ঠস্থানে) রবি থাকেন তাহা হইলে জাত মনুষ্য যোগশীল বুদ্ধিমান, স্বগণের হিতসাধক, জ্ঞাতিবর্গের সহিত প্রমোদকারী, কৃশশরীরী, গৃহস্থ, কূর্ম্ম পৃষ্ঠবৎ কঠিন, মনোজ্ঞদেহ-যুক্ত, বিলাসী, অত্যন্ত তেজস্বী হইবে।

অন্যচ্চ—রিপৌ রিপুং হন্তি সহস্ররশ্মিশ্চিরায়ুষঞ্চাপি নরং করোতি
দন্তেরিপুক্ষোপচয়স্যহানিংনীচাস্তিকেশক্রদুহেহপানত্যং॥১

জন্মকালীন রবি ষষ্ঠস্থানে থাকিলে জাতমনুষ্যের শত্রু বিনষ্ট হয় এবং ঐব্যাক্তি দীর্ঘায়ুবিশিষ্ট হইয়া থাকে। কিন্তু ঐ ষষ্ঠস্থানস্থ সূর্য্য নীচস্থ কি শত্রুগৃহাস্থিত হইলে জাতকের শত্রুবৃদ্ধি ও অবনতি হয়।

অপরঞ্চ—রিপুং হন্তি সহস্রাংশুঃ শত্রৌ স্বোপচয়োযদি।
শত্রুভির্যুতদৃষ্টশ্চেদ্বহুশত্রুন প্রযচ্ছতি॥ ১

জন্মসময়ে বলবান্ সূর্য্য যদি ষষ্ঠস্থানে অবস্থিত হন তাহা হইলে জাত-মনুষ্যের শত্রু বিনষ্ট হয়, কিন্তু ঐ রবি যদি শত্রুগ্রহযুক্ত কি শত্রুগ্রহকর্ত্তৃক দৃষ্ট হন তবে জাতকের শত্রুবৃদ্ধি হইয়া থাকে।

চন্দ্রস্য ফলং।

রিপুগৃহগতচন্দ্রঃ ক্ষীণনীচারিগেহী ন ভবতি সুখদায়ী
ব্যাধিদুঃখস্য দাতা।

যদি নিজগৃহতুঙ্গে পূর্ণদেহঃ শশাঙ্কঃ বহুতরসুখদাতা স্যাত্তদা মানবানাং ॥ ২

জন্মসময়ে চন্দ্র ষষ্ঠস্থানে স্থিত হইয়া যদি ক্ষীণ কি নীচগৃহস্থিত অথবা তাৎকালিক শত্রুগৃহস্থিত হন তাহা হইলে জাতমনুষ্য সুখী না হইয়া বরঞ্চ রোগ ও দুঃখাদি প্রাপ্ত হয়; কিন্তু ঐ ষষ্ঠস্থ চন্দ্র যদি নিচ গৃহস্থিত কি উচ্চস্থ অথবা পূর্ণদেহী হন তবে সেই জাতকের সুখ হইয়া থাকে।

অন্যচ্চ—ষষ্ঠে বিধুর্ম্মৃত্যুকরোঽপি দৃষ্টঃ পাপান্বিতঃ পাপগৃহে চ পাপঃ।

শত্রুং নিহন্যাৎপরিপূর্ণদেহঃ শুভেক্ষিতোজীবগৃহস্থিতোঽপি ॥২

জন্মকালীন ষষ্ঠস্থানস্থিত চন্দ্র যদি পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট, পাপযুক্ত কি পাপগ্রহের ক্ষেত্রেস্থিত অথবা নিজে পাপ হন, তবে তিনি জাতমনুষ্যের মৃত্যুকর হইয়া থাকেন, কিন্তু ঐ ষষ্ঠস্থানস্থ চন্দ্র যদি শুভগ্রহকর্ত্তৃক দৃষ্ট কি বৃহস্পতির গৃহে অবস্থিত অথবা পূর্ণদেহী হন, তাহা হইলে জাতকের শত্রু বিনষ্ট হইয়া থাকে।

মঙ্গলস্য ফলং।

রিপুগৃহগতভৌমে মানবঃ সৌখ্যভাগী
সুতধনপরিপূর্ণস্তুঙ্গগে স্বগৃহে বা।
রিপুগণপরিদৃষ্টে নীচগে ভূমিপুত্রে
ভবতি বিকলমূর্ত্তিঃ কুৎসিতঃ ক্রূরকর্ম্মা ॥ ৩

মঙ্গল জন্মসময়ে ষষ্ঠস্থানে থাকিলে ঐ স্থান যদি তাঁহার স্বগৃহ কি উচ্চস্থান হয়, তবে জাতব্যক্তি সুখান্বিত, পুত্রযুক্ত এবং ধনশালী হয়; আর উক্ত মঙ্গল শত্রুগ্রহকর্ত্তৃকদৃষ্ট কি নীচগৃহস্থিত হইলে মনুষ্য বিকলমূর্ত্তি কুৎসিত ও ক্রূরকর্ম্মা হইয়া থাকে।

অন্যচ্চ—অরিভবসংস্থোনীচোদস্তে মৃত্যুং কুজঃ ষষ্ঠঃ।

হরতি চ রাজ্যং সদ্যঃ কুরুতে নৃপং তথান্যত্র ॥ ৩

জন্মকালীন ষষ্ঠস্থানস্থিত মঙ্গল যদি শত্রুগৃহস্থিত কি নীচগৃহস্থিত হন,

তবে জাতকের মৃত্যু হয়, আর যদি কোন রাজপুত্রের জন্মকালে মঙ্গল ঐ রূপ থাকেন, তবে তাহার রাজ্যবিনষ্ট হয়, কিন্তু শত্রুগৃহস্থিত কি নীচস্থ না হইয়া যদি ষষ্ঠস্থানে মঙ্গল থাকেন তবে জাতব্যক্তি নৃপতিতুল্য হইয়া থাকে।

বুধস্য ফলং।

বুধোরিপুং যচ্ছতি শত্রুসংস্থোবক্রাতিচারী যদি পাপধাম্নি।
রিপুং নিহন্যাদরিগঃ শুভস্থঃ শুভোহপিরিষ্টং প্রদদাতি বক্রঃ॥ ৪

জন্মসময়ে বুধ লগ্নের ষষ্ঠস্থানে পাপগ্রহের ক্ষেত্রে বক্রী কি অতিচারী অবস্থায় স্থিত হইলে জাতমনুষ্যের শত্রুবৃদ্ধি হয়। ষষ্ঠস্থবুধ শুভগ্রহের ক্ষেত্রে থাকিলে জাতকের শত্রুবিনষ্ট হয় কিন্তু ঐ অবস্থায় বক্রী হইলে রিষ্ট হইয়া থাকে।

অরিনিকেতনবর্ত্তিনি সোমজে রিপুকুলাদ্ভয়দোযদি বক্রগঃ।
যদি চ পুণ্যগৃহে শুভবীক্ষিতো রিপুকুলংবিনিহন্তি শুভপ্রদঃ॥ ২

জন্মকালে বুধ যদি বক্র অবস্থায় ষষ্ঠস্থানে থাকেন, তাহা হইলে জাতমনুষ্যের শত্রুকুল হইতে ভয় হয়। কিন্তু ঐ ষষ্ঠস্থবুধ শুভগ্রহের ক্ষেত্রে থাকিলে কি শুভগ্রহকর্ত্তৃক দৃষ্ট হইলে জাতকের শত্রুকুল বিনষ্ট হইয়া থাকে।

অপরঞ্চ—শত্রূন্ বিজয়তে সৌম্যঃ সৌম্যদৃষ্টোহথ বা বুধঃ।
নীচঃ পাপশ্চ বক্রী চ যষ্ঠর্ক্ষে রিপু রিষ্টকৃৎ॥ ৪

জন্মসময়ে ষষ্ঠস্থবুধ যদি শুভগ্রহকর্ত্তৃক দৃষ্ট হন্ তাহা হইলে জাতব্যক্তি শত্রুবিজয়ী হয়, ঐ বুধ নীচগৃহস্থ কি পাপ অথবা বক্রী হইলে জাতব্যক্তির শত্রুকর্ত্তৃক অনিষ্ট হইয়া থাকে।

গুরোঃ ফলং।

করিহয়ৈঃ কৃতসঙ্গরসাগরে জয়তি শত্রুকুলং রিপুগে গুরৌ।
রিপুগৃহেযদি বক্রগতোগুরুরিপুকুলাদ্ভয়মাতনুতেহরিগঃ॥৫

জন্মলগ্ন হইতে ষষ্ঠস্থানে বৃহস্পতি অবস্থিত হইলে জাতমনুষ্য হস্তি

অশ্বাদিযুক্তরণসাগরে শত্রুকুল জয় করে ; কিন্তু উক্ত ষষ্ঠস্থবৃহস্পতি শত্রুগৃহস্থিত কি বক্রী হইলে জাতকের শত্রুকুল হইতে ভয় হয়।

অন্যচ্চ—করিতুরগনিচয়সমরে বিজয়তে রিপুকুলং নিজেন দর্পেণ।
অমর গুরৌ রিপুভবনে শত্রুগৃহে শত্রুরোগার্ত্তঃ॥ ৫

বৃহস্পতি জন্মসময়ে লগ্নের ষষ্ঠস্থানে থাকিলে জাতব্যক্তি হস্তীঘোটকাদিযুক্ত যুদ্ধে স্বীয় দর্পদ্বারা শত্রুকুল জয় করে, কিন্তু ঐ বৃহস্পতি শত্রুগৃহী হইলে জাতক শত্রুগণ কর্ত্তৃক পীড়িত হইয়া থাকে।

শুক্রস্য ফলং।

ভবতিশত্রুকুলাদ্ভয়পীড়িতোরিপুগৃহে ভৃগুজে হস্তগতে নরঃ।
জয়তি চারুবলং নিজতুঙ্গগে ভৃগুসুতে স্বগৃহে ননু ষষ্ঠগে॥ ৬

জন্মকালে অস্তমিত শুক্র জাতলগ্নের ষষ্ঠস্থানে থাকিলে মনুষ্য শত্রুভয় দ্বারা পীড়িত হয়। কিন্তু ঐ শুক্র স্বীয় উচ্চগৃহে অথবা স্বঘরে থাকিয়া ষষ্ঠস্থ হইলে জাতব্যক্তি বলশালী হইয়া শত্রু বিনাশ করে।

অন্যচ্চ—অস্তংগতোনীচগতোঽপিশুক্রঃকরোতিবৈরং কলহাংশ্চরোগান্।
তুঙ্গস্থিতোমিত্রগৃহস্থিতোবা সদাভয়ং যচ্ছতি শত্রুসংস্থঃ॥৬

জন্মসময়ে ষষ্ঠস্থানোস্থিত শুক্র যদি অস্তগত বা নীচগৃহস্থিত হন, তাহা হইলে জাতকসম্বন্ধে বৈরিতা কলহ ও রোগ প্রদান করেন, কিন্তু ষষ্ঠস্থানস্থিত শুক্র তুঙ্গী কি মিত্র গৃহস্থিত হইলে জাতমনুষ্যকে অভয়দান করিয়া থাকেন।

শনিফলং।

নীচে রিপৌ নীচজনাদ্ভয়ঞ্চ ষষ্ঠে শনির্যচ্ছতি মানবানাং।
অন্যত্র শত্রুংবিনিহন্তি তুঙ্গীপূর্ণার্থকামান্ প্রদদাতি শেষে॥ ৭

জন্মসময়ে শনি যদি লগ্নের ষষ্ঠস্থানে থাকেন আর ঐ স্থান যদি তাঁহার নীচগৃহ হয় তবে জাতব্যক্তি নীচজাতি হইতে ভয়প্রাপ্ত হয়। রিপুস্থানে থাকিয়া নীচস্থ না হইলে জাতকের শত্রু বিনষ্ট হয়। শনি উচ্চগৃহে

থাকিয়া ষষ্ঠস্থ হইলে মনুষ্যের অর্থ ও কামনাদি সকল পরিপূর্ণ হইয়া থাকে।

অন্যচ্চ—জনয়তি নীচং বহুবিপক্ষং ষষ্ঠে মন্দঃ স্থিতোনীচে।
অন্যগৃহে বহুবৈরং কুরুতে স্বগৃহে সদা সুস্থং॥ ৭

জন্মকালে লগ্নের ষষ্ঠস্থানে শনি থাকিলে ঐ গৃহ যদি তাঁহার নীচস্থান হয়, তবে জাতমনুষ্যের নীচজাতীয় বহু শত্রু থাকে; আর যদি ষষ্ঠস্থান নীচগৃহ না হয় তাহা হইলেও অনেক শত্রু হয়। কিন্তু ষষ্ঠস্থ শনি যদি স্বীয়গৃহে থাকেন তবে জাতক সর্ব্বদা সুস্থভাবে থাকে।

রাহোঃ ফলং।

ষষ্ঠস্তমঃ শত্রুবিনাশকারী দদাতি পুত্রাংশ্চ ধনানি ভোগান্।
অন্যগ্রহোত্থাংশ্চহন্তিরিষ্টান্প্রধান যোষিন্মরণং করোতি॥ ৮

জন্মসময়ে রাহু ষষ্ঠস্থানে থাকিলে জাতকের শত্রুবিনষ্ট হয় এবং পুত্র ও ধন হইয়া থাকে। আর অপর কোনগ্রহজন্য যদি কোন রিষ্ট থাকে তাহাও বিনষ্ট হয়, কিন্তু প্রধানা রমণীর মৃত্যু হইয়া থাকে।

অন্যচ্চ—লগ্নাৎ ষষ্ঠে রাহুর্গ্রসতি শত্রুং নাত্র সন্দেহঃ।
হন্তি চ সর্ব্বং রিষ্টং যৎকৃতমন্যগ্রহৈরুগ্রৈঃ॥ ৮

জন্ম সময়ে লগ্ন হইতে ষষ্ঠস্থানে রাহু থাকিলে জাতমনুষ্যের শত্রুবিনষ্ট হয়, এমন কি অন্য উগ্রগ্রহ কর্ত্তৃক যে সকল রিষ্ট হওয়ার সম্ভব থাকে তাহাও বিনাশ পায়, ইহাতে সংশয় নাই।

অথ জায়াস্থানং।

রবেঃ ফলং।

তুরগভবনসংস্থে ভাস্করে স্ত্রীবিনাশঃ ন ভবতি সুখভাগী
চঞ্চলঃ পাপশীলঃ।
উদরসমশরীরোনাতিদীর্ঘোন খর্ব্বঃ কপিলনয়নরূপঃ
পিঙ্গকেশী কুমূর্ত্তিঃ॥ ১

জন্মকালীন লগ্নের সপ্তমস্থানে রবি থাকিলে জাতব্যক্তির স্ত্রীবিনাশ হয় এবং কখনও সে সুখী হইতে পারে না। আর ঐ ব্যক্তি চঞ্চল, পাপশীল, উদরতুল্য শরীরধারী, মধ্যমতনুবিশিষ্ট, কটাচক্ষু, পিঙ্গলবর্ণকেশযুক্ত এবং কুরূপ হয়।

অন্যচ্চ—সবিতা সপ্তমভবনে প্রথমোঢ়াং স্ত্রিয়ং দুর্ভগাং কুরুতে।
মারয়তি পাপভবনে নীচে বা পাপসংদৃষ্টঃ॥ ১

লগ্নের সপ্তমস্থানে রবি থাকিলে জাতকের প্রথমবিবাহিতাস্ত্রীর দুর্ভাগ্য হয়। সপ্তমস্থান যদি পাপগ্রহের ক্ষেত্র কি রবির নীচস্থান হয়, অথবা রবি পাপগ্রহকর্ত্তৃক দৃষ্ট হন, তাহা হইলে জাতকের প্রথমাস্ত্রী বিনষ্ট হইয়া থাকে।

চন্দ্রফলং।

বিমলবপুষি চন্দ্রে সপ্তমস্থে মনুষ্যঃ রুচিরযুবতিনাথঃ কাঞ্চনাঢ্যঃ সুদেহী।
শয়িনি কৃশশরীরে পাপগে পাপদৃষ্টে ন ভবতি সুখভাগী রোগিণী স্ত্রীপতিশ্চ॥ ২

জন্মসময়ে লগ্নের সপ্তমস্থানে পূর্ণচন্দ্র অবস্থিত হইলে জাতমনুষ্য মনোরমারমণীর পতি, কাঞ্চনধনযুক্ত ও সুন্দরতনুবিশিষ্ট হয়। আর চন্দ্র ক্ষীণ হইয়া পাপগৃহস্থিত কি পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে জাতব্যক্তি অসুখী ও রোগযুক্তা স্ত্রীর পতি হইয়া থাকে।

অন্যচ্চ—চন্দ্রোমদনর্ক্ষগোদত্তে নারীং গদান্বিতাং বিকলাং।
পূর্ণতনুঃ শুভদৃষ্টঃ কান্তাশতভাজনং কুরুতে॥ ২

জন্মকালে লগ্নের সপ্তমস্থানে ক্ষীণচন্দ্র থাকিলে জাতব্যক্তি রমণী রোগযুক্তা ও বিকলাঙ্গবিশিষ্টা হয়; আর সপ্তমস্থচন্দ্র পূর্ণ কি শুভগ্রহ কর্ত্তৃক অবলোকিত হইলে জাতমনুষ্যের শতরমণী হইয়া থাকে।

কুজস্য ফলং।

মুনিগৃহগতভৌমোনীচসংস্থোঽরিগেহী

যুবতি মরণদুঃখং যচ্ছতে মানবানাং।
নিজহিতকরগেহে চান্যপত্নীঞ্চ দত্তে *
চপলতরবিরূপাং পাপশীলাং কুচেলাং ॥ ৩

জন্মকালীন লগ্নের সপ্তমস্থানে যদি মঙ্গলগ্রহ অবস্থিতি করেন আর ঐ সপ্তমস্থান যদি মঙ্গলের নীচগৃহ, কি শত্রুগৃহ হয়, তবে জাতব্যক্তির স্ত্রীবিয়োগজনিত দুঃখ ভোগ করিতে হয়। মঙ্গল মিত্রগৃহে থাকিয়া সপ্তমস্থ হইলে মনুষ্যের দ্বিতীয়বার দারপরিগ্রহ করিতে হয় এবং সেই পত্নী চঞ্চলা, কুরূপা, পাপশীলা ও মলিনবস্ত্রধারিণী হইয়া থাকে।

অন্যচ্চ—হন্তি দ্বিতীয়ামবনীসুতঃ স্ত্রিয়ং জায়াগতোবাভটকাবদন্তি।
নীচেহপ্যনীচেহরিগৃহেরিপুস্ত্রিয়ং মিত্রস্বগেহেহন্যকৃতাং দদাতি ॥৩

মঙ্গল জন্মসময়ে লগ্নের সপ্তমস্থানে থাকিলে ঐ স্থান যদি মঙ্গলের নীচস্থান হয় তবে জাতমনুষ্যের দ্বিতীয়াপত্নীর বিনাশ হয়, আর সপ্তমস্থান মঙ্গলের নীচস্থান না হইয়া শত্রুগৃহ হইলে জাতব্যক্তি অন্যপূর্ব্বাস্ত্রীর পতি হইয়া থাকে, বাভট মুনি এইরূপ বলিয়াছেন।

অপরঞ্চ—দ্বিতীয়রমণীংহন্তি নীচাস্তশত্রুগেহগঃ।
স্বর্ক্ষে তুঙ্গে শুভৈর্দৃষ্টঃ কুজোদত্তে শুভাংস্ত্রিয়ং ॥ ৩

জন্মসময়ে যদি লগ্নের সপ্তমস্থানে মঙ্গল অবস্থিত হন, আর ঐ স্থান যদি মঙ্গলের নীচস্থান কি শত্রুগৃহ হয়; অথবা ঐ সময়ে মঙ্গল যদি অস্তমিত থাকেন তবে জাতকের দ্বিতীয়পক্ষের স্ত্রী নিধন হয়। সপ্তমস্থ মঙ্গল স্বীয়গৃহে কি উচ্চস্থানে থাকিয়া শুভগ্রহ কর্ত্তৃক অবলোকিত হইলে জাতকের উত্তমাস্ত্রী লাভ হইয়া থাকে।

বুধস্য ফলং।

যুবতিমন্দিরগেহিশশাঙ্কজে ভবতি চ বন্ধ্যাপতির্নীচগে। †
রিপুকুলপ্রমদাপতিবল্লভঃ সভবেচ্ছুভগে শশিবংশজে ॥ ৪

* নিজমকরগৃহস্থ শ্চান্যপত্নীং বিধত্তে। ইত্যপি পাঠঃ।
† রিপুগে (বা) পাপগে। ইতিপাঠঃ।

বুধগ্রহ নিচস্থ হইয়া জন্মলগ্নের সপ্তমস্থানে থাকিলে জাতমনুষ্যের ভার্য্যা বন্ধ্যা হয় ; আর ঐ বুধ শুভগ্রহের ক্ষেত্রে অবস্থিত হইলে জাতক শত্রুকুলের রমণীবল্লভ হইয়া থাকে।

অন্যচ্চ—পাপোবুধঃকামগৃহে নরাণাং করোতি নারীং চপলাং কুশীলাং।
সতীং সুরূপাং কুলজাঞ্চদত্তে নানাবিধাং স্ত্রীংস্ফটরশ্মিজালঃ॥ ৪

পাপগ্রহযুক্ত বুধ জন্মলগ্নের সপ্তমে থাকিলে জাতব্যক্তি চপলা ও কুৎসিত স্বভাবযুক্তা স্ত্রী হয়। বুধ উদিত ও শুভ হইয়া লগ্নের সপ্তমে থাকিলে মনুষ্যের সতী সুরূপসম্পন্না ও সৎকুলজা বহুস্ত্রী হইয়া থাকে।

গুরোঃ ফলং।

যুবতিমন্দিরগে চ বৃহস্পতৌ নয়তি ভূপতিতুল্যসুখংনরঃ।
অমৃতরাশিসমানবচাঃ সুখী ভবতি চারুমুখবনিতাপ্রিয়ঃ॥ ৫

জন্মসময়ে সপ্তম স্থানে বৃহস্পতি অবস্থিত হইলে জাতব্যক্তি ভূপতি সদৃশ সুখশালী, অমৃত তুল্যবাক্যবিশিষ্ট, সুখী ও মনোজ্ঞা রমণীর বল্লভ হইয়া থাকে।

অন্যচ্চ—কান্তাশতমুখপঙ্কজমধুপোভবতি নরঃ সপ্তমে জীবে।
বর্ষতি বাঙ্ময়মমৃতং চিরায়ুরপি বহুধনকান্তা চ। ৫

জন্মসময়ে যাহার সপ্তম স্থানে বৃহস্পতি থাকেন সেই ব্যক্তি শতরমণীর বদনপঙ্কজের মধুপান করে এবং ঐ মনুষ্য মিষ্টভাষী, দীর্ঘায়ুযুক্ত, বহুধনশালী ও অনেক রমণীর পতি হইয়া থাকে।

গৌরীং সুরূপাংস্ফুটপঙ্কজাক্ষীং দত্তে শুভক্ষে শুভদৃষ্টিযোগঃ।
চিরায়ুষং ভোগযুতং নরঞ্চ কুর্য্যাদগুর্দ্দর্পকগেহবাসী॥ ৫

লগ্নের সপ্তমস্থানে বৃহস্পতি থাকিলে ঐ স্থানে যদি শুভগ্রহের গৃহ হয় আর বৃহস্পতি যদি, শুভগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হন, তবে জাতমনুষ্যের গৌরবর্ণা সুন্দরী ও বিকশিত পঙ্কজসদৃশ নয়নবিশিষ্টা পত্নি হয় এবংসেই মনুষ্য নিজে দীর্ঘায়ুযুক্ত ও ভোগশালী হইয়া থাকে।

ভৃগো ফলং।

যুবতিমন্দিরগে চ সিতে জনোবহুধনেন সুতেন সমন্বিতঃ।
বিপুলবংশভবপ্রমদাপতির্ভবতি চারুবপুর্মুদিতঃ সুখী ॥ ৫

জন্মসময়ে লগ্নের সপ্তমস্থানে শুক্র অবস্থিত হইলে জাতব্যক্তি অতিশয় ধনী, বহুপুত্রযুক্ত, উচ্চবংশীয়ারমণীর পতি, মনোজ্ঞদেহযুক্ত, হর্ষান্বিত ও সুখী হয়।

অন্যচ্চ—জায়াস্থে ভৃগুনন্দনে বহুধনযুতোগুণীপুরুষঃ।
কুলজাশতপরিণেতা ভবতি নরযৌবনান্তেঽপি ॥ ৬

জন্মকালীন লগ্নের সপ্তমস্থানে শুক্র থাকিলে জাতব্যক্তি অত্যন্তধনশালী ও গুণবান্ হয়, আর সেই মনুষ্য যৌবনান্তেও সৎকুলোদ্ভবা শত রমণীর পাণিগ্রহণ করিতে ইচ্ছুক হইয়া থাকে।

শনেঃ ফলং।

বিশ্বাসভুতাং বিনিহন্তি জায়াং সূর্য্যাত্মজঃসপ্তমগশ্চ রোগান্।
দত্তে পুনর্ভূমথবাঙ্গহীনাং মিত্রোচ্চসংস্থোঽপ্যদদবিরূপাং ॥ ৭

জন্মসময়ে লগ্নের সপ্তম স্থানে শনৈশ্চর অবস্থিত হইলে মনুষ্যের বিশ্বাসভূতা স্ত্রীর বিয়োগ হয়। আর ঐ ব্যক্তি রোগযুক্ত হয়,কিন্তু শনি যদি মিত্রগৃহস্থিত কি উচ্চস্থ হইয়া সপ্তমস্থানে থাকেন তাহা হইলে জাতকের পুনর্ভ (১) পত্নী, অথবা অঙ্গহীনা কুরূপাপত্নী হইয়া থাকে।

অন্যচ্চ—সর্ব্বাবিলম্বৈর্ব্বিনিহন্তি নারীঃ শনৈশ্চরঃ সপ্তমন্দিরস্থঃ।
দত্তে পুনর্ভুমথবাঙ্গহীনাং তুঙ্গে সুহৃৎ সৌম্যগৃহে কুরূপাং ॥ ৭

জন্মকালীন সপ্তমস্থানে শনৈশ্চর থাকিলে জাতমনুষ্যের সমুদয় স্ত্রীই বিলম্বে বিনষ্ট হয়; কিন্তু সপ্তমস্থ শনি যদি উচ্চগৃহস্থিত কি মিত্রগৃহী অথবা শুভগ্রহের ক্ষেত্রস্থ হইয়া সপ্তমে থাকেন তাহা হইলে জাতকের পুনর্ভু পত্নী অথবা অঙ্গহীনা স্ত্রী হইয়া থাকে।

অপরঞ্চ—সর্ব্বাঃস্মরস্থোবিনিহন্তি নারীঃ পাপর্ক্ষগামী খলুমন্দগামী।

১। দুইবার বিবাহিতা স্ত্রীকে পুনর্ভূ বলিয়া থাকে।

পুনর্ভুবং বাপ্যথবা বিরূপাং শুভেক্ষিতস্তুঙ্গসুহৃদ্গৃহস্থঃ ॥ ৭

জন্মসময়ে লগ্নের সপ্তমস্থানে শনিগ্রহ থাকিলে ঐ স্থান যদি পাপ-গ্রহের গৃহ হয়, তবে জাতকের সমস্তপত্নী বিনষ্ট হয়। আর ঐ সপ্তমস্থিত শনি শুভগ্রহকর্ত্তৃক দৃষ্ট কি উচ্চস্থান স্থিত, অথবা মিত্রগৃহস্থিত হইলে জাতমনুষ্যের পুনর্ভূপত্নী অথবা অঙ্গহীনা স্ত্রী হইয়া থাকে।

রাহুফলং।

জায়াস্থরাহুর্ব্বিনিহন্তি নারীং সদা চ চ্ছন্নাং কুমতীংসরোগাং।
পাপানুরক্তাং কুলটাং কুশীলাংসুতার্থহীনাং প্রমদাস্তু শেষে ॥ ৮

জন্মসময়ে লগ্নের সপ্তমস্থানে রাহু অবস্থিত হইলে জাতমনুষ্যের পত্নী-বিয়োগ হয়, অথবা উন্মত্তা, কুবুদ্ধিযুক্তা, রোগান্বিতা পাপানুরক্তা, কুলটা, অপুত্রা ও ধনহীনা পত্নী হইয়া থাকে।

অন্যচ্চ—রাহুঃ সপ্তমভবনে দত্তে রিষ্টিং নিহন্তি নারীঞ্চ।
চণ্ডালীগতচিত্তং কুরুতে পাপগ্রহৈর্দ্দৃষ্টঃ ॥ ৮

জন্মকালে লগ্নের সপ্তমস্থানে রাহু থাকিলে জাতকের রিষ্ট হয় এবং স্ত্রী বিনষ্ট হইয়া থাকে। আর সপ্তমস্থ রাহু পাপগ্রহ কর্ত্তৃক দৃষ্ট হইলে জাতমনুষ্য চাণ্ডালিনীতে রত হয়।

অপরঞ্চ—পাপৈর্দ্দৃষ্টোযুতোবাপি রবিচন্দ্রবিলোকিতঃ।
দারান্নিহন্তি স্বর্ভানুরন্যথা রিষ্টদঃ স্মরে ॥ ৮

জন্মকালীন সপ্তমস্থ রাহু যদি পাপগ্রহকর্ত্তৃক দৃষ্ট কি পাপগ্রহযুক্ত হন, আর ঐ স্থানে রবি ও চন্দ্রের দৃষ্টি থাকে তবে জাতমনুষ্যের স্ত্রীবিয়োগ হয়। রাহু যদি পাপগ্রহ দৃষ্ট, পাপগ্রহযুক্ত কি রবি ও চন্দ্রকর্ত্তৃক অবলোকিত না হন, তবে জাতকের রিষ্ট মাত্র হইয়া থাকে।

ইতি পত্নীস্থানচিন্তা।

অথ মৃত্যুস্থানং।

রবেঃ ফলং।

নিধনগতদিনেশে চঞ্চলস্ত্যাগশীলঃ
রিপুকুলশত সেবী সর্ব্বদা রোগযুক্তঃ।
বিতথবহুসুভাষী ভাগ্যহীনোবিশালঃ
রতিরহিতকুচেলোনীচসেবী প্রবাসী॥ ১

জন্মসময়ে লগ্নের অষ্টমস্থানে দিনপতি অবস্থিত হইলে জাতক চঞ্চল চিত্ত, ত্যাগশীল, রিপুকুলের সেবাকারী, সর্ব্বদা রোগযুক্ত, বহু মিথ্যাবাদী, অত্যন্তভাগ্যহীন, শক্তিবিহীন, মলিনবস্ত্রধারী, নীচসেবাতে অনুরক্ত ও প্রবাসী হয়।

অন্যচ্চ—বজ্রাঘাতেন সর্পেণ মৃত্যুগেহর্কে জ্বরেণ বা।
নরঃ পঞ্চত্বমাপন্নোমরুভুমৌ বিনশ্যতি॥ ১

যাহার জন্মসময়ে রবি অষ্টমস্থ হন, সেইব্যক্তি বজ্রাঘাতে কি সর্প-কর্ত্তৃক অথবা জ্বররোগে মরুভূমিতে প্রাণত্যাগ করে।

অপরঞ্চ—তুঙ্গঃস্বগেহগতোঽর্কঃ সুখং নিধনস্থং কুরুতে।
অন্যগৃহে বহুদুঃখং প্রাণাংশ্চৈবাচিরাদ্ধন্তি॥ ১

জন্মকালীন রবি তুঙ্গস্থানে অথবা নিজগৃহে থাকিলে জাতব্যক্তি সুখী হয়। উক্তস্থান ভিন্ন অন্যত্র সূর্য্য থাকিলে মনুষ্য বহুদুঃখ ভোগ করিয়া অচিরে প্রাণত্যাগ করে।

অপিচ—তুঙ্গস্বর্ক্ষাষ্টমঃ সূর্য্যঃ সুখমৃত্যুং প্রযচ্ছতি।
অন্যথা দুঃখমরণং দত্তে কষ্টঞ্চ যাতনাং॥১

জন্মকালে রবিগ্রহ স্বীয় উচ্চস্থানে কি স্বগৃহে থাকিয়া যাহার অষ্টমস্থ হন, সেইব্যক্তি সুখে প্রাণত্যাগ করে। উক্তস্থান ভিন্ন অন্যগৃহে থাকিলে জাতক কষ্ট ও যাতনা ভোগ করিয়া দুঃখে জীবনত্যাগ করিয়া থাকে।

প্রকারান্তরঞ্চ—তুঙ্গে বা স্বগৃহে সূর্য্যমৃত্যুস্থঃ সুখদোরবিঃ।
অন্যত্র নিলয়ে দুঃখং দত্বা প্রাণহরভবেৎ॥ ১

জন্মসময়ে রবি উচ্চস্থিত অথবা স্বীয় গৃহস্থ হইয়া যদি জাতলগ্নের অষ্টমস্থানে অবস্থিতি করেন, তবে জাতকের সুখ হয়; কিন্তু উক্তস্থান ভিন্ন অন্য গৃহে রবি থাকিয়া অষ্টমস্থ হইলে জাতমনুষ্য দুঃখ পাইয়া জীবনত্যাগ করে।

চন্দ্রস্য ফলং।

চন্দ্রোঽষ্টমোমৃত্যুকরোনরাণাং মৃত্যু জলে যচ্ছতি সর্ব্বদৈব।
কাশাদিদোষজ্বরশোথদাতা নয়ত্যধঃক্ষীণতনুঃ শুভোঽপি ॥ ২

জন্মকালে লগ্ন হইতে অষ্টমস্থানে চন্দ্র অবস্থিত হইলে জাতমনুষ্য জলে প্রাণত্যাগ করে এবং অষ্টমস্থ চন্দ্র শুভ হইলেও কাশ, জ্বর ও শোথাদিরোগে ক্ষীণতনু হইয়া থাকে।

অন্যচ্চ—নিধনভবনসংস্থঃ শীতরশ্মির্নরাণাং
নিধনমচিরকালে পাপগেহী দদাতি।
নিজভৃগুসুতগেহী সৌম্যগেমী চ পূর্ণঃ
জনয়তি বহুদুঃখং কাশপিত্তাদিরোগৈঃ ॥ ২

জন্মসময়ে চন্দ্র যদি অষ্টমস্থানে অবস্থিতি করেন এবং ঐ স্থান পাপ-গ্রহের ক্ষেত্র হয়, তবে শীঘ্রই জাতক নিধন প্রাপ্ত হয়। অষ্টমস্থ চন্দ্র যদি স্বীয় গৃহস্থিত হন, অথবা ঐ স্থান শুক্র বা বুধের গৃহ হয় কিম্বা পূর্ণচন্দ্র হন তাহা হইলেও জাতক কাশও পিত্তজরোগে বহুদুঃখ পাইয়া থাকে।

কুজফলং।

নিধনভবনসংস্থে ভূমিজে ক্ষীণনীচে
ব্রজতি নিধনভাবং নীচমধ্যে মনুষ্যঃ।
খরতরকচরৌদ্রৈঃ সাতিসারৈশ্চ রোগৈঃ
করপদদগ্ধোমৃত্যুলোকং প্রয়াতি ॥ ৩

জন্মকালে লগ্নের অষ্টমস্থানে অবস্থিত মঙ্গল যদি দুর্ব্বল বা স্বীয় নীচ-গৃহস্থ হন, তবে জাতব্যক্তি নীচজাতির মধ্যে প্রাণত্যাগ করে, আর ঐ ব্যক্তির শুষ্কব্রণ ও অতিসাররোগে অথবা হস্ত পদাদি দগ্ধ হইয়া প্রাণ বিয়োগ হয়।

অন্যচ্চ—মৃত্যুস্থিতোমৃত্যুকরোমহীজঃ শস্ত্রাগ্নিভূশক্ষয়কাশরোগৈঃ
কুষ্ঠব্রণার্শোগ্রহণীবিকারৈর্নয়ত্যধোনাশমবাপ্যবর্ত্মনি ॥৩

জন্মসময়ে লগ্নের অষ্টমস্থানে মঙ্গল অবস্থিত হইলে জাতমনুষ্য অস্ত্রাঘাতে, অগ্নিতে, রাজাকর্ত্তৃক, ক্ষয়কাশে কি কুষ্ঠ, ব্রণ ও অর্শরোগে অথবা গ্রহণীবিকার হইয়া পথমধ্যে নিধনপ্রাপ্ত হয়; বিশেষতঃ ঐ ব্যক্তি নরকগামী হইয়া থাকে।

বুধস্য ফলং।

নিধনবেশ্মনি সোমসুতঃ শুভোনিধনদোবরতীর্থজলে নৃণাং।
যদি চ পাপগতোরিপুগেহগোবদনকম্পগদেন নয়ত্যধঃ॥ ৪

জন্মকালীন শুভ বুধ যদি লগ্নের অষ্টমস্থানে অবস্থিত হন,তাহা হইলে জাতকের পবিত্র তীর্থজলে মরণ হয়; আর ঐ বুধ যদি পাপগৃহে অথবা শত্রুগৃহে বাস করেন, তবে সেই মনুষ্য বদনকম্পরোগে প্রাণত্যাগপূর্ব্বক নরকগামী হইয়া থাকে।

অন্যচ্চ—করোতি মৃত্যুং নিধনস্থিতোবুধঃ সুখেন তীর্থপ্রবরে বিনাশনং।
শূলাঙ্ঘ্রিজঙ্ঘোদররোগপীড়নাৎপাপালয়েদগুধরস্যমন্দিরে॥ ৪

জাতলগ্নের অষ্টমস্থানে বুধ থাকিলে জাতমনুষ্য শ্রেষ্ঠতীর্থজলে সুখে নিধন প্রাপ্ত হয়. কিন্তু ঐ অষ্টমস্থান যদি পাপগ্রহের ক্ষেত্র হয়, তবে সেইব্যক্তি শূলরোগী, এবং পাদজঙ্ঘা ও উদরপীড়াযুক্ত হইয়া ধর্মালয়ে গমন করে।

গুরোঃ ফলং।

বিমলতীর্থবরে চ বৃহস্পতির্নিধনতামদদন্নিধনস্থিতঃ।
বিবিধকাব্যকথাপরিসূচকঃ প্রথিতকীর্ত্তিবরঃ প্রমদাপ্রিয়॥ ৫

বৃহস্পতি জন্মসময়ে লগ্নের অষ্টমে থাকিলে জাতমনুষ্য বিবিধকাব্য শাস্ত্রানুশীলনে রত, প্রসিদ্ধকীর্ত্তিযুক্ত এবং রমণীবল্লভ হয়, আর ঐ ব্যক্তি অন্তকালে বিমলতীর্থশ্রেষ্ঠে প্রাণত্যাগ করিয়া থাকে।

অন্যচ্চ—জ্ঞানেন তীর্থরাজেষু মৃত্যৌ মৃত্যুপ্রদোগুরুঃ।
শক্রস্য ভবনং নীত্বা পশ্চান্মোক্ষপ্রদোভবেৎ॥ ৫

জন্মকালে বৃহস্পতি অষ্টমস্থ হইলে জাতব্যক্তিসজ্ঞানে শ্রেষ্ঠতীর্থে প্রাণ ত্যাগ করিয়া ইন্দ্রলোকে গমন করতঃ পশ্চাৎ মোক্ষলাভ করিয়া থাকে।

অপরঞ্চ—জীবে মৃত্যুগতে জ্ঞানাৎ সুতীর্থে মরণং ভবেৎ।
শুভর্ক্ষে স্বগৃহে চৈবমন্যত্র তু সসঙ্গরং॥ ৫

বৃহস্পতি শুভগ্রহের ক্ষেত্রে কি স্বগৃহে থাকিয়া জন্মকালে লগ্নের অষ্টমস্থানে অবস্থিত হইলে জাতমনুষ্যের কোন পুণ্যতীর্থে সজ্ঞানে মৃত্যু হয়; আর যদি বৃহস্পতি অষ্টমস্থ হইয়া শুভগ্রহের ক্ষেত্রে কি স্বগৃহে না থাকেন, তাহা হইলে সজ্ঞানে মৃত্যু হইয়া থাকে।

শুক্রস্য ফলং।

নিধনসদ্মনি ভার্গবজে নরোবিধর্ম্মরতোনৃপসেবকঃ।
ভবতি মাংসরতঃ পৃথুলোচনোনিধনমেতি চ তীর্থবরে সুধীঃ॥ ৬

জন্মসময়ে লগ্নের অষ্টমস্থানে শুক্র অবস্থিত হইলে মনুষ্য বিমলধর্ম্মে আসক্ত, রাজসেবক, মাংসপ্রিয়, স্থূলনেত্র ও পণ্ডিত হইয়া অন্তকালে সুতীর্থে প্রাণত্যাগ করে।

অন্যচ্চ—অসুরগুরুর্নিনস্থিতোমৃত্যুং যদৃচ্ছয়া দত্তে।
জনয়তি পিতৃকুলমখিলং পশ্চাদনুগংপিতরংকুরুতে॥ ৬

শুক্র জন্মসময়ে লগ্নের অষ্টমে থাকিলে জাতকের যদৃচ্ছা মৃত্যু দান করেন। আর জাতব্যক্তি পিতৃকুল বৃদ্ধি করিয়া পরে পিতাকে অনুগামী করিয়া থাকে।

অপরঞ্চ—অনৃণ্যং পিতুরাদত্তে তীর্থে মরণমেব চ।
নয়েৎ পিতৃকুলং পুণ্যং রন্ধ্রগোভৃগুনন্দনঃ॥ ৬

জন্মকালে লগ্নের অষ্টম স্থানে শুক্র অবস্থিত হইলে জাতব্যক্তি পিতৃ-ঋণ হইতে মুক্ত হইয়া মরণকালে তীর্থে প্রাণত্যাগ করে এবং তাহার পিতৃকুল ও পুণ্যধামে নীত হয়।

শনেঃ ফলং।

শনৈশ্চরে চাষ্টমগে মনুষ্যোদেশান্তরে তিষ্ঠতি দুঃখভাগী।
চৌর্য্যাপরাধেন চ নীচহস্তে পঞ্চত্বমাপ্নোত্যথ নেত্ররোগৈঃ ॥ ৭

জন্মসময়ে শনৈশ্চর অষ্টমস্থানে অবস্থিত হইলে জাতমনুষ্য দুঃখভাগী হইয়া দেশান্তরে অবস্থিতি করে, আর ঐ ব্যক্তি চৌর্য্যাপরাধে নীচজাতির হস্তে জীবনত্যাগ করে কিম্বা নেত্ররোগে প্রাণত্যাগ করিয়া থাকে।

অন্যচ্চ—বিদেশতোনীচ সকাশতোবা মন্দোঽষ্টমঃ স্যান্নিধনং বিধত্তে।
হৃৎশোক কম্পাময়মাশু দত্বা তূর্ণং নয়েদ্রৌরবনামধেয়ঃ ॥ ৭

জন্মকালে শনি অষ্টমস্থানে থাকিলে মনুষ্য শোকগ্রস্ত হইয়া বদন-কম্পরোগে বিদেশে অথবা নীচজাতির মধ্যে সত্বর প্রাণত্যাগকরতঃ রৌরবাখ্যনরকে বাস করে।

রাহোঃ ফলং।

রাহুঃ সদা চাষ্টমমন্দিরস্থোরোগান্বিতঃ পাপরতং প্রগল্‌ভং।
চৌরংকৃশংকাপুরুষংধনাঢ্যং নানামতিং তংপুরুষংকরোতি ॥৮

লগ্নের অষ্টমে রাহু থাকিলে জাতমনুষ্য সর্ব্বদা রোগান্বিত; পাপাত্মা দাম্ভিক,তস্কর কৃশাঙ্গ, কাপুরুষ, ধনশালী ও নানাবুদ্ধিসম্পন্ন হইয়া থাকে।

অন্যচ্চ—মৃত্যুং করোতি নিয়তং, বিপক্ষাণামগ্রতোঽষ্টমোরাহুঃ।
নয়তি চ নরকমপারং কলিকিল্বিষ (১) সম্ভবৈকরোগৈঃ ॥ ৮

রাহু জন্মকালে লগ্নের অষ্টমে অবস্থিত হইলে শত্রুর সমক্ষে জাতকের মৃত্যু হয়; আর সেই ব্যক্তি কলিপাপ-সমুদ্ভূতরোগ দ্বারা আক্রান্ত হওতঃ জীবনান্তে ঘোরনরকে বাস করে।

অপরঞ্চ—দংষ্ট্রি চৌর্য্যাপবাদেন নিধনং কারয়েত্তমঃ।
বহুকিল্বিষমাদায় কালেষু মরণং নয়েৎ ॥ ৮

জন্মসময়ে রাহু লগ্নের অষ্টমস্থানে স্থিত হইলে জাতব্যক্তি দংষ্ট্রি কর্ত্তৃক

১। ত্বগদোষবিষসম্ভবৈরোগৈঃ। ইতি পাঠান্তরং।

কিম্বা চৌর্য্যাপবাদগ্রস্ত হইয়া জীবনত্যাগ করে, অথবা কালে বহুপাপযুক্ত হইয়া প্রাণত্যাগ করিয়া থাকে।

নিধনস্থান-চিন্তা।

অথ ধর্ম্মস্থানং।

ধর্ম্মং ধর্ম্মপতির্ব্বা সুরগুরুর্দ্দেবাধিপূজ্যোঽথ বা
যদ্যাস্তে শুভবীক্ষিতোবলযুতঃ পশ্যেন্নবা তদ্‌বশাৎ।
যৎ কিঞ্চিৎকুরুতে সমং গুরুগণেনাপ্রীতয়ে সর্ব্বদা
ক্ষীণেন্দ্বর্কধরাতনুজরবিজৈর্ধর্ম্মস্য হানির্ভবেৎ॥

জন্মকালীন ধর্ম্মস্থান যদি সেই স্থানের অধিপতি গ্রহ কি শুক্র অথবা বৃহস্পতি বা অন্যশুভগ্রহকর্ত্তৃক দৃষ্ট না হয় কিম্বা ঐ সকল গ্রহের মধ্যে যে কোন গ্রহ যুক্ত না হয়, তাহা হইলে জাতব্যক্তি যে কিছু কার্য্য করে তদ্দ্বারা গুরুগণের প্রীতি লাভ হয় না। ক্ষীণচন্দ্র, রবি, মঙ্গল ও শনৈশ্চর ধর্ম্মস্থানে অবস্থিত হইলে কি দৃষ্টি করিলে জাতমনুষ্য ধর্ম্মহন্তা হইয়া থাকে

রবেঃ ফলং

গ্রহগতদীননাথে সত্যবাদী সুকেশী
কুলজনহিতকারী দেববিপ্রানুরক্তঃ।
প্রথমবয়সি রোগী যৌবনে স্থৈর্য্যযুক্তঃ
বহুতরধনভাগী দীর্ঘজীবী সুমূর্ত্তিঃ॥ ১

জন্মকালীন রবি লগ্নের নবস্থানে স্থিত হইলে জাতব্যক্তি সত্যবাদী, শোভনকেশযুক্ত, গোত্রের হিতকারী, দেবতা ও ব্রাহ্মণে অনুরক্ত, প্রথমবয়সে রোগবান্, যৌবনকালে স্থৈর্য্যযুক্ত, বহু ধনশালী দীর্ঘায়ুযুক্ত ও সুন্দরদেহধারী হইয়া থাকে।

অন্যচ্চ—হন্তি পুণ্যঞ্চ ভাগ্যঞ্চ সূর্য্যঃপুণ্যগতোনৃনাং।
তুঙ্গস্বর্ক্ষগৃহং যাতঃ পুষ্কলং ধর্ম্মমাদিশেৎ॥ ১

রবি জন্মলগ্নের নবমস্থানে থাকিলে জাতব্যক্তি পুণ্যহীন ও ভাগ্যহীন হয়, কিন্তু ঐ রবি যদি তুঙ্গী কি স্বীয় গৃহে অবস্থিত হন, তাহা হইলে জাতক বহুধর্ম্ম সঞ্চয় করে।

অপরঞ্চ—ভাগ্যং নিহন্তি সবিতা ভাগ্যস্থানস্থিতঃ সততং।
পরমোচ্চে নৃপতিপদং দত্তে পুণ্যক্রিয়ারম্ভং ॥১

জন্মসময়ে লগ্নের নবমস্থানে রবি অবস্থিত হইলে জাতব্যক্তি সতত ভাগ্যহীন হয় আর রবি সম্পূর্ণ উচ্চস্থানে থাকিয়া যদি লগ্নের নবমে থাকেন তাহা হইলে জাতমনুষ্য রাজপদপ্রাপ্ত হয় এবং পুণ্যক্রিয়া অনুষ্ঠান করিয়া থাকে।

চন্দ্রস্য ফলং।

নবমভবনসংস্থে শীতরশ্মৌ সুপূর্ণে বহুতরধনভাগী কামিনীচিত্তহারী।
ন ভবতি ধনভাগী ক্ষীণকে নীচগে বা বিষমপশুবিরোধী নির্গুণো-
মূঢ়চেতাঃ ॥ ২

জন্মকালে চন্দ্র যদি লগ্নের নবমস্থানে থাকেন, আর ঐ সময়ে তাঁহার পূর্ণাবস্থা হয়,তবে জাতব্যক্তি বহুতর ধনশালী ও কামিনীগণের চিত্তরঞ্জক হয়, কিন্তু চন্দ্র ক্ষীণভাবে কি নীচগৃহস্থিত হইয়া নবমে থাকিলে জাতমনুষ্য ধনহীন, বিষমপশুবিরোধী নির্গুণ ও মূঢ় হইয়া থাকে।

অন্যচ্চ—ভাগ্যযুতোবহুবিত্তঃ পিতৃযজ্ঞপরোনরোভবেন্নবমে।
পূর্ণতনৌ তুহিনাংশৌ ক্ষীণে পূর্ব্বোদিতং ক্ষীণং ॥ ২

পূর্ণচন্দ্র নবমে থাকিলে জাতক ভাগ্যবান্, বহুবিত্তযুক্ত ও পিতৃযজ্ঞ তৎপর হয়, আর ঐ চন্দ্র ক্ষীণ হইলে পূর্ব্বোক্তফল অল্পপরিমাণে হইয়া থাকে

কুজস্য ফলং।

নবমভবমসংস্থে ভূমিপুত্রেঽতিরোগী
নয়নকচশরীরে পিঙ্গলঃ সর্ব্বকালে।

বহুতরধনযুক্তোঽভাগ্যযুক্তঃ কুচেলঃ
বিমলমতীস্সুশীলঃ শিল্পবিদ্যানুরক্তঃ ॥ ৩

জন্মকালে লগ্নের নবমস্থানে মঙ্গল অবস্থিতি করিলে জাতক রোগযুক্ত পিঙ্গলাক্ষ, পিঙ্গলকেশধারী, পিঙ্গলবর্ণশরীরী, বহুধনযুক্ত, ভাগ্যহীন, কুবসনধারী, নির্ম্মলবুদ্ধিসম্পন্ন, সুশীল এবং শিল্পবিদ্যাতে অনুরক্ত হয়।

অন্যচ্চ—কুজে রক্তপটাজীবী নিত্যংপাশুপতব্রতী।
ভাগ্যহীনশ্চ সততং নরোভবতি সর্ব্বদা ॥ ৩

জন্মসময়ে মঙ্গল লগ্নের নবম স্থানে স্থিত হইলে জাত মনুষ্য রক্তবসন ব্যবসায়ী, পাশুপত-ব্রতানুরক্ত এবং সর্ব্বদাই ভাগ্যহীন থাকে।

বুধস্য ফলং।

নবমপুণ্যগৃহে শশিনন্দনে ধনকলত্রসুতেন সমন্বিতঃ।
ভবতি পাপগৃহে বিপদস্থিতঃ শ্রুতিবিনিন্দকবৌদ্ধমতাশ্রয়ী ॥৪

জন্মকালে লগ্নের নবমস্থানে বুধগ্রহ অবস্থিত হইলে ঐ নবমস্থান যদি শুভগ্রহের ক্ষেত্র কি বুধের স্বীয় গৃহ হয়, তাহা হইলে জাতব্যক্তি ধনশালী ও স্ত্রীপুত্র সম্পন্ন হয়; আর নবমস্থান পাপগ্রহের ক্ষেত্র হইয়া তাহাতে বুধ থাকিলে জাতমনুষ্য বিপথগামী, বেদবিনিন্দক ও বৌদ্ধধর্ম্মাবলম্বী হইয়া থাকে।

অন্যচ্চ—মন্দভাগ্যোভবেৎ পাপে বৌদ্ধমতাশ্রয়ী।
ভাগ্যবান্ ধার্ম্মিকশ্চৈব স্ফুটরশ্মৌ ভবেৎ সুধীঃ ॥ ৪

জন্মসময়ে বুধ নবমে থাকিলে উক্ত নবমস্থান যদি পাপগ্রহযুক্ত কি পাপগ্রহের ক্ষেত্র হয়, তবে জাতমনুষ্য ভাগ্যহীন ও বৌদ্ধধর্ম্মাবলম্বী হয়; কিন্তু বুধ যদি পাপগ্রহযুক্ত কি পাপগ্রহের ক্ষেত্রস্থ না হইয়া নবমস্থানে শুভ থাকেন তাহা হইলে জাতব্যক্তি ভাগ্যবান্ ধার্ম্মিক ও পণ্ডিত হইয়া থাকে।

গুরোঃ ফলং।

সুরগুরৌ নবমে মনুজোত্তমোভবতি ভূপতিতুল্যধনী শুচিঃ।
বিবিধতীর্থপবিত্রকলেবরঃ সুরগুরুদ্বিজভক্তিপরায়ণঃ ॥ ৫

বৃহস্পতি জন্মসময়ে লগ্নের নবমস্থানে থাকিলে জাতমনুষ্য পুরুষশ্রেষ্ঠ রাজতুল্যধনী, শুদ্ধাচারী, নানাতীর্থসেবনে পবিত্রকলেবর এবং দেবতা, গুরু ও ব্রাহ্মণ ভক্ত হইয়া থাকে।

অন্যচ্চ—ভবতি ভাগ্যনিধির্নৃপবল্লভং গুরুগুরৌ নবমে ধনবান গুণী
ত্রিদশযজ্ঞপরঃ পরমার্থবিৎপ্রচুরকীর্ত্তিকরঃকুলবর্দ্ধনঃ ॥ ৫

জন্মকালে বৃহস্পতি নবমে থাকিলে জাতব্যক্তি ভাগ্যবান্ নৃপতিপ্রিয় ধনশালী, গুণবান্, দেবযজ্ঞে রত, পরমার্থজ্ঞানী, প্রচুর কার্ত্তিমান্ ও কুলবর্দ্ধন হইয়া থাকে।

শুক্রস্য ফলং।

বিমলতীর্থপবিত্রবপুঃসুখী সুরগুরুদ্বিজভক্তিরতঃ শুচিঃ।
নিজবলার্জ্জিতভাগ্যমহোৎসবো ভবতিধর্ম্মগতেভৃগুনন্দনে ॥ ৬

জন্মকালীন শুক্র যদি নবমস্থানে থাকেন তবে জাতমনুষ্য বিমলতীর্থ-সেবা করিয়া শরীর পবিত্র করে, আর ঐ ব্যক্তি সুখী, দেবতা গুরুও ব্রাহ্মণ ভক্ত এবং শুদ্ধাচারী হয়, বিশেষতঃ ঐ মনুষ্য নিজবলে অর্জ্জিত ভাগ্যদ্বারা মহোৎসব করিয়া থাকে।

শনেঃ ফলং।

ধর্ম্মস্থপঙ্গৌ বহুদম্ভকারী ধর্ম্মার্থহীনঃ পিতৃসেবকশ্চ। *
পাপানুরক্তোনির্ধনীচরোগীপাপিষ্ঠভার্য্যঃপরিহীনবীর্য্যঃ ॥ ৭

জন্মকালে লগ্নের নবমস্থানে শনৈশ্চর থাকিলে জাতব্যক্তি অত্যন্ত দাম্ভিক, ধর্ম্মার্থহীন, পিতৃসেবক, পাপাত্মা, নির্দ্ধন, রোগযুক্ত, পাপিষ্ঠা-রমণীর পতি ও বীর্য্যহীন হয়।

অন্যচ্চ—দম্ভকর্ম্মকৃতভাগ্যসঞ্চয়োবঞ্চকঃ পিতৃগণস্য সর্ব্বদা।
হীনধর্ম্মবিভবঃ কুমার্গবিৎসূর্য্যজে ভবতি ধর্ম্মগামিনি ॥ ৭

শনৈশ্চর জাতলগ্নের নবমস্থানে অবস্থিত হইলে জাতকের দাম্ভিক-

---

* পিতৃবঞ্চকশ্চ। ইতি পাঠান্তরং।

কর্ম্মদ্বারা ভাগ্য সঞ্চয় হয়; আর ঐ মনুষ্য সর্ব্বক্ষণ পিতৃগণবঞ্চক, অধার্ম্মিক বিভবহীন ও কুপথগামী হইয়া থাকে।

রাহোঃ ফলং।

ধর্ম্মস্থিতে চর্ম্মরিপৌ মনুষ্যশ্চণ্ডালকর্ম্মা পুরুষঃ কুচেলঃ।
জ্ঞাতিপ্রমোদীনিরুজশ্চ দীনঃশত্রোঃকুলাদ্ভীতিমবশ্যমেব ॥ ৮

রাহু জন্মসময়ে লগ্নের নবমে থাকিলে জাতমনুষ্য চণ্ডালকর্ম্মে আসক্ত, কুবসনধারী, জ্ঞাতিবর্গের সহিত আমোদকারী, নিরোগী ও দরিদ্র হয়, এবং ঐ ব্যক্তির শত্রুগণ হইতে ভয় জন্মিয়া থাকে; ইহাতে সংশয় নাই।

অন্যচ্চ – জন্তুনাঞ্চ বধী * নিত্যং সত্যশৌচবিবর্জ্জিতঃ।
ভাগ্যহীনোঽতিদীনশ্চ ধর্ম্মস্থে চ বিধুন্তুদে ॥ ৮

লগ্নের নবমে রাহু থাকিলে জাতক জীবীহিংসক, সত্যবর্জ্জিত, শৌচহীন, ভাগ্যহীন ও অতি দরিদ্র হয়।

ভাগ্যস্থানং পরিজ্ঞেয়ং বিহায়ভবনান্তরং।
আয়ুর্ব্বিদ্যাযশোবিত্তং যতোভাগ্যে প্রতিষ্ঠিতং ॥

পণ্ডিতগণ তন্বাদিদ্বাদশস্থানের মধ্যে সকল স্থান পরিত্যাগপূর্ব্বক প্রথমতঃ ভাগ্য (নবম) স্থান চিন্তা করিবেন, যেহেতু আয়ু, বিদ্যা, যশও বিত্ত প্রভৃতি সমস্তই ভাগ্যস্থানে প্রতিষ্ঠিত আছে।

ধর্ম্মস্থানচিন্তা।

অথ কর্ম্মস্থানং।

কর্ম্মণ্যেব প্রধানে চ গ্রহাঃ সর্ব্বে ফলপ্রদাঃ।
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন কর্ম্মস্থানং বিচিন্তয়েৎ ॥

তন্বাদিদ্বাদশস্থানের মধ্যে সকল স্থানাপেক্ষা কর্ম্মস্থানই প্রধান, ঐ স্থান শুভ হইলে সমস্তগ্রহ শুভফল প্রদান করিয়া থাকেন; অতএব সর্ব্বপ্রযত্নে প্রথমতঃ কর্ম্মস্থান চিন্তা করিতে হয়।

---

* নীচকর্ম্মানুরক্তঃ স্যাদিতিপাঠান্তরনস্তি।

কর্ম্মস্থানং গ্রহৈর্হীনং যদি বা দৃষ্টিবর্জ্জিতং।
তদা দারিদ্র্যদোষেণ কৃৎস্নাং ভ্রমতি মেদিনীং॥

কর্ম্মস্থানে যদি কোনগ্রহ না থাকে অথবা কোনগ্রহের দৃষ্টি না থাকে তাহা হইলে সেই মনুষ্য দারিদ্র্যাবস্থায় পৃথিবীমণ্ডল পরিভ্রমণ করে।

যদ্যপ্যনেকানি বদন্তি তজ্‌জ্ঞানানাবিধস্থানফলানিকোষ্ঠাং।
তথাপি সংসারসমুদ্রমধ্যে ভুঙ্‌ক্তে নরঃকর্ম্মফলানি চৈব॥

যদিও কোষ্ঠীজ্ঞপণ্ডিতগণ কোষ্ঠীতে নানাস্থানের বহুবিধ ফল বলিয়াছেন, কিন্তু এই সংসার সমুদ্র মধ্যে নরগণ ফলভোগ করিতে এক দশমস্থানের ফলই ভোগ করিয়া থাকেন।

যদা গ্রহবিহীনংস্যাদ্ভাগ্যস্থানঞ্চ কর্ম্ম চ।
তদ্‌গ্রহাধ্যক্ষযোগেন তথা বাচ্যং সদা বুধৈঃ॥

যদি জাতকের ভাগ্য (নবম) স্থান ও কর্ম্ম (দশম) স্থান গ্রহবর্জ্জিত হয় কি গ্রহের দৃষ্টি বিহীন হয়, তাহা হইলে সেই স্থানের অধিপতি যে যে স্থানে আছেন, তাহা দ্বারা পণ্ডিতগণকর্ত্তৃক ফল বিরোচিত হইবে।

রবেঃ ফলং।

দশমভবনসংস্থে তীক্ষ্ণভানৌ মনুষ্যং
বহুতরধনযুক্তোদানশীলোঽতিমানী।
মৃদুশুচিলঘুভোক্তা নৃত্যগীতানুরাগী
নরপতিবরপূজ্যঃ শেষকালে চ রোগী॥ ১

জন্মকালে লগ্নের দশম স্থানে রবিগ্রহ থাকিলে জাতমনুষ্য বহুতর ধনযুক্ত, দানশীল, অতিশয় মান্য, মৃদু, শুদ্ধাচারী, লঘুহারী, নৃত্যগীতাদিতে অনুরাগী শ্রেষ্ঠনরপতি কর্ত্তৃক পূজনীয় এবং শেষাবস্থায় রোগযুক্ত হয়।

অন্যচ্চ—কর্ম্মক্ষীণঃ ক্ষিপ্রগামী তেজোময়ঃ শ্রবণরোগী চ।
পিতৃধনযুক্তঃ সততং ভবতি নরোভাস্করে দশমে॥ ১

জন্মলগ্ন হইতে দশমস্থানে রবি অবস্থিত হইলে জাতব্যক্তি ক্ষীণ-কর্ম্মান্বিত,সত্বরগামী, তেজস্বী, কর্ণরোগযুক্ত ও সর্ব্বদা পিতৃধনবিশিষ্ট হয়।

চন্দ্রস্য ফলং।

বহুতরধনভাগী কর্ম্মসংস্থে হিমাংশৌ * বিবিধগুণনিধানঃ পুত্ত্রদারাদিপূর্ণঃ।
রিপুকুটিলগৃহস্থে কাশরোগী কৃশাঙ্গঃ পরযুবতিধনাঢ্যঃ কর্ম্মহীনোমনুষ্যঃ ॥২

জন্মকালীন চন্দ্র কর্ম্মস্থানে থাকিলে জাতমনুষ্য নানাগুণের আকর পুত্ত্রবান্ ও ভার্য্যাদিযুক্ত হয়। আর ঐ দশমস্থ চন্দ্র যদি তৎকালিক শত্রুগৃহে কি পাপগৃহে অবস্থিত হন, তাহা হইলে জাতব্যক্তি কাশরোগ-যুক্ত কৃশাঙ্গ. পরস্ত্রীর ধনদ্বারা ধনবান্ ও কর্ম্মহীন হইয়া থাকে।

কুজস্য ফলং।

দশমগতমহীজে দাম্ভিকঃ কোষহীনঃ রিপুকুলভয়কারী কামিনীচিত্তহারী।
জঠরসমশরীরোভূমিজীবী প্রকোপী দ্বিজগুরুসুরভক্তোঽধর্ম্ম-কর্ম্মানুরক্তঃ ॥ ৩

জন্মসময়ে মঙ্গল লগ্নের দশমস্থানে অবস্থিত হইলে জাতব্যক্তি দাম্ভিক, কোষহীন, শত্রুগণের ভয়কারক রমণীচিত্তরঞ্জক, জঠরসমান শরীরধারী, ভূমিজীবী, অতিক্রোধী, ব্রাহ্মণ গুরু ও দেবতাভক্ত এবং অধর্ম্মকর্ম্মে অনুরক্ত হইয়া থাকে।

অন্যচ্চ—অস্ত্রজ্ঞঃসাহসিকোভূম্যুপজীবী কর্ম্মণা রহিতঃ।
শত্রুধনেঽধিকারী ভবতি নরোমঙ্গলে দশমে ॥ ৩

লগ্নের দশমস্থানে মঙ্গল থাকিলে জাতমনুষ্য অস্ত্রজ্ঞ, সাহসী, ভূমি-জীবী, কর্ম্মরহিত ও শত্রুধনে অধিকারী হয়।

বুধস্য ফলং।

গুরুজনস্য হিতে নিরতোনরোবহুধনোদশমে শশিনন্দনে।
নিজভূজার্জ্জিতবিত্তহয়োত্তমৈর্ব্বহুসুখং ভজতে † বহুভাষকঃ ॥ ৪

---

* দশমভবসংস্থে শীতরশ্মৌ সুপূর্ণে। ইতি পাঠান্তরং।

† মিতভাষকঃ ইত্যপি পাঠঃ।

জন্মসময়ে লগ্নে দশমস্থানে বুধ গ্রহ থাকিলে জাতব্যক্তি গুরুজনের হিতনিরত, বহুধনযুক্ত নিজভুজবলে অর্জ্জিত ধন ও অশ্বাদিদ্বারা সুখভাগী এবং বহুভাষী হয়।

অন্যচ্চ--শশধরতনয়োদদাতি মিত্রাং প্রচুরধনানি যশাংসি কর্ম্মসংস্থঃ।

কুতনুকৃশশরীরোমন্দভাগ্যঃকুচেলোযদি রিপুভবনস্থোনীচ-গতোঽস্তগোঽপি ॥৪

জাতলগ্নের দশমস্থানে বুধ অবস্থিত হইয়া যদি মিত্রগৃহস্থ হন, তাহা হইলে জাতমনুষ্য বহুধন ও যশলাভ করে, কিন্তু ঐ বুধ শত্রুগৃহস্থ, নীচ-রাশিস্থিত কি অস্তমিত হইয়া দশমে থাকিলে জাতব্যক্তি কুৎসিতও কৃশ-শরীরযুক্ত মন্দভাগ্য এবং কুবসনধারী হইয়া থাকে।

অপরঞ্চ—যশোনৃপতিপূজাঞ্চ মিত্রং বিত্তং শুভোবুধঃ।
কর্ম্মস্থানগতঃ কুর্য্যাদ্বিপরীতমতোঽন্যথা ॥ ৪

লগ্নের দশমে বুধ শুভ থাকিলে জাতক যশস্বী, নৃপপূজ্য, মিত্রযুক্ত ও ধনশালী হয়, কিন্তু ঐ বুধ অশুভ হইলে ইহার বিপরীত ফল হইয়া থাকে।

গুরোঃ ফলং।

দশমমন্দিরগে চ বৃহস্পতৌ তুরগরত্নবিভূষিতমন্দিরঃ।
জয়তি নীতিগুণৈর্নিজশাত্রবান্ সকলধর্ম্মকরঃসুখভাজনঃ ॥ ৫

জন্মসময়ে লগ্নের দশমস্থানে বৃহস্পতি থাকিলে জাতব্যক্তির মন্দির তুরগও রত্নদ্বারা বিভূষিত হয়। ঐ মনুষ্য নীতিগুণদ্বারা স্বীয় শত্রুগণকে পরাজয় করে এবং সকলধর্ম্মের অনুষ্ঠাতা ও সুখভাগী হইয়া থাকে।

ভৃগোঃ ফলং।

দশমমন্দিরগে ভৃগুনন্দনে বিধিবদর্থযুতোদৃশি রোগবান্।
বিপিনগতোঽপিস্বরাজ্যপদং সুখং রমতে বরনারীসমন্বিতঃ ॥৬

জন্মসময়ে লগ্নের দশমস্থানে শুক্র থাকিলে জাতমনুষ্য নিয়মিত অর্থ-

যুক্ত, নেত্ররোগী ও শ্রেষ্ঠারমণীর পতি হয় এবং ঐ ব্যক্তি বনবাসী হইলেও স্বরাজ্য ভোগে সুখী হইয়া থাকে

অন্যচ্চ—কর্ম্মগতে ভৃগুপুত্রে ভুঙ্‌ক্তে রাজ্যাস্পদং বনস্থোঽপি।
ভবতি চ লোচনরোগী স্ত্রীধনযুক্তোমহাভোগী॥ ৬

শুক্রগ্রহ কর্ম্মস্থানে অবস্থিত হইলে জাতমনুষ্য বনবাসী হইয়াও রাজ্যভোগ করে। আর ঐ ব্যক্তি নেত্ররোগবিশিষ্ট, স্ত্রীধনযুক্ত এবং মহাভোগশালী হইয়া থাকে।

শনেঃ ফলং।

শনৈশ্চরে কর্ম্মগৃহে মনুষ্যামহাধনী ভৃত্যজনানুরক্তঃ।
প্রাজ্ঞঃ প্রচণ্ডোনৃপসদ্মবাসী ন শত্রুবর্গাদ্ভয়মেতি মানী॥ ৭

লগ্নের দশমস্থানে শনৈশ্চর অবস্থিত হইলে জাতমনুষ্য অত্যন্ত ধনবান্, ভৃত্যানুরক্ত, প্রাজ্ঞ, উগ্রস্বভাব, রাজপুরবাসী ও মাননীয় হয় এবং ঐ ব্যক্তি শত্রুবর্গ হইতে কখনও ভয় প্রাপ্ত হয় না।

অন্যচ্চ—পরসমুপার্জ্জিতবিত্তঃ ক্রুরাত্মা পরঘাতকঃ শূরঃ।
জঙ্ঘারোগী কৃপণঃ কর্ম্মগতে মানবৌমন্দে॥ ৭

শনৈশ্চর দশমস্থানে অবস্থান করিলে জাতমনুষ্য পরবিত্তদ্বারা ধনশালী, ক্রুরস্বভাব, পরহন্তাশূর, জঙ্ঘারোগযুক্ত ও কৃপণ হয়।

রাহোঃ ফলং।

কামাতুরঃকর্ম্মগতে চ রাহৌ পরান্নভোজী মুখরাপতিশ্চ।
স্নানে বিরক্তঃ সুখবর্জ্জিতশ্চ শিল্পানুশীলশ্চপলোঽতি * হৃষ্টঃ॥৮

রাহু কর্ম্মস্থানে অবস্থিত হইলে জাতব্যক্তি কামাতুর, পরান্নভোজী, মুখরাস্ত্রীর পতি স্নানে বিরক্ত, সুখহীন, শিল্পনিপুণ, চঞ্চল ও হৃষ্টচিত্ত হয়।

ইতি কর্ম্মস্থানচিন্তা।

---

* অতি দুঃখীতি পাঠান্তরং।

অথায়স্থানং।

লাভস্থিতাহীনবলাশ্চ যে স্যুঃশুভগ্রহাবা যদি বাশুভাশ্চ।
প্রায়ঃপ্রযচ্ছন্তি শুভানি নিত্যং স্ত্রীরত্নমুক্তামণিভূষণানি॥

লাভ স্থানে (লগ্নের একাদশে) শুভগ্রহ হউন আর অশুভগ্রহ হউন হীনবল হইয়া অবস্থিত হইলেও শুভফল প্রদান করেন, অর্থাৎ জাত-মনুষ্যের লগ্নের একাদশস্থানে যে কোনগ্রহ থাকিলেই স্ত্রী, রত্ন, মুক্তা, মণি প্রভৃতি লাভ হইয়া থাকে। বাস্তবিক এই সকল প্রশংসামাত্র ফল পরে বিবৃত হইতেছে।

আয়স্থাযদি পাপনবাংশে স্বভবনে স্যুঃ:
শেষনিবৃত্তিং কুরুতে ধর্ম্মহীনক্রিয়ারম্ভঃ॥

জন্মসময়ে লগ্নের একাদশস্থানস্থিত গ্রহ যদি পাপগ্রহের নবাংশে থাকিয়া স্বীয়মন্দিরে বাস করেন তাহা হইলে জাতক ধর্ম্মহীন ক্রিয়া-প্রবর্ত্তক হয়।

স্বধর্ম্মবিদ্যার্জ্জিতকোষবৃদ্ধিংলাভস্থিতঃ সৌম্যগ্রহঃকরোতি।
সএব তুঙ্গঃ স্বগৃহস্থিতোবা পুণ্যক্রিয়াভির্ব্বহুকোষকর্ত্তা॥

লগ্নের একাদশস্থানে শুভগ্রহ থাকিলে জাতব্যক্তি স্বধর্ম্মবলে ধন-উপার্জ্জন করিয়া কোষবৃদ্ধি করে, আর ঐ একাদশস্থ শুভগ্রহ উচ্চস্থিত কি স্বীয় গৃহস্থিত হইলে জাতমনুষ্য পুণ্যকর্ম্মদ্বারা ধন উপার্জ্জন করিয়া বহুকোষ বৃদ্ধি করিয়া থাকে।

রবেঃ ফলং।

বহুতরধনভাগী চায়সংস্থে দিনেশে নরপতিগৃহমেধী ভোগ-হীনোগুণজ্ঞঃ।
কৃশতনুবলযুক্তঃ কামিনীচিত্তহারী ভবতি চপলচিত্তোজ্ঞাতিবর্গ-প্রমোদী॥ ১

রবি জন্মকালে লগ্নের একাদশ স্থানে থাকিলে জাতব্যক্তি বহুতর ধনের অধিপতি, রাজা, গৃহাশ্রমী, ভোগহীন, গুণবান্ কৃশশরীরী,

বলযুক্ত, কামিনীগণের চিত্তহারক, চঞ্চল ও জ্ঞাতিবর্গের সহিত আমোদ-প্রিয় হয়।

চন্দ্রস্য ফলং।

বহুতর সুখভাগী লাভসংস্থে শশাঙ্কে
প্রচুরধনসমেতোদারভৃত্যাদিযুক্তঃ।
শশিনি কৃশশরীরে নীচপাপারিগেহে
ন ভবতি সুখভাগী নির্দ্ধনোমূঢ়চেতাঃ॥ ২

চন্দ্র জন্মলগ্নের একাদশস্থানে অবস্থিত হইলে জাতমনুষ্য অত্যন্ত সুখী, প্রচুরধনযুক্ত ও স্ত্রীভৃত্যাদি সমন্বিত হয়, আর চন্দ্র যদি ঐ সময়ে ক্ষীণ থাকেন কি নীচগৃহগত, পাপগৃহস্থ কিম্বা তাৎকালিক শত্রুগৃহে স্থিত হন তাহা হইলে জাতব্যক্তি সুখবিহীন, নির্দ্ধনী এবং মূঢ়চিত্ত হইয়া থাকে।

কুজস্য ফলং।

পরিজনহিতকারী লাভসংস্থে চ ভৌমে
নৃপইবগৃহমেধী পণ্ডিতঃ কোষপূর্ণঃ।
ভবতি চ যদি তুঙ্গোলোকসৌভাগ্যযুক্তঃ
ধৃতিকরবলযুক্তঃ পুণ্যকামোঽতিলোভী॥ ৩

জন্মসময়ে মঙ্গল লাভস্থানে থাকিলে জাতমনুষ্য পরিবার বর্গের হিতকারীনৃ, পতিসদৃশ গৃহমেধী, পণ্ডিত ও পূর্ণধনশালী হয়; আর ঐ মঙ্গল যদি স্বীয় উচ্চগৃহে বাস করেন তবে জাতব্যক্তি সৌভাগ্যযুক্ত, ধৈর্য্য-শালী বলবান্, পুণ্যকর্ম্মা ও অতিশয় লোভান্বিত হইয়া থাকে।

বুধস্য ফলং।

কপটবুদ্ধিরতঃ কৃপণঃ সুখীবহুধনপ্রমদাজনবল্লভঃ।
রুচিরনীলবপুঃপৃথুলোচনোভবতি চায়গতেশশিনন্দনে॥ ৪

জন্মকালীন বুধ আয়স্থানে অবস্থিত হইলে জাতক কপটবুদ্ধিসম্পন্ন, সুখী, অত্যন্ত ধনশালী, রমণীগণের প্রিয়, মনোজ্ঞ নীলবর্ণশরীরী ও পৃথু-লোচন সম্পন্ন হয়।

গুরোঃ ফলং।

ব্রজতি ভূমিপতেঃ সমতাং ধনৈর্নিজকুলস্য বিকাশকরঃসদা।
বিপুলধর্ম্মরতশ্চ মুদান্বিতোভবতি লাভগতে সুরমন্ত্রিণি ॥ ৫

বৃহস্পতি লগ্নের একাদশস্থানে অবস্থিত হইলে জাত মনুষ্য ধনদ্বারা অবনিপতিতুল্য, নিজকুলের প্রকাশক, অত্যন্ত ধার্ম্মিক ও হর্ষযুক্ত হয়।

শুক্রস্য ফলং।

নিজগৃহায়গতে ভৃগুজে গুণী নিজকুলস্য হিতে নিয়তব্রতী।
মদনতুল্যবপুঃ সুখভাজনোভবতি হাস্যরতঃ কুসুমপ্রিয়ঃ ॥ ৬

জন্মকালে শুক্র আয়স্থানে থাকিয়া নিজগৃহস্থিত হইলে জাতব্যক্তি গুণবান্, নিজকুলের হিতসাধনে সর্ব্বদা তৎপর, কামদেব সদৃশ শরীরধারী, সুখী, হাস্যরত ও কুসুমামোদী হইয়া থাকে।

শনেঃ ফলং।

সূর্য্যাত্মজেলাভগতেমনুষ্যোধনী বিতৃষ্ণোবহুভোগভোগী।
গীতানুরাগী মুদিতঃ সুশীলঃসচাল্পকালে ভবতীব মানী ॥ ৭

লগ্নের একাদশস্থানে শনৈশ্চর থাকিলে জাতমনুষ্য ধনবান্, তৃষ্ণা-হীন, বহুভোগযুক্ত গীতানুরক্ত, হর্ষচিত্ত, সুশীল এবং অল্পবয়সে অতিশয় মানী হইয়া থাকে।

রাহোঃ ফলং।

আয়স্থিতেদৈত্যসুতেমনুষ্যোহন্তারিপোশ্চাপিস্ববীর্য্যযত্নাৎ।
চাঞ্চল্যযুক্তঃ পরদারসেবী শাস্ত্রস্যনিন্দী চপলোবিলজ্জঃ ॥ ৮

আয়স্থানে রাহু অবস্থিত হইলে জাতব্যক্তি স্বীয় বল ও যত্ন দ্বারা রিপু হনন করে, আর ঐ ব্যক্তি চাঞ্চল্যযুক্ত, পরদারাসক্ত, শাস্ত্রনিন্দাকারী, চপল ও লজ্জাহীন হয়।

আয়স্থানচিন্তা।

অথ ব্যয়স্থানং।

রবেঃ ফলং।

জড়মতিরতিগামী চান্যযোষিদ্‌বিলাসী
বিহগগণবিঘাতী ক্রূরচেষ্টঃ কুমূর্ত্তিঃ।
ন ভবতি বলযুক্তোদ্বাদশস্থে দিনেশে
কথকজনবিরোধী জঙ্ঘরোগী সশঙ্কঃ *॥ ১

দিবাকর জাতলগ্নের দ্বাদশস্থানে অবস্থিত হইলে জাতক জড়বুদ্ধিযুক্ত, অতিকামুক, অন্যরমণীঅভিলাষী, পক্ষিঘাতক, ক্রূরচেষ্টাযুক্ত, কুরূপ-সম্পন্ন, বলহীন, কথকজনের প্রতি বিরোধী জঙ্ঘারোগযুক্ত ও সশঙ্কিত হইয়া থাকে।

অন্যচ্চ—রিপ্‌ফস্থোদিবসকরঃ পাপযুতঃ পাপসংদৃষ্টঃ।
কুলজানামপি কুরুতে মনুজানাং গোত্রবাহ্যত্বং॥ ১

জন্মকালীন রবি লগ্নের দ্বাদশস্থানে পাপগ্রহযুক্ত কিম্বা পাপগ্রহ কর্ত্তৃক অবলোকিত হইয়া অবস্থিত হইলে জাতমনুষ্য সদ্‌বংশজাত হইলেও গোত্রের বাহির হয়।

চন্দ্রস্য ফলং।

ব্যয়নিলয়বিসংস্থে রাত্রিনাথে কৃশাঙ্গে সততনিয়তরোগী ক্রোধনোনির্দ্ধনশ্চ।
নিজগুরুবুধগেহে দাম্ভিকস্ত্যাগশীলঃ কৃশতনুসুখভাগী নীচসঙ্গী সদৈব॥ ২

ক্ষীণচন্দ্র লগ্নের দ্বাদশস্থানে অবস্থিত হইলে জাতব্যক্তি সর্ব্বদা রোগ-যুক্ত, ক্রোধপরায়ণ ও ধনহীন হয়; কিন্তু ঐ চন্দ্র নিজগৃহস্থিত কি বৃহ-স্পতির ক্ষেত্রস্থ অথবা বুধের গৃহে অবস্থিত হইলে জাতমনুষ্য দাম্ভিক, ত্যাগশীল কৃশশরীরবিশিষ্ট, সুখী ও নীচসংসর্গে আসক্ত হইয়া থাকে।

অন্যচ্চ—ভবতি শশিনি তুঙ্গে দ্বাদশস্থে ধনাঢ্যঃ

---

* সপঙ্গুরিত্যপি পাঠঃ।

বিপুলযুবতিনাথঃ পুত্রভৃত্যাদিযুক্তঃ।
কৃশবপুষি শশাঙ্কে নীচপাপারিসংস্থে
গদনিচয়সমেতঃ সর্ব্বদুঃখাভিতপ্তঃ॥ ২

জন্মসময়ে চন্দ্র যদি দ্বাদশস্থানে অবস্থিত হন আর সেই ঘর যদি চন্দ্রের উচ্চ হয় তাহা হইলে জাতব্যক্তি ধনবান্, বহু রমণীর পতি ও পুত্র ভৃত্যাদি বিশিষ্ট হয়, কিন্তু ঐ চন্দ্র ক্ষীণ, নীচগৃহস্থ কিম্বা শত্রুগৃহস্থিত হইলে জাত মনুষ্য বহু রোগযুক্ত এবং সর্ব্বপ্রকারে দুঃখিত হইয়া থাকে।

অপরঞ্চ—রিপ্‌ফে শশিনি কার্পণ্যমবিশ্বাসঃ পদে পদে।
কৃষ্ণপক্ষে বিশেষেণ কার্পণ্যমপি বর্দ্ধতে॥ ২

জন্মলগ্নের দ্বাদশস্থানে চন্দ্র অবস্থিত হইলে জাতব্যক্তি পদে পদে বিশ্বাসঘাতকী ও কৃপণ হয়; কৃষ্ণপক্ষে জন্মগ্রহণ করিলে অতিশয় কৃপণ হইয়া থাকে।

কুজস্য ফলং।

পরধনহরণেচ্ছা সর্ব্বদা চঞ্চলাক্ষঃ চপলগতিবিহারী হাস্যযুক্তঃ প্রচণ্ডঃ।
ন ভবতি সুখভাগী দ্বাদশস্থে চ ভৌমে পরযুবতিবিহারী শৌল্কিকঃ কর্ম্মশূরঃ॥

জন্মকালীন মঙ্গল লগ্নের দ্বাদশস্থানে থাকিলে জাতমনুষ্য সর্ব্বদা পরধন অপহরণে ইচ্ছুক, চঞ্চলনেত্রযুক্ত, দ্রুতগামী, হাস্যযুক্ত; প্রচণ্ডস্বভাব, সর্ব্বদা অসুখী, পরদারাসক্ত, শুল্কব্যবসায়ী ও কর্ম্মদক্ষ হয়।

ভৌমোঽপি যদি বা রিপ্‌ফে যদি বা স্যাদ্বিধুন্তুদঃ।
তদা পাপং ভবেৎ পুং সাং দারাঃ স্যুর্ব্ব্যভিচারিণঃ॥ ৩

জন্মসময়ে লগ্নের দ্বাদশস্থানে যদি মঙ্গল বা রাহু অবস্থিত হন তাহা হইলে জাতব্যক্তি পাপাত্মা হয়; আর তাহার রমণীর ব্যভিচার দোষ ঘটে।

বুধস্য ফলং।

ভবতি রিপ্‌ফগতে চ বুধে নরোবিকলমূর্ত্তিধরোধনবর্জ্জিতঃ।
পরকলত্রধনেন চ বিত্তবান্ ব্যসনপাপরতঃকুহকঃ সদা॥ ৪

লগ্নের দ্বাদশস্থানে বুধ অবস্থিত হইলে জাতমনুষ্য বিকলমূর্ত্তিধারী ধনহীন, পররমণীও পরধনদ্বারা ধনশালী, ব্যসনাসক্ত, পাপযুক্ত ও কুহকী হইয়া থাকে।

গুরোঃ ফলং।

শিশুদশাসু ভবেদ্‌গুদরোগবান্ সুচিরসঞ্চিতদানপরাঙ্‌মুখঃ।
কৃশধনীমদনাকুলদাম্ভিকোভবতি চ দেবগুরৌ ব্যয়সংস্থিতে॥ ৫

জন্মকালে বৃহস্পতি লগ্নের দ্বাদশস্থানে থাকিলে জাতব্যক্তি শৈশবাবস্থায় গুদরোগবিশিষ্ট, চিরসঞ্চিত বস্তদানে পরাঙ্মুখ, অল্প ধনবান্, বামাসক্ত ও দাম্ভিক হয়।

অন্যচ্চ—সত্যবাদী দানশীলস্ত্যক্তদুষ্টজনঃ শুচিঃ।
অপ্রমাদী সাধুশীলোব্যয়স্থে দেবতাগুরৌ॥ ৫

জন্মসময়ে ব্যয়স্থানে বৃহস্পতি অবস্থান করিলে জাতমনুষ্য সত্যবাদী, দানশীল, দুষ্টজনপরিত্যাগী, শুদ্ধাচারী, অপ্রমাদী ও সাধুস্বভাবান্বিত হয়।

ভৃগোঃ ফলং।

ব্যয়নিকেতনবর্ত্তিনি ভার্গবে ভবতি রোগযুতঃ প্রথমে নরঃ।
তদনুদম্ভপরায়ণচেতনঃ কৃশধনী মলিনঃ কুহকঃ সদা॥ ৬

শুক্র জন্মকালে লগ্নের দ্বাদশস্থানে থাকিলে জাতব্যক্তি শিশুকালে রোগযুক্ত হইয়া পরে দাম্ভিক, অল্পধনী, মলিন ও কুহকী হইয়া থাকে।

অন্যচ্চ—উচিতব্যয়কারিত্বং রিপ্‌ফস্থে দেবতাগুরৌ।
বুধভার্গবয়োশ্চাপি গুরুবৎকথিতং ফলং॥ ৪—৬

লগ্নের দ্বাদশস্থানে বৃহস্পতি, বুধ কি শুক্র অবস্থিত হইলে জাত মনুষ্য উচিতকার্য্যে ব্যয়শীল হয়।

শনে ফলং।

রিপ্ফে শনৌ চঞ্চলদাররনাথোগদান্বিতোহীনধনঃসুদুঃখী।
জঙ্ঘ্যব্রণী ক্রুরমতিঃ কৃশাঙ্গোবধে রতঃপক্ষীগণস্য নিত্যং॥ ৭

জন্মকালীন শনৈশ্চর রিপ্ফে (লগ্নের দ্বাদশস্থানে) থাকিলে জাতব্যক্তি চঞ্চলারমণীরপতি, রোগযুক্ত, ধনহীন, অত্যন্তদুঃখী, জঙ্ঘাতে ব্রণযুক্ত, ক্রূরবুদ্ধি, কৃশশরীরী ও পক্ষিগণের বধকার্য্যে সর্ব্বদা আসক্ত হইয়া থাকে।

রাহোঃ ফলং।

রিপ্ফস্থিতে সোমরিপৌ মনুষ্যোধর্ম্মার্থ হীনোবহুদুঃখতপ্তঃ।
কান্তাসুখত্যক্তবিদেশবাসী দম্ভান্বিতঃ পিঙ্গলনেত্রযুক্তঃ॥ ৮

রাহু জন্মসময়ে লগ্নের দ্বাদশস্থানে অবস্থিত হইলে মনুষ্য ধর্ম্মহীন, নির্দ্ধন, অত্যন্ত দুঃখিত, রমণীসুখবিহীন, বিদেশবাসী, দাম্ভিক ও পিঙ্গল নেত্রযুক্ত হইয়া থাকে।

ইতি তন্বাদিদ্বাদশস্থানচিন্তা।

ইতি জাতকচন্দ্রিকায়াং সপ্তমোঽধ্যায়ঃ।

অথকেতুপতাক্যাদিজ্ঞানং।

পতাকীকুণ্ডলী কেতোঃ কুণ্ডলী চ বৃহস্পতেঃ।
সর্ব্বত্র পাপসংযোগে সংশয়োজায়তে মহান্॥

অনন্তর কেতুপাতকী, কেতুকুণ্ডলী ও গুরুকুণ্ডলী কথিত হইতেছে। কেতুপাতকী, কেতুকুণ্ডলী ও গুরুকুণ্ডলী এই চক্রত্রয়ে যদি কোনব্যক্তির এক সময়ে পাপগ্রহ পতিত হয়, তাহা হইলে ঐ মনুষ্য সঙ্কটাপন্ন হইয়া থাকে।

অথ কেতুপতাকী।

রবিঃ সোমোমঙ্গলশ্চ বুধঃ সৌরির্ব্বৃহস্পতিঃ।

রাহুঃ কেতুস্তথা শুক্রঃ ক্রমাদেবং বিচিন্তয়েৎ।
কৃত্তিকাদিত্রয়াবৃত্ত্যা যথা কেতৌ মঘা ভবেৎ॥

কেতুপতাকী কিরূপে অঙ্কিত করিতে হয় তাহা বিবৃত হইতেছে। নবভাগে বিভক্ত করিয়া একটি চক্র অঙ্কিত করিয়া তাহাতে রবি, চন্দ্র, মঙ্গল, বুধ, শনি, বৃহস্পতি, রাহু কেতু ও শুক্র এই নয়টিগ্রহ একাদিক্রমে নয়ঘরে স্থাপিত করিতে হইবে। অনন্তর রবির ঘরে কৃত্তিকা, চন্দ্রের ঘরে রোহিণী, মঙ্গলের ঘরে মৃগশিরা, বুধের ঘরে আর্দ্রা, শনির ঘরে পুনর্ব্বসু, বৃহস্পতির ঘরে পুষ্যা, রাহুর ঘরে অশ্লেষা, কেতুর ঘরে মঘা, এবং শুক্রের ঘরে পূর্ব্বফল্গুণীনক্ষত্র রাখিতে হয়। এইরূপে পুনর্ব্বার রবির ঘরে উত্তর ফল্গুণী চন্দ্রের ঘরে হস্তা ইত্যাদিক্রমে স্থাপিত করিলেই প্রত্যেক ঘরে তিনটী করিয়া নক্ষত্র পড়িবে। চক্র নিম্নে প্রদত্ত হইল।

কেতুপতাকীচক্রং।

উক্তরূপে চক্র অঙ্কিত করিয়া জন্মনক্ষত্রানুসারে বর্ষাধিপতি স্থিরীকৃত হইবে। যে ব্যক্তির কৃত্তিকা কি উত্তরফল্গুণী অথবা উত্তরাষাঢ়া নক্ষত্রে জন্ম হয় তাহার প্রথমবর্ষ রবির হইবে। রোহিণী, হস্তা ও শ্রবণা ইহার অন্যতর নক্ষত্রে জন্মগ্রহণ করিলে প্রথমবর্ষ চন্দ্রের। মৃগশিরা চিত্রা কি ধনিষ্ঠা নক্ষত্রে জন্মিলে প্রথমবর্ষ মঙ্গলের। আর্দ্রা, স্বাতি অথবা শতভিষা নক্ষত্রে জন্মগ্রহণ করিলে প্রথমবর্ষ বুধের। পুনর্ব্বসু, বিশাখা কি পূর্ব্ব

ভাদ্রপদ নক্ষত্রে জন্মিলে প্রথমবর্ষ শনির। পুষ্যা অনুরাধা অথবা উত্তর-ভাদ্রপদনক্ষত্রে জন্ম হইলে প্রথমবর্ষ বৃহস্পতির। অশ্লেষা জ্যেষ্ঠা কি রেবতীনক্ষত্রে জন্মিলে প্রথমবর্ষ রাহুর। মঘা মূলা বা অশ্বিনীনক্ষত্রে জন্ম গ্রহণ করিলে প্রথমবর্ষ কেতুর। এবং পূর্ব্বফল্গুণী, পূর্ব্বাষাঢ়া অথবা ভরণীনক্ষত্রে জন্ম হইলে প্রথমবর্ষ শুক্রের হইবে। বর্ষফল নিম্নে বিতরিত হইতেছে।

অথ কেতুপতাকীস্থিতরব্যাদি গ্রহাণাং বর্ষফলং।

রবেরব্দে মনুষ্যাণাং ভবেৎ সর্ব্বত্র নিস্ফলং।
চন্দ্রাব্দে চ লভেদ্দ্রব্যং সুবর্ণাভরণানি চ।
ভৌমাব্দে কার্য্যহানিশ্চ ক্রূরকর্ম্মণি যোজনং।
বুধস্যাব্দে সুসেব্যশ্চ নৌকাদোলাধিপোভবেৎ।
শনৌ রোগভয়ং ঘোরং গৃহদাহশ্চ বন্ধনং।
জীবে বিদ্যা সুখং মানং লোকপূজা ধনাগমঃ।
রাহুকেত্বোঃ সদা দুঃখং বন্ধনাদিপ্রপীড়নং।
শুক্রে চ পৌরুষং খ্যাতিং পুষ্টিকর্ম্ম সুখানি চ॥

কেতুপতাকী স্থিত রব্যাদি গ্রহের ফল কথিত হইতেছে যথা, রবির-বর্ষে মনুষ্যের সর্ব্বত্র নিস্ফল হয়, চন্দ্রের বর্ষে সুবর্ণালঙ্কারাদি লাভ হয়। এইরূপ মঙ্গলের বৎসরে মনুষ্যের কার্য্য বিনষ্ট ও ক্রূরকার্য্যে নিয়োজিত; বুধের বর্ষে পূজ্য ও নৌকা দোলাদির অধিপতি, শনির বৎসরে রোগ, অত্যন্ত ভয়, গৃহদাহ ওবন্ধন, বৃহস্পতিরবর্ষে বিদ্যার্জ্জন, সুখ, সম্মান, লোক-পূজা ও ধনসঞ্চয়. রাহু কেতুর বর্ষে সর্ব্বদা দুঃখ ও বন্ধনাদিপীড়া এবং শুক্রের বর্ষে পৌরষ, খ্যাতি পৌষ্টিককর্ম্ম ও সুখলাভ হইয়া থাকে

ইতি কেতুপতাকী।

অথ কেতুকুণ্ডলী।

অর্কঃ কেতুর্ব্বুধোভৌমঃ কেতুর্জ্জীবস্তথা শশী।
কেতুঃ শুক্রস্তথা রাহুঃ কেতুশ্চৈব শনৈশ্চরঃ।

এবং ক্রমেণ বিজ্ঞেয়া কেতুশ্চৈব চ কুণ্ডলী।
অর্কসৌম্যান্তরে কেতুঃ কুজজীবান্তরে তথা।
সোমশুক্রান্তরে কেতুরাহুসৌম্যান্তরে তথা।
দদ্যাদুত্তরভাদ্রাদিচাষ্টাবিংশতিঋক্ষকং।
ত্রীণি ত্রীণি চ রব্যাদৌ একৈকং কেতুষু স্মৃতং।
জন্মর্ক্ষং খেচরেংযত্র জন্মাদ্যাব্দাঃ প্রকীর্ত্তিতাঃ।

অনন্তর কেতুকুণ্ডলী কথিত হইতেছে। রাশিচক্রের ন্যায় দ্বাদশভাগে বিভক্ত একটী চক্র অঙ্কিত করিয়া তন্মধ্যে রবি, কেতু, বুধ, মঙ্গল, কেতু বৃহস্পতি, চন্দ্র, কেতু, শুক্র, রাহু, কেতু ও শনি ক্রমে লিখিতে হইবে। এইরূপে গ্রহ, স্থাপন করিলেই রবি ও বুধের মধ্যে, মঙ্গল ও বৃহস্পতির মধ্যে, চন্দ্র ও শুক্রেরমধ্যে এবং রাহু ও শনির মধ্যে কেতু থাকিবে। উক্তরূপে অঙ্কিতচক্রের নাম কেতুকুণ্ডলী। ঐ চক্রস্থিত রবির ঘরে উত্তর-ভাদ্রপদ, রেবতী ও অশ্বিনী এই তিন নক্ষত্র, কেতুর ঘরে ভরণীনক্ষত্র, বুধের ঘরে কৃত্তিকা রোহিণী ও মৃগশিরানক্ষত্র,মঙ্গলের ঘরে আর্দ্রাপুনর্ব্বসু ও পুষ্যানক্ষত্র, কেতুর ঘরে অশ্লেষানক্ষত্র,বৃহস্পতির ঘরে মঘা, পূর্ব্বফল্গুনী ও উত্তরফল্গুনীনক্ষত্র, চন্দ্রের ঘরে হস্তা, চিত্রা ও স্বাতিনক্ষত্র, কেতুরঘরে বিশাখানক্ষত্র, শুক্রের ঘরে অনুরাধা, জ্যেষ্ঠা ও মূলানক্ষত্র, রাহুর ঘরে পূর্ব্বাষাঢ়া, উত্তরাষাঢ়া ও অভিজিৎ নক্ষত্র কেতুর ঘরে শ্রবণানক্ষত্র এবং শনিরঘরে ধনিষ্ঠা, শতভিষা ও পূর্ব্বভাদ্রপদনক্ষত্র অঙ্কিত করিতে হইবে। জন্মনক্ষত্র যে গ্রহের কোষ্ঠীতে অবস্থিত সেই গ্রহই মানবের প্রথম বর্ষের অধিপতি হইয়া থাকে যথা,—উত্তরভাদ্রপদ, রেবতী ও অশ্বিনী, এই তিননক্ষত্রের যে কোন নক্ষত্রে জন্ম গ্রহণ করিলে প্রথম বর্ষ রবির হয়। এইরূপ ভরণীনক্ষত্রে জন্মিলে প্রথমে কেতুর বর্ষ। কৃত্তিকা রোহিণী কি মৃগশিরানক্ষত্রে জন্ম গ্রহণ করিলে প্রথম বর্ষ বুধের। আর্দ্রা, পুনর্ব্বসু বা পুষ্যানক্ষত্রে জন্মিলে প্রথমে মঙ্গলের বর্ষ। অশ্লেষানক্ষত্রে জন্মিলে প্রথমবর্ষ কেতুর। মঘা পূর্ব্বফল্গুনী অথবা উত্তরফল্গুনীনক্ষত্রে

জন্মিলে প্রথমে বৃহস্পতির বর্ষ। হস্তা চিত্রা কি স্বাতীনক্ষত্রে জন্মিলে প্রথম বর্ষ চন্দ্রের। বিশাখানক্ষত্রে জন্ম হইলে কেতুর প্রথম বর্ষ। অনুরাধা জ্যেষ্ঠা কি মূলানক্ষত্রে জন্মিলে প্রথম বর্ষ শুক্রের। পূর্ব্বাষাঢ়া উত্তরাষাঢ়া ও অভিজিৎ (ক) নক্ষত্রে জন্মগ্রহণ করিলে প্রথমে রাহুর বর্ষ। শ্রবণা নক্ষত্রে জন্মিলে কেতুর প্রথমবর্ষ। ধনিষ্ঠা শতভিষা অথবা পূর্ব্বভাদ্রপদনক্ষত্রে জন্ম গ্রহণ করিলে প্রথমে শনির বর্ষ হইবে। বর্ষাধিপতির ফল পরে বিবরিত হইবে, অধুনা পাঠকের সৌকর্য্যার্থে কেতুকুণ্ডলী চক্র নিম্নে প্রকাশিত হইতেছে।

অথ কেতুকুণ্ডলী চক্রং।

অথ কেতুকুণ্ডলীস্থিতরব্যাদি গ্রহাণাং বর্ষফলং

রবেরব্দে ভবেদ্রোগঃ চন্দ্রবর্ষে সুখং ভবেৎ।
মঙ্গলে রোগদুঃখেচ বুধে বোধশ্চ জায়তে।

ক। উত্তরাষাঢ়ানক্ষত্রের শেষ চতুর্থাংশ ও শ্রবণানক্ষত্রের প্রথম চারিদণ্ডের নাম অভিজিৎ।

শনী রোগভয়ং দদ্যাদ্‌গুরুর্ব্বিদ্যাসুখোদয়ৌ।
রাহুপীড়াং তথা কেতুঃ শুক্রঃপ্রীতিধনাগমৌ॥

কেতুকুণ্ডলীস্থিত রব্যাদিগ্রহের বর্ষফল বর্ণিত হইতেছে। রবির বৎসরে মনুষ্যের রোগ জন্মে, চন্দ্রের বর্ষে সুখ হয়। এইরূপ মঙ্গলের বর্ষে রোগ ও দুঃখ, বুধের বর্ষে বুদ্ধিবৃদ্ধি, শনির বর্ষে রোগ ও ভয়, বৃহস্পতির বৎসরে বিদ্যালাভ ও সুখোদয়, রাহুকেতুর বৎসরে পীড়া এবং শুক্রের বর্ষে প্রীতি ও ধন সঞ্চয় হইয়া থাকে।

অথ গুরুকুণ্ডলী।

অর্কোভৌমশ্চ কেতুশ্চ চন্দ্রঃ সৌম্যোবৃহস্পতিঃ।
শুক্রঃশনৈশ্চরোরাহুঃ কুণ্ডলী স্যাদ্ বৃহস্পতেঃ।
পুষ্যাদিনী চ ঋক্ষাণি ত্রিরাবৃত্তিক্রমান্ন্যসেৎ॥

অধুনা গুরুকুণ্ডলী কথিত হইতেছে যথা,—একটি চক্র নবভাগে বিভক্ত করিয়া তন্মধ্যে যথা ক্রমে রবি, মঙ্গল, কেতু, চন্দ্র, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি ও রাহু এই সকল গ্রহ সংস্থাপন করতঃ রবির ঘরে পুষ্যা অনুরাধা ও উত্তরভাদ্রপদ নক্ষত্র, মঙ্গলের ঘরে অশ্লেষা জ্যেষ্ঠা ও রেবতী-নক্ষত্র, কেতুর ঘরে মঘা, মূলা ও অশ্বিনী নক্ষত্র, চন্দ্রের ঘরে পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া ও ভরণী নক্ষত্র বুধের ঘরে উত্তরফল্গুনী উত্তরাষাঢ়া ও কৃত্তিকা নক্ষত্র, বৃহস্পতির ঘরে হস্তা, শ্রবণা ও রোহিণী নক্ষত্র, শুক্রের ঘরে চিত্রা, মৃগশিরা নক্ষত্র, শনির ঘরে স্বাতি, শতভিষা ও আর্দ্রানক্ষত্র এবং রাহুর ঘরে বিশাখা, পূর্ব্বভাদ্রপদ ও পুনর্ব্বসু নক্ষত্র স্থাপনা করিবে। এখানেও জন্মনক্ষত্রানুসারে বর্ষ বিবেচিত হইবে যথা, পুষ্যা, অনুরাধা কিম্বা উত্তরভাদ্রপদনক্ষত্রে জন্মগ্রহণ করিলে সেই মনুষ্যের প্রথম বর্ষ রবির। অশ্লেষা, জ্যেষ্ঠা কি রেবতী নক্ষত্রে জন্মিলে প্রথম বর্ষ মঙ্গলের। মঘা মূলা অথবা অশ্বিনক্ষত্রে জন্ম হইলে কেতুর প্রথম বর্ষ পূর্ব্বফল্গুনী পূর্ব্বাষাঢ়া কিম্বা ভরণীনক্ষত্রে জন্মগ্রহণ করিলে প্রথম বর্ষ চন্দ্রের। উত্তরফল্গুনী. উত্তরাষাঢ়া কি কৃত্তিকানক্ষত্রে জন্মিলে প্রথম বর্ষাধিপতি বুধ। হস্তা, শ্রবণা অথবা রোহিণী নক্ষত্রে জন্ম হইলে প্রথম বর্ষাধিপতি বৃহ-

স্পতি, চিত্রা ধনিষ্ঠা কি মৃগশিরা নক্ষত্রে জন্ম গ্রহণ করিলে প্রথম বর্ষ শুক্রের। স্বাতি, শতভিষা বা আর্দ্রা নক্ষত্রে জন্মিলে প্রথম বর্ষাধিপতি শনি এবং বিশাখা, পূর্ব্বভাদ্রপদ ও পুনর্ব্বসু নক্ষত্রে জন্ম গ্রহণ করিলে রাহু প্রথম বর্ষাধিপতি হইবে। নিম্নে গুরুকুণ্ডলীচক্র অঙ্কিত হইল দৃষ্টি করিলেই পাঠক অনায়াসে বুঝিতে পারিবেন।

অথ গুরুকুণ্ডলীচক্রং।

কেতুপতাকী, কেতুকুণ্ডলী ও গুরুকুণ্ডলী এই চক্রত্রয়ের দ্বারা ত্রিপাপ-চক্র রচনা করিয়া তাহাতে ত্রিপাপ গণনা করিতে হয়; ত্রিপাপচক্র পরে লিখিত হইবে।

অন্যচ্চ—অর্কশ্চ ভূনন্দনকশ্চ কেতুশ্চন্দ্রজ্ঞশূন্যং খগুরুর্ব্বিশূন্যং।
শুক্রশ্চ শূন্যং শনিশূন্যরাহুপ্রাজ্ঞৈশ্চলিপ্তা গুরুকুণ্ডলীয়ং ॥১

অন্য প্রকার গুরুকুণ্ডলী কথিত হইতেছে ঊর্দ্ধে পাঁচটী রেখা অঙ্কিত করিয়া তন্মধ্যে বক্রভাবে একটী রেখা অঙ্কিত করিতে হইবে। অনন্তর রবি, মঙ্গল, কেতু, চন্দ্র, বুধ, শূন্য, শূন্য বৃহস্পতি, শূন্য, শূন্য, শুক্র, শূন্য, শনি, শূন্য ও রাহু এই সকল লিখিতে হইবে। গ্রহের নিকটে নক্ষত্রাঙ্ক পূর্ব্বরূপে যোজনা করিতে হয়। পণ্ডিতগণ কর্ত্তৃক এইরূপেউক্ত হইয়াছে।

১। যস্য গৃহস্য বর্ষং সম্ভবন্তি তদ্বর্ষং প্রথমং কৃত্বা স্বামিযুক্তং বিচারয়েৎ। এষঃ কুণ্ডলীক্রমঃ ইতি গুরুকুণ্ডলী

অথ প্রকারান্তরগুরুকুণ্ডলী চক্রং।

ইতি গুরুকুণ্ডলীলিখনক্রমঃ।

কেতুপতাকী, কেতুকুণ্ডলী ও গুরুকুণ্ডলী এই চক্রত্রয় যোগ করিয়া ত্রিপাপচক্র লিখিত হয়। পাঠকবর্গের অল্পায়াসে বোধগম্য হওয়ার নিমিত্তে নিম্নে ত্রিপাপচক্রঅঙ্কিত হইতেছে। পুস্তক বৃদ্ধি হয় এই নিমিত্তে, এখানে কেবল অশ্বিনীনক্ষত্রে জন্ম স্থির করিয়াই চক্র লিখিত হইল। অন্যান্য নক্ষত্রে জাতব্যক্তির কেতুপতাকী কেতুকুণ্ডলী ও গুরুকুণ্ডলী দেখিয়া গ্রহগণ সংস্থাপন করতঃ ত্রিপাপ দেখিতে হইবে।

অথ ত্রিপাপচক্রং।

৩৭	৩৮	৩৯	৪০	৪১	৪২	৪৩	৪৪	৪৫	৪৬	৪৭	৪৮
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র
র	কে	বু	ম	কে	বৃ	চ	কে	শু	রা	কে	শ
কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু
৪৯	৫০	৫১	৫২	৫৩	৫৪	৫৫	৫৬	৫৭	৫৮	৫৯	৬০
১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪
চ	ম	বু	শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু
বৃ	কে	বু	ম	কে	বৃ	চ	কে	শু	রা	কে	শ
বৃ	শু	শ	রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ
৬১	৬২	৬৩	৬৪	৬৫	৬৬	৬৭	৬৮	৬৯	৭০	৭১	৭২
২৫	২৬	২৭	২৮	২৯	৩০	৩১	৩২	৩৩	৩৪	৩৫	৩৬
শ	বৃ	রা	কে	শু	র	চ	ম	বু	শ	বৃ	রা
র	কে	বু	ম	কে	বৃ	চ	কে	শু	রা	কে	শ
রা	র	ম	কে	চ	বু	বৃ	শু	শ	রা	র	ম

অথ ত্রিপাপচক্রস্থগ্রহফলং।

শুভং বুধে বিধৌ চ স্যান্মরণং রাহুমন্দয়োঃ।
গুরুব্বয়ে মহাসৌখ্যং দুঃখংস্যাদ্ভৌমসূর্যয়োঃ॥

ত্রিপাপচক্রস্থ গ্রহফল বর্ণিত হইতেছে যথা, ত্রিপাপচক্রে যে যে বর্ষে বুধ ও চন্দ্র বর্ষপতি হইবেন মনুষ্যের সেই সেই বর্ষে শুভফল হয়। রাহু ও শনি যে যে বর্ষে বর্ষপতি হন সেই সেই বর্ষে মৃত্যুতুল্য ফল হইবে। বৃহস্পতিদ্বয় যে বর্ষের অধিপতি সেইবর্ষে শুভ এবং মঙ্গল ও রবি যে বৎসরের অধিপতি সেই বর্ষে মানবের দুঃখ হইয়া থাকে।

রবিবর্ষে ভবেদ্দুঃখং কুজবর্ষে তথৈব চ।
কেতোশ্চ নিরতং ক্লেশঃ সুখং চন্দ্রে তথা বুধে।
গুরৌ শুক্রে তথা রাজ্যং মহাক্লেশং শনৈশ্চরে।
রাহৌ তথৈব বিজ্ঞেয়োগদিতোমিহিরাদিভিঃ॥

ত্রিপাপচক্রস্থিত রবি ও মঙ্গলের বর্ষে মনুষ্যের দুঃখ হয়, কেতুর বর্ষে ক্লেশ পায় আর চন্দ্র ও বুধের বর্ষে সুখ, বৃহস্পতির ও শুক্রের বর্ষে রাজ্য প্রাপ্তি এবং শনি ও রাহুর বর্ষে অত্যন্ত ক্লেশ হইয়া থাকে।

দ্বিরবৌ ক্লেশমাপ্নোতি দ্বিচন্দ্রে সুখমুত্তমং।
দ্বিকুজেঽগ্নিরুজা পীড়া দ্বিবুধে ধনসঞ্চয়ঃ।
দ্বিশনৌ সর্ব্বনাশঃ স্যাদ্দ্বিগুরৌ রাজভোগবৎ।
দ্বিরাহৌ শস্ত্রভীতিঃ স্যাদ্দ্বিশুক্রে ভোগমক্ষয়ং॥

ত্রিপাপচক্রের একঘরে দুই রবি থাকিলে ক্লেশ, দুই চন্দ্র থাকিলে সুখ, দুই মঙ্গল থাকিলে অগ্নিভয় ও রোগ, দুই বুধ থাকিলে ধনসঞ্চয়, দুই শনি থাকিলে সর্ব্বনাশ দুই বৃহস্পতি থাকিলে রাজভোগতুল্য ভোগ; দুই রাহু থাকিলে অস্ত্রের ভয় এবং দুই শুক্র থাকিলে অক্ষয়ভোগ লাভ হইয়া থাকে।

ত্রিপাপচক্র ফলং।

ত্রিরবৌ বিত্তনাশঃস্যাত্রিচন্দ্রে লভতে ধনং।

'রজতং শুভ্রবস্ত্রঞ্চ ত্রিকুজে সংশয়প্রদঃ।

ত্রিবুধে রত্নলাভঃ স্যাত্রিশনৌ বধবন্ধনং।

ত্রিগুরৌ মহদৈশ্বর্য্যং ত্রিরাহৌ শস্ত্রঘাতনং।

ত্রিশুক্রে সততংলাভস্ত্রিকেতৌ জ্বরপীড়নং।

ত্রিপাপবৎসরে কষ্টং মরণঞ্চ প্রকীর্ত্তিতং॥

ত্রিপাপচক্রে একগৃহে তিন রবি থাকিলে বিত্তনাশ, তিন চন্দ্র থাকিলে ধন, রৌপ্য ও শুভ্রবস্ত্র লাভ তিন মঙ্গল থাকিলে জীবন সংশয়, তিন বুধ থাকিলে রত্নলাভ, তিন শনি থাকিলে বধ ও বন্ধন,তিন বৃহস্পতি থাকিলে অত্যন্ত ঐশ্বর্য্য লাভ, তিন রাহু থাকিলে অস্ত্রাঘাত, তিন শুক্র থাকিলে সর্ব্বদা লাভ, তিন কেতু থাকিলে জ্বররোগ হয় এবং ত্রিপাপ বৎসরে অতিশয় কষ্ট ও মরণ হইয়া থাকে।

অন্যচ্চ—দ্বিশুভাব্দাঃ শুভাঃ প্রোক্তাস্ত্রিশুভাব্দাঃ শুভাবহাঃ।

দ্বিপাপাঃ কষ্টদাঃ প্রোক্তাস্ত্রিপাপামৃত্যুদাঃ স্মৃতাঃ॥

ত্রিপাপচক্রে দুইটি শুভগ্রহ একঘরে অবস্থিত হইলে শুভ এবং তিনটি শুভগ্রহ থাকিলে অত্যন্ত অশুভ হয়। একগৃহে দুই পাপ থাকিলে কষ্ট এবং ত্রিপাপ থাকিলে মৃত্যু হয়।

কেতোর্ব্বর্ষে ভবেদ্‌ঘাতং গৃহদাহঞ্চ বন্ধনং।

রাজদ্বারে ভয়ং চৌর্য্যং, প্রাণসংশয়মেব চ।

কেতুর বর্ষে মনুষ্যের আঘাত, গৃহদাহ, বন্ধন, রাজভয়, বস্ত অপহরণ ও প্রাণসংশয় হয়।

কেতুরেকং মহৎকষ্টং দ্বিকেতু জ্বরপীড়নং।

কেতুত্রয়ং যদা বর্ষে প্রাণসংশয়মেব চ।

ত্রিপাপচক্রে একেকতু থাকিলে অতিশয় কষ্ট একঘরে দুই কেতু থাকিলে জ্বর পীড়া এবং তিন কেতু থাকিলে প্রাণ সংশয় হইয়া থাকে।

অপরঞ্চ—একপাপে ভবেদ্রোগোদ্বিপাপে চ ধনক্ষয়ঃ।

ত্রিপাপে চ ভবেন্মৃত্যুঃ সপ্তশূন্যাদিকং যদি।

ত্রিপাপচক্রে এক পাপ থাকিলে মনুষ্যের সেই বৎসরে রোগ হয়, দুইপাপ থাকিলে ধনক্ষয় হয় এবং ত্রিপাপ থাকিলে মনুষ্যের সেই বৎসর সপ্তশূন্যাদি থাকে তবে মনুষ্যের মৃত্যু হইয়া থাকে।

অথ কেতুপতাক্যুক্তদশায়াঅন্তর্ব্বিভাগঃ।

অথকেতুপতাক্যাস্তু বর্ষপান্তর্ব্বিভাগকং।
কথয়ামীহ যত্নেন বরাহোক্তং বিশেষতঃ॥

কেতুপতাকীচক্রে যে গ্রহ বর্ষাধিপ হন, বরাহাচার্য্য সম্মত সেই গ্রহের অন্তর্দ্দশা কথিত হইতেছে।

রবের্ব্বিংশদ্দিনং জ্ঞেয়ং পঞ্চাশদ্দিনকং বিধোঃ।
ভৌমস্যাষ্টাবিংশতিকং দিনং জ্ঞেয়ন্তু সুরিভিঃ।
ষট্ পঞ্চাশদ্দিনঞ্চৈব বুধস্য পরিকীর্ত্তিতং।
ত্রয়স্ত্রিংশদ্দিনং পঙ্গোস্ত্রিষষ্টির্দিবসংগুরোঃ।
চত্বারিং শদ্দিনং রাহোর্ভৃগোশ্চ দিনসপ্ততিঃ।
এবং ক্রমেণ ভোগঃ পতাক্যাঃ পরিকীর্ত্তিতঃ।
অন্তর্দ্দশাবদেতেষাং ফলং জ্ঞেয়ং বিশারদৈঃ॥

কেতুপতাকীদশার একবর্ষ মধ্যে রবির ২০ কুড়ি দিন, চন্দ্রের ৫০ পঞ্চাশ দিন, মঙ্গলের ২৮ আটাশ দিন, বুধের ৫৬ ছাপান্ন দিন, শনির ৩৩ তেত্রিশ দিন, বৃহস্পতির ৬৩ তেষট্টি দিন, রাহুর ৪০ চল্লিশ দিন, শুক্রের ৭০ সত্তর দিন হয়। এইরূপে সকল গ্রহের অন্তর্দ্দশা ভাগ করিতে হইবে। এই অন্তর্দ্দশায় ফল নাক্ষত্রিকী অন্তর্দ্দশায় ফলের তুল্য পণ্ডিতগণ এইরূপ বলিয়াছেন।

অথ প্রত্যন্তরবিভাগঃ।

প্রত্যন্তরবিভাগঞ্চ দণ্ডান্ কৃত্বা দিনানি বৈ।
রবের্ব্বেদাবিধৌ নাগাঃ কুজে পঞ্চ প্রকীর্ত্তিতং।
বুধে চ নবকং জ্ঞেয়ং শনেঃ ষট্বাক্পতের্দ্দশ॥

রাহোঃ সপ্ত ভৃগোরেকাদশকৈমেদ পূরণং।
প্রত্যন্তরদশাতুল্যং ফলমেষাং প্রকীর্ত্তিতং ॥ (১)

কেতুপতাকীদশার প্রত্যন্তর্দ্দশা কথিত হইতেছে যথা,—অন্তর্দ্দশার দিন সমূহকে দণ্ডজ্ঞান করিয়া ৪ চারিদ্বারা গুণ করিলে যত দণ্ড হইবে সেই পরিমাণ রবির অন্তর্দ্দশার কাল। এইরূপ চন্দ্রের ৮ আটদ্বারা, মঙ্গলের ৫ পাঁচ দ্বারা, বুধের ৯ নয় দ্বারা, শনির ৬ ছয় দ্বারা, বৃহস্পতির ১০ দশ দ্বারা, রাহুর ৭ সাত দ্বারা এবং শুক্রের এগার দ্বারা গুণ করিলে যত দণ্ড হইবে তাহাই প্রত্যন্তর্দ্দশার কাল জানিবে।

বর্গোত্তমে স্বতুঙ্গে বা কেন্দ্রে বা গুরুভার্গবৌ।
তথাপি প্রবলে পাপে বর্ষভোগো ন লুপ্যতে ॥
যদি দৈবাত্তবেত্তুঙ্গে স্বগৃহে বা কদাচন।
তদা সর্ব্বং বৈপরীত্যং বিরুদ্ধে ভাবসংস্থিতে ॥

বৃহস্পতি ও শুক্র বর্গোত্তমে কি স্বীয় স্বতুঙ্গ গৃহে অথবা কেন্দ্রস্থানে থাকিলেও বলবান্ পাপগ্রহের বর্ষভোগ কোনরূপেই বিফল হইবে না। কিন্তু পাপগ্রহ তুঙ্গে কি স্বগৃহে থাকিলে বিরুদ্ধ ভাবাপন্ন হইলেও তাহার বিপরীত ফল হয় অর্থাৎ শুভ ফল প্রদান করিয়া থাকেন।

অথদশাবিচারঃ।

বরাহমিহিরাচার্য্যগর্গাদিমুনিসম্মতা।
ফলসম্পাদিনী জ্ঞেয়া কলৌ নাক্ষত্রিকী দশা ॥

বরাহমিহির ও গর্গাদি মুনিগণ বলিয়াছেন, "কলিযুগে নাক্ষত্রিকী দশাই ফলদায়িনী।"

কৃত্তিকাদিত্রয়ে সূর্য্যঃ শশী রৌদ্রচতুষ্টয়ে।
মঘাদিত্রিতয়ে ভৌমোবুধোহস্তাচতুষ্ঠয়ে।

১। কেতুপতাক্যাবর্ষাধিপস্য দিনদণ্ডবিভাগেন বোধ্যং। ফলন্তু নাক্ষত্রিকীদশায়াং জ্ঞেয়ং।

অনুরাধাত্রয়ে সৌরিগুরুঃ পূর্ব্বচতুষ্টয়ে॥
ধনিষ্ঠাত্রিতয়ে রাহুঃ শুক্রঃ শেষচতুষ্টয়ে॥

অধুনা নক্ষত্রদ্বারা দশা স্থিরীকৃত হইতেছে যথা,—কৃত্তিকা, রোহিণী ও মৃগশিরানক্ষত্রে জাতমনুষ্যের প্রথমে রবির দশা; আর্দ্রা, পুনর্ব্বসু, পুষ্যা ও অশ্লেষানক্ষত্রে জন্ম হইলে প্রথমে চন্দ্রের দশা; মঘা পূর্ব্বফল্গুনী কি উত্তরফল্গুণীনক্ষত্রে জন্মিলে মঙ্গলের দশা: হস্তা, চিত্রা, স্বাতি বা, বিশাখানক্ষত্রে জন্ম গ্রহণ করিলে বুধের দশা; অনুরাধা জ্যেষ্ঠা কি মূলানক্ষত্রে জন্মিলে শনির দশা; পূর্ব্বাষাঢ়া, উত্তরাষাঢ়া অভিজিৎ অথবা শ্রবণানক্ষত্রে জন্ম হইলে বৃহস্পতির দশা; ধনিষ্ঠা, শতভিষা বা পূর্ব্বভাদ্রপদ নক্ষত্রে জন্মিলে রাহুর দশা এবং উত্তরভাদ্রপদ, রেবতী, অশ্বিনী অথবা ভরণীনক্ষত্রে জন্ম গ্রহণ করিলে প্রথমে শুক্রের দশা হইবে

অথনাক্ষত্রিকীদশাভোগকালকথনং।

ষট সূর্য্যস্য দশাজ্ঞেয়াঃ শশিনোদশপঞ্চ চ।
অষ্টাবঙ্গারকে প্রোক্তাবুধে সপ্তদশ স্মৃতাঃ।
শনৈশ্চরে দশ প্রোক্তাগুরোরেকোনবিংশতিং।
রাহোর্দ্বাদশবর্ষাণি ভৃগোরপ্যেকবিংশতিঃ॥ (ক)

নাক্ষত্রিকীদশাভোগের কাল বর্ণিত হইতেছে যথা,—রবির দশাভোগের কাল ৬ ছয় বৎসর হয়। এইরূপ চন্দ্রের ১৫ পনের বৎসর, মঙ্গলের ৮ আট বৎসর, বুধের ১৭ সতের বৎসর, শনির ১০ দশ বৎসর, বৃহস্পতির ১৯ উনিশ বৎসর, রাহুর ১২ বার বৎসর, এবং শুক্রের দশাভোগের কাল ২১ একুশ বৎসর হইয়া থাকে। দশা গণনা করিতে

ক। গুরোর্দ্দশাচতুর্ভাগং পূর্ব্বাষাঢ়ৈকভাগকং। অন্যত্রিভাগং দ্বিঃ কৃত্বা দশায়াং বিনিযোজয়েৎ॥ বৃহস্পতির দশাবর্ষকে চারিভাগ করিলে প্রত্যেক ভাগে ৪।৯ চারি বৎসর নয় মাস করিয়া হইবে। উক্ত চারিভাগের একভাগ পূর্ব্বাষাঢ়ানক্ষত্রে এবং অপর তিনভাগ দুইভাগ করিয়া একভাগ উত্তরাষাঢ়ানক্ষত্রে ও অপর ভাগ শ্রবণানক্ষত্রে যোজনা করিতে হইবে।

প্রথমতঃ দেখিতে হইবে জন্মসময়ে কোন্ নক্ষত্র ছিল, আর তাহার মান কত দণ্ড এবং কত দণ্ড ভুক্ত হইয়াছে। অনন্তর তিন তিননক্ষত্রে যে যে গ্রহের দশা হয়, সেই সেই গ্রহের দশাভোগের কালকে তিনভাগ করিয়া ভুক্ত ভোগ্য বিবেচিত হইবে। চারি চারি নক্ষত্রে যে যে গ্রহের দশা হয় সেই সেই গ্রহের দশাভোগের কালকে চারিভাগ করিয়া ভুক্ত ভোগ্য বিবেচনা করিয়া দশাভোগের কাল নির্ণয় করিবে, দশার ফল কথিত হইতেছে।

অথ গ্রহাণাং দশাফলকথনং।

রবেঃস্থূলদশাবর্ষাণ। ৬।

উদ্বিগ্নচিত্তপরিখেদিতবিত্তনাশং ক্লেশপ্রবাসগদভীতিমহাভিঘাত্যন্।
দুঃখপ্রয়োগবধবন্ধভয়ানি চৈব ভানোর্দ্দশাপ্রকুরুতে
.খলুরাজপীড়াং॥ ১

রবির স্থূলদশাবর্ষ ৬ ছয় ইহাতে মনুষ্য উদ্বেগচিত্তযুক্ত, অতিশয় খেদান্বিত, বিত্তহীন ক্লেশযুক্ত, প্রবাসী, রোগবিশিষ্ট, ভীত, অত্যন্ত আঘাত প্রাপ্ত ও দুঃখান্বিত হয় এবং ঐ দশাতে মনুষ্যের বধ বন্ধন ও রাজপীড়া হইয়া থাকে।

চন্দ্রস্য স্থূলদশাবর্ষাণি। ১৫।

কুর্য্যাদ্বিভূতিবরবাহনমাতপত্রক্ষেমপ্রতাপবলবীর্য্যসমন্বিতানি।
মিষ্টান্নপানশয়নাসনভোজনানি চান্দ্রীদশা প্রচুরকাঞ্চন-
ভূমিদাত্রী॥ ২॥ চ

চন্দ্রের স্থূলদশাবর্ষ ১৫ পঞ্চদশ এই দশাতে মানবের ঐশ্বর্য্য, শ্রেষ্ঠবাহন (হস্তীঘোটকাদি) রত্নছত্র, মঙ্গল, প্রতাপ, বল, বীর্য্য, মিষ্টান্নভোজন উৎকৃষ্টশয্যা, আসন .ও উত্তম ভোজনীয় বস্তুলাভ হয়, বিশেষতঃ উক্ত দশাতে অর্থ ও ভূমি সম্পত্তি লাভ হইয়া থাকে।

কুজস্য স্থূলদশাবর্ষাণি। ৮

ক্রূরাভিঘাতবধবন্ধনভয়ং বিধত্তে
চিন্তাজ্বরং বিকলতাঞ্চ সদা করোতি।

চৌরাগ্নিদাহভয়ভঙ্গবিবাদরোগ

কীর্ত্তিপ্রতাপধনহা চ দশা কুজস্য ॥ ৩ ॥ ম

মঙ্গলের স্থূলদশাবর্ষ ৮ আট, ঐ দশাতে মানব খলমনুষ্য কর্ত্তৃক আঘাত, বধবন্ধন, ভয়, চিন্তারোগ ও বিকলতা প্রাপ্ত হয়। আর ঐ দশাতে তস্করভীতি, অগ্নিভয়, বিবাদরোগ, কীর্ত্তিনাশ, প্রতাপ ও ধননাশ হইয়া থাকে।

বুধস্য স্থূলদশাবর্ষাণি। ১৭

দিব্যাঙ্গনাবদনপঙ্কজষট্‌পদত্বং লীলাবিলাসধনভোগসুখোদয়ঞ্চ।

নানাপ্রকারবিভবাগমকোষবৃদ্ধিং ক্ষিপ্রংসৃজেদ্বুধদশা বিপুলাঞ্চ

সিদ্ধিং ॥ ৪ ॥ বু

বুধের স্থূলদশাবর্ষ ১৭ সপ্তদশ ইহাতে মনুষ্যের উৎকৃষ্টারমণীসম্ভোগ, ধনভোগ, সুখলাভ নানাপ্রকার বিভবপ্রাপ্তি, কোষবৃদ্ধি ও মানসিক কার্য্য সিদ্ধ হয়।

শনেঃ স্থূলদশাবর্ষাণি। ১০

মিথ্যাপ্রবাদবধবন্ধননিরাশ্রয়ত্বং চৌরাদিভূপতিভুজঙ্গমভীতিমুগ্রং।

আশানিরাশমথ চার্জ্জনকার্য্যহানিং পঙ্গোর্দ্দশা প্রকুরুতে নিয়তং

নরাণাং ॥ ৫ ॥শ

শনির স্থূলদশাবর্ষ ১০ দশ এই দশাতে মনুষ্যের মিথ্যাপবাদ, বধ, বন্ধন, আশ্রয়বিনাশ, তস্করভীতি, রাজভয়, সর্পভীতি. আশাবিনষ্ট, অর্জ্জন-হ্যান ও কার্য্যবিনাশ হইয়া থাকে।

বৃহস্পতেঃ স্থূলদশাবর্ষাণি। ১৯

রাজ্যাস্পদং তনয়বিত্তবিশালভোগান্

পর্য্যাপ্তসৌখ্যধনধান্যসমাশ্রয়ঞ্চ।

বিদ্যার্থকাম সুখধর্ম্মবহুপ্রয়োগং

সিদ্ধিং দশা সুরগুরোঃ কুরুতে শ্রিয়ঞ্চ ॥ ৬ ॥ বৃ

বৃহস্পতির স্থূলদশাবর্ষ ১৯ ঊনিশ ইহাতে মানবের রাজ্যলাভ, পুত্রোৎ

পত্তি, বিত্তার্জ্জন, ভোগ, অত্যন্ত সুখ, ধনধান্যসমাগম, বিদ্যা অর্থ কাম ও ধর্ম্মলাভ এবং সর্ব্ব সিদ্ধি ও শ্রীলাভ হইয়া থাকে।

রাহোস্থূলদশাবর্ষাণি। ১২

ভার্য্যাদিদূষণনিমিত্তবিবাদবন্ধশস্ত্রাভিঘাতভয়হীনপরাক্রমশ্চ।
অপ্রাপ্তসৌখ্যধনকাঞ্চনহীনদেহঃ রাহোর্দ্দশাভবতি
জীবনসংশয়ায় ॥৭॥ রা

রাহুর স্থূলদশাবর্ষ ১২ দ্বাদশ এই সময়ে মনুষ্যের ভার্য্যার অপরাধজন্য অপরের সহিত বিরোধ, বন্ধন ও শস্ত্রাঘাতের আশঙ্কা, হীন পরাক্রম, সর্ব্বদা অসুখ, ধনকাঞ্চনবিহীনদেহ এবং জীবন সংশয় হয়।

শুক্রস্য স্থূলদশাবর্ষাণি। ২১

মন্ত্রপ্রচারবিপুলং প্রমদাবিলাসং সম্মানদাননৃপপূজনকোষলাভান্।
হস্ত্যশ্বযানপরিপূর্ণমনোরথঞ্চ শৌক্রীদশা সৃজতি নিশ্চল-
রাজলক্ষ্মীং ॥ ৮ ॥ শু

শুক্রের স্থূলদশাবর্ষ ২১ একুশ ঐ দশাতে মানবের মন্ত্রসিদ্ধি, রমণী-সঙ্গলাভ, সন্মান, দানশীলতা, রাজপূজা কোষবৃদ্ধি হস্তীঘোটকাদিযানা-রোহণ মনোরথ সিদ্ধি ও লক্ষ্মী নিশ্চলা হয়।

ইতি রব্যাদি গ্রহাণাং স্থূলদশাফলকথনং।

অথান্তর্দ্দশা।

স্বদশাভির্দ্দশাং হত্বা নবভির্ভাগমাহরেৎ।
লব্ধামাসাস্তু তচ্ছেষং পূরয়িত্বা তু ত্রিংশতা।
অঙ্কৈর্হিত্বা দিনং লভ্যং তচ্ছেসে ষষ্টিপুরিতে।
নবভিশ্চ হৃতেলব্ধাজ্জেয়াদণ্ডাস্তদন্তরে ॥

অনন্তর অন্তর্দ্দশাগণনের প্রণালী কথিত হইতেছে যথা,—যে কোন গ্রহের দশায় যাঁহার অন্তর দেখিতে হইবে সেই উভয়গ্রহের দশাভোগের কালের অঙ্ক পরস্পর গুণ করিয়া নয়দ্বারা ভাগ করিলে লব্ধাঙ্ক মাস হইবে। ভাগশেষ থাকিলে তাহাকে ত্রিশদ্বারা পূরণ করতঃ নয়দ্বারা

ভাগ করিলে লব্ধাঙ্ক দিন হইবে। এখানেও ভাগশেষ থাকিলে ষাইট-দ্বারা পূরণ করিয়া নয় দ্বারা ভাগ করিলে লব্ধাঙ্ক দণ্ড হইবে।

উদাহরণ যথা,—রবিরদশাতে রবির অন্তর্দ্দশা দেখিতে হইলে রবির-দশাবর্ষাঙ্ক ৬ ছয়কে ৬ ছয়দ্বারা গুণ করিলে ৩৬ ছয়ত্রিশ হইবে, উহাকে ৯ নয়দ্বারা ভাগ করিলে ভাগ্যফল ৪ চারি ও ভাগশেষ শূন্য হয়। অতএব রবির দশাতে রবির অন্তর ০।৪।০ চারি মাস হইল। এইরূপ রবির দশাতে চন্দ্রের অন্তর্দ্দশা দেখিতে হইলে রবির দশাবর্ষাঙ্ক ৬ ছয়কে চন্দ্রের দশা-বর্ষাঙ্ক ১৫ পঞ্চদশদ্বারা গুণ করিলে ৯০ নব্বই হইবে, উক্ত অঙ্ককে ৯ নয় দ্বারা ভাগ করিলে, ভাগফল ১০ দশ হয় এবং ভাগশেষ শূন্য থাকে। অতএব রবির দশাতে চন্দ্রের অন্তর্দ্দশা ০।১০।০ দশমাস মাত্র হইবে। এইরূপে অন্যান্য গ্রহের অন্তর্দ্দশা দেখিতে হয়। নিম্নে অন্তর্দ্দশা ভাগ করিয়া লিখিত হইল এবং তন্নিম্নে তাহার ফলও প্রদত্ত হইল।

অথরবের্দ্দশায়ামন্তর্দ্দশাফলং।

রবের্দ্দশায়াং রবেরন্তর্দ্দশা।

০। ৪। মাস।

দণ্ডং রাজকুলাদিভ্যোমনস্তাপঞ্চ বন্ধনং।
প্রবাসং কুরুতে দুঃখং স্বদশায়াং দিবাকরঃ॥

রবিরদশাতে রাজদণ্ড, মনস্তাপ, বন্ধন, প্রবাস ও দুঃখ আনয়ন করেন। ১

রবের্দ্দশায়াং চন্দ্রস্যান্তর্দ্দশা।

০। ১০। মাস।

শত্রুনাশং ব্যাধিনাশং বিত্তলাভং সুখোদয়ং।
কুরুতে বিজয়ং নৃণাং রবেরন্তর্গতঃ শশী॥ ২॥রচ

রবির দশাতে চন্দ্রের অন্তরে মনুষ্যের শত্রুক্ষয়, ব্যাধিনাশ, বিত্তলাভ সুখোৎপত্তি এবং জয়লাভ হইয়া থাকে।

রবের্দ্দশায়াং কুজস্যান্তর্দ্দশা।

০।৫।১০ দিন।

মণিরত্নপ্রবালাদি ধনধান্যাদিসম্পদঃ।
প্রাপ্নোতি মনুজঃ সত্যং রবেরন্তর্গত কুজে॥ ৩ রম

মনুষ্যের রবির দশাতে মঙ্গলের অন্তর্দ্দশায় মণি, রত্ন, প্রবাল ও ধন ধান্যাদি সম্পত্তি লাভ হয়।

রবের্দ্দশায়াং বুধস্যান্তর্দ্দশা।

০।১১।১০ দিন।

দারিদ্র্যং দুঃখিতং নিত্যং সর্ব্বগাত্রে বিচর্চ্চিকা।
নশ্যন্তি সর্ব্বকর্ম্মাণি রবেরন্তগতে বুধে॥ ৪ রবু

রবির দশায় বুধের অন্তর্দ্দশাতে মনুষ্য দরিদ্র, সর্ব্বদা দুঃখিত, সর্ব্ব-গাত্রে বিচর্চ্চিকারোগযুক্ত এবং সর্ব্বকর্ম্ম বিহীন হয়।

রবের্দ্দশায়াং শনেরন্তর্দ্দশা।

০।৬।২০ দিন।

সন্তাপং বিত্তনাশঞ্চ বন্ধুনাশং পরাজয়ং।
সৌরিঃকরোতি বৈকল্যং ভানোরন্তর্দ্দশাংগতঃ॥ ৫ রশ

রবির দশায় শনির অন্তর্দ্দশাতে মানবের সন্তাপ, বিত্তক্ষতি, বন্ধুনাশ, পরাজয় ও বৈকল্য জন্মে।

রবের্দ্দশায়াংগুরোরন্তর্দ্দশা।

১০।২০ দিন।

সম্পদোব্যাধিহানিঞ্চ বিশ্বাসং লভতে নরঃ।
প্রাপ্নোতি ধর্ম্মপদবীং রবেরন্তর্গতে গুরৌ॥ ৬ রবৃ

রবির দশাতে বৃহস্পতির অন্তর্দ্দশায় মনুষ্যের সম্পদ বৃদ্ধি, রোগক্ষয়, জনসমাজে বিশ্বাস ও ধর্ম্মপথ লাভ হয়।

রবের্দ্দশায়াং রাহোরন্তর্দ্দশা।

০।৮।০

রোগং শোকং ভয়ং দত্তে মরণঞ্চাশুভং সদা।

বিত্তনাশকরোনিত্যং ভানোরন্তর্গতস্তমঃ ॥ ৭ ॥ ররা

রবির দশায় রাহুর অন্তর্দ্দশাতে মানবের রোগ, শোক, ভয় দৈন্যতা, মরণ ও নানারূপ অমঙ্গল হয়।

রবের্দ্দশায়াং শুক্রস্যান্তর্দ্দশা।

১।২। মাস।

কাশগ্রীবাশিরোরোগং জ্বরাতিসারশূলকং।

শোকঞ্চ কুরুতে শুক্রোভানোরন্তর্দ্দশাং গতঃ ॥ ৮ ॥ রশু

রবির দশাতে শুক্রের অন্তর্দ্দশায় মনুষ্যের কাশ, গ্রাবারোগ, শিরঃপীড়া জ্বর, অতিসার ও শূলরোগ জন্মে এবং ঐ সময়ে শোক পাওয়ার সম্ভব।

রবের্দ্দশায়ামন্তর্দ্দশাফলং।

অথ চন্দ্রস্য দশায়ামন্তর্দ্দশাফলং।

চন্দ্রস্য দশায়াং চন্দ্রস্যান্তর্দ্দশা।

২।১। মাস।

দদাতি বহুসম্পত্তিং বরস্ত্রীং কনকান্বিতাং।

নির্ভয়েন যশোবৃদ্ধিং স্বদশায়াং নিশাকরঃ ॥ ১ চচ

চন্দ্র স্বদশায় বহু সম্পত্তি, স্বর্ণভূষিত শ্রেষ্ঠ নারী ও নির্ভয়ে যশোদান করেন। ১

চন্দ্রস্য দশাংকুজস্যান্তর্দ্দশা।

১।১। ১০ দিন।

পিত্তশোণিতপীড়াঞ্চ চৌরাদীনাং ভয়ংতথা।

মঙ্গলঃ কুরুতে নিত্যং চন্দ্রস্যান্তর্দ্দশাংগতঃ ॥ ২ ॥চম

চন্দ্রের দশায় মঙ্গলের অন্তর্দ্দশাতে মনুষ্যের রক্তপিত্তপীড়া এবং চোর ও দস্যু হইতে সর্ব্বদা ভয় হইয়া থাকে।

চন্দ্রস্য দশায়াং বুধস্যান্তর্দ্দশা।

২।৪। ১০ দিন।

সর্ব্বত্র দ্রব্যলাভঞ্চ গজাশ্বগোধনাদিকং।

দদাত্যন্তর্গতোনিত্যং শশিনঃ শশিনন্দনঃ ॥ ৩ ॥চবু

চন্দ্রের দশাতে বুধের অন্তর্দ্দশায় মানুষের নানাদ্রব্য, হস্তী, ঘোটক, গো এবং ধনাদি লাভ হয়।

চন্দ্রস্য দশায়াংশনৈরন্তর্দ্দশা।

১। ৪। ২০ দিন।

বন্ধুক্লেশং নৃপাদ্ভীতিং ব্যসনং শোকসঙ্কটং।

বিনাশং কুরুতে সৌরিশ্চন্দ্রস্যান্তর্দ্দশাংগতঃ ॥ ৪॥ চশ

চন্দ্রের দশায় শনির অন্তর্দ্দশাতে মানবের বন্ধুক্লেশ নৃপতি হইতে ভয় অনিষ্ট, শোক ও শঙ্কট হয়।

চন্দ্রস্য দশায়াং গুরোরন্তর্দ্দশা।

২। ৭। ২০ দিন।

দানসৌখ্যানি সংভোগংবস্ত্রালঙ্কারভূষণং।

কুরুতে বিবুধাচার্য্যোবিধোরন্তর্দ্দশাংগতঃ ॥ ৫ ॥ চবৃ

চন্দ্রের দশাতে গুরুর অন্তর্দ্দশায় মনুষ্য দাতা, সুখী ভোগবান্ ও বস্ত্রালঙ্কারাদিযুক্ত হয়।

চন্দ্রস্য দশায়াংরাহোরন্তর্দ্দশা।

১।৮ মাস।

বহ্নিশত্রুভয়ং দুঃখং শোকং বন্ধুধনক্ষয়ং।

কুরুতে রাহুরত্যন্তং চন্দ্রপাকদশাংগতঃ ॥ ৬ ॥ চরা

চন্দ্রের দশায় রাহুর অন্তর্দ্দশাতে মনুষ্যের অগ্নিভয়, শত্রুভীতি, দুঃখ, শোক, বন্ধুক্ষয় ও অত্যন্ত ধনহানি হয়।

চন্দ্রস্য দশায়াং শুক্রস্যান্তর্দ্দশা।

২। ১১। মাস।

সেব্যতে বরনারীভির্নিরোলক্ষ্মীঃ প্রবর্দ্ধতে।

মুক্তাহারমণিপ্রাপ্তিঃ চন্দ্রস্যান্তর্গতে সিতে ॥ ৭ ॥ চশু

চন্দ্রের দশায় শুক্রের অন্তর্দ্দশাতে মানব শ্রেষ্ঠারমণীকর্ত্তৃক সেব্য হয় এবং তাহার লক্ষ্মী বৃদ্ধি ও মুক্তাহার, মণি প্রভৃতি প্রাপ্তি হইয়া থাকে।

চন্দ্রস্য দশায়াংরবেরন্তর্দ্দশা।

০। ১০ মাস।

ঐশ্বর্য্যং বহুসৌখ্যঞ্চ ব্যাধিনাশমরিক্ষয়ং।

নৃপপূজাংরবিঃ কুর্য্যাদ্বিধোঃপাকদশাংগতঃ ॥ ৮ ॥চর

চন্দ্রের দশাতে রবির অন্তর্দ্দশায় মনুষ্যের ঐশ্বর্য্যলাভ, রাজপূজা প্রাপ্তি, রোগক্ষয় ও শত্রুবিনাশ হয় এবং সেই ব্যক্তি নৃপতিসদৃশ তেজস্বী হইয়া থাকে।

ইতি চন্দ্রস্য দশায়ামন্তর্দ্দশাফলং।

অথকুজস্য দশায়ামন্তর্দ্দশাফলং।

কুজস্য দশায়াংকুজস্যান্তর্দ্দশা।

০। ৭। ৩। ২০ দণ্ড।

মঙ্গলস্যদশায়াস্তু কলহোবন্ধুভিঃসহ।

অগ্নিদাহাদি পীড়াঞ্চলভতে নিয়তং নরঃ ॥

মঙ্গলের দশায় মঙ্গলের অন্তর্দ্দশাতে মনুষ্যের বন্ধুর বলহ, অগ্নিদাহ ও পীড়াদি হইয়া থাকে।

কুজস্য দশায়াং বুধস্যান্তর্দ্দশা।

১। ৩। ৩। ২০ দণ্ড।

পরমৈশ্বর্য্যমতুলং নানাবিধসুখাশ্রয়ং।

করোতি সোমপুত্রস্তু ক্ষিতিজান্তর্দ্দশাংগতঃ ॥ ২ ॥ মবু

মঙ্গলের দশাতে বুধের অন্তর্দ্দশায় মানবের অতুল ঐশ্বর্য্য ও নানারূপ সুখ ভোগ হইয়া থাকে।

কুজস্য দশায়াংশনেরন্তর্দ্দশা।

০। ৮। ২৬। ৪০ দণ্ড।

রিপুচৌরাগ্নিভীতিশ্চ রোগসন্ততমন্তরং।

মহাজনকৃতোদ্বেষঃ কুজস্যান্তর্গতে শনৌ ॥ ৩ ॥ মশ।

মঙ্গলের দশায় শনির অন্তর্দ্দশাতে মনুষ্যের শত্রুভয়, তস্করভয়, অগ্নিভয় সর্ব্বদা রোগ ও মহাজন কর্ত্তৃক দ্বেষ প্রাপ্ত হয়।

কুজস্য দশায়াং গুরোরন্তর্দ্দশা।

১।৪।২৬।৪০ দণ্ড।

পুষ্পধুপান্নবস্ত্রাদ্যৈর্দ্দেবব্রাহ্মণপূজনং।

নৃপতুল্যত্বমাপ্নোতি কুজস্যান্তর্গতে গুরৌ॥ ৪॥ মন্ত্র।

মঙ্গলের দশাতে গুরুর অন্তর্দ্দশায় মানব পুষ্প, ধুপ, অন্ন ও বস্ত্রাদি-দ্বারা দেবতা এবং ব্রাহ্মণদিগকে অর্চ্চনা করে আর ঐ সময়ে নৃপতিতুল্য সম্মান প্রাপ্ত হইয়া থাকে।

কুজস্য দশায়াংরাহোরন্তর্দ্দশা।

০।১০।২০ দিন।

কার্য্যার্থনাশমুদ্বেগং বন্ধুচৌরাদিকং ভয়ং।

কুরুতে সিংহিকাপুত্রো ভৌমস্যান্তর্দ্দশাংগতঃ॥ ৫॥ মন্ত্র।

মঙ্গলের দশায় রাহুর অন্তর্দ্দশাতে মনুষ্যের কার্য্যক্ষতি অর্থনাশ উদ্বেগ বন্ধু ও চৌরাদি হইতে ভয় জন্মে।

কুজস্য দশায়াং শুক্রস্যান্তর্দ্দশা।

১।৬।২০ দিন।

ধনবৃদ্ধিঃ সুখাদীংশ্চ নানাবস্ত্রং বরস্ত্রিয়ঃ।

প্রাপ্নোতি বিপুলাংলক্ষ্মীং কুজস্যান্তর্গতে ভৃগৌ॥ ৬॥ মন্ত্র।

মঙ্গলের দশাতে শুক্রের অন্তর্দ্দশায় মানবের ধনবৃদ্ধি সুখভোগ এবং নানাবস্ত্র, উত্তমা স্ত্রী ও বিপুলালক্ষ্মী লাভ হইয়া থাকে। মতান্তরে এই অন্তর্দ্দশার ফল অনিষ্টকর বলিয়া বর্ণিত হইয়াছে।

কুজস্য দশায়াং রবেরন্তর্দ্দশা।

০।৫।১০ দিন।

নানারত্নঞ্চসৌখ্যঞ্চ ভূমিলাভংতথৈব চ।

নৃপপূজামবাপ্নোতি কুজস্যান্তর্গতে রবৌ॥ ৭॥ মন্ত্র।

মঙ্গলের দশায় রবির অন্তর্দ্দশাতে মনুষ্যের নানারূপ সুখ, রত্ন লাভ, ভূমিপ্রাপ্তি ও রাজপূজা লাভ হইয়া থাকে।

কুজস্য দশায়াংচন্দ্রস্যান্তর্দ্দশা।

১। ১। ১০ দিন।

ধনলাভং সুখং ভোগং শরীরারোগ্যমেব চ।
লোকানুরাগমাপ্নোতি ক্ষিতিজান্তর্গতে বিধৌ ॥ ৮ ॥ মচ।

মঙ্গলের দশাতে চন্দ্রের অন্তর্দ্দশায় মানবের ধনলাভ, সুখ, ভোগ, আরোগ্য এবং জনানুরাগ প্রাপ্তি হয়।

ইতি কুজস্য দশায়ামন্তর্দ্দশাফলং।

অথবুধস্য দশায়ামন্তর্দ্দশাফলং।

বুধস্য দশায়াংবুধস্যান্তর্দ্দশা।

২। ৮। ৩। ২০ দণ্ড।

বুধোধর্ম্মসমাযোগং বুদ্ধিলাভং ধনাগমং।
সুভগং বিপুলং বিত্তং স্বদশায়াঃ করোতিহ ॥

বুধ আপন অন্তর্দ্দশায় ধর্ম্ম সমাযোগ, বুদ্ধি লাভ, ধনাগম, সৌভাগ্য ও বিপুলবিত্ত দান করেন।

বুধস্য দশায়াংশনেরন্তর্দ্দশা।

১। ৬। ২৬। ৪০ দণ্ড।

বাতশ্লেষ্মকৃতা পীড়া কলহোবন্ধুভিঃ সহ।
বিদেশগমনঞ্চাপি বুধস্যান্তর্গতে শনৌ ॥ ২ ॥ বুশ

বুধের দশাতে শনির অন্তর্দ্দশায় মনুষ্যের বাতশ্লেষ্মারোগ, বন্ধুর সহিত বিবাদ ও বিদেশে গমন হইয়া থাকে।

বুধস্য দশায়াংগুরোরন্তর্দ্দশা।

২। ১১। ২৬। ৪০ দণ্ড।

ব্যাধিশত্রুভয়ান্মুক্তোধনং নৃপবল্লভঃ।
লভেদ্ভার্য্যাং সুপুত্রঞ্চ বুধস্যান্তর্গতে গুরৌ ॥৩॥ বুবৃ

বুধের দশায় বৃহস্পতির অন্তর্দ্দশাতে মানবের রোগনাশ, শত্রুহানি,

ধনাগম, ভার্য্যালাভ ও পুত্রপ্রাপ্তি হয় এবং ঐ সময়ে মনুষ্য রাজার প্রিয়-পাত্র হইয়া থাকে।

বুধস্য দশায়াংরাহোরন্তর্দ্দশা।

১। ১০। ২০ দিন।

বন্ধুনাশং মনস্তাপং দেশত্যাগঞ্চ বন্ধনং।
দদাতি বহুদুঃখানি বুধস্যান্তর্গতস্তমঃ ॥ ৪ ॥ বুরা

বুধের দশাতে রাহুর অন্তর্দ্দশায় মনুষ্যের বন্ধুনাশ, মনস্তাপ, দেশত্যাগ বন্ধন ও বহু দুঃখ হয়।

বুধস্য দশায়াংশুক্রস্যান্তর্দ্দশা।

৩। ৩। ২০ দিন।

ধনাঢ্যং বহুপুত্রঞ্চ ধার্ম্মিকঞ্চ ধনাগমং।
কুরুতে দানবাচার্য্যোবুধস্যান্তর্দ্দশাংগতঃ ॥ ৫ ॥ বুশু

বুধের দশায় শুক্রের অন্তর্দ্দশাতে মনুষ্য ধনবান্ বহুপুত্রযুক্ত ও ধার্ম্মিক হয় এবং ঐ সময়ে মানব ধন উপার্জ্জন করিয়া থাকে।

বুধস্য দশায়াংরবেরন্তর্দ্দশা।

০। ১১। ১০ দিন।

শ্রিয়া পরময়া যুক্তং গজবাজিধনান্বিতং।
প্রভাকরঃ করোত্যাশু বুধপাকদশাংগতঃ ॥ ৬ ॥ বুর

বুধের দশাতে রবির অন্তর্দ্দশায় মনুষ্য অতিশয় ঐশ্বর্য্যান্বিত এবং হস্তী, ঘোটকের অধিপতিও ধনযুক্ত হইয়া থাকে।

বুধস্য দশায়াংচন্দ্রস্যান্তর্দ্দশা।

২। ৪। ১০ দিন।

কণ্টকাদিপ্রবেশঞ্চ শৃঙ্গিভ্যোভয়মেব চ।
নিশাকরঃ করোত্যাশু বুধপাকদশাংগতঃ ॥ ৭ ॥ বুচ

বুধের দশায় চন্দ্রের অন্তর্দ্দশাতে মানবের কণ্টকাদি ভয় ও শৃঙ্গধারি-জন্তু হইতে ভয় হইয়া থাকে। মতান্তরে এই অন্তর্দ্দশার ফল শুভ বলিয়া কথিত।

বুধস্য দশায়াং কুজস্যান্তর্দ্দশা।

১। ৩। ৩। ২০ দণ্ড।

কফপিত্তসমুদ্ভূতাংশিরঃ পীড়াং ভয়াবহাং।
মাহেয়ঃ কুরুতে দুঃখং বুধস্যান্তর্দ্দশাংগতঃ ॥ ৮ ॥ বুম

বুধের দশাতে মঙ্গলের অন্তর্দ্দশায় মনুষ্যের কফপিত্তজনিত ভয়াবহ-শিরঃপীড়া হয় এবং ঐ দশাতে মানব দুঃখ পাইয়া থাকে।

ইতি বুধস্য দশায়ামন্তর্দ্দশাফলং।

অথশনের্দ্দশায়ামন্তর্দ্দশাফলং।

শনের্দ্দশায়াংশনেরন্তর্দ্দশা।

০। ১১। ৬। ২০ দণ্ড।

সৌরিঃ করোতি বৈকল্যং পুত্রদারবিনিগ্রহং।
অর্থবন্ধুবিনাশঞ্চ বিদেশগমনং তথা ॥ ১ ॥ শশ

শনি স্বদশায় বিহ্বলতা, স্ত্রীপুত্র নাশ, অর্থক্ষয়, মিত্রের মরণ, বিদেশ প্রেরণ করিয়া থাকেন।

শনের্দ্দশায়াং গুরোরন্তর্দ্দশা।

১। ৯। ৩। ২০ দণ্ড।

দেবতানুরতিং শান্তিং নানাপ্রাপ্তিং করোতি চ।
তুঙ্গসৌখ্যসমাযুক্তং পঙ্গোরন্তর্গতোগুরুঃ ॥ ২ ॥ শবৃ

শনির দশাতে বৃহস্পতির অন্তর্দ্দশায় মনুষ্য দেবতায় অনুরক্ত ও শান্তস্বভাব হয় এবং ঐ সময়ে নানাবিধবিত্ত লাভ করিয়া অতিশয় সুখভোগ করে।

শনের্দ্দশায়াংরাহোরন্তর্দ্দশা।

১। ১। ১০ দিন।

নৃপাদ্ভয়ং জ্বরংঘোরং দুঃখঞ্চ প্রাণসংশয়ং।
ধনক্ষয়ঞ্চ কুরুতে শনেরন্তর্গতস্তমঃ ॥ ৩ ॥ শরা

শনির দশায় রাহুর অন্তর্দ্দশাতে মানবের নৃপভয়, জ্বর, ঘোরতর দুঃখ প্রাণসংশয় ও ধনক্ষয় হইয়া থাকে।

শনের্দ্দশায়াং শুক্রস্যান্তর্দ্দশা।

১। ১১। ১০ দিন।

সুহৃদ্বন্ধুভিঃ পূর্ণোবিত্তভার্য্যাসমন্বিতঃ।

স্বর্ণং সুখঞ্চ লভতে সৌরস্যান্তর্গতে সিতে॥ ৪॥ শশু

শনির দশাতে শুক্রের অন্তর্দ্দশায় মনুষ্যের বন্ধুপ্রাপ্তি, ধনলাভ, ভার্য্যা প্রাপ্তি বিত্তলাভ ও সুখলাভ হইয়া থাকে।

শনের্দ্দশায়াংরবেরন্তর্দ্দশা।

০। ৬। ২০ দিন।

পরদারাভিগমনং করোতি খরদীধিতিঃ।

জীবনস্য চ সন্দেহং শনেরন্তর্দ্দশাংগতঃ॥ ৫॥ শর

শনির দশায় রবির অন্তর্দ্দশাতে মানব পরস্ত্রীতে রত হয় এবং তাহার জীবন সংশয় হইয়া থাকে।

শনির্দ্দশায়াং চন্দ্রস্যান্তর্দ্দশা।

১। ৪। ২০ দিন।

স্ত্রীনাশং কুক্ষিরোগঞ্চ কফপিত্তগদং শশী।

বন্ধুদ্বেষঞ্চ কুরুতে পঙ্গোরন্তর্দ্দশাংগতঃ॥ ৬॥ শচ

শনির দশাতে চন্দ্রের অন্তর্দ্দশায় মনুষ্যের স্ত্রীনাশ, কুক্ষিরোগ ও কফ-পিত্তজনিত রোগ হয় এবং বন্ধুদ্বেষ হইয়া থাকে।

শনের্দ্দশায়াং কুজস্যান্তর্দ্দশা।

০। ৮। ২৬। ৪০ দণ্ড।

দেহক্ষৈণ্যং মহারোগং মনোদুঃখানি ভূমিজঃ।

ধননাশঞ্চ কুরুতে শনেরন্তর্দ্দশাংগতঃ॥ ৭॥ শম

শনির দশায় মঙ্গলের অন্তর্দ্দশাতে মানবের দেহক্ষীণ, মহারোগ, মনোদুঃখ ও ধননাশ হইয়া থাকে।

শনের্দ্দশায়াং বুধস্যান্তর্দ্দশা।

১। ৬। ২৬। ৪০ দণ্ড।

আরোগ্যং বিজয়ং রাজ্যং বন্ধুবিত্তানি সোমজঃ।
করোতি স্বাদরং লোকে শনেরন্তর্দ্দশাং গতঃ॥ ৮॥ শবু

শনির দশাতে বুধের অন্তর্দ্দশায় মনুষ্যের আরোগ্য, বিজয়, রাজ্যলাভ, বন্ধুপ্রাপ্তি, বিত্তলাভ এবং লোকের নিকটে আদর প্রাপ্ত হইয়া থাকে।

ইতি শনের্দ্দশায়ান্তর্দ্দশাফলং।

অথ গুরোর্দ্দশায়ামন্তর্দ্দশাফলং।

গুরোর্দ্দশায়াং গুরোরন্তর্দ্দশা।

৩। ৪। ৭। ২০ দণ্ড।

কুরুতে পূর্ব্বসৎপুত্রং তপং খ্যাতিঞ্চ পৌরুষং।
গজাশ্ববাহনং সৌখ্যং স্বদশায়াং বৃহস্পতি॥ ১॥ বৃবৃ

বৃহস্পতি দশাতে তিনি স্বান্তর্দ্দশায় পূর্ব্বজন্মজাত সৎপুত্র দান, তপঃ, যশঃ গজ, অশ্বাদি বাহন, সুখ বিধান করিয়া থাকেন।

গুরোর্দ্দশায়াং রাহোরন্তর্দ্দশা।

৭। ১। ১০ দিন।

বন্ধুদ্বেষং মৃষাবাদং স্থানভ্রষ্টং নিরাশ্রয়ং।
কলহং কারয়েদ্রাহুর্গুরোরন্তর্দ্দশাং গতঃ॥ ২॥ বৃরা

বৃহস্পতির দশায় রাহুর অন্তর্দ্দশাতে মানবের বন্ধুদ্বেষ মিথ্যাপরিবাদ, স্থানচ্যুতি, আশ্রয়বিনাশ ও কলহ ঘটিয়া থাকে।

গুরোর্দ্দশায়াং শুক্রস্যান্তর্দ্দশা।

৩। ৮। ১০ দিন।

কলহং বন্ধুভিঃ সার্দ্ধং বিত্তনাশং মনঃক্ষতিং।
স্ত্রীবিয়োগঞ্চ কুরুতে জীবস্যান্তর্গতে ভৃগুঃ॥ ৩॥ বৃশু

বৃহস্পতির দশাতে শুক্রের অন্তর্দ্দশায় মনুষ্যের বন্ধুর সহিত কলহ, বিত্তনাশ, মনঃপীড়া, এবং স্ত্রীবিয়োগ হয়।

গুরোর্দ্দশায়াং রবেরন্তর্দ্দশা।

১। ০। ২০ দিন।

বহুমিত্রং বহুধনং সৌভাগ্যং রাজবল্লভং।
কুরুতে ভাস্করঃ শান্তিং গুরোরন্তর্দ্দশাংগতঃ ॥৪॥ বৃর

বৃহস্পতির দশায় রবির অন্তর্দ্দশাতে মানবের বহুমিত্র ও বহুধনলাভ, সৌভাগ্যপ্রাপ্তি ও শান্তিলাভ হয় এবং ঐ সময়ে মনুষ্য রাজার প্রিয়পাত্র হইয়া থাকে।

গুরোর্দ্দশায়াংচন্দ্রস্যান্তর্দ্দশা।

১। ৭। ২০ দিন।

ভোগাঢ্যোবহুভার্য্যঃস্যাদ্রিপুরোগদিবর্জ্জিতঃ।
নৃপতুল্যোভবেচ্চন্দ্রে গুরোরন্তর্দ্দশাংগতে ॥ ৫ ॥ বৃচ

বৃহস্পতির দশাতে চন্দ্রের অন্তর্দ্দশায় মানব ভোগযুক্ত বহুভার্য্যারপতি শত্রুভয়হীন. রোগবর্জ্জিত এবং রাজতুল্য হইয়া থাকে।

গুরোর্দ্দশায়াংকুজস্যান্তর্দ্দশা।

১। ৪। ২৬। ৪০ দণ্ড।

তীক্ষ্ণরোষোরিপোর্হন্তা গজবদ্‌ভীমদর্শনঃ।
শুভসৌভাগ্যসংযুক্তোজীবস্যান্তর্গতে কুজে ॥ ৬ ॥ বৃম

বৃহস্পতির দশায় মঙ্গলের অন্তর্দ্দশাতে মনুষ্য অত্যন্ত ক্রোধযুক্ত, শত্রু-হন্তা, হস্তীর ন্যায় ভীমদর্শন, মঙ্গলযুক্ত এবং সৌভাগ্যশালী হইয়া থাকে।

গুরোর্দ্দশায়াং বুধস্যান্তর্দ্দশা।

২। ১১। ২৬। ৪০ দণ্ড।

সুস্থোঽসুস্থঃ সুখী দুঃখী শত্রুবৃদ্ধিঃ পুনঃ পুনঃ।
দেবার্চ্চনপরোনিত্যং জীবস্যান্তর্গতে বুধে ॥ ৭ ॥ বৃবু

বৃহস্পতির দশাতে বুধের অন্তর্দ্দশায় মনুষ্য কোন সময়ে সুস্থ, কখন অসুস্থ কোনসময়ে সুখী কখন বা অসুখী হয়, আর ঐ সময়ে পুনঃ পুনঃ শত্রুবৃদ্ধি হয়। কিন্তু ঐ কালে মনুষ্য সর্ব্বদা দেবার্চ্চনাতে রত থাকে।

গুরোর্দ্দশায়াং শনেরন্তর্দ্দশা।

১।৯।৩।২০ দণ্ড।

বেশ্যাজনাশ্রয়াৎ সৌখ্যং ভবিবিত্তবিবর্জ্জিতঃ।

লুপ্তনীতিমনানিত্যং গুরোরন্তর্গতে শনৌ ॥ ৮ ॥ বৃশ

বৃহস্পতির দশায় শনির অন্তর্দ্দশাতে মনুষ্য বেশ্যাসঙ্গে সুখলাভ করে, এবং সর্ব্বদা দুর্ম্মনা হইয়া থাকে।

ইতি গুরোর্দ্দশায়ানন্তর্দ্দশাফলং।

অথরাহোর্দ্দশায়ামন্তর্দ্দশাফলং।

রাহোর্দ্দশায়াংরাহোরন্তর্দ্দশা

১।৪।মাস।

রাহৌস্ত্রীবন্ধুনাশশ্চ রিপুরোগভয়ং তথা।

ভবেদর্থস্যনাশশ্চ রাহুর্হিস্বদশাং গতঃ ॥ ১ ॥ রা রা

রাহু আপন অন্তর্দ্দশায় স্ত্রীও মিত্রনাশ, শত্রুভয়, রোগভয়ং, অর্থনাশ করিয়া থাকেন।

রাহোর্দ্দশায়াং শুক্রস্যান্তর্দ্দশা।

২।৪।মাস।

শিরোরোগং কুদেহঞ্চ কুর্য্যাদ্ভার্য্যাঞ্চ চঞ্চলাং।

বান্ধবৈঃ কলহোনিত্যং রাহোরন্তর্গতে ভৃগৌ ॥২॥ রা শু

রাহুর দশায় শুক্রের অন্তর্দ্দশাতে মানবের শিরোরোগ ও দেহের বৈরূপ্য হয় আর বিশেষতঃ ঐ কালে স্ত্রীর চিত্তচঞ্চল ও সর্ব্বদা বন্ধুগণের সহিত কলহ হইয়া থাকে।

রাহোর্দ্দশায়াংরবেরন্তর্দ্দশা।

০।৮।মাস।

শিরোরোগং ভয়ং ঘোরং মৃত্যুং শোকঞ্চ দারুণং।

কুহদগ্নিভয়ং কুর্য্যাদ্রাহোরন্তর্গতোরবিঃ ॥ ৩ ॥ রা র

রাহুর দশাতে রবির অন্তর্দ্দশায় মনুষ্যের শিরোরোগ, অত্যন্ত ভয়, মৃত্যু, দারুণশোক এবং ভয়ানক অগ্নিভয় হইয়া থাকে।

রাহোর্দ্দশায়াং চন্দ্রস্যান্তর্দ্দশা।

১।৮। মাস।

স্ত্রীপুত্রকলহঞ্চৈব বিত্তনাশং মনঃক্ষতিং।
করোতি ক্লেশমত্যর্থং রাহোরন্তর্গতে বিধুঃ॥ ৪ ॥ রা চ

রাহুর দশায় চন্দ্রের অন্তর্দ্দশাতে মনুষ্যের ভার্য্যা ও পুত্রের সহিত কলহ, বিত্তনাশ মনঃক্লেশ ও অত্যন্ত কষ্ট হয়।

রাহোর্দ্দশায়াং কুজস্যান্তর্দ্দশা।

০।১০।২০ দিন।

বিষশস্ত্রাগ্নিচৌরেভ্যো নিয়তং দারুণং ভয়ং।
পাতস্যান্তর্গতঃ কুর্য্যান্নরস্য ভুমিনন্দনঃ॥ ৫ ॥ রা ম

রাহুর দশাতে মঙ্গলের অন্তর্দ্দশায় মানবের বিষভয়, অস্ত্রভয়, অগ্নি ভয় ও ভয়ানক তস্কর ভয় হইয়া থাকে।

রাহোর্দ্দশায়াং বুধস্যান্তর্দ্দশা।

২।১০।২০ দিন।

জ্বরক্ষুদগ্নিসংপীড়াং কলহং স্বজনৈঃ সহ।
ভৃত্যাপত্যেষু বিদ্বেষং রাহোরন্তর্গতে বুধঃ॥ ৬ ॥ রা বু

রাহুর দশায় বুধের অন্তর্দ্দশাতে মনুষ্যের জ্বররোগ ক্ষুধা, অগ্নিপীড়া, বন্ধুবান্ধবের সহিত কলহ এবং ভৃত্য ও সন্তানের প্রতি বিদ্বেষভাব জন্মিয়া থাকে।

রাহোর্দ্দশায়াং শনেরন্তর্দ্দশা।

২।১।২০ দিন।

স্ত্রীপুত্রৈঃ কলহোনিত্যং বান্ধবৈঃ সহ বৈরতা।
ভবেত্তু বহুধা দুঃখং রাহোরন্তর্গতে শনৌ॥ ৭ ॥ রা শ

রাহুর দশাতে শনির অন্তর্দ্দশায় মানবের সর্ব্বদা স্ত্রীপুত্রের সহিত কলহ, বান্ধবের সহিত শত্রুতা এবং নানারূপ দুঃখ হইয়া থাকে।

রাহোর্দ্দশায়াং গুরোরন্তর্দ্দশা।

২। ১। ১০ দিন।

ব্যাধিদুঃখভয়ৈস্ত্যক্তোদেবব্রাহ্মণপূজকঃ।

কার্য্যসিদ্ধির্ভবেদিষ্টা রাহোরন্তর্গতে গুরৌ॥ ৮॥ রা বৃ

রাহুর দশায় বৃহস্পতির অন্তর্দ্দশাতে মনুষ্য রোগবিহীন, দুঃখহীন, এবং দেবতা ও ব্রাহ্মণের পূজাতে রত হয়, আর ঐ সময়ে মনুষ্যের সকল কার্য্যসিদ্ধি হইয়া থাকে।

ইতি রাহোর্দ্দশায়ামন্তর্দ্দশাফলং।

অথ শুক্রস্যর্দ্দশায়ামন্তর্দ্দশাফলং।

শুক্রস্য দশায়াং শুক্রস্যান্তর্দ্দশা।

৪। ১ মাস।

নীতিকীর্ত্তিযশোলাভং বনিতাভোগবর্দ্ধনং।

কুরুতে সর্ব্বলাভঞ্চ স্বদশায়াং গতো ভৃগুঃ॥ ১॥ শুশু

শুক্রের দশায় শুক্রের অন্তর্দ্দশায় নীতি, কীর্ত্তি, যশ, স্ত্রীভোগ বৃদ্ধি ও সর্ব্ববিধ লাভ হইয়া থাকে।

শুক্রস্য দশায়াংরবেরন্তর্দ্দশা।

১। ২ মাস।

দেহস্তীব্রব্রণাক্রান্তস্তীব্রতাপোজ্বরান্বিতঃ।

ত্যক্তঃস্যাদ্‌বান্ধবৈঃ সর্ব্বৈর্ভার্গবান্তর্গতে রবৌ॥ ২॥ শুর

শুক্রের দশায় রবির অন্তর্দ্দশাতে মানবের দেহে তীক্ষ্ণব্রণ, অত্যন্ত তাপ ও জ্বররোগ হয়। আর ঐ সময়ে মনুষ্য বান্ধবগণকর্ত্তৃক পরিত্যক্ত হইয়া থাকে।

শুক্রস্য দশায়াং চন্দ্রস্যান্তর্দ্দশা।

২। ১১। মাস।

সম্মাননাশো রোগশ্চ কার্য্যনাশশ্চ নিত্যশঃ।
শুক্রস্যান্তর্গতে চন্দ্রে স্ত্রীনাশোনিয়তং ভবেৎ ॥ ৩ ॥ শুচ

শুক্রের দশাতে চন্দ্রের অন্তর্দ্দশায় মানবের সম্মানহানি, রোগ, সর্ব্বদা কার্য্যনাশ ও স্ত্রীবিনাশ হইয়া থাকে।

শুক্রস্য দশায়াংকুজস্যান্তর্দ্দশা।

১। ৬। ২০ দিন।

উৎসাহী ধনধান্যাঢ্যঃকল্যশ্চ সুমনাঃ সুখী।
ভূমিলাভোভবেচ্চৈব শুক্রস্যান্তর্গতে কুজে ॥ ৪। শুম

শুক্রের দশায় মঙ্গলের অন্তর্দ্দশাতে মনুষ্য উৎসাহী ধনধান্যযুক্ত, নীরোগী, পণ্ডিত, ও সুখী হয়, আর ঐ সময়ে মানবের ভূমি লাভ হইয়া থাকে ও সর্ব্বপ্রকারে কল্যাণলাভ করে।

শুক্রস্য দশায়াং বুধস্যান্তর্দ্দশা।

৩। ৩। ২০ দিন।

সর্ব্বত্র লভতে সৌখ্যং মানসঞ্চয়ভূষণে।
ভার্য্যাসু প্রিয়তামেতি ভার্গবান্তর্গতে বুধে ॥ ৫ ॥ শুবু।

শুক্রের দশাতে বুধের অন্তর্দ্দশায় মানবের সুখলাভ, মানসঞ্চয়ও ভূষণ লাভ হয় ; আর ঐ সময়ে মনুষ্য ভার্য্যাকে অতিশয় স্নেহ করিয়া থাকে।

শুক্রস্য দশায়াংশনেরন্তর্দ্দশা।

১। ১১। ১০ দিন।

শত্রুক্ষয়মবাপ্নোতি মিত্রবৃদ্ধিশ্চ জায়তে।
চৌরাদ্বিত্তস্য লাভঃ স্যাচ্ছুক্রস্যান্তর্গতে শনৌ ॥ ৬ ॥ শুশ

শুক্রের দশায় শনির অন্তর্দ্দশাতে মনুষ্যের শত্রুক্ষয়, মিত্রবৃদ্ধি এবং তস্করের নিকট হইতে বিত্তলাভ হইয়া থাকে।

শুক্রস্য দশায়াংগুরোরন্তর্দ্দশা।

৩। ৮। ১০ দিন।

রাজপূজা সুখংপ্রীতিঃ কন্যাজনমমেব চ।

ভার্গবান্তর্গতে জীবে চৌরাম্নষ্টঞ্চ লভ্যতে॥ ৭ ॥ শুবৃ।

শুক্রের দশাতে বৃহস্পতির অন্তর্দ্দশায় মানবের রাজপূজা লাভ, সুখ-সঞ্চয়, প্রণয়লাভ ও কন্যোৎপত্তি হয়, আর ঐ সময়ে হৃতদ্রব্য তস্কর হইতে পুনর্ব্বার প্রাপ্তি হইয়া থাকে।

শুক্রস্য দশায়াংরাহোরন্তর্দ্দশা।

২। ৪ মাস।

বন্ধনং বন্ধুপুত্রাদের্ব্বন্ধুনাশোরিপোর্ভয়ং।
শরীরদৈন্যমাপ্নোতি রাহোরন্তর্গতে ভৃগৌ॥ ৮ ॥ শুরা

শুক্রের দশায় রাহুর অন্তর্দ্দশাতে মনুষ্যের বন্ধুপুত্রাদির বন্ধন, বন্ধু নাশ, শত্রুভয় ও শরীর ক্ষীণ হয়।

ইতি শুক্রস্য দশায়ামন্তর্দ্দশাফলং।

ইত্যন্তর্দ্দশাফলং সমাপ্তং।

অথ বর্ষপতাকী।

রবিশ্চন্দ্রঃ কুজঃ সৌম্যঃ শনির্জ্জীবস্তমোভৃগুঃ।
ইন্দ্রেশাত্ত্বষ্টরেখাসু মধ্যে কেতুরিমেহব্দপাঃ॥
কৃত্তিকাদিত্রিরাবৃত্ত্যা যথা কেতৌ মঘা ভবেৎ।
স্বনক্ষত্রাদ্বর্ষফলং জ্ঞেয়ং কেতোঃ পতাকয়া॥

বর্ষপতাকী কথিত হইতেছে। কেতুপতাকীর ন্যায় একটিচক্র অঙ্কিত করিয়া তন্মধ্যে ক্রমে রবি, চন্দ্র, মঙ্গল, বুধ, শনি, বৃহস্পতি, রাহু, কেতু ও শুক্র এই সকল গ্রহ সংস্থাপন, করিয়া কৃত্তিকানক্ষত্র হইতে আরম্ভ করিয়া ভরণীপর্য্যন্ত ২৭ নক্ষত্র তাহাতে লিখিতে হইবে। কেতুপতাকী ও বর্ষপতাকীচক্রের বিভেদ নাই এই নিমিত্তে বর্ষপতাকী পৃথক প্রদত্ত হইল না। বর্ষপতাকীর ফল নিম্নে কথিত হইতেছে।"

রবিণা ভ্রাম্যতে দেশান্ সন্তাপব্যাধিপীড়িতঃ।
কান্তারসঙ্কটং শোকং করোতি চ ভয়ান্বিতঃ॥ র

বর্ষপতাকীতে রবির বৎসরে মনুষ্যের দেশ ভ্রমণ, সন্তাপ, রোগ, প্রান্তরোবিপৎপাত শোক ও ভয় জন্মে।

চন্দ্রে তুষ্টিস্তথা পুষ্টিঃ সুখসম্পত্তিরেব চ।
আরোগ্যং লভতে নিত্যং ধনপুত্রসমন্বিতং॥ চ

চন্দ্রের বর্ষে মনুষ্যের সন্তোষ, পুষ্টি, সুখসম্পত্তি, আরোগ্য এবং ধন পুত্রাদি লাভ হয়।

ভৌমে সদা কার্য্যহানিঃক্রুরকর্ম্মণি যোজনং।
চর্ম্মরোগোভবেত্তত্র সন্তাপশ্চ দিনে দিনে॥ ম

মঙ্গলের বর্ষে কার্য্যহানি, ক্রুরকার্য্যাশক্ত, চর্ম্মরোগ ও সন্তাপ হইয়া থাকে।

বুধে বোধশ্চ কার্য্যঞ্চ কন্যালাভোমহাসুখং।
রাজসম্মানভাঙ্নিত্যং ধনলাভোদিনে দিনে॥ বু

বুধের বর্ষে বুদ্ধিবৃদ্ধি কার্য্যদক্ষতা, কন্যালাভ, অত্যন্তসুখ, রাজসম্মান এবং ধনলাভ হয়।

জীবে বিদ্যা সুখং মানং লোকপূজা ধনাগমঃ।
সর্ব্বাঙ্গাভরণং কণ্ঠে স্বর্ণহারবিভূষণং। বৃ

বৃহস্পতির বর্ষে মনুষ্যের বিদ্যা, সুখ, মান, লোকপূজা, ধনাগম, এবং সর্ব্বাঙ্গে অলঙ্কার ও গলদেশে স্বর্ণহার বিভূষিত হয়।

শুক্রে পৌরুষমাখ্যাতিপুষ্টিকর্ম্ম সুখানি চ।
মুক্তারত্নপ্রবালঞ্চ রাজসম্মানমেব চ॥ শু

শুক্রের বর্ষে মানবের পৌরুষখ্যাতি, পুষ্টিকর্ম্ম, সুখ এবং মুক্তা, রত্ন প্রবাল ও রাজসম্মান লাভ হয়।

শনিরোগভয়ঃ শোকং বন্ধনং ভয়মেব চ।
অর্থহানিং কুবাক্যঞ্চ প্রাণনাশং করোতি চ॥ শ

শনির বৎসরে মনুষ্যের রোগভয়, শোক, বন্ধন, ভয়, অর্থহানি, কুবাক্যপ্রয়োগ ও প্রাণনাশ হইয়া থাকে।

রক্তস্রাবোভবেদঙ্গে রাহৌ দ্বেষোজনস্য চ।
বিদেশগমনঞ্চৈব বহ্নিবারিভয়ং তথা॥ রা

রাহুর বর্ষে মানবের অঙ্গে রক্তস্রাব হয়। আর জনকর্তৃক দ্বেষ, বিদেশ গমন এবং অগ্নি ও জলের ভয় হইয়া থাকে।

রাজকার্য্যভয়ং চৌর্য্যং গৃহদাহশ্চ বন্ধনং।
কেতোর্ব্বর্ষে ভবেদ্ঘাতস্তেষামন্তর্দ্দিনানি তু॥ কে

কেতুর বর্ষে রাজকার্য্যে ভয়, চৌর্য্য, গৃহদাহ, বন্ধন ও অস্ত্রাঘাত হয়।

অথান্তর্ব্বর্ষগণনং।

দিনত্রয়ং বিংশদণ্ডান্ স্বদশাভিঃ প্রপূরয়েৎ।
বর্ষেশ্বরাৎ সমারভ্য নাক্ষত্রিকবিধানতঃ॥

অন্তর্ব্বর্ষ কথিত হইতেছে। তিনদিন কুড়ি দণ্ডকে রব্যাদি গ্রহের নাক্ষত্রিকী দশাঙ্কদ্বারা পূরণ করিলে অন্তর্ব্বর্ষের কাল বাহির হইবে।

রবের্নখা ২০ শ্চন্দ্রমসঃ খবাণাঃ ৫০
কুজেষ্ট যুগ্মে ২৮ বুধে ষট্ চ পঞ্চকং ৫৬।
শনের্গুণাগ্নী ৩৩ গুরুতোঽগ্নিকালৌ ৬৩
রাহোঃ (১) খবেদা ৪০ ভৃগুতঃ খশৈলাঃ॥ ৭০

অন্তর্ব্বর্ষের কাল কথিত হইতেছে। রবির ২০ কুড়িদিন, চন্দ্রের ১।২০ একমাস কুড়িদিন, মঙ্গলের ২৮ আটাশ দিন, বুধের ১।২৬ একমাস ছাব্বিশ দিন, শনির ১।৩ একমাস তিনদিন, বৃহস্পতির ২।৩ দুইমাস তিনদিন, রাহু ও কেতুর কুড়িদিন কুড়িদিন করিয়া ১।১০ একমাস দশদিন এবং শুক্রের ২।১০ দুইমাস দশদিন অন্তর্বর্ষের কাল হয়।

ইতি বর্ষপতাকা।

১। রাহোরিত্যেকদেহত্বাৎ কেতোরপি তেন রাহুকেত্বোর্ব্বিংশতিৰ্ব্বিংশতিঃ।

অথ প্রত্যন্তর্দ্দশা।

অন্তর্ম্মাসান্ দিনীকৃত্য হন্বৈতৈঃ ষষ্টিভির্হরেৎ।
দিনীকৃত্যে তু মাসস্য যৈর্হন্তব্যং শৃণুম্ব তৎ॥ (ক)

অধুনা প্রত্যন্তর্দ্দশাবিভাগ কথিত হইতেছে যথা;—অন্তর্দ্দশার মাসকে দিন করিয়া বক্ষ্যমাণ বচনে যে গ্রহের যত অঙ্ক নির্দ্ধার্য্য আছে তদ্দ্বারা গুণ করিয়া ষাইটদ্বারা ভাগ করিলে যাহা ভাগফল হইবে সেই পরিমাণ প্রত্যন্তর্দ্দশার কাল হয়। মাসকে দিন করিয়া যদ্দ্বারা গুণ করিতে হইবে, তাহা নিম্নে বিবরিত হইতেছে।

রবৌ চ বেদাবসবঃ সুধাংশৌ, কুজে চ বাণানব চন্দ্রপুত্রে।
শনাবৃতুর্দ্দিক্ চ বৃহস্পতৌ স্যাৎ, রাহৌতুরঙ্গাভৃগুজে চ রুদ্রাঃ।

রবির ৪ চারি, চন্দ্রের ৮ আট, মঙ্গলের ৫ পাঁচ, বুধের ৯ নয়, শনির ৬ ছয়, বৃহস্পতির ১০ দশ, রাহুর ৭ সাত এবং শুক্রের এগার সংখ্যক অঙ্কদ্বারা গুণ করিতে হইবে। এই সকল অঙ্ককে গুণকাঙ্ক বলা যায়।

উদাহরণ যথা;—রবির দশাতে রবির অন্তর্দ্দশায় রবির প্রত্যন্তর দেখিতে হইলে রবির অন্তর্দ্দশার ৪ চারিমাসকে দিন করিলে ১২০ এক শত বিশদিন হয়, উহাকে রবির গুণক অঙ্ক ৪ চারিদ্বারা গুণ করিলে ৪৮০ চারিশত আশী হইবে। তাহাতে ষাইটদ্বারা ভাগ করিলে ভাগফল ৮ আট হইল। অতএব রবিরদশায় রবির অন্তরে রবির প্রত্যন্তর্দ্দশার কাল ৮ আট দিন মাত্র। এইরূপ রবির দশায় রবির অন্তর্দ্দশাতে চন্দ্রের প্রত্যন্তর্দ্দশা দেখিতে হইলে রবির অন্তর্দ্দশার ৪ চারিমাসকে দিন করিলে ১২০ একশত কুড়ি হয়, তাহাকে চন্দ্রের গুণকাঙ্ক আটদ্বারা পূরণ করিলে ৯৬০ নয়শত যাইট হইবে, উহাকে ষাইটদ্বারা ভাগ করিলে ভাগফল ১৬ যোল হয়, অতএব রবিরদশাতে রবির অন্তরে চন্দ্রের প্রত্যন্তর্দ্দশারকাল

ক। প্রকারান্তরমাহ।' গ্রহান্তরং দিনং কৃত্বা ষষ্টিলব্ধং ধ্রুবং ভবেৎ ধ্রুবাণি গুণয়েদ্ধীমান্ রব্যাদিক্রমশো যথা।

১৬ ষোল দিন হইবে। অন্যান্য গ্রহের প্রত্যন্তর্দ্দশা ও এই নিয়মে ভাগ করিতে হয়।

ইতি প্রত্যন্তর্দ্দশা বিভাগঃ।

কলৌ নাক্ষত্রিকীদশায়াগ্রাহ্যত্বে প্রমাণান্তরমাহ।

সত্যে লগ্নফলং শ্রেষ্ঠং ত্রেতায়াং গোচরস্থিতেঃ।

দ্বাপরে গ্রহভাবশ্চ কলৌ নাক্ষত্রিকীদশা॥ (খ)

প্রমাণান্তরদ্বারা কলিতে নাক্ষত্রিকীদশার প্রামাণ্য করা যাইতেছে যথা,—সত্যযুগে লগ্নফল শ্রেষ্ঠ, ত্রেতাযুগে গ্রহগণের গোচর ফল প্রধান, দ্বাপরে গ্রহভাব প্রধান এবং কলিতে নাক্ষত্রিকীদশাই শ্রেষ্ঠা।

ইতি জাতকচন্দ্রিকায়াং অষ্টমোঽধ্যায়ঃ।

অথেদানীং যোগিনীদশা লিখ্যতে।

যথা রুদ্রযামলে।

স্বর্ক্ষং পিনাকিবদনৈঃ সংযোজ্য বসুভির্হরেৎ।

স্থিতেন যোগিনী জ্ঞেয়া তস্যাভোগশ্চ বৎসরঃ॥

ইদানীং রুদ্রযামলোক্ত যোগিনীদশা কথিত হইতেছে যথা, জাতকের জন্মনক্ষত্রাঙ্ককে ৫ পাঁচ যোগকরতঃ ৮ আট দ্বারা হরণ করিলে যাহা অবশিষ্ট থাকিবে তদ্দ্বারা যোগিনীদশা নির্ণয় হয়। যাহা অবশিষ্ট থাকিবে তত সংখ্যাক বর্ষ তাহার ভোগ। নিম্নে কথিত হইতেছে।

মঙ্গলা পিঙ্গলা ধন্যা ভ্রামরী ভদ্রিকা তথা।

যোগিন্যোঽষ্টৌ চ সংখ্যাত্যোশ্চোল্কা সিদ্ধা চ সঙ্কটা।

পুনঃপ্রাপ্তাং পুরস্কৃত্য চক্রবৎপরিবর্ত্তিকা।

অব্দৈকং মঙ্গলা ভুঙ্‌ক্তে শেষান্তে কৈকবর্দ্ধিতং।

খ। অন্তর্দ্দশাফলবর্ষপতাকীবিচারৌ জ্যোতিস্তত্ত্বেঽনুসন্ধেয়াবিতি গ্রন্থকারঃ। 'অন্তর্দ্দশার ফল ও বর্ষপতাকীবিচার জ্যোতিষতত্ত্বে অনুসন্ধান করিবে।' গ্রন্থকার এইরূপ বলিয়াছেন, কিন্তু তাহাতে পাঠকের অসুবিধা বিবেচনায় জ্যোতিষতত্ত্ব ও সৎকৃত্য মুক্তাবলী প্রভৃতি গ্রন্থ হইতে ঐ দুই বিষয় যথাস্থানে সন্নিবেশিত হইল।

যা যস্য প্রথমে প্রাপ্তা নক্ষত্রগতিভাবিতা।
ক্রমাত্তর্কগুণাব্দান্তে পুনঃ সৈব প্রবর্ত্ততে॥

মঙ্গলা, পিঙ্গলা, ধন্যা, ভ্রামরী, ভদ্রিকা, উল্কা, সিদ্ধা ও সঙ্কটা এই আট প্রকার যোগিনী। পূর্ব্বোক্ত অবশিষ্টাঙ্ক ১ এক থাকিলে প্রথম মঙ্গলার বর্ষ হয়। এইরূপ ২ দুই থাকিলে পিঙ্গলা, ৩ তিন থাকিলে ধন্যা, ৪ চারি থাকিলে ভ্রামরী, ৫ পাঁচ থাকিলে ভদ্রিকা ৬ ছয় থাকিলে উল্কা, ৭ সাত থাকিলে সিদ্ধা এবং ০ শূন্য থাকিলে প্রথম সঙ্কটাযোগিনীর দশা হইয়া থাকে। বর্ষভোগ মঙ্গলবার ১ এক বৎসর, পিঙ্গলার ২ দুই বৎসর, ধন্যার ৩ তিন বৎসর, ভ্রামরীর ৪ চারি বৎসর, ভদ্রিকার ৫ পাঁচ বৎসর, উল্কার ৬ ছয় বৎসর, সিদ্ধার ৭ সাত বৎসর ও সঙ্কটার ৮ আট বৎসর ভোগ হয়। নক্ষত্রদ্বারা প্রথমবর্ষ যে যোগিনীর হইবে পুনর্ব্বার ৩৬ ছয়ত্রিশ বৎসর পরে সেই দশা হইয়া থাকে। নিম্নে যোগিনী দশার ফল কথিত হইতেছে।

অথ যোগিনীদশাফলং।

সম্পত্তিং মঙ্গলা দত্তেঽতুল্যভোগসুখং তথা।
গোগজাশ্ব সহস্রন্তু গৃহে তস্য দিনে দিনে॥ ১

মঙ্গলাযোগিনীর দশাতে মনুষ্যের অতুল সম্পত্তি, ভোগ ও সুখ হয় এবং তাহার গৃহে সহস্র গো হস্তী ও অশ্ব প্রভৃতি বিরাজ করে।

পিঙ্গলা বিবিধং দুঃখমন্তশ্চিন্তাদিসম্ভবং।
দদাতি নাশয়েদেব ধনধান্যগজাদিকং॥ ২

পিঙ্গলাযোগিনীর দশায় মানবের বিবিধ দুঃখ ও মানসিক চিন্তা উপস্থিত হয় এবং ঐ সময়ে তাহার ধন, ধান্য ও হস্তী প্রভৃতি বিনাশ হইয়া থাকে।

ধন্যা চ সততং দত্তে সর্ব্বত্র বিজয়াদিকং।
শক্রতোরক্ষয়েন্নিত্যং মাতৃবৎপরিপালয়েৎ॥ ৩

ধন্যাযোগিনী নিজ দশাতে সর্ব্বদা বিজয়দান করেন এবং শত্রুবর্গ হইতে রক্ষা করিয়া মাতৃবৎ প্রতিপালন করিয়া থাকেন।

ভ্রামরী বিবিধং দুঃখং সদা সম্ভ্রমনাশনং।
অকস্মাত্তস্য তদ্দৈবং বিধিনা প্রেরিতং ভবেৎ॥ ৪

ভ্রামরীযোগিনীর দশাতে মনুষ্য বিবিধ দুঃখ পায় এবং সম্ভ্রম বিনষ্ট হয়। আর হটাৎ দৈবদুর্ব্বিপাক সমূহ বিধাতা কর্ত্তৃকপ্রেরিত হইয়া থাকে।

ভদ্রিকা বিবিধান্ ভোগান্ সম্মানাদিমনোরথান্।
ভুক্ত্বাচেদ্ভদ্রিকা নিত্যঃ দুর্গ্রহোঽপি শুভায়তে॥ ৫

ভদ্রিকাযোগিনীর দশাতে মানবের বিবিধ ভোগ, সম্মানাদিবৃদ্ধি ও মনোরথ সিদ্ধ হয়, আর ঐ সময়ে ক্রুর গ্রহদ্বারা কোন অনিষ্ট হয় না। প্রত্যুত শুভ হইয়া থাকে।

উল্কাব্যাধিকরা প্রোক্তা নিত্যং নানাভয়প্রদা।
উল্কা যদি সমায়াতা স্বগ্রহোদুর্গ্রহায়তে॥ ৬

উল্কাযোগিনীর দশাতে মনুষ্যের নানারোগ ও সর্ব্বদা ভয় হয়, বিশেষতঃ ঐ সময়ে শুভগ্রহও অনিষ্ট দান করিয়া থাকেন।

সিদ্ধা প্রসাধতে সর্ব্বং মন্ত্রারম্ভে ধনাদিকং।
তস্য তুষ্টা ভবেৎ সিদ্ধির্লক্ষ্মীস্তস্য করার্পিতা॥ ৭

সিদ্ধাযোগিনীর দশাতে মনুষ্যের মন্ত্রাদি সকল সিদ্ধি এবং ধন ধান্যাদি লাভ হয়। আর ঐ কালে অষ্টসিদ্ধি পরিতুষ্টা থাকেন এবং লক্ষ্মীদেবী বশতাপন্ন হন।

সঙ্কটা সঙ্কটং দত্তে ভুঙ্ক্তে ধান্যধনাদিকং।
দেবপ্রোষ্যা স্বয়ং নিত্যং গৃহে কৃষ্ণফণীসমা॥ ৮

সঙ্কটাযোগিনী স্বীয় দশাতে মনুষ্যকে সঙ্কট দান করেন এবং তাহার ধান্য ও ধনাদি অপহরণ করিয়া থাকেন। আর দেব প্রেরিতা হইয়া সর্ব্বদা গৃহে কৃষ্ণ সর্পের ন্যায় বাস করেন।

ইতি স্থূলদশাফলং।

অথান্তর্দ্দশাকথনং।

মাসং কৃত্বাব্দমেতাসাং হরেৎষট্‌ত্রিংশতা চ যৎ।
লব্ধং তচ্চ ভবেন্মাস আসামন্তর্দ্দশা বিধৌ॥

যোগিনীদশার বর্ষকে মাস করিয়া ছয়ত্রিশদ্বারা ভাগ করিলে ভাগ-ফল যাহা হইবে তাহাই অন্তর্দ্দশার কাল হয়। কিন্তু বৎসরকে মাস করিলে তাহা যদি ছয়ত্রিশের ন্যূন হয় তবে মাসকে দিন করিয়া ছয়ত্রিশ দ্বারা ভাগ করিলে লব্ধ ভাগফলই অন্তর্দ্দশার কাল হইয়া থাকে।

অথ মঙ্গলায়া অন্তর্দ্দশাবিভাগঃ।

অস্যাবর্ষঃ ১। বৎসর।

মমঙ্গলায়াঃ ০।০।১০ দিন। মপিঙ্গলায়াঃ ০।০।২০ দিনং।
মধন্যায়াঃ ০।১ মাস। মভ্রামর্য্যাঃ ০।১।১০ দিন।
মভদ্রিকায়াঃ ০।১।২০ দিন। মউল্কায়াঃ ০।২ মাস।
মসিদ্ধায়াঃ ০।২।১০ দিন। মসঙ্কটায়াঃ ০।২।২০ দিন।

অথান্তর্দ্দশাফলং।

এবং ভাগক্রমেণ সর্ব্বাসামন্তর্দ্দশা বোদ্ধব্যা।
মঙ্গলামঙ্গলং দত্তে পিঙ্গলা দুঃখবিস্তরং।
ধন্যা চ সততং দত্তে সর্ব্বত্র বিজয়াদিকং।
ভ্রামরী বহুলং দুঃখং করোতি চান্তরান্তরং।
ভদ্রিকা বিবিধান্ ভোগান্ সম্মানঞ্চৈব বিস্তরং।
উল্কা ব্যাধিকরাপ্রোক্তা সিদ্ধা দত্তে ধনাদিকং।
সঙ্কটা সঙ্কটং দত্তে ভুঙ্‌ক্তে সর্ব্বধনাদিকং॥

অন্তর্দ্দশার ফল কথিত হইতেছে যথা,—মঙ্গলার অন্তর্দ্দশাতে মঙ্গল, পিঙ্গলার অন্তর্দ্দশায় অতিশয় দুঃখ, ধন্যার অন্তর্দ্দশায় সর্ব্বত্র বিজয়, ভ্রামরীর অন্তর্দ্দশায় দুঃখ, ভদ্রিকার অন্তর্দ্দশায় ভোগ ও সন্মান, উল্কার অন্তর্দ্দশায় রোগ, সিদ্ধার অন্তর্দ্দশায় ধন প্রাপ্তি এবং সঙ্কটার অন্তর্দ্দশাতে আপদাশঙ্কা ও ধনাদি বিনষ্ট হইয়া থাকে।

অথমাসদশাফলং।

তিথিবারস্বনক্ষত্রং সংক্রান্তিকালভং যুতং।
কলাভির্ম্মুনিভীরুদ্রৈর্গুণিতং ভাজিতং ত্রিধা।
নবাষ্টমুনিভির্ম্মাসদশৈষা কথিতা বুধৈঃ॥

অধুনা মাসদশা কথিত হইতেছে যথা,—যাহার মাসদশা দেখিতে হইবে সেইব্যক্তির জন্মতিথি জন্মবার (ক) ও জন্ম নক্ষত্রের সহিত যে সময়ে মাসদশা দেখিবে সেই মাসের সংক্রান্তি কালের নক্ষত্রাঙ্ক যোগ করিয়া তিনস্থানে রাখিবে। অনন্তর ১৬ ষোড়শ ৭ সপ্ত ও ১১ একাদশদ্বারা ক্রমে ঐ তিনস্থানের অঙ্ক গুণ করিয়া ১৬ ষোড়শদ্বারা গুণীকৃত অঙ্ক ৯ নয়দ্বারা হরণ, সপ্তদ্বারা গুণীকৃত অঙ্ক ৮ আটদ্বারা হরণ এবং ১১ একাদশদ্বারা গুণীকৃত অঙ্ককে ৭ সপ্তদ্বারা হরণ করিয়া মাস দশা নিশ্চিত হইবে।

অথমাসদশাফলং।

শুভং শুক্রে বুধে চৈব নিধনং রাহুকেতুকে।
অতিসৌখ্যং গুরৌ চন্দ্রে দুঃখং মন্দেঽর্কভৌময়োঃ॥

মাসদশাতে শুক্র ও বুধ থাকিলে শুভ, রাহু ও কেতু থাকিলে মরণ, বৃহস্পতি ও চন্দ্র থাকিলে অত্যন্ত সুখ এবং শনি, রবি ও মঙ্গল থাকিলে দুঃখ হইয়া থাকে।

ইতি মাসদশা।

অথদিনদশা।

তিথিবারশ্চ নক্ষত্রং যুক্তং জন্মোড়ুনা সহ।
সপ্তাষ্টরসভক্তঞ্চ ভবেদ্দিনদশা ত্রিধা॥

দিনদশা কথিত হইতেছে। যে সময়ের দশা দেখিতে হইবে তৎকালের তিথি, বার ও নক্ষত্রাঙ্ককে জন্ম নক্ষত্রাঙ্কের সহিত যোগ করিয়া

ক। কেহ কেহ জন্মতিথি ও জন্মবার গ্রহণ না করিয়া তৎকালের তিথি ও বার গ্রহণ করতঃ মাসদশা গণনা করেন।

৭ সাত, ৮ আট ও ছয়দ্বারা ভাগ করিয়া দিনদশা দেখিতে হয়। এই দিনদশা তিন প্রকার।

প্রকারান্তরঞ্চ—তিথিবারস্বনক্ষত্রমেকীকৃত্য ত্রিধা স্থিতং।
দ্বিত্রিচতুর্ভির্গুণিতং সপ্তাষ্টরসভাজিতং॥

প্রকারান্তরে দিনদশা কথিত হইতেছে। তিথি বার ও জন্মনক্ষত্র যোগ করিয়া তিন স্থানে রাখিবে। অনন্তর দুই, তিন ও চারিদ্বারা ঐ তিনস্থানের অঙ্ক ক্রমে গুণ করিয়া দ্বিগুণ অঙ্ককে ৭ সপ্তদ্বারা ত্রিগুণ অঙ্ক ৮ অষ্ট দ্বারা এবং চতুর্গুণ অঙ্ককে ৬ ছয়দ্বারা ভাগ করিবে।

অথদিনদশাফলং।

একেনাপি ভবেল্লক্ষ্মীর্দ্বিতীয়ে দুঃখভাজনং।
তৃতীয়ে রাজসম্মানং চতুর্থে মিষ্টভোজনং।
পঞ্চমে চাপমানঞ্চ ষষ্ঠে স্যান্মিত্রদর্শনং।
সপ্তমে কার্য্যসিদ্ধিশ্চ ভবেদেব ন সংশয়ঃ।
শূন্যে চ পুণ্যতাংযাতি চৈতদ্দিবসলক্ষণং॥

দিনদশার ফল কথিত হইতেছে। পূর্ব্বোক্ত ভাগবিশিষ্ট অঙ্ক এক থাকিলে শ্রীমান, দুই থাকিলে দুঃখভাগী তিন থাকিলে রাজসম্মানী, চারি থাকিলে মিষ্টান্ন ভোজী, পাঁচ থাকিলে অপমানী, ছয় থাকিলে মিত্র দর্শন এবং সাত থাকিলে কার্য্যসিদ্ধি হইয়া থাকে; ইহাতে সংশয় নাই। আর যদি শূন্য থাকে তবে পুণ্য বৃদ্ধি পায়।

ইতি দিনদশা।

অথ ক্ষণদশা।

দিনস্তুস্বষ্টং সহিতঞ্চ বেলা, চাদিত্যঋক্ষং মিলিতঞ্চ কৃত্বা।
অষ্টাবশিষ্টং মুনয়োবদন্তি, ক্ষণং প্রধানং বিবুধাবদন্তি॥

দিবারাত্রি অষ্টপ্রহরের মধ্যে সে সময়ের দশা দেখিতে হইবে সেই প্রহরে অঙ্ক সূর্য্য ভোগ্য নক্ষত্রাঙ্কের সহিত যোগ করিয়া আট দ্বারা হরণ

করিলে ক্ষণদশা স্থির হইবে এই ক্ষণদশাই প্রধান মুনিগণ ও পণ্ডিতগণ এইরূপ বলিয়াছেন।

অথ ক্ষণদশাফলং।

একে বিভূতির্ম্মরণঞ্চ যুগ্মে, জয়োঽগ্নিসংখ্যে নিগমেষ্বনর্থঃ।
ভোগঃশরে ষট্সু চ দেহপীড়া, সিদ্ধির্ম্মুনৌ শূন্যবিধৌ চ মৃত্যুঃ॥

ক্ষণদশার ফল কথিত হইতেছে। পূর্ব্বোক্ত হৃতাবিশিষ্টাঙ্ক এক হইলে ঐশ্বর্য্য দুই থাকিলে মৃত্যু তিন থাকিলে জয়, চারি হইলে অনর্থ, পাঁচ থাকিলে ভোগ, ছয় থাকিলে দেহপীড়া, সাত থাকিলে সিদ্ধি এবং শূন্য থাকিলে মৃত্যু হয়।

ইতি ক্ষণদশা।

অথ বসুদশা।

স্বমৃক্ষং মানসৈর্ম্মিশ্রং বসুভির্ভাগমাহরেৎ।
লব্ধাগতাদশাজ্ঞেয়া ভোগ্যায়াঃ ফলমাদিশেৎ।
স্বভোগদণ্ডভোগেন ত্যক্তাংশেষং লভেত্ততঃ।
এবং ভোগফলং লব্ধা বীক্ষতে চ শুভাশুভং॥

অধুনা বসুদশা কথিত হইতেছে। জন্মনক্ষত্রাঙ্ক ও জন্মনক্ষত্র হইতে পঞ্চবিংশতি নক্ষত্রাঙ্ক এই উভয়াঙ্ক যোগ করিয়া আটদ্বারা ভাগ করিলে লব্ধাঙ্ক দ্বারা বসুদশা নির্ণয় হয়। জন্মনক্ষত্রের মান নির্ণয় করতঃ তাহার ভুক্ত ভোগ্য বিবেচনা পূর্ব্বক স্থূলদশার ভুক্তাবশেষ, যাহা থাকিবে তদ্দ্বারা শুভাশুভ বিবেচনা করিতে হইবে।

অথ দশানামানি।

ধ্বজোধূমশ্চ সিংহশ্চ শ্রবসুশ্চ বৃষস্তথা।
খচরশ্চ তথা সিদ্ধিসেবনং দারুণা স্মৃতা॥

বসুদশার প্রত্যেকের নাম কথিত হইতেছে যথা,—১ ধ্বজ, ২ ধূম, ৩ সিংহ, ৪ শ্রবসু, ৫ বৃষ, ৬ খচর, ৭ সিদ্ধিসেবন, ৮ দারুণা। বসুদশাতে এই অষ্ট প্রকার দশা হয়।

অব্দৈকস্তু ধ্বজোভুঙ্‌ক্তে দ্ব্যব্দংধূমস্তথৈব চ।
তৃতীয়াব্দং তথা সিংহশ্চতুর্থং শ্রবসুস্তথা।
পঞ্চমঞ্চ বৃষশ্চৈব ষষ্ঠং খচরসংজ্ঞকঃ।
সিদ্ধিসেবনকং সপ্ত দারুণা চাষ্টমাব্দকং॥

বসুদশার ভোগকাল কথিত হইতেছে। ধ্বজের ভোগ এক বৎসর, ধূমের ভোগ দুই বৎসর সিংহের ভোগ তিনবৎসর, শ্রবসুর ভোগ চারি বৎসর, বৃষের ভোগ পাঁচবৎসর, খচরের ভোগ ছয় বৎসর, সিদ্ধি সেবনের ভোগ সাত বৎসর দারুণার ভোগ আটবৎসর হইয়া থাকে।

অথ বসুদশাফলং।

বিভূতিমাতুলাং পুষ্টিং রাজসম্মানতঃ প্রভুঃ।
অশ্বলাভঞ্চ সৌন্দর্য্যং কুরুতে ধ্বজবিগ্রহঃ॥ ১

বসুদশার ফল কথিত হইতেছে। ধ্বজের দশাতে মনুষ্যের অতুল ঐশ্বর্য্য, পুষ্টি, রাজসম্মানদ্বারা প্রভুত্ব অশ্বলাভ এবং সৌন্দর্য্য লাভ হইয়া থাকে।

শিরোরোগং জ্বরং ঘোরং মৃত্যুভীতিঞ্চ দরুণাং।
উর্চ্চতশ্চ পতত্যাশু ধূমস্য বিষয়ে নরঃ॥ ২

ধূমের দশাতে মানবের শিরোরোগ, ঘোরতর জ্বর, অত্যন্ত মৃত্যুভয় এবং উচ্চ স্থান হইতে হঠাৎ পতন হয়।

সর্ব্বত্র দ্রব্যলাভঞ্চ কার্য্যসিদ্ধিশ্চ জায়তে।
বলাৎসাধ্যত্বমাপ্নোতি সিংহস্যান্তর্গতোনরঃ॥ ৩

সিংহের দশাতে মানবের সর্ব্বত্র দ্রব্যলাভ ও কার্য্যসিদ্ধি হয়, আর ঐ দশাতে বলক্রমে অসাধ্য সাধন করিয়া থাকে।

ক্রোধশীলোবিবেকী চ দুর্ভাষাং তনুতে সদা।
গুদরোগী মদোন্মত্তঃ শ্রবসৌ গতমানবঃ॥ ৪

শ্রবসুর দশাতে মনুষ্যের কোষবৃদ্ধি ও বিবেকতা জন্মে। বিশেষত ঐ সময়ে মানব দুভাষী গুহ্যদেশেরোগগ্রস্থ ও মদোন্মত্ত হইয়া থাকে।

নানাভোগেন ভোগাঢ্যঃ স্ত্রীবিলাসেরত সদা।
বক্তা রাজবিনোদী চ আগতে চ বৃষে নরঃ ॥ ৫

বৃষের দশাতে মানব নানা ভোগ্যবস্তু উপভোগ করে এবং স্ত্রীবিলাসে অসাক্ত হয় আর ঐদশাতে মনুষ্য বক্তা ও রাজবিনোদী হইয়া থাকে

অক্ষিরোগং ব্রণং দদ্রুং জ্বরাদিপীড়িতোনরঃ।
মহাভয়মবাপ্নোতি খচরেভ্যশ্চ মানবঃ ॥ ৬

খচরের দশাতে মনুষ্যের চক্ষুরোগ, ব্রণ, দদ্রুরোগ ও জ্বরাদি পীড়া এবং অত্যন্ত ভয় হইয়া থাকে।

বহুমিত্রং বহুধনং রাজসম্মানতঃ প্রভুং।
ক্ষেমপ্রতাপসিদ্ধার্থমৈশ্বর্য্যং সিদ্ধিসেবসেবনে ॥ ৭

সিদ্ধি সেবনের দশায় মানবের বহুমিত্র, অপরিমিত ধন, রাজ সম্মান দ্বারা প্রভুত্ব, মঙ্গল, প্রতাপবৃদ্ধি ও ঐশ্বর্য্য হয়।

নানাকারশিরোরোগং কফপিত্তাদিকং ভয়ং।
ধনানাং ক্ষয়মাপ্নোতি রাজপীড়া চ দারুণা ॥ ৮

দারুণার দশাতে মনুষ্যের নানারূপ শিরোরোগ, কফপিত্তাদিজনিত-রোগভয়, ধনক্ষয় এবং রাজপীড়া হইয়া থাকে।

ইতি বসুদশা ফলং।

অস্যান্তর্দ্দশাযথা।

দশাভিস্তদ্দশাংহত্বা ষড়্গুণৈর্ভাগমাহরেৎ।
হর্ত্তুভাগোন চেদেব সূর্য্যেণ পরিপূরয়েৎ।
লব্ধোমাসস্তু বিজ্ঞেয়ঃ শেষঃখগুণপূরিতং।
তেন হৃত্বা দিনং লব্ধং তচ্ছেষঃ ষষ্টিপূরিতং।
তেন হৃত্বা নাড়িকাদি বিজ্ঞেয়া চ বিচক্ষণৈঃ ॥

অধুনা বসুদশাতে অন্তর্দ্দশা ভাগের নিয়ম কথিত হইতেছে। দশাঙ্ককে দশাঙ্কদ্বারা গুণ করিয়া ষট্ত্রিংশৎ দ্বারা ভাগ করিবে। গুণিতাঙ্ক

যদি ষট্ত্রিংশৎ দ্বারা ভাগ হইতে না পারে তবে দ্বাদশ দ্বারা গুণ করিয়া ষট্ত্রিংশৎ দ্বারা ভাগ করতঃ ভাগফল মাস ধরিতে হইবে। তাহাতেও যদি ভাগ করিতে না পারা যায় তবে ঐ দ্বাদশদ্বারা গুণিতাঙ্ককে ত্রিংশৎ দ্বারা গুণকরত: ষট্ত্রিংশৎ দ্বারা ভাগ করিলেই ভাগফল দিন হইবে। ভাগশেষ (১) যাহা থাকে তাহাকে ষষ্টিদ্বারা গুণ করিয়া ষট্ত্রিংশৎ দ্বারা ভাগ করিলে ভাগফল দণ্ডাদি হইবে।

ইতি বসুদশা।

ইতি জাতক চন্দ্রিকায়াং নবমোঽধ্যায়ঃ।

অল্পায়ুর্দ্দায়নির্ণয়ঃ।

তত্রাদাবায়ুর্লক্ষণং।

পথ্যাশিনঃ স্বধর্ম্মার্থোঃ সৎকুলাঢ্যাজিতেন্দ্রিয়াঃ।
গুরৌ দেবে দ্বিজে ভক্তাস্তেষামায়ু প্রবর্ত্ততে।

আয়ুর্দ্দশায় অধ্যায়ে প্রথমতঃ আয়ুর লক্ষণ কথিত হইতেছে। যে ব্যক্তি পথ্যাশী, স্বধর্ম্মরত, স্বৎকুলজাত, জিতেন্দ্রিয় এবং গুরু দেবতা ও ব্রাহ্মণাসক্ত তাহারই যথোক্ত আয়ু হয়।

অল্লায়ুষোযথা।

যে পাপলিপ্তাঃ কৃপণা দেবব্রাহ্মণনিন্দকাঃ।
বন্ধুগুর্ব্বঙ্গনাসক্তাস্তেষামায়ুরকালজং॥

যে ব্যক্তি পাপপরায়ণ, কৃপণ, দেবতা ও ব্রাহ্মণ নিন্দক এবং বন্ধুপত্নী ও গুরুপত্নীকে আসক্ত সেই ব্যক্তির অল্লায়ু হয়।

অথ জাতপুরুষজ্ঞানং।

যস্মিন্নৃক্ষে স্থিতোভানুস্তদাদিত্রীণিমস্তকে।
আননে পঞ্চঋক্ষাণি চৈকৈকং স্কন্ধবোর্ব্বয়োঃ।
বাহ্বোরপি তথৈকৈকং চৈকৈকং পাণিপল্লবে।

১। সর্ব্বত্রই ভাগশেষ থাকিলে পর পর গুণিতাঙ্কদ্বারা গুণ করিয়াষট্‌ত্রিংশৎ দ্বারা ভাগ করিবে।

হৃদয়ে পঞ্চ ঋক্ষাণি নাভাবেকং প্রকীর্ত্তিতং।
গুদে চৈকং তথা হ্যেবমেকৈকংজানুমণ্ডলে।
নক্ষত্রাণি চ শেষাণি যুগপাদে নিযোজয়েৎ॥

অধুনা জাতপুরুষ গণনা করা হইতেছে। প্রথমতঃ একটি জাতপুরুষ অঙ্কিত করিবে। অনন্তর জন্মসময়ে যে নক্ষত্রে রবি থাকেন সেই নক্ষত্র হইতে জাতপুরুষের মস্তকে তিননক্ষত্র, মুখে পাঁচনক্ষত্র, স্কন্ধদ্বয়ে দুই নক্ষত্র, বাহুদ্বয়ে দুইনক্ষত্র হস্তদ্বয়ে দুই নক্ষত্র, হৃদয়ে পাঁচ নক্ষত্র, নাভি-দেশে এক নক্ষত্র, গুহ্যে এক নক্ষত্র জানুদ্বয়ে দুইনক্ষত্র এবং পাদদ্বয়ে চারিনক্ষত্র যোজনা করিবে। ফল নিম্নে কথিত হইতেছে।

অশ্বিনীনক্ষত্রে রবিরস্থিতি অবধারিত করিয়া নক্ষত্রাঙ্ক প্রদত্ত হইল। মস্তকে ১।২।৩ মুখে ৪।৫।৬।৭।৮ স্কন্ধদ্বয়ে ৯।১০ বাহুদ্বয়ে ১১।১২ হস্ত-দ্বয়ে ১৩।১৪ হৃদয়ে ১৫।১৬।১৭।১৮।১৯ নাভৌ ২০ গুহ্যে ২১ জানুদ্বয়ে ২২। ২৩ পাদদ্বয়ে ২৪।২৫।২৬।২৭।

এই সমস্ত জাতপুরুষের যথাস্থানে যোজিত হইবে।

ফলং—অল্পায়ুশ্চরণে জাতোজানুনোশ্চ বিদেশগঃ।
পরদাররতোগুহ্যে শীলজ্ঞোনাভিমণ্ডলে।
হৃদয়ে পরমৈশ্বর্য্যং বাহ্বোশ্চ সুরতোৎসবঃ।
হস্তয়োস্তস্করোজ্ঞেয়ঃ স্কন্ধয়োর্নৃপতির্ভবেৎ॥

জাতকের জন্মনক্ষত্র জাতপুরুষের পাদদ্বয়ে পতিত হইলে অল্পায়ু হয়। এইরূপ জানুদ্বয়ে পড়িলে বিদেশগামী, গুহ্যে পড়িলে পরদারাসক্ত, নাভিতে পড়িলে শীলজ্ঞ, হৃদয়ে পড়িলে অতুল ঐশ্বর্য্যশালী বাহুতে পড়িলে সুরতোৎসাহী, হস্তে পড়িলে তস্কর, স্কন্ধদ্বয়ে পড়িলে ভুপতি, মুখে পড়িলে মিষ্টান্নভোজী এবং মস্তকে জন্মনক্ষত্র পতিত হইলে জাত-বালক রাজা হইয়া থাকে।

মিষ্টান্নাশী মুখে জাতঃ শিরে জাতশ্চভূপতিঃ।
মুখশীর্ষে শতং বর্ষং নবতিস্কন্ধয়োর্দ্বয়োঃ।

পঞ্চাশীতির্হৃদি প্রোক্তং হস্তয়োঃ সপ্ততিঃ ক্রমাৎ।
বাহ্বোঃ ষট্‌ষষ্টিবর্ষাণি গুদে চ ষষ্টিকাঃ সমাঃ।
পঞ্চাশজ্জঙ্ঘয়োঃ পাদে নির্দ্ধনঃ স্বল্পজীবনঃ।
কালাখ্যপুরুষাদেবং পরমায়ুর্নিরূপণং॥

জাতপুরুষের মুখে কি মস্তকে জন্মনক্ষত্র পতিত হইলে জাতকের শতবর্ষ পরমায়ু হয়। এই রূপ স্কন্ধদ্বয়ে পড়িলে নবতি বৎসর, হৃদয়ে পড়িলে পঁচাশীবর্ষ হস্তে পড়িলে সপ্ততি বর্ষ, বাহুতে পড়িলে ছয়ষট্টি বৎসর, গুহে পড়িলে যাইট বর্ষ, জঙ্ঘাতে পড়িলে পঞ্চাশৎ বর্ষ এবং জাতপুরুষের চরণে জন্মনক্ষত্র পতিত হইলে জাতব্যক্তি অল্পায়ুযুক্ত ও নির্দ্ধন হইয়া থাকে। কালপুরুষ হইতেও এইরূপে পরমায়ু নিরূপণ হয়।

শকের দ্বিগুণ একে হীনা, তিথিবার নক্ষত্র করিয়া গণনা।
একশত বিশে হরিয়া চাই, যত থাকে তত পরমায়ী॥

ইত্যায়ুঃ সংখ্যানং।
ইতি জাতপুরুষগণনং।

অথেদানীমষ্টবর্গোক্তায়ুর্নিরূপণং।

তত্রাদাবষ্টবর্গঃ।

জন্মকালগ্রহস্থিত্যা ফলং বক্ষ্যে শুভাশুভং।

স্বাদিন কৃচ্ছ্রভদঃ ক্ষিতিপক্ষসমুদ্রনগাদিকপঞ্চগতো- ১।২।৪।৭।৮।৯।১০।১১ হথ বিভাবরিভর্ত্তুস্ত্র্যঙ্গদশেশগতো ৩।৬।১০। ১১ হথ কুজাদিনব ১।২।৪।৭।৮।৯।১০।১১ দথ সোমসুতাস্ত্রিশবর্ত্তু নবাদিষু যাতঃ ৩।৫।৬।৯।১০।১১।১২ দেবগুরোর্বিষয়র্ত্তু নবেশগতো ৫।৬।৯।১১ হথ সুরারিগুরোঃ সময়াচলভাস্করযাতঃ ৬।৭।১২ অথ তীক্ষ্মমরীচিসুতাদপিভাস্করবৎ ১।২।৪।৭।৮।৯।১০।১১ অথ লগ্নগৃহাত্রিকৃতাঙ্গদশাদিযু যাতঃ ৩।৪।৬।১০।১১।১২ রবিরেখাঃ॥ (৪৮)

* সচরবিসোমভৌমবুধগুরুভৃগুশনৈশ্চরলগ্নানামষ্টবর্গো জ্যোতিস্তত্ত্বেঽনুসন্ধেয়ঃ। ইতি গ্রন্থকারঃ।

অষ্টবর্গ করিবার প্রণালী কথিত হইতেছে। জন্মসময়ের রাশিচক্র অর্থাৎ মনুষ্যের জন্মকালে যে গ্রহ যে রাশিতে অবস্থিত থাকেন সেই সকল গ্রহ সেই সেই রাশিতে স্থাপন করতঃ যে লগ্নে জন্ম তাহাও (লং) চিহ্ন দ্বারা যথাস্থানে অঙ্কিত করিতে হইবে। অনন্তর রবির অষ্টবর্গ করিতে হইলে রবিগ্রহ যে স্থানে অবস্থিত আছেন সে স্থান হইতে প্রথম, দ্বিতীয়, চতুর্থ, সপ্তম, অষ্টম, নবম, দশম ও একাদশ ঘরে একএকটী করিয়া রেখা পাত করিবে এবং চন্দ্র হইতে তৃতীয়, ষষ্ঠ দশম ও একাদশ ঘরে এক-একটী রেখাপাত করিতে হইবে। এইরূপে মঙ্গল হইতে প্রথম, দ্বিতীয়, চতুর্থ, সপ্তম, অষ্টম, নবম, দশম ও একাদশ ঘরে ; বুধ হইতে তৃতীয়, পঞ্চমষষ্ঠ, নবম দশম একাদশ ও দ্বাদশ ঘরে ; গুরু হইতে পঞ্চম ষষ্ঠ. নবম ও একাদশ ঘরে ; শুক্র হইতে ষষ্ঠ, সপ্তম ও দ্বাদশ ঘরে ; শনি হইতে প্রথম, দ্বিতীয়, চতুর্থ, সপ্তম, অষ্টম, নবম, দশম ও একাদশ ঘরে এবং লগ্ন হইতে তৃতীয়, চতুর্থ, ষষ্ঠ, দশম, একাদশ ও দ্বাদশ ঘরে একএকটি করিয়া রেখা অঙ্কিত করিবে। অন্যান্য নিয়ম পরে লিখিত হইতেছে।

ইতিরবেরষ্টবর্গঃ।

অথচন্দ্রস্যাষ্টবর্গঃ।

চন্দ্রঃ শুভোঽর্কাত্রিকালাদ্রিদন্তাবলাশাশিবস্থ স্ততঃ স্বাৎ কুরা মর্ত্যগাশাশিবস্থঃ। ক্ষমাজাদ্দ্বিবহ্ন্যায়ু ষড়্ গোদিগীশেষু অথ জ্ঞাৎ কুরামাব্ধিবাণাগদন্তাবলাশাশিবস্থঃ। জীবাৎ কুদৃগ্বেদশৈলেভকাষ্ঠা শিবস্থোঽথ শুক্রাত্রিবেদেষুশৈলগ্রহাশাশিবস্থঃ তীক্ষাংশুদেহোদ্ভ-বাদ্রামবাণর্ত্তুশম্ভুস্থিতোঽথোদয়াব্ধব্যবহর্ত্তুকাষ্ঠাশিবস্থঃ॥ চন্দ্র-রেখাঃ। ৪৯। তথাচ সূর্য্যাৎ ৩।৬।৭।৮।১০।১১ চন্দ্রাৎ ১।৩।৬।৭।১০।১১ কুজাৎ ২।৩।৫।৬।৯।১০।১১ বুধাৎ ১।৩।৪।৫।৭।৮।১০।১১

* পুস্তকবৃদ্ধি হয় বিধায় চন্দ্রপ্রভৃতির অষ্টবর্গের অনুবাদ করা হইল না, রেখা পাতের অঙ্ক প্রদত্ত হইল ; পাঠকগণ বুঝিয়া লইবেন।

জীবাৎ ১।২।৪।৭।৮।১০।১১ শুক্রাৎ ৩।৪।৫।৭।৯।১০।১১ মন্দাৎ ৩।৫।৬।১১ লগ্নাৎ ৩।৬।১০।১১ = ৪৯।

ইতিচন্দ্রস্যাষ্টবর্গঃ।

অথকুজস্যাষ্টবর্গঃ।

কুজোঽর্কাচ্ছুভোবহ্নিবাণার্ত্তুদিক্‌শম্ভুগোঽথেন্দুতোরামকালেশগস্ততঃ স্বাৎকুদৃগ্বেদসপ্তাষ্টদিক্‌শম্ভুগঃ স্যাদ্বিশানাথপুত্রাদ্‌গুণেষ্বঙ্গরুদ্রোপযাতঃ। ততোজীবতঃকালকাষ্ঠাশিবার্কোপযাতোঽথ দেবারিপূজ্যাদনেহোগজেশার্কসংস্থঃ। ততঃসূর্য্যপুত্রাৎকুবেদাগনাগগ্রহাশাশিবস্থোঽথ লগ্নাৎ কুরামাঙ্গদিক্‌শম্ভুযাতঃ॥ কুজরেখাঃ ৩৯। তথাচ সূর্য্যাৎ ৩।৫।৬।১০।১১ চন্দ্রাৎ ৩।৬।১১ কুজাৎ ১।২।৪।৭।৮।১০।১১ বুধাৎ ৩।৫।৬।১১ জীবাৎ ৬।১০।১১।১২ শুক্রাৎ ৬।৮।১১।১২ মন্দাৎ ১।৪।৭।৮।৯।১০।১১ লগ্নাৎ ১।৩।৬।১০।১১ = ৩৯।

ইতিকুজস্যাষ্টবর্গঃ।

অথবুধস্যাষ্টবর্গঃ।

জ্ঞঃশুভোঽর্কতঃশরর্ত্তুগোশিবাকগোঽথ চন্দ্রতোদ্বিবেদকালনাগদিগ্মহেশ্বরেষু ভূমিজাৎকুদৃক্‌কৃতাগনাগগোদশেশগস্ততঃ স্বতঃ কুবহ্নিপঞ্চষণ্ণবাদিকেষু বাক্‌পতেরসাষ্টশম্ভুসূর্য্যগোঽথশুক্রতঃ কুবাহুবহ্নিবেদপঞ্চনাগগোশিবেষু পঙ্গুতঃ কুদৃগ্‌কৃতাগনাগাদিপঞ্চকস্থিতো ঽথ লগ্নতঃ ক্ষিতিদ্বিবেদকালনাগদিক্‌শিবেষু॥ বুধরেখাঃ। ৫৫। তথাচ সূর্য্যাৎ ৫।৬।৯।১১।১২ চন্দ্রাৎ ২।৪।৬।৮।১০।১১ কুজাৎ ১।২।৪।৭।৮।৯।১০।১১ বুধাৎ ১।৩।৫।৬।৯।১০।১১।১২ জীবাৎ ৬।৮।১১।১২ শুক্রাৎ ১।২।৩।৪।৫।৮।৯।১১ মন্দাৎ ১।২।৪।৭।৮।৯।১০।১১।১২ লগ্নাৎ ১।২।৪।৬।৮।১০।১১ = ৫৫।

ইতিবুধস্যাষ্টবর্গঃ।

অথজীবস্যাষ্টবর্গঃ।

সুররাজগুরুঃ শুভদোরবিতঃ কুযমানল বেদনগাদিকপঞ্চগ-তোঽথ বিধোর্দ্বিশরাচলগোশিবগোবসুধাতনয়াৎ কুযমাব্ধিনগাষ্ট-দশেশগতোঽথবুধাৎ ক্ষিতিযুগ্মকৃতেযুরসগ্রহদিগ্‌গিরিশোপগস্তদনু-স্বত একযমানলবারিধিপর্ব্বতনাগদশেশগতোঽথ সিতাদ যমপঞ্চ-ঘসগ্রহদিক্‌ শিবগোরবিনন্দনতোদহনেযু রসার্কগতস্ত্বথ লগ্নগৃহাৎ কুযমাব্ধিশরর্ত্তুনগগ্রহদিগ্‌গিরিশোপগতঃ॥ গুরুরেখাঃ।৫৬। তথাচ সূর্য্যাৎ ১।২।৩।৪।৭।৮।৯।১০।১১ চন্দ্রাৎ ২।৫।৭।৯।১১ কুজাৎ ১।২।৪।৭।৮।১০।১১ বুধাৎ ১।২।৪।৫।৬।৯।১০।১১ জীবাৎ ১।২।৩।৪। ৭।৮।১০।১১ শুক্রাৎ ২।৫।৬।৯।১০।১১ মন্দাৎ ৩।৫।৬।১২ লগ্নাৎ ১।২।৪।৫।৬।৭।৯।১০।১১—৫৬।

ইতিজীবস্যাষ্টবর্গঃ।

অথশুক্রস্যাষ্টবর্গঃ।

ভৃগুঃশুভোরবের্গজেশসূর্য্যগোঽথ চন্দ্রতঃ ক্ষমাদিপঞ্চকাষ্ট-গোশিবার্কগঃ কুজাত্রিবেদকালগোশিবার্কগোঽথ বুধাত্রিবাণকাল-রন্ধ্ররুদ্রসংস্থিতঃ গুরোঃ শরাষ্টরন্ধ্রদিঙ্মহেশগস্ততঃ স্বতঃকুপঞ্চ-কাষ্টরন্ধ্রদিক্‌শিবোপগঃ শনে র্গুণাব্ধি পঞ্চনাগগোদশেশগোঽথ লগ্নতঃ কুপঞ্চকাষ্টগোশিবস্থিতঃ॥ শুক্ররেখাঃ।৫২। তথাচ সূর্য্যাৎ ৮।১১।১২ চন্দ্রাৎ ১।২।৩।৪।৫।৮।৯।১১।১২ কুজাৎ ৩।৪।৬।৯। ১১।১২ বুধাৎ ৩।৫।৬।৯।১১ জীবাৎ ৫।৮।৯।১০।১১ শুক্রাৎ ১।২।৩। ৪।৫।৮।৯।১০।১১ মন্দাৎ ৩।৪।৫।৮।৯।১০।১১ লগ্নাৎ ১।২।৩।৪।৫।৮। ৯।১১—৫২।

ইতিশুক্রস্যাষ্টবর্গঃ।

অথশনেরষ্টবর্গঃ।

শুভঃ পঙ্গুরর্কাৎক্ষ্মাযনাগ্নোধিশৈলাষ্টদিক্‌শম্ভুগস্ততোদৈত্যপূজ্যাবনেহঃ

শিবার্কোপযাতঃ স্বতোবীতিহোত্রেষু কালেশযাতস্ততোলগ্নতঃ ক্ষ্মাগুণা-ম্ভোধিষড়্দিঙ্মহেশস্থিতঃ॥ শনিরেখাঃ। ৩৯। তথাচ সূর্য্যাৎ ১।২।৪।৭।৮।১০।১১ চন্দ্রাৎ ৩।৬।১১ কুজাৎ ৩।৫।৬।১০।১১।১২ বুধাৎ ৬।৮।৯।১০।১১।১২ জীবাৎ ৫।৬।১১।১২ শুক্রাৎ ৬।১১।১২ মন্দাৎ ৩।৫।৬।১১ লগ্নাৎ ১।৩।৪।৬।১০।১১ = ৩৯।

ইতিশনেরষ্টবর্গঃ।

অথলগ্নাষ্টবর্গঃ।

সূর্য্যাদেকদ্বিচতুঃসপ্তাষ্টদশৈকাদশেষু সোমাত্রিষড়েকাদশেষু ভৌমা-ত্রিপঞ্চষড়েকাদশেষু বুধাৎ ষড়ষ্টনবদশৈকাদশেষু গুরোঃ পঞ্চষড়েকা-দশদ্বাদশেষু শনেস্ত্রিপঞ্চাষ্টদশৈকাদশেষু লগ্নাদেকত্রিচতুঃষড়্দশৈকাদশেষু॥ লগ্নরেখাঃ। ৩৭। তথাচ সূর্য্যাৎ ১।২।৪।৭।৮।১০।১১ চন্দ্রাৎ ৩।৬।১১ কুজাৎ ৩।৫।৬।১১ বুধাৎ ৬।৮।৯।১০।১১ জীবাৎ ৫।৬।১১।১২ শুক্রাৎ ৬।১১।১২ মন্দাৎ ৩।৫।৮।১০।১১ লগ্নাৎ ১।৩।৪।৬।১০।১১ = ৩৭।

ইতিলগ্নাষ্টবর্গঃ।

অথ রাহোরষ্টবর্গঃ। *

রবিতোদ্বিবহ্নিবেদরসাঙ্কং চন্দ্রাৎ পৃথব্যাগ্নিবেদর্ত্তু কুজাদ্বহ্নিবেদেষর্ত্তু নব বুধাচ্চন্দ্রাক্ষিবহ্নিষুনব জীবাদ্বহ্নিব্ধিকালাঙ্কংশুক্রাদক্ষ্যগ্নিবাণাঙ্কং শনের্দ্বি-বাণকালাঃ স্বাত্তুবেদবাণাঙ্গাঙ্কং লগ্নাদ্বেদাঙ্কদিগ্রুদ্রাদিত্যাঃ॥ রাহোশ্চত্বারিং-শদঙ্ক্যঃ। তথাচ। সূর্য্যাৎ ২।৩।৪।৬।৯ চন্দ্রাৎ ১।৩।৪।৬ কুজাৎ ৩।৪।৫।৬।৯ বুধাৎ ১।২।৩।৫।৯ জীবাৎ ৩।৪।৬।৯ শুক্রাৎ ২।৩।৫।৯ মন্দাৎ ২।৫।৬ রাহোঃ ১।৪।৫।৬।৯ লগ্নাৎ ৪।৯।১০।১১।১২—৪০।

যাবতী যাবতী রেখা গ্রহাণামষ্টবর্গকে।
তাবতীং দ্বিগুণীকৃত্য চাষ্টাভিঃ পরিশোধয়েৎ॥

* গ্রন্থকার "রবি, চন্দ্র, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি ও লগ্নের অষ্টবর্গ জ্যোতিস্তত্ত্বে অনুসন্ধেয়" এইরূপ লিখিয়াছেন ইহাতে পাঠক বর্গের অসুবিধা বিবেচনা করিয়া জ্যোতিস্তত্ত্ব হইতে গ্রহগণের অষ্টবর্গও লগ্নাষ্টবর্গ লিখিত হইল।

শনৈশ্চরাস্টবর্গে তু যত্র নাস্তি গৃহে ফলং।
যত্র বাল্পফলং তত্র যদা যাতি শনৈশ্চরঃ।
তদ্‌গৃহে রবিচন্দ্রৌ চেদ্দশাছিদ্রে মৃতির্ভবেৎ॥

শনৈশ্চরের অষ্টবর্গ করিলে যে ঘরে রেখাপাত না হইবে, অথবা যে ঘরে সর্ব্বাপেক্ষায় অল্পরেখা পড়িবে, সেই ঘরে যে সময়ে শনি, রবি চন্দ্র অবস্থিত হইবেন সেইকালে মৃত্যুদায়ক গ্রহের দশা উপস্থিত মানবের মৃত্যু হইবে।

অথমহাষ্টবর্গঃ।

বরাহঃ।

সর্ব্বগ্রহাণাং স্বকমস্টবর্গং বিধায় চক্রেষু চ সপ্তস্থ পৃথক্।
মেষাখ্যরাশেঃ সকলাঙ্কমালাং লিখেৎ সমাহৃত্য সমস্তচক্রাৎ॥

সকল গ্রহের অষ্টবর্গ পূর্ব্বোক্ত প্রণালীতে করিয়া সাতটি চক্র পৃথক পৃথক স্থানে রাখিবে। অনন্তর অপর একটি চক্র অঙ্কিত করিয়া তাহাতে ঐ সপ্তগ্রহের অষ্টবর্গে মেষের ঘরে যত রেখা পড়িয়াছে তাহা যোগ করিয়া মেষের ঘরে স্থাপন করিবে।

মহাষ্টবর্গাহ্বয়চক্রমেতদ্রাশৌ বৃষাদাবপি চৈবমেব।
বিলিখ্য যাত্রাদিকমত্র কুর্য্যাদ্‌বিবাহরাজ্যদ্যভিষেকচূড়াং॥

সকল গ্রহের অষ্টবর্গাঙ্ক পূর্ব্বোক্ত প্রণালীতে এক এক রাশিতে স্থাপন করিলেই তাহাকে মহাষ্টবর্গ বলা যায়। ঐ সমস্ত চক্রে বৃষের ঘরে যত-রেখা থাকিবে তাহা যোগ করিয়া মহাষ্টবর্গ চক্রে বৃষের ঘরে রাখিবে এইরূপে সমস্ত চক্রে মিথুন প্রভৃতির অঙ্ক পৃথক্ পৃথক্ যোগ করতঃ মিথুনাদির ঘরে স্থাপন করিবে। যাত্রাদি, বিবাহ, রাজ্যাদি অভিষেক ও চূড়াতে অষ্টবর্গে গ্রহশুদ্ধি বিবেচিত হয়।

ত্রিংশাধিকফলা যে চ রাশয়স্তে শুভামতাঃ।
পঞ্চবিংশাদিত্রিংশান্তং ফলামধ্যাঃপ্রকীর্ত্তিতাঃ।
ততঃ ক্ষীণফলানিন্দ্যাঅনুপাতস্থিতঃ পরঃ॥

মহাষ্টবর্গ করিয়া যে খণ্ডে ত্রিংশতের অধিক ফল হইবে সেই সকল রাশি অত্যন্ত শুভপ্রদ ; পঞ্চবিংশতি হইতে ত্রিংশৎ পর্য্যন্ত যে খণ্ডের ফল সেই রাশি মধ্যম, আর চতুর্ব্বিংশতি পর্য্যন্ত যে খণ্ডের ফল হইবে সেই সকল রাশি নিন্দনীয়।

শুভরাশৌ বিলগ্নে চ তন্মুহূর্ত্তে (১) হপি বা বুধঃ।
কুর্য্যাৎ সর্ব্বং শুভংকর্ম্ম তদা স্যুঃ সর্ব্বসম্পদঃ॥

মহাষ্টবর্গ করিলে যে যে রাশি শুদ্ধ হইবে সেই সেই রাশিতে কি সেই সেই লগ্নে অথবা ঐ সকল রাশি।ঘটক নক্ষত্রের মুহূর্ত্তে সকল শুভ-কর্ম্ম করিবে। অষ্টবর্গ শুদ্ধরাশিতে কি লগ্নে কর্ম্ম করিলে সকলসম্পৎ লাভ হইয়া থাকে।

তথাচ—কর্ম্মরাশিঃ শুভশ্চেৎ স্যাত্তদাতীব মহৎফলং।
মধ্যমশ্চেত্তদাপীষ্টফলং ন্যূনেহপি তৎফলং॥

মহাষ্টবর্গ গণনায় রাশি যদি সম্পূর্ণ বলযুক্ত হয় তবে তাহাতে কর্ম্ম করিলে অত্যন্ত শুভ ফল হইবে। মধ্যবলযুক্তরাশিতে কর্ম্ম করিলে শুভ ফল হয় এবং হীনবল রাশিতে কর্ম্ম করিলেও, কিঞ্চিৎ শুভফল হইয়া থাকে।

মূর্ত্ত্যাদিব্যয়পর্য্যন্তং দৃষ্টাভাবফলানি বৈ।
অধিকে শোভনং বিদ্যাদ্ধীনে দোষং বিনির্দ্দিশেৎ॥

মহাষ্টবর্গ করিয়া তাহাতে লগ্ন হইতে ব্যয়স্থানপর্য্যন্ত ভাবএল বিবে-চনা করতঃ শুভাশুভ দেখিতে হয়। যে স্থানে অধিক অঙ্ক থাকিবে সেই খানে শুভফল ও যেখানে অল্পঅঙ্ক পড়িবে সেই খানে অশুভ ফল হইবে।

মীনাদিমিথুনংব্যাপ্য প্রথমং খণ্ডমিষ্যতে।
কর্ক্যাদি তৌলিনংব্যাপ্য দ্বিতীয়ং খণ্ডমিষ্যতে।
বৃশ্চিকাচ্চ ঘটংব্যাপ্য তৃতীয়ং খণ্ডমিষ্যতে॥

মহাষ্টবর্গচক্র মধ্যে চারিচারিটি রাশিতে এক এক খণ্ড হইবে অর্থাৎ

১। তন্মুহূর্ত্তে যন্নক্ষত্রাত্মকস্বরাশিস্তন্মুহূর্ত্ত ইত্যর্থঃ।

মীন, মেষ, বৃষ ও মিথুন এই চারিরাশির অঙ্ক যোগ করিলে যত হইবে উহা প্রথমখণ্ড হয়। এইরূপ কর্কট, সিংহ, কন্যা ও তুলা এই চারিঘরের অঙ্ক যোগ করিলে যত হইবে তাহা দ্বিতীয়খণ্ড এবং বৃশ্চিক, ধনু, মকর ও কুম্ভ এই চারিরাশির অঙ্ক যোগ করিলে যত হইবে তাহা তৃতীয় খণ্ড হইয়া থাকে।

যত্র খণ্ডেঽধিকারেখা শুভদং তৎপ্রকীর্ত্তিতং।
যত্র হীনান তদ্ভদ্রং দেবপাণিঃ প্রভাষতে॥

যে মনুষ্যের যে খণ্ডে অধিকরেখা হইবে সেই ব্যক্তির সেই বয়সে সুখভোগ হয়, আর যে ব্যক্তির যে খণ্ডে সর্ব্বাপেক্ষা অল্পঅঙ্ক থাকে সেই মনুষ্যের সেই খণ্ডে দুঃখভোগ করিতে হয়। দেবপাণি এইরূপ বলিয়াছেন।

কৌমারং প্রথমং খণ্ডং যৌবনন্তু দ্বিতীয়কং।
তৃতীয়ং বার্দ্ধকঞ্চাপি স্বে স্বে দদ্যাৰ্বয়স্যপি॥

প্রথমখণ্ডের নাম কৌমার, দ্বিতীয়খণ্ডের নাম যৌবন এবং তৃতীয় খণ্ডের নাম বার্দ্ধক্য। অধিক ও অল্প অঙ্কানুসারে সেই সেই বয়সে সুখ ও দুঃখাদি ভোগ হয়।

তথা—লগ্নপ্রভৃতিমন্দান্তমেকীকৃত্য ফলানি বৈ।
সপ্তভিঃ পূরয়েৎ পশ্চাৎ সপ্তবিংশহৃতাৎ ফলং।
তৎসমাব্দে যদা পাপদশা ভবতি দেহিনাং।
তদা দুঃখং বিজানীয়াদ্রোগস্বা মৃত্যুমেব বা॥

মহাষ্টবর্গচক্রের যে ঘরে লগ্ন সেইস্থান হইতে যে ঘরে শনি অবস্থিত সেই স্থান পর্য্যন্ত যত অঙ্ক হয় তাহাকে সপ্তদ্বারা পূরণ করতঃ সপ্তবিংশতিদ্বারা হরণ করিলে যত অঙ্ক ভাগফল হইবে তত সংখ্যক বৎসরে যদি পাপগ্রহের দশা হয়, তবে তাহাতে মনুষ্যের দুঃখ রোগ কিম্বা মৃত্যু হইয়া থাকে।

চন্দ্রপ্রভৃতিমন্দান্তমপ্যেবং পরিকল্পয়েৎ।

ভৌমাল্লগ্নান্ততস্তদ্বল্লগ্নাদ্‌ভৌমান্তমেব বা॥

মহাষ্টবর্গচক্রমধ্যে চন্দ্র যে ঘরে অবস্থিত হন সেইস্থান হইতে শনি যে ঘরে থাকেন সেই ঘর পর্য্যন্ত যত অঙ্ক হইবে তাহাকে সপ্তদ্বারা পূরণ করতঃ সপ্তবিংশতি দ্বারা হরণ করিবে ; ঐরূপ করিলে ভাগফল যতঅঙ্ক হইবে তৎসংখ্যক বর্ষে পাপগ্রহের দশা পড়িলে মনুষ্যের দুঃখ, রোগ কি মৃত্যু হয়। আর মঙ্গল যে ঘরে আছেন সেই ঘর হইতে লগ্নপর্য্যন্ত অথবা লগ্ন যেস্থানে সেই ঘর হইতে মঙ্গল যে ঘরে সেই পর্য্যন্ত যত অঙ্ক হয়, তাহাকে সপ্তদ্বারা পূরণ করিয়া সপ্তবিংশতি দ্বারা হরণ করিলে ভাগ-ফল যত অঙ্ক হইবে সেই বৎসর পাপগ্রহের দশা হইলে মানবের দুঃখ রোগ অথবা মৃত্যু হইবে।

অথাষ্টবর্গায়ুঃ।

রেখাসু বৎসরোজ্ঞেয়ঃ সার্দ্ধসপ্তদিনং সমে।
অষ্টবর্গগ্রহায়ুঃ স্যাদ্দিনং চতুর্ষু বিন্দুষু॥ (ক)

আয়ুর্দ্দায় কথিত হইতেছে। পূর্ব্বোক্ত প্রণালীতে অষ্টবর্গ করিয়া তাহাতে যত রেখা হইবে সেই সংখ্যক বৎসর যত সম তত সাড়ে সাত-দিন এবং চারিবিন্দুতে একদিন ধরিতে হইবে। এইরূপে সকলগ্রহের অষ্টবর্গে যত বৎসর যতদিন হইবে মনুষ্যের ততবৎসর ততদিন পরমায়ু হইয়া থাকে।

ক। অস্য বিশেষসঙ্কেতং বৃহজ্জাতকে তস্য স্পষ্টমাহ শুক্রশনিভিন্ন-রবিযুক্ত গ্রহস্যার্দ্ধায়ুঃ। মঙ্গলভিন্নশক্রগ্রহস্য ত্রিভাগায়ুঃ। তৃতীয়াংশস্যৈকাংশক্ষয় ইতি। তৎকালমিত্রাতিরিক্তঃ শক্ররিতিভাবঃ। লগ্নাদ্‌দ্বাদশস্থানে যোগ্রহস্তিষ্ঠতি তস্যাষ্টবর্গায়ুর্নাস্তি। লগ্নৈকাদশে যোগ্রহতস্যাষ্টবর্গস্যার্দ্ধায়ুঃ। দশমস্থস্য তৃতীয়াংশস্যৈকাংশক্ষয়ঃ। নবমস্থস্য চতুর্থাংশক্ষয়ঃ। অষ্টমস্থস্য পঞ্চাংশস্যৈকাংশক্ষয়ঃ। সপ্তমস্থস্যষষ্ঠাংশস্যৈকাংশক্ষয়ঃ। পাপ-গ্রহস্যৈবং ক্রমঃ। শুভগ্রহস্য বিশেষঃ। যত্র যদ্‌বৎক্ষয়োক্তস্তত্র তত্র শুভ হস্যোক্তার্দ্ধক্ষয়ঃ। লগ্নাষ্টবর্গস্য ক্ষয়াভাবঃ। তৎকালমিত্রাদিকং পূর্ব্বযুক্তমেব। ইতি গ্রন্থকারঃ।

অথেদানীং বরাহ মিহিরকৃতায়ুর্দ্দায়োনিগদ্যতে

যথা পঞ্চপক্ষঃ।

অশ্বিনীভরণীকৃত্তিকাপাদৈকং মেষরাশিঃ।
যদ্যত্র জাতোনরস্তদা কুজঃ ক্ষেত্রী স্যাৎ॥

অধুনা বরাহমিহিরাচার্য্যকৃত আয়ুর্দ্দায় লিখিত হইতেছে। অশ্বিনী, ভরণী ও কৃত্তিকানক্ষত্রের একপাদপর্য্যন্ত মেষরাশি ইহাতে জাতব্যক্তির ক্ষেত্রাধিপতি মঙ্গলগ্রহ হয়।

ফলং—রাজ্ঞা চ পূজিতশ্চৈব ধর্ম্মবিৎভূতলে ভবেৎ।
মধ্যে বয়সি দন্তস্য রোগযুক্তঃ প্রিয়ম্বদঃ।
মাতাপিত্রোঃ প্রিয়ঃ স্ত্রীষু বশী স্যাদ্‌বহুনায়কঃ।
অষ্টমে নবমে বর্ষেঽপ্যপমৃত্যুর্ভবেৎ কিল।
লগ্নং শুভগ্রহেণৈব বীক্ষিতং তস্য জীবনং।
শতবর্ষং তদা ভুয়াৎ কার্ত্তিকীপূর্ণিমাদিনে।
কুজবারে মধ্যরাত্রৌ বিনাশস্তস্য নিশ্চিতং॥ ১

মঙ্গলেরক্ষেত্রে জাতব্যক্তি রাজপূজিত ও পৃথিবীতে ধর্ম্মজ্ঞ বলিয়া বিখ্যাত হয়; আর ঐ ব্যক্তির মধ্যবয়সে দন্তরোগ হইয়া থাকে; কিন্তু উক্ত মনুষ্য প্রিয়ভাষী, মাতাপিতার প্রিয়পাত্র, স্ত্রীজাতি ও বহুপ্রেমাভিলাষী হয়। অষ্টমবর্ষে কি নবমবর্ষে নিশ্চয়ই উহার অপঘাতে মৃত্যু হওয়া সম্ভব। কিন্তু লগ্নস্থানে যদি শুভগ্রহের দৃষ্টি থাকে তবে জাতক শতবর্ষ জীবিত থাকিয়া কার্ত্তিকী পূর্ণিমাতিথিতে মঙ্গলবার অর্দ্ধরাত্রির সময় জীবন ত্যাগ করে।

কৃত্তিকাত্রিপাদং রোহিণী মৃগশিরসোঽর্দ্ধং বৃষঃ।
যদ্যত্র জাতস্তদা ভৃগুঃ ক্ষেত্রী স্যাৎ॥

কৃত্তিকানক্ষত্রের তিনপাদ, রোহিণী ও মৃগশিরানক্ষত্রের অর্দ্ধ পর্য্যন্ত বৃষরাশি বৃষরাশিতে জাতব্যক্তির শুক্রের ক্ষেত্র হয়।

ফলং—শুদ্ধাচারোঽনপেক্ষশ্চ সুখী চানির্দ্দয়োবশী।
ধীরঃ জ্ঞানী শ্রিয়ায়ুক্তোবিচক্ষণমতিঃ সুধীঃ।
বাল্যভাবে ভবেৎ ক্লেশী বিদেশী ন কদাচন।
ধনবান্ দানকুশলোদয়াশীলঃ ক্ষমান্বিতঃ।
সর্ব্বকার্য্যানুরাগী চ বহুমিত্রোজনপ্রিয়ঃ।
মাতাপিত্রোঃ প্রিয়শ্চৈব ভক্তোদেবগুরোরপি।
পঞ্চমে বাষ্টমে বর্ষেঽপ্যপমৃত্যুর্ভবেৎ কিল।
শুভগ্রহেণেক্ষিতঞ্চ তনুস্থানং যদা ভবেৎ।
তদা নবতিবর্ষাণি সজীবতি ন সংশয়ঃ।
জ্যৈষ্ঠে মাসি নবম্যাঞ্চ তথা ভার্গববাসরে।
রোহিণ্যাং প্রহরে জাতে বিনশ্যতি সএব হি॥ ২

শুক্রের ক্ষেত্রে বৃষরাশিতে যাহার জন্ম হয়; সেই ব্যক্তি শুদ্ধাচার বিশিষ্ট, নিরপেক্ষ, সুখী, অনির্দ্দয়, জিতেন্দ্রিয়, ধীর, জ্ঞানবান্ শ্রীযুক্ত, নিপুণবুদ্ধি সুপণ্ডিত, বাল্যকালে ক্লেশভাগী, অপ্রবাসী, ধনবান্, দানশীল, দয়াবান্ ক্ষমাযুক্ত, সর্ব্বকার্য্যে অনুরাগী, বহুমিত্র, লোকপ্রিয়, মাতা-পিতার স্নেহভাজন এবং দেবতা ও গুরুভক্ত হয়; কিন্তু ঐ ব্যক্তির পঞ্চম বর্ষে কি অষ্টমবর্ষে অপঘাত মৃত্যু হওয়া সম্ভব। যদি শুভগ্রহ কর্ত্তৃক লগ্ন দৃষ্ট হয়, তবে জাতমনুষ্য নবতিবর্ষ জীবিত থাকিবে ইহাতে সংশয় নাই। পরে ঐ ব্যক্তি জ্যৈষ্ঠমাসের নবমী তিথিতে শুক্রবার এক প্রহরের সময় রোহিণীনক্ষত্রে প্রাণত্যাগ করিবে।

মৃগশিরসোঽর্দ্ধঞ্চার্দ্রা পুনর্ব্বসুত্রিপাদং মিথুনঃ।
যদ্যত্র জাতস্তদা চন্দ্রজঃ ক্ষেত্রী স্যাৎ।

মৃগশিরানক্ষত্রের শেষার্দ্ধ আর্দ্রা ও পুনর্ব্বসুনক্ষত্রের তিনপাদ পর্য্যন্ত মিথুনরাশি। উক্তরাশিতে জাতমনুষ্যের বুধের ক্ষেত্র হয়।

ফলং—প্রিয়ম্বদশ্চঞ্চলচক্ষুরুগ্রোগন্ধপ্রিয়ঃ কৌতুককর্ম্মশীলো-
ঽবলানুরাগী প্রিয়দর্শনশ্চ নৃপানুরক্তোগুণবান্ সদৈব॥

ধনবান্ কীর্ত্তিমাল্লোকে সুখী পরমধার্ম্মিকঃ।
পঞ্চবিংশতিবর্ষেষু চাপমৃত্যুমবাপ্নুয়াৎ।
শুভগ্রহেণেক্ষিতস্তু পঞ্চাশীতি সজীবতি।
আষাঢ়স্য দ্বিতীয়ায়াং শিরোরোগাদ্বিনশ্যতি॥ ৩

বুধের ক্ষেত্রে জাতব্যক্তি প্রিয়ভাষী, চঞ্চলনেত্র, উগ্রগন্ধপ্রিয়, কৌতুক কর্ম্মশীল, কান্তানুরাগী, প্রিয়দর্শন, নৃপতির অনুগত, অত্যন্ত গুণশালী, ধনবান্, কীর্ত্তিমান, সুখী ও অতিশয় ধার্ম্মিক হয়। ঐ মনুষ্যের পঞ্চবিংশতিবর্ষে অপঘাত মৃত্যু হয়. কিন্তু শুভগ্রহকর্ত্তৃক যদি লগ্নস্থান দৃষ্ট হয় তবে জাতক পঞ্চাশীতিবর্ষ জীবিত থাকিয়া আষাঢ়মাসের দ্বিতীয়াতে শিরোরোগে প্রাণত্যাগ করে।

পুনর্ব্বসোঃ পাদমেকং পুষ্যাশ্লেষা চ কর্কটঃ।
যদ্যত্র জাতস্তদা চন্দ্রঃ ক্ষেত্রী স্যাৎ।

পুনর্ব্বসুনক্ষত্রের শেষ তিনপাদ পুষ্যা ও অশ্লেষানক্ষত্র কর্কটরাশি কর্কটরাশিতে জাতমনুষ্যের চন্দ্রের ক্ষেত্র হয়।

ফলং—রসিকশ্চ পিতুঃ প্রেয়ান্ যোগশীলোঽদরিদ্রকঃ।
গুরুভক্তোভবেৎ শ্রদ্ধাযুতঃকর্ম্মসু পণ্ডিতঃ।
পঞ্চবিংশতিবর্ষেষু চাপমৃত্যুমবাপ্নুয়াৎ।
যদা শুভগ্রহৈর্দ্দৃষ্টস্তদা ষষ্টিসমোভবেৎ।
অমাবস্যাতিথৌ সোমেঽশ্লেষানক্ষত্রসংযুতে।
প্রথমে প্রহরে তস্য মরণঞ্চ ভবেৎ খলু॥ ৪

চন্দ্রের ক্ষেত্রে জাতমনুষ্য রসিক, পিতার অতিশয় প্রিয় যোগশীল, অদরিদ্র গুরুভক্ত, সকলকার্য্যে শ্রদ্ধাবান্ ও পণ্ডিত হয়, কিন্তু পঞ্চবিংশতি বর্ষে ঐ ব্যক্তির অপঘাত মৃত্যু হইতে পারে। শুভগ্রহকর্ত্তৃক লগ্নদৃষ্ট হইলে ষষ্টবৎসরে অমাবস্যাতিথিতে সোমবার একপ্রহরের সময় অশ্লেষানক্ষত্রে নিশ্চয়ই জাতব্যক্তি প্রাণত্যাগ করে।

মঘাপূর্ব্বফল্গুণ্যুত্তরফল্গুণীপাদমেকং সিংহঃ।

যদ্যত্র জাতস্তদা রবি ক্ষেত্রী স্যাৎ।

মঘানক্ষত্র পূর্ব্বফল্গুনী ও উর্ত্তরফল্গুনীনক্ষত্রের প্রথমপাদপর্য্যন্ত সিংহ-রাশি ইহাতে জাতমনুষ্যের রবির ক্ষেত্র হয়।

ফলং—ধনভোগীমানসিকঃ প্রিয়দর্শনউত্তমঃ।
নানাকর্ম্মসাহসিকোমাতাপিত্রোঃপ্রিয়ঃসদা।
দাতা তু ধনবান্ ধর্ম্মজার্য্যে ব্যয়যুতোবলী।
কৌতুকী ধীরোমতিমান্ জিতেন্দ্রিয়ক এব চ।
স্ত্রীবিলাসরতোদেবগুরুপূজারতঃ সদা।
ধর্ম্মবিৎ শ্রদ্ধয়াযুক্তঃ শাস্ত্রজ্ঞশ্চ মহীপতিঃ।
গূঢ়মন্ত্রী মৎস্যমাংসপ্রিয়ঃ ক্ষান্তিযুতঃ সুধীঃ।
প্রিয়স্বদশ্চ মতিমান্ বিচক্ষণমনাঃ সদা।
পঞ্চবিংশতিবর্ষেযু চাপমৃত্যুমবাপ্নুয়াৎ।
শুভগ্রহৈর্যদা দৃষ্টস্তদা শতসমোভবে ॥৫ ৫

রবির ক্ষেত্রে জাতমনুষ্য ধনভোগী, প্রিয়দর্শন, নানাকর্ম্মে সাহসী, সর্ব্বদা মাতাপিতার প্রিয়, দানশীল ধনবান্, ধর্ম্মকার্য্যে ব্যয়যুক্ত, বলবান্, ইর্ষাভিলাষী, ধীরবুদ্ধিযুক্ত, জিতেন্দ্রিয়, স্ত্রীবিলাসানুরক্ত, সর্ব্বদা দেবতা ও গুরুপূজাতে রত, ধর্ম্মজ্ঞ, শ্রদ্ধাবান্, শাস্ত্রজ্ঞ, ভূপতি গুপ্তমন্ত্রণাদাতা, মৎস্য-মাংসপ্রিয়, ক্ষমাযুক্ত, পণ্ডিত; প্রিয়ভাষী, বুদ্ধিমান্, ও সর্ব্বদা নিপুণবুদ্ধি-যুক্ত হয়। কিন্তু পঞ্চবিংশতি বর্ষে ঐ ব্যক্তির অপঘাত মৃত্যু হইবে। লগ্নে যদি শুভগ্রহের দৃষ্টি থাকে তবে জাতক শতবর্ষ জীবিত থাকিবে।

উত্তরায়াস্ত্রিপাদং হস্তাচিত্রার্দ্ধং কন্যারাশিঃ।
যদ্যত্র জাতস্তদা বুধঃ ক্ষেত্রী স্যাৎ।

উত্তরফল্গুনীনক্ষত্রের তিনপাদ, হস্তা ও চিত্রানক্ষত্রের অর্দ্ধপর্য্যন্ত কন্যারাশি। কন্যারাশিতে জাতমনুষ্যের বুধের ক্ষেত্র হয়।

ফলং—ধর্ম্মবিৎ স্যাৎ সর্ব্বজনপ্রিয়ং পরহিতোবলী।
প্রথমে বয়সি ক্লেশী মধ্যে বলযুতোভবেৎ।

উদারচরিতোধীমান্ তেজস্বী চ ক্ষমান্বিতঃ।
অল্পভাষী নেত্ররোগী জিতেন্দ্রিয়কএব চ।
অষ্টাবিংশতিবর্ষেষু চাপমৃত্যুমবাপ্নুয়াৎ।
যদা শুভগ্রহৈর্দ্দৃষ্টস্তদা জীবতি নিশ্চিতং।
পঞ্চাশদ্বৎসরংপ্রাপ্য প্রাণত্যাগোভবিষ্যতি॥ ৬

বুধের ক্ষেত্রে কন্যারাশিতে যাহার জন্ম হয় সেইব্যক্তি ধর্ম্মজ্ঞ, সকলের প্রিয়, পরহিতে রত, বাল্যসময়ে ক্লেশযুক্ত, মধ্যবয়সে বলবান, উদারচেতা, বুদ্ধিমান, তেজস্বী, ক্ষমাযুক্ত, অল্পভাষী, নেত্ররোগবিশিষ্ট ও জিতেন্দ্রিয় হয়, কিন্তু অষ্টাবিংশতিবর্ষে ঐ ব্যক্তির অপমৃত্যু ঘটে। আর যদি শুভগ্রহ-কর্ত্তৃক লগ্নদৃষ্ট হয় তবে জাতক পঞ্চাশদ্বর্ষ পর্য্যন্ত জীবিত থাকিবে।

চিত্রার্দ্ধংস্বাতী বিশাখায়াস্ত্রিপাদং তুলারাশিঃ।
যদ্যত্র জাতস্তদা ভৃগুঃ ক্ষেত্রী স্যাৎ।

চিত্রানক্ষত্রের শেষার্দ্ধস্বাতী ও বিশাখা নক্ষত্রের তিনপাদ পর্য্যন্ত তুলারাশি। ইহাতে জাতমনুষ্যের শুক্রের ক্ষেত্র।

ফলং—ক্ষিপ্তঃ প্রিয়ম্বদঃ ক্রোধী পরদাররতঃ সদা।
ব্যয়শীলশ্চান্তরোগী চান্যস্নেহী চ চঞ্চলঃ।
নববর্ষে চাপমৃত্যুং প্রাপ্নুয়াদেব ভূমিষু।
যদা শুভগ্রহৈর্দ্দৃষ্টঃ পঞ্চাশত্তু সজীবতি।
বৈশাখস্য দ্বিতীয়ায়াং মঙ্গলেঽহনি নশ্যতি।
অনুরাধাযুতে সূর্য্যস্যোদয়ে সোঽপি ভূতলে॥ ৭

শুক্রের ক্ষেত্রে তুলারাশিতে জাতমনুষ্য ক্ষিপ্ত, প্রিয়ভাষী, ক্রোধযুক্ত, সর্ব্বদা পরদারাসক্ত, ব্যয়শীল, রোগী, অন্য লোকের প্রতি স্নেহপরায়ণ ও চঞ্চল হয়; কিন্তু নবমবর্ষে অপঘাতে মৃত্যু লাভ করে। যদি শুভগ্রহকর্ত্তৃক লগ্ন দৃষ্ট হয় তবে জাতব্যক্তি পঞ্চাশৎবর্ষ জীবিত থাকিয়া বৈশাখমাসের দ্বিতীয়া তিথিতে মঙ্গলবার অনুরাধানক্ষত্রে দিবাভাগে প্রাণত্যাগ করিবে।

বিশাখাপাদৈকমনুরাধাজ্যেষ্ঠা বৃশ্চিকরাশিঃ।
যদ্যত্র জাতস্তদা কুজঃ ক্ষেত্রী স্যাৎ।

বিশাখানক্ষত্রের শেষ একপাদ, অনুরাধা ও জ্যৈষ্ঠানক্ষত্র বৃশ্চিক রাশি। বৃশ্চিক রাশিতে জাতব্যক্তির মঙ্গলের ক্ষেত্র হয়।

ফলং—তথা তীক্ষ্ণকরং বাক্যং প্রবঞ্চকমতিঃ সদা।
রূপবান্ স্থূলকায়শ্চ ধর্ম্মশীলঃ ক্ষমাকরঃ।
পিত্রোরনুমতশ্চৈব মনস্বী ক্রোধসংযুতঃ।
বিদ্যাবান্ ধর্ম্মনিরতঃ সুভাষী নির্ম্মলোঽব্যয়ী।
ব্যয়শীলঃ প্রিয়ঃ স্বচ্ছঃ সুখী শেষে চ মধ্যতঃ।
অষ্টমে বৎসরে প্রাপ্তে চাপমৃত্যুং বিনির্দ্দিশেৎ।
শুভৈগ্রহৈর্যদা দৃষ্টস্তদা শতসমোভবেৎ।
জ্যৈষ্ঠে মাসি প্রতিপদি তিথৌ মঙ্গলবাসরে।
নাশস্তস্য প্রহরবিগমেভূতলে চানুরাধে॥ ৮

মঙ্গলের ক্ষেত্রে বৃশ্চিকরাশিতে জাতব্যক্তি তীক্ষ্ণবাক্য প্রয়োগ করে ও সর্ব্বদা প্রবঞ্চনাতে পটু হয়, আর ঐ ব্যক্তি রূপবান্, স্থূলদেহ ধর্ম্মশীল ক্ষমাবান্, পিতামাতার বশ্য, উত্তমমনোবিশিষ্ট, ক্রোধযুক্ত, বিদ্বান্, ধার্ম্মিক, সুভাষী, নির্ম্মলান্তঃকরণ ও প্রথমবয়সে ব্যয়কুণ্ঠ হয়। মধ্যবয়সে ও শেষাবস্থায় ব্যয়শীল, জনপ্রিয়, নির্ম্মলচিত্ত ও সুখী হইয়া থাকে। কিন্তু অষ্টমবৎসরে ঐ ব্যক্তির অপঘাত মৃত্যু হয়। শুভগ্রহকর্ত্তৃক যদি লগ্ন দৃষ্ট হয় হয় তবে জাত মনুষ্য শতবৎসর জীবিত থাকিয়া জ্যৈষ্ঠমাসে মঙ্গলবার প্রতিপদ তিথিতে অনুরাধানক্ষত্রে বেলা একপ্রহরের পরে জীবন পরিত্যাগ করে।

মূলা পূর্ব্বাষাঢ়া চোত্তরাষাঢ়াপাদৈকং ধনুরাশিঃ।
যদ্যত্র জাতস্তদা জীবঃ ক্ষেত্রী স্যাৎ।

মূলানক্ষত্র, পূর্ব্বাষাঢ়া ও উত্তরাষাঢ়ানক্ষত্রের একপাদ পর্য্যন্ত ধনুরাশি ইহাতে জাতমনুষ্যের বৃহস্পতির ক্ষেত্র হয়।

ফলং—যথোক্তবাদী মতিমান্সুসঙ্গী
ক্ষমান্বিতোদীনদয়ারতঃ সুধীঃ।
অষ্টমে বৎসরে প্রাপ্তে চাপমৃত্যুংবিনির্দ্দিশেৎ।
শুভগ্রহৈর্যদা দৃষ্টোজীবেন্নবতিবর্ষকং।
আষাঢ়স্য দ্বিতীয়ায়াং শ্রবণায়াং শনের্দ্দিনে।
সুতীর্থে মরণং ভূয়াদিতি নিশ্চিত্য চাব্রবীৎ॥ ৯

বৃহস্পতির ক্ষেত্রে (ধনুরাশিতে) যাহার জন্ম হয় সেই ব্যক্তি যথোক্ত-ভাষী, বুদ্ধিমান্, সুসঙ্গাশ্রয়ী, ক্ষমাযুক্ত, দীনমনুষ্যের প্রতি দয়ান্বিত ও পণ্ডিত হয়, কিন্তু ঐ মনুষ্যের অষ্টমবর্ষে অপঘাত মৃত্যু ঘটে। শুভগ্রহ-কর্ত্তৃক লগ্ন দৃষ্ট হইলে জাতমনুষ্য নবতিবর্ষ জীবিত থাকিয়া আষাঢ়মাসের দ্বিতীয়াতে শ্রবণানক্ষত্রে শনিবার সুতীর্থে প্রাণত্যাগ করিয়া থাকে।

উত্তরাষাঢ়াপাদত্রয়ং শ্রবণা ধনিষ্ঠার্দ্ধং মকররাশিঃ।
যদ্যত্র জাতস্তদা শনিঃ ক্ষেত্রী স্যাৎ।

উত্তরাষাঢ়ানক্ষত্রের তিনপাদ, শ্রবণা ও ধনিষ্ঠানক্ষত্রের প্রথমার্দ্ধপর্য্যন্ত মকররাশি। ইহাতে জাতমনুষ্যের শনির ক্ষেত্র হয়।

ফলং—বলাধিকোভবেদ্দক্ষোগীতবান ক্রোধসংযুতঃ।
শ্রিয়া যুতোরাজপূজ্যোবশী সর্ব্বগুণাশ্রয়ঃ।
বর্ষে চ দ্বাদশে তস্য চাপমৃত্যুর্ভবেদিতি।
যদা শুভৈগ্রহৈর্দ্দৃষ্টস্তদা নবতিবৎসরং।
ভাদ্রমাসস্য চাষ্টম্যাং রবিবারে বিনশ্যতি।
নক্ষত্রে রেবতীনাম্নি প্রহরোপরিভূতলে॥ ১০

শনির ক্ষেত্রে (মকররাশিতে) জাতব্যক্তি বলবান্, নিপুণ, গায়ক, ক্রোধযুক্ত, শ্রীমান্ রাজপূজ্য, জিতেন্দ্রিয় ও সর্ব্বগুণাশ্রয় হয়; ঐ ব্যক্তির দ্বাদশবর্ষে অপঘাতে মৃত্যু হওয়ার সম্ভব। কিন্তু লগ্নে শুভগ্রহের দৃষ্টি থাকিলে জাতমনুষ্য নবতিবর্ষ জীবিত থাকিয়া ভাদ্রমাসের অষ্টমীতিথিতে রবিবার রেবতীনক্ষত্রে বেলা একপ্রহরের পরে প্রাণত্যাগ করে।

ধনিষ্ঠার্দ্ধং শতভিষা পূর্ব্বভাদ্রত্রিপাদং কুম্ভরাশিঃ।
যদ্যত্র জাতস্তদা শনিঃ ক্ষেত্রী স্যাৎ।

ধনিষ্ঠানক্ষত্র, শতভিষা ও পূর্ব্বভাদ্রপদনক্ষত্রের তিনপাদপর্য্যন্ত কুম্ভ-রাশি। কুম্ভরাশিতে জাতব্যক্তির শনির ক্ষেত্র হয়।

ফলং—সুখী শ্রীমাংশ্চ সন্তুষ্টোবিচক্ষণমতিঃ সদা।
পরিবারৈশ্চবহুশশ্চঞ্চলাক্ষঃ সুশোভনঃ।
মান্যাধিকোঽন্যসং তপ্তঃ ক্রোধনস্ত সগর্ব্বিতঃ।
বহুশত্রুগণজয়ী লোকপালনতৎপরঃ।
অষ্টমে বৎসরে প্রাপ্তে চাপমৃত্যুং বিনির্দ্দিশেৎ।
যদা শুভগ্রহৈর্দ্দৃষ্টস্তদা নবতিবৎসরং।
আষাঢ়স্য প্রতিপদি তিথৌ মঙ্গলবাসরে।
উত্তরভাদ্রপদে তীর্থে বিনাশস্ততস্য জায়তে॥ ১১

শনির ক্ষেত্রে (কুম্ভরাশিতে) যাহার জন্ম হয় সেইব্যক্তি সুখী,শ্রীমান্ সন্তুষ্টচিত্ত, বিচক্ষণবুদ্ধি, বহুপরিবারযুক্ত, চঞ্চলনেত্র, সুন্দর, মান্য, অন্য-কর্ত্তৃক সন্তপ্ত, ক্রোধী, গর্ব্বিত, শত্রুবিজয়ী ও জনপালক হয়; অষ্টমবর্ষে ঐ ব্যক্তির অপমৃত্যু হইবার সম্ভব। যদি শুভগ্রহ কর্ত্তৃক লগ্নদৃষ্ট হয় তবে জাত মনুষ্য নবতিবর্ষ জীবিত থাকিয়া আষাঢ় মাসের প্রতিপদ তিথিতে মঙ্গলবার উত্তরভাদ্রপদনক্ষত্রে তীর্থস্থানে জীবন পরিত্যাগ করিয়া থাকে।

পূর্ব্বভাদ্রপদপাদমেকমুত্তরভাদ্রপদরেবতীমীনরাশিঃ।
যদ্যত্র জাতস্তদা জীবঃ ক্ষেত্রী স্যাৎ।

পূর্ব্বভাদ্রপদনক্ষত্রের শেষপাদ, উত্তরভাদ্রপদ ও রেবতীনক্ষত্র মীন-রাশি। মীনরাশিতে জাতব্যক্তির বৃহস্পতির ক্ষেত্র হয়।

ফলং—আয়বান্ মৎস্যমাংসাশী বাগ্মী শত্রুবিনাশকঃ।
চঞ্চলক্ষোমাতৃভক্তঃ পিতৃভক্তঃ ক্ষমাকরঃ।

অল্পক্রোধী সলোভী চ হিংসকঃ ক্ষণিকঃ সদা
অষ্টাদশেষু বর্ষেষু চাপমৃত্যুমবাপ্নুয়াৎ।
যদা শুভগ্রহৈর্দৃষ্টস্তদা নবতিবৎসরং।
শ্রবণস্য নবম্যান্তু শনিবারে বিনশ্যতি।
রাত্রৌ শতভিষায়ান্তু প্রহরোপরিনিশ্চিতং॥ ১২

বৃহস্পতির ক্ষেত্রে (মীনরাশিতে) জাতমনুষ্য আয়বান্, মৎস্যমাংসাশী বাক্পটু শত্রুবিনাশকারী, চঞ্চলনেত্র, মাতৃ পিতৃভক্ত, ক্ষমাযুক্ত, অল্পক্রোধী, লোভী ও ক্ষণকালের নিমিত্ত হিংসক হয়। ঐ ব্যক্তির অষ্টাদশবর্ষে অপ-অপমৃত্যু ঘটে, কিন্তু যদি লগ্নস্থানে শুভগ্রহের দৃষ্ট থাকে তবে জাতক নবতিবর্ষ জীবিত থাকিয়া শ্রাবণমাসের নবমী তিথিতে শনিবার রাত্রি একপ্রহরের পরে শতভিষানক্ষত্রে জীবন পরিত্যাগ করে।

বরাহোক্তপরমায়ুঃ।

অন্যচ্চ—শাকংবারং স্বনক্ষত্রমেকীকৃত্য তিথিং পুনঃ।
অংশকং যোজয়েত্তত্র পুনর্ব্বারং নিযোজয়েৎ।
চতুর্ভিঃপূরণং কৃত্বা খাষ্টাভিঃ পরিশোধয়েৎ।
লব্ধাঙ্কস্য ভবেদায়ুঃ শেষে দ্বাদশভির্হরেৎ॥

প্রকারান্তরে আয়ুর সংখ্যা কথিত হইতেছে। যে ব্যক্তির পরমায়ু দেখিতে হইবে তাহার জন্মশকাব্দাঙ্ক, জন্মবারাঙ্ক, জন্মনক্ষত্রাঙ্ক, জন্মতিথি অঙ্ক ও মাসের যত দিনে জন্ম হইয়াছে সেই অঙ্ক একত্র যোগকরতঃ পুন-র্ব্বার জন্মবারের অঙ্ক তাহাতে যোগ করিবে। অনন্তর চারিদ্বারা পূরণ করিয়া অশীতিদ্বারা ভাগ করিলে লব্ধাঙ্কদ্বারা আয়ুর সংখ্যা হয়, ভাগ শেষ যাহা থাকিবে তাহা দ্বাদশদ্বারা ভাগ করিলেই আয়ুর্নির্ণিত হইবে।

স্বদশায়াঃ ষষ্ঠদশাপর্য্যন্তমায়ুঃসংখ্যানমিতিকশ্চিৎ।
শুভগ্রহস্য ষষ্ঠদশা চেত্তদন্তে নিধনং। কুগ্রহস্য চেত্তদা
প্রবৃত্তে চ। বস্তুতস্তু অষ্টমাধিপদশায়াঞ্চ মৃত্যুর্ভাবনীয়ঃ॥

"জন্মদশা হইতে ষষ্ঠদশাতে মনুষ্যের মৃত্যু হয় এইরূপ কেহ

বলেন; ইহার বিশেষ এই, ষষ্ঠদশা যদি শুভগ্রহের হয়, তবে সেই দশার অন্তসময়ে এবং পাপগ্রহের দশা যদি ষষ্ঠদশা হয় তবে দশা প্রবর্ত্ত হওয়া মাত্রই মানবের নিধন হইয়া থাকে।" বস্তুতঃ অষ্টমাধিকারীর দশাতে মৃত্যু চিন্তনীয়।

ইতি জাতকচন্দ্রিকায়ামায়ুঃ সংখ্যানং নাম দশমোঽধ্যায়ঃ।

অথেদানীং পঞ্চস্বরাকথনং।

তত্র সপ্তশূন্যপঞ্চস্বরাদীনাং তিথিবারবলাবলেন পিণ্ডায়ুনির্ণয়ঃ।

অধুনা পঞ্চস্বরা কথিত হইতেছে। পঞ্চস্বরাতে সপ্তশূন্য ও তিথি-বারাদির বলাবল অনুসারে পিণ্ডায়ুনির্ণয় হয়।

আকাছাড়াদি দাতব্যমন্তে বোলোহোসংজ্ঞকঃ।
কাদিহান্তান্ লিখেদ্বর্ণান স্বরাদৌ ঙঞণোজ ঝিতান।
তীর্য্যক্পঙ্‌ক্তিক্রমেণৈব পঞ্চ পঞ্চ বিভাগতঃ।
ন প্রোক্তাঙঞণোবর্ণানামাদৌ সন্তি তেন হি।
ভবন্তি চেত্তদা জ্ঞেয়াগজডান্তে যথাক্রমং।
আদিনাম্নী ভবেদ্বর্ণঃ সংযোগাক্ষরলক্ষণঃ।
গ্রাহ্যস্তদাদিমোবর্ণ ইত্যুক্তং রুদ্রযামলে॥

এক্ষণে কিরূপে পঞ্চস্বরাদি অঙ্কিত করিতে হয় তাহা কথিত হইতেছে। একাদিক্রমে পাঁচটী কোষ্ঠা অঙ্কিত করিয়া তাহাতে আকাছাড়াদি বোলোহো পর্য্যন্ত নিম্নলিখিত বর্ণসমূহ লিখিতে হইবে। অর্থাৎ একাদিক্রমে পাঁচঘরে আ ই উ এ ও এই পাঁচটী স্বর লিখিয়া ঙ ঞ ণ ভিন্ন ককারাদি হকার পর্য্যন্ত বর্ণসমুদয় ক্রমে সংস্থাপন করিবে। চ ঞ ণ এই তিনটি বর্ণ নামের আদিতে প্রায় দেখা যায় না এই নিমিত্তে ইহা পরিত্যক্ত হইল; কিন্তু যদি কখনও কাহার নামের আদিতে ঐ সকল বর্ণ থাকে তবে ঙ স্থানে গ, ঞ স্থানে জ এবং ণ স্থানে ড গ্রহণ করিয়া স্বর নির্ণয় করিতে হইবে। অপর যদি কোন ব্যক্তির নামের আদিতে

সংযুক্ত অক্ষর থাকে, তবে যে যে বর্ণে সংযোগ হইয়াছে তাহার আদিবর্ণ গ্রহণ করিয়া স্বয় নির্ণয় করিবে রুদ্র যামলে এইরূপ কথিত হইয়াছে।

অথ বর্ণবিন্যাসক্রমঃ।

আকাছাড়াধাভাবা। ইখিজিঢ়িনিমিশি। উগুঝুতুপৃষুষু।
এঘেটেথেফেরেসে। ওচোঠোদোবোলোহো।

ইতিক্রমঃ।

উক্তরূপে পাঁচ ভাগে বর্ণ সমস্ত লিখিতে হইবে।

উদিতং ভ্রমিতং ভ্রান্তং সন্ধ্যাস্তং তদনন্তরং।

ইতিনাম।

উদিত, ভ্রমিত, ভ্রান্ত, সন্ধ্যা ও অস্ত এই পাঁচটি স্বরের নাম অর্থাৎ প্রথম স্বরের নাম উদিত, দ্বিতীয় স্বরের নাম ভ্রমিত, তৃতীয় স্বরের নাম ভ্রান্ত, চতুর্থস্বরের নাম সন্ধ্যা এবং পঞ্চমস্বরের নাম অস্ত।

সংজ্ঞান্তরঞ্চ।

জন্ম কর্ম্ম চ আধানং পিণ্ডং ছিদ্রং ততঃপরং।

উদিত স্বরের নামান্তর জন্ম, ভ্রমিতের নাম কর্ম্ম, ভ্রান্তের নাম আধান সন্ধ্যার সংজ্ঞান্তর পিণ্ড এবং অস্তের নামান্তর ছিদ্র।

ফলং—উদিতে বিজয়োনিত্যং ভ্রমিতে চ জয়স্তথা।
ভ্রান্তে চ সিদ্ধিমাপ্নোতি সন্ধ্যাস্তেমরণং ধ্রুবং ॥

পঞ্চস্বরের ফল কথিত হইতেছে। উদিতস্বরে সর্ব্বদা বিজয় হয়। এইরূপ ভ্রমিতে জয়, ভ্রান্তস্বরে কার্য্যসিদ্ধি সন্ধ্যা ও অস্তস্বরে এবং মরণ হইয়া থাকে।

যত্র নামাক্ষরঃ প্রাপ্তস্তত্রৈব উদিতস্বরঃ॥
তস্মাদ্বর্ষং বিজানীয়াত্তস্মান্মাসং ভবেৎ পুনঃ॥

পূর্ব্বোক্ত পঞ্চকোষ্ঠার মধ্যে যে ঘরে যাহার নামের আদি অক্ষর থাকিবে সেই ঘরই সেই ব্যক্তির উদিত স্বর বলিয়া পরিগণিত হইবে। উক্ত স্বর হইতে বর্ষ ও মাসাদি স্থির করিতে হইবে।

মাসদ্বয়ং বিধাতব্যং দিনঞ্চ দ্বাদশোত্তরং।
এবং ক্রমেণ বোদ্ধব্যং বর্ষভাগঞ্চ পঞ্চসু।
কার্ত্তিকান্তে দিনং গ্রাহ্যং নবভাগং যথা তথা।
মার্গং পৌষং তথা দেয়ং মাঘস্য চ দিনত্রয়ং।
এবং ক্রমেণ দাতব্যং বর্ষপূর্ণং যথা ভবেৎ॥

উদিতাদি প্রত্যেক স্বরে ২।১২ দুইমাস বারদিন করিয়া সংস্থাপন করিলেই পাঁচস্বরের মাসাদিতে একবৎসর পূর্ণ হইবে। কার্ত্তিকমাসের শেষ নয়দিন হইতে আরম্ভ করিয়া মাসসংস্থাপন করিবে অর্থাৎ কার্ত্তিকের শেষ নয় দিন অগ্রহায়ণ ও পৌষমাস সম্পূর্ণ এবং মাঘমাসের তিন দিন অকারস্বরে স্থাপন করিতে হইবে। এইরূপে মাঘের সাতাইশ দিন ফাল্গুন সমুদয় ও চৈত্রের পনর দিন ইকারস্বরে, চৈত্রের পনরদিন বৈশাখ সমস্তও জ্যৈষ্ঠের সাতাইশ দিন উকারস্বরে, জ্যৈষ্ঠের শেষ তিন দিন, আষাঢ়মাস শ্রাবণমাস সমুদয় ও ভাদ্রের নয়দিন একারস্বরে, ভাদ্রের একুশদিন আশ্বিনমাস সমস্ত এবং কার্ত্তিকের একুশদিন ওকার স্বরে স্থাপন করিলেই বর্ষ পূর্ণ হইবে।

তিথিঃপ্রতিপদাদিশ্চ কুজাদের্ব্বারনির্ণয়ঃ।
নন্দা ভদ্রা জয়া রিক্তা পূর্ণা চ তিথয়ঃ ক্রমাৎ॥

অকারাদি স্বরে প্রতিপদাদি তিথি ও কুজাদিবার যোজনা করিবে অর্থাৎ অকারস্বরে নন্দা (প্রতিপদ একাদশী ও ষষ্ঠী) ইকারস্বরে ভদ্রা (দ্বিতীয়া দ্বাদশী ও সপ্তমী) উকার স্বরে জয়া (ত্রয়োদশী অষ্টমী ও তৃতীয়া) একারস্বরে রিক্তা (চতুর্থী নবমী ও চতুর্দ্দশী) ওকারস্বরে পূর্ণা (পঞ্চমী দশমী অমাবস্যা ও পূর্ণিমা) এই শুক্লা ও কৃষ্ণা তিথির অঙ্ক এবং নন্দা, ভদ্রা, জয়া, রিক্তা ও পূর্ণা এই পাঁচটী সংজ্ঞা ও কুজাদিবার পাঁচস্বরে, লিখিতে হইবে।

নক্ষত্রনিয়মমাহস্বরোদয়ে।

অকারে সপ্তঋক্ষাণি রেবত্যাদিক্রমেণ চ।

পঞ্চ পঞ্চ ইকারাদেরেবমৃক্ষস্বয়োদয়ঃ।
ক্রমেণাঙ্কং তথা দেয়ংগ্রাহ্যমুক্কং যথা ক্রমাৎ॥

স্বরাঙ্কে নক্ষত্র কিরূপে সংস্থাপন করিতে হয় তাহা কথিত হইতেছে। অকারস্বরে রেবতীনক্ষত্র হইতে আর্দ্রা পর্য্যন্ত সপ্তনক্ষত্রাঙ্ক সংস্থাপন করিবে এইরূপ ইকারস্বরে পুনর্ব্বসু হইতে পূর্ব্বফল্গুণীপর্য্যন্ত পঞ্চনক্ষত্রাঙ্ক, উকার স্বরে উত্তরফল্গুণী হইতে বিশাখাপর্য্যন্ত পঞ্চনক্ষত্রাঙ্ক, একারস্বরে অনুরাধা হইতে উত্তরাষাঢ়াপর্য্যন্ত পঞ্চমনক্ষত্রাঙ্ক এবং ওকারস্বরে শ্রবণাহইতে উত্তর-ভাদ্রপদপর্য্যন্ত পঞ্চনক্ষত্রাঙ্ক ক্রমে স্থাপন করিতে হইবে।

অথ নন্দাদীনাংপিণ্ডাঙ্কদানক্রমমাহ।

চন্দ্রাষ্টৌ প্রথমং দেয়ং নগনাগৌ দ্বিতীয়কে।
তৃতীয়ে চাগ্নিনবকং চতুর্থে সগ্রহগ্রহং।
পঞ্চোত্তরশতং দেয়ং ক্রমেণ পঞ্চমেষ্বপি।

অকারাদি পঞ্চস্বরে নন্দাদি পঞ্চতিথিক্রমে স্থাপন করিয়া তন্নিম্নে অকার স্বরে ৮১ একাশী, ইকারস্বরে ৮৭ সাতাশী, উকারস্বরে ৯৩ তিরা-নব্বুই, একারস্বরে ৯৯ নিরানব্বুই এবং ওকারস্বরে ১০৫ একশত পাঁচ অঙ্ক স্থাপন করিবে ইহাকেই স্বরাঙ্ক বলা যায়।

গণিত্বা নির্ণয়েদ্বর্ষং তস্মাৎ সর্ব্বং বিধীয়তে।
পঞ্চভিশ্চ হৃতে শেষে মৃত্যুর্জ্ঞেয়োন নান্যথা॥

অধুনা রিষ্টাদি কথিত হইতেছে যথা,—পঞ্চস্বরাগণনাতে মৃত্যুবর্ষ নির্ণয় হইলে বয়সের অঙ্ক, রাশির অঙ্ক ও স্বরাঙ্ক একত্র যোগ করিয়া পাঁচ দ্বারা হরণ করিলে যাহা অবশিষ্ট থাকিবে তদ্দারা নন্দাদিতিথি নির্ণয় হইবে অর্থাৎ এক অবশিষ্ট থাকিলে নন্দাতিথিতে মৃত্যু দুই থাকিলে ভদ্রাতে মৃত্যু তিন থাকিলে জয়াতে মৃত্যু, চারি থাকিলে রিক্তাতে মৃত্যু, এবং পাঁচ থাকিলে পূর্ণাতিথিতে মৃত্যু হইবে।

ষড়্ভির্হৃত্বা তিথির্গ্রাহ্যা বারাগ্রাহ্যাশ্চ সপ্তভিঃ।
একং দেয়ন্তু হেয়ং বা বর্ষে বা তিথিসংগ্রহে।

ন দেয়ঞ্চ ন হেয়ঞ্চ মধ্যে বা শুক্লকৃষ্ণয়োঃ ॥

নন্দাদি তিথির মধ্যে কোন্ তিথিতে মৃত্যু হইবে তাহা জানিতে হইলে বয়সের অঙ্ক রাশির অঙ্ক ও স্বরাঙ্ক একত্র যোগ করিয়া ৬ ছয়দ্বারা হরণ করিলে অবশিষ্টাঙ্কদ্বারা মৃত্যুতিথি জানিবে অর্থাৎ এক অবশিষ্ট থাকিলে শুক্লা প্রতিপদে মৃত্যু, দুই থাকিলে শুক্লাষষ্ঠীতে, তিন থাকিলে শুক্লাএকাদশীতে, চারি থাকিলে কৃষ্ণাপ্রতিপদে, পাঁচ থাকিলে কৃষ্ণাষষ্ঠীতে এবং শূন্য থাকিলে কৃষ্ণাএকাদশীতে মৃত্যু জানিবে। এইরূপ ভদ্রাতিথির মধ্যে কোন্ তিথিতে মৃত্যু হইবে তাহা জানিতে হইলেও পূর্ব্বোক্তপ্রণালীতে বয়স রাশি ও স্বরাঙ্ক একত্র যোগ করিয়া ছয়দ্বারা হরণ করতঃ অবশিষ্টাঙ্ক এক থাকিলে শুক্লাদ্বিতীয়া দুই থাকিলে শুক্লাসপ্তমী এবং তিন থাকিলে শুক্লাদ্বাদশী মৃত্যুতিথি হইবে। এইরূপ অন্যান্য তিথির দেখিতে হয়। বয়স রাশি ও স্বরাঙ্ক একত্র যোগকরতঃ ৭ সাতদ্বারা হরণ করিলে অবশিষ্টাঙ্কদ্বারা মৃত্যুবার নির্ণয় হয়। যথা, এক অবশিষ্ট থাকিলে রবিবার মৃত্যু হয়। এইরূপ দুই থাকিলে সোমবার তিন থাকিলে মঙ্গলবার ইত্যাদি। যদি গণনানুসারে তিথির সহিত বারের পার্থক্য হয় তবে তিথির অঙ্কে একযোগ কি এক বিয়োগ করিলেই হইবে; কিন্তু অষ্টমী-তিথিতে যোগ কি বিয়োগ কিছুই করিতে হয় না। বর্ষাঙ্কস্থলেও স্থান-বিশেষে এক যোগ কি এক বিয়োগ করিতে হয়।

অথসপ্তশূন্যং।

বয়োরাশিংস্বয়াঙ্কঞ্চ একীকৃত্য ত্রিধাপয়েৎ।
দ্বিচতুস্ত্রিভির্গুণিতং সপ্তাষ্টরসভাজিতং।
আধানে নবমোদেয়ঃ স্বরে কর্ম্মণি পঞ্চ চ।
সর্ব্বাঙ্কং ব্যাপিতং পিণ্ডে ছিদ্রে শ্রেণী ব্যবস্থিতা।

ইদানীং সপ্তশূন্য লিখন প্রণালী বিবৃত হইতেছে। বয়সের অঙ্ক রাশির (১) অঙ্ক ও স্বরাঙ্ক যোগ করতঃ যুক্তাঙ্ক তিনস্থানে রাখিবে।

১। পঞ্চস্বরাতে বৃষাদি রাশি গণনা করিতে হয়।

অনন্তর ঐ স্থাপিত অঙ্কের একস্থানের অঙ্ককে দ্বিগুণ করিয়া ৭ সাতদ্বারা ভাগ করিয়া যাহা অবশিষ্ট থাকিবে সেই অঙ্ক জন্মস্বরের (প্রথম শ্রেণীর) উপরে রাখিবে। দ্বিতীয়স্থানের অঙ্ককে চতুর্গুণ করিয়া ঐ গুণিতাঙ্ককে আটদ্বারা ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে সেই অঙ্ক জন্মস্বরের (প্রথমশ্রেণীর) মধ্যে রাখিবে। তৃতীয়স্থানের অঙ্ক ত্রিগুণ করতঃ তাহাকে ছয়দ্বারা ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে সেই অঙ্ক জন্মস্বরের (প্রথমশ্রেণীর) নিম্নে রাখিবে। পুনর্ব্বার বয়স, রাশি ও স্বরাঙ্কের সহিত ৫ পাঁচযোগ করিয়া তিনস্থানে রাখিবে, পরে একস্থানের অঙ্ককে দ্বিগুণ করিয়া ৭ সাতদ্বারা ভাগ করতঃ অবশিষ্টাঙ্ক কর্ম্মস্বরের (দ্বিতীয়শ্রেণীর) উপরে স্থাপন করিবে। দ্বিতীয়স্থানের অঙ্ককে চতুর্গুণকরতঃ আটদ্বারা ভাগ করিলে অবশিষ্টাঙ্ক যাহা থাকিবে সেই অঙ্ক কর্ম্মস্বরের (দ্বিতীয় শ্রেণীর) মধ্যে রাখিবে। তৃতীয়স্থানের অঙ্ক ত্রিগুণ করিয়া ছয়দ্বারা ভাগ করতঃ ভাগাবশিষ্ট যাহা থাকিবে সেই অঙ্ক কর্ম্মস্বরের (দ্বিতীয় শ্রেণীর) নিম্নভাগে সংস্থাপন করিবে। অনন্তর বয়স রাশি ও স্বরাঙ্কের সহিত ৯ নয় যোগ করিয়া তিনস্থানে রাখিবে, পরে একস্থানের অঙ্ককে দ্বিগুণ করতঃ সাতদ্বারা ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে সেই অঙ্ক আধানস্বরের (তৃতীয়শ্রেণীর) উপরে রাখিবে। দ্বিতীয় স্থানের অঙ্ক চতুর্গুণ করিয়া ৮ আটদ্বারা ভাগ করতঃ শেষাঙ্ক আধানস্বরের (তৃতীয়শ্রেণীর) মধ্যে রাখিতে হইবে। তৃতীয়স্থানের অঙ্ক ত্রিগুণ করিয়া ৬ ছয়দ্বারা ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে সেই অঙ্ক আধানস্বরের (তৃতীয়শ্রেণীর) নিম্নে সংস্থাপন করিবে।

চতুর্থশ্রেণীর (পিণ্ডস্বরের) অঙ্কপাতের নিয়ম বিবৃত হইতেছে। (ক) এখানে বয়স, রাশি ও স্বরাঙ্ক গ্রহণ না করিয়া জন্ম, কর্ম্ম ও আধান স্বরের অর্থাৎ প্রথম, দ্বিতীয় ও তৃতীয়শ্রেণীর অঙ্ক সমুদয় যোগ করতঃ তিনস্থানে রাখিতে হয়, পরে একস্থানের অঙ্ক দ্বিগুণ করিয়া সাতদ্বারা ভাগ করতঃ ভাগাবশিষ্ট অঙ্ক পিণ্ডস্বরের (চতুর্থশ্রেণীর) উপরে স্থাপন

ক। চতুর্থশ্রেণীর অঙ্কপাতের নিয়ম গুরুপদেশানুসারে লিখিত হইল।

করিবে। দ্বিতীয়স্থানের অঙ্ক চতুর্গুণ করিয়া আটদ্বারা ভাগ করিলে যাহা ভাগাবশিষ্ট হইবে সেই অঙ্ক পিণ্ড স্বরের (চতুর্থ শ্রেণীর) মধ্যে রাখিবে। তৃতীয়স্থানের অঙ্ক ত্রিগুণ করিয়া ছয়দ্বারা ভাগ করতঃ অবশিষ্টাঙ্ক পিণ্ডস্বরের (চতুর্থ শ্রেণীর) নিম্নে স্থাপন করিবে। অনন্তর ছিদ্রস্বরে কিরূপে অঙ্কপাত করিতে হয় তাহা কথিত হইতেছে। বয়স, রাশি ও স্বরাঙ্কের সহিত জন্ম, কর্ম্ম, আধান ও পিণ্ডস্বরের উপরে অঙ্ক সমুদয় যোগ করিয়া দ্বিগুণ করতঃ সাতদ্বারা ভাগ করিলে যে অঙ্ক অবশিষ্ট হইবে তাহা ছিদ্রস্বরের (পঞ্চম শ্রেণীর) উপরে রাখিবে। বয়স, রাশি ও স্বরাঙ্কের সহিত জন্ম, কর্ম্ম, আধান ও পিণ্ডস্বরের মধ্যের অঙ্ক সমস্ত যোগ করিয়া চতুর্গুণ করতঃ আটদ্বারা ভাগ করিলে ভাগাবশিষ্ট যে অঙ্ক হইবে তাহা ছিদ্রস্বরের (পঞ্চম শ্রেণীর) মধ্যে স্থাপন করিবে। বয়স, রাশি ও স্বরাঙ্কের সহিত জন্ম, কর্ম্ম, আধান ও পিণ্ডস্বরের নীচের সমুদয় অঙ্ক যোগ করিয়া ত্রিগুণ করতঃ ছয়দ্বারা ভাগ করিবে, পরে ভাগাবশিষ্ট অঙ্ক ছিদ্রস্বরে (পঞ্চম শ্রেণীর) নিম্নে রাখিবে। সপ্তশূন্যচক্র নিম্নে প্রদত্ত হইল পাঠক তাহা দেখিয়া অনায়াসে বুঝিতে পারিবেন।

অথ সপ্তশূন্যচক্রং।

১	২	৩	৪
৫ ১ ২ ২ ৪ ৪ ০ ০ ৪ ৪ ৩ ০ ০ ৩ ৩	০ ৩ ৪ ০ ০ ০ ৪ ৪ ৪ ০ ০ ৩ ৩ ৩ ৩	২ ৫ ৬ ৫ ৩ ৪ ০ ০ ০ ৪ ৩ ০ ০ ০ ০	৪ ০ ১ ৩ ৬ ০ ৪ ৪ ৪ ০ ০ ৩ ৩ ৩ ৩
৫	৬	৭	৮
৬ ২ ৩ ১ ২ ৪ ০ ০ ০ ৪ ৩ ০ ০ ০ ০	১ ৪ ৫ ৬ ৫ ০ ৪ ৪ ০ ০ ০ ৩ ৩ ০ ০	৩ ৬ ০ ৪ ১ ৪ ০ ০ ০ ৪ ৩ ০ ০ ০ ০	৫ ১ ২ ২ ৪ ০ ৪ ৪ ০ ০ ০ ৩ ৩ ০ ০
৯	১০	১১	১২
০ ৫ ৪ ০ ০ ৪ ০ ০ ০ ৪ ৩ ৭ ০ ০ ৭	২ ৫ ৬ ৫ ৩ ০ ৪ ৪ ৪ ০ ০ ৩ ৩ ৩ ৪	৪ ০ ১ ৩ ৬ ৪ ০ ০ ০ ৪ ৩ ০ ০ ০ ০	৬ ২ ৩ ১ ২ ০ ৪ ৪ ৪ ০ ০ ৩ ৩ ৩ ৩
	১৩	১৪	
	১ ৪ ৫ ৬ ৫ ৪ ০ ০ ৪ ৪ ৩ ০ ০ ৩ ৩	৩ ৬ ০ ৪ ১ ০ ৪ ৪ ৪ ০ ০ ৩ ৩ ৩ ৩	

তত্রৈব সপ্তশূন্যচক্রস্য যষ্টিবর্ষদিনানি জ্ঞাত্বা বালাদিচক্রমপি গণয়েৎ

অথ বালাদিচক্রং।

৮১	৮৭	৯৩	৯৯
উদিত জন্ম কাল } অ আ ক ছ ড ধ ভ ব	ভ্রমতি কর্ম্ম কুমার } ইঈথঞ্জঢ মনশ	ভ্রান্ত আধান যুবা } উঊগঝ ভপযয	সন্ধ্যা পিণ্ড বৃদ্ধ } এঐঘট থফরস
নন্দা তিথি।	ভদ্রাতিথি।	জয়াতিথি।	রিক্তাতিথি।
১।৬।১১।১৬।২১।২৬	২।৭।১২।১৭।২২। ২৭	৩।৮।১৩।১৮।২৩। ২৮	৪।৯।১৪।১৯।২৪। ২৯
মঙ্গল রবিবার।	বুধ সোমবার।	বৃহস্পতিবার।	শুক্রবার।
মেষ সিংহ বৃশ্চিক রেবত্যাদি নক্ষত্র।	মিথুন কর্কট কন্যা নক্ষত্র।	ধনু মীন রাশি। নক্ষত্র।	তুলা বৃশ্চিক রাশি নক্ষত্র।
২৭।১।২।৩।৪।৫।৬	৭।৮।৯।১০।১১	১২।১৩।১৪।১৫।১৬	১৭।১৮।১৯।২০। ২১
মাস কার্ত্তিক ৯ দিন	মাস মাঘ ২৭ দিন	মাস চৈত্র ১৫দিন	মাস জ্যৈষ্ঠ ৩ দিন
অগ্রহায়ণ ৩০ দিন	ফাল্গুন ৩০ দিন	বৈশাখ ৩০ দিন	আষাঢ় ৩০ দিন
পৌষ ৩০ দিন	চৈত্র ১৫ দিন	জ্যৈষ্ঠ ২৭ দিন	শ্রাবণ ৩০ দিন
মাঘ ৩ দিন			ভাদ্র ৯ দিন
২১২ দিন	২১২ দিন	২১২ দিন	২১২ দিন

১০৫			
অন্ত ছিদ্র মৃত	পূর্ণাতিথি।	মকর কুম্ভরাশি।	মাস ভাদ্র ২১দিন
	৫।১০।১৫।২০।২৫। ৩০	নক্ষত্র।	আশ্বিন ৩০ দিন
	শনিবার।	২২।২৩।২৪।২৫।২৬	কার্ত্তিক ২১ দিন
		ওঔচ ঠদবলহ	২১২ দিন

অথফলং।

রবিমন্দকুজে বর্ষে রাহুর্ব্বা স্থানবিত্রয়ে।
সপ্তশূন্যং ভবেদ্বাপি মৃত্যুর্ভবতি নান্যথা॥

অধুনা সপ্তশূন্যাদির ফল কথিত হইতেছে। যথা, কোন মনুষ্যের ত্রিপাপচক্রে যদি রবি, শনি ও মঙ্গলের বর্ষ হয় এবং সেই বর্ষে সপ্তশূন্য পড়ে তবে তাহার মৃত্যু হয়। রাহুদ্বয়ের বর্ষে কিম্বা রাহুর অন্তর রাহুর প্রত্যন্তরদশাতে যদি সপ্তশূন্যের বর্ষ হয় তাহা হইলেও মানবেরমৃত্যুহইবে।

খনা।

সপ্তশূন্য বহুতর পাপ, তাতে রক্ষা নাহি রে বাপ।
হাসে খেলে না করে হিংসা, উড়িয়া পয়ান করে হংসা।

অথ বা পাপসংযোগে দশশূন্যং ভবেদ্ যদি।
তদা মৃত্যুং ব্রজেদেব দেবরাজসমোযদি ॥

মানবের যে বৎসর সপ্তশূন্যকোষ্ঠায় দশশূন্য পড়ে সেই বৎসর যদি পাপগ্রহের বর্ষ হয় তবে ইন্দ্রতুল্য হইলেও মৃত্যু হইবে।

খনা।

তিনবুধ দুই মঙ্গল যবে বৈসে, লিখিয়া দশশূন্য যবে আইসে।
শনি রবি মঙ্গল বৎসরের গণনা, সেই বৎসর মরণ বলে খনা॥

আদৌ চন্দ্রোদ্বিশূন্যঞ্চ অন্তে কুজচতুষ্টয়ং।
মধ্যে বুধত্রয়ঞ্চৈব গুরোর্ম্মধ্যে হথ বা কবিঃ।
পাপদ্বয়ে ত্রয়ে বাপি সংযুক্তে হায়নে হপি বা ॥
মরণং তত্র বক্তব্যং নাত্রকার্য্যা বিচারণা ॥

সপ্তশূন্যচক্রে যে বৎসর আদিতে চন্দ্র তৎপরে দুই শূন্য অন্তে মঙ্গল-চতুষ্টয়, মধ্যে তিনবুধ কিম্বা দুই বৃহস্পতির মধ্যে শুক্র থাকেন আর ঐ বৎসর ত্রিপাপচক্রে দুইপাপ কি তিনপাপ অবস্থিতি করে তবে সেই বৎসরে মানবের অবশ্যই মৃত্যু হইবে, ইহার অন্যথা নাই।

স্থানদ্বয়ে (১) যদা সূর্য্যঃ সূর্য্যাদৌ শূন্যসংযুতঃ।
অবশ্যং মরণঞ্চৈব তস্মিন্ বর্ষে ভবেৎ খলু ॥

কোনব্যক্তির ত্রিপাপচক্রে দুই রবি থাকিয়া সপ্তশূন্যচক্রে যদি আদিতে রবি তৎপরে দুই শূন্য থাকে তবে অবশ্যই সেই বৎসরে তাহার মৃত্যু হইবে।

বুধে হপি শূন্যযুগলে বুধে চ বর্ষসম্ভবে।
বুধে চান্তর্গতে চৈব মরণং নাত্র সংশয়ঃ ॥

১। স্থানত্রয়ে ইত্যপি পাঠঃ।

সপ্তশূন্যচক্রে যদি আদিতে বুধ ও তৎপরে দুইশূন্য থাকে আর সেই বর্ষে বুধের অন্তর্দ্দশা হয় এবং বুধ বর্ষাধিপতি হন, তবে সেই ব্যক্তি নিশ্চয়ই মৃত্যু গ্রাসে পতিত হইবে।

গুরৌ শূন্যদ্বয়েপ্রাপ্তে কুজশ্চান্তে ভবেদ্‌যদি।
প্রাণত্যাগোভবেত্তস্য বর্ষে চ পাপসংযুতে॥

কোন ব্যক্তির পাপগ্রহের বর্ষে যদি সপ্তশূন্যচক্রে আদিতে বৃহস্পতি তৎপরে দুই শূন্য এবং অন্তে মঙ্গল থাকেন তবে সেই বর্ষে ঐ মনুষ্যের মৃত্যু হইবে।

শূন্যদ্বয়ে কুজে প্রাপ্তে চান্তে চ কুজ সম্ভবে।
বিদেশে মরণঞ্চৈব বর্ষে চ পাপসংক্রমে॥

কোন মনুষ্যের পাপগ্রহের বর্ষে সপ্তশূন্যচক্রে আদিতে মঙ্গল তৎপরে দুই শূন্য ও অন্তে মঙ্গল থাকেন তবে সেই বৎসরে উক্ত ব্যক্তির বিদেশে মৃত্যু হইবে।

শুক্রে শূন্যদ্বয়ে বাপি বর্ষে বা পাপসংযুতে।
দ্বিতীয়স্বরসংযোগে মরণং স্যাৎ সুনিশ্চিতং॥

কোন ব্যক্তির দ্বিতীয়স্বরে যদি শুক্র ও দুই শূন্য থাকে এবং পাপ-গ্রহের বর্ষ হয় তবে নিশ্চয়ই মৃত্যু হইবে।

প্রথমে শূন্যত্রিতয়ং অন্তে চ কুজসংযুতং।
তদ্বর্ষং ক্লেশসংজ্ঞঞ্চ শুভযোগে শুভপ্রদং॥

সপ্তশূন্য চক্রের কোষ্ঠায় প্রথমে তিন শূন্য এবং অন্তে মঙ্গল থাকিলে সেই বর্ষে মানবের অত্যন্ত ক্লেশ হইবে, কিন্তু শুভগ্রহের বর্ষ হইলে শুভফল হইয়া থাকে।

দশশূন্যং ভবেদ্‌যত্র বর্ষে বা গুরুশুক্রয়োঃ।
ক্লেশমাত্রং ভবেত্তস্য জীবনে নাত্র সংশয়ঃ॥

সপ্তশূন্যচক্রের কোষ্ঠাতে যে বৎসর দশশূন্য থাকে সেইকালে যদি বৃহস্পতি ও শুক্রের বর্ষ হয় তবে মানবের নানারূপ ক্লেশ হইয়া থাকে ইহাতে সংশয় নাই।

বিধৌ বিধুন্তুদযুতে অস্তে চ শূন্যসম্ভবে।
গুরুচন্দ্রশনের্ব্বর্ষে তথাপি মৃত্যুমাদিশেৎ॥

চন্দ্রের সহিত রাহু যোগ হইয়া যদি অস্তে শূন্য থাকে আর বৃহস্পতি চন্দ্র ও শনির বর্ষ হয়; তবে সেই বর্ষে মানবের মৃত্যু হইয়া থাকে।

পিণ্ডে বুধদ্বয়ে শূন্যে জন্মনি দ্বিবুধে কুজে॥
কর্ম্মণি শুক্রে দ্বিশূন্যঞ্চ মৃত্যুর্ভবতি নান্যথা॥

মনুষ্যের পিণ্ডস্বরে দুই বুধ ও শূন্য, জন্মস্বরে দুই বুধ ও মঙ্গল এবং কর্ম্মস্বরে শুক্র ও দুই শূন্য থাকিলে তাহার মৃত্যু হইবে।

আয়ুর্দ্দায়ং যথারিষ্টং যদুক্তং গ্রন্থসংগ্রহে।
পাপযোগে ভবেদ্রিষ্টিং শুভযোগে ভবেচ্ছুভং॥

আয়ুর্ব্বেদায় ও রিষ্ট গ্রন্থসমূহে যেরূপে উক্ত হইল তাহাতে পাপগ্রহের যোগ হইলে রিষ্ট ও শুভগ্রহ যোগে শুভফল হইবে।

তিথিবারশ্চ নক্ষত্রং বর্ষমাসস্তথৈব চ।
সন্ধ্যাস্তে চ যদা সর্ব্বং হানির্ম্মৃত্যুস্তদাস্তি বা॥

সন্ধ্যা কি অস্তস্বরের তিথি, বার, নক্ষত্র, বর্ষ ও মাস যদি সন্ধ্যা কি অস্ত স্বরে পতিত হয় তাহা হইলে মানবের সর্ব্বস্বহানি কিম্বা মৃত্যু হইয়া থাকে।

ভ্রমিতে ভ্রামিতে বাপি এতৎসর্ব্বং যদা ভবেৎ।
তদর্থশ্চ মহালাভঃ সম্পত্তিশ্চিত্তনির্ব্বৃতিঃ॥

ভ্রমিতস্বরে কিম্বা ভ্রামিতস্বরে তিথি, বার, নক্ষত্র, বর্ষ ও মাসাদি পতিত হইলে মনুষ্যের অর্থ সম্পত্তিলাভ ও চিত্ত সন্তুষ্ট থাকে।

তিথিবারাদিমধ্যে তু শুভাধিক্যে শুভং ভবেৎ।
তিথিবারক্রমেণৈব উদয়াস্তস্বরাদিতঃ॥

উদিত হইতে অস্ত পর্য্যন্ত পঞ্চস্বরের মধ্যে যে স্থানে তিথি বারাদির মধ্যে অধিক শুভ থাকিবে সেই স্থানই শুভ হইয়া থাকে।

সন্ধ্যাস্তং বৎসরং চেৎ স্যাৎ পাপস্যাপি চ বৎসরং।

তস্মিন্ বর্ষে মৃত্যুহানিরসন্তোষঃ পদে পদে॥

সন্ধ্যাস্বরে কি অস্তস্বরে যদি পাপগ্রহের বর্ষ হয় তাহা হইলে সেই বর্ষে মনুষ্যের মৃত্যু হানি এবং পদে পদে অসন্তোষ হয়।

যদা বর্ষস্য ভাগশ্চ জ্ঞাতব্যঃ স্বরপঞ্চকে।
চতুর্ব্বিংশতিদণ্ডাশ্চ চতুর্দ্দশদিনানি চ।
উদিতাদিবিভাগেন ফলং বাচ্যং যথা তথা॥

পঞ্চস্বরাতে বর্ষবিভাগ করিলে উদিত্যাদি প্রত্যেকস্বরে দুইমাস দ্বাদশদিন হয়, উহার অন্তর উদিতাদি প্রত্যেকস্বরে চতুর্দ্দশ দিন ও চতুর্ব্বিংশতি দণ্ড হইবে। ফল ও ঐ রূপে দেখিতে হয়।

উদিতাদিত্রিকঞ্চ স্যাদন্যোন্যভাগসংস্থিতং।
তদা শুভং বিজানীয়ান্ মধ্যং সন্ধ্যাস্তসংস্থিতে॥
অন্যোন্যভাগসংস্থে চ সন্ধ্যাস্তে দ্বিতয়ং ভবেৎ।
তদা ক্লেশং বিজানীয়াদুদিতাদিত্রয়ে সমং॥

উদিত, ভ্রমিত ও ভ্রান্ত এই তিনস্বরের. তিথিনক্ষত্রাদি পরস্পর ইহাদিগের অন্যতর যে কোনস্বরে পড়িলেও তাহাতে শুভফল জানিবে। সন্ধ্যাস্বরের কি অস্তস্বরের তিথি নক্ষত্রাদি উদিতাদিস্বরের পতিত হইলে মিশ্রফল হইবে। কিন্তু সন্ধ্যাস্বরের কি অস্তস্বরের তিথিনক্ষত্রাদি পরস্পর সন্ধ্যাস্বরের কি অস্তস্বরে থাকিলে তাহাতে ক্লেশ হইয়া থাকে।

বর্ষং মাসং দিনঞ্চৈব তিথিনক্ষত্রবারকান্।
সন্ধ্যাস্তে চ যদা সর্ব্বং তদা স্যাদশুভং মহৎ।
হানির্দুঃখং মহাক্লেশং ধননাশঞ্চ জায়তে।
মরণং ঘাতদাহাদি তদ্দিনে জায়তে ধ্রুবং।
তস্মিন্ দিনে চ যারোগোজায়তে পুরুষস্য চ।
অসাধ্যঃ সভবেদ্রোগোমৃত্যুক্লেশাদিকারকঃ।
গণিত্বা নির্ণয়ং বর্ষং তস্মাৎ সর্ব্বং বিধীয়তে॥

সন্ধ্যাস্বরের কি অন্তস্বরের বর্ষ মাস, দিন, তিথি নক্ষত্র ও বার যদি যথাক্রমে সন্ধ্যাস্বরে কি অন্তস্বরে পতিত হয়, তবে মানবের মহৎঅশুভ, হানি দুঃখ, অতিশয় ক্লেশ, ধননাশ ও মরণ হইবে ; আঘাত কি দাহাদি ও হইতে পারে। ঐ দিনে মনুষ্যের রোগ হইলে চিকিৎসার অসাধ্য হইয়া মৃত্যু ও ক্লেশদায়ক হয়। কিন্তু রিষ্টবর্ষ গণনা করিয়া ঐ সকল রিষ্ট দেখিতে হইবে।

ইতি মৃত্যুনির্ণয়।

অথ বালাদিচক্রগণনং।

অস্বরে মেষসিংহালিস্বরে স্ত্রীমিথুনকর্কটাঃ।
উস্বরে চাপমীনঞ্চ এস্বরে চ তুলাবৃষৌ।
ওস্বরে মৃগকুম্ভৌ চ রাশীনাং স্বরনির্ণয়ঃ॥

রাশিদিগের স্বরনির্ণয় হইতেছে। অকারস্বরে মেষ, সিংহ ও বৃশ্চিক, ইকারস্বরে কন্যা, মিথুন ও কর্কট, উকারস্বরে ধনু ও মীন একারস্বরে তুলা ও বৃষ এবং ওকার স্বরে মকর ও কুম্ভ সংস্থাপন করিতে হয়।

স্বরাধঃ স্থাপয়েৎ খেটান্ রাশের্যোযস্য নায়কঃ।
সস্বরস্তস্য খেটস্য গ্রহস্বরইহোদিতঃ॥

স্বরের নিম্নে রাশি সংস্থাপন পূর্ব্বক যে রাশির যে গ্রহ অধিপতি তাহাও সংস্থাপন করিতে হইবে। যে স্বরে যে গ্রহ পতিত হইবে সেই স্বরকেই সেই গ্রহের স্বর জানিবে।

অকারে সপ্তঋক্ষাণি রেবত্যাদিক্রমেণ তু।
পঞ্চপঞ্চ ইকারাদৌ এও হেবং প্রকীর্ত্তিতং॥

অধুনা স্বরের নক্ষত্র নির্ণয় করা যাইতেছে। অকারস্বরে রেবতী প্রভৃতি সপ্তনক্ষত্র, ইকারস্বরে পঞ্চনক্ষত্র, উকারস্বরে পঞ্চনক্ষত্র একার স্বরে পঞ্চনক্ষত্র এবং ওকার স্বরে পঞ্চনক্ষত্র স্থাপন করিবে।

নক্ষত্রনির্ণয়ঃ।

অথ উদিতাদীনাং সংজ্ঞান্তরং।

পঞ্চ বালাদিকাবস্থা নাম্নশ্চাক্ষরতস্তথা।
আদ্যোবালঃ কুমারশ্চ যুবা বৃদ্ধোমৃতস্তথা।
নিজাবস্থাস্বরূপেণ ফলদানাত্র সংশয়ঃ।

উদিতাদি পঞ্চস্বরের সংজ্ঞান্তর কথিত হইতেছে। নামের আদি অক্ষর যে খানে প্রাপ্ত হওয়া যায়তাহার নাম উদিতস্বর, ইহারই নামান্তর বাল। ভ্রমিত স্বরের নাম কুমার, ভ্রান্তস্বরের নাম যুবা, সন্ধ্যাস্বরের নাম বৃদ্ধ এবং অস্তস্বরের নাম মৃত। এই সকল স্বরের স্বীয় অবস্থানুসারে মানবের শুভাশুভ ফল নিশ্চয় হইবে।

অথ বালাদীনাং ফলং।

কিঞ্চিল্লাভকরোবালঃ কুমারস্ত্বর্দ্ধলাভকৃৎ।
সর্ব্বসিদ্ধিং যুবা দত্তে বৃদ্ধে হানির্ম্মৃতে ক্ষয়ঃ॥

বালাদিস্বরের ফল বর্ণিত হইতেছে। বালস্বরে কিঞ্চিৎ লাভ, কুমার স্বরে অর্দ্ধলাভ; যুবাস্বরে সর্ব্বসিদ্ধি বৃদ্ধস্বরে হানি এবং মৃতস্বরে মানবের মরণ হয়।

যাত্রাযুদ্ধে বিবাদে চ নষ্টে দুষ্টে রুজান্বিতে।
বালস্বরোভবেৎ শ্রেষ্ঠোবিবাহাদিশুভে গুরুঃ।

যাত্রা, যুদ্ধ, বিবাদ, শঠতা দূষণীয় কার্য্য ও রোগে বালস্বর শুভ হয়, বিশেষতঃ বিবাহাদি শুভ কার্য্যেও বালস্বর শ্রেষ্ঠ হইয়া থাকে।

সর্ব্বেষু শুভকার্য্যেষু যাত্রাযুদ্ধে বিশেষতঃ।
কুমারঃ কুরুতে সিদ্ধিং যুবা বৃদ্ধৌ বিশেষতঃ॥

সকল শুভকার্য্যে, যাত্রাতে এবং যুদ্ধে কুমারস্বর প্রশস্ত হয়, যুবাস্বর বৃদ্ধি নিমিত্তক কার্য্যে অধিক শুভফলদায়ক হইয়া থাকে।

দানে দেবার্চ্চনে চৈব দীক্ষামন্ত্রপ্রকল্পনে।
বৃদ্ধস্বরোভবেস্তব্যোরণে ভঙ্গোভয়ঙ্গমে॥

দানকার্য্যে, দেবার্চ্চনে দীক্ষাকর্ম্মে ও মন্ত্রণাতে বৃদ্ধস্বর শুভদায়ক হন ; কিন্তু উক্তস্বরে যুদ্ধ করিলে রণে ভঙ্গ এবং যাত্রা করিলে ভয় হইবে।

বিবাহাদি শুভং সর্ব্বং সংগ্রামাদ্য শুভং তথা।
ন কর্ত্তব্যং মৃতৌ কিঞ্চিদ্গতে মৃত্যুঃ স্বরোদয়ে॥

বিবাহাদি যাবতীয় শুভকর্ম্ম ও যুদ্ধাদি সকল অশুভকার্য্য মৃতিস্বরে কর্ত্তব্য নহে। উক্ত স্বরে কর্ম্ম করিলে মানবের মৃত্যু হইবে।

তিথিবারশ্চ নক্ষত্রং যদ্দিনে চ ভবিষ্যতি।
তদ্দিনে বর্জ্জয়েৎ সর্ব্বং হানির্ম্মৃত্যুকরং পরং॥

মৃতস্বরের তিথিবার ও নক্ষত্র যে দিন হইবে তাহাতে কর্ম্ম করিলেই হানি ও মৃত্যু হইয়া থাকে।

বালাদিচক্রকথনং।

ইতি পঞ্চস্বরাঃ।

অথ সর্ব্বতোভদ্রচক্রং।

অথাতঃ সংপ্রবক্ষ্যামি চক্রং ত্রৈলোক্যদীপনং।
বিখ্যাতং সর্ব্বতোভদ্রং সদ্যঃ প্রত্যয়কারকং॥ ১

অনন্তর স্বর্গমর্ত্ত্য পাতাল এই ত্রিভুবনদীপ্তি কারক প্রত্যক্ষ বিশ্বাস উৎপাদনকারী অতি বিখ্যাত সর্ব্বতোভদ্র চক্রের বিষয় বলিব॥ ১

ঊর্দ্ধগাদশ বিন্যস্য তির্য্যগ রেখাস্তথা দশ।
একাশীতিপদং চক্রং জায়তে নাত্র সংশয়ঃ॥ ২

ঊর্দ্ধদি গগামিনী দশটী রেখা তদুপরি বক্রভাবে দশটী রেখাপাত করিতে হইবে তাহাতে একাশীটী ঘর হইবে॥ ২

অকারাদি স্বরাঃ কোষ্ঠে ঈশাদিবিদিশি ক্রমাৎ।
প্রদক্ষিণক্রমাজ্‌জ্ঞেয়া জ্যোতিঃশাস্ত্র বিশারদৈঃ *॥ ৩

* পাঠান্তরং। সৃষ্টিমার্গেন দাতব্যাঃ ষোড়শৈবং চতুর্দ্রমং

ঈশানে ঞ, অগ্নিকোণে ঌ, নৈঋর্তে এ ও বায়ুকোণে ঐ, এবং ৪র্থ লাইনের ঈশানের ঘরে ও, অগ্নিকোণে ঔ, নৈঋর্তে অং ও বায়ুর ঘরে অঃ এই ষোলটী স্বরবর্ণ বসাইবে॥ ৩

কৃত্তিকাদীনি ধিষ্ট্যানি পূর্ব্বাশাদি লিখেত্ততঃ।
সপ্ত সপ্তক্রমেণৈব অষ্টাবিংশতিসংখ্যয়া॥ ৪

কৃত্তিকাদি ২৮টী নক্ষত্র সাতটী করিয়া পূর্ব্বাদি চারিটীদিকে পূর্ব্ব, দক্ষিণ পশ্চিম ও উত্তর দিয়া যথাক্রমে অভিজিৎ সমেত ২৮টী, লিখিবে। পূর্ব্বদিকে কৃত্তিকা হইতে ৯ অশ্লেষা পর্য্যন্ত, দক্ষিণদিকে ১০ সংখ্যা হইতে ১৬ বিশাখা পর্য্যন্ত সাতটী, পশ্চিমদিগের সাতটী ঘরে ১৭ অনুরাধা হইতে ২২ শ্রবণা পর্য্যন্ত সাতটী উত্তরদিগের ৭টী প্রথম পংক্তিতে ২৩ ধনিষ্ঠা হইতে ৭টী সর্ব্বসমেত এই আঠাইশটী নক্ষত্র বসাইবে॥ ৪

অবকহডাঃ পূর্ব্বস্যাং মটপবতা দক্ষিণস্যাং।
নযভ জথাবারুণ্যাং গশদচলাশ্চোত্তরে দেয়াঃ॥ ৫

পূর্ব্বদিকের দুইয়ের লাইনে পাঁচটী কোষ্ঠার অ ব ক হ ড় এই পাঁচটী অক্ষর, দক্ষিণদিকে ২য় লাইনের কোষ্ঠার পাঁচটী ঘরে ম ট প র ভ এই পাঁচটি অক্ষর, পশ্চিমদিকে দ্বিতীয় পংক্তির পাঁচটী কোষ্ঠার ন য় ড জ থ এই পাঁচটী বর্ণ ও উত্তরদিকের ২য় লাইনে পাঁচটী ঘরে গ স দ চ ল এই পাঁচটী অক্ষর লিখিবে॥ ৫

ত্রয়স্ত্রয়োবৃষাদ্যাশ্চ পূর্ব্বাদ্বিক্রমতো *বুধৈঃ।
রাশয়োদ্বাদশ স্থাপ্যামেষাস্তাদক্ষমার্গতঃ॥ ৬

প্রদক্ষিণ করিয়া পূর্ব্ব, দক্ষিণ পশ্চিম উত্তর দিকে তিন তিনটী করিয়া বর্ষাদি ১২টী রাশি বসাইবে। পূর্ব্বদিকের তৃতীয় পংক্তির তিনটী কোষ্ঠায় বৃষ, মিথুন, কর্কট দক্ষিণ দিকে তৃতীয় পংক্তির তিনটী ঘরে সিংহ, কন্যা, তুলা, পশ্চিমদিকের তৃতীয় লাইনের তিনটী ঘরে বৃশ্চিক

*পূর্ব্বাশাদি বুধৈঃ ক্রমাৎ স্থষ্টিমার্গতঃ পাঠান্তরং

ধনুঃ মকর ; এবং উত্তর দিকের তৃতীয় তিনটী ঘরে কুম্ভ মীন ও মেষ এই দ্বাদশরাশি যথাক্রমে স্থাপন করিবে। ৬

শেষেষু কোষ্ঠকেষ্বেবং নন্দাদিতিথিপঞ্চকং।
ভৌমাদিত্যৌ চ নন্দায়াং ভদ্রায়াং বুধশীতগুঃ।
জয়ায়াঞ্চ গুরুঃ প্রোক্তঃ রিক্তায়াং ভার্গবস্তথাঃ।
পূর্ণায়াং শনিবারশ্চলেখ্যং চক্রেঽত্র নিশ্চিতং।
সর্ব্বতোভদ্রবিস্তার ইত্যেবং কথ্যতে ময়া॥
বারাণাং সপ্তকং লেখ্যং ভৌমাদ্যং তত্তিথিক্রমাৎ॥ ৭

চতুর্থ কোষ্ঠার পূর্ব্বাদি চারি খোপে নন্দাদি চারিটী তিনি ও মধ্য ঘরে পূর্ণা তিথি যথাক্রমে বসাইবে। পূর্ব্বঘরে নন্দা (১, ৬, ১১) দক্ষিণ ঘরে ভদ্রা (২, ৭, ১২) পশ্চিম দিকের জয়া (৩, ৮, ১৩) উত্তর দিকের ঘরে রিক্ত (৪, ৯, ১৪) এবং পঞ্চম কোষ্ঠার মধ্য ঘরে পূর্ণা (৫, ১০, ১৫, ২৬) বসাইবে ও নন্দার ঘরে রবি, মঙ্গল ; ভদ্রার ঘরে চন্দ্র ও বুধ, জয়ার ঘরে বৃহস্পতি রিক্তার ঘরে শুক্র ও পূর্ণার ঘরে শনি এই সাতটী গ্রহ বসাইবে॥ ৭

ইত্যেষঃ সর্ব্বতোভদ্রপ্রকারঃ কথিতোময়া।
ঊর্দ্ধদৃষ্টিশ্চ ভৌমার্কৌ কেকরৌ বুধভার্গবৌ।
সমদৃষ্টিশ্চ জীবেন্দু শশিরাহু রধোদৃশৌ।
নীচস্থিতোর্দ্ধদৃষ্টিশ্চ উচ্চৈবুধো নিরীক্ষয়েৎ।
সমশ্চ পাঞ্চজে দৃষ্টিস্ত্রিধা দৃষ্টি প্রবাচ্যতে
শন্যর্করাহুকেত্বারাঃ ক্রূরাঃ শেষাঃ শুভাগ্রহাঃ॥ ৮

সর্ব্বতোভদ্র চক্র লিখিবার এই নিয়ম বলা হইল॥ ৮

ক্রূরযুক্তোবুধঃ ক্রূরঃ ক্ষীণচন্দ্রস্তথৈব চ।
যস্মিন্নৃক্ষে স্থিতঃ খেটস্ততোবেধত্রয়ং ভবেৎ।
গ্রহদৃষ্টিবশেনাত্র বামদক্ষিণেসংমুখে॥ ৯

শনি, রবি, রাহু, কেতু ও মঙ্গল ইহারা ক্রূরগ্রহ। সোম বুধ, গুরু

শুক্র শুভগ্রহ। ক্রূর গ্রহের সঙ্গে থাকিলে বুধ ও ক্রূর হয়। ক্ষীণ চন্দ্রও ক্রূর। এই সর্ব্বতোভদ্র চক্রে যে নক্ষত্রে গ্রহ অবস্থিতি করে সেই গ্রহ হইতে বামে সম্মুখে ও দক্ষিণে এই তিন প্রকার বোধ হয়॥ ৯

ভুক্ত্যং ভোগ্যং তথা ক্রান্তং বিদ্ধং ক্রূরগ্রহেণ ভং॥
শুভাশুভেষু কার্য্যেষু বর্জ্জনীয়ং প্রযত্নতঃ॥ ১০

ক্রূরগ্রহ কর্ত্তৃক ভুক্ত, আক্রান্ত, ভোগ্য ও বিদ্ধ নক্ষত্রগণ শুভাশুভ কার্যে বিচার করিয়া যত্ন পূর্ব্বক পরিত্যাগ করা উচিত॥ ১০

বক্রগে দক্ষিণাদৃষ্টির্ব্বামাদৃষ্টিশ্চ শীঘ্রগে॥
মধ্যাচারে * অথা মধ্যা জ্ঞেয়া ভৌমাদিপঞ্চকে †॥ ১১

মঙ্গল, রাহু, কেতু, রবি শনি এই পাঁচটী ক্রুর গ্রহ বক্রগামী হইলে দক্ষিণে, শীঘ্রগামী হইলে বামে ও মধ্যগামী হইলে মধ্যে অর্থাৎ সম্মুখে দৃষ্টি হইবে, বামে, দক্ষিণে, সম্মুখবোধ সে সকল অক্ষর, নক্ষত্র তিথি প্রভৃতি লিখিত আছে তাহার ফল দেখাইবে॥ ১১

সূর্য্যমুক্তা উদীয়ন্তে সূর্য্যগ্রস্তগামিনঃ।
গ্রহাদ্দ্বিতীয়গে সূর্য্যেস্ফুরদ্বিম্ব কুজাদয়ঃ॥
সূর্য্যযুক্তাগ্রহাঃ শীঘ্রাস্তথা চার্কে দ্বিতীয়গে।
সমাস্তৃতীয়গে জ্ঞেয়া মন্দাভানৌ চতুর্থগে।
বক্রাঃস্যু পঞ্চষষ্ঠেঽর্কে অতিবক্রানগাষ্টগে॥
নবমে দশমে ভানৌ জায়তে সহজাগতিঃ।
দ্বাদশৈকাদশে সূর্য্যে লভন্তে শীঘ্রতাং পুনঃ॥
রবিস্থিত্যংশকত্রিংশদ্বধেঃ সংখ্যাত্র কল্পতে।
ন তু রাশ্যন্তরস্পর্শাদ্দ্বিতীয়াদিনিরূপণং॥ ১২

যাবদীয় গ্রহ ও নক্ষত্রের উদয়াস্ত হয়। সূর্য্যের পূর্ব্বে উদয় ও পশ্চাতে অস্ত হয়। এই হেতু রবিভ্রষ্ট গ্রহগণ সূর্য্যের দ্বিতীয় গ্রহে

* সং মুখী মধ্যাচারে চ ইতি পাঠান্তরং।

† ভৌমাদিত্যক্রমেণ ইতি চ পাঠান্তরং।

থাকে ও শীঘ্রগামী হইয়াথাকে। সূর্য্যের তৃতীয় গ্রহগণ সম, চতুর্থে মন্দ, পঞ্চমে ও ষষ্ঠে বক্র, সপ্তমে ও অষ্টমে অতিবক্রগামী হয়, সূর্য্য হইতে নবম ও দশমে থাকিলে সহজ বা কুটিল গতি, একাদশ ও দ্বাদশ রাশিতে পুনরায় শীঘ্রগামী হয়। সূর্য্য হইতে দ্বিতীয়াদি গ্রহ স্থির করিতে হইলে ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ১০, ১১ ও ১২ সংখ্যাতে ৩০ দিয়া গুণ করিলে দ্বিতীয়াদি জনিত, সম, মন্দ, বক্র অতিবক্র ও কুটিলগতি স্থির হয়। যথা ৬০ অংশে শীঘ্র, ৯০ অংশে সম, ১২০ অংশে মন্দ ১৮০ অংশে বক্র ২৪০ অতিবক্র, ৩০০ অংশে কুটিল ও ৩৬০ অংশে পুনর্ব্বার শীঘ্রগতি হয়। রাশিগত হইলেই দ্বিতীয়াদি নিরূপিত হয় না। অংশ জ্ঞাত হইলেই দ্বিতীয়াদি গৃহ স্থিরীকৃত হয়॥ ১২

রাহুকেতু সদা বক্রৌ শীঘ্রগৌ চন্দ্রভাস্করৌ।
গতেরেকস্বভাবত্বাদেষাং দৃষ্টিত্রয়ং সদা॥
ক্রুরাবক্রামহাক্রুরাঃ সৌম্যাবক্রামহাশুভাঃ।
তে স্যুঃ সহজভাবস্থাঃ সৌম্যাঃক্রুরাশ্চ শীঘ্রগাঃ॥ ১৩

রাহু ও কেতু সর্ব্বদাই বক্রগতি, চন্দ্র ও সূর্য্য শীঘ্র গতি হয়। এই কারণে ইহাদের স্বভাবগত গতির জন্যই তিন প্রকার দৃষ্টি, অর্থাৎ, বাম দক্ষিণ ও মধ্য দৃষ্টি হয়। ক্রুরগ্রহগণ বক্রগামী হইলে মহাক্রুর হয়। শুভগ্রহ বক্রগামী হইলে মহাশুভ হয়, শুভ গ্রহগণ আপন আপন ঘরে থাকিয়া সরল গতি হইলে অতিশুভ হয়। ক্রুর গ্রহগণ আপন ঘরে থাকিয়া শীঘ্র গামী হইলে শুভ হয়॥ ১৩

ঘঙছা ষণঠাশ্চৈব ধফঢাস্থঝঞাস্তথা।
এতত্রিকং ত্রিকং বিদ্ধং বিদ্ধে কপভদৈঃ ক্রমাৎ।
ঘঙছা রৌদ্রভে বেধে ষণঠাহস্তভে গ্রহে।
ধফঢাঃ পূর্ব্বষাঢ়ায়াং থঝঞাভাদ্রউত্তরে॥ ১৪

সর্ব্বতোভদ্রচক্রের বাহিরে পূর্ব্বদিকে ঘ ঙ ছ, দক্ষিণে ষ ণ ঠ, পশ্চিমে ধ, ফ ঢ, ও উত্তরে—থ ঝ ঞ লিখিবে। পূর্ব্বদিকের ক কারের সহিত

ক্রমের ঘ ষ ছ এই তিন অক্ষরে বেধ ; পকারের সহিত ষ ণ ঠ, ভকারের সহিত ধ ফ ঢ়, ও দকারের সহিত থ ঝ ঞ এর বেধ হয়। ঐরূপ ৬ আর্দ্রা, ১৩ হস্তা, ২০ পূর্ব্বাষাঢ়া ২৬ উত্তরভাদ্রপদ প্রভৃতির পূর্ব্বক-কারাদির ন্যায় বেধ জানিবে ॥ ১৪

রবৌ শসৌ খষৌ চৈব জযৌ নণৌ পরস্পরং।
একেন স্বয়ং জ্ঞেয়ং শুভাশুভগ্রহব্যধে ॥ ১৫

র ব, শ স, খ ষ, জয় ণ ন এই দুই দুইটা অক্ষর প্রত্যেকেই পরস্পর সমান। শুভ ও অশুভ গ্রহের দুইবার মধ্যে যে কোনটী সিদ্ধ হইলে অপরটী বেধযুক্ত হয় ॥ ১৫

অবর্ণাদিস্বরবন্দ্বে ত্বেকবেধাদ্দ্বয়োর্ব্ব্যধঃ।
যুগ্মবর্ণাত্মকে বেধে অনুস্বারবিসর্গয়োঃ ॥ (খ) ১৬

অ হইতে অঃ পর্য্যন্ত এই চৌদ্দটি স্বর বর্ণের যথাক্রমে প্রত্যেক দুইটির মধ্যে একটীর বেধ হইলে অপরটীরও বেধ হয়। ঐ যুগ্মস্বর বেধের ন্যায় অনুস্বার ও বিসর্গেরও বেধ হয় ॥ ১৬

কোণস্থঋক্ষয়োর্ম্মধ্যে অন্ত্যাদিপাদগে গ্রহে।
অকারাদিচতুস্কে তু বেধঃ পূর্ণতিথৌ তথা ॥ ১৭

ষ্ট ঈশানে, ভরণী ও কৃত্তিকা, অগ্নিকোণে অনেষা ও মঘা, নৈর্ঋতকোণে বিশাখা অনুরাধা, ও বায়ুকোণে শ্রবণা ও ধনিষ্ঠা এই প্রত্যেক দুই দুইটীর শেষ ও প্রথম পাদে গ্রহ থাকিলে অ আ, ই ঈ, উ ঊ, ঋ ৠ, ঌ ৡ, এই; ও ঔ অং অঃ এই চারি কোণের চারি চারিটী অক্ষর ও পূর্ণা তিথির বেধ হয়। ভরণীর অন্ত্য পাদ ও কৃত্তিকার প্রথম পাদস্থ গ্রহ আ ই ঈ ও মধ্য ঘরের পূর্ণাতিথির বেধ হয়। এই প্রকারে পূর্ণাতিথির সহিত আদ্য ও অন্ত্য পাদ বিচারে চারিটী চারিটি স্বরবর্ণ, নক্ষত্রের বেধ হইয়া থাকে ॥ ১৭

খ। অকারাদিযুগ্মবর্ণাত্মকবেধবদনুস্বার বিসর্গয়োরেকবেধাদুভয়বেধ-ইত্যর্থঃ।

একাদিক্রূরবেধেন ফলং পুংসাং প্রজায়তে।
উদ্বেগশ্চ ভয়ং হানির্ব্ব্যাধির্ম্মৃত্যুঃ ক্রমেণ চ ॥ ১৮

শনি, রবি, রাহু, কেতু ও মঙ্গল এই পাঁচটি ক্রুর গ্রহের বেধ হইলে উদ্বেগ, ভয় হানি, ব্যাধি ও মরণ হয় ক্রম অনুসারে ফলস্থির করিবে।·১৮

ঋক্ষেভ্রমোঽক্ষরে হানিঃ স্বরে ব্যাধির্ভয়ং তিথৌ।
রাশৌ বিদ্ধে মহাবিঘ্নঃ পঞ্চবিদ্ধোন জীবতি ॥ ১৯

নক্ষত্র পাপগ্রহের দ্বারা বিদ্ধ হইলে ভ্রান্তি ও অক্ষরে ক্ষতি; স্বরে পীড়া তিথিতে ভয় রাশিতে মহাবিঘ্ন হয়। আর ঐ পাঁচটীই বিদ্ধ হইলে মৃত্যু হয় ॥ ১৯

একবেধে ভয়ং যুদ্ধে যুগ্মবেধে ধনক্ষয়ঃ।
ত্রিবেধে তু ভবেদ্‌ভঙ্গো মৃত্যুর্ব্বেধচতুষ্টয়ে ॥ ২০

একটী পাপগ্রহে বেধে যুদ্ধেভয়, দুইটীতে অর্থক্ষয়, তিনটীতে যুদ্ধভঙ্গ চারিটীতে মৃত্যু হয় ॥ ২০

দৃষ্টিত্রয়ে উদাহরণমাহ।

ভরণ্যকারবৃষভং নন্দাং ভদ্রাং তুলাঞ্চ ভং।
বিশাখাং হরিভং বিধ্যেদ্‌গ্রহআগ্নেয় সংস্থিতঃ। ২১

অগ্নিকোণস্থ গ্রহ ভরণী অকার, বৃষ রাশি, নন্দা, ভদ্রা, জয়া, তুলারাশি বিশাখা ও ধনিষ্ঠা নক্ষত্রকে বিদ্ধ করে ॥ ২১

উদাহরণান্তরমাহ।

বংযুগ্মমৌস্বরং কন্যাং রেফং স্বাতীমুকারকং।
অশ্বিনীং রোহিণীস্থোঽভিজিদ্‌ভমেবং পরেষ্বপি ॥ ২২

বকার, মিথুনরাশি, কন্যা, ঔকার রকার স্বাতীনক্ষত্র ও রোহিনীস্থ হইলে অভিজিৎনক্ষত্র ও অশ্বিনীকে বিদ্ধ করে ॥ ২২

যথা দুষ্টফলাঃ ক্রুরাস্তথা সৌম্যাঃ শুভপ্রদাঃ।
ক্রূরযুক্তশ্চ সৌম্যোবৈ জ্ঞেয়ঃ ক্রূরফলপ্রদাঃ ॥ ২৩

যেমন ক্রূরগ্রহগণ অশুভ, তেমনি শুভগ্রহগণ শুভ ফলদায়ী, কিন্তু বুধ শুভগ্রহ পাপগ্রহের মিলনে অশুভ হয়॥ ২৩

অর্কবেধে মনস্তাপোদ্রব্যহানিশ্চ ভূসুতে।
রোগপীড়াকরঃ সৌরীরাহুকেতূ চ বিঘ্নদৌ॥ ২৪
চন্দ্রে মিশ্রফলং পুংসাং রতিলাভশ্চ ভার্গবে৭
বুধবেধে ভবেৎ প্রাজ্ঞজীবঃ সর্ব্বশুভপ্রদঃ॥ ২৫

রবির বেধে মনস্তাপ, মঙ্গলের বেধে দ্রব্যহানি, শনির রোগ, রাহু ও কেতু বিঘ্নদায়ী ক্ষীণচন্দ্রে অশুভ ও বলবান চন্দ্রে, শুভ, ফল দিয়া থাকেন এই জন্যই মিশ্র ফল। শুক্র রতিলাভ, বুধেব বেধে বুদ্ধি তীক্ষ্ণতা, বৃহস্পতির বেধে সর্ব্বপ্রকার শুভ হয়॥ ২৪॥২৫

স্বক্ষেত্রস্থে বলং পূর্ণং পাদোনং মিত্রগে গ্রহে।
অর্দ্ধং সমগৃহে প্রোক্তং পাদং শত্রুগৃহে স্থিতে॥ ২৬

গ্রহগণ স্বক্ষেত্রে পূর্ণবলী মিত্রগৃহে তিনপোয়া সম গ্রহের ঘরে অর্দ্ধ, ও শত্রুগৃহে একপোয়া ফলদিয়া থাকেন॥ ২৬

ইদন্তু সৌম্যখেটানাং বলং স্থানবশাৎ স্মৃতং।
এতদেব ফলং বোধ্যং খেটক্রূরৈর্ব্বিপর্য্যয়াৎ॥ ২৭

অবস্থান বশতঃ এই প্রকারে শুভ ও অশুভ গ্রহের ফল সাধন হয়। ক্রূর গ্রহগণ এই প্রকারে অবস্থিত হইলে বিপরীত ফল অর্থাৎ অশুভ হয়। ক্রূরগ্রহগণ স্বক্ষেত্রে ১ পোয়া মিত্রগ্রহ মাসে তিন পোয়া হয়॥ ২৭

স্থানবেধসমাযোগে যৎসংখ্যং জায়তে বলং।
তৎসংখ্যং বেধ্যবস্থানাৎ ফলং জ্ঞেয়ং বিচক্ষণৈঃ॥২৮

স্থান বেধ বশতঃ যে পরিমাণে গ্রহগণের বল স্থির হয় বেধাদি অবস্থানে ও বিচক্ষণ পণ্ডিতেরা সেই ফল স্থির করিয়া থাকেন। ২৮

দৃষ্টিহীনে পুনর্ব্বেধে ন স্যাৎ কিঞ্চিচ্ছুভাশুভং।
গ্রহাঃ সৌম্যাস্তথা ক্রূরাবক্রাঃ শীঘ্রোচ্চনীচগাঃ॥ ২৯

শুভ,ক্রূর, বক্র, শীঘ্র উচ্চ ও মন্দগামী গ্রহগণের বেধস্থানে দৃষ্টি না থাকিলে শুভ কি অশুভ কোন ফল হয় না। ২৯

স্থানঞ্চ বেধ্যমিত্যেবং বলং জ্ঞাত্বা ফলং বদেৎ।
বক্রগ্রহে ফলং বিঘ্নং ত্রিগুণং স্বোচ্চসংস্থিতে ॥॥ ৩০

বেধযুক্ত স্থানের বল জানিয়া শুভাশুভ ফল বলিবে। বক্রগ্রহে বিঘ্ন, উচ্চস্থ গ্রহে ত্রিগুণ ফল হয়।

স্বভাবজং ফলং শীঘ্রে নীচস্থে হর্দ্ধফলোগ্রহঃ।
তিথিরাশ্যংশনক্ষত্রং বিদ্ধং ক্রুরগ্রহেণ যৎ ॥
সর্ব্বেষু শুভকার্য্যেষু বর্জ্জয়েত্তৎপ্রযত্নতঃ ॥ ৩১

শীঘ্রগামী গ্রহ স্বাভাবিক ফল, নীচগামী হইলে অর্দ্ধ ফল, তিথি, রাশির অংশ ও নক্ষত্র বিদ্ধ হইলে যত্নপূর্ব্বক তাহাদিগকে শুভকার্য্যে পরিত্যাগ করিবে। ৩১

ন নন্দতি বিবাহে চ যাত্রায়াং ন নিবর্ত্ততে।
রোগান্ন মুচ্যতে রোগী বেধবেলাকৃতোদ্যমঃ ॥ ৩২

বেধকালে উদ্যত ব্যক্তি বিবাহে আনন্দ লাভ করে না, যাত্রা হইতে নিবৃত্ত হয় না ও রোগ হইতেও মুক্তিলাভ করে না। ৩২

রোগকালে ভবেদ্‌বেধঃ ক্রুরখেচরসম্ভবঃ।
বক্রগত্যা ভবেন্মৃত্যুঃ শীঘ্রে চাপ্যরুজান্বিতঃ ॥ ৩৩

রোগের সময় ক্রূরগ্রহ কর্ত্তৃক বেধ হইয়া ঐ গ্রহ বক্রগামী হইলে মৃত্যু হয়, শীঘ্রগামী হইলে নিরোগী হয়। ৩৩

বেধস্থানে রণেভঙ্গোদুর্গে খণ্ডি প্রজায়তে।
কবি (১) প্রবেশনং তত্র যোধাঘাতশ্চ তত্র বৈ ॥ ৩৪

বেধ হইলে রণে ভঙ্গ হয়, দুর্গ খণ্ড হয় ও চৌরযোদ্ধা শত্রু কর্ত্তৃক আদৃত হয়। ৩৪

১। কবিশ্চৌব যোদ্ধা।

যত্র পূর্ব্বাদিকাষ্ঠায়াং বৃষরাশ্যাদিগোরবিঃ।
সাদিগস্তমিতাজ্জ্ঞেয়া শেষাস্তিস্রঃ সদোদিতাঃ॥ ৩৫

রবি পূর্ব্বদিকে বৃষাদি রাশিতে গমন করিলে, সেই দিককে অস্তমিত বলা হয়। আর শেষ তিনটী দিক উদয়যুক্ত বলা হয়। ৩৫

ঈশানস্থাঃ স্বরাঃ প্রাচ্যাং জ্ঞেয়াযাম্যামথাগ্নিগাঃ।
নৈঋতস্থাশ্চ বারুণ্যাং বায়ব্যাং সৌম্যগামতাঃ॥ ৩৬

ঈশান কোণস্থ চারিটী স্বরবর্ণ পূর্ব্বদিকেই ধরিতে হইবে। অগ্নি-কোণের গুলি দক্ষিণদিকে, নৈর্ঋত কোণের গুলি পশ্চিমদিকে ও বায়ু-কোণের গুলি উত্তরদিকস্থ অস্তমিত মনে করিবে। সূর্য্যস্থিত রাশির চারিদিকে তিনটা রাশি ধরিবে। ৩৬

নক্ষত্রাণি স্বরাবর্ণারাশয়স্তিথয়োদিশঃ।
তে সর্ব্বেঽস্তমিতাজ্জ্ঞেয়াযত্র ভানুস্ত্রিমাসিকঃ॥ ৩৭

রবি যে দিকে যে তিন মাস থাকেন সেই দিকে রাশি, নক্ষত্র, স্বর, ব্যঞ্জন ও তিথি প্রভৃতিকে অস্তমিত মনে করিতে হইবে। ৩৭

নক্ষত্রেঽস্তে রুজাবর্ণে হানিঃ শোকঃ স্বরেঽস্তগে।
রাশৌ বিঘ্নস্তিথৌভীতিঃ পঞ্চাস্তে মরণং ভবেৎ॥ ৩৮

অস্তমিত নক্ষত্রে রোগ, ব্যঞ্জন বর্ণে হাসি, স্বরে শোক, রাশিতে বিঘ্ন, তিথিতে ভয়, আর সেই পাঁচটীই অস্তমিত হইলে মৃত্যু হয়। ৩৮

যাত্রাযুদ্ধং বিবাদশ্চ দ্বারং প্রাসাদহর্ম্ম্যয়োঃ।
ন কর্ত্তব্যং শুভং চান্যদস্তাশাভিমুখং নরৈঃ॥ ৩৯

অস্তগত দিকের অভিমুখে কেহ যাত্রা, যুদ্ধ, বিবাদ, বাটী ও অট্টালিকার দ্বারা নির্ম্মাণ করিবে না। ৩৯

অস্তাশায়াং স্থিতং যস্য নাম্নং প্রথমমক্ষরং।
স আর্ত্তঃ সর্ব্বকার্য্যেষু জ্ঞেয়োদৈবহতোনরঃ॥ ৪০

যে ব্যক্তির নামের প্রথম অক্ষর অস্তমিত দিকে থাকিবে সেই বিধি বিলাসযুক্ত ব্যক্তি সকলকার্য্যেই শোক সন্তপ্ত হইয়া থাকে। ৪০

করৌ কোষ্ঠে তথা দ্বন্দ্বে চাতুরঙ্গমহাহবে।
বর্জ্জ্যাশ্চাস্তংগতাযোধাযদীচ্ছেদ্বিজয়ং রণে॥ ৪১

যুদ্ধে জয়াশাকারী ব্যক্তি যে দিকে তাঁহার নামের আদ্য অক্ষর বিদ্ধ হইয়া সে দিকে যাইবেন না। সেই দিকে কূটযোদ্ধা প্রবেশ, দ্বন্দ্বযুক্ত বা চতুরঙ্গ বলযুক্ত হইয়াও যুদ্ধ করিবে না। ৪১

নক্ষত্রেঽভ্যুদিতে পুষ্টির্ব্বর্ণেলাভং স্বরে সুখং।
রাশৌ জয়স্তিতৌ তেজঃ পদাপ্তিঃ পঞ্চকোদয়ে॥ ৪২

উদিত দিকে নক্ষত্র থাকিলে পুষ্টি, বর্ণে লাভ, স্বরে সুখ, রাশিতে জয়, তিথিতে তেজঃ ও পাঁচটীই থাকিলে পদপ্রাপ্তি হয়। ৪২

প্রশ্নকালে ভবেদ্বিদ্ধং যল্লগ্নং ক্রূরখেচরৈঃ।
তদ্দুষ্টং শোভনং সৌম্যৈর্ম্মিশ্রৈর্ম্মিশ্রফলং ভবেৎ॥ ৪৩

প্রশ্ন লগ্ন ক্রূর গ্রহ দ্বারা বিদ্ধ হইলে অশুভ, শুভগ্রহ কর্ত্তৃক বিদ্ধ হইলে শুভ ও মিশ্র গ্রহ বেধে শুভাশুভ মিশ্র ফল হয়। ৪৩

গ্রহাবিদ্ধস্তু যল্লগ্নং ফলং লগ্নস্বভাবতঃ।
জ্ঞাতব্যমীক্ষিতে কেন্দ্রে ভাবিতং যচ্চরাদিকং॥ ৪৪

গ্রহবিদ্ধ লগ্ন, স্বীয় স্বভাবানুসারেই ফল হয়। কেন্দ্রে শুভাশুভ গ্রহের দৃষ্টি বিচার করিয়া চরাদি বিচার করতঃ ফল বলিবে। ৪৪

শীর্ষোদয়ে সৌম্যবিলগ্নবর্গে লগ্নেঽপি বা সৌম্যযুতে শুভং স্যাৎ।
অতোঽন্যথাত্বে তু তদন্যথাত্বং মিশ্রং বিমিশ্রৈরধিকং বলাঢ্যৈঃ॥৪৫

প্রসঙ্গ ক্রমে লগ্ন সম্বন্ধে বলিতেছেন—শীর্ষোদয় লগ্নে, কিম্বা সৌম্য, ক্ষেত্রস্থ বা সৌম্য বর্গ লগ্নে বা লগ্নে সৌম্য গ্রহের যোগ থাকিলে শুভফল হইয়া থাকে। ইহার অন্যথা হইলে অর্থাৎ ক্রূরগ্রহ দ্বারা ঐ ঐ স্থান যুক্ত অশুভ হয়, মিশ্ররাশি লগ্ন হইলে মিশ্র ফল ও বিশেষ বলযুক্ত রাশি বিশেষ ফলপ্রদ হয়। ৪৫

কেন্দ্রোপগানবমপঞ্চমগাশ্চ সৌম্যাঃ
কেন্দ্রাষ্টবর্জ্জনস্তাস্ত্রিষড়ায়সংস্থাঃ।

সর্ব্বার্থসাধনকরাঃ পরিপৃচ্ছতাং স্যু-

রেভির্ব্বিপর্য্যয়গতৈস্তু বিপর্য্যয়ঃ স্যাৎ॥ ৪৬

শুভগ্রহ কেন্দ্র বা নবম পঞ্চম গত হইলে কেন্দ্র বা অষ্টম ব্যতীত গৃহে অশুভ গ্রহ থাকিলে বা অশুভগ্রহগণ তৃতীয়, ষষ্ঠ, বা একাদশ গত হইলে প্রশ্নের সর্ব্বার্থসিদ্ধি জানিবে। ইহার বিপর্য্যয় হইলে বিপরীত ফল হয়। ৪৬

লগ্নাধিনাথোযদি কেন্দ্রগঃ স্যাত্তন্মিত্রমেতস্য চ কেন্দ্রগন্বা।

ব্যয়াষ্টকেন্দ্রাণ্যপহায় পাপা অন্যত্র যাতাযদি তচ্ছুভং স্যাৎ॥৪৭

লগ্নাধিপতি যদি কেন্দ্রস্থ হন, বা লগ্নাধিপতির মিত্রগ্রহ যদি তাহার কেন্দ্রগত হন এবং ব্যয়, অষ্টম ও কেন্দ্র ব্যতীত যদি অপর গৃহে পাপগ্রহ থাকেন তবে শুভফল হইবে। ৪৭

আদ্যোলগ্নাধিপঃকার্য্যে লগ্নে কার্য্যাধিপোযদি।

দ্বিতীয়োলগ্নপোলগ্নে কার্য্যে কার্য্যাধিপোযদি॥ ৪৮

লগ্নপঃ কার্য্যপশ্চাপি লগ্নে যদি তৃতীয়কঃ।

চতুর্থঃ কার্য্যগৌ স্যাতাং যদি লগ্নপকার্য্যপৌ॥ ৪৯

কার্য্যসিদ্ধিস্তদা জ্ঞেয়া মিত্রশ্চেদধিকং মতং।

এবং দৃষ্টিবশাজ্জে জ্ঞেয়ং ফলং তদ্বচ্চতুষ্টয়ং॥ ৫০

প্রথমত যদি লগ্নপতি কর্ম্মস্থানে ও কর্ম্মাধিপতি লগ্নে থাকেন, দ্বিতীয়তঃ যদি লগ্নপতি লগ্নে ও কর্ম্মাধিপতি কর্ম্মস্থানে থাকেন, তৃতীয়তঃ যদি লগ্নে লগ্নাধিপতি ও কর্ম্মাধিপতি অবস্থিত হন এবং চতুর্থতঃ যদি কর্ম্মস্থানে লগ্নাধিপতি ও কর্ম্মাধিপতি অবস্থান করেন তবে নিশ্চয়ই কার্য্যসিদ্ধি হইবে, পরস্পর মিত্রতা থাকিলে ফলাধিক্য কল্পনা করিবে।৪৮—৫০

পূর্ণনাড়ীস্থিতোদূতোযৎ পৃচ্ছতি শুভাশুভং।

তৎসর্ব্বং সিদ্ধিমাপ্নোতি শূন্যে শূন্যং সমীরণে॥ ৫১

এইস্থানে প্রসঙ্গতঃ স্বরোদয় সম্মতঃ প্রশ্নে দৃষ্টি প্রভৃতি বিচার করিয়া এই চারিটী যোগফল নির্দ্দেশ করা উচিত। পূর্ণনাড়ী অবস্থায় দূত শুভাশুভ

বিষয়ে যে প্রশ্ন জিজ্ঞাসা করেন তাহা সিদ্ধ হইয়া থাকে। নাসাবৎকালে সমীরণ হীন হয় তখন প্রশ্ন নিষ্ফল হয়। ৫১

আদৌ শূন্যগতঃ পৃচ্ছেৎ পশ্চাৎ পূর্ণাং বিশেদ্‌যদি।
তদা সর্ব্বার্থসিদ্ধিঃ স্যাদ্‌বামে বামং ন সংশয় ॥ ৫২

প্রশ্ন জিজ্ঞাসায় প্রথম অবস্থায় (দক্ষিণনাসা) শূন্য থাকিয়া শেষে যদি পূর্ণ হয় তবে সর্ব্বার্থ সিদ্ধি হইবে বুঝিতে হইবে; কিন্তু বামনাসা এরূপ হইলে নিষ্ফল বুঝিতে হইবে। ৫২

শ্বাসপ্রবেশকালে চেদ্দূতোজল্পতি বাঞ্ছিতং।
তস্যার্থঃ সিদ্ধিমাপ্নোতি নির্গমে নাস্তি সুন্দরং ॥ ৫৩

শ্বাসপ্রবেশকালে যদি দূত বাঞ্ছিত প্রশ্ন করেন তাহা হইলে সিদ্ধি ও নির্গমকালে প্রশ্ন হইলে সর্ব্বাঙ্গ সুন্দর ফল হইবে না। ৫৩

ঊর্দ্ধবামাগ্রতোদূতোজ্ঞেয়োবামপথস্থিতঃ।
পৃষ্ঠে দক্ষে তথাধস্তাদ্দক্ষবাহৌ গতোমতঃ ॥ ৫৪

যদি দূত ঊর্দ্ধ মুখ বা বাম মুখ হইয়া প্রশ্ন করে তবে অভীষ্টপদার্থ কর্ম্মপথস্থ এবং পৃষ্ঠ দক্ষিণে বা অধোমুখে প্রশ্ন করিলে দক্ষিণ পথে গত জানিবে। ৫৪

যাত্রাদানবিবাহেষু বস্ত্রালঙ্কারভূষণে।
শুভে কর্ম্মণি সন্ধৌ চ প্রবেশে বামগঃ শুভঃ ॥ ৫৫

যাত্রা, দান, বিবাহ, বস্ত্রালঙ্কারাদিধারণ বিবিধ শুভকর্ম্ম সন্ধি এবং গ্রাম ও গৃহাদি প্রবেশকালে বর্গনাড়ী প্রশস্ত। ৫৫

কলহদ্যূতযুদ্ধেষু স্নানভোজনমৈথুনে।
ব্যবহারে ভয়ে ভঙ্গে দক্ষনাড়ী প্রশস্যতে ॥ ৫৬

কলহ, দ্যূত, যুদ্ধ, স্নান ভোজন, মৈথুন, ব্যবহার কার্য্যে, ভয়সঙ্কুল-কার্য্যে ও শুভকার্য্যে দক্ষিণ নাড়ী প্রশস্ত ॥ ৫৬

ক্রূরৈরুভয়তোবিদ্ধা যস্যাক্ষরতিথিস্বরাঃ।
রাশির্ধিষ্ট্যঞ্চ পঞ্চাপি তস্য মৃত্যুর্ন সংশয়ঃ ॥ ৫৭

প্রসঙ্গতঃ স্বরোদয় সম্মত প্রশ্ন বিজ্ঞান বিধি কিঞ্চিৎ বলিয়া পুনরায় সর্ব্বতোভদ্র চক্র বেধ কহিতেছেন—

মণ্ডলং নগরং গ্রামোদুর্গং দেবালয়ং পুরং।
ক্রৈরে (১) রুভয়তোবেধে বিনশ্যন্তি ন সংশয়ঃ॥ ৫৮

যাহার অক্ষর, তিথি, স্বর রাশি, নক্ষত্র, এই পাচটী ক্রুরগ্রহ কর্ত্তৃক এক সময়ে বিদ্ধ হয়, তাহার মৃত্যুঘটে, তাহাতে আর সন্দেহ নাই॥ ৫৭

ক্রুরগ্রহ দ্বারা যুগপৎ বিদ্ধ হইলে মণ্ডল, নগর, গ্রাম, দুর্গ, দেবালয়, পুরী প্রভৃতি নষ্ট হয় তদ্বিষয়ে আর সন্দেহ নাই॥ ৫৮

কৃত্তিকাদি ত্রিকাস্থেতে ক্রুরবেধে চ কূর্ম্মতঃ।
সর্ব্বেনাভিস্থদেশাদ্যা বিনশ্যন্তি যথাক্রমং॥ ৫৯

কৃত্তিকাদি তিনটী নক্ষত্র ক্রুরগ্রহ বিদ্ধ হইলে কূর্ম্ম চক্রের নাভিস্থ দেশাদি নষ্ট হয়। এইরূপ কূর্ম্মচক্রের অপরাপর অঙ্গস্থিত নক্ষত্র ক্রুর-গ্রহ বিদ্ধ হইলে উক্তদ্দেশের নাশ হইয়া থাকে এই স্থলে প্রসঙ্গতঃ কূর্ম্ম-চক্রের সংক্ষিপ্ত বিবরণ প্রদত্ত হইল। চক্রে যেরূপ নক্ষত্র ন্যায় হইবে তাহা অঙ্গ দ্বারা নির্দ্দিষ্ট হইল। ঐ সকল নক্ষত্র দ্বারা যে সকল দেশ নির্দ্দিষ্ট হয় তাহার সমুদায়ের নাম এক্ষণে বুঝিবার উপায় নাই এই জন্য সংক্ষেপে বলা যাইতেছে। কূর্ম্মের উদয়ে সাকেত, মিথিলা, চম্পা অহিচ্ছত, বিন্ধ্য প্রভৃতি, শিরোদেশে (পূর্ব্বদিকে) মগধ, নেপাল, গৌড়-দেশ প্রভৃতি, অগ্নিকোণে, অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ ওড্র প্রভৃতি নৈঋর্তকোণে সুরাট মালব প্রভৃতি, দক্ষিণে লঙ্কা,মলয়,সিংহল প্রভৃতি পূর্ব্বে বা পশ্চিমে বঙ্গ, স্বরিদেশ, সৌরাষ্ট্র সৈন্ধব প্রভৃতি, বায়ুকোণে যমুনা সরস্বতী প্রভৃতি দেশ সমূহ, উত্তরে কাশ্মীর, মথুরা, কেদার প্রভৃতি; ঈশান-কোণে গঙ্গাদ্বার, হস্তিনায় শ্রীকণ্ঠ প্রভৃতি কূর্ম্মের মুখ পূর্ব্বদিকে। ঐ চক্রস্থ বোধ ঐ সকল দেশের অনিষ্ট হইয়া থাকে। ঐ সকল নক্ষত্র শনি দ্বারায় বোধই প্রকাশতম জানিবে॥ ৫৯

১। নামাক্ষরস্য বেধেন নশ্যন্তি চ ন সংশয়ঃ। ইত্যপি পাঠান্তরং।

কূর্ম্মচক্র।

কৃত্তিকায়াং তথা পুষ্যে রেবত্যাঞ্চ পুনর্ব্বসৌ।
বিদ্ধে সতি ক্রমাদ্‌বেধোবর্ণেষু ব্রাহ্মণাদিষু॥ ৬০

কৃত্তিকা বিদ্ধ হইলে, ব্রাহ্মণগণের, পুষ্যায় ক্ষত্রিয়গণের, রেবতী বৈশ্যগণের ঐ পুনর্ব্বসুতে শূদ্রগণের অমঙ্গল জানিবে॥ ৬০

তৌল্যং * ভাণ্ডং রসোধান্যং গজাশ্বাদিচতুষ্পদাঃ।
সর্ব্বং মহার্ঘতাং যাতি যাবৎক্রূরব্যধে স্থিতং॥ ৬১

যাহা দাঁড়িপাল্লায় ওজন হয় তাহাকে তৌল্য দ্রব্য বলে, ভাণ্ডের দ্বারা ভাণ্ড্যরস, ধান্য গজ অশ্বাদি চতুষ্পদ এই সমুদয় দ্রব্যের আদ্যক্ষর বিদ্ধ হইলে দুর্ম্মল্য হইয়া থাকে॥ ৬১

ক্রূরবেধসমাযোগে যস্যোপবেধ † সম্ভবঃ।
তস্য মৃত্যুর্ন সন্দেহোরোগাদ্‌বাথ রণেঽপি বা॥ ৬২

যাহার উপগ্রহ ক্রুর গ্রহ দ্বারা বিদ্ধ হয় তাহার রোগে বা বনে মৃত্যু হইবে সন্দেহ নাই॥ ৬২

সূর্য্যভাৎ পঞ্চমং ধিষ্ণ্যং জ্ঞেয়ং বিদ্যুনমুখাভিধং।
শূলঞ্চাষ্টমকং প্রোক্তাং সন্নিপাতং চতুর্দ্দশং॥ ৬৩
কেতুরষ্টাদশং প্রোক্তমুল্কা স্যাদেকবিংশতিং।
দ্বাবিংশতিতমং কল্পং ত্রয়োবিংশঞ্চ বজ্রকং॥ ৬৪

---

* তোলং। † যস্যোপগ্রহসম্ভবঃ।

নির্ঘাতঞ্চ চতুর্ব্বিংশমুক্তাশ্চাষ্টাবুপগ্রহাঃ।
প্রস্থানে বিঘ্নদাঃ প্রোক্তাঃ সর্ব্বকার্য্যেষু সর্ব্বদা॥ ৬৫

সূর্য্যভোগ্য নক্ষত্রের পঞ্চম নক্ষত্রের নাম বিদ্যুন্মুখ, অষ্টমের নাম শূল. চতুর্দ্দশের সন্নিপাত, অষ্টাদশের কেতু, একুশের উল্কা, বাইশের কল্প, তেইশের বজ্র, চতুর্ব্বিংশের. নির্ঘাত এই আটপ্রকার নক্ষত্র উপগ্রহ নামে কথিত হয়। ইহারা স্বস্বস্থানে সর্ব্বকার্য্যে সর্ব্বদা বিঘ্ন কারক হয়॥৬৩-৬৫

জন্মভং কর্ম্ম আধানং বিনাশং সামুদায়িকং।
সাংঘাতিকমিদং ধিষ্ট্যং ষট্‌কং সার্ব্বজনীনকং *॥ ৬৬

জন্ম, কর্ম্ম, আধান, বিনাশ, সামুদায়িক এবং সাংঘাতিক এই ছয় প্রকার নক্ষত্র সকল লোকের হয়। ৬৬

জাতিদেশাভিষেকৈশ্চ নবধিষ্ট্যানি ভূপতেঃ।
বেধং জ্ঞাত্বা ফলং ব্রূহি সৌম্যৈঃ ক্রুরৈঃ শুভাশুভং॥ ৬৭

রাজার এই দৃষ্টি এবং জাতিনক্ষত্র দেশ ও অভিষেক এই নয়টী নক্ষত্র অবগত হইয়া তাহাদেব বেধাদি নির্ণয় পূর্ব্ব ফল নির্দ্দেশ করিয়া সৌম্যবেধে শুভ এবং ক্রূরবেধে অশুভ জানিবে। ৬৭

জন্মভং জন্মনক্ষত্রং দশমং কর্ম্মসংজ্ঞকং।
একবিংশতিমাধানং ত্রয়োবিংশং বিনাশকং॥ ৬৮
অষ্টাদশঞ্চ নক্ষত্রং সামুদায়িকসংজ্ঞকং।
সাংঘাতিকঞ্চ বিজ্ঞেয়ং ধিষ্ট্যং ষোড়শমেবহি॥ ৬৯
ষট্‌ত্রিভং রাজজাতঞ্চ জাতিদেশাভিষেকভং।
দেশভং দেশনামর্ক্ষং রাজ্যভং চাভিষেকভং॥ ৭০

এখন ষণ্নাড়ী চক্র বিষয় কথিত হইতেছে জন্মনক্ষত্র জন্মনাড়ী জন্মনক্ষত্র হইতে দশম নক্ষত্র কর্ম্মনাড়ী একবিংশতি আধান ত্রয়োবিংশতি বিনাশনাড়ী অষ্টাদশ সামুদায়িক ষোড়শনক্ষত্র সাংঘাতিকনাড়ী, রাজা-

---

* সার্ব্বজনীনকং।

দিগের নয়টা নাড়ী, পূর্ব্বোক্ত ছয়টা ও তদ্ব্যতীত জাতিনক্ষত্র, দেশনক্ষত্র ও অভিষেক নক্ষত্র নামে আর তিনটী অধিক। ৬৮—৭০

মৃত্যুঃস্যাজ্জন্মভে বিদ্ধে কর্ম্মভে ক্লেশএব চ।
আধানর্ক্ষে প্রবাসঃ স্যাদ্‌বিনাশে বন্ধুবিগ্রহঃ॥ ৭১
সামুদায়িকভে রিষ্টং হানিঃ সাংঘাতিকে তথা।
জাতিভে কুলনাশঃ স্যাদ্‌বন্ধনঞ্চাভিষেকভে॥ ৭২
দেশর্ক্ষে দেশভঙ্গঃ স্যাৎ ক্রূরৈরেবং শুভৈঃ শুভং।
উপগ্রহসমাযোগে মৃত্যুর্ভবতি নান্যথা॥ ৭৩

জন্মনাড়ী বিদ্ধ হইলে মৃত্যু, কর্ম্মে ক্লেশ, আধানে প্রবাস, বিনাশে বন্ধুবিচ্ছেদ সামুদায়িকে কষ্ট সাংঘাতিকে হানি, জাতিতে কুল নাশ, অভিষেকে বন্ধন, ও দেশে দেশভঙ্গ, ঐ উপগ্রহ নক্ষত্রের কোনটী বিদ্ধ হইলেই নিশ্চয় মৃত্যু ঘটে। ৭১—৭৩

ভয়ং ভঙ্গশ্চ ঘাতশ্চ মৃত্যুর্ভঙ্গযুতাত্যয়ঃ।
ক্রূরৈরেকাদিপঞ্চান্তৈর্যুধি বেধে ফলং ভবেৎ॥ ৭৪

যুদ্ধসময়ে শেষ পাঁচটীর কোনও একটী উপগ্রহ অর্থাৎ কেতু, উল্কা বজ্র, কল্প ও নির্ঘাত নক্ষত্র বিদ্ধ হইলে যথাক্রমে ভয়, ভঙ্গ, ঘাত মৃত্যু ও ভঙ্গের সহিত মৃত্যু হইয়া থাকে। ৭৪

তিথিং ধিষ্ণ্যং স্বরং রাশিং বর্ণঞ্চৈব তু পঞ্চকং।
যদ্দিনে বেধয়েচ্চন্দ্রস্তদ্দিনে স্যাচ্ছুভাশুভং॥ ৭৫

তিথি, নক্ষত্র, স্বর, রাশি, বর্ণ ও চন্দ্র যে দিনে বিদ্ধ হয় সে দিনে শুভাশুভ ফল হয়। ৭৫

দেশ কালস্তপঃ পণ্যমিত্রত্রীণ্যর্ঘনির্ণয়ে।
চিন্তনীয়ানি বিদ্ধানি সর্ব্বকালং বিচক্ষণৈঃ॥ ৭৬

অনন্তর ব্রহ্মযামলেও অর্থকাণ্ড দ্রব্যের সুলভতা ও মহার্ঘতা কথিত হইতেছে একাশী কোষ্ঠী সমন্বিত সর্ব্বতো ভদ্রচক্রে এই বৈধদ্বারা শুভাশুভ নির্ণীত হইয়া থাকে। ৭৬

দেশার্থ মণ্ডলং স্থানমিতি দেশস্ত্রিধোচ্যতে।
বর্ষমাসং দিনঞ্চেতি ত্রিধাকালোঽপি কথ্যতে॥ ৭৭

* * * *

ধাতুং মূলঞ্চ জীবঞ্চ ইতি পণ্যং ত্রিধা মতং। ৭৭

প্রাজ্ঞেরা দেশ, কাল ও পণ্য এই ত্রিবিধ বিষয়ে বোধচিন্তা করেন। দেশ তিন প্রকার দেশ মণ্ডল স্থান, বর্ষ, নাম, ও দিনে এই প্রকারে কাল তিন প্রকার, পণ্য ও ধাতু মূল জীবভেদে ত্রিবিধ। ৭৭

অথ দেশাদীনামত্র বক্ষ্যামি স্বামীখেচরান্॥ ৭৮

এখন এই তিনটীর স্বামীগ্রহ কথিত হইতেছে। ৭৮

দেশেশারাহুমন্দাদ্যামণ্ডলঃ স্বামিনঃ পুনঃ।
কেতুসূর্য্যসিতাঃ স্থাননাথাশ্চন্দ্রারচন্দ্রজাঃ॥ ৭৯

রাহু, শনি ও গুরু, দেশের, কেতু সুর্য্য শুক্র মণ্ডলের ও চন্দ্র, মঙ্গল বুধ স্থানের স্বামী। ৭৯

বর্ষেশারাহুকেত্বর্কজীবামাসাধিপাঃ পুনঃ।
ভৌমার্কজ্ঞসিতাজ্ঞেয়াশ্চন্দ্রঃ স্যাদ্দিবসাধিপঃ॥ ৮০

রাহু, কেতু শনি ও গুরু বর্ষের, কুজ, রবি, বুধ শুক্র মাসের ও চন্দ্র কেবল দিবসের অধিপতি হইয়া থাকেন। ৮০

ধাত্বীশাসৌরিপ্যাতাবা জীবেশাজ্ঞেন্দুসূরয়ঃ।
মূলেশাঃ কেতুশুক্রার্কা ইতিপণ্যাধিপাগ্রহাঃ॥ ৮১

শনি, রাহু কেতু ধাতুর, বুধ জীবগণের, চন্দ্র, গুরু, কেতু শুক্র রবি মূলের এই প্রকারে পণ্যের স্বামী ঠিক হয়। ৮১

পুংগ্রহারাহুকেত্বর্কজীবভূমিসুতামতাঃ।
স্ত্রীগ্রহৌ শুক্রশীতাংশূ সৌরিসৌম্যৌ নপুংসকৌ॥ ৮২

রাহু, কেতু, রবি,গুরু কুজ পুরুষ, শুক্র চন্দ্র স্ত্রী, ও শনি বুধ ক্লীব।৮২

সিতেন্দু সিতবর্ণেশৌ রক্তেশৌ ভৌমভাস্করৌ।

পীতেশৌ জ্ঞগুরু কৃষ্ণনাথাঃ কেতুতমোঽর্কজাঃ ॥ ৮৩

শুক্র ও চন্দ্র শুভ্রবর্ণের, মঙ্গল রবি লালের, বুধ গুরু পীতের, রাহু শনি কেতু কৃষ্ণবর্ণের, স্বামী। ৮৩

গ্রহে বক্রোচ্চভস্ত্র্যংশেঽপ্যুদয়ে যোবলাধিকঃ।

দেশাদীনাং প্রকথিতঃ স্বামিখেটস্তদা মতঃ ॥ ৮৪

বলবান গ্রহ বক্রে ও নিজাংশে উঠিলে দেশ স্বামী হয়। ৮৪

বক্রোদয়স্বধর্ম্মেষু পুর্ণবীর্য্যোভবেদ্‌গ্রহঃ।

উগ্রগে দুষ্টগে খেটে বলং ত্রৈরাশিকং মতং ॥ ৮৫

বক্রোদয়ে স্বক্ষেত্রে পূর্ণবলী অগ্রে ও পশ্চাতে ত্রৈরাশিক দ্বারা বলাবল স্থির হয়। ৮৫

উচ্চাংশস্থে বলং পূর্ণং নীচাংশস্থে বলং দলং।

ত্রৈরাশিকবশাঙ্কেন চান্তরঙ্গবলং বুধৈঃ ॥ ৮৬

উচ্চে পূর্ণবল, নীচে অর্দ্ধ বল, ত্রৈরাশিকদ্বারা বুধগণ বলাবল স্থির করেন। ৮৬

এবং দেশাদি নাথাত্তে বেধাজ্জেয়াগ্রহংপ্রতি।

সুহৃদঃ শত্রবোমধ্যাশ্চিন্তনীয়াঃ প্রযত্নতঃ ॥ ৮৭

তারপর গ্রহগণের শত্রু ও মিত্র চিন্তা করিয়া দেশাদির স্বামী গণিয়া বেধ স্থির করতঃ ফল বলিবে। ৮৭

স্বমিত্রসমশত্রুণাঃ বিদ্ধং দেশাধিপক্রমাৎ।

দুষ্টং দুষ্টগ্রহঃ কুর্য্যাদেকদ্বিত্রিচতুষ্পাদৈঃ ॥ ৮৮

গ্রহগণের মিত্রসহ ও শত্রুগণ দেশাদির স্বামীর বারফল স্থির হয় দুষ্টগ্রহ ১, ২, ৩, পাদ দুষ্টফল দিয়া থাকেন। ৮৮

বিদ্ধং পুনর্দ্দৃশা পশ্যন্ তৎপাদেন ফলং গ্রহঃ।

বিদধ্যাদন্যথা জ্ঞেয়ং ফলং দৃষ্ট্যনুমীনতঃ ॥ ৮৯

দৃষ্টি অনুসারে বেধ দেখিয়া দৃষ্টির পাদ পরিমাণে গ্রহগণ ফল দেন দৃষ্টি অনুসারে ফল স্থির হয়। ৮৯

বর্ণাদিস্বরাশীনাং মেষাদ্যে রাশিমণ্ডলে।

গ্রহদৃষ্টিবশাৎ সোঽপি বেধে বর্ণাদিকে মতঃ॥ ৯০

মেষাদি রাশিতে বর্ণাদির স্থির করিতে হইলে স্বক্ষেত্রাদির দৃষ্টি অনুসারে বেধ স্থির করিয়া ফল বলিবে। ৯০

স্বস্ববর্ণা স্বচক্রোক্তাস্তিথিবেধশ্চ পীড়কাঃ।

তিথ্যাদিষু চ রাশৌ চ স্বদৃষ্ট্যা দৃষ্টিজং ফলং॥ ৯১

আপন বর্ণ আপন আপন অধিকারে তিথির বেধাদি জানিয়া তিথিও কাল্যাদির দৃষ্টিবশাৎ ফল চলিবে। ৯১

অশুভোবাশুভোবাপি সর্ব্বং বিধ্যং তিথিং গ্রহঃ।

সর্ব্বং নিজফলং দত্তে কৃষ্ণপক্ষে তু তদ্দলং॥ ৯২

গ্রহকর্ত্তৃক তিথিবিদ্ধ হইলে শুভগ্রহ শুভফল, অশুভগ্রহ অশুভফল দেন সকলেই আপন আপন ফল দেন, কৃষ্ণপক্ষে অর্দ্ধফল দান করেন। ৯২

খেটস্তুল্যাংশকে জ্ঞেয়া পূর্ণদৃষ্টিঃ সদা বুধৈঃ।

দৃষ্টিহীনং পুনর্ব্বেধেন স্যাৎ কিঞ্চিচ্ছুভাশুভং॥ ৯৩

দৃষ্টিহীন গ্রহের বেধে শুভাশুভ কোন ফল হয় না পণ্ডিতেরা গ্রহের তুল্যাংশেই পূর্ণ দৃষ্টি ধরিয়া থাকেন। ৯৩

ইত্যেবং দৃষ্টিভেদেন নির্দ্দিষ্টং সকলং ফলং।

বর্ণাদিপঞ্চকে বিদ্ধে গ্রহোদত্তে শুভাশুভং।

সৌম্যঃ পূর্ণদৃশা পশ্যন্ বিধ্যন্ বর্ণাদিপঞ্চকং॥ ৯৪

এই প্রকারে দৃষ্টিভেদ অনুসারে ফলাফল হয় শুভগ্রহ পূর্ণদৃষ্টিতে দেখিলে বর্ণাদি পঞ্চক সিদ্ধ হয় ও তদনুসারেই বর্ণাদি পঞ্চকে ফল হইয়া থাকে। ৯৪

ফলং—এবং বিংশোপগা যত্র সম্ভবন্তি শুভেঽশুভে।

অন্যোঽন্যং শোধয়েত্তেষাং শেষে জ্ঞেয়ং শুভাশুভং॥৯৫

শুভ বা অশুভগ্রহ পরস্পরের বিংশাংশে থাকিলে পরস্পরকে শুদ্ধ বা অশুদ্ধ স্থির হয় ও তদনুসারে শুভাশুভ ফল হয়। ৯৫

বর্ত্তমানার্ঘ বিংশাংশকল্পলাভেষু চ ক্রমাৎ।
তত্রৈব বর্ত্তমানার্ঘে উৎপাদ্যঞ্চ শুভাশুভং॥ ৯৬

মূল্যাদি ও বিংশাংশ হইতে স্থির হয়। সেই স্থানে বর্ত্তমান মূল্যের শুভ বা অশুভ স্থির হয়। ৯৬

দেশধ্বংশঃ প্রজাপীড়া নৃপতেঃ প্রলয়স্তথা।
যত্র দৃষ্টিস্তু তস্যাপি দুর্ভিক্ষং মণ্ডলে স্থিতং॥ ৯৭

যে মণ্ডলে দৃষ্টি পড়িলে সেই দেশ সুখময় হইলেও দেশ নামগ্রহের বেধে দেশধ্বংস প্রজাপীড়া রাজ্যনাশ, ও দুর্ভিক্ষ হয়। ৯৭

অকালেঽপি ফলং পুষ্পং বৃক্ষাণাং যত্র জায়তে।
স্বজাতিমাংসভুক্তিশ্চ দুর্ভিক্ষং তত্র রৌরবং॥ ৯৮

যেখানে অকালে গাছের ফল ফুল হয় সেই স্থানে রৌরব নরকতুল্য ভীষণ দুর্ভিক্ষ হয় ও সকলে পরস্পরের সংশয় হয়। ৯৮

পরচক্রগতস্তত্র বিগ্রহশ্চ স্বরাজ্যকে।
ঋতৌ বিপর্য্যয়োযত্র দুর্ভিক্ষং মণ্ডলে ভবেৎ॥ ৯৯

পররাজ্যস্থ বিগ্রহ আপন রাজ্যে উপস্থিত হয় ও ঋতুর বিপর্য্যয় ঘটিয়া মণ্ডলে দুর্ভিক্ষ হয়। ৯৯

ভূমিকম্পোবজ্রপাতোরক্তবৃষ্টিশ্চ জায়তে।
দেশে সর্ব্বসুখপেতে বেধ্যাদেববদেদ্বুধঃ॥ ১০০

সেইস্থানে ভূমিকম্প ধুলিবৃষ্টি, রক্তবর্ষণ, প্রভৃতি ফল হইয়া থাকে এই সকল ফল পণ্ডিতগণ বেধ দ্বারা স্থির করেন। ১০০

দীপোযথা গ্রহস্যান্তে প্রদ্যোতয়তি সর্ব্বতঃ।
তথৈবং সর্ব্বতোভদ্রচক্রং জ্ঞানপ্রকাশকঃ॥ ১০১

সর্ব্বতোভদ্রচক্রং।

যেমন প্রদীপ চক্রের মধ্যে আলোকযুক্ত করে সেইরূপ সর্ব্বতোভদ্রচক্র সর্ব্বদা জ্ঞানের প্রকাশ করে॥ ১০১

সর্ব্বতোভদ্রচক্র সমাপ্ত।

গ্রন্থগৌরবভিয়া নানুদিতং।

অথ সংক্রান্তিক্রমঃ।

বিষুবদ্বিষ্ণুপদীষড়শীতয়োঽয়নবিষ্ণুপদীষড়শীতয়ঃ।
বিষুবদ্বিষ্ণুপদীষড়শীতয়োঽয়নবিষ্ণুপদীষড়শীতয়ঃ॥

এক্ষণে সংক্রান্তিক্রম কথিত হইতেছে। মহাবিষুব, বিষ্ণুপদী, ষড়শীতি, দক্ষিণায়ন, বিষ্ণুপদী, ষড়শীতি, জলবিষুব, বিষ্ণুপদী, ষড়শীতি, উত্তরায়ণ, বিষ্ণুপদী, ও ষড়শীতি এই দ্বাদশ সংক্রান্তি ক্রমে দ্বাদশমাসে নির্দ্দিষ্ট আছে।

ইদানীং পুরুষগণনং।

সংক্রমণকালের ফল জ্ঞাত হইবার জন্যে একটি সংক্রান্ত পুরুষ অঙ্কিত করিয়া তাঁহার যথাস্থানে সপ্তবিংশতি নক্ষত্র সংস্থাপন করিতে হয়।

অথ বিষুবাদিসংক্রমণং।

মূর্দ্ধ্নি সপ্ত মুখে ত্রীণি হৃদয়ে পঞ্চ নির্দ্দিশেৎ।
ত্রিতয়ং হস্তপাদেষু মহাবিষুবভক্রমাৎ॥

বিষুবাদির সংক্রান্তির গণনপ্রণালী কথিত হইতেছে। পূর্ব্বোক্তরূপে একটি পুরুষাকৃতি অঙ্কিত করিয়া তাঁহার মস্তকে সংক্রমণকালের নক্ষত্র হইতে সপ্তমনক্ষত্র, মুখে তিননক্ষত্র, হৃদয়ে ওঞ্চনক্ষত্র, প্রত্যেক হস্তে তিন তিন নক্ষত্র ও প্রত্যেক পাদে তিন তিন নক্ষত্র যোজনা করিবে।

ফলং—মস্তকে ভূপতেঃ সৌখ্যং বদনে পটুতা ভবেৎ।
হৃদয়ে চ ধনাধ্যক্ষোঽর্থপ্রাপ্তির্দ্দক্ষিণে করে।
বামকরে মহাদুঃখং সুখং পাদে চ দক্ষিণে।
ভ্রমণং বামপাদে চ কথিতং বিষুবে ফলং॥

মহাবিষুব সংক্রমণনক্ষত্রগত ফল কথিত হইতেছে। রাজসৌখ্য, মুখে পটুতা, হৃদয়ে ধনাধ্যক্ষতা, দক্ষিণ হস্তে অর্থ প্রাপ্তি বাম হস্তে অত্যন্ত দুঃখ, দক্ষিণপদে সুখ, এবং বামপদে ভ্রমণ হয়। এইরূপে মহাবিষুব সংক্রমণের ফল কথিত হইয়াছে মানবের জন্মনক্ষত্রদ্বারা ফল দেখিতে হয়।

মহাবিষুবফলং।

ষন্মূর্দ্ধ্নি বদনে পঞ্চ চত্বারি হৃদয়ে তথা।
ত্রিতয়ং করপাদেষু পয়োবিষুবভক্রমাৎ॥

পূর্ব্বোক্তরূপে পুরুষাকৃতি অঙ্কিত করিয়া তাঁহার মস্তকে সংক্রমণনক্ষত্র অবধি ছয়নক্ষত্র মুখে পাঁচ, হৃদয়ে চারি, প্রত্যেক হস্তে তিন তিন ও প্রত্যেক পাদে পাদে তিন তিন নক্ষত্র যোজনা করিবে। জলবিষুব সংক্রান্তি এইরূপে গণনা করিতে হয়।

ফলং—মানং মূর্দ্ধ্নি মুখে বৈরং হৃদয়ে সুখসম্ভবঃ।
ভোগোদক্ষিণহস্তাঙ্ঘ্র্যোস্ত্রাসশ্চ বাময়ো (ক) র্দ্বয়োঃ॥

মস্তকে সম্মান, মুখে বৈরতা, হৃদয়ে সুখ, দক্ষিণ হস্তে ও দক্ষিণ পদে ভোগ এবং বামহস্তে ও বামচরণে ত্রাস হয়।

জলবিষুবফলং।

শীর্ষে পঞ্চ মুখে ত্রীণি হস্তয়োশ্চ ত্রয়ং ত্রয়ং।
হৃদি পঞ্চ শশী নাভৌ গুহ্যে দ্বৌ পাদয়োশ্চ ষট্।
উত্তরায়ণভাজ্জ্ঞেয়ং স্বনক্ষত্রস্থিতেঃ ফলং॥

উত্তরায়ণ সংক্রমণকালের নক্ষত্রাবধি মস্তকে পাঁচনক্ষত্র, মুখে তিন প্রত্যেকহস্তে তিন নক্ষত্র, হৃদয়ে পাঁচনক্ষত্র, নাভিদেশে এক নক্ষত্র, গুহ্যে দুই এবং প্রত্যেক পাদে তিন তিন নক্ষত্র সংস্থাপন করিতে হয় পরে মানবের জন্মনক্ষত্রদ্বারা ফল দেখিতে হইবে।

ফলং।

শীর্ষেঽর্থলাভোবদনে সুখানি দক্ষে করেঽঙ্ঘ্রৌ হৃদয়ে চ সৌখ্যং
নাভৌ সুখং বামকরেঽর্থনাশো গুহ্যে ভয়ং বামপাদে প্রবাসঃ॥

মস্তকে নক্ষত্র পড়িলে অর্থলাভ, বদনে, দক্ষিণহস্তে, দক্ষিণপদে, হৃদয়ে ও নাভিতে সুখ, বামহস্তে অর্থনাশ, গুহ্যে ভয় এবং বামপাদে, ত্রাস হয়।

ক। বাময়োর্হস্তাঙ্ঘ্র্যোরিত্যর্থঃ। নৃভে মনুষ্যনক্ষত্রে তত্তৎস্থানে পতিতে তত্তৎফলমিত্যর্থঃ।

অন্যচ্চ—চক্রাকারং বিলিখ্য গ্রহপতিরয়নে সংক্রমক্ষেৎকরোতি
যস্মিন্ন্ ক্ষে তদর্ক্ষং মরণভয়করং শূলমূলে বিদধ্যাৎ।
তৎপশ্চাদবশূলে বিবিধভয়করং শূলপার্শ্বেঽর্থলাভং
সৌখ্যংস্যাচ্চক্রগর্ভে বিবিধমুনিমতং বিদ্ধি বামক্রমেণ ॥

চক্রাকৃতি একটি সংক্রমণ চক্র অঙ্কিত করিয়া, সংক্রমণনক্ষত্রাবধি তাহাতে সপ্তবিংশতি নক্ষত্র সংস্থাপন করিবে। মানবের জন্ম নক্ষত্র যদি চক্রমূলে থাকে তবে মৃত্যুভয়, শূলাগ্রে বিবিধ ভয়, শূলপার্শ্বে অর্থলাভ ও চক্রমধ্যে নক্ষত্র পতিত হইলে সুখ হয়।

শীর্ষে ত্রীণি মুখে ত্রীণি হৃদয়ে পঞ্চ (১) হস্তয়োঃ।
অষ্টৌ পাদদ্বয়েঽপ্যষ্টৌ দক্ষিণায়নভাৎ ক্রমাৎ ॥

দক্ষিণায়ন সংক্রমণ নক্ষত্রাবধি মস্তকে তিননক্ষত্র, মুখে তিননক্ষত্র হৃদয়ে পাঁচনক্ষত্র, হস্তদ্বয়ে আটনক্ষত্র এবং পাদদ্বয়ে আটনক্ষত্র স্থাপন করিতে হইবে।

দক্ষিণায়নফলং।

শীর্ষে মানং মুখে বিদ্যা হৃদয়ে বিত্তসঞ্চয়ঃ।
প্রবাসঃ স্যাৎ করে বামে ভিক্ষা স্বে ভে চ দক্ষিণে।
নিষ্ফলং বামপাদে চ কিঞ্চিল্লাভশ্চ দক্ষিণে ॥

দক্ষিণায়ণ সংক্রমণের ফল কথিত হইতেছে যথা,—সংক্রান্তিপুরুষের মস্তকে মানবের জন্মনক্ষত্র পতিত হইলে সম্মান, মুখে বিদ্যালাভ, হৃদয়ে বিত্তসঞ্চয়, বামহস্তে, প্রবাস, দক্ষিণহস্তে ভিক্ষালাভ, বামপাদে নিষ্ফল ও দক্ষিণপদে নক্ষত্র পতিত হইলে কিঞ্চিৎ লাভ হয়।

ঋক্ষে সংক্রমণং যত্র বিষ্ণুপত্যাং মুখে চ তৎ।
চত্বারি দক্ষিণে বাহৌ ত্রীণি ত্রীণি পদদ্বয়ে।
চত্বারি বামবাহৌ চ হৃদয়ে পঞ্চ পঞ্চনির্দ্দিশেৎ।
অক্ষোর্দ্বয়ং দ্বয়ং যোজ্যং মূর্দ্ধ্নি দ্বে চৈকভং গুদে ॥

১। দক্ষিণায়নভাদিতিসংক্রান্তিনক্ষত্রাদিত্যর্থঃ।

বিষ্ণুপদী সংক্রমণকালে যে নক্ষত্র হইবে সেই নক্ষত্র মুখে, তৎপর চারিনক্ষত্র দক্ষিণবাহুতে, তিন তিননক্ষত্র প্রত্যেকপাদে, চারি নক্ষত্র বামবাহুতে পাঁচনক্ষত্র হৃদয়ে, দুই দুইনক্ষত্র প্রত্যেকনয়নে, দুইনক্ষত্র মস্তকে এবং একনক্ষত্র গুহ্যদেশে সংস্থাপন করিতে হইবে।

বিষ্ণুপদীফলং।

ফলং—রোগভোগস্তথা মানং বন্ধনং লাভ এব চ।
ঐশ্বর্য্যং রাজপূজা চ অপমৃত্যুরিতি ক্রমাৎ॥

বিষ্ণুপদী সংক্রমণকালের নক্ষত্রগত ফল কথিত হইতেছে; মানবের জন্মনক্ষত্র মুখে পতিত হইলে রোগ, দক্ষিণ হস্তে ভোগ, পাদদ্বয়ে মান, বাম হস্তে বন্ধন, হৃদয়ে লাভ, নেত্রদ্বয়ে ঐশ্বর্য্য, মস্তকে রাজপূজা, এবং গুহ্যে জন্মনক্ষত্র পতিত হইলে অপমৃত্যু হয়।

মুখে চৈকং করে বেদাঃ পাদযুগ্মে দ্বয়ং দ্বয়ং।
ক্রোড়ে বাণাস্তথা বেদাঃ করে সব্যেতরেঽপি চ।
দ্বয়ং দ্বয়ং তথা নেত্রে মস্তকে ত্রিতয়ং দিশেৎ।
দ্বয়ঞ্চৈব তথা গুহ্যে ষড়শীত্যাং শুভে স্থিতে॥

ষড়শীতির সংক্রমণকালের নক্ষত্রাবধি মুখে এক দক্ষিণ হস্তে চারি প্রত্যেকপদে দুই দুই হৃদয়ে পাঁচ, বামহস্তে পাঁচ, প্রত্যেকনেত্রে দুই মস্তকে তিন এবং গুহ্যদেশে দুই যোজনা করিবে।

ষড়শীতিফলং।

ফলং—মুখে দুঃখং করে লাভঃ পাদয়োর্ভ্রমণং হৃদি।
কান্তা স্যাদ্দক্ষিণকরেতরে হস্তে চ বন্ধনং।
সম্মানং নেত্রয়োশ্চৈব অপমানস্তু মস্তকে।
গুহ্যে চৈব ভবেন্মৃত্যুঃ ষড়শীতিফলশ্রুতিঃ॥

ষড়শীতিসংক্রমণে নক্ষত্রগতফল কথিত হইতেছে। মনুষ্যের জন্ম নক্ষত্র সংক্রান্তি পুরুষের মুখে পতিত হইলে দুঃখ, দক্ষিণহস্তে লাভ পাদ-দ্বয়ে ভ্রমণ, হৃদয়ে স্ত্রীলাভ, বাম হস্তে বন্ধন, নেত্রদ্বয়ে সম্মান, মস্তকে অপ-মান এবং গুহ্যে জন্মনক্ষত্র পতিত হইলে মানবের মৃত্যু হয়।

অথ নাড়ীনক্ষত্র কথনং।

জন্মাদ্যং কর্ম্ম ততোঽপি দশমং সাংঘাতিকং ষোড়শভং।
সমুদয়মষ্টাদশভং বিনাশসংজ্ঞং ত্রয়োবিংশং।
আদ্যাত্তু পঞ্চবিংশং মানসমেবং নরঃ ষড়ৰ্ক্ষঃ স্যাৎ
নবনক্ষত্রোনৃপতিঃ স্বজাতি (ক) দেশাভিষেকর্ক্ষৈঃ॥

অধুনা মনুষ্যের নাড়ীনক্ষত্র কথিত হইতেছে যথা ;—যে নক্ষত্রে যে মনুষ্যের জন্ম সেই নক্ষত্র তাহার জন্মনাড়ী। এইরূপ জন্মনাড়ী হইতে দশমনক্ষত্রের নাম কর্ম্মনাড়ি, ষোড়শনক্ষত্রের নাম সাংঘাতিক নাড়ী, অষ্টাদশ নক্ষত্রের নাম সমুদায় নাড়ী, ত্রয়োবিংশতি নক্ষত্রের নাম বিনাশনাড়ী এবং পঞ্চবিংশতি নক্ষত্রের নাম মানসনাড়ী, এই ছয় নক্ষত্র মনুষ্যের ষন্নাড়ী সংজ্ঞায় প্রসিদ্ধ ; কিন্তু রাজাদিগের আর তিনটী নাড়ী আছে তাহা লইয়া নৃপতিদিগের নবনাড়ী হয়, স্বজাতিনাড়ী, দেশনাড়ী ও অভিষেক নাড়ী। স্বীয় জাতিনিরূপিত নক্ষত্রের নাম স্বজাতিনাড়ী,দেশনামানুসারে যে নক্ষত্র হয় তাহার নাম দেশনাড়ী এবং যে নক্ষত্রে রাজা অভিষিক্ত হন, তাহার নাম অভিষেকনাড়ী।

(ক) জাতিদেশ নক্ষত্রাণি যথা যোগযাত্রায়াং। পূর্ব্বাত্রয়ং সানল মগ্রজানাং রাজ্ঞান্তু পুষ্যেণ সহোত্তরাণি। সপৌষ্ণমৈত্রং পিতৃদৈবতঞ্চ প্রজাপতের্ভঞ্চ কৃষিবলানাং। আদিত্যহস্তাভিজিদাশ্বিনানি বণিকজনানাং প্রবদন্তি ভানি। মূলাত্রিনেত্রানিলবারুণানি ভান্যন্ত্যজাতেঃ প্রভবিষ্ণুতায়াঃ সোমেন্দ্রচিত্রাবসুদৈবতানি সেবাজনস্বাম্যমুপাগতানি। সর্পোবিশাখাশ্রবণা ভরণ্যশ্চাণ্ডালজাতেরপি নির্দ্দিশন্তি। নক্ষত্রবর্গৈ রাগ্নেয়াদ্যৈর্ব্ব্যবস্থিতৈর্নবধা ভারতবর্ষমধ্যে প্রাগাদি বিভাজিতাদেশাঃ। তথাত্রিভির্ভৈরপি কৃত্তিকাদ্যৈর্নিপীড়িতৈ ভূপতয়োঽভিযোজ্যাঃ। পঞ্চলনাথো মগধাধিপশ্চ কলিঙ্গরাড়ুজ্জয়নীপতিশ্চ আনর্ত্তরাট্ সৈন্ধবহাবহোরৌ মদ্রেশ্বরোড়ুশ্চ কুলুতনাথঃ। এতে হি কূর্ম্মাঙ্গসমাশ্রিতানাং ভানাং ভবন্তি ক্ষিতিপান্তু নাথাং তথা কূর্ম্মোপদিষ্টানি হি দেশভানিরাজ্ঞোঽভিষেকাহনিচাভিষেকং। ইতি গোটী।

অথ নাড়ীনক্ষত্রফলং।

ঈহাদেহার্থহানিঃ স্যাজ্জন্মর্ক্ষ উপতাপিতে।
কর্ম্মর্ক্ষে কর্ম্মাণাং হানিঃ পীড়া মনসি মানসে।
মূর্ত্তিদ্রবিণবন্ধু নাং হানিঃ সাংঘাতিকে তথা।
সন্তপ্তে সামুদায়িকে মিত্রভৃত্যার্থসংক্ষয়ঃ।
বৈনাশিকে বিনাশঃ স্যাদ্দেহদ্রবিণসম্পদাং॥

নাড়ীনক্ষত্রের ফল কথিত হইতেছে যথা,—মানবের জন্মনাড়ী (জন্ম নক্ষত্র) উপতাপিত হইলে চেষ্টা দেহ ও অর্থের হানি হয়, কর্ম্মনাড়ী (জন্মনক্ষত্র হইতে দশমনক্ষত্র) উপতাপিত হইলে কর্ম্মের হানি হইয়া থাকে। এই মানসনাড়ী (পঞ্চবিংশতিনক্ষত্র) উপতাপিত হইলে শরীর, ধণ ও বন্ধুর হানি, সামুদায়িকনাড়ী (অষ্টাদশনক্ষত্র) সন্তপ্ত হইলে মিত্রভৃত্য ও অর্থের ক্ষয় এবং বৈনাশক নাড়ী (ত্রয়োবিংশনক্ষত্র) সন্তপ্ত হইলে দেহ ধন ও সম্পদ বিনাশ হয়।

অথ নাড়ীনক্ষত্রপীড়াশান্তিঃ।

সর্ব্বেষামেব পীড়ায়াং দিনমেকমুপষিতোঽনলং জুহুয়াৎ।
সাবিত্র্যা ক্ষীরতরোঃ সমিদ্ভিরমরদ্বিজানুরতঃ॥

জন্মপ্রভৃতি ষন্নাড়ীর মধ্যে কোন একটী নাড়ী কিম্বা সমস্ত নাড়ী যাহার দুষিত হইবে সেই ব্যক্তির মঙ্গলের নিমিত্তে দেবব্রাহ্মণানুরক্তপুরুষ এক দিবস উপবাস করিয়া গায়ত্রী পাঠ করতঃ অগ্নিতে ক্ষীরবৃক্ষের সমিধ-দ্বারা অষ্টোত্তর সহস্র হোম করিবে।

অথগ্রহণগতনাড়ীনক্ষত্রফলং।

গ্রহণং রবিচন্দ্রমসোর্নাড়ীনক্ষত্রবাস্য়েৎ যস্য।
অর্দ্ধাব্দাভ্যন্তরতোদোষোনাড়ীসমস্তস্য।

সূর্য্য ও চন্দ্রের গ্রহণকালে যে ব্যক্তির নাড়ীনক্ষত্র পতিত হইবে ছয়-মাস মধ্যে ঐ ব্যক্তির সমস্ত নাড়ীনক্ষত্র দূষিত হইয়া থাকে।

তত্র স্নানং।

গ্রহণগ্রহপীড়িতনাড়ীনক্ষত্রদোষোপশমনায়।
সহশতপুষ্পৈঃ স্নায়াৎ ফলিনীফলচন্দনোশীরৈঃ॥

যে ব্যক্তির নাড়ীনক্ষত্র চন্দ্রগ্রহণ কি সূর্য্যগ্রহণের সময় পতিত হয়, তাহার দোষশান্তি নিমিত্ত শতপুষ্প অর্থাৎ শুলফাপুষ্প, প্রিয়ঙ্গুফল, চন্দন ও বীরণ মূলযুক্ত জলে স্নান করিতে হইবে।

অথ নাড়ীনক্ষত্রে পাপগ্রহসংক্রমণফলং।

নাড়ীনক্ষত্রদিবসে রবিভৌমশনৈশ্চরাঃ।
সংক্রান্তিং (১) যস্য কুর্ব্বন্তি তস্য ক্লেশোঽতি জায়তে॥

নাড়ীনক্ষত্রে পাপগ্রহ সংক্রমণের ফল কথিত হইতেছে। রবি, মঙ্গল কি শনৈশ্চর যদি কোন মনুষ্যের নাড়ীনক্ষত্র প্রাপ্তহইয়া কিম্বা নাড়ীনক্ষত্র দিবসে একরাশি হইতে অপর রাশিতে গমন করেন তবে ঐ মনুষ্য অত্যন্ত ক্লেশপ্রাপ্ত হয়।

অথ নাড়ীনক্ষত্রেণ পাপসংক্রমণদোষশান্তিঃ।

গোমুত্রসর্ষপৈঃ স্নানং সর্ব্বৌষধি জলেন বা।
বিশুদ্ধং কাঞ্চনং দদ্যান্নাড়ীদোষোপশান্তয়ে॥

পাপগ্রহগণ যদি মনুষ্যের নাড়ীনক্ষত্র যুক্ত হইয়া কিম্বা নাড়ী নক্ষত্র দিবসে একরাশি হইতে অপররাশিতে গমন করেন, তবে সেই দোষ শান্তির নিমিত্ত গোমুত্র, সর্ষপ এবং সর্ব্বৌষধিমিশ্রিত জলে স্নান করিয়া বিশুদ্ধকাঞ্চন দান করিতে হইবে।

নাড়ীনক্ষত্রেণ পাপগ্রহসংক্রান্তিপ্রতিকার।

অথাস্তনিরূপণং।

দ্বাত্রিংশদ্দিবসাশ্চাস্তে জীবস্য ভার্গবস্য চ।
দ্বাসপ্ততির্ম্মহাস্তে তু পাদাস্তে (ক) দ্বাদশ ক্রমাৎ॥

১। নাড়ীনক্ষত্রে পাপসঞ্চারেঽপি দোষঃ।

ক। পাদান্তং শুক্রস্য।

গ্রন্থকার আনুসঙ্গিক বৃহস্পতি ও শুক্রের অস্ত নিরূপণ করিতেছেন যথা ; বৃহস্পতি ও শুক্র অস্তগত হইলে দ্বাত্রিংশৎ (বত্রিশ) দিন আর ঐ গ্রহদ্বয়ের মহাস্ত হইলে দ্বাসপ্ততি দিন (দুই মাস বারদিন) এবং শুক্রের পাদাস্তে দ্বাদশ দিন অকাল হইবে।

অস্তাৎ প্রাক পরয়োঃ পক্ষং গুরোর্ব্বার্দ্ধকবালভে।
পাদাস্তে তু দশাহানি বৃদ্ধোবালোদিনত্রয়ং॥

শুক্র অস্ত হইলে তাহার পূর্ব্ব পঞ্চদশদিন ও পরের পঞ্চদশদিন অকাল হয়। বাল্য বৃদ্ধ হইলেও এইরূপ হইয়া থাকে। শুক্রের পাদাস্ত হইলে দশদিন বৃদ্ধ ও বাল্য অবস্থায় তিনদিন অকাল হয়।

সপ্তশলাকায়াং।

স্বর্ভানুমিত্রাসিতভৌমশুক্রে স্তুষাররশ্মিঃ সহিতোহঙ্গনানাং।
দৌর্ভাগ্যবৈধব্যফলানি দত্তে শুভঞ্চ দম্ভোলিভৃদিজ্যবিদ্‌ভ্যাং॥

সপ্তশলাকাবিষয়ে লিখিত আছে যে রাহু, রবি, শনি, মঙ্গল ও শুক্রের সহিত চন্দ্রের যোগ থাকিলে রমণীগণ দুর্ভাগা ও বিধবা হয় আর বৃহস্পতি ও বুধের সহিত চন্দ্রের সম্বন্ধ থাকিলে শুভ হইয়া থাকে।

ইতিজাতকচন্দ্রিকায়াং পঞ্চস্বরাদি কথনং।
নামৈকাদশোহধ্যায়ঃ।

অথ লঘুজাতকোক্তনষ্টকোষ্ঠ্যুদ্ধারঃ।

আধানজন্মাপরিবোধকালে সম্পৃচ্ছতোজন্ম বদেদ্বিলগ্নাৎ।
পূর্ব্বপরার্দ্ধে ভবনস্য বিদ্যাদ্ ভানাবুদগ্‌দক্ষিণগে প্রসূতিং॥

অথ টীপ্পনী। আধানেতি। আধানে জন্মকালে চাজ্ঞাতে সংপৃচ্ছতো-জনস্য প্রশ্নলগ্নাজ্জন্মকালং বদেৎ। রাশোঃ পূর্ব্বার্দ্ধে প্রশ্নশ্চেৎ স্যাত্তদা তদ্‌গতেভানৌ উত্তরায়ণে জন্ম বিদধ্যাৎ পরার্দ্ধে প্রশ্নশ্চেত্তদা দক্ষিণগে রবৌ দক্ষিণায়নে প্রসূতিং জানীয়াৎ॥ ১॥

অধুনা লঘুজাতকোক্ত নষ্টকোষ্ঠী উদ্ধারের সংকেত কথিত হইতেছে।

যে ব্যক্তির আধানকাল কি জন্ম সময়ের নিশ্চয় নাই তাহার নষ্টজাতক উদ্ধারের প্রশ্ন যে লগ্নে হইবে তাহাকে দুইভাগ করিয়া যদি প্রথম হোরাতে প্রশ্ন হয় তবে উত্তরায়ণে জন্ম এবং দ্বিতীয় হোরাতে প্রশ্ন হইলে দক্ষিণায়নে জন্ম নিশ্চয় করিবে ॥ ১ ॥

লগ্নত্রিকোণেষু গুরুস্ত্রিভাগৈ র্বিকল্প্যবর্ষাণি বয়োঽনুমানাৎ।
গ্রীষ্মোঽর্কলগ্নে কথিতাস্তু শেষৈ রথায়ণর্ত্তৌ বৃতুরর্কচারাৎ ॥ ২

লগ্নেতি। প্রশ্নলগ্নস্য ত্রিভাগৈঃ প্রথমদ্বিতীয়তৃতীয়দ্রেক্কাণৈর্যথা। সংখ্যং প্রশ্নলগ্নপঞ্চমনবমেষু স্থিতঃ প্রষ্টুর্জ্জন্মকালীনোগুরুর্জ্জ্ঞেয়ঃ। ততো বয়োঽনুমানাৎ বিকল্প্য বর্ষাণি জ্ঞাতব্যানি। এবং প্রকারেণ জন্মকালীনং গুরুংজ্ঞাত্বা তস্মাদ্যাবৎ সংখ্যরাশৌ তৎকালীনোগুরুস্তিষ্ঠতি তাবন্তি বর্ষাণি জ্ঞেয়ানি তত্র, তত্র চ বয়োঽনুমানং কৃত্বা যাবন্তি দ্বাদশবর্ষাণি প্রষ্টুঃসম্ভবন্তি তাবন্তি দ্বাদশবর্ষাণি দেয়ানি। এবঞ্চ একিকৃতানি তানি বর্ষাণি তৎকালীনে শকে দূরীকৃত্য প্রষ্টুর্জ্জন্মকালীনশকোবাচ্যঃ। তৎপলেন তত্র চ সামান্যেনোক্তং কিন্তু প্রশ্নলগ্নস্য দ্বাদশভাগাদেবগুরোরব স্থানং দাতব্যমিতিযুক্ত্যা প্রনপিতং। তন্ন নহি মুনিবচনেতোযুক্তির্গরীয়সীভবতি। অথাচার্য্যেণাপি দ্বাদশভাগঃ বিহায় দ্রেক্কাণাদেব বর্ষজ্ঞানং তদা কথং লিখিতং। অথচ দ্বাদশভাগাৎ কিঞ্চিদপি ন সমুদেতি। তথাচঃ যবনঃ। দ্রেক্কাণলগ্নক্রমতস্তু রাশে গুরুর্বিলগ্নাদিত্রিকোণগোভূদিতি। ঋতু জ্ঞানমাহ। অর্কলগ্নে প্রশ্নলগ্নে রবৌ স্থিতে গ্রীষ্মঋতৌ জন্ম বাচ্যং। শেষৈ গ্রহৈর্লগ্নস্থৈঃ কথিতাদ্রেক্কাণৈঃ শিশিরাদয়ঃ। শশুম চজ্ঞেজ্যাদিষু যৎসুরা ইত্যনেনোক্তা এবং শনৌ লগ্নস্থে শনেদ্রেক্কাণে বা শিশিরে জন্ম। শুক্রে লগ্নস্থে তদ্দ্রেক্কাণে বা বসন্তে জন্ম। ভৌমে লগ্নস্থে তদ্দ্রেক্কাণে বা তদা গ্রীষ্মে জন্ম। চন্দ্রে লগ্নস্থে তদ্রেক্কাণে বা তদা বর্ষাসু বুধে লগ্নস্থে তদ্দ্রেক্কাণে বা তদা শরদীতি। গুরৌ লগ্নস্থে তদ্দ্রেক্কাণে বা তদা হেমন্তে। বহূনাং লগ্নাবস্থিতৌ তদা বলবশাদ্বক্তব্যং। লগ্নস্থগ্রহাভাবাদেব দ্রেক্কাণাদ্বক্তব্য ইত্যর্থঃ। অন্যস্মিন্নয়নে অন্যস্মিন্নৃতৌ লব্ধে অর্কচারাৎ উদগ্দক্ষিণরবিশাদ্বক্তব্যঃ। অয়মর্থঃ। অয়নং ভাবান্নি

শ্চিত্র মেব। তস্মিন্নয়নে যদি প্রাপ্তঋতুর্ন সম্ভবতি তদা বক্ষ্যমাণ প্রকারেণ ঋতুর্ব্যত্যয়ঃ কর্ত্তব্যঃ॥ ২॥

প্রশ্নকর্ত্তার বয়স ও বৃহস্পতির স্থিতিনির্ণয় করিতে হইলে প্রশ্নলগ্নকে তিন অংশে বিভক্ত করিয়া দেখিতে হইবে কোন্‌দ্রেক্কাণে প্রশ্ন হইয়াছে। যদি প্রথমদ্রেক্কাণে প্রশ্ন হইয়া থাকে তাহা হইলে বৃহস্পতি প্রশ্নলগ্নেই ছিলেন এইরূপ দ্বিতীয়দ্রেক্কাণে প্রশ্ন হইলে প্রশ্ন লগ্ন হইতে পঞ্চমস্থানে এবং তৃতীয়দ্রেক্কাণে প্রশ্ন হইয়া থাকিলে প্রশ্নলগ্ন হইতে নবমস্থানে বৃহস্পতি ছিলেন এরূপ নির্ণয় করিতে হইবে। অনন্তর প্রশ্নকর্ত্তার আকার দৃষ্টিপূর্ব্বক অনুমানদ্বারা বয়স স্থির করতঃ পূর্ব্বোক্ত দ্রেক্কানুসারে বৃহস্পতির স্থিতি নির্ণয় করিয়া সে স্থান হইতে প্রশ্নসময়ে বৃহস্পতি যে স্থানে অবস্থিত সেই সেই স্থান পর্য্যন্ত গণনা করিলে যত সংখ্যা হইবে ততসংখ্যক বৎসর প্রশ্নকর্ত্তার বয়স জানা গেল। কিন্তু প্রশ্নকর্ত্তার বয়স যদি দ্বাদশবর্ষের অধিক এবং চতুর্ব্বিংশতি বর্ষের মধ্যে থাকে তাহা হইলে পূর্ব্বোক্তবয়সের অঙ্কের সহিত দ্বাদশযোগ করিয়া বয়স নির্ণয় করিতে হইবে। ফলতঃ প্রশ্নকর্ত্তার বয়স অনুমান করতঃ যতবার দ্বাদশযোগ করিলে সম্ভব হইতে পারে তত বার যোগ করিতে হইবে। ঐরূপে বয়স স্থির করিয়া প্রশ্নলগ্ন যে শকে হইয়াছে তাহা হইতে বয়সের অঙ্ক বিয়োগ করিলে প্রশ্নকর্ত্তার জন্ম শক নিশ্চয় হইবে। অনন্তর শক নিশ্চয় হইলে দেখিতে হইবে প্রশ্নলগ্নে কোনগ্রহ আছেন এবং কাহার দ্রেক্কাণে প্রশ্ন হইয়াছে যদি প্রশ্নলগ্নে রবি থাকেন কি রবির দ্রেক্কাণে প্রশ্ন হইয়া থাকে তবে গ্রীষ্ম ঋতুতে জন্ম হইয়াছে নিশ্চয় করিবে। এইরূপ শনি প্রশ্নলগ্নে কি দ্রেক্কাণে অবস্থিত হইলে শিশিরঋতু শুক্র থাকিলে বসন্ত ঋতু, মঙ্গল থাকিলে গ্রীষ্ম চন্দ্র থাকিলে বর্ষা, বুধ থাকিলে শরৎ এবং বৃহস্পতি প্রশ্নলগ্নে কি দ্রেক্কাণে অবস্থিত হইলে হেমন্ত ঋতুতে প্রশ্নকর্ত্তার জন্ম হইয়াছে স্থির করিবে। প্রশ্নলগ্নে একের অধিক গ্রহ থাকিলে যে গ্রহ অধিক বলবান্ তাহা দ্বারা ঋতু নির্ণয় করিবে। লগ্নে গ্রহ না থাকিলে দ্রেক্কাণুসারে লগ্ননির্ণয় করিবে। যদি অয়নে ও ঋতুতে অসম্ভব হয়

অর্থাৎ এক অয়নের ঋতু অন্য অয়নে দেখা যায় তবে যেরূপ ব্যবস্থা হইবে তাহা পরে বিবৃত হইতেছে।

চন্দ্রজ্ঞজীবাং পরিবর্ত্তনীয়াঃ শুক্রারমন্দৈরয়নে বিলোমে।
দ্রেক্কাণভাগে প্রথমে তু পূর্ব্বোমাসোঽনুপাতাচ্চ তিথির্ব্বিকল্প্যা॥

ঋতুব্যত্যয়মাহ চন্দ্রজ্ঞেতি। অয়নে বিলোমে সতি শুক্রারমন্দৈঃ সহ যথাসংখ্যং চন্দ্রবুধজীবাঃ পরিবর্ত্তনীয়াঃ শুক্রারমন্দানাং ঋতুভিঃ সহ চন্দ্রবুধজীবানাং ঋতবোঽন্যোঽন্যং পরিবর্ত্তনীয়াঃ ইত্যর্থঃ। অর্থাদ্রবিরপি বুধেন সহ পরিবর্ত্তনীয়ঃ। রবিকুজয়োগ্রীষ্মঋতুত্বাৎ। মাসজ্ঞানমাহ দ্রেক্কাণ-ভাগ ইতি প্রশ্নলগ্নস্য যোদ্রেক্কাণস্তস্য যদি প্রথমার্দ্ধেপ্রশ্নং স্যাত্তদাজ্ঞাতব্য-ঋতোঃ পূর্ব্বোমাসঃ। যদি দ্রেক্কাণস্য শেষার্দ্ধেপ্রশ্নঃ তদা জ্ঞাতব্যঋতোঃ পরোমাসঃ। রবিভুক্তদিনমাহ প্রশ্ন দ্রেক্কাণস্যানুপাতাৎ তিথি মাসা-দিকং বক্তব্যং। লগ্নত্রিভাগোদ্রেক্কাণস্তং ত্রিংশদ্ভাগং কৃত্বা যস্মিন্ভাগে প্রশ্নঃ স্যাৎ মাসস্য তাবন্তি দিনানি বাচ্যানীত্যর্থঃ॥ ৩

অয়ন ও ঋতুর পরস্পর বিরোধ হইলে যে রূপে মীমাংসা করিতে হইবে তাহা বিবৃত হইতেছে। বর্ষা, শরৎ ও হেমন্ত এই তিন ঋতু দক্ষি-ণায়নে এবং শিশির, বসন্ত ও গ্রীষ্ম এই তিন ঋতু উত্তরায়ণে আছে; অগ্রহায়ণ ও পৌষ এই দুইমাস হেমন্ত, মাঘ ও ফাল্গুণ এই দুইমাস শিশির চৈত্র ও বৈশাখ এই দুইমাস বসন্ত এবং জ্যৈষ্ঠ ও আষাঢ় গ্রীষ্ম, শ্রাবণ ও ভাদ্র বর্ষা, আশ্বিন ও কার্ত্তিক শরৎঋতু হয়। হেমন্তঋতুর অধিপতি বৃহস্পতি, শিশিরের অধিপতি শনি বসন্তের শুক্র, গ্রীষ্মের মঙ্গল, বর্ষার চন্দ্র এবং শরৎ ঋতুর অধিপতি বুধগ্রহ হয়। লগ্নের প্রথম হোরাতে প্রশ্ন হইলে উত্তরায়ণে জন্ম কথিত হইয়াছে কিন্তু ঐ সময়ে লগ্নে চন্দ্র থাকিলে বর্ষাঋতু বুঝাইবে এমৎ স্থলে ঋতু পরিবর্ত্তন করিতে হইবে অর্থাৎ চন্দ্রের স্থানে শুক্র ধরিয়া বসন্তঋতুতে জন্ম হইয়াছে নিশ্চয় করিবে এইরূপ বুধের সহিত মঙ্গলের বৃহস্পতির সহিত শনির পরিবর্ত্তন করিয়া বিরোধ মীমাংসা করিবে। পরন্তু রবির সহিত বুধের পরিবর্ত্তন হইবে। দ্রেক্কাণকে দুইভাগে বিভক্ত করিলে যদি প্রথমভাগে প্রশ্ন হয় তবে ঋতুর

প্রথমমাস, দ্বিতীয়ভাগে প্রশ্ন হইলে পরমাস ধরিবে। দ্রেক্কাণকে ত্রিংশৎ ভাগে বিভক্ত করিয়া প্রশ্ন করার পূর্ব্বে ঐ ত্রিশ ভাগের যতভাগ গত হইয়াছে মাসের তত দিনে জন্ম নিশ্চয় বরিবে এবং তিথিও ঐরূপে নির্ণয় করিতে হইবে ॥ ৩

অত্রৈব হোরাপটবোদ্বিজেন্দ্রাঃ সূর্য্যাংশতুল্যং তিথিমুদ্দিশন্তি।
রাত্রিদ্যুসংজ্ঞেষু বিলোমজন্ম ভাগৈশ্চ বেলাঃক্রমশোবিকল্প্যা ॥ ৪

চন্দ্রে তিথি জ্ঞানমাহ অত্রৈবেতি তৎকালীন পূর্ব্বভুক্তত্রিংশত্তুল্যাং শুক্লপ্রতিপদাদিতিথিমুদ্দিশন্তি দ্বিজেন্দ্রাঃ। রাত্রিদিবাজন্মজ্ঞান মাহ রাত্রিদ্যুসংজ্ঞেষ্বিতি। বাত্রিসংজ্ঞকে দিবাসংজ্ঞকে বা বাশৌ প্রশ্নলগ্নে বিলোমে বিপরীতেন জন্ম বাচ্যং। যদি বাত্রিসংজ্ঞকরাশির্লগ্নং তদা দিবাজন্ম বাচ্যং দিবাসংজ্ঞকশ্চেত্তদা বাত্রৌ জন্ম বাচ্যং। দণ্ডজ্ঞানমাহ ভাগেশ্চেতি। মাসংজ্ঞাত্বা রাত্রিমানং দিবামানঞ্চ কার্য্যং যাবন্তোঽহোরাত্রেশ্চ ভাগবদ্ভাগং কৃত্বা যস্মিন্ ভাগে প্রশ্নস্তাবতি দণ্ডে জন্ম বাচ্যং ॥ ৪

চন্দ্র তিথির আনয়নের সঙ্কেত কথিত হইতেছে। প্রশ্নকালের রবি স্ফুট দেখিয়া যত ত্রিংশাংশভুক্ত হইয়াছে তত সংখ্যক তিথি গত নিশ্চয় করিবে। আব প্রশ্নলগ্ন যদি রাত্রিসংজ্ঞক হয় তবে দিবাতে জন্ম দিবাস্বংজ্ঞক হইলে রাত্রিতে জন্ম জানিবে। লগ্নমানকে 'অংশ করিয়া যত অংশ গত হইয়া থাকে দিবা ও রাত্রি তত দণ্ড পরে প্রশ্নকর্ত্তার জন্ম হইয়াছে, নিশ্চয় করিবে ॥ ৪

কেচিচ্ছশাঙ্কাধ্যুসিতান্নবাংশাৎ শুক্লান্তসংজ্ঞং কথয়ন্তি মাসং।
লগ্নত্রিকোণোত্তমবীর্যযুক্ত তৎপ্রোচ্যতেঽঙ্গালভনাদিভির্ব্বা ॥ ৫

মতান্তরেণ মাসজ্ঞানমাহ কেচিদিতি। যস্মিন্নবাংশে চন্দ্রস্থিতঃ তস্মান্নবাংশরাশেঃ শুক্লান্তসংজ্ঞং পৌর্ণমাসীসংজ্ঞং মাসংকথয়ন্তি। কৈশ্চিদেতযুক্তং ভবতি তৎকালীনচন্দ্রাক্রান্তবাংশান্নক্ষত্রং জ্ঞাত্বা তত্র নক্ষত্রযুক্তা যা পৌর্ণমাসী তৎসংজ্ঞকোমাসোবাচ্যঃ তথাচ। অন্ত্যোপান্ত্যৌ ত্রিভৌ জ্ঞেয়ৌ ফাল্গুনশ্চ ত্রিভোমতঃ, শেষামাসাদ্বিভাজ্ঞেয়াঃ কৃত্তিকাদি ব্যবস্থয়া ॥ কার্ত্তিকীপৌর্ণমাসী কৃত্তিকারোহিণীযুতা। আগ্রহায়ণী মৃগ-

শিরআর্দ্রাযুক্তা। পৌষী পুনর্ব্বসুপুষ্যাযুক্তা। মাঘী অশ্লেষমঘাযুক্তা। ফাল্গুনী পূর্ব্বফল্গুণ্যুত্তরফল্গুণীহস্তাযুক্তা। চৈত্রী চিত্রাস্বাতী যুক্তা। বৈশাখী বিশাখানুরাধাযুক্তা। জৈষ্ঠী জ্যেষ্ঠামূলাযুক্তা। আষাঢ়ী পূর্ব্বাষাঢ়োত্তরাষাঢ়াযুক্তা। শ্রাবণী শ্রবণাধনিষ্ঠাযুক্তা। ভাদ্রী শতভিষাভাদ্রদ্বয়যুক্তা। আশ্বিনী রেবত্যশ্বিনীভরণীযুক্তা। কৃত্তিকানক্ষত্রযুক্তপৌর্ণমাসী কার্ত্তিক-ইতি মাসোবোদ্ধব্যঃ। চন্দ্রাক্রান্তনবাংশং পুনর্নবধা বিভজ্য চন্দ্রাক্রান্তনবাংশগতনক্ষত্রমম্বেষ্যং। মেষনবাংশস্য নবমভাগাৎ বৃষনবাংশস্য সপ্তমভাগপর্য্যন্তং কার্ত্তিকোমাসঃ। বৃষনবাংশস্যাষ্টমভাগাবধির্মিথুননবাংশস্য ষড়্ভাগপর্য্যন্তং মার্গশীর্ষং। মিথুননবাংশস্য সপ্তমভাগাৎ কর্কটনবাংশস্য পঞ্চমভাগপর্য্যন্তং পৌষঃ কর্কটনবাংশস্য ষষ্ঠভাগাৎ সিংহনবাংশস্য চতুর্থভাগপর্য্যন্তং মাঘঃ। সিংহনবাংশস্য পঞ্চমভাগাৎ কন্যানবাংশস্য সপ্তমভাগপর্য্যন্তং ফাল্গুন ইত্যাদি। লগ্নত্রিকোণেতিপ্রশ্নলগ্নস্য তত্রিকোণয়োশ্চ মধ্যে যো বলবান্ প্রষ্টুঃ স্বয়াশিঃ প্রোচ্যতে তস্মিন্ রাশিগতে চন্দ্রে জাতইত্যর্থঃ। অঙ্গালভণাদিভিরিতি। অঙ্গালভমাৎ কালাঙ্গানি অনেন যো হঙ্গবিভাগঃ কালপুরুষস্য কৃতঃ তদঙ্গপৃচ্ছকে স্পৃচ্ছতি সতি সরাশির্ব্বাচ্যঃ। আদিগ্রহণাৎ রাশ্যন্তে প্রাণিনোদর্শনাৎ শ্রবণাৎ বাচ্য ॥ ৫

মতান্তরে মাস আনয়ন কথিত হইতেছে যথা ;—প্রশ্নসময়ে চন্দ্র যে রাশির যত নবাংশে অবস্থিত হইয়া নবাংশচক্রে যে রাশি ভোগ করিবেন ততসংখ্যক নবাংশ সেই রাশির যে নক্ষত্রের যে পাদ সম্ভব সেই নক্ষত্রে যে মাসের পৌর্ণমাসী প্রাপ্ত হওয়া যায় সেই মাসে প্রশ্নকর্ত্তার জন্ম নিশ্চয় করিবে।

যে মাসে যে যে নক্ষত্রে পৌর্ণমাসী হইবে তাহা বর্ণিত হইতেছে। কার্ত্তিকমাসের পৌর্ণমাসীতে কৃত্তিকা কি রোহিণীনক্ষত্র যোগ হইবে। এইরূপ অগ্রহায়ণের পূর্ণিমাতে মৃগশিরা বা আর্দ্রা, পৌষের পূর্ণিমাতে পুনর্ব্বসু বা পুষ্যা, মাঘে অশ্লেষা কি মঘা, ফাল্গুণে পূর্ব্বফল্গুনী উত্তরফল্গুনী, বা হস্তা, চৈত্রে চিত্রা কি স্বাতী, বৈশাখে বিশাখা কি অনুরাধা, জ্যৈষ্ঠে

জ্যেষ্ঠ্য কি মূলা, আষাঢ়ে, পূর্ব্বাষাঢ়া বা উত্তরাষাঢ়া. শ্রাবণে শ্রবণা কিম্বা ধনিষ্ঠা, ভাদ্রে শতভিষা, পূর্ব্বভাদ্র বা উত্তরভাদ্র এবং আশ্বিনী পূর্ণিমাতে রেবতী, অশ্বিনী কিম্বা ভরনী নক্ষত্র যোগ হইবে।

চন্দ্রকান্ত নবাংশ কথিত হইতেছে। মেষের নবমনবাংশ হইতে বৃষের সপ্তমনবাংশ পর্য্যন্ত কার্ত্তিক মাস হয়। এইরূপ বৃষের অষ্টম নবাংশ হইতে মিথুনের ষষ্ঠনবাংশ পর্য্যন্ত অগ্রহায়ণ মিথুনের সপ্তম বাংশ হইতে কর্কটের পঞ্চমনবাংশ পর্য্যন্ত পৌষ, কর্কটের ষষ্ঠনবাংশ হইতে সিংহের চতুর্থনবাংশ পর্য্যন্ত মাঘ সিংহের পঞ্চমনবাংশ হইতে কন্যার সপ্তমনবাংশ পর্য্যন্ত ফাল্গুন ইত্যাদি।

অনন্তর রাশিজ্ঞান কথিত হইতেছে। প্রশ্নলগ্ন কি প্রশ্নলগ্নের নবম ও পঞ্চম রাশির মধ্যে যে রাশি অধিক বলবান্ সেই রাশিই প্রশ্নকর্ত্তার জন্মরাশি হইবে।

অন্যপ্রকার রাশিজ্ঞান কথিত হইতেছে। প্রশ্নসময়ে প্রশ্নকর্ত্তা যদি কোন অঙ্গস্পর্শ করিয়া প্রশ্ন করেন তবে সেইরূপে কালপুরুষের অঙ্গ বিভাগে যে রাশি নিশ্চয় হইবে প্রশ্নকর্ত্তার জন্মকালে সেইরাশি ছিল। প্রশ্নসময়ে যদি কোন প্রাণি দর্শন হয় কি কোন শব্দ শ্রবণ হয়তদনুসারেও রাশি জ্ঞান হইয়া থাকে। ৫

যাবান্‌গতঃ শীতকরোবিলগ্না চ্চন্দ্রাদ্বদেত্তাবতি জন্মরাশিং।
মীনোদয়ে মীনযুগং প্রদিষ্টং ভক্ষ্যাহৃতাকাররুতৈর্ব্বিচিন্ত্যং ॥৬

প্রকারান্তরেণ জন্মরাশিজ্ঞানমাহ যাবদিতি। প্রশ্নলগ্নাৎ যাবৎসংখ্যে রাশৌ চন্দ্রস্তিষ্ঠতি তস্মাচ্চন্দ্রাত্তাবৎ সংখ্যে রাশৌ প্রষ্টু রাশিং বদেৎ। যদি চ মীনোদয়ে মীনলগ্নং তদা মীনএকরাশির্ব্বাচ্যঃ। নতুক্তপ্রকারেণ যদি জন্মরাশিঃ স্যাত্তদা যস্য রাশের্ভক্ষ্যদ্রব্যং প্রশ্নকালে দৃশ্যতে যদ্বাপ্রশ্ন-কালে যদ্রাশ্যাকৃতিপ্রাণী দৃশ্যতে স জন্মরাশিঃ। যথা মহিযবদিতি বৃষেণ বৃষঃ। পঞ্চনখপশ্বাদিদর্শনে সিংহ এবমন্যৎ। যদ্বা রুতেন যদ্রাশিপ্রাণিনাং শব্দঃ শ্রূয়তে স জন্মরাশির্ব্বাচ্যঃ॥ ৬॥

প্রকারান্তরে রাশিজ্ঞান বর্ণিত হইতেছে যথা।—প্রশ্নলগ্ন হইতে যত

সংখ্যকরাশিতে তৎসময়ের চন্দ্র অবস্থিত থাকিবেন, চন্দ্রগতরাশি হইতে গণনা করিয়া তত সংখ্যক রাশি প্রশ্নকর্ত্তার জন্মরাশি বলিতে হইবে। প্রশ্ন লগ্ন মীন হইলে মীনরাশিই প্রশ্নকর্ত্তার জন্মরাশি। যদি উক্ত রূপ গণনাদিতে রাশিনিশ্চয় না হয়, তবে তৎস্থানে আনীত দ্রব্যাদি যে প্রাণীর ভক্ষ্য বুঝায় সেই প্রাণীদ্বারা রাশি স্থির করিবে অথবা প্রশ্নকালে যে প্রাণী দৃষ্ট হইবে কিম্বা যে প্রাণীর শব্দশ্রুত হইবে সেই সেই প্রাণীর আকৃতি অনুসারে রাশি নিশ্চয় করিবে যেমন মহিষ দৃষ্ট হইলে কি মহিষের শব্দ শ্রুত হইলে বৃষরাশি। পঞ্চনখ দৃষ্ট হইলে কি তৎশব্দ শ্রুত হইলে সিংহরাশি ইত্যাদি॥ ৬॥

হোরানবাংশপ্রতিমং বিলগ্নং লগ্নাদ্রবির্যাবতি চ দৃকাণে।
তস্মাদ্বদেত্তাবতি বা বিলগ্নং প্রষ্টুঃ প্রসূতাবিতি শাস্ত্রমাহুঃ॥ ৭

লগ্নজ্ঞানমাহ। হোরেতি প্রশ্নলগ্নস্য যো নবাংশঃ সরাশিঃ প্রষ্টুর্জ্জন্মলগ্নং। যদ্বা লগ্নদ্রেক্কাণাৎ যাবৎ সংখ্যে দ্রেক্কাণে রবিস্তিষ্ঠতি তল্লগ্নাদারভ্য তাবৎসংখ্যোরাশির্জ্জন্মলগ্নমিতি। প্রষ্টুর্জ্জন্মসময়ে শাস্ত্রং প্রমাণং পণ্ডিতাআহুরিত্যর্থঃ॥ ৭॥

অধুনা লগ্নজ্ঞান নির্ণিত হইতেছে;—প্রশ্নসময়ে যে নবাংশ হইবে সেই রাশি প্রশ্নকর্ত্তার জন্ম লগ্ন হয়, কিম্বা প্রশ্নদ্রেক্কাণ হইতে যত সংখ্যক দ্রেক্কাণে সূর্য্য অবস্থিত হন, প্রশ্নলগ্ন হইতে তত সংখ্যকরাশি প্রশ্ন কর্ত্তার জন্মলগ্ন হইবে ইহাই শাস্ত্রকারদিগের মত॥ ৭॥

জন্মাদিশেল্লগ্নগে বীর্য্যগে বা ছায়াঙ্গুলঘ্নোহর্কহৃতেঽবশিষ্টং।
আসীনসুপ্তোত্থিততিষ্ঠতাভং জায়াসুখাজ্ঞোদয়গং প্রদিষ্টং॥৮

জন্মেঽপি প্রশ্নলগ্নে যোগ্রহস্থিতঃ লগ্নগতগ্রহাভাবে সর্ব্বেষাং মধ্যে যো বলবান্ তংগ্রহ তাৎ কালিকং কৃত্বা পিণ্ডীকার্য্যং তাৎকালিকশঙ্কুচ্ছায়াঙ্গুলেন তাং লিপ্তাপিণ্ডিগুণয়িত্বা দ্বাদশভির্হৃত্বা শেষাঙ্কাৎ মেষাদিতোজন্মলগ্নং বোধ্যং। প্রাকারান্তর মাহ। আসীন উপবিষ্টঃ সন্ পৃচ্ছতি তদা লগ্নাজ্জায়াস্থানং সপ্তমোরাশির্লগ্নং যদা সুপ্তোত্থিতোনিদ্রাতঃ প্রতি বুদ্ধঃ সন্ পৃচ্ছতি তদা প্রশ্নলগ্নমেব জন্মলগ্নং॥ ৮॥

প্রশ্নলগ্নে যে গ্রহ থাকে তাঁহার স্ফুট রাশ্যাদি অংশ করিয়া গ্রহের অংশের সহিত যোগ করতঃ যুক্তাঙ্ককে তৎসময়ের শঙ্কুচ্ছায়ায় অঙ্গুলি সংখ্যাদ্বারা পূরণ করিয়া যে অঙ্ক হইবে তাহা দ্বাদশদ্বারা ভাগ করিলে যত সংখ্যা ভাগ শেষ থাকিবে শেষ হইতে তত সংখ্যকরাশি প্রশ্নকর্ত্তার জন্ম লগ্ন হইবে। লগ্নে একের অধিক গ্রহ থাকিলে সর্ব্বাপেক্ষায় বলবান্ গ্রহ গ্রহণ করিবে।

প্রকারান্তরে লগ্ন নির্ণয় হইতেছে ;—প্রশ্নকর্ত্তা উপবেশন পূর্ব্বক প্রশ্ন করিলে প্রশ্ন লগ্নের সপ্তমরাশি জন্মলগ্ন হইবে, আর নিদ্রা হইতে উত্থিত হইয়া প্রশ্ন করিলে প্রশ্নলগ্নই জন্মলগ্ন নিশ্চয় হইবে ॥ ৮ ॥

গোসিংহৌ জিতুমাষ্টমৌ ক্রিয়তুলে কন্যামৃগৌ চ ক্রমাৎ।
সংগুণ্যাদশকাষ্টসপ্তবিষয়ৈঃ শেষাং স্বসংখ্যাগুণাঃ।
জীবারাস্ফুজিদৈন্দবাঃ প্রথমবচ্ছেষাগ্রহাঃ সৌম্যবৎ
রাশীনাং নিয়তোবিধিগ্র্হযুতৈঃ কার্য্যা চ তদ্বর্গণা ॥ ৯

গোসিংহাবিতি। তাৎকালিকং লগ্নং স্ফুটং কৃত্বা লিপ্তা পিণ্ডীকার্য্যং ততোবৃষসিংহলগ্নং দশভির্গুণনীয়মতি, মিথুনবৃশ্চিকলগ্নমষ্টাভিঃ। মেষতুলালগ্নং সপ্তভিঃ কন্যামকরলগ্নং পঞ্চভিঃ। শেষরাশয়োলগ্নং তাঃ স্বং স্বং সংখ্যাগুণাঃ কর্কটলগ্নং চতুর্ভিঃ ধনুর্লগ্নং নবভিঃ কুম্ভমেকা দশভিঃ মীনং দ্বাদশভির্গুণয়েৎ। লগ্নে যদি প্রশ্নঃ স্যাত্তদা পুনরপি গ্রহগুণকারেন তং গুণয়েৎ জীবারাস্ফুজিদিন্দবাগুরুকুজশুক্রবুধাঃ প্রথম বৎ যথাসংখ্যং দশকাষ্টসপ্তবিষয়ৈর্লগ্নগুণকাঃ। শেষারবিচন্দ্রশনয়োবুধবৎ পঞ্চভির্লগ্নগুণকাঃ। কিন্তুরাশীনাং গুণনবিধির্নির্ণয়মতআবশ্যকএব গ্রহাণাস্তু গুণকবিধির্গ্রহেষু তেনলগ্নয়োর্গ্রহয়োর্যোগৈস্তদবর্ণনা তস্য রাশি গুণকারেণ গুণিতস্য লগ্নস্থগ্রহগুণকারেণ গুণনা কার্য্যা যদি লগ্নস্থা বহবোগ্রহস্তদা তেষাং গুণকারমেকীকৃত্য গুণয়েৎ ॥ ৯ ॥

অথাতোনষ্টজাতকাধ্যায়োব্যাখ্যায়তে। তত্রাদাবেব প্রশ্নকালে তাৎ-কালিকস্ফুটলগ্নং কৃত্বা ততস্তস্য ভাগাদ লিপ্তাপিণ্ডীকার্য্যং। তস্য চ লিপ্তাপিণ্ডীকৃতস্য গুণকারবিজ্ঞানার্থং শার্দ্দূলবিক্রীড়িতেনাহ গোসিংহা

বিতি। গৌর্ব্বৃষঃ সিংহ এব এতৌ গোসিংহৌ দশভিগু´ণয়েৎ। জিতুমো- মিথুন অষ্টমোর্বৃশ্চিকঃ এতৌ জিতুমাষ্টমৌ মিথুনবৃশ্চিকৌ লগ্নগতাবষ্টাভি- গু´ণয়েৎ ক্রিয়োমেষঃ ক্রিয়তুলে মেষতুলে তে লগ্নগতে সপ্তভিগু´ণয়েৎ। কন্যা প্রসিদ্ধা মৃগোমকরঃএতৌ কন্যামৃগৌ লগ্নগতৌ পঞ্চভিগু´ণয়েৎ ক্রমা- দনুক্রমেণ সংগুণ্যা গুণনীয়াঃ অনুক্তা রাশয়ঃ স্ব সংখ্যাগুণাঃ আত্মীয়- সংখ্যয়া গুণনীয়াঃ। অত্র কর্কটোগণনয়া চতুর্থঃ তং চতুর্ভিগু´ণয়েৎ। এবং ধন্বিনং নবভিঃ কুম্ভমেকাদশভিঃ মীনং দ্বাদশভিগু´ণয়েদিতি, এবং তাবলগ্নং স্ব স্ব গুণাকারেণাবশ্যমেব গুণয়েৎ রাশীনাং নিয়তবিধিরত´ এতেন পূর্ব্বোক্ত গুণকারৈঃ স্বৈঃ স্বৈরাশীনাং গুণনয়া বিধিনির্য়তোবিধানং পরি- স্থিতি রিতি। গ্রহযুতৈঃ কার্য্যা চ তদ্বর্গণেতি। অত্র প্রশ্নলগ্নে যদি গ্রহো- ভবতি তদা তস্য গ্রহস্য গুণকারেণাপি গুণয়েৎ। অথ বহবোগ্রহা ভবন্তি তদা সর্ব্বেষামেব তেষাং প্রত্যেকং গুণকারেণ গুণয়েৎ। অথ গুণকার- বিধিঃ কথ্যতে। জীবারাস্ফুজিদৈন্দবাঃ প্রথমবৎ শেষাঃ সৌম্যবদিতি দশকাষ্টসপ্তবিষয়ৈরিত্যনুবর্ত্ততে। তেন জীবে গুরৌ লগ্নগতে দশভির্ব্বা গুণয়েৎ। আরে ভৌমে চাষ্টাভিঃ আস্ফুজিতি শুক্রে সপ্তভিঃ ঐন্দবে বুধে পঞ্চভিঃ। শেষাগ্রহাঃ সৌম্যবৎ। শেষাঃ (গুরু ভৌম শুক্র বুধেভ্যঃ শেষাঃ) রবিচন্দ্রশনয়ঃ সৌম্যবজ্জ্ঞেয়াঃ। এতেষু লগ্নগতেষু প্রত্যেকং পঞ্চভিঃ পঞ্চগু´ণয়েৎ ততঃ সগ্রহৈরাশিগ্রহয়োরুভয়গুণকারগুণিতং প্রশ্ন- লগ্নস্য লিপ্তাপিণ্ডং তদেকান্তে স্থাপয়েৎ ॥ ৯ ॥ ভট্টোৎপলঃ।

জন্মকালের লগ্নস্ফুটের রাশ্যাদি কলা করিয়া কলার সহিত যোগ করতঃ তাহাকে স্বস্বরাশির গুণকাঙ্কদ্বারা গুণ করিয়া একস্থানে রাখিবে। প্রশ্নলগ্নে যদি গ্রহ থাকে তবে গ্রহ গুণকাঙ্কদ্বারা গুণ করিতে হইবে। লগ্নে একের অধিক গ্রহ থাকিলে তাহাদের গুণাঙ্ক সকল যোগ করতঃ তদ্দ্বারা গুণ করিবে ॥ ৯ ॥

সপ্তাহতং ত্রিঘনভাজিতশেষমৃক্ষং দত্তাথ বা নববিশোধ্য নবাথ
বা স্যাৎ।

এবং কলত্রসহজাত্মজশত্রুভেভ্যঃ প্রষ্টুর্বদেদুদয়রাশিবশেন
তেষাং ॥ ১০

সপ্তেতি। রাশিগ্রহগুণকারগুণিতাঙ্কং দ্বিধা কৃত্বা একং সপ্তাহতং সপ্তভির্গুণিতং নব দত্ত্বা স্বরং দূরীকৃত্য বা সপ্তবিংশতিহৃতশেষমঙ্কং জন্মনক্ষত্রং ভবতি চররাশৌ নবদেয়াস্থির রাশৌ নবশোধ্যাঃ দ্ব্যাত্মকে ন দেয়ান শোধ্যাশ্চেত্যর্থঃ। ত্রিঘন সপ্তবিংশতিঃ। এবমিতি তেষাং কলত্র সহজাত্মজশত্রূণাং নক্ষত্রং লগ্নাৎ সপ্তমতৃতীয়পঞ্চমষষ্ঠরাশিভ্যোলগ্নরাশিবশেন বদেৎ ক্রমমর্থঃ। যদি জায়াপ্রশ্নস্তদা লগ্নে রাশিষট্কং দত্ত্বা লিপ্তীকৃত্য উদয়রাশিবশেনগ্নরাশিগুণকারং কৃত্বালগ্নস্থ গ্রহগুণকারঞ্চ কৃত্বা সপ্তাহতং ত্রিঘনভাজিতশেষমৃক্ষং বদেৎ। এবং ভ্রাতুঃ প্রশ্নে রাশিদ্বয়ং দত্ত্বা পুত্রপ্রশ্নে রাশিচতুষ্টয়ং। শত্রুপ্রশ্নে রাশিপঞ্চকং লগ্নে দত্ত্বা পিণ্ডীকৃত্য কর্ম্ম কৃত্বা তেষাং নক্ষত্রং বদেৎ ॥ ১০ ॥

অথ নক্ষত্রানয়নার্থমাহ সপ্তাহতমিতি। প্রাগ্‌যোহসৌ রাশিঃ পৃথক্ স্থাপিত তং সপ্তাহতং সপ্তভির্গুণয়েৎ। দত্ত্বাথ বেতি ততস্তত্র নবদয়োঃ শোধ্যাবা ন কিঞ্চিদ্বা তদেত্যুচ্যতে তত্র যদি চররাশির্লগ্নগতোভবতি তদা নবোদয়ঃ। অথ স্থিররাশিস্তদা শোধ্যাঃ। অথদ্বিস্বভাবরাশিস্তদা ন শোধ্যান দেয়াঃ এবং কৃত্বা তস্মাদ্রাশেস্ত্রিঘনেন সপ্তবিংশত্যাভাগমপহৃত্যাব্যাপ্তং ত্যাজ্যং তত্র যাবৎ সংখ্যোহঙ্কোঽবশিষ্টোভবতি তাবৎ সংখ্যমশ্বিন্যাদিতোষনক্ষত্রং তস্য প্রষ্টুস্তন্নক্ষত্রং বাচ্যং। কেচিদ্বদন্তি যথাস্থিতরাশেঃ সপ্তবিংশত্যা ভাগমপহৃত্যাবশেষাঙ্কনবকদানেন বিশোধনেন বা যথা স্থিতনাঙ্কেন যথাসম্বাদউৎপদ্যতে তথা নক্ষত্রং বক্তব্যং। এবমিত্যাদি কলত্রসহজাত্মজ শত্রুষু ভার্য্যাভ্রাতৃপুত্ররিপুষু নষ্টকং জাতকং যদি পৃচ্ছতি তদা রাশিদ্বয়ং দেয়ং। অথ যদি তেভ্য এবং প্রষ্টুঃ প্রচ্ছকস্য বদেৎ তদা তদ্রাশিং পরিকল্প্য চরিতার্থঃ এতদুক্তং ভবতি যদি পুরুষ পত্ন্যা নক্ষত্রং পৃচ্ছতি তদা লগ্নে রাসিষট্কং পরিকল্প্য তদ্‌গুণকারেণ গুণয়েৎ। অথ তত্র গ্রহোভবতি তদা তস্যাপি গুণকারেণ গুণয়েৎ। ততস্তত্র প্রাগ্বন্নবকদানবিশোধনেন হৃত্বা সপ্তবিংশত্যাভাগহৃতাবশেষাঙ্কসমং যস্য প্রষ্টা পৃচ্ছতি

তস্য নক্ষত্রং বক্তব্যং তদপ্যুপলক্ষণার্থং। এবং রাশি ত্রিকসাহিতাৎ তাৎ-কালিকলগ্নান্মিত্রস্যাপি বক্তব্যমিতি॥ ১০॥ ভট্টোৎপলঃ।

পূর্ব্বোক্ত গুণিতাঙ্ককে সপ্তদ্বারা গুণ করিয়া চররাশি হইলে তাহাতে নয় যোগ করিবে, স্থিররাশি হইলে তাহা হইতে নয় বিয়োগ করিতে হইবে; দ্ব্যাত্মকরাশি হইলে যোগ বা বিয়োগ কিছুই করিবে না। ঐ সকল অঙ্ক সাতাইশদ্বারা ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে তাহা দ্বারা অশ্বিন্যাদি নক্ষত্র নির্ণয় হইবে।

প্রশ্নকর্ত্তা যদি পত্নীর নষ্টজাতকবিষয়ে প্রশ্ন করিয়া থাকেন তবে প্রশ্নলগ্নের সপ্তমরাশি, ভ্রাতৃবিষয়ে প্রশ্ন হইলে তৃতীয়রাশি, পুত্রজাতক বিষয়ে পঞ্চমরাশি এবং শত্রুজাতবিষয়ে প্রশ্ন হইয়া থাকিলে প্রশ্নলগ্নের ষষ্ঠরাশি গ্রহণ করিয়া কার্য্য করিবে॥ ১০॥

বর্ষর্ত্তুমাসতিথয়োদ্যুনিশং হ্যুড়ূনি বেলোদয়র্ক্ষনবভাগবিক-
ল্পনাঃ স্যুঃ।

ভূয়োদশাদিগুণিতাঃ স্ববিকল্পভক্তাদ্বর্ষাদয়োনবকদান-
বিশোধনাভ্যাং॥ ১১

বর্ষেতি। গুণকারেণ গুণিতা লিপ্তাপিণ্ডীকৃত্য লগ্নরাশয়শ্চতুঃস্থানে কৃত্বা ভূয়ঃ পুনরপি দশ কাষ্টসপ্তবিষয়ৈর্গুণিতা বর্ষাদীনাং সবিকল্পেন যাবৎ সম্ভববিকল্পেন ভুক্তা হৃতা নবকদানবিশেষোধনং হৃত্বা বর্ষাদয়ঃ পূর্ব্বোক্ত মাসাদয়োজ্ঞেয়াঃ॥ ১১॥

অথবর্ষাদ্যানয়নার্থমাহ বর্ষর্ত্তুমাসতিথয় ইত্যাদি। বর্ষাদীনি সর্ব্বাণি স্ববিকল্পেন ভাগে কৃতে যথা পাঠক্রমেণানয়িতব্যানি তদ্যথা তাৎকালিক-লগ্নং লিপ্তাপিণ্ডীকৃতং রাশিগুণকারহৃতং গ্রহসংযুক্তং চেদগ্রহগুণকার-হতমপি যদেকান্তে স্থাপিতং তৎ পুনরপি দশাদিগুণং কার্য্যং এতদুক্তং ভবতি সরাশিঃস্থানচতুষ্টয়ে ধার্য্যঃ একত্র দশগুণোঽন্যত্র দ্বিতীয়েঽষ্টগুণো-ঽন্যত্র তৃতীয়ে সপ্তগুণোঽন্যত্র চতুর্থে পঞ্চগুণঃ কার্য্যঃ যত উক্তং। ভূয়ো-দশাদি গুণিতান্ ভূয়ঃ পুনরপি দশকাষ্টসপ্তবিষয়ৈ গুণনীয়াঃ তস্মিন্

রাশিচতুষ্টয়ে/ প্রাগ্‌ বন্ধবকাদানবিশোধনে কৃত্বা স্ববিকল্পৈর্ভাগমপহৃত্যা বাপ্তং বর্ষাব্দয়োজ্ঞেয়াঃ ॥ ১১ ॥ ভট্টোৎপলঃ।

প্রশ্নকালের লগ্নস্ফুটের রাশ্যাদিকে কলা করিয়া সেই অঙ্ক পূর্ব্বোক্ত রাশিগুণকাঙ্ক কি গুণকাঙ্কদ্বারা গুণ করিয়া চারিস্থানে স্থাপন করিবে পরে একস্থানে অঙ্ক দশদ্বারাগুণ, দ্বিতীয়স্থানের অঙ্ক আটাশদ্বারা গুণ তৃতীয়স্থানের অঙ্ক সাতদ্বারা গুণ এবং চতুর্থস্থানের অঙ্ক পাঁচদ্বারা গুণ করিতে হইবে ॥ ১১ ॥

বিজ্ঞেয়া দশকেষব্দাঃ ঋতুমাসস্তথৈব চ।
অষ্টকেষপি মাসার্দ্ধাস্তিথয়শ্চ তথা স্মৃতাঃ ॥ ১২
দিবারাত্রিপ্রসূতিঞ্চ নক্ষত্রানয়নং তথা।
সপ্তকেষপি বর্গেষু নিত্যমেবোপলক্ষয়েৎ ॥ ১৩
বেলামথ বিলগ্নঞ্চ হোরামংশকমেব চ।
পঞ্চমেষু বিজানীয়ান্নষ্টজাতকসিদ্ধয়ে ॥ ১৪

যস্মাদ্‌বর্গাৎ যজ্‌জ্ঞাতব্যং তৎ শ্লোকত্রয়েণাহবিজ্ঞেয়েতি দিবেতি। বেলামিতি। দশগুণিতবর্ষেষু অব্দস্যোতরে মাসাজ্ঞেয়াঃ বিংশত্যধির-শতেন হৃতং শেষং প্রষ্টুর্গতবর্ষাণি স্যুঃ। পুনস্তমেকবর্গং ষড়্‌ভির্হৃত্বা শেষ শিশিরাদি ঋতবঃ। পুনস্তমেব বর্গং দ্বাভ্যাং হৃত্বা শেষাৎপ্রাপ্তস্য ঋতোঃ পূর্ব্বাপরোমাসোবাচ্যঃ। কিন্তু বিংশত্যধিকবর্ষশতাধিকবয়সো-নষ্টজাতজ্ঞানেপ্রয়োজনাস্তি। অষ্টগুণিতবর্গেষু মাসার্দ্ধঃ পক্ষস্তিথিশ্চ জ্ঞাতব্যা। দ্বাভ্যাং হৃত্বা শেষাং শুক্লকৃষ্ণপক্ষৌ বাচ্যৌ। পুনস্তমেব-বর্গং পঞ্চদশভির্ব্বিভজ্য শেষং প্রতিপদাদিতিথয়ঃ স্যুঃ। সপ্তগুণিত-বর্গেষু দিবারাত্রি জন্মনক্ষত্রঞ্চ বদেৎ। দ্বাভ্যাং হৃত্বা শেষাদ্দিবাজন্ম রাত্রি-জন্ম চ বদেৎ পুনস্তমেববর্গং সপ্তবিংশতিভির্হৃত্বা নবকদানবিশোধন কৃত্বা শেষং নক্ষত্রং বদেৎ পঞ্চগুণিত বর্গেষু বেলাং দণ্ডং পলঞ্চ হোরা-রাশ্যর্দ্ধং জানীয়াৎ। মাসং জ্ঞাত্বা তন্মাসীয়ং দিবারাত্রিমানং কার্য্যং দিবা চেজ্জন্ম দিবামানেন রাত্রৌ চেজ্জন্ম রাত্রিমানেন পঞ্চবর্গং হৃত্বা শেষং

দণ্ডং জানীয়াৎ। এবং দণ্ডং জ্ঞাত্বা লগ্নহোরাদ্রেক্কাণনবাংশদ্বাদশাংশাদি সর্ব্বং নষ্টজাতকং বক্তব্যমিত্যর্থঃ॥ ১২। ১৩। ১৪॥

অথ ন জ্ঞায়তে কস্মাদ্রাশেঃ কস্যানয়নং কর্ত্তব্যং তদা হ বিজ্ঞেয় ইতি। বিজ্ঞেয়াদশকেষব্দা ইতি যদুক্তং স্ববিকল্পভক্ত্যাদ্বর্ষাদয়স্তদ্‌নাখ্যায়তে যস্য কস্যচিৎ প্রাণিনঃ আয়ুর্জ্ঞানাদি নষ্টজাতকং জ্ঞাতুমিচ্ছতি তস্য যাবৎ সংখ্যং পরমায়ুস্তেন দশগুণস্য রাশের্ভাগো হর্ত্তব্যঃ। যল্লভ্যতে স্ত্যাজ্যং শেষং গ্রাহ্যং। যোঽঙ্কোঽবশিষ্যতে তদঙ্কসমং তস্য সংখ্যানং বর্ত্ততে। পুনস্তস্যৈব দশগুণিতস্য রাশেঋতুসংখ্যয়া ষড়্‌ভির্ভাগমপহৃত্যাপ্তং নোপযুজ্যতে যোঽঙ্কোঽবশিষ্যতে তদঙ্কসমে শিশিরাদারভ্য ঋতৌ বক্তব্যং। পুনস্তস্যৈব রাশের্মাসসংখ্যয়া দ্বাভ্যাং ভাগমপহৃত্য যদ্যেকোঽবশিষ্যতে তদা জ্ঞাতব্যো প্রথমে মাসি জাত ইতি বক্তব্যং। অথ ন কিঞ্চিদবশিষ্যতে তদা দ্বিতীয়েমাসি জাতঃ এবং কৃত্বা দশগুণঃ কর্ম্মযোগ্যরাশিবপাস্যঃ। যস্য বিংশত্যধিকবর্ষশতাদপ্যধিকং জন্ম-নাব্যতিতং তস্য নষ্টজাতকজ্ঞানোপায়মেব নাস্তি। অষ্টকেষিত্যাদি। যোঽসাবষ্টহতোরাশিস্তং পৃথক্ স্থাপয়িত্বা তস্য পক্ষদ্বয়াভ্যাং ভাগমপহৃত্য যদ্যেকোঽবশিষ্যতে তদা শুক্লপক্ষে জাত ইতি বক্তব্যং। অথ ন কিঞ্চিদবশিষ্যতে তদা কৃষ্ণপক্ষে জাতইতি বক্তব্যং। পুনস্তস্যৈব রাশেস্তিথিসংখ্যয়া পঞ্চদশভি র্ভাগমপহৃত্য যোঽঙ্কোঽবশিষ্যতে তদঙ্কসমানে তিথৌ জাতইতি বক্তব্যং এবং হৃত্বাষ্টগুণঃ কর্ম্মযোগ্যরাশিরপাস্য ইতি॥ ১২॥ ভট্টোৎপলঃ।

দিবারাত্রিপ্রসূতিঞ্চেত্যাদি যোঽসৌ সপ্তহৃতোরাশিঃ পৃথক্ স্থাপিতঃ তস্য রাশের্দিবারাত্রিসংখ্যয়া দ্বাভ্যাং ভাগমপহৃত্য যদ্যেকোঽবশিষ্যতে তদা দিবসে জাতোঽথন কিঞ্চিদ্‌বশিষ্যতে তদা রাত্রৌ জাত ইতি বক্তব্যং। যোঽসৌ সপ্তহৃতোরাশিস্তস্য নক্ষত্রসংখ্যয়া সপ্তবিংশত্যা ভাগমপহৃত্য যোঽঙ্কোঽবশিষ্যতে তদঙ্কসমনক্ষত্রে অশ্বিন্যাদিতআরভ্য জাত ইতি বক্তব্যং। অস্য কর্ম্মণঃ পুনরভিধানং নক্ষত্রানয়নস্য বাহুল্যোপযোগিত্বাৎ। এবং কৃত্বাসপ্তগুণঃ কর্ম্মযোগ্যরাশিরপাস্য ॥১৩॥ ভট্টোৎপলঃ।

বেলামিত্যাদি। যস্মিন্ দিনে পুরুষস্য জন্মজ্ঞানং তদ্দিনপ্রমাণং

ঘটিকাদিকং কর্ত্তব্যং রাত্রৌ চেত্তদা রাত্রিপ্রমাণং। তত্র যোঽসৌ পৃথক্ স্থাপিতঃ পঞ্চগুণোরাশিস্তস্য রাশের্দ্দিনপ্রমাণেন রাত্রিপ্রমাণেন বা ভাগমপহৃত্য তস্মিন্ কালে দিনগতে রাত্রিগতে বা জন্ম বক্তব্যং। অথ বিলগ্নক্ষেত্যাদি। অথশব্দঃ পাদপূরণার্থে কালে জ্ঞাতেরাশ্যাদিলগ্নং কর্ত্তব্যং ততস্তস্য হোরা দ্রেক্কাণনবাংশদ্বাদশাংশত্রিংশাংশভাগাঃ কর্ত্তব্যাঃ। তাৎকালিকগ্রহাশ্চ কর্ত্তব্যাঃ। ততোযথাবিহিতেন বিধিনা দশান্তর্দ্দশাদিবিহিতস্য ফলস্য-নির্দ্দেশঃ কর্ত্তব্যঃ॥ ১৪॥ ইতি ভট্টোৎপলকৃতানষ্টজাতকী সমাপ্তা।

পূর্ব্বোক্ত দশদ্বারা গুণিতাঙ্ককেপুনর্ব্বার তিনস্থানে রাখিয়া তাহার প্রথম অঙ্ককে একশত কুড়িদ্বারা ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে তদ্দারা প্রশ্নকর্ত্তার বয়স নিশ্চয় করিবে। দ্বিতীয় অঙ্ক ছয়দ্বারা ভাগ করিয়া অবশিষ্টাঙ্কদ্বারা শিশিরাদিঋতু, তৃতীয়াঙ্ক দুইদ্বারা ভাগ করিয়া অবশিষ্টাঙ্ক দ্বারা ঋতুর প্রথমমাস কি দ্বিতীয় মাস নিশ্চয় করিবে। তদনন্তর অষ্টগুণিত অঙ্কদ্বারা মাসার্দ্ধ পক্ষ ও তিথি নিশ্চয় করিবে অর্থাৎ ঐ গুণিতাঙ্কে দুইদ্বারা ভাগ করিলে ভাগ শেষ এক হইলে শুক্লপক্ষ, শূন্য হইলে কৃষ্ণপক্ষ জানিবে। পঞ্চদশদ্বারা ভাগ করিয়া ভাগশেষ দ্বারা প্রতিপদাদি তিথি নির্ণয় হইবে।

পূর্ব্বোক্ত সপ্তদ্বারা গুণিতাঙ্ককে দুইদ্বারা ভাগ করিলে ভাগশেষ এক থাকিলে দিবাতে জন্ম, শূন্য থাকিলে রাত্রিতে জন্ম জানিবে। উক্ত অঙ্ক সপ্তবিংশতিদ্বারা ভাগ করিলে অবশিষ্টাঙ্ক দ্বারা অশ্বিন্যাদিনক্ষত্র নির্ণয় হইবে।

পূর্ব্বোক্ত পঞ্চগুণিত অঙ্ককে দিবাতে জন্ম হইলে দিনমানদ্বারা এবং রাত্রিতে জন্ম হইলে রাত্রিমানদ্বারা ভাগ করিলে অবশিষ্টাঙ্ক যাহা থাকিবে তত দণ্ডের সময়ে জন্ম নিশ্চয় করিবে। দণ্ড স্থির হইলেই লগ্ন, হোরা ও দ্রেক্কাণ প্রভৃতি ষড়্বর্গ নিশ্চয় করিতে পারা যায়॥ ১২। ১৩। ১৪॥

সংস্কারনামমাত্রাদ্বিগুণা ছায়াঙ্গুলৈঃ সমাযুক্তা।
ত্রিনবকভক্তাচ্ছেষং নক্ষত্রং তদ্ধনিষ্ঠাদি॥ ১৫

প্রকারান্তেণ নক্ষত্রমাহ সংস্কারেতি। বেদবিহিতসংস্কারেণ যন্নাম

তস্য মাত্রাগ্রাহ্যা তথাচ। একমাত্রোভবেদ্ধ্রস্বোদ্বিমাত্রোদীর্ঘ উচ্যতে। ত্রিমাত্রস্তু প্লুতোজ্ঞেয়োব্যঞ্জনঞ্চার্দ্ধমাত্রকমিতি। এবং প্রকারেণ নষ্টসংস্কার-নামমাত্রামেকীকৃত্য দ্ব্যাভ্যাং গুণয়িত্বা তাৎকালিকছায়াঙ্গুলানি মিশ্রয়িত্বা ত্রিনবকভক্ত্যাং সপ্তবিংশতিহৃত্বা ৎ শেষং ধনিষ্ঠাদি গণনয়া জন্মনক্ষত্রং স্যাৎ ॥ ১৫

মতান্তরে নক্ষত্রানয়ন বর্ণিত হইতেছে যথা ;—প্রশ্নকর্ত্তার সংস্কৃত নামের মাত্রাকে দ্বিগুণ করিয়া প্রশ্নকালের শঙ্কুছায়ার অঙ্ক যোগ করতঃ যত অঙ্ক হইবে তাহাকে সপ্তবিংশতিদ্বারা ভাগ করিলে অবশিষ্টাঙ্কদ্বারা ধনিষ্ঠাদি নক্ষত্র জানিবে ॥ ১৫ ॥

দ্বিত্রিচতুর্দ্দশতিথিসপ্তত্রিগুণানবাষ্টচেন্দ্রাদ্যাঃ।
পঞ্চদশঘ্নাস্তদ্দিঙ্মুখান্বিতাভং ধনিষ্ঠাদি ॥ ১৬

ইতি লঘুজাতকে নষ্টজাতকোহধ্যায়ঃ ॥ (১)

দ্বিত্রীতি। ঐন্দ্রাদ্যাঃ পূর্ব্বাদিদিশঃ দ্বিত্র্যাদ্যষ্টপরিমিতাঃ পূর্ব্বাদীনাং দিশামেতাঙ্কানীত্যর্থঃ। পূর্ব্বস্য দ্বৌ অগ্নিকোণস্য ত্রয়ঃ দক্ষিণস্য চতুর্দ্দশ নৈঋতস্য দশ পশ্চিমস্য পঞ্চদশ বায়ুকোণস্য সপ্তত্রিগুণা একবিংশতিঃ। উত্তরস্য নব ঈশানস্যাষ্টেত্যর্থঃ। এতদুক্তম্ভবতি। যদ্দিঙমুখঃ প্রষ্টা পৃচ্ছতি তদ্দিশোঽঙ্কং স্থাপয়িত্বা পঞ্চদশভির্গুণয়িত্বা তদ্দিশং তদ্দিঙমুখস্থ লোকসংখ্যাং মিশ্রয়িত্বা অর্থাৎ সপ্তবিংশতিভির্হৃত্বা ধনিষ্ঠাদিগণনয়া জন্ম সংস্কারং বোধ্যং ॥ ১৬ ॥

প্রশ্নকর্ত্তা যদি পূর্ব্ব মুখ হইয়া প্রশ্ন করে তবে দুই অঙ্ক, অগ্নিকোণে তিন, দক্ষিণে চতুর্দ্দশ, নৈঋতকোণে দশ, পশ্চিমে পঞ্চদশ, বায়ুকোণে একুশ, উত্তরে নয় এবং ঈশানকোণে আট গ্রহণ করিয়া এই সকল অঙ্ক পঞ্চদশ দ্বারা গুণকরতঃ প্রশ্নকালে তথায় যে মুখ হইয়া প্রশ্ন করিবে সেই মুখে যত পুরুষ থাকিবে তত্তসংখ্যা যোগ করিয়া সপ্তবিংশতিদ্বারা ভাগ

১। পাঠকগণ অনুগ্রহপূর্ব্বক নষ্টজাতকের টিপ্পনি ও টীকা বিশুদ্ধ করিয়া লইবেন।

অবশিষ্ট অঙ্ক এক থাকিলে ধনিষ্ঠা, দুই থাকিলে শতভিষা, তিন থাকিলে পূর্ব্বভাদ্রপদনক্ষত্র বলিতে হইবে ॥ ১৬ ॥

ইতি জাতকচন্দ্রিকায়াং নষ্টকোষ্ঠী বিচারণং
নাম দ্বাদশোঽধ্যায়ঃ।

অথ বিরুদ্ধনক্ষত্রে রোগকথনং।

আধানে জন্মনক্ষত্রে নিধনে প্রত্যরৌ তথা।
ব্যাধিরুৎপদ্যতে যস্য ক্লেশস্তস্য ভবেদ্ ধ্রুবং ॥

অধুনা বিরুদ্ধনক্ষত্রে রোগোৎপত্তি হইলে তাহার ফল কথিত হইতেছে। আধান নক্ষত্রে, জন্মনক্ষত্রে এবং জন্মনক্ষত্র হইতে সপ্তম ও পঞ্চনক্ষত্রে যাহার রোগ হয় সেই ব্যক্তির অতিশয় ক্লেশ হইয়া থাকে।

উরগশতভিষাদ্রাস্বাতিমূলাত্রিপূর্ব্বা
রবিশনিকুজবারে ভূতষষ্ঠীনবম্যাং।
ইহহি মরণযোগোযোজ্বরেণাভিভূতঃ
পশুপতিসমযোগী সোঽপি মৃত্যুং প্রয়াতি ॥

অশ্লেষা, শতভিষা, আদ্রা, স্বাতী, মূলা, পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া কি পূর্ব্বভাদ্রপদনক্ষত্র রবি, শনি কিম্বা মঙ্গলবার আর চতুর্দ্দশী, ষষ্ঠী অথবা নবমীতিথি। এই সকল তিথি নক্ষত্র ও বারযোগে যে ব্যক্তির রোগ উৎপন্ন হয় তিনি শিবতুল্যযোগী হইলেও কালগ্রাসে পতিত হইবেন।

সপ্তাহং বারদোষেস্যাদ্দ্বিগুণং তিথিবারয়োঃ।
তিথিনক্ষত্রয়োর্ম্মাসং ত্রিভির্যুক্তো ন জীবতি ॥

বারদোষে এক সপ্তাহ রোগ থাকে, তিথি ও বার দুষ্ট হইলে রোগভোগের কাল চৌদ্দদিন, তিথি ও নক্ষত্র দূষিত হইলে ব্যাধি একমাস থাকে। রোগোৎপত্তির সময় তিথি, বার নক্ষত্র মন্দ হইলে রোগীর জীবন সংশয় হয়।

কৃত্তিকাসু যদা ব্যাধিঃ কশ্চিদুৎপদ্যতে পুনঃ
নবরাত্রং ভবেৎ পীড়া ত্রিরাত্রং রোহিণীষু চ।
মৃগে চ পঞ্চরাত্রিঃস্যাদার্দ্রা প্রাণৈর্ব্বিমুচ্যতে।
পুনর্ব্বসৌ চ পুষ্যে চ সপ্তরাত্রং বিধীয়তে।
নবরাত্রং তথাশ্লেষা শ্মশানান্তং মঘাসু চ।
দ্বৌ মাসৌ পূর্ব্বফল্গুণ্যাং উত্তরাসু ত্রিপঞ্চকং।
হস্তায়াং সপ্তমে মোক্ষং চিত্রায়ামেকমাসকং।
মাসদ্বয়ং তথা স্বাতী বিশাখা দিনবিংশভিং।
মৈত্রে চাপি দশাহানি জ্যেষ্ঠায়ামর্দ্ধমাসকং।
মূলায়াঞ্চ ভবেচ্ছেষং পূর্ব্বাষাঢ়া ত্রিরাত্রকং।
উত্তরে বিংশতিশ্চৈব দ্বৌ মাসৌ শ্রবণাসু চ।
ধনিষ্ঠা চার্দ্ধমাসঃ স্যাদ্‌বারুণে প্রাণসংশয়ঃ।
পূর্ব্বভাদ্রে ভবেন্মোক্ষমুত্তরাসু ত্রিপঞ্চকং।
রেবতী দশরাত্রস্তু অহোরাত্রং তথাশ্বিনী।
প্রাণনাশো ভবেদ্‌যাম্যে নাত্রকার্য্যা বিচারণা॥

কৃত্তিকানক্ষত্রে যদি মনুষ্যের ব্যাধি জন্মে, সেইব্যাধি নয়দিন ভোগ করে। এইরূপ রোহিণীতে তিনরাত্র, মৃগশিরায় পাঁচরাত্র, আদ্রায় জীবনান্ত, পুনর্ব্বসু ও পুষ্যাতে সপ্তরাত্র, অশ্লেষায় নয়রাত্র, মঘাতে শ্মশানান্ত, পূর্ব্বফল্গুণীতে দুইমাস, উত্তরফল্গুণীতে পঞ্চদশদিন, এবং হস্তাতে রোগ হইলে সাতদিন ভোগ হইয়া থাকে। চিত্রানক্ষত্রে রোগজন্মিলে একমাস ভোগ হয়। স্বাতীনক্ষত্রে রোগোৎপত্তি হইলে দুইমাস ভোগ হয়। আর বিশাখায় কুড়িদিন, অনুরাধায় দশদিন, জ্যেষ্ঠায় অর্দ্ধমাস, মূলাতে জীবনান্ত, পূর্ব্বাষাঢ়ায় তিনদিন, উত্তরাষাঢ়ায় কুড়িদিন, শ্রবণায় দুইমাস, ধনিষ্ঠাতে অর্দ্ধমাস, শতভিষায় জীবন সংশয়, পূর্ব্বভাদ্রে জীবনান্ত, উত্তরভাদ্রে পঞ্চদশদিন, রেবতীতে দশরাত্র, অশ্বিনীতে একরাত্র এবং ভরণীনক্ষত্রে মনুষ্যের রোগোৎপত্তি হইলে প্রাণনাশ হইয়া থাকে।

প্রতিপ্রসবমাহ।

কৃত্তিকায়াং পিষ্টক ছাগমুখে দধ্যদককঞ্চ দেয়ং।
রোহিণ্যাং পিষ্টকগোমুখে শাকং দেয়ং।
মৃগশিরসি পিষ্টক মৃগমুখে মাষোদেয়ঃ।
আর্দ্রায়াং পিষ্টকগোমুখে রক্তশাকং।
পুনর্ব্বসৌ পিষ্টকবরাহমুখে পটোলং।
পুষ্যে পিষ্টকচ্ছাগমুখে পায়সং।
অশ্লেষায়াং পিষ্টকবরাহমুখে ঘৃতং।
মঘায়াং পিষ্টকবানরমুখে তিলাঃ।
পূর্ব্বফল্গুন্যাং পিষ্টকবানরমুখে মুদ্গতিলপূপিকাঃ।
উত্তরফল্গুন্যাং পিষ্টকবলীবর্দ্দমুখে শাকং।
হস্তায়াং পিষ্টকমহিষমুখে পুষ্করমূলং।
চিত্রায়াং পি[illegible]কব্যাঘ্রমুখে তগরপুষ্পং।
স্বাত্যাং পিষ্টকমার্জ্জারমুখে তিলং।
বিশাখায়াং পিষ্টকব্যাঘ্রমুখে গুড়ভক্তং।
অনুরাধায়াং পিষ্টকমৃগমুখে কুলত্থং।
জ্যেষ্ঠায়াং পিষ্টকমূষিকমুখে ধন্যাকং।
মূলায়াং পিষ্টকমার্জ্জারমুখে তিলং।
পূর্ব্বাষাঢ়ায়াং পিষ্টককুম্ভীরমুখে বচং।
উত্তরাষাঢ়ায়াং পিষ্টকবৃষমুখে শাকভক্তং।
শ্রবণায়াং পিষ্টকমহিষীমুখে রক্তং।
ধনিষ্ঠায়াং পিষ্ঠকনরমুখেশাকভক্তং।
শতভিষায়াং পিষ্টকবানরমুখে পিপ্পলী।
পূর্ব্বভাদ্রপদে পিষ্টকনরমুখে সিততণ্ডুলাঃ।
[illegible]দেহপ্যেবং। রেবত্যাংপিষ্টকনরমুখে

গুড়ভক্তং। এবং অশ্বিনীভরণ্যোঽপি। এতদ্বিধানঞ্চ
প্রথমং গন্ধপুষ্পধূপদীপনৈবেদ্যাদিকৈঃ। সদীপমাল্য-
পতাকৈঃ প্রপূজ্য কার্য্যং।

কৃত্তিকাদিনক্ষত্রে রোগোৎপত্তি হইলে তাহার প্রতিপ্রসব কথিত হইতেছে যথা,—কৃত্তিকানক্ষত্রে যদি ব্যাধি উৎপন্ন হয় তবে পিষ্টকময়-ছাগ প্রস্তুত করিয়া তাহাকে প্রথমতঃ গন্ধপুষ্প ধুপদীপনৈবেদ্য প্রভৃতি সদীপ মাল্যপতাকাদ্বারা অর্চ্চনা করতঃ ঐ পিষ্টকময়ছাগের মুখে দধ্যুদক অর্পণ করিবে। রোহিণীতে রোগ জন্মিলে পিষ্টকময় গোরচনা করিয়া পুর্ব্বোক্তরূপে অর্চ্চনাপূর্ব্বক তাহার মুখে শাক দিবে। মৃগশিরাতে ব্যাধি জন্মিলে পিষ্টকময় মৃগমুখে মাষ অর্পণ করিবে। এইরূপ আর্দ্রাতে পিষ্টকময় গোমুখে রক্তশাক, পুনর্ব্বসুতে পিষ্টকময় শূকরমুখে পটোল, পুষ্যাতে পিষ্টকময় ছাগমুখে পায়স, অশ্লেষাতে পিষ্টকময় শূকরমুখে ঘৃত, মঘাতে পিষ্টকময় বানরমুখে তিল, পুর্ব্বফল্গুনীতে পিষ্টকময় বানরমুখে তিলপিষ্টক, উত্তরফল্গুনীতে, পিষ্টকময় বৃষমুখেশাক, হস্তায় পিষ্টকময় মহিষী মুখে পুষ্করমূল, চিত্রাতে পিষ্টকময়ব্যাঘ্রমুখে তগরপুষ্প, স্বাতীতে পিষ্টকময় মার্জ্জার মুখে তিল, বিশাখায় পিষ্টকময় ব্যাঘ্রমুখে গুড়ভক্ত, অনুরাধায় পিষ্টকময় মৃগমুখে কুলত্থকলাই, জ্যেষ্ঠায় পিষ্টকময় ইঁন্দুরের মুখে ধন্যাক, মূলাতে পিষ্টকময় মার্জ্জার মুখে তিল, পুর্ব্বষাঢ়ায় পিষ্টকময় কুম্ভীরমুখে বচ, উত্তরাষাঢ়ায় পিষ্টকময় বৃষমুখে শাকভক্ত, শ্রবণাতে পিষ্টকময় মহিষীমুখে রক্ত, ধনিষ্ঠায় পিষ্টকময় বানরমুখে শাক, শতভিষায় পিষ্টকময় বানরমুখে পিপ্পলী, পুর্ব্বভাদ্রপদে ও উত্তরভাদ্রপদে পিষ্টকময় মনুষ্যমুখে আতপতণ্ডুল রেবতীতে পিষ্টকময় মনুষ্য মুখে গুড়ভক্ত এবং অশ্বিনী ও ভরণীনক্ষত্রে রোগোৎপত্তি হইলেও পিষ্টকময়মনুষ্য রচনা করিয়া পূর্ব্বোক্ত উপচা-রদ্বারা অর্চ্চনাপূর্ব্বক ঐ মনুষ্যের মুখে গুড়ভক্ত দিবে। ফলতঃ সকল নক্ষ-ত্রের প্রতিকারেই অর্চ্চনা করিতে হইবে।

অথ রোগিণাং মৃত্যুজ্ঞানং।

জন্মর্ক্ষং নবভিঃ পূর্ণং বয়োবর্ষসমন্বিতং।

এতদঙ্কং ত্রিভিঃ পূর্ণং সপ্তবিংশতিভির্হরেৎ॥

অধুনা রোগীর মৃত্যুজ্ঞান বর্ণিত হইতেছে যথা,—রোগীর জন্মনক্ষত্রাঙ্ক ও বয়সের অঙ্ক একত্র যোগ করিয়া নয় দ্বারা পূরণ করিয়া তাহাকে পুনর্ব্বার তিন দ্বারা পূরণ করিতে হইবে। অনন্তর সপ্তবিংশতি দ্বারা ভাগ করিলে যাহা অবশিষ্ট থাকিবে তাহাতে আয়ুর পরীক্ষা হয়; ফল নিম্নে কথিত হইতেছে।

ফলং—দশসূর্য্যনৃপক্ষাভৃদ্বহ্ন্যষ্টাদশ জন্মভে।

রোগিণাং মরণস্তত্র বৎসরে নাত্র সংশয়ঃ॥

পূর্ব্বোক্ত সপ্তবিংশতি দ্বারা হৃতাবশিষ্ট অঙ্ক যদি দশ, বার, ষোল, সাত তিন কি অষ্টাদশ, ইহার অন্যতর অথবা যে নক্ষত্রে রোগীর জন্ম সেই নক্ষত্রাঙ্ক হয় তবে সেই ব্যক্তির মৃত্যু হইবে, ইহাতে সংশয় নাই।

খনা—বয়স নক্ষত্র করিয়া এক নয় মিশাইয়া আয়ু দেখ।
তিনে পূরিয়া সাতাইশে হরিয়া, শেষে যে থাকে আয়ু বুঝিবা তাহা দিয়া।
তিন বারো ষোল সাত, পঁচিশ উনিশ জন্ম যাহাৎ।
এতেক জানিয়া যমের ঘাটা, ইষ্ট আনিয়া কাঠ কাটা।

রবীন্দুরোগিণামৃক্ষমেকনাড়ী যদা ভবেৎ।

তদা যমপুরে বাসোভবত্যেব ন সংশয়ঃ॥

রবি, চন্দ্র ও রোগীর জন্মনক্ষত্র যদি এক নাড়ী স্থিত হয় তবে নিশ্চয় সেই ব্যক্তি যমপুরে গমন করিবে।

আর্দ্রাদৌ মৃগশিরোঽন্তে চ মধ্যে মূলং প্রতিষ্ঠিতং।

এবং ক্রমেণৈকনাড়ী গণনস্য বিধি স্মৃতঃ॥

আদিতে আর্দ্রা অন্তে মৃগশিরা এবং মধ্যে মূলা এইরূপে ক্রমে নাড়ী গণনা করিতে হয়।

স্বজন্মমাসানধিবেদমাসে বারাস্তু বাণস্য চ বামভাগে।

জন্মোড়ুতোঋক্ষসপঞ্চবিংশোভবেত্তিথির্ম্মূর্ত্তিখশ্চবিংশতিঃ।

দিনত্রিশাংশে মরণায় যোগোভবত্যবশ্যং খলু বর্ষমধ্যে॥

প্রকারান্তরে রিষ্ট কথিত হইতেছে। মনুষ্যের স্বীয় জন্মমাস হইতে গণনায় চতুর্থ মাস, জন্মবার হইতে পঞ্চম বারের পঞ্চমাংস, জন্মনক্ষত্র হইতে পঞ্চবিংশতিনক্ষত্র এবং জন্মতিথি হইতে বিংশতিতিথি যদি এক দিনে কি এক রাত্রিতে হয় তবে সেই বর্ষ মধ্যে উক্ত ব্যক্তির অবশ্যই মৃত্যু হইবে।

দিবা চ সংশয় তত্র রাত্রৌ মরণনিশ্চয়ং।

একান্তরগতে রিষ্টিং জানীয়াজ্জন্মলগ্নতঃ॥

পূর্ব্বোক্ত যোগ দিবাতে হইলে সংশয় কিন্তু রাত্রিতে হইলে নিশ্চয়ই মৃত্যু হইবে জন্মলগ্ন হইতে একলগ্ন অন্তরে রিষ্ট জানিবে।

চতুর্থমাসোযদিজন্মমাসাত্তজ্জন্মবারদ্‌যদি পঞ্চমাহঃ।

জন্মর্ক্ষতঃ শায়কযুগ্মমৃক্ষং তিথির্যদা জন্মতিথে খযুগ্মং॥

তস্মিন্নব্দে ভবেন্মৃত্যুর্দ্দেবরাজ সমোযদি।

একান্তরগতে রিষ্টিং জানীয়াজ্জন্মমাসতঃ॥

জন্মমাস হইতে চতুর্থ মাসে জন্মবার হইতে পঞ্চম বারে যদি জন্মনক্ষত্র হইতে পঞ্চ বিংশতি নক্ষত্র ও জন্মতিথি হইতে বিংশতি তিথি পতিত হয়, তবে সেই বর্ষে ঐ ব্যক্তি ইন্দ্রতুল্য হইলেও গতায়ু হইবে। কিন্তু জন্ম-মাস হইতে একমাস অন্তরে মৃত্যু জানিবে।

চররাশৌ বিলগ্নস্থে দ্বিদেহার্দ্ধে চ পশ্চিমে।

রোগস্যোপশমঃ প্রশ্নে বিপর্য্যাসে বিপর্য্যয়ঃ॥

রোগিব্যক্তির কুশলাকুশল প্রশ্নলগ্নদ্বারা কথিত হইতেছে যথা,—যদি চররাশি এবং দ্ব্যাত্মক রাশির শেষার্দ্ধ প্রশ্নলগ্ন হয় তবে রোগিব্যক্তির ব্যাধির উপশম হইবে আর যদি স্থিররাশি এবং দ্ব্যাত্মকরাশির পূর্ব্বার্দ্ধ প্রশ্নলগ্ন হয় তাহা হইলে সেই রোগী চিররোগী হইয়া থাকে।

শুভগ্রহাঃ সৌম্যনিরীক্ষিতাশ্চ বিলগ্নসপ্তাষ্টম পঞ্চমস্থাঃ।

ত্রিষড়্‌দশায়েষু নিশাকরস্যাচ্ছুভং বদেদ্রোগনিপীড়িতানাং॥(১)

১। এতদ্‌ যোগাভাবে সত্যশুভং বদেদিতি তাৎপর্য্যং।

প্রশ্নলগ্নে অথবা প্রশ্নলগ্নের সপ্তম, অষ্টম কি পঞ্চমস্থানে শুভগ্রহ অবস্থিত হইয়া তাঁহারা যদি অন্য শুভগ্রহকর্ত্তৃক অবলোকিত হন তবে রোগিব্যক্তির কুশল জানিবে। আর যদি প্রশ্নলগ্নের তৃতীয়. ষষ্ঠ, দশম কি একাদশস্থানে চন্দ্র অবস্থিত হন তাহা হইলেও রোগিব্যক্তির শুভ জানিবে।

পাপর্ক্ষে প্রশ্নলগ্নে তু পাপসংযুতবীক্ষিতে।
তথৈব চাষ্টমে স্থানে রোগিণাং মরণং বদেৎ॥

প্রশ্নলগ্নদ্বারা রোগিব্যক্তির মৃত্যু বর্ণিত হইতেছে যথা, যদি প্রশ্নলগ্ন পাপগ্রহের গৃহ হয় আর তাহাতে পাপগ্রহ থাকে কিম্বা উক্ত লগ্ন পাপ-গ্রহকর্ত্তৃক দৃষ্ট হয় তবে রোগীর মৃত্যু হইবে। প্রশ্নলগ্নের অষ্টমস্থান পাপ-গ্রহের গৃহ কি পাপ গ্রহযুক্ত অথবা পাপগ্রহকর্ত্তৃক অবলোকিত হইলেও রোগীর মৃত্যু হইয়া থাকে।

মন্দঃ পাপসমেতোলগ্নান্নবমঃ শুভৈরযুতদৃষ্টঃ।
রোগার্ত্তঃ পরদেশে চাষ্টমগোমৃত্যুকরএব॥

অধুনা বিদেশস্থ ব্যক্তির রোগজ্ঞান ও মৃত্যুজ্ঞান কথিত হইতেছে। যদি পাপগ্রহযুক্ত শনিগ্রহ প্রশ্নলগ্নের নবমস্থ হইয়া শুভগ্রহযুক্ত কি শুভগ্রহকর্ত্তৃক দৃষ্ট না হন তাহা হইলে বিদেশীয় ব্যক্তিকে রোগার্ত্ত বলিয়া জানিবে। আর পাপগ্রহযুক্ত শনি যদি প্রশ্নলগ্নের অষ্টমস্থ হইয়া শুভগ্রহযুক্ত কি শুভগ্রহ কর্ত্তৃক অবলোকিত না হন তবে বিদেশীয় ব্যক্তি রোগার্ত্ত হইয়া প্রণত্যাগ করিয়াছে বলিতে হইবে।

পরদেশস্য রোগজ্ঞানং মৃত্যুজ্ঞানং।

অথ মনুষ্যাদীনাং পরমায়ুঃ প্রমানং।

সমাঃ ষষ্টির্দ্বিঘ্নামনুজকরিণাং পঞ্চ চ নিশা
হয়ানাং দ্বাত্রিংশৎখরকরভয়োঃ পঙ্ককৃতিঃ।
বিরূপাসত্বায়ুর্ম্মগমহিষয়োর্দ্বাদশ শুনঃ
স্মৃতং ছাগাদীনাং দশকসহিতাঃ ষট্ চ পরমং॥

অধুনা মনুষ্যাদির পরমায়ুর প্রমাণ কথিত হইতেছে যথা ; মনুষ্য ও হস্তীর পরমায়ু একশত বিশবৎসর পাঁচরাত্রি পাঁচদিন হয়। এইরূপ অশ্বের পরমায়ু বত্রিশবৎসর, গর্দ্দভ ও উষ্ট্রের পরমায়ু চতুর্ব্বিংশতিবর্ষ, মৃগমহিষ ও কুক্কুরের পরমায়ু দ্বাদশবর্ষ এবং ছাগ ও মেষাদির পরমায়ু ষোড়শবর্ষ হইয়া থাকে।

পথ্যাশীনাং শীলবতাং নরাণাং সদ্বৃত্তিভাজাং বিজিতেন্দ্রিয়ণাং
এববিম্বিধানামিদমায়ুরত্র চিন্ত্যং সদা বৃদ্ধমুনিপ্রবাদঃ ॥

পথ্যাশী, সৎস্বভাবান্বিত, সদ্বৃত্তিদ্বারা জীবিকানির্ব্বাহকারী ও জিতেন্দ্রিয় ব্যক্তিদিগের উক্ত একশতবিশবৎসর পরমায়ু হইয়া থাকে ; বৃদ্ধঋষিদিগের এইরূপ মত।

বর্ত্ত্যাধারস্নেহযোগাদ্‌যথা দীপস্য সংস্থিতিঃ।
বিক্রিয়াপি চ দৃষ্টৈবমকালে প্রাণসংশয়ঃ ॥ (১)

তৈলদশাদি বিদ্যমান্ থাকিলেও প্রচণ্ডবায়ুকর্ত্তৃক যে রূপ দীপ-নির্ব্বাপিত হয়, সেইরূপ আয়ু থাকিতেও নৌকারোহণ দুর্গমপথে গমন যুদ্ধে প্রবর্ত্তিত হওয়ায় এবং অপথ্য আহারাদিদ্বারা প্রাণনাশ হইয়া থাকে।

অথেদানীং গ্রহসঞ্চারোলিখ্যতে।

তত্রাদৌ গুরোঃ।

শীর্ষে চত্বারি রাজ্যং জলধিরপি করে দক্ষিণে চাপি সৌখ্যং
চৈকং কণ্ঠে বিভূতিং মদনশরমিতং বক্ষসি প্রীতিলাভং।
পাদস্থাঃ ষট্ চ পীড়াং পুনরপিজলধির্ব্বামহস্তে চ মৃত্যুং
নেত্রে ত্রীণি প্রপদ্যুঃসুখমথ নিজভে বাক্‌পতেঃ সংক্রমর্ক্ষাৎ ॥ (২)

অধুনা গ্রহসঞ্চার লিখিত হইতেছে যথা,—বৃহস্পতির সঞ্চারগণনে নরাকার একটীমূর্ত্তি অঙ্কিত করিয়া গুরুর সংক্রমণনক্ষত্র হইতে তাহার

১। যথা,—অবিকলবর্ত্ত্যাদিসত্ত্বে প্রচণ্ডবাতাদিনা দীপনাশস্তথা সত্য-প্যায়ুষি অশুভকর্ম্মবশান্নৌকাদুর্গবর্ত্ম যুদ্ধাপথ্যাশিত্বাদিনা প্রাণনাশঃ। ইতি।

২। ইতিনরাকারঃ।

মস্তকে চারিনক্ষত্র, দক্ষিণহস্তে চারিনক্ষত্র, কণ্ঠে একনক্ষত্র, হৃদয়ে পাঁচনক্ষত্র, পাদদ্বয়ে ছয়নক্ষত্র, বামহস্তে চারিনক্ষত্র, এবং নেত্রদ্বয়ে তিন-নক্ষত্র যোজনা করিবে। অনন্তর মানবের জন্মনক্ষত্রদ্বারা ফল দেখিতে হইবে, যদি মনুষ্যের জন্মনক্ষত্র মস্তকে পতিত হয় তবে রাজ্যলাভ হইবে। এইরূপ দক্ষিণহস্তে পড়িলে সুখ, গলদেশে ঐশ্বর্য্য, হৃদয়ে প্রীতি লাভ, পাদদ্বয়ে পীড়া, বামহস্তে মৃত্যু এবং নেত্রে নক্ষত্র পতিত হইলে মানবের সুখ হইয়া থাকে।

বর্ণক্রমোযথা।

গুরোর্গমনঋক্ষঞ্চ নরঋক্ষ সমাযুতং।
বারযুতং চাষ্টহৃতং শেষে বর্ণ শুভাশুভং॥

বৃহস্পতির সঞ্চারকালের বর্ণ কিরূপে দেখিতে হয় তাহা কথিত হইতেছে যথা,—বৃহস্পতির সংক্রমণ নক্ষত্রের সহিত মানবের জন্মনক্ষত্র যোগ করিয়া পুনর্ব্বার বারের অঙ্ক যোগ করিতে হইবে। অনন্তর অষ্ট-দ্বারা হরণ করিলে যাহা অবশিষ্ট থাকিবে তদ্দ্বারা ফল নিম্নে প্রকটিত হইতেছে।

হেমেরত্ন বরাঙ্গনা তাম্রে চ নৃপপূজিতঃ।
নীলে বুদ্ধিবিনাশঃ স্যাৎ কৃষ্ণে চ মরণং ধ্রুবং।
মরকতে চোৎসবৈশ্চৈব গৌরে সর্ব্বসুখং ভবেৎ।
পিঙ্গলে চাগ্নিদাহঃ স্যাদ্রক্তেঽপি চ ধনক্ষয়ঃ॥

পূর্ব্বোক্ত অবশিষ্ট অঙ্ক এক থাকিলে হেমবর্ণ, দুই থাকিলে তাম্রবর্ণ, তিন হইলে নীলবর্ণ, চারি থাকিলে কৃষ্ণবর্ণ, পাঁচ হইলে মরকতবর্ণ, ছয় থাকিলে গৌরবর্ণ, সাত হইলে পিঙ্গল বর্ণ এবং আট (শূন্য) থাকিলে রক্তবর্ণ হয়। ফল কথিত হইতেছে। হেমে রত্ন ও শ্রেষ্ঠারমণী লাভ, তাম্রে নৃপপূজা, নীলে বুদ্ধিভ্রংশ, কৃষ্ণে মরণ, মরকতে উৎসব, গৌরে সর্ব্ব-প্রকারে সুখ, পিঙ্গলে অগ্নিদাহ ও রক্তে ধনসঞ্চয় হয়।

গতিঃ।

বিচিত্র বিলক্ষবিমর্দ্দ বিপাকাঃ।

গতি বর্ণিত হইতেছে। বিচিত্র, বিলক্ষ, বিমর্দ্দ ও বিপাক এই চারি প্রকারগতি।

ষষ্ঠে রুদ্রে তৃতীয়ে ভবতি শুভকরং নামচন্দ্রং বিচিত্রে
পক্ষে সপ্তাধনদশমগে কার্য্যলাভোবিলক্ষে।
রন্ধ্রে পঞ্চ চতুর্থে রিপুভয়কলহং কার্য্যনাশং বিমর্দ্দে
জন্মন্যষ্টৌ দ্বয়মপি নিতরাং সর্ব্বনাশং বিপাংক॥

বিচিত্রগতিতে ষষ্ঠ একাদশ ও তৃতীয়স্থান শুভ, বিলক্ষগতিতে দ্বিতীয়, সপ্তম, দ্বাদশ ও দশম স্থান শুভকারক। বিমর্দ্দগতিতে নবম পঞ্চম ও চতুর্থস্থানে রিপুভয়, কলহ ও কার্য্যনাশ হয় এবং বিপাক গতিতে জন্ম ও অষ্টমস্থানে সর্ব্বনাশ হইয়া থাকে।

বাহননির্ণয়ঃ।

তিথিবারস্বনত্রং নামাক্ষরসমন্বিতং।
নবভিশ্চ (১) হরেদ্ভাগং শেষেবাহননিশ্চিতং।

তিথি, বার মনুষ্যের জন্মনক্ষত্রাঙ্ক ও নামের অক্ষর যোগ করিয়া নয়দ্বারা হরণ করিলে যে অঙ্ক অবশিষ্ট থাকে তাহাদ্বারা গ্রহের বাহন নির্ণয় করিতে হয়।

গর্দ্দভস্তুরগোহস্তী মেষজম্বুকীসিংহকাঃ।
কাকহংসময়ুরাশ্চ এতে বাহননিশ্চয়ঃ॥

পূর্ব্বোক্ত হৃতশেষ এক থাকিলে গর্দ্দভ (গাধা) দুই হইলে অশ্ব, তিন থাকিলে হস্তী, চারি হইলে মেষ, পাঁচ থাকিলে জম্বুক (শৃগাল) ছয় হইলে সিংহ, সাত থাকিলে কাক এবং শূন্য অবশিষ্ট থাকিলে ময়ুর নিশ্চয় হইবে।

ফলং—গর্দ্দভে ধনহানিঃ স্যাদ্ধয়হস্তী সুখপ্রদঃ।
মেষে কার্য্যবিনাশঞ্চ কাকে ভবতি নিস্ফলং।

১। লগ্নেন হরয়েদ্ভাগমিত্যাদি পাঠঃ।

সিংহে শত্রুক্ষয়শ্চৈব হংসে সর্ব্বসুখানি চ।
ময়ূরে সুখলাভশ্চ জম্বুক্যাং মরণং ধ্রুবং ॥

অধুনা বাহনের ফল কথিত হইতেছে যথা,—গর্দ্দভে ধনহানি, অশ্বও কুঞ্জবে সুখ, মেষে কার্য্যবিনাশ, কাকে নিস্ফল, সিংহে শত্রুক্ষয়, হংসে সর্ব্বপ্রকার সুখ, ময়ূরে সুখ, এবং শৃগালবাহন হইলে মৃত্যু হয়।

গুরোঃসঞ্চারগণনং।

রাহুসঞ্চার ক্রমঃ।

শীর্ষে সপ্ত প্রদাতব্যা মুখে ষষ্ঠমুদাহৃতং।
নেত্রে গুণগুণশ্চৈব কর্ণয়োর্ব্বেদবেদকঃ ॥

রাহুসক্রমণের নক্ষত্রাবধি মস্তকে সপ্তনক্ষত্র, মুখে ছয়নক্ষত্র, নেত্রদ্বয়ে ছয় নক্ষত্র ও কর্ণদ্বয়ে অষ্টনক্ষত্র যোজনা করিবে।

ফলং।

মানং ভবতি শীর্ষে ধনলাভকারী কষ্টংদদাতি বদনে কলহস্তথৈব।
নেত্রে তথা প্রকুরুতে বহুবিত্তলাভং কর্ণে চ পীড়া কুরুতে চ রাহুঃ ॥

রাহুসঞ্চারসময়ে মানবের জন্মনক্ষত্র শীর্ষে পড়িলে সম্মান ও ধনলাভ, মুখে পড়িলে কষ্ট ও কলহ, নেত্রে থাকিলে বিত্তলাভ এবং কর্ণদ্বয়ে পতিত হইলে পীড়া হয়।

শনিসঞ্চারগণনং।

শনিচক্রং নরাকারং লিখিত্বা সৌরিভাদিতঃ।
নামঋক্ষং ভবেদ্যত্র ফলং তত্র শুভাশুভং।
শীর্ষে ত্রীণি মুখে চৈকং হৃদয়ে পঞ্চ নির্দ্দিশেৎ।
হস্তেঽষ্টৌ চ বিজানীয়াদ্দ্বে গুহ্যে পাদয়োর্ব্বসুঃ ॥

অধুনা শনৈশ্চরের সঞ্চার কথিত হইতেছে। নরাকৃতি একটি শনি চক্র অঙ্কিত করিয়া শনিসংক্রমণ নক্ষত্রাবধি মস্তকে তিননক্ষত্র, মুখে [illegible]নক্ষত্র, হস্তদ্বয়ে আটনক্ষত্র গুহ্যে দুই নক্ষত্র এবং

পাদদ্বয়ে আটনক্ষত্র যোজনা করিতে হইবে। অনন্তর মনুষ্যের জন্মনক্ষত্র দ্বারা ফল বিবেচিত হইবে।

ফলং—শীর্ষে মানং জয়ং বক্ত্রে হৃদয়ে নৃপতির্ভবেৎ।
সুখঞ্চ দক্ষিণে বাহৌ বামে হানিঃ ক্ষয়ায়তে।
লাভঞ্চ দক্ষিণে পাদে বামে চ মরণং তথা।
অপমানং তথা গুহ্যে শনিচক্রফলং ক্রমাৎ॥

শনিসংক্রমণসময়ে মানবের জন্মনক্ষত্র শনিচক্রের মস্তকে পতিত হইলে সম্মান, মুখে থাকিলে জয়লাভ, এবং হৃদয়ে পতিত হইলে নরপতি হয়। এইরূপ দক্ষিণ বাহুতে পড়িলে সুখ, বামবাহুতে হানিক্ষয়; দক্ষিণপাদে লাভ, বামপাদে মৃত্যু এবং গুহ্যদেশে জন্মনক্ষত্র পতিত হইলে মানবের অপমান হয়।

প্রকারান্তরং—কাকাকারত্রয়ং বক্ত্রে পৃষ্ঠে পুচ্ছোদরে চ ষট্।
পাদয়োঃ ষট প্রদাতব্যাঃ শনিচক্রং শুভাশুভং॥

প্রকারান্তর শনিচক্র কথিত হইতেছে। কাকাকৃতি একটি চক্র অঙ্কিত করিয়া শনিসংক্রমণনক্ষত্রাবধি মুখে তিননক্ষত্র, পৃষ্ঠে ছয়নক্ষত্র, পুচ্ছে ছয়নক্ষত্র, উদরে ছয়নক্ষত্র এবং পাদদ্বয়ে ছয়নক্ষত্র সংস্থাপন করিবে।

মুখে দুঃখং প্রবক্ষ্যামি পৃষ্ঠে চ বহুসম্পদং।
পুচ্ছে রোগং সুখং ক্রোড়ে পাদয়োর্ভ্রমণং ভবেৎ॥ (ক)

মনুষ্যের জন্মনক্ষত্র মুখে পড়িলে দুঃখ, পৃষ্ঠদেশে পতিত হইলে বহু-সম্পদলাভ, পুচ্ছে রোগ, উদরে সুখ, এবং পাদদ্বয়ে জন্মনক্ষত্র পতিত হইলে ভ্রমণ হয়।

বর্ণক্রমমাহঃ।

যস্মিন্নৃক্ষে গতঃসৌরির্নামৃক্ষসমন্বিতং।
নগাষ্টবহ্নিসংযুতং কৃত্বাষ্টাভির্হরেদ্‌বুধঃ॥

অনন্তর সঞ্চার সময়ের বর্ণ কথিত হইতেছে। যথা, যে নক্ষত্রে শনি

১। সঞ্চারগতনক্ষত্রক্রমেণ স্বনক্ষত্রং যাবদ"

ভোগ করেন, সেই নক্ষত্রাঙ্কের সহিত মানবের জন্মনক্ষত্রাঙ্ক ও অষ্টাদশ (মতান্তরে তিনশত সাতাশী) যোগ করিয়া আটদ্বারা হরণ করিলেই বর্ণ নিশ্চয় হইবে।

সুবর্ণং পিঙ্গলং শ্বেতং পাটলং চিত্রমেব চ।

কৃষ্ণং তাম্রং তথা নীলং বর্ণং বিদ্ধি যথামক্রমং॥

পূর্ব্বোক্ত ভাগাবশিষ্ট অঙ্ক এক হইলে সুবর্ণ বর্ণ, দুয়ে পিঙ্গল, তিনে শ্বেত, চারিয়ে পাটল, পাঁচে চিত্র, ছয়ে কৃষ্ণ, সাতে তাম্র এবং শূন্য অবশিষ্ট হইলে নীলবর্ণ জানিবে।

ফলং—সম্মানং বন্ধনং লাভোরোগোভোগোভয়ন্তথা।

ঐশ্বর্য্যং রাজপীড়া চ ফলমেৎ ক্রমেণ তু॥

বর্ণগত ফল কথিত হইতেছে। সুবর্ণে সম্মান, পিঙ্গলে বন্ধন, শ্বেতে লাভ, পাটলে রোগ, চিত্রে ভোগ, কৃষ্ণে ভয়, তাম্রে ঐশ্বর্য্য এবং নীলে রাজপীড়া হয়।

প্রতিপ্রসবমাহ।

সুবর্ণং পিঙ্গলে দেয়ং পাটলেহপি তথৈব চ।

কৃষ্ণবস্ত্রং গাঞ্চ কৃষ্ণাং নীলে দদ্যাৎ [illegible]॥

বর্ণের দোষ প্রতিকারের নিমিত্তে দ্রব্যদান কথিত হইতেছে।—পিঙ্গলে ও পাটলে সুবর্ণদান করিবে এবং নীলে কৃষ্ণবস্ত্র ও কৃষ্ণ গো দান করিতে হইবে।

বর্ষচক্রং।

স্বর্গে ত্রীণি সুখং বিদ্যাৎ পর্ব্বতে সুখ সম্পদঃ

চক্রে দারিদ্র্যতামেতি সমুদ্রে ভীষণং ফলং।

ধরণ্যাং বিত্তসম্পত্তির্দ্দেহপীড়া রসতলে।

শঙ্খে চ বিপুলালক্ষ্মীর্গগনে মানভঞ্জনং।

সুখং স্যাচ্চক্রগর্ভে তু বর্ষচক্রফলং ক্রমাৎ॥

হইতেছে যথা,—নয়ভাগে বিভক্ত করিয়া

একটি চক্র অঙ্কিত করিবে। অনন্তর বর্ষরাশিঘটক যে নক্ষত্র নির্দ্দিষ্ট হইবে সেই নক্ষত্র অবধি স্বর্গে তিননক্ষত্র পর্ব্বতে তিননক্ষত্র, চক্রে তিন নক্ষত্র, ধরণীতে তিননক্ষত্র, রসাতলে তিননক্ষত্র শঙ্খে তিননক্ষত্র, গগনে তিননক্ষত্র এবং চক্রগর্ভে তিননক্ষত্র সংস্থাপন করিবে।

বর্ষচক্রের ফল কথিত হইতেছে। মনুষ্যের জন্মনক্ষত্র স্বর্গে পতিত হইলে সুখ, পর্ব্বতে সুখসম্পদ, চক্রে দরিদ্রতা, সমুদ্রে ভয়, ধরণীতে বিত্তসম্পত্তি, রসাতলে পীড়া শঙ্খে অতুল ঐশ্বর্য্য, গগনে মানভঙ্গ এবং চক্রমধ্যে জন্মনক্ষত্র পড়িলে সুখ হয়।

বর্ষচক্রদোষশান্তিঃ।

চক্রে ছত্রং প্রদাতব্যং সমুদ্রে চ সুশয্যকং।
রজতং হেমবস্ত্রঞ্চ তাম্রঞ্চ গগনে তথা।
ঘৃততণ্ডুলস্বর্ণঞ্চ কুম্ভং দব্যাদ্রসাতলে॥

বর্ষচক্রের দোষশান্তি কথিত হইতেছে। মানবের জন্মনক্ষত্র চক্রে পতিত হইলে ছত্রদান করিবে। এইরূপ সমুদ্রে উৎকৃষ্ট শয্যা, গগনে রজত, স্বর্ণ, বস্ত্র ও তাম্র এবং রসাতলে মানবের জন্মনক্ষত্র পতিত হইলে ঘৃততণ্ডুল স্বর্ণ ও কুম্ভদান করিতে হইবে।

গ্রহদোষপ্রতীকারঃ।

গোচরে বা বিলগ্নে বা যে গ্রহারিষ্টসূচকাঃ।
পূজয়েত্তান্ প্রযত্নেন পূজিতাঃ স্যুঃ শুভপ্রদাঃ॥

গোচরস্থিত গ্রহ কি জন্মকালীন লগ্নাদিস্থ গ্রহ যদি রিষ্টসূচক হন, তাহা হইলে যত্নপূর্ব্বক ঐ সকল গ্রহের অর্চ্চনা করিবে। অর্চ্চিত গ্রহগণ শুভফল প্রদান করিয়া থাকেন।

গ্রহবৈগুণ্যে ঔষধধারণং।

মূলং ধার্য্যং ত্রিশূল্যাঃ সবিতরি বিগুণে ক্ষীরিকামূলমিন্দৌ
জিহ্বাহের্ভূমিপুত্রে রজনিকরসুতে বৃদ্ধদারস্য মূলং।
ভার্গ্যা জীবেহথ শুক্রে ভবতি শুভকরং সিংহপচ্ছস্য মূলং
বাট্যালং চার্কপুত্রে তমসি মলয়জ

অধুনা গ্রহদোষ শান্ত্যর্থ ঔষধধারণ কথিত হইতেছে। রবিগ্রহ বিরুদ্ধ হইলে বিল্বমূল ধারণ করিবে। এইরূপ চন্দ্রবিরুদ্ধে ক্ষীরিকামূল, মঙ্গলে নাগজিহ্বালতামূল, বুধে বৃদ্ধদারু (বীরতাড়ক) মূল, বৃহস্পতির ব্রহ্মযষ্ঠি (বামন হাটি) মূল, শুক্রের সিংহপুচ্ছ (রামবাসক) মূল, শনির বাট্টাল, (শ্বেতবেড়েলা) মূল, রাহুর শ্বেতচন্দন এবং কেতুর দোষ শান্ত্যর্থ অশ্বগন্ধামূল ধারণ করিবে।

অন্যচ্চ—ত্রিশূলীং ক্ষীরিকামূলং গোজিহ্বাং বৃদ্ধদারকং।
ব্রহ্মযষ্টি সিংহপুচ্ছিং বাট্টালং চন্দনং সিতং।
অশ্বগন্ধং ক্রমাৎ সূর্য্যাদ্দদ্যাদ্দোষোপশান্তয়ে।
তাম্রাদীনামভাবে তু স্বয়ঞ্চ দক্ষিণে ভূজে॥

গ্রন্থান্তরে উক্ত হইয়াছে,—যে ব্যক্তি গ্রহগণবিরুদ্ধ হইলে তাম্রাদি ধারণ করিতে অশক্ত হইবেন, তিনি রবিগ্রহ বিরুদ্ধ হইলে বিল্বমূল দক্ষিণ বাহুতে ধারণ করিবেন। এইরূপ চন্দ্র বিরুদ্ধ হইলে ক্ষীরিকামূল, মঙ্গলে অনন্তমূল, বুধে বীরআড়কমূল, বৃহস্পতিতে শ্বেত ব্রহ্মযষ্টিরমূল, শুক্রে রামবাসকেরমূল, শনিতে শ্বেতবেড়েলার মূল, রাহুর শ্বেতচন্দন এবং কেতু বিরুদ্ধ হইলে দক্ষিণবাহুতে অশ্বগন্ধার মূল ধারণ করিবেন।

ইত্যৌষধং।

মাণিক্যাদিধারণং।

মাণিক্যং বিগুণে সূর্য্যে বৈদূর্য্যং শশলাঞ্ছনে।
প্রবালং ভুমিপুত্রে চ পদ্মরাগং শশাঙ্কজে।
গুরৌ মুক্তাং ভৃগৌ বজ্রমিন্দ্রনীলং শনৈশ্চরে।
রাহৌ গোমেধকং ধার্য্যং কেতৌ মরকতন্তথা॥

সূর্য্যাদি গ্রহগণ বিরুদ্ধ হইলে মাণিক্যাদিধারণ কথিত হইতেছে যথা রবিগ্রহ বিরুদ্ধ হইলে মাণিক্যধারণ করিবে। এইরূপ চন্দ্র বিরুদ্ধ হইলে বৈদূর্য্যমণি, মঙ্গলের প্রবাল, বুধের পদ্মরাগ, বৃহস্পতির মুক্তা, শুক্রের হীরক, শনির ইন্দ্রনীল, রাহুর গোমেধক এবং কেতুর দোষশান্ত্যর্থ মরকত

অন্যচ্চ—সূর্য্যে তাম্রং বিধৌ শঙ্খং প্রবালং ভূমিনন্দনে।
বুধে চ কাঞ্চনং দেয়ং গুরৌ মুক্তাং বিদুর্ব্বুধাঃ।
রজতং ভৃগুপুত্রে চ সূর্য্যসূনৌ ত্রপুস্তথা।
রাহৌ লৌহং রাজপট্টং কেতৌ স্যাদ্ধারণীয়কং॥

প্রকারান্তর দ্রব্যধারণ কথিত হইতেছে। রবিগ্রহ বিরুদ্ধ হইলে দোষ শাস্ত্যর্থ তাম্র ধারণ করিবে। এইরূপ চন্দ্রের শঙ্খ, মঙ্গলের প্রবাল, বুধের কাঞ্চন, বৃহস্পতির মুক্তা, শুক্রের রজত, শনির সীসক, রাহুর লৌহ এবং কেতুর দোষশান্ত্যর্থ রাজপট্ট ধারণ করিবে।

অপরঞ্চ—দোষোন স্যাদ্‌গ্রহাণাম শিশিরকিরণে তাম্রমিন্দৌ চ শঙ্খং
পৃথীপুত্রে প্রবালং শশধরতনয়ে শাতকুম্ভং ভূজেন।
দেবাচার্য্যে চ মুক্তাং মণিরসুরগুরৌ সীসকং সূর্য্যসূনৌ
রাহৌ সারং গিরীণাং কমলজতনয়ে রাজপট্টং বিভর্ত্তুঃ॥

গ্রহান্তরে গ্রহবিরুদ্ধে তাম্রাদি ধারণের প্রমাণ কথিত হইতেছে।—যে ব্যক্তির রবি বিরুদ্ধ হইবে তিনি দক্ষিণভুজে তাম্র ধারণ করিলে দোষ শান্তি হয়। এইরূপ চন্দ্র বিরুদ্ধে শঙ্খধারণ, মঙ্গলে প্রবাল, বুধে সুবর্ণ, বৃহস্পতির মুক্তা, শুক্রে মণি, শনির সীসক, রাহুর লৌহ এবং রাজপট্ট-দক্ষিণবাহুতে ধারণ করিলে দোষ শান্তি হইয়া থাকে।

যদ্‌যদ্‌গ্রহস্য যদ্দ্রব্যং তত্তস্মিন্ বিষমে স্থিতে।
দত্বাৎ সৎকৃত্য বিপ্রেভ্যঃ স্বয়ঞ্চ বিভৃয়াত্ততঃ॥

যে গ্রহ বিরুদ্ধ হইলে যে দ্রব্য ধারণের কথা উক্ত হইয়াছে, সেই দ্রব্য গ্রহদোষ শান্ত্যর্থ অভিলাষপূর্ব্বক ব্রাহ্মণকে দান করিয়া পশ্চাৎ ধারণ করিবে।

শনের্ব্বিশেষমাহ।

যস্য পীড়াকরঃ সৌরিস্তস্য শান্তির্ব্বিধীয়তে।
লিখিত্বা কৃষ্ণদ্রব্যেণ তৈলমধ্যে শি

নিঃক্ষিপ্য ভুমিমধ্যস্থং কৃষ্ণপুষ্পৈঃ প্রপূজয়েৎ।
তুষ্টিং যাতি ন সন্দেহঃ পীড়াং ত্যক্ত্বা শনৈশ্চরঃ॥

শনিবিরুদ্ধে বিশেষ কথিত হইতেছে। কৃষ্ণদ্রব্যদ্বারা যন্ত্র লিখিয়া তৈলপাত্রে নিঃক্ষেপ করিবে। অনন্তর মৃত্তিকামধ্যে স্থাপনকরতঃ কৃষ্ণবর্ণ পুষ্পদ্বারা অর্চ্চনা করিবে; উক্তরূপ কার্য্য করিলে শনৈশ্চর পীড়াদায়ক না হইয়া পরিতুষ্ট থাকিবেন সন্দেহ নাই। শনিগ্রহ প্রপীড়িতব্যক্তির এইরূপ শান্তি কর্ত্তব্য।

গ্রহপূজা গ্রহকৌমুদ্যাং জ্ঞেয়া।

গ্রহপূজা কৌমুদীগ্রন্থে জ্ঞাত হইবে।

অথ গ্রহসমিধঃ।

অর্কঃ পলাশঃ খদিরস্ত্বপামার্গোঽথ পিপ্পলঃ।
ঔডুম্বরঃ সমী দূর্ব্বা কুশাশ্চ সমিধঃ ক্রমাৎ॥

অধুনা গ্রহহোমের সমিধ কথিত হইতেছে। রবিগ্রহের হোমসমিধ অর্ক (আকন্দ) চন্দ্রের পলাশ, মঙ্গলের খদির, বুধের অপামার্গ (আপাঙ্গ) বৃহস্পতির অশ্বত্থ, শুক্রের উড়ুম্বর, শনির সমী (শাঁই) রাহুর দুর্ব্বা এবং কেতুর হোম সমিধ কুশ নিরূপিত আছে।

অথ গ্রহদোষে বিপ্রাদিভোজনং।

ভূদেবং বিগুণে রবৌ শশধরে কাপালিকং ভোজয়েৎ
ভিক্ষুং ভূমিসুতে শিশুংশশিসুতে জ্যোতির্ব্বিদং বাকৃপতৌ
শৈবং দৈত্যগণাধিরাজসচিবে দিগ্‌বাসসং ভানুজে
রাহৌ ব্রহ্মহণং শিখিন্যপি তথা রাত্রৌ দিবা বাদরাং॥

অধুনা গ্রহবিরুদ্ধে বিপ্রাদি ভোজন কথিত হইতেছে। রবিগ্রহ বিরুদ্ধ হইলে ব্রাহ্মণভোজণ করাইবে। এইরূপ চন্দ্র বিরুদ্ধে কাপালিক, মঙ্গলে ভিক্ষুক, বুধে শিশু, বৃহস্পতির জ্যোতির্ব্বেত্তা, শুক্রের শৈব শনির

অথ শান্তিপ্রমাণং।

অশেষগ্রহপীড়ায়াং শান্তিং বক্ষ্যে চতুষ্টয়ীং।
জপপূজাদানহোমৈঃ কল্যাণং জায়তে ধ্রুবং॥

ইদানীং শান্তিপ্রমাণ কথিত হইতেছে। গ্রহগণ বিরুদ্ধ হইলে জপ-পূজা, দান ও হোম এই চারিপ্রকার শান্তি কর্ত্তব্য ইহাতে মঙ্গল হইবে।

যদাহ গর্গঃ।

যথা শস্ত্রপ্রহারাণাং কবচং বিনিবারকং।
তথা দৈবোপঘাতানাং শান্তি র্ভবতিবারণং॥ (ক)

কবচ (অঙ্গাবরণ বিশেষ) যেমন অস্ত্র নিবারক অর্থাৎ কবচধারীর শরীরে যে রূপ অস্ত্র বিদ্ধ হইতে পারে না। সেইরূপ শান্তি করিলে দৈবোপঘাতও নিবৃত্তি হইয়া থাকে।

বিষ্ণুনা।

শান্তিস্বস্ত্যয়নৈর্দ্দৈবোপঘাতান্ শময়েৎ
পরচক্রোপঘাতাংশ্চ ইত্যুক্তং।

বিষ্ণু বলিয়াছেন শান্তি স্বস্ত্যয়নদ্বারা দৈবোপঘাত ও পরচক্রোপঘাত প্রশমিত হইয়া থাকে

মার্কণ্ডেয়পুরাণং।

দ্রব্যে গোষ্ঠেষু ভৃত্যেষু সুহৃৎসু তনয়েষু চ।
ভার্য্যায়াঞ্চ গ্রহে দুষ্টে ভয়ং পুণ্যবতাং নৃণাং।
আত্মন্যথাল্পপুণ্যানাং সর্ব্বত্রৈবাপিপাপিনাং।
নৈকত্রাপি হ্যপাপানাং নরাণাং জায়তে ভয়ং॥

ক। ইত্যাদিপ্রমাণাচ্ছান্তিরাবশ্যকীকার্য্যা তত্র আপদ্বিষয়েঽপি কালশুদ্ধ্যাদি বিচারো নাস্তি যথা মলমাসতত্ত্বে বালগ্রহভূতগ্রহনর্য্যাধিপ-প্রবলতরশত্রুদুঃসহরোগাভিভবাদ্ভূতদুঃস্বপ্নগ্রহদোঃস্থ্যাদিনানন্তকং শান্তি-কর্ম্ম মলমাসেঽপি কর্ত্তব্যং বিষ্ণুনা [illegible] শুদ্ধকালপ্রতীক্ষায়ামনহত্বেনানন্যা- [illegible] [illegible] ...পপ্রাযীত ইতিশ্রুতেঃ সতত-

যে ব্যক্তির দীর্ঘজীবনাদিজনক বলবৎ-পূর্ণ ও উৎকটপাপ আছে তাহার গ্রহদুষ্ট হইলে দ্রব্যে, গোষ্ঠে, ভৃত্যে, বন্ধুতে, পুত্রে এবং ভার্য্যাতে গ্রহপীড়ার ভয় হয়, অল্পপুণ্যশালী ব্যক্তি নিজেই গ্রহদোষে অভিভূত হইয়া থাকে। অতি পাতকী অর্থাৎ যাহার পুণ্যের লেশম নাই অথচ অত্যন্ত পাপযুক্ত তাহার আত্মা ও দ্রব্যাদিসমস্তেই গ্রহের ভয় হয়; আর পাপবিহীন পুণ্যবানব্যক্তির আত্মা কি দ্রব্যাদি কিছুতেই গ্রহভয় থাকে না।

ভবিষ্যপুরাণং।

অহিংসকস্য দান্তস্য ধর্ম্মার্জ্জিতধনস্য চ।
নিত্যঞ্চ নিয়মস্থস্য সদা সানুগ্রহাগ্রহাঃ॥

ভবিষ্যপুরাণে লিখিত আছে, যে ব্যক্তি হিংসাবিহীন, দান্ত, ন্যায়ার্জ্জিতধনদ্বারা জীবিকানির্ব্বাহকারী ও নিত্যানিয়মী তাহার প্রতি গ্রহগণের সর্ব্বদা অনুগ্রহ থাকে।

বিষ্ণুক্তশান্তিস্বস্ত্যয়নয়োর্ভেদমাহ।

শান্তির্ধর্ম্মদ্বারাগ্রহদোঃস্থ্যদুঃস্বপ্নাদিসূচিতৈহিকানিষ্ট হেতুদুরিতনিবৃত্তিঃ। স্বস্তির্ধর্ম্মদ্বারাভিপ্রেতপুত্রাদিরূপাদ্দর্থস্য সিদ্ধিরিতিঃ।

অনন্তর বিষ্ণুক্ত শান্তি ও স্বস্ত্যয়নের ভেদবর্ণিত হইতেছে যথা,— গ্রহদোষ কি দুঃস্বপ্নাদিসূচিত ঐহিক অনিষ্টজনক পাপনিবৃত্তি হয় যে ধর্ম্মকার্য্যদ্বারা তাহার নাম শান্তি, আর অভিপ্রেত পুত্রাদিরূপ অর্থের লাভ হয় যে ধর্ম্মকার্য্যদ্বারা তাহার নাম স্বস্তি।

অন্যানি গ্রন্থগৌরবভিয়া নাদৃতানি।

সন্ত্যন্যানি প্রমাণানি নানা মুনিমতানি চ।
যুগভেদপ্রসিদ্ধানি ন ময়া লিখিতানি চ॥

অন্যান্য বিষয় গ্রন্থগৌরবভয়ে আদৃত হইল না, বিশেষতঃ যুগভেদে প্রসিদ্ধ (মুনিগণের মতানুযায়ি) যে সকল প্রমাণ আছে তাহাও লিখিত হইল না।

নাধীত্য যে জ্যোতিষপুস্তকানি।
বিবিৎসবঃ প্রাক্তনকর্ম্মভাবং।
গৃহ্লন্তু তে জাতকচন্দ্রিকাখ্যাং।
পুস্তীং সতাং তোষবিবর্দ্ধিনীং মে॥

অধুনা গ্রন্থকার পাঠকবর্গের প্রতি অনুরোধ করিতেছেন, যে সকল ব্যক্তি জ্যোতিষশাস্ত্র অধ্যয়ন না করিয়া প্রাক্তনকর্ম্মের ভাব (ফল) জানিতে ইচ্ছুক হইবেন তাঁহারা "সন্তোষবর্দ্ধিনী" আমার এই "জাতকচন্দ্রিকানাম্নী পুস্তিকা গ্রহণ করুন।

জ্যোতির্গ্রন্থকলাপানাং সারমাকৃষ্য যত্নতঃ।
আত্মজস্য চ পাঠার্থং ময়ায়ং ক্রিয়তে মুদা॥

জ্যোতিষ শাস্ত্রের গ্রন্থসমূহের সার গ্রহণকরতঃ যত্নপূর্ব্বক পুত্রের পাঠের নিমিত্ত মৎকর্ত্তৃক এই পুস্তক সংগৃহীত হইল।

ইতি শ্রীরামশঙ্করদেবশর্ম্মবিরচিতায়াং জাতক-
চন্দ্রিকায়াং ত্রয়োদশোঽধ্যায়ঃ।

অগ্নিভূবসুচন্দ্রে মে শাকে জাতকচন্দ্রিকা।
সংবর্দ্ধিতানূদিতা চ শ্রীনীলকমলেন হি॥

সমাপ্তোঽয়ংগ্রন্থঃ।

১৮১৩ শকাব্দে নীলকমল ভট্টাচার্য্য
কর্ত্তৃক সম্বর্দ্ধিত ও অনূদিত হইয়াছিল।
১২৯৮ সালে লিখিত হয়।